শক্তিং যেনাসৃজদ্দিব্যাং রুদ্রশাখ ইতি স্ম হ ॥১৩॥

ভারতকৌমুদী

স ইতি। উদারধীঃ স স্কন্দঃ, বাঢ়ম্, যূয়ম্, পৃথগ্বিধাঃ, অশিবা অমঙ্গলকারিণ্যঃ, শিবা মঙ্গলকারিণ্যশ্চ মাতরো ভবিষ্যথম্, ইত্যেবং পুনঃ পুনরব্রবীৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৮॥

অথ কানি তাসাং নামানীত্যাহ কাকীতি। এষাং নাম্নাং ব্যুৎপত্তয় উন্নেয়াঃ ॥৯॥

এতাসামিতি। অতিদারুণো নিতান্তনিষ্ঠুরপ্রকৃতিরিত্যপৌনরুক্ত্যম্ ॥১০॥

এষ ইতি। সপ্তানাং মাতৄণাং সপ্ত পুত্রা বীরাস্তেষু অষ্টকঃ অষ্টমঃ ॥১১॥

নন্থ কোঽসৌ ছাগবক্ত্র ইত্যাহ ষষ্ঠমিতি। ষণ্ণাং শিরসামভ্যন্তরং মধ্যবর্ত্ত্যেকম্ ॥১২॥

ষণ্ণামিতি। প্রবরং শ্রেষ্ঠং শীর্ষং ছাগমুখমিত্যর্থঃ। শক্তিং তদাখ্যমস্ত্রম্ ॥১৩॥

উদারবুদ্ধি কার্ত্তিক তখন বার বার এইরূপ বলিলেন যে, 'অবশ্যই হইবেন; আপনারা মঙ্গলকারিণী ও অমঙ্গলকারিণী নানাবিধ লোকমাতা হইবেন'। তাহার পর মাতৃগণ কার্ত্তিককে পুত্র কল্পনা করিয়া চলিয়া গেলেন ॥৮॥

কাকী, হলিমা, মালিনী, বৃংহিলা, আর্য্যা, পলালা ও বৈমিত্রা এই সাত জন শিশুমাতা ॥৯॥

কার্ত্তিকের অনুগ্রহে ইঁহাদের বলবান্, অত্যন্তনিষ্ঠুরস্বভাব, রক্তনয়ন ও ভয়ঙ্করাকৃতি 'শিশু'-নামে এক পুত্র হইয়াছিল ॥১০॥

কার্ত্তিক ও মাতৃগণ হইতে উৎপন্ন এই পুত্রই সাত জন বীরের মধ্যে অষ্টম এবং ছাগমুখের সহিত নবম বলা যায় ॥১১॥

রাজা! সেই ছাগময় ষষ্ঠ মুখ কার্ত্তিকেরই জানিবে। মাতৃগণ তাঁহার ছয়টী মস্তকের মধ্যে ছাগময় মস্তকটীরই আদর করিতেন ॥১২॥

কারণ, কার্ত্তিকের ছয়টী মস্তকের মধ্যে সেই ছাগময় মস্তকটীকেই প্রধান বলা হয়; রুদ্রশাখ (কার্ত্তিক) যাহাদ্বারা দিব্য শক্তি সৃষ্টি করিয়াছিলেন ॥১৩॥

ইত্যেতদ্বিবিধাকারং বৃত্তং শুক্লস্য পঞ্চমীম্ ।
তত্র যুদ্ধং মহাঘোরং বৃত্তং ষষ্ঠ্যাং জনাধিপ ! ॥১৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়-সমাস্যায়াং স্কন্দোপাখ্যানে নবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:•:—

একনবত্যধিকশততমোঽধ্যায়ঃ

—:•:—

মার্কণ্ডেয় উবাচ ।
উপবিষ্টন্তু তং স্কন্দং হিরণ্যকবচস্রজম্ ।
হিরণ্যচূড়মুকুটং হিরণ্যাক্ষং মহাপ্রভম্ ॥১॥
লোহিতাম্বরসংবীতং তীক্ষ্ণদংষ্ট্রং মনোরমম্ ।
সর্ব্বলক্ষণসম্পূর্ণং ত্রৈলোক্যস্যাপি সুপ্রিয়ম্ ॥২॥
ততস্তং বরদং শূরং যুবানং মৃষ্টকুণ্ডলম্ ।
অভজৎ পদ্মরূপা শ্রীঃ স্বয়মেব শরীরিণী ॥৩॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

ইতীতি। বৃত্তং বৃত্তান্তঃ। পঞ্চমীং তিথিং প্রাপ্যেতি শেষঃ। বৃত্তং জাতম্ ॥১৪॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং নবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———:(০):———

উপেতি। হিরণ্যকবচস্রজং স্বর্ণবর্ম্মমাল্যধারিণম্, হিরণ্যচূড়মুকুটং স্বর্ণশেখরকিরীটশালিনম্, হিরণ্যাক্ষং স্বর্ণকেয়ূরান্বিতহস্তম্, লোহিতাম্বরসংবীতং পরিহিতরক্তবস্ত্রম্, তীক্ষ্ণদংষ্ট্রং সূক্ষ্মাগ্র-দশনম্। শ্রীর্লক্ষ্মীরভজৎ পদ্মধারণেন শোভামকরোদিত্যর্থঃ ॥১—৩॥

শুক্লপক্ষের পঞ্চমীতিথিতে এইরূপ নানাবিধ ঘটনা ঘটিয়াছিল; আর সেই ষষ্ঠীতিথিতে দেবতাদের সহিত কার্ত্তিকের সেই ঘোরতর যুদ্ধ হইয়াছিল' ॥১৪॥

———০:(*):০———

মার্কণ্ডেয় বলিলেন—'সমস্ত-সুলক্ষণ-যুক্ত, অত্যন্ত-কান্তি-সম্পন্ন, সূক্ষ্মদন্ত-সমন্বিত, মনোহরমূর্ত্তি, ত্রিভুবনেরই প্রীতির পাত্র, বরদাতা, মহাবীর ও যুবা

* '...ত্রয়োবিংশত্যধিকদ্বিশততমঃ...' পি, '...সপ্তবিংশত্যধিকদ্বি...' বা ব, '...অষ্টাবিংশত্যধিকদ্বি...' কা।

শ্রিয়া জুষ্টঃ পৃথুযশাঃ সুকুমারবরস্তদা।
নিষণ্ণো দৃশ্যতে ভূতৈঃ পৌর্ণমাস্যাং যথা শশী ॥৪॥
অপূজয়ন্ মহাত্মানো ব্রাহ্মণাস্তং মহাবলম্।
ইদমাহুস্তদা চৈব স্কন্দং তত্র মহর্ষয়ঃ ॥৫॥
হিরণ্যগর্ভ! ভদ্রং তে লোকানাং শঙ্করো ভব।
ত্বয়া ষড়্রাত্রজাতেন সর্ব্বলোকা বশীকৃতাঃ ॥৬॥
অভয়ঞ্চ পুনর্দত্তং ত্বয়ৈবৈষাং সুরোত্তম!।
তস্মাদিন্দ্রো ভবানস্তু ত্রৈলোক্যস্যাভয়ঙ্করঃ ॥৭॥

স্কন্দ উবাচ।

কিমিন্দ্রঃ সর্ব্বলোকানাং করোতীহ তপোধনাঃ!।
কথং দেবগণাংশ্চৈব পাতি নিত্যং সুরেশ্বরঃ ॥৮॥

ভারতকৌমুদী

শ্রিয়েতি। শ্রিয়া কান্ত্যা, জুষ্টঃ সেবিতঃ, পৃথুযশা বিশালকীর্ত্তিঃ ॥৪॥
অপূজয়ন্নিতি। প্রভাবাতিশয়দর্শনাদেবেত্যুভয়ত্রাপি ভাবঃ ॥৫॥
হিরণ্যেতি। হে হিরণ্যগর্ভ! ব্রহ্মসদৃশ!। শঙ্করো মঙ্গলকরঃ ॥৬॥
অভয়মিতি। এষাং সুরাণাম্। ইন্দ্রো দেবানাং রাজা ॥৭॥
কার্য্যাজ্ঞানে তদঙ্গীকারো নোপপদ্যত ইতি পৃচ্ছতি কিমিতি। কথং কেন প্রকারেণ ॥৮॥

কার্ত্তিক স্বর্ণময় বর্ম্ম ও মাল্য, স্বর্ণময় চূড়া ও মুকুট, স্বর্ণময় কেয়ূর, পরিষ্কৃত কুণ্ডল এবং রক্তবর্ণ বস্ত্র ধারণ করিয়া উপবিষ্ট ছিলেন; তখন মূর্ত্তিমতী লক্ষ্মী-দেবী নিজেই আসিয়া পদ্মরূপ ধারণ করিয়া তাঁহার সেবা করিতে লাগি-লেন ॥১—৩॥

সুন্দরমূর্ত্তি, বিশালকীর্ত্তি ও অত্যন্ত-কোমলাঙ্গ কার্ত্তিককে সকল প্রাণীই পূর্ণিমার চন্দ্রের ন্যায় উপবিষ্ট দেখিতে লাগিল ॥৪॥

মহাত্মা ব্রাহ্মণেরা মহাবল কার্ত্তিকের পূজা করিলেন এবং মহর্ষিরা তখন তাঁহাকে এই কথা বলিলেন—॥৫॥

'হে ব্রহ্মতুল্য! আপনার মঙ্গল হউক এবং আপনি ত্রিভুবনেরই মঙ্গল-কারী হউন। আপনি ছয় দিনমাত্র জন্মিয়াছেন, ইতোমধ্যেই সমস্ত লোককে বশীভূত করিয়াছেন ॥৬॥

দেবশ্রেষ্ঠ! আপনিই আবার ইঁহাদিগকে অভয় দান করিয়াছেন। অতএব আপনিই ত্রিভুবনের অভয়দাতা ইন্দ্র হউন' ॥৭॥

(৫) শ্লোকাৎ পরম্ 'ঋষয় উচুঃ' বা ব কা পি।

স্কন্দ উবাচ।

ত্বমেব রাজা ভদ্রং তে ত্রৈলোক্যস্য মমৈব চ।
করোমি কিঞ্চ তে শক্র! শাসনং তদ্‌ব্রবীহি মে ॥১৯॥

ইন্দ্র উবাচ।

অহমিন্দ্রো ভবিষ্যামি তব বাক্যান্মহাবল!।
যদি সত্যমিদং বাক্যং নিশ্চয়াদ্ভাষিতং ত্বয়া ॥২০॥
যদি বা শাসনং স্কন্দ! কর্ত্তুমিচ্ছসি মে শৃণু।
অভিষিচ্যস্ব দেবানাং সৈনাপত্যে মহাবল! ॥২১॥ (যুগ্মকম্)

স্কন্দ উবাচ।

দানবানাং বিনাশায় দেবানামর্থসিদ্ধয়ে।
গোব্রাহ্মণহিতার্থায় সৈনাপত্যেঽভিষিঞ্চ মাম্ ॥২২॥

মার্কণ্ডেয় উবাচ।

সোঽভিষিক্তো মঘবতা সর্ব্বৈর্দেবগণৈঃ সহ।
অতীব শুশুভে তত্র পূজ্যমানো মহর্ষিভিঃ ॥২৩॥

ভারতকৌমুদী

তত্রেতি। যথাশ্রদ্ধং যথেচ্ছম্। ইন্দ্রো দেবানাং রাজা ॥১৮॥

ত্বমিতি। রাজা স্থিত এবেতি শেষঃ। সিদ্ধনাশনমসিদ্ধসাধনঞ্চাজ্ঞায়াম্ ॥১৯॥

অহমিতি। নিশ্চয়াৎ নিশ্চয়ং কৃত্বা। শাসনমাদেশম্ ॥২০—২১॥

দেবানামিতি। অর্থানাং প্রয়োজনানাং সিদ্ধয়ে। সৈনাপত্যে দেবসেনাপতিপদে ॥২২॥

স ইতি। মঘবতা ইন্দ্রেণ। পূজ্যমানঃ স্তূয়মানঃ ॥২৩॥

কার্ত্তিক বলিলেন—'ইন্দ্র! আপনার মঙ্গল হউক; আপনি ত্রিভুবনের এবং আমার রাজা ত আছেনই। সুতরাং আমাকে বলুন—আমি আপনার কোন্ আদেশ পালন করিব' ॥১৯॥

ইন্দ্র বলিলেন—'মহাবল! আমি আপনার বাক্যে ইন্দ্র থাকিব। কিন্তু আপনি যদি নিশ্চয় করিয়া এই বাক্যটা সত্য বলিয়া থাকেন এবং আপনি যদি আমার আদেশ পালন করিতে ইচ্ছা করেন, তবে মহাবল! আপনি দেবগণের সেনাপতিপদে অভিষিক্ত হউন' ॥২০—২১॥

কার্ত্তিক বলিলেন—'দানবগণের বিনাশ, দেবগণের কার্য্যসিদ্ধি এবং গোগণ ও ব্রাহ্মণগণের হিতের জন্য আমাকে আপনি দেবগণের সেনাপতিপদেই অভিষিক্ত করুন' ॥২২॥

মার্কণ্ডেয় বলিলেন—'তাহার পর ইন্দ্র সকল দেবগণের সহিত মিলিত

তত্র তৎ কাঞ্চনং ছত্রং ধ্রিয়মাণং ব্যরোচত।
যথৈব সুসমিদ্ধস্য পাবকস্যাত্মমণ্ডলম্ ॥২৪॥
বিশ্বকর্ম্মকৃতা চাস্য দিব্যা মালা হিরণ্ময়ী।
আবদ্ধা ত্রিপুরঘ্নেন স্বয়মেব যশস্বিনা।
আগম্য মনুজব্যাঘ্র! সহ দেব্যা পরন্তপ! ॥২৫॥
অর্চ্চয়ামাস সুপ্রীতো ভগবান্ গোবৃষধ্বজঃ।
রুদ্রমগ্নিং দ্বিজাঃ প্রাহূ রুদ্রসূনুস্ততস্তু সঃ ॥২৬॥
রুদ্রেণ শুক্রমুৎসৃষ্টং তচ্ছ্বেতঃ পর্ব্বতোঽভবৎ।
পাবকস্যেন্দ্রিয়ং শ্বেতে কৃত্তিকাভিঃ কৃতং নগে ॥২৭॥

ভারতকৌমুদী

তত্রেতি। সুসমিদ্ধস্য অতীবজ্বলিতস্য, আত্মমণ্ডলং নিজশিখামণ্ডলম্ ॥২৪॥

বিশ্বেতি। ত্রিপুরঘ্নেন শিবেন, দেব্যা পার্ব্বত্যা সহাগম্য আবদ্ধা। ষট্পাদঃ শ্লোকঃ ॥২৫॥

স্কন্দস্য রুদ্রপুত্রত্বপ্রসিদ্ধৌ হেতুমাহ পঞ্চভিঃ শ্লোকৈঃ। অর্চ্চয়েতি। অর্চ্চয়ামাস পুত্রবদাদৃতবান্। গোবৃষো গোশ্রেষ্ঠো ধ্বজে যস্য সঃ ॥২৬॥

রুদ্রেণেতি। ইন্দ্রিয়ং শুক্রম্, কৃতম্ অর্পিতম্। উভয়শুক্রস্য সম্মেলনাৎ তজ্জাতঃ স্কন্দ উভয়োরেব পুত্র ইতি ভাবঃ। নগে পর্ব্বতে ॥২৭॥

হইয়া কার্ত্তিককে দেবসেনাপতিপদে অভিষিক্ত করিলেন; তখন মহর্ষিরা কার্ত্তিকের স্তব করিতে লাগিলেন; তাহাতে কার্ত্তিক অত্যন্ত শোভা পাইতে থাকিলেন ॥২৩॥

অত্যন্ত প্রজ্বলিত অগ্নির শিখামণ্ডল যেমন শোভা পায়, তেমন কার্ত্তিকের মস্তকের উপরে ধৃত স্বর্ণময় ছত্র শোভা পাইতে লাগিল ॥২৪॥

পরন্তপ মনুষ্যশ্রেষ্ঠ! তাহার পর যশস্বী মহাদেব পার্ব্বতীর সহিত সেখানে আসিয়া বিশ্বকর্ম্মনির্ম্মিত দিব্য স্বর্ণময়ী মালা নিজেই কার্ত্তিকের গলদেশে পরাইয়া দিলেন ॥২৫॥

ভগবান্ মহাদেব অত্যন্ত আনন্দিত হইয়া পুত্রের ন্যায় কার্ত্তিকের আদর করিয়াছিলেন এবং ব্রাহ্মণেরাও মহাদেবকে অগ্নি বলিয়া থাকেন; সুতরাং কার্ত্তিক মহাদেবের পুত্র বলিয়াও প্রসিদ্ধ হইয়াছেন ॥২৬॥

মহাদেব শুক্র ত্যাগ করিয়াছিলেন, তাহাই কৈলাসপর্ব্বত হইয়াছিল; সেই কৈলাসপর্ব্বতেই কৃত্তিকারা অগ্নির শুক্র নিক্ষেপ করিয়াছিলেন (তাহা হইতেই কার্ত্তিকের উৎপত্তি হওয়ায় তিনি মহাদেবের পুত্র বলিয়াও প্রসিদ্ধ হইয়াছেন) ॥২৭॥

পূজ্যমানস্তু রুদ্রেণ দৃষ্ট্বা সর্ব্বে দিবৌকসঃ।
রুদ্রসূনুং ততঃ প্রাহুর্গুহং গুণবতাং বরম্ ॥২৮॥
অনুপ্রবিশ্য রুদ্রেণ বহ্নিং জাতো হ্যয়ং শিশুঃ।
তত্র জাতস্ততঃ স্কন্দো রুদ্রসূনুস্ততোঽভবৎ ॥২৯॥
রুদ্রস্য বহ্নেঃ স্বাহায়াঃ ষণ্ণাং স্ত্রীণাঞ্চ ভারত!।
জাতঃ স্কন্দঃ সুরশ্রেষ্ঠো রুদ্রসূনুস্ততোঽভবৎ ॥৩০॥
অরজে বাসসী রক্তে বসানঃ পাবকাত্মজঃ।
ভাতি দীপ্তবপুঃ শ্রীমান্ রক্তাভ্রাভ্যামিবাংশুমান্ ॥৩১॥

ভারতকৌমুদী

পূজ্যেতি। পূজ্যমানং পুত্রবদাদ্রিয়মাণম্। গুহং কার্ত্তিকেয়ম্ ॥২৮॥

অন্বিতি। রুদ্রেণ বহ্নিমনুপ্রবিশ্য অয়ং শিশুর্জাতো জনিতঃ; ততশ্চ তত্র শিশৌ স্কন্দো জাতঃ, স শিশুরেব স্কন্দরূপেণ পরিণত ইত্যর্থঃ, তত এব স রুদ্রসূনুঃ প্রসিদ্ধোঽভবৎ ॥২৯॥

রুদ্রস্যেতি। ষণ্ণাং স্ত্রীণাম্ অরুন্ধতীব্যতিরেকেণ ষড়্ ঋষিপত্নীনাং রূপৈঃ স্বাহাতঃ ॥৩০॥

অরজে ইতি। দীপ্তবপুঃ শ্রীমান্ পাবকাত্মজঃ স্কন্দঃ, অরজে পরিষ্কৃতে বাসসী বস্ত্রদ্বয়ম্, বসানঃ পরিদধানঃ সন্, রক্তাভ্রাভ্যাং রক্তমেঘাভ্যাম্, অংশুমান্ সূর্য্য ইব ভাতি স্ম ॥৩১॥

ভারতভাবদীপঃ

উপবিষ্টমিতি ॥১—৫॥ হিরণ্যগর্ভেতি সম্বোধনেন স্কন্দস্য সূত্রাত্মপূর্ত্তিতাং দর্শয়ন্তি ॥৬—২৫॥ রুদ্রমগ্নিমিতি। "রুদ্রো বা এষ যদগ্নি"রিতি শ্রুতিবিদো দ্বিজাঃ প্রাহুঃ ॥২৬—২৮॥ প্রকারান্তরেণ স্কন্দস্য রুদ্রসূনুত্বমাহ—অনুপ্রবিশ্যেতি। অনুপ্রবিশ্য স্থিতেনেতি শেষঃ। ততো বহ্নিদেহে প্রবিষ্টাদ্রুদ্রাজ্জাত ইতি বা রুদ্রসূনুরিত্যর্থঃ ॥২৯—৫০॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একনবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৯১॥

মহাদেব পুত্রের ন্যায় কার্ত্তিকের আদর করিতেছেন, ইহা দেখিয়া দেবতারা সকলে গুণিশ্রেষ্ঠ কার্ত্তিককে রুদ্রপুত্র বলিয়াছিলেন ॥২৮॥

মহাদেব অগ্নির শরীরে প্রবেশ করিয়া এই বালকটীকে উৎপাদন করিয়াছিলেন, সেই বালকই স্কন্দ হইয়াছিল; তাহাতেই স্কন্দ শিবের পুত্র বলিয়া প্রসিদ্ধ হইয়াছেন ॥২৯॥

ভরতনন্দন! দেবশ্রেষ্ঠ কার্ত্তিক—মহাদেব, অগ্নি, স্বাহা এবং ছয় জন ঋষিপত্নী হইতে জন্মিয়াছিলেন বলিয়া মহাদেবের পুত্র বলিয়াও প্রসিদ্ধ হইয়াছেন ॥৩০॥

উজ্জ্বলদেহ ও কান্তিসম্পন্ন কার্ত্তিক পরিষ্কৃত ও রক্তবর্ণ বস্ত্রযুগল পরিধান করিয়া রক্তবর্ণ মেঘদ্বয়-সন্নিহিত সূর্য্যের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥৩১॥

কুক্কুটশ্চাগ্নিনা দত্তস্তস্য কেতুরলঙ্কৃতঃ ।
রথে সমুত্থিতো ভাতি কালাগ্নিরিব লোহিতঃ ॥৩২॥
যা চেষ্টা সর্ব্বভূতানাং প্রভা শান্তির্বলং তথা ।
অগ্রতস্তস্য সা শক্তির্দেবানাং জয়বর্দ্ধিনী ॥৩৩॥
বিবেশ কবচঞ্চাস্য শরীরে দেহজং ততঃ ।
যুধ্যমানস্য দেবস্য প্রাদুর্ভবতি তৎ সদা ॥৩৪॥
শক্তির্ধর্ম্মো বলং তেজঃ কান্তত্বং সত্যমুন্নতিঃ ।
ব্রহ্মণ্যত্বমসম্মোহো ভক্তানাং পরিরক্ষণম্ ॥৩৫॥
নিকৃন্তনঞ্চ শত্রূণাং লোকানাঞ্চাভিরক্ষণম্ ।
স্কন্দেন সহ জাতানি সর্বাণ্যেব জনাধিপ ! ॥৩৬॥ (যুগ্মকম্)
এবং দেবগণৈঃ সর্বৈঃ সোঽভিষিক্তঃ স্বলঙ্কৃতঃ ।
বভৌ প্রতীতঃ সুমনাঃ পরিপূর্ণেন্দুমণ্ডলঃ ॥৩৭॥

ভারতকৌমুদী

কুক্কুট ইতি। কুক্কুটঃ কুক্কুটপক্ষিচিহ্নিতঃ, কেতুর্ধ্বজঃ ॥৩২॥

যেতি। ইষ্টা অভিলষিতা। প্রভা কান্তিঃ। অগ্রত আবিরাসীদিতি শেষঃ ॥৩৩॥

বিবেশেতি। দেহজং দেহেন সহ জাতম্। প্রাদুর্ভবতি স্ম ॥৩৪॥

শক্তিরিতি। কান্তত্বং সৌন্দর্য্যম্। ব্রহ্মণ্যত্বং ব্রাহ্মণহিতকারিত্বম্। নিকৃন্তনং ছেদনং সংহার ইত্যর্থঃ। স্কন্দেন স্কন্দশরীরেণ ॥৩৫—৩৬॥

এবমিতি। প্রতীতো হৃষ্টঃ। পরিপূর্ণেন্দুমণ্ডল ইব ॥৩৭॥

অগ্নিদত্ত, কুক্কুটচিহ্নিত ও অলঙ্কৃত একটী ধ্বজ কার্ত্তিকের রথে উত্তোলন করিলে, তাহা—প্রলয়কালীন রক্তবর্ণ অগ্নির ন্যায় দীপ্তি পাইতে লাগিল ॥৩২॥

যাহা—সমস্ত প্রাণীর অভীষ্ট এবং যাহা—কান্তি, শান্তি ও বলস্বরূপা, দেবগণের জয়বর্দ্ধিনী সেই শক্তি (অস্ত্রবিশেষ) কার্ত্তিকের সম্মুখে আবির্ভূত হইল ॥৩৩॥

তাহার পর কার্ত্তিকের দেহের সহিতই উৎপন্ন একটী কবচ উঁহার দেহের ভিতরেই প্রবিষ্ট হইয়া থাকিল ; কিন্তু যুদ্ধ করিবার সময়ে সর্ব্বদাই তাহা আবির্ভূত হইত ॥৩৪॥

রাজা ! শক্তি, ধর্ম্ম, বল, তেজ, সৌন্দর্য্য, সত্য, উদারতা, ব্রাহ্মণহিত-কারিতা, ধৈর্য্য, ভক্তরক্ষা, শত্রুসংহার ও লোকরক্ষা—এই সকল গুণ কার্ত্তিকের স্বাভাবিকই ছিল ॥৩৫—৩৬॥

দেবতারা সকলে এই ভাবে অভিষিক্ত করিলে, নানাভূষণে ভূষিত, হৃষ্ট-

ইষ্টৈঃ স্বাধ্যায়ঘোষৈশ্চ দেবতূর্য্যরবৈরপি।
দেবগন্ধর্ব্বগীতৈশ্চ সর্ব্বৈরপ্সরসাং গণৈঃ ॥৩৮॥
এতৈশ্চান্যৈশ্চ বহুভিস্তুষ্টৈর্হৃষ্টৈঃ স্বলঙ্কৃতৈঃ।
সুসংবৃতঃ পিশাচানাং গণৈর্দেবগণৈস্তথা।
ক্রীড়ন্ ভাতি তদা দেবৈরভিষিক্তশ্চ পাবকিঃ ॥৩৯॥ (যুগ্মকম্)
অভিষিক্তং মহাসেনমপশ্যন্ত দিবৌকসঃ।
বিনিহত্য তমঃ সূর্য্যং যথৈবাভ্যুদিতং তথা ॥৪০॥
অথৈনমভ্যয়ুঃ সর্ব্বা দেবসেনাঃ সহস্রশঃ।
অস্মাকং ত্বং পতিরিতি ব্রুবাণাঃ সর্বতো দিশঃ ॥৪১॥
তাঃ সমাসাদ্য ভগবান্ সর্ব্বভূতগণৈর্বৃতঃ।
অর্চ্চিতঃ সংস্তুতশ্চৈব সান্ত্বয়ামাস তা অপি ॥৪২॥

ভারতকৌমুদী

ইষ্টৈরিতি। স্বাধ্যায়ঘোষৈর্বেদধ্বনিভিঃ। পাবকিঃ স্কন্দঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৮-৩৯॥
অভীতি। মহাসেনং কার্ত্তিকেয়ম্। তমো বিনিহত্যাভ্যুদিতমিতি সম্বন্ধঃ ॥৪০॥
অথেতি। দেবানাং সেনাঃ সৈন্যানি। সর্ব্বতো দিশঃ অভ্যয়ুরিত্যন্বয়ঃ ॥৪১॥
তা ইতি। তা দেবসেনাঃ। ভগবান্ মাহাত্ম্যবান্ কার্ত্তিকেয়ঃ ॥৪২॥

চিত্ত ও উদারহৃদয় কার্ত্তিক পরিপূর্ণ চন্দ্রমণ্ডলের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥৩৭॥

ক্রমে ব্রাহ্মণগণের মনোহর বেদধ্বনি, দেবগণের তূর্য্যরব এবং দেবগণ ও গন্ধর্ব্বগণের মঙ্গলগান হইতে লাগিল; সেই সকল শুনিয়া সমস্ত অপ্সরা ও অন্যান্য বহুতর লোক আনন্দিত হইয়া কার্ত্তিককে পরিবেষ্টন করিল এবং পিশাচগণ ও দেবগণ আসিয়া তাঁহার সকল দিকে অবস্থান করিলেন; তখন দেবগণের সেনাপদে অভিষিক্ত কার্ত্তিক হৃষ্টচিত্ত হইয়া শোভা পাইতে থাকিলেন ॥৩৮—৩৯॥

তখন দেবতারা, সেনাপতিপদে অভিষিক্ত কার্ত্তিককে—অন্ধকার নাশ করিয়া অভ্যুদিত সূর্য্যের ন্যায় দর্শন করিতে লাগিলেন ॥৪০॥

তাহার পর সহস্র সহস্র দেবসৈন্য 'আপনি আমাদের নেতা হইয়াছেন' এই কথা বলিতে বলিতে সকল দিক্ হইতে উঁহার নিকট আগমন করিল ॥৪১॥

এবং তাহারা কার্ত্তিকের পূজা ও স্তব করিল; তখন ভগবান্ কার্ত্তিকও সমস্ত প্রাণিগণে পরিবেষ্টিত থাকিয়া সেই দেবসৈন্যগণকে আশ্বস্ত করিলেন ॥৪২॥

শতক্রতুশ্চাভিষিচ্য স্কন্দং সেনাপতিং তদা।
সস্মার তাং দেবসেনাং যা সা তেন বিমোক্ষিতা ॥৪৩॥
অয়ং তস্যাঃ পতির্নূনং বিহিতো ব্রহ্মণা স্বয়ম্।
ইতি চিন্ত্যানয়ামাস দেবসেনাং স্বলঙ্কৃতাম্ ॥৪৪॥
স্কন্দঞ্চোবাচ বলভিদিয়ং কন্যা সুরোত্তম!।
অজাতে ত্বয়ি নির্দ্দিষ্টা তব পত্নী স্বয়ম্ভুবা ॥৪৫॥
তস্মাত্ত্বমস্যা বিধিবৎ পাণিং মন্ত্রপুরস্কৃতম্।
গৃহাণ দক্ষিণং দেব্যাঃ পাণিনা পদ্মবর্চ্চসম্।
এবমুক্তঃ স জগ্রাহ তস্যাঃ পাণিং যথাবিধি ॥৪৬॥
বৃহস্পতির্মন্ত্রবিদ্ধি জজাপ চ জুহাব চ।
এবং স্কন্দস্য মহিষীং দেবসেনাং বিদুর্জনাঃ ॥৪৭॥

ভারতকৌমুদী

শতেতি। দেবসেনাং তদাখ্যাং কন্যাম্। তেন শতক্রতুনা, বিমোক্ষিতা কেশিহস্তাৎ ॥৪৩॥
অয়মিতি। চিন্ত্য চিন্তয়িত্বা, আনয়ামাস আনিনায়। আর্ষোঽয়ং প্রয়োগঃ ॥৪৪॥
স্কন্দমিতি। বলভিদিন্দ্রঃ। স্বয়ম্ভুবা ব্রহ্মণা। নির্দ্দেশোঽয়ং প্রাগুক্তঃ ॥৪৫॥
তস্মাদিতি। পদ্মবর্চ্চসমিত্যনেন দেবসেনায়াঃ সৌন্দর্য্যাতিশয়ো ব্যজ্যতে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৬॥

তখন দেবরাজ কার্ত্তিককে দেবসেনাপতিপদে অভিষিক্ত করিয়া—তিনিই পূর্ব্বে কেশিদানবের হস্ত হইতে সেই যাহাকে মুক্ত করিয়াছিলেন, সেই দেবসেনাকে স্মরণ করিলেন ॥৪৩॥

'স্বয়ং ব্রহ্মাই এই কার্ত্তিককে সেই দেবসেনার পতিরূপে সৃষ্টি করিয়াছেন' এইরূপ চিন্তা করিয়া দেবরাজ—নানা অলঙ্কারে অলঙ্কৃত করিয়া দেবসেনাকে আনয়ন করিলেন ॥৪৪॥

এবং তিনি কার্ত্তিককে বলিলেন—'দেবশ্রেষ্ঠ! আপনি জন্মিবার পূর্ব্বেই ব্রহ্মা এই কন্যাটীকে আপনার পত্নী বলিয়া নির্দ্দিষ্ট করিয়াছেন ॥৪৫॥

অতএব আপনি হস্তদ্বারা যথাবিধানে মন্ত্রপাঠপূর্ব্বক এই দেবীর পদ্মকান্তি দক্ষিণ হস্ত গ্রহণ করুন'। এই কথা বলিলে, কার্ত্তিক যথাবিধানে দেবসেনার পাণিগ্রহণ করিলেন ॥৪৬॥

তখন মন্ত্রবিৎ বৃহস্পতি মন্ত্রজপ ও হোম করিলেন। এই কারণেই জগতের লোক দেবসেনাকে কার্ত্তিকের মহিষী বলিয়া জানে ॥৪৭॥

---

(৪৬)···পদ্মবর্চ্চসা···বা ব কা নি।

ষষ্ঠীং যাং ব্রাহ্মণাঃ প্রাহুর্লক্ষ্মীমাশাং সুখপ্রদাম্ ।
সিনীবালীং কুহূঞ্চৈব সদ্বৃত্তিমপরাজিতাম্ ॥৪৮॥
যদা স্কন্দঃ পতির্লব্ধঃ শাশ্বতো দেবসেনয়া ।
তদা তমাশ্রয়ল্লক্ষ্মীঃ স্বয়ং দেবী শরীরিণী ॥৪৯॥
শ্রীজুষ্টঃ পঞ্চমীং স্কন্দস্তস্মাচ্ছ্রীপঞ্চমী স্মৃতা ।
ষষ্ঠ্যাং কৃতার্থোঽভূদ্‌যস্মাত্তস্মাৎ ষষ্ঠী মহাতিথিঃ ॥৫০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়-সমাস্যায়াং স্কন্দোপাখ্যানে একনবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——ঃ(*)ঃ——

ভারতকৌমুদী

বৃহস্পতিরিতি। এবমিত্থং পাণিগ্রহণেন হেতুনা ॥৪৭॥

ষষ্ঠীমিতি। যাং দেবসেনাম্। সুখপ্রদামিত্যনেন দুঃখপ্রদাশায়া নিরাসঃ ॥৪৮॥

যদেতি। শাশ্বতশ্চিরকালীনঃ। শরীরিণী দেবসেনামূর্ত্তিধারিণী ॥৪৯॥

শ্রীতি। যস্মাৎ স্কন্দঃ পঞ্চমীং তিথিং প্রাপ্য, শ্রীজুষ্টঃ দেবসেনারূপিণ্যা লক্ষ্ম্যা পতিরূপেণ সেবিতঃ, তস্মাৎ সা তিথিঃ শ্রীপঞ্চমী স্মৃতা। এতেন মাঘশুক্লপঞ্চম্যাং দেবসেনায়াঃ পাণিগ্রহণং জাতমিতি প্রতীয়তে। তথা যস্মাৎ ষষ্ঠ্যাং তিথৌ স্কন্দঃ সৈনাপত্যকার্য্যারম্ভেণ কৃতার্থোঽভূৎ, তস্মাৎ সা ষষ্ঠী মহাতিথিঃ স্মৃতা ॥৫০॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়ামেকনবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(ঃ*ঃ)——

ব্রাহ্মণেরা যে দেবসেনাকে ষষ্ঠী, লক্ষ্মী, সুখপ্রদা আশা, সিনীবালী, কুহূ, সদ্বৃত্তি ও অপরাজিতা বলিয়া থাকেন ॥৪৮॥

দেবসেনা যখন কার্ত্তিককে চিরকালের জন্য পতিরূপে লাভ করিলেন, তখন স্বয়ং লক্ষ্মীদেবী মূর্ত্তিমতী হইয়া কার্ত্তিককে আশ্রয় করিলেন ॥৪৯॥

কার্ত্তিক পঞ্চমীতিথিতে দেবসেনারূপিণী লক্ষ্মীদেবীর সেবা লাভ করিতে আরম্ভ করিয়াছিলেন বলিয়া পঞ্চমীতিথিকে শ্রীপঞ্চমী বলে এবং ষষ্ঠীতিথিতে কার্ত্তিক সেনাপতির কার্য্য আরম্ভ করিয়া কৃতার্থ হইয়াছিলেন বলিয়া সেই ষষ্ঠীতিথি মহাতিথি হইয়াছে' ॥৫০॥

——০ঃ(*)ঃ০——

* '…চতুর্বিংশত্যধিকদ্বিশততমঃ…পি, '…অষ্টাবিংশত্যধিকদ্বি…' বা ব, '…ঊনত্রিংশদধিকদ্বি…' কা নি।

দ্বিনবত্যধিকশততমোঽধ্যায়ঃ

—০ঃ(*)ঃ০—

মার্কণ্ডেয় উবাচ।

শ্রিয়া জুষ্টং মহাসেনং দেবসেনাপতিং কৃতম্।
সপ্তর্ষিপত্ন্যঃ ষড় দেব্যস্তৎসকাশমথাগমন্ ॥১॥
ঋষিভিঃ সংপরিত্যক্তা ধর্ম্মযুক্তা মহাব্রতাঃ।
দ্রুতমাগম্য চোচুস্তা দেবসেনাপতিং প্রভুম্ ॥২॥
বয়ং পুত্র! পরিত্যক্তা ভর্ত্তৃভির্দেবসম্মিতৈঃ।
অকারণাদ্রুষা তৈস্তু পুণ্যস্থানাৎ পরিচ্যুতাঃ ॥৩॥
অস্মাভিঃ কিল জাতস্ত্বমিতি কেনাপ্যুদাহৃতম্।
অসত্যমেতৎ সংশ্রুত্য তস্মাত্ত্বং ত্রাতুমর্হসি ॥৪॥ (যুগ্মকম্)
অক্ষয়শ্চ ভবেৎ স্বর্গস্ত্বৎপ্রসাদাদ্ধি নঃ প্রভো!।
ত্বাং পুত্রঞ্চাপ্যভীপ্সামঃ কৃত্বৈতদনৃণো ভব ॥৫॥

ভারতকৌমুদী

শ্রিয়েতি। মরীচ্যাদীনাং প্রত্যেকমেব সপ্তর্ষিসংজ্ঞা। অতঃ ষণ্ণাং পত্ন্যোঽপি সপ্তর্ষিপত্ন্যঃ অরুন্ধতীব্যতিরিক্তাঃ ষড় দেব্যঃ, মহাসেনং স্কন্দম্, দেবসেনাপতিং কৃতম্, শ্রিয়া লক্ষ্মীরূপয়া দেবসেনয়া, জুষ্টং পতিরূপেণ সেবিতঞ্চ শ্রুত্বেতি শেষঃ, তৎসকাশমাগমন্ ॥১॥

ঋষিভিরিতি। প্রভুং প্রভাবসম্পন্নম্। অতঃ প্রার্থনার্থং তদন্তিকাগমনমিতি ভাবঃ ॥২॥

বয়মিতি। পরিচ্যুতাঃ পরিচ্যাবিতাঃ। কেনাপি অস্মদ্রূপিণীং স্বাহাং দৃষ্টবতা ॥৩—৪॥

মার্কণ্ডেয় বলিলেন—'দেবরাজ কার্ত্তিককে দেবসেনাপতি করিয়াছেন এবং লক্ষ্মীরূপিণী দেবসেনা তাঁহাকে পতিত্বে বরণ করিয়াছেন, ইহা শুনিয়া সপ্তর্ষি-পত্নীরা ছয় জন তাঁহার নিকট আগমন করিলেন ॥১॥

সপ্তর্ষিগণকর্ত্তৃক পরিত্যক্ত, ধর্ম্মসমন্বিত ও মহাব্রতচারিণী সেই ঋষিপত্নীরা সত্বর আসিয়া প্রভাবশালী দেবসেনাপতি কার্ত্তিককে বলিলেন—॥২॥

'পুত্র! তুমি আমাদের দ্বারা জন্মিয়াছ, এইরূপ মিথ্যা কথা কেহ বলিয়াছিল, তাহা শুনিয়া দেবতুল্য ভর্ত্তারা অকারণে আমাদিগকে পরিত্যাগ করিয়াছেন এবং তাঁহারা ক্রোধবশতঃ আমাদিগকে পবিত্র স্থান হইতেও নামাইয়া দিয়াছেন। অতএব তুমি আমাদিগকে রক্ষা কর ॥৩—৪॥

---

(৪)…তৎ সত্যমেতৎ সংশ্রুত্য…বা ব কা নি।

স্কন্দ উবাচ।

মাতরো হি ভবত্যো মে সুতো বোঽহমনিন্দিতাঃ!।
যদ্বাপীচ্ছথ তৎ সর্ব্বং সম্ভবিষ্যতি বস্তথা ॥৬॥

মার্কণ্ডেয় উবাচ।

বিবক্ষন্তং ততঃ শক্রং কিং কার্য্যমিতি সোঽব্রবীৎ।
উক্তঃ স্কন্দেন ব্রূহীতি সোঽব্রবীদ্বাসবস্ততঃ ॥৭॥
অভিজিৎ স্পর্দ্ধমানা তু রোহিণ্যাঃ কন্যসী স্বসা।
ইচ্ছন্তী জ্যেষ্ঠতাং দেবী তপস্তপ্তুং বনং গতা ॥৮॥
তত্র মূঢ়োঽস্মি ভদ্রং তে নক্ষত্রং গগনাচ্চ্যুতম্।
কালং ত্বিমং পরং স্কন্দ! ব্রহ্মণা সহ চিন্তয় ॥৯॥

ভারতকৌমুদী

অক্ষয় ইতি। ত্বদর্থমেবাস্মাকং পরিত্যাগাৎ ত্বমস্মাকমৃণীত্যাশয়ঃ ॥৫॥

মাতর ইতি। যুষ্মাকং রূপধারণেনৈব স্বাহয়া মদুৎপাদনাদিতি ভাবঃ ॥৬॥

বিবক্ষন্তমিতি। বিবক্ষন্তং কিমপি বক্তুমিচ্ছন্তম্। কার্য্যং তব কর্ত্তব্যম্ ॥৭॥

অভিজিদিতি। রোহিণ্যাঃ কন্যসী কনিষ্ঠা স্বসা ভগিনী, অভিজিদ্দেবী, রোহিণ্যৈব সহ স্পর্দ্ধমানা, অতএব তদীয়াং জ্যেষ্ঠতামিচ্ছন্তী, তপস্তপ্তুং বনং গতা ॥৮॥

ভারতভাবদীপঃ

প্রিয়েতি ॥১—৬॥ বিবক্ষন্তমভিজিন্নক্ষত্রস্য পতনান্নক্ষত্রসংখ্যা কথং সমা ভবেদিতি প্রষ্টুমিচ্ছন্তং শক্রং স স্কন্দঃ কিং কার্য্যমিত্যব্রবীৎ ॥৭॥ কন্যসী কনিষ্ঠা, বনং গতা অধিকারং ত্যক্তেতি শেষঃ ॥৮॥ সা চ জ্যেষ্ঠতাস্পর্দ্ধয়া গগনাচ্চ্যুতাতোঽহং মূঢ়োঽস্মি নক্ষত্রসংখ্যা-

প্রভাবসম্পন্ন! তোমার অনুগ্রহে আমাদের অক্ষয় স্বর্গ হইতে পারে এবং তোমাকে আমরা পুত্র ইচ্ছা করি; তুমি ইহা করিয়া অনৃণী হও' ॥৫॥

কার্ত্তিক বলিলেন—'হে অনিন্দিত নারীগণ! নিশ্চয়ই আপনারা আমার মাতা এবং আমি আপনাদের পুত্র। সুতরাং আপনারা যাহা যাহা ইচ্ছা করেন, সে সমস্তই সেইরূপ হইবে' ॥৬॥

মার্কণ্ডেয় কহিলেন—'তাহার পর ইন্দ্র কোন বিষয় বলিতে ইচ্ছা করিলে,—কার্ত্তিক বলিলেন—'আপনার কি কার্য্য আছে, বলুন'। কার্ত্তিক এইরূপ বলিলে, ইন্দ্র বলিলেন— ॥৭॥

'রোহিণীর কনিষ্ঠা ভগিনী অভিজিৎ দেবী রোহিণীর সহিতই স্পর্দ্ধাবশতঃ জ্যেষ্ঠত্ব লাভ করিবার ইচ্ছায় তপস্যা করিবার জন্য বনে গিয়াছেন ॥৮॥

(৬)…যদ্বাপীচ্ছত…বা ব কা।

ধনিষ্ঠাদিস্তথা কালো ব্রহ্মণা পরিকল্পিতঃ।
রোহিণী হ্যভবৎ পূর্ব্বমেবং সংখ্যা সমাঽভবৎ ॥১০॥
এবমুক্তে তু শক্রেণ ত্রিদিবং কৃত্তিকা গতা
নক্ষত্রং শকটাকারং ভাতি তদ্বহ্নিদৈবতম্ ॥১১॥
বিনতা চাব্রবীৎ স্কন্দং মম ত্বং পিণ্ডদঃ সুতঃ।
ইচ্ছামি নিত্যমেবাহং ত্বয়া পুত্র! সহাসিতুম্ ॥১২॥

ভারতকৌমুদী

তত্রেতি। অভিজিন্নাম যন্নক্ষত্রং গগনাচ্চ্যুতম্, তত্র তৎস্থানপূরণে, মূঢ়ঃ কর্ত্তব্যজ্ঞানহীনোঽস্মি। অতএব হে স্কন্দ! ত্বং ব্রহ্মণা সহ, ইমং পরমুত্তমং কালং চিন্তয় অভিজিতা পূরণীয়স্য কালস্য পূরণোপায়ং ভাবয়েত্যর্থঃ। তে তব ভদ্রমস্তু ॥৯॥

ধনিষ্ঠেতি। সংখ্যা নাক্ষত্রমাসস্য দিবসসংখ্যা, সমা পূর্বতুল্যা ॥১০॥

এবমিতি। ত্রিদিবমাকাশম্ গতা, অভিজিৎস্থানপূরণায়েতি ভাবঃ ॥১১॥

বিনতেতি। সুতো ভবেতি শেষঃ। আসিতুমবস্থাতুম্ ॥১২॥

ভারতভাবদীপঃ

পূরণপ্রকারস্যাজ্ঞানাদিতি ভাবঃ ॥৯॥ ধনিষ্ঠাদিরিতি। যস্য নক্ষত্রস্যাত্যক্ষণে চন্দ্রসূর্য্যগুরূণাং যোগস্তদ্‌যুগাদিনক্ষত্রং তচ্চ পূর্ব্বং রোহিণ্যভূৎ তদাভিজিৎপতনকালে ত্বেকন্যূনৈরহোরাত্রৈর্ভগণস্য ভোগাৎ কৃতযুগাদিনক্ষত্রং ধনিষ্ঠৈবাভবদিত্যর্থঃ। সংখ্যা কলাকাষ্ঠাদীনাম্ ॥১০॥ তথা চ কৃত্তিকাভিরেব নক্ষত্রসংখ্যাপূর্ত্তিং কুর্ব্বিতি শক্রাশয়ং জ্ঞাত্বা তাস্ত্রিদিবং গতাঃ ॥১১॥ নমু ষট্ কৃত্তিকাঃ কথং সপ্তশীর্ষাভমিত্যত আহ—বিনতেতি। ঋষিপত্নীনামিব গরুড়মাত্যা

সেই অভিজিৎ নক্ষত্র আকাশ হইতে বিচ্যুত হওয়ায় তাহার স্থান কিরূপে পূর্ণ হইবে, সে বিষয়ে আমি কিছুই স্থির করিতে পারি নাই। অতএব কার্ত্তিক! আপনি ব্রহ্মার সহিত মিলিত হইয়া চিন্তা করুন যে, কিপ্রকারে ঐ কাল পূর্ণ হইবে। আপনার মঙ্গল হউক ॥৯॥

ব্রহ্মা ধনিষ্ঠানক্ষত্রকে আদিকাল কল্পনা করিয়াছিলেন; আর পূর্বে রোহিণী নক্ষত্র আদিকাল ছিল; ইহাতে নাক্ষত্রমাসের দিনসংখ্যা সমান ছিল' ॥১০॥

ইন্দ্র এইরূপ বলিলে, অভিজিতের স্থান পূরণ করিবার জন্য কৃত্তিকানক্ষত্র আকাশে চলিয়া গেল; শকটাকৃতি ও অগ্নিদৈবত সেই কৃত্তিকানক্ষত্রই এখন প্রকাশ পাইতেছে ॥১১॥

তাহার পর বিনতা কার্ত্তিককে বলিলেন—'কার্ত্তিক! তুমি আমার পিণ্ডদাতা পুত্র হও; আমি তোমার সহিত সর্ব্বদাই অবস্থান করিতে ইচ্ছা করি' ॥১২॥

(১১)···নক্ষত্রং সপ্তশীর্ষাভম্···বা ব কা পি।

স্কন্দ উবাচ।

এবমস্তু নমস্তেঽস্তু পুত্রস্নেহাৎ প্রশাধি মাম্।
স্নুষয়া পূজ্যমানা বৈ দেবি! বৎস্যসি নিত্যদা ॥১৩॥

মার্কণ্ডেয় উবাচ।

অথ মাতৃগণঃ সর্ব্বঃ স্কন্দং বচনমব্রবীৎ।
বয়ং সর্ব্বস্য লোকস্য মাতরঃ কবিভিঃ স্তুতাঃ।
ইচ্ছামো মাতরস্তুভ্যং ভবিতুং পূজয়স্ব নঃ ॥১৪॥

স্কন্দ উবাচ।

মাতরো হি ভবত্যো মে ভবতীনামহং সুতঃ।
উচ্যতাং যন্ময়া কার্য্যং ভবতীনামথেপ্সিতম্ ॥১৫॥

মাতর উচুঃ।

যাস্তু তা মাতরঃ পূর্ব্বং লোকস্যাস্য প্রকল্পিতাঃ।
অস্মাকন্তু ভবেৎ স্থানং তাসাঞ্চৈব ন তদ্ভবেৎ ॥১৬॥

ভারতকৌমুদী

এবমিতি। প্রশাধি উপদিশ। স্নুষয়া পুত্রবধ্বা দেবসেনয়া ॥১৩॥
অথেতি। মাতৃগণঃ সপ্তর্ষিপত্ন্যঃ। স্তুতা উক্তাঃ। তুভ্যং তব। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥
মাতর ইতি। যুষ্মাকং রূপধারণেনৈব স্বাহয়া মজ্জননাদিতি পূর্ব্বার্দ্ধাশয়ঃ ॥১৫॥
যা ইতি। যা ব্রাহ্মীপ্রভৃতয়ঃ। তাসাং স্থানং পদমস্মাকং ভবেৎ ॥১৬॥

ভারতভাবদীপঃ

অপি রূপং স্বাহয়া ধৃতমিতি তৎসাহিত্যাৎ সপ্তশীর্ষাভমিত্যর্থঃ ॥১২॥ স্নুষয়া দেবসেনয়া ॥১৩॥
মাতৃগণো বিনতাদিসমূহঃ ॥১৪—১৫॥ তাঃ প্রসিদ্ধাঃ, মাতরো ব্রাহ্মীমাহেশ্বরীপ্রভৃতয়ঃ ॥১৬॥

কার্ত্তিক বলিলেন—‘এইরূপই হউক, আপনাকে নমস্কার করি, আপনি পুত্রস্নেহে আমাকে উপদেশ দিন। দেবি! আপনার পুত্রবধূ আপনার সেবা করিবে, এই অবস্থায় আপনি সর্ব্বদাই আমার সহিত অবস্থান করিবেন’ ॥১৩॥

মার্কণ্ডেয় বলিলেন—‘তাহার পর সকল মাতৃগণই কার্ত্তিককে বলিলেন—‘পণ্ডিতগণ বলিয়াছেন—আমরা সমস্ত লোকের মাতা। অতএব কার্ত্তিক! আমরা তোমারও মাতা হইতে ইচ্ছা করি, তুমি আমাদের পূজা কর’ ॥১৪॥

কার্ত্তিক বলিলেন—‘আপনারা আমার মাতা হইলেন, আমিও আপনাদের পুত্র হইলাম। এখন আপনাদের যে অভীষ্ট কার্য্য আমার করিতে হইবে, তাহা বলুন’ ॥১৫॥

মাতৃগণ কহিলেন—‘পূর্ব্বে সেই যাঁহারা এই জগতের মাতা বলিয়া কল্পিত

ভবেম পূজ্যা লোকস্য ন তাঃ পূজ্যাঃ সুরর্ষভ !।
প্রজাঽস্মাকং হৃতাস্তাভিস্ত্বৎকৃতে তাঃ প্রযচ্ছ নঃ ॥১৭॥

স্কন্দ উবাচ।

বৃত্তাঃ প্রজা ন তাঃ শক্যা ভবতীভির্নিষেবিতুম্।
অন্যাং বঃ কাং প্রযচ্ছামি প্রজাং যাং মনসেচ্ছথ ॥১৮॥

মাতর ঊচুঃ।

ইচ্ছাম তাসাং মাতৄণাং প্রজা ভোক্তুং প্রযচ্ছ নঃ।
ত্বয়া সহ পৃথগ্‌ভূতা যে চ তাসামথেশ্বরাঃ ॥১৯॥

স্কন্দ উবাচ।

প্রজা বো দদ্মি কষ্টস্তু ভবতীভিরুদাহৃতম্।
পরিরক্ষত ভদ্রং বঃ প্রজাঃ সাধু নমস্কৃতাঃ ॥২০॥

ভারতকৌমুদী

ভবেমেতি। তাভির্ব্রাহ্মীপ্রভৃতিভির্মাতৃভিঃ, ত্বৎকৃতে ত্বমস্মাকং পুত্রো, ভবিষ্যসীতি মত্বেত্যর্থঃ, অস্মাকং প্রজাঃ পূর্ব্বজাতাঃ সন্তানা হৃতাঃ। বিসর্গলোপে পুনঃ সন্ধিরার্ষঃ ॥১৭॥

বৃত্তা ইতি। বৃত্তা মৃতাঃ। নিষেবিতুমনুভবিতুং প্রাপ্তুমিত্যর্থঃ। কাং কাঞ্চিৎ ॥১৮॥

ইচ্ছামেতি। প্রজা ভোক্তুম্, অস্মৎপ্রজাভোজননিষ্ক্রয়ায়েতি ভাবঃ। ঈশ্বরা রক্ষকাঃ ॥১৯॥

ভারতভাবদীপঃ

ত্বৎকৃতে ত্বদর্থং তাভির্ব্রাহ্ম্যাদিভিরস্মদ্ভর্তৄন্ মিথ্যাভিশাপদোষেণ কোপয়ন্তীভিঃ প্রজা হৃতাঃ সঙ্গাভাবাদিত্যর্থঃ। সন্ধিরার্ষঃ। নোঽস্মভ্যং প্রযচ্ছ ভর্তৄণামনুকূলনেনেত্যর্থঃ ॥১৭॥ বৃত্তা ময়া দত্তা, অপি ময়া প্রার্থিতা অপি মুনয়ো যুষ্মান্ নাঙ্গীকরিষ্যন্তীতি ভাবঃ ॥১৮॥ মাতৄণাং

হইয়াছেন, তাঁহাদের সে পদ আমাদের হইবে; কিন্তু তাঁহাদের তাহা থাকিতে পারিবে না ॥১৬॥

দেবশ্রেষ্ঠ! এখন আমরাই জগতের পূজনীয় হইব, কিন্তু তাঁহারা আর পূজনীয় থাকিতে পারিবেন না। আর, তাঁহারা তোমার জন্য আমাদের যে সকল সন্তান হরণ করিয়া নিয়াছেন, সেই সন্তানগুলি আমাদিগকে আবার আনিয়া দাও' ॥১৭॥

কার্ত্তিক বলিলেন—'সে সন্তানগুলি মরিয়া গিয়াছে; সুতরাং সেগুলি আর আপনারা পাইবেন না। তবে এখন আপনারা যেরূপ সন্তান কামনা করেন, সেরূপ অন্য কোন সন্তান আমি আপনাদিগকে দিতে পারি' ॥১৮॥

মাতৃগণ কহিলেন—'সেই মাতৃগণের যে সকল সন্তান আছে এবং তুমি ভিন্ন তাহাদের যাহারা রক্ষক আছে, তাহাদিগকে আমরা ভক্ষণ করিতে ইচ্ছা করি। অতএব তুমি তাহাদিগকে আমাদের নিকট আনিয়া দাও' ॥১৯॥

মাতরঃ উচুঃ।

পরিরক্ষাম ভদ্রং তে প্রজাঃ স্কন্দ ! যথেচ্ছসি।
ত্বয়া নো রোচতে স্কন্দ ! সহ বাসশ্চিরং প্রভো ! ॥২১॥

স্কন্দ উবাচ।

যাবৎ ষোড়শ বর্ষাণি ভবন্তি তরুণাঃ প্রজাঃ।
প্রবাধত মনুষ্যাণাং তাবদ্রূপৈঃ পৃথগ্বিধৈঃ ॥২২॥
অহঞ্চ বঃ প্রদাস্যামি রৌদ্রমাত্মানমব্যয়ম্।
পরমং তেন সহিতাঃ সুখং বৎস্যথ পূজিতাঃ ॥২৩॥

মার্কণ্ডেয় উবাচ।

ততঃ শরীরাৎ স্কন্দস্য পুরুষঃ পাবকপ্রভঃ।
ভোক্তুং প্রজাঃ স মর্ত্যানাং নিষ্পপাত মহাপ্রভঃ ॥২৪॥

ভারতকৌমুদী

প্রজা ইতি। কষ্টং কষ্টসাধ্যম্, তাসাং প্রজাভক্ষণানুমোদনম্। নমস্কৃতা যূয়ম্ ॥২০॥
পরীতি। তে তব ভদ্রমস্তু। প্রজাঃ, ন কেবলং তাসামপি তু সর্ব্বা এবেত্যর্থঃ ॥২১॥
যাবদিতি। তরুণাঃ প্রজাঃ শিশুসন্তানান্। প্রবাধত পীড়য়ত ॥২২॥
অহমিতি। আত্মানম্ আত্মাংশং কঞ্চিৎ পুরুষম্, অব্যয়মবিনশ্বরম্ ॥২৩॥
তত ইতি। প্রজাঃ সন্তানান্, মর্ত্ত্যানাং মানুষাণাম্, নিষ্পপাত নির্জগাম ॥২৪॥

কার্ত্তিক বলিলেন—'আপনাদের সন্তান দিব বটে, কিন্তু আপনারা পরে যাহা বলিলেন, তাহা কষ্টসাধ্য। আপনাদের মঙ্গল হউক, সকলেই আপনাদের পূজা করে, সুতরাং আপনারা সকলের সন্তানকেই ভাল করিয়া রক্ষা করুন' ॥২০॥

মাতৃগণ বলিলেন—কার্ত্তিক ! তোমার মঙ্গল হউক, তুমি যেমন ইচ্ছা করিতেছ, তেমন ভাবেই আমরা সন্তান রক্ষা করিব। কিন্তু প্রভাবসম্পন্ন কার্ত্তিক ! তোমার সহিত চিরকাল বাস করিতে আমাদের ইচ্ছা হইতেছে' ॥২১॥

কার্ত্তিক বলিলেন—'যে পর্য্যন্ত মনুষ্যশিশুগণের ষোড়শ বৎসর বয়স হয়, সেই পর্য্যন্ত আপনারা নানাবিধ রূপধারণ করিয়া তাহাদের পীড়া জন্মাইবেন ॥২২॥

আমিও আপনাদিগকে আমারই অংশ, ভয়ঙ্করমূর্ত্তি, চিরস্থায়ী ও বলবান্ একটী পুরুষ দান করিব ; আপনারা সম্মানিত হইয়াই তাহার সহিত সুখে বাস করিবেন' ॥২৩॥

মার্কণ্ডেয় বলিলেন—'তাহার পরই অগ্নিতুল্য পিঙ্গলবর্ণ ও মহাতেজা সেই পুরুষ মনুষ্যসন্তানদিগকে ভক্ষণ করিবার জন্য কার্ত্তিকের দেহ হইতে নির্গত হইল ॥২৪॥

অপতৎ সহসা ভূমৌ বিসংজ্ঞোঽথ ক্ষুধার্দ্দিতঃ।
স্কন্দেন সোঽভ্যনুজ্ঞাতো রৌদ্ররূপোঽভবদ্গ্রহঃ ॥২৫॥
স্কন্দাপস্মারমিত্যাহুর্গ্রহং তং দ্বিজসত্তমাঃ।
বিনতা তু মহারৌদ্রা কথ্যতে শকুনিগ্রহঃ ॥২৬॥
পূতনাং রাক্ষসীং প্রাহুস্তং বিদ্যাৎ পূতনাগ্রহম্।
কষ্টা দারুণরূপেণ ঘোররূপা নিশাচরী ॥২৭॥
পিশাচী দারুণাকারা কথ্যতে শীতপূতনা।
গর্ভান্ সা মানুষীণাস্তু হরতে ঘোরদর্শনা ॥২৮॥
অদিতিং রেবতীং প্রাহুর্গ্রহস্তস্যাস্তু রৈবতঃ।
সোঽপি বালান্ মহাঘোরো বাধতে বৈ মহাগ্রহঃ ॥২৯॥
দৈত্যানাং যা দিতির্মাতা তামাহুর্মুখমণ্ডিকাম্।
অত্যর্থং শিশুমাংসেন সংপ্রহৃষ্টা দুরাসদা ॥৩০॥

ভারতকৌমুদী

অপতদিতি। বিসংজ্ঞঃ ক্ষুধয়ৈবাচেতনপ্রায়ঃ। গৃহ্লাতি শিশূনিতি গ্রহঃ ॥২৫॥
স্কন্দেতি। স্কন্দমপস্মরতি স্বাপেক্ষয়া অপকৃষ্টং চিন্তয়তীতি স্কন্দাপস্মারঃ ॥২৬॥
পূতনামিতি। কষ্টা মানুষশিশূনাং কষ্টদায়িনী ॥২৭॥
পিশাচীতি। শীতোৎপাদনেন পীড়োৎপাদনাৎ শীতপূতনা নাম ॥২৮॥
অদিতিমিতি। রেবতীতি অদিতের্নামান্তরমিত্যর্থঃ ॥২৯॥
দৈত্যানামিতি। শিশুমাংসেন অত্যর্থং সংপ্রহৃষ্টা ভবতি ॥৩০॥

তদনন্তর ক্ষুধার্ত্ত ও অচেতনপ্রায় সেই পুরুষ তৎক্ষণাৎ ভূতলে পতিত হইল এবং কার্ত্তিকের অনুমতিক্রমে সে—রৌদ্রমূর্ত্তি একটা গ্রহ হইল ॥২৫॥

ব্রাহ্মণেরা সেই গ্রহকে 'স্কন্দাপস্মার' বলিয়া থাকেন। আর, মহারৌদ্রা বিনতাকে 'শকুনিগ্রহ' বলা হয় ॥২৬॥

পূতনাকে সকলেই রাক্ষসী বলিয়া থাকে; তাহাকে 'পূতনাগ্রহ' বলিয়া জানিবে। ভয়ঙ্করমূর্ত্তি সেই রাক্ষসী ভয়ঙ্কররূপে শিশুদের কষ্ট দিয়া থাকে ॥২৭॥

আর, ভয়ঙ্করাকৃতি একটা পিশাচী আছে, তাহাকে 'শীতপূতনা' বলে। সেই ঘোরদর্শনা শীতপূতনা মনুষ্যরমণীগণের গর্ভ হরণ করে ॥২৮॥

লোকে অদিতিদেবীকে রেবতী বলিয়া থাকে; তাঁহার গ্রহের নাম 'রৈবত'। অতিভয়ঙ্কর মহাগ্রহ সেই রৈবতও বালকদিগের পীড়া উৎপাদন করে ॥২৯॥

যে দিতিদেবী দৈত্যগণের মাতা, তাঁহাকে 'মুখমণ্ডিকা' বলে। সেই দুর্দ্ধর্ষা শিশুমাংসে অত্যন্ত আনন্দিত হন ॥৩০॥

কুমারাশ্চ কুমার্য্যশ্চ যে প্রোক্তাঃ স্কন্দসম্ভবাঃ ।
তেঽপি গর্ভভুজঃ সর্ব্বে কৌরব্য ! সুমহাগ্রহাঃ ॥৩১॥
তাসামেব তু পত্নীনাং পতয়স্তে প্রকীর্ত্তিতাঃ ।
অজ্ঞায়মানা গৃহ্লন্তি বালকান্ রৌদ্রকর্ম্মিণঃ ॥৩২॥
গবাং মাতা তু যা প্রাজ্ঞৈঃ কথ্যতে সুরভির্নৃপ ! ।
শকুনিস্তামথারুহ্য সহ ভুঙ্‌ক্তে শিশূন্ ভুবি ॥৩৩॥
সরমা নাম যা মাতা শুনাং দেবী জনাধিপ ! ।
সাপি গর্ভান্ সমাদত্তে মানুষীণাং সদৈব হি ॥৩৪॥
পাদপানাঞ্চ যা মাতা করঞ্জনিলয়া হি সা ।
বরদা সা হি সৌম্যা চ নিত্যং ভূতানুকম্পিনী ।
করঞ্জে তাং নমস্যন্তি তস্মাৎ পুত্রার্থিনো নরাঃ ॥৩৫॥
ইমে ত্বষ্টাদশান্যে বৈ গ্রহা মাংসমধুপ্রিয়াঃ ।
দ্বিপঞ্চরাত্রং তিষ্ঠন্তি সততং সূতিকাগৃহে ॥৩৬॥

ভারতকৌমুদী

কুমারা ইতি। প্রোক্তা অস্মিন্নেব প্রকরণে ॥৩১॥
তাসামিতি। তাসাং কুমারীণাম্। তে কুমারাঃ। অজ্ঞায়মানা গৃহস্থৈঃ ॥৩২॥
গবামিতি। শকুনির্নাম গ্রহঃ, সহ তয়া সুরভ্যা সার্দ্ধম্ ॥৩৩॥
সরমেতি। শুনাং কুক্কুরাণাম্। সমাদত্তে গৃহ্লাতি হরতীত্যর্থঃ ॥৩৪॥
পাদপানামিতি। করঞ্জো বৃক্ষবিশেষো নিলয়ো যস্যাঃ সা। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৫॥

কৌরবনন্দন ! কার্ত্তিকের দেহ হইতে যে সকল কুমার ও কুমারী জন্মিয়াছিল, তাহারা সকলেও অতিমহাগ্রহ হইয়া গর্ভ ভক্ষণ করে ॥৩১॥

সেই কুমারীগণের পতি বলিয়া কথিত এবং ভয়ঙ্করকার্য্যকারী সেই কুমারগণ গৃহস্থগণের অজ্ঞাত থাকিয়া বালকদিগকে হরণ করে ॥৩২॥

রাজা ! পণ্ডিতেরা যে সুরভিকে গোমাতা বলিয়া থাকেন, শকুনিগ্রহ তাঁহাতে আরোহণ করিয়া তাঁহারই সহিত ভূতলে শিশুগণকে ভক্ষণ করে ॥৩৩॥

নরনাথ ! যে সরমাদেবী কুক্কুরগণের মাতা, তিনিও সর্ব্বদাই মনুষ্যরমণীগণের গর্ভ হরণ করেন ॥৩৪॥

যিনি বৃক্ষসমূহের মাতা, তিনি করঞ্জ-(করমচা) বৃক্ষে বাস করেন এবং তিনি সর্ব্বদাই সৌম্যমূর্ত্তি, বরদাত্রী ও প্রাণিগণের প্রতি দয়াকারিণী। সুতরাং পুত্রার্থী লোকেরা করঞ্জবৃক্ষে তাঁহাকে নমস্কার করে ॥৩৫॥

(৩২)···আজ্ঞায়মানাঃ···পি,···অজায়মানাঃ···নি।

কদ্রুঃ সূক্ষ্মবপুর্ভূত্বা গর্ভিণীং প্রবিশত্যথ।
ভুঙ্‌ক্তে সা তত্র তং গর্ভং সা তু নাগং প্রসূয়তে ॥৩৭॥
গন্ধর্ব্বাণাঞ্চ যা মাতা সা গর্ভং গৃহ্য গচ্ছতি।
ততো বিলীনগর্ভা সা মানুষী ভুবি দৃশ্যতে ॥৩৮॥
যা জনিত্রী ত্বপ্সরসাং গর্ভমাস্তে প্রগৃহ্য সা।
উপনষ্টং ততো গর্ভং কথয়ন্তি মনীষিণঃ ॥৩৯॥
লোহিতস্যোদধেঃ কন্যা ধাত্রী স্কন্দস্য সা স্মৃতা।
লোহিতায়নিরিত্যেবং কদম্বে সা হি পূজ্যতে ॥৪০॥
পুরুষেষু যথা রুদ্রস্তথার্য্যা প্রমদাস্বপি।
আর্য্যা মাতা কুমারস্য পৃথক্‌কামার্থমিজ্যতে ॥৪১॥

ভারতকৌমুদী

ইম ইতি। ইমে পূর্ব্বোক্তাঃ, অন্যে অষ্টাদশ চ। মধু মদ্যম্। দ্বিপঞ্চরাত্রং দশরাত্রম্ ॥৩৬॥
কদ্রুরিতি। গর্ভভক্ষণেন গর্ভিণ্যাঃ প্রসবাসম্ভবাৎ সা ত্বিতি কদ্রোঃ পরিচয় এব ॥৩৭॥
গন্ধর্ব্বাণামিতি। গৃহ্য গৃহীত্বা। বিলীনো লয়ং প্রাপ্তো গর্ভো যস্যাঃ সা ॥৩৮॥
যেতি। জনিত্রী জনয়িত্রী। আস্তে অদৃশ্যা তত্রৈব তিষ্ঠতি ॥৩৯॥
লোহিতস্যেতি। লোহিতায়নিরিত্যেবং নাম, কদম্বে বৃক্ষে ॥৪০॥
পুরুষেষ্বিতি। পৃথক্‌কামার্থং ভিন্নভিন্নাভিলাষপূরণার্থম্, ইজ্যতে পূজ্যতে ॥৪১॥

মদ্য-মাংসপ্রিয় এই গ্রহগণ এবং অষ্টাদশপ্রকার অন্য গ্রহগণ দশ দিনপর্য্যন্ত সর্ব্বদাই সূতিকাগৃহে অবস্থান করে ॥৩৬॥

কদ্রু সূক্ষ্মদেহ হইয়া গর্ভিণীর দেহে প্রবেশ করেন; তাহার পর তিনি সেই গর্ভ ভক্ষণ করেন। সে কদ্রু নাগ প্রসব করেন, অর্থাৎ নাগমাতা ॥৩৭॥

যিনি গন্ধর্ব্বগণের মাতা, তিনি গর্ভ হরণ করিয়া চলিয়া যান; তাহার পর দেখিতে পাওয়া যায় যে, সেই নারীর গর্ভ লয় পাইয়াছে ॥৩৮॥

যিনি অপ্সরাদের মাতা, তিনি গর্ভ হরণ করিয়া সেই খানেই থাকেন; তাহার পর বুদ্ধিমানেরা বলেন—উহার গর্ভ নষ্ট হইয়াছে ॥৩৯॥

লোহিতসাগরের কন্যা কার্ত্তিকের ধাত্রী ছিলেন; তাঁহার নাম—'লোহিতায়নি'। কদম্ববৃক্ষে তাঁহার পূজা হইয়া থাকে ॥৪০॥

পুরুষদের মধ্যে যেমন রুদ্র, স্ত্রীদের মধ্যে তেমন আর্য্যা; তিনি কার্ত্তিকের মাতা; লোকে ভিন্ন ভিন্ন অভীষ্টলাভের জন্য তাঁহার পূজা করিয়া থাকে ॥৪১॥

---

(৩৭) কদ্রুঃ সূক্ষ্মং বপুঃ কৃত্বা…পি।

এবমেতে কুমারাণাং ময়া প্রোক্তা মহাগ্রহাঃ।
যাবৎ ষোড়শ বর্ষাণি শিশূনাং হ্যশিবাস্ততঃ ॥৪২॥
যে চ মাতৃগণাঃ প্রোক্তাঃ পুরুষাশ্চৈব যে গ্রহাঃ।
সর্ব্বে স্কন্দগ্রহা নাম জ্ঞেয়া নিত্যং শরীরিভিঃ ॥৪৩॥
তেষাং প্রশমনং কার্য্যং স্নানং ধূপস্তথাঽঞ্জনম্।
বলিকর্ম্মোপহারাশ্চ স্কন্দস্যেজ্যা বিশেষতঃ ॥৪৪॥
এবমভ্যর্চ্চিতাঃ সর্ব্বে প্রযচ্ছন্তি শুভং নৃণাম্।
আয়ুর্বীর্য্যঞ্চ রাজেন্দ্র! সম্যক্পূজানমস্কৃতাঃ ॥৪৫॥ (যুগ্মকম্)
ঊর্দ্ধন্তু ষোড়শাদ্বর্ষাদ্ যে ভবন্তি গ্রহা নৃণাম্।
তানহং সম্প্রবক্ষ্যামি নমস্কৃত্য মহেশ্বরম্ ॥৪৬॥
যঃ পশ্যতি নরো দেবান্ জাগ্রদ্বা শয়িতোঽপি বা।
উন্মাদ্যতি স তু ক্ষিপ্রং তং তু দেবগ্রহং বিদুঃ ॥৪৭॥

ভারতকৌমুদী

এবমিতি। কুমারাণাং মনুষ্যশিশূনাম্। অশিবা অমঙ্গলকরাঃ ॥৪২॥
য ইতি। মাতৃগণাঃ ষড় বিপত্ন্যাদয়ঃ, পুরুষাঃ স্কন্দদেহোৎপন্নাদয়ঃ ॥৪৩॥
তেষামিতি। বলিকর্ম্ম পশুবলিদানম্। ইজ্যা পূজা। এবমেভিঃ, সর্ব্বে গ্রহাঃ ॥৪৪-৪৫॥
ঊর্দ্ধমিতি। ঊর্দ্ধং পরম্। ভবন্তি অনিষ্টকরা ইতি শেষঃ ॥৪৬॥

এই আমি শিশুদের মহাগ্রহগণের বিষয় বলিলাম। যে পর্য্যন্ত শিশুদের ষোড়শ বৎসর বয়স হয়, সেই পর্য্যন্তই উহারা তাহাদের অমঙ্গল ঘটাইয়া থাকে ॥৪২॥

যে মাতৃগণের কথা বলা হইল এবং যে সকল পুরুষগ্রহ আছে, তাহাদের সকলকেই সর্ব্বদা 'স্কন্দগ্রহ' বলিয়া জানিবে ॥৪৩॥

তাহাদের শান্তি করিতে হয়। স্নানীয় দ্রব্য, ধূপ, কজ্জল, বলিদান এবং অন্যান্য উপহার—এই সকলদ্বারা বিশেষভাবে কার্ত্তিকের পূজা করিবে। আর, রাজশ্রেষ্ঠ! এই সকল দ্রব্যদ্বারা পূজা ও নমস্কার করিলে, সকল গ্রহই মানুষের মঙ্গল, আয়ু ও বল দিয়া থাকে ॥৪৪—৪৫॥

মানুষের ষোড়শ বৎসর বয়সের পর যে সকল গ্রহ অনিষ্টকারী হয়, মহাদেবকে নমস্কার করিয়া আমি তাহাদের কথা বলিব ॥৪৬॥

(৪৪)···ধূপং তথাঽঞ্জনম্···বা ব কা।

আসীনশ্চ শয়ানশ্চ যঃ পশ্যতি নরঃ পিতৃন্।
উন্মাদ্যতি স তু ক্ষিপ্রং স জ্ঞেয়স্তু পিতৃগ্রহঃ ॥৪৮॥
অবমন্যতি যঃ সিদ্ধান্ ক্রুদ্ধাশ্চাপি শপন্তি যম্।
উন্মাদ্যতি স তু ক্ষিপ্রং জ্ঞেয়ঃ সিদ্ধগ্রহস্তু সঃ ॥৪৯॥
উপাঘ্রাতি চ যো গন্ধান্ রসাংশ্চাপি পৃথগ্বিধান্।
উন্মাদ্যতি স তু ক্ষিপ্রং স জ্ঞেয়ো রাক্ষসগ্রহঃ ॥৫০॥
গন্ধর্ব্বাশ্চাপি যং দিব্যাঃ সংবিশন্তি নরং ভুবি।
উন্মাদ্যতি স তু ক্ষিপ্রং গ্রহো গান্ধর্ব এব সঃ ॥৫১॥
অধিরোহন্তি যং নিত্যং পিশাচাঃ পুরুষং প্রতি।
উন্মাদ্যতি স তু ক্ষিপ্রং গ্রহঃ পৈশাচ এব সঃ ॥৫২॥

ভারতকৌমুদী

য ইতি। শয়িতো নিদ্রিতঃ স্বপ্নে পশ্যতি। দেবশ্চাসৌ গ্রহশ্চেতি সঃ। এবমন্যত্র ॥৪৭॥
আসীন ইতি। আসীন ইতি জাগ্রদুপলক্ষণম্, শয়ানঃ স্বপ্নে পশ্যতি ॥৪৮॥
অবেতি। সিদ্ধান্ দেবযোনিবিশেষান্, ক্রুদ্ধা অবমাননাবশাৎ সিদ্ধা এব ॥৪৯॥
উপেতি। জিঘ্রাদেশাভাব আর্ষঃ। পৃথগ্বিধান্ নানাবিধান্ ॥৫০॥
গন্ধর্বা ইতি। সংবিশন্তি অদৃশ্যভাবেনাধিরোহন্তি ॥৫১॥
অধীতি। প্রতিশব্দোঽত্র বীপ্সায়াম্ ॥৫২॥

যে মানুষ জাগরিত অবস্থায় বা নিদ্রিত অবস্থায় (স্বপ্নে) দেবতা দেখে, সে সত্বরই উন্মত্ত হয় এবং সেইটাকে দেবগ্রহ জানিবে ॥৪৭॥

যে লোক জাগরিত অবস্থায় বা নিদ্রিত অবস্থায় পিতৃলোক দর্শন করে, সে সত্বরই উন্মত্ত হয় এবং সেইটাকে পিতৃগ্রহ বলিয়া জানিবে ॥৪৮॥

যে লোক সিদ্ধকে অবজ্ঞা করে এবং সেই অবজ্ঞাবশতই সেই সিদ্ধ ক্রুদ্ধ হইয়া অভিসম্পাত করে, সে সত্বরই উন্মত্ত হয়, আর সেইটাকে সিদ্ধগ্রহ জানিবে ॥৪৯॥

যে লোক নানাবিধ গন্ধ ও রস অনুভব করে, সে লোক সত্বরই উন্মত্ত হয় এবং সেইটাকে রাক্ষসগ্রহ জানিবে ॥৫০॥

স্বর্গীয় গন্ধর্ব্ব মর্ত্ত্যলোকে যে লোকের উপরে অধিষ্ঠিত হয়, সে লোক সত্বরই উন্মত্ত হয় এবং সেইটাকে গন্ধর্বগ্রহ বলিয়া জানিবে ॥৫১॥

পিশাচ প্রত্যহ বার বার যে লোকের উপরে অধিষ্ঠান করিতে থাকে, সে লোক সত্বরই উন্মত্ত হয় এবং সেইটা পিশাচগ্রহ ॥৫২॥

আবিশন্তি চ যং যক্ষাঃ পুরুষং কালপর্য্যয়ে।
উন্মাদ্যতি স তু ক্ষিপ্রং জ্ঞেয়ো যক্ষগ্রহস্তু সঃ ॥৫৩॥
যস্য দোষৈঃ প্রকুপিতং চিত্তং মুহ্যতি দেহিনঃ।
উন্মাদ্যতি স তু ক্ষিপ্রং সাধনং তস্য শাস্ত্রতঃ ॥৫৪॥
বৈক্লব্যাচ্চ ভয়াচ্চৈব ঘোরাণাঞ্চাপি দর্শনাৎ।
উন্মাদ্যতি স তু ক্ষিপ্রং সান্ত্বং তস্য তু সাধনম্ ॥৫৫॥
কশ্চিৎ ক্রীড়িতুকামো বৈ ভোক্তুকামস্তথাঽপরঃ।
অভিকামস্তথৈবান্য ইত্যেষ ত্রিবিধো গ্রহঃ ॥৫৬॥
যাবৎ সপ্ততিবর্ষাণি ভবন্ত্যেতে গ্রহা নৃণাম্।
অতঃ পরং দেহিনাস্তু গ্রহতুল্যো ভবেজ্জ্বরঃ ॥৫৭॥
অপ্রকীর্ণেন্দ্রিয়ং দান্তং শুচিং নিত্যমতন্দ্রিতম্।
আস্তিকং শ্রদ্দধানঞ্চ বর্জয়ন্তি সদা গ্রহাঃ ॥৫৮॥

ভারতকৌমুদী

আবিশন্তীতি। কালপর্য্যয়ে প্রাগুক্তষোড়শবৎসরাতিক্রমে সতি ॥৫৩॥
যস্যেতি। মুহ্যতি বিকলীভবতি। সাধনং চিকিৎসা, শাস্ত্রত আয়ুর্ব্বেদানুসারেণ ॥৫৪॥
বৈক্লব্যাদিতি। বৈক্লব্যাৎ কার্য্যাকুলত্বাৎ। স পুরুষঃ, সান্ত্বং সান্ত্ববাদঃ ॥৫৫॥
অথ কথং গ্রহাঃ পুরুষমাবিশন্তীত্যাহ কশ্চিদিতি। ভোক্তুকামো ভোগাভিলাষী ॥৫৬॥
যাবদিতি। ভবন্তি উক্তবিধানিষ্টকরা ইতি শেষঃ ॥৫৭॥
অপ্রেতি। অপ্রকীর্ণেন্দ্রিয়ং সংযতচিত্তম্, দান্তং নয়নাদীন্দ্রিয়দমনশীলম্ ॥৫৮॥

ষোড়শ বৎসর অতীত হইলে পর যে মানুষের শরীরে যক্ষ প্রবেশ করে, সে মানুষ সত্বর উন্মত্ত হয় এবং সেইটাকে যক্ষগ্রহ বলিয়া জানিবে ॥৫৩॥

বায়ু, পিত্ত ও কফের দোষে যাহার চিত্ত বিকল হয়, সে লোক সত্বর উন্মত্ত হয়; বৈদ্যশাস্ত্র অনুসারে তাহার চিকিৎসা করা উচিত ॥৫৪॥

কার্য্যবশতঃ আকুলতায়, ভয়ে এবং ভয়ঙ্করবস্তুদর্শনেও মানুষ সত্বর উন্মত্ত হয়, সান্ত্ববাক্য বলাই তাহার চিকিৎসা ॥৫৫॥

কোন গ্রহ ক্রীড়াভিলাষী, অপর গ্রহ ভোগাভিলাষী এবং অন্য গ্রহ কামাভিলাষী; এই প্রকারে গ্রহগণ ত্রিবিধ হইয়া থাকে ॥৫৬॥

মানুষের সত্তর বৎসর বয়সপর্য্যন্ত এই গ্রহগণ অনিষ্টকারী হইয়া থাকে; ইহার পর মানুষের জ্বরই গ্রহের তুল্য হয় ॥৫৭॥

সংযতচিত্ত, ইন্দ্রিয়দমনশীল, পবিত্র, সর্ব্বদা আলস্যবিহীন, আস্তিক এবং

ইত্যেষ তে গ্রহোদ্দেশো মানুষাণং প্রকীর্ত্তিতঃ।
ন স্পৃশন্তি গ্রহা ভক্তান্ নরান্ দেবং মহেশ্বরম্ ॥৫৭॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়-
সমাস্যায়াং মনুষ্যগ্রহকথনে দ্বিনবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:(*):——

ভারতকৌমুদী

ইতীতি। গ্রহাণামুদ্দেশো নাম। মহেশ্বরং দেবং প্রতি উক্তান্ ॥৫৭॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-
সমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং দ্বিনবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(:*:)——

ভারতভাবদীপঃ

ব্রাহ্ম্যাদীনাম্, তাসাং প্রজানামীশ্বরাঃ পিত্রাদয়ঃ ॥১৯॥ প্রজাঃ অস্মদাদ্যাঃ নমস্কৃতা যূয়ং ময়েতি শেষঃ ॥২০—৫৭॥ মিথ্যাভিশাপগ্রস্তানামপি স্কন্দমাতৃণাং বালগ্রহত্বাদিনা চাধিকারপ্রাপ্তিঃ কিমুত সাক্ষাদ্দোষকর্তৃণামতঃ সর্ব্বদোষপরিহারার্থং মহেশ্বরঃ পূজ্য ইত্যুপসংহরতি—অপ্রকীর্ণেন্দ্রিয়মিতি ॥৫৮—৫৭॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিনবত্যধিকশততমোঽধ্যায় ॥১৯২॥

——০:(*):০——

দেবতায় ও শাস্ত্রে শ্রদ্ধাশীল লোককে সর্ব্বদাই গ্রহগণ পরিত্যাগ করিয়া থাকে ॥৫৮॥

রাজা! এই তোমার নিকট মানুষের গ্রহগণের নাম বলিলাম; এই গ্রহেরা মহাদেবের ভক্ত লোকদিগকে স্পর্শ করে না' ॥৫৭॥

——:(০):——

* '…পঞ্চবিংশত্যধিকদ্বিশততমঃ…' পি, '…একোনত্রিংশদধিকদ্বি…' বা ব, '…ত্রিংশদধিকদ্বি…' কা নি।

ত্রিনবত্যধিকশততমোঽধ্যায়ঃ

—০ঃ(*)ঃ০—

মার্কণ্ডেয় উবাচ।

যদা স্কন্দেন মাতৃণামেবমেতৎ প্রিয়ং কৃতম্।
অথৈনমব্রবীৎ স্বাহা মম পুত্রস্ত্বমৌরসঃ ॥১॥
ইচ্ছাম্যহং ত্বয়া দত্তাং প্রীতিং পরমদুর্লভাম্।
তামব্রবীত্ততঃ স্কন্দঃ প্রীতিমিচ্ছসি কীদৃশীম্ ॥২॥

স্বাহোবাচ।

দক্ষস্যাহং প্রিয়া কন্যা স্বাহা নাম মহাভুজ !।
বাল্যাৎ প্রভৃতি নিত্যঞ্চ জাতকামা হুতাশনে ॥৩॥
ন স মাং কামিনীং পুত্র ! সম্যগ্‌জানাতি পাবকঃ।
ইচ্ছামি শাশ্বতং বাসমহং বস্তুং সহাগ্নিনা ॥৪॥

ভারতকৌমুদী

যদেতি। এতৎ পূর্ব্বোক্তরূপম্। ঔরস আত্মজাতঃ। অতো মমৈব ত্বম্ ॥১॥

ইচ্ছামীতি। প্রীতিং প্রীতিকারণম্ ॥২॥

দক্ষস্যেতি। বাল্যাৎ বাল্যকালাতিক্রমাৎ ॥৩।

নেতি। কামিনীম্ আত্মানং প্রতি কামবতীম্। শাশ্বতং নিত্যম্, বস্তুং কর্ত্তুম্ ॥৪॥

মার্কণ্ডেয় বলিলেন—'কার্ত্তিক যখন এইভাবে মাতৃগণের এইরূপ প্রিয়কার্য্য করিলেন, তখন স্বাহাদেবী তাঁহাকে বলিলেন—'স্কন্দ! তুমি আমার আত্মজাত পুত্র ॥১॥

অতএব ত্বৎপ্রদত্ত পরমদুর্লভ প্রীতি আমি লাভ করিতে ইচ্ছা করি'। তাহার পর কার্ত্তিক তাঁহাকে বলিলেন—'আপনি কিরূপ প্রীতি ইচ্ছা করেন" ? ॥২॥

স্বাহা বলিলেন—'মহাবাহু ! আমি দক্ষের প্রিয়তমা কন্যা আমার নাম—স্বাহা'। আমি বাল্যকাল অতীত হওয়ার পর হইতেই সর্ব্বদা অগ্নিদেবের প্রতি জাতকামা আছি ॥৩॥

কিন্তু পুত্র ! সে অগ্নিদেব আমাকে নিজের প্রতি জাতকামা বলিয়া সম্পূর্ণ জানেন না। অতএব আমি সর্বদাই অগ্নিদেবের সহিত বাস করিতে ইচ্ছা করি' ॥৪॥

(৪)···বাসং পুত্র ! বস্তুম্···বা ব কা নি।

স্কন্দ উবাচ।

হব্যং কব্যঞ্চ যৎকিঞ্চিদ্দ্বিজা মন্ত্রসুসংস্কৃতম্।
হোষ্যন্ত্যগ্নৌ সদা দেবি! স্বাহেত্যুক্ত্বা সমুদ্ধৃতম্ ॥৫॥
অদ্য প্রভৃতি দাস্যন্তি সুবৃত্তাঃ সৎপথে স্থিতাঃ।
এবমগ্নিস্ত্বয়া সার্দ্ধং সদা বৎস্যতি শোভনে! ॥৬॥ (যুগ্মকম্)

মার্কণ্ডেয় উবাচ।

এবমুক্তা ততঃ স্বাহা তুষ্টা স্কন্দেন পূজিতা।
পাবকেন সমাযুক্তা ভর্ত্রা স্কন্দমপূজয়ৎ ॥৭॥
ততো ব্রহ্মা মহাসেনং প্রজাপতিরথাব্রবীৎ।
অভিগচ্ছ মহাদেবং পিতরং ত্রিপুরার্দ্দনম্ ॥৮॥
রুদ্রেণাগ্নিং সমাবিশ্য স্বাহামাবিশ্য চোময়া।
হিতার্থং সর্ব্বলোকানাং জাতস্ত্বমপরাজিতঃ ॥৯॥

ভারতকৌমুদী

হব্যমিতি। হব্যং দৈবম্, কব্যঞ্চ পৈত্রং দ্রব্যম্। সুবৃত্তাঃ সচ্চরিত্রাঃ ॥৫—৬॥
এবমিতি। ভর্ত্রা পাবকেন সমাযুক্তা ভাবিনীত্যর্থঃ। অপূজয়ৎ আদ্রিয়ত ॥৭॥
তত ইতি। মহাসেনং কার্ত্তিকেয়ম্। ব্রহ্মপদস্য ব্রাহ্মণপরত্বনিরাসার্থং প্রজাপতিপদম্ ॥৮॥
রুদ্রেণেতি। অপরাজিতঃ কৃত্বা জাতো জনিতঃ। সকর্ম্মকত্বমার্ষম্ ॥৯॥

কার্ত্তিক বলিলেন—'দেবি! সচ্চরিত্র ও সৎপথে স্থিত দ্বিজাতিরা মন্ত্রদ্বারা সংস্কার করিয়া যে কিছু হব্য বা কব্য অগ্নিতে হোম করিবেন, সে সমস্তই উত্তোলনপূর্বক 'স্বাহা' বলিয়া সমর্পণ করিবেন। শোভনে! এইরূপ হইলেই অগ্নিদেব সর্বদা আপনার সহিত বাস করিবেন ॥৫—৬॥

মার্কণ্ডেয় কহিলেন—'কার্ত্তিক এইরূপ বলিয়া পূজা করিলে, স্বাহাদেবী ভর্ত্তা অগ্নিদেবের সহিত মিলিত হইবেন ভাবিয়া সন্তুষ্ট হইয়া কার্ত্তিকের আদর করিলেন ॥৭॥

তাহার পর প্রজাপতি ব্রহ্মা কার্ত্তিককে বলিলেন—'কার্ত্তিক! তুমি এখন তোমার পিতা ত্রিপুরাসুরহন্তা মহাদেবের নিকট গমন কর ॥৮॥

মহাদেব অগ্নিদেবের শরীরে এবং উমাদেবী স্বাহাদেবীর শরীরে প্রবেশ করিয়া সমস্ত লোকের হিতের জন্য তোমাকে অপরাজিত করিয়া উৎপাদন করিয়াছেন ॥৯॥

(৫)···দ্বিজানাং মন্ত্রসংস্কৃতম্···বা ব কা নি।

উমাযোন্যাঞ্চ রুদ্রেণ শুক্রং সিক্তং মহাত্মনা।
অস্মিন্ গিরৌ নিপতিতং মিঞ্জিকামিঞ্জিকং ততঃ।
সম্ভূতং লোহিতোদে তু শুক্রশেষমথাপতৎ ॥১০॥
সূর্য্যরশ্মিষু চাপ্যন্যদন্যচ্চৈবাপতদ্ভুবি।
আসক্তমন্যদ্বৃক্ষেষু তদেবং পঞ্চধাঽপতৎ ॥১১॥
তত্র তে বিবিধাকারা গণা জ্ঞেয়া মনীষিভিঃ।
তত্র পারিষদা ঘোরা য এতে পিশিতাশিনঃ ॥১২॥

মার্কণ্ডেয় উবাচ। *

এবমস্ত্বিতি চাপ্যুক্ত্বা মহাসেনো মহেশ্বরম্।
অপূজয়দমেয়াত্মা পিতরং পিতৃবৎসলঃ ॥১৩॥
অর্কপুষ্পৈস্তু তে পঞ্চ গণাঃ পূজ্যা ধনার্থিভিঃ।
ব্যাধিপ্রশমনার্থঞ্চ তেষাং পূজাং সমাচরেৎ ॥১৪॥

ভারতকৌমুদী

উমেতি। মিঞ্জিকামিঞ্জিকং পারিষদানাং স্ত্রীপুংসযুগলম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১০॥
সূর্য্যেতি। অন্যৎ শুক্রশেষম্। পঞ্চধা বিভক্তমিতি শেষঃ ॥১১॥
তত্রেতি। তত্র গির্য্যাদিষু, গণা অনুচরসমূহাঃ। পিশিতাশিনো মাংসভোজিনঃ ॥১২॥
এবমিতি। মহাসেনঃ কার্ত্তিকেয়ঃ। অমেয়াত্মা অজ্ঞেয়স্বভাবঃ ॥১৩॥
অর্কেতি। পঞ্চ—পঞ্চস্থানজাতত্বাদেব পঞ্চবিধাঃ, গণাঃ কার্ত্তিকানুচরসংঘাঃ ॥১৪॥

মহাত্মা মহাদেব উমাযোনিতে শুক্র সিক্ত করেন; তাহা এই পর্বতে পতিত হইয়াছিল; তাহা হইতে স্ত্রী-পুরুষযুগল উৎপন্ন হয়; আর অবশিষ্ট শুক্রের মধ্যে এক অংশ লোহিতসাগরে পড়িয়াছিল ॥১০॥

আর একভাগ সূর্য্যরশ্মিতে এবং অন্য একভাগ ভূতলে পতিত হইয়াছিল; অপর একভাগ বৃক্ষে সংলগ্ন হইয়াছিল; এইভাবে তাহা পাঁচভাগে বিভক্ত হইয়া পতিত হইয়াছিল ॥১১॥

সেই শুক্রভাগগুলিই সেই সকল স্থানে নানাবিধাকৃতি অনুচর হইয়াছে, ইহা জ্ঞানীরা জানিবেন। এই যাহাদিগকে ভয়ঙ্করমূর্ত্তি ও মাংসভোজী দেখা যাইতেছে, ইহারাই সেই অনুচর এবং এখন ইহারা তোমার পারিষদ হইয়াছে' ॥১২॥

মার্কণ্ডেয় বলিলেন—'এইরূপই হউক' এই কথা বলিয়া অজ্ঞেয়স্বভাব ও পিতৃবৎসল কার্ত্তিক, পিতা মহাদেবের পূজা করিলেন ॥১৩॥

* (১৩) শ্লোকাৎ পরময়ং পাঠঃ কতিপয়পুস্তকে দৃশ্যতে।

মিঞ্জিকামিঞ্জিকঞ্চৈব মিথুনং রুদ্রসম্ভবম্।
নমস্কার্য্যং সদৈবেহ বালানাং হিতমিচ্ছতা ॥১৫॥
স্ত্রিয়ো মানুষমাংসাদা বৃদ্ধিকা নাম নামতঃ।
বৃক্ষেষু জাতাস্তা দেব্যো নমস্কার্য্যাঃ প্রজার্থিভিঃ ॥১৬॥
এবমেতে পিশাচানামসংখ্যেয়গণাঃ স্মৃতাঃ।
ঘণ্টায়াঃ সপতাকায়াঃ শৃণু মে সম্ভবং নৃপ ! ॥১৭॥
ঐরাবতস্য ঘণ্টে দ্বে বৈজয়ন্ত্যাবিতি শ্রুতে।
গুহস্য তে স্বয়ং দত্তে শক্রেণানায্য ধীমতা ॥১৮॥
একা তত্র বিশাখস্য ঘণ্টা স্কন্দস্য চাপরা।
পতাকা কার্ত্তিকেয়স্য বিশাখস্য চ লোহিতা ॥১৯॥
যানি ক্রীড়নকান্যস্য দেবৈর্দত্তানি বৈ তদা।
তৈরেব রমতে দেবো মহাসেনো মহাবলঃ ॥২০॥

ভারতকৌমুদী

মিঞ্জিকেতি। মিঞ্জিকামিঞ্জিকং তদাখ্যম্, মিথুনং স্ত্রীপুংসযুগলম্ ॥১৫॥
স্ত্রিয় ইতি। মানুষমাংসানি অদন্তি ভক্ষয়ন্তীতি তাঃ ॥১৬॥
এবমিতি। ঘণ্টায়াঃ কার্ত্তিকেয়স্য, সম্ভবং প্রাপ্তিম্ ॥১৭॥
ঐরেতি। ঐরাবতস্য হস্তিনঃ। শক্রেণ ইন্দ্রেণ ॥১৮॥
একেতি। বিশাখস্য প্রাগুক্তস্য কার্ত্তিকদেহোৎপন্নস্য পুরুষস্য ॥১৯॥

ধনার্থী লোকেরা অর্কপুষ্পদ্বারা সেই (কার্ত্তিকের) পঞ্চবিধ অনুচরগণেরই পূজা করিবে; আর রোগনিবৃত্তির জন্যও তাহাদের পূজা করিতে পারে ॥১৪॥

বালকের হিতার্থী লোক সর্বদাই রুদ্রসম্ভূত 'মিঞ্জিকা-মিঞ্জিক' নামক দম্পতিকে নমস্কার করিবে ॥১৫॥

এবং সন্তানার্থী লোকেরা বৃক্ষজাত ও মনুষ্যমাংসভোজী 'বৃদ্ধিকা'-নামক দেবীগণকে নমস্কার করিবে ॥১৬॥

এইরূপ এই পিশাচগণের সংখ্যা করা যায় না। রাজা! এখন কার্ত্তিকের ঘণ্টা ও পতাকাপ্রাপ্তির বৃত্তান্ত আমার নিকট শ্রবণ কর ॥১৭॥

ঐরাবতহস্তীর দুইটী প্রসিদ্ধ ঘণ্টা ও দুইটী প্রসিদ্ধ পতাকা ছিল; ধীমান্ ইন্দ্র নিজেই তাহা আনাইয়া কার্ত্তিককে দিয়াছিলেন ॥১৮॥

তাহার মধ্যে বিশাখকে একটী এবং কার্ত্তিককে একটী দিয়াছিলেন; আর পতাকাও নীলবর্ণ টী কার্ত্তিককে এবং রক্তবর্ণ টী বিশাখকে দিয়াছিলেন ॥১৯॥

(১৮)···ক্রমেণানায্য ধীমতা—বা ব কা।

স সংবৃতঃ পিশাচানাং গণৈর্দেবগণৈস্তথা।
শুশুভে কাঞ্চনে শৈলে দীপ্যমানঃ শ্রিয়া বৃতঃ ॥২১॥
তেন বীরেণ শুশুভে স শৈলঃ শুভকাননঃ।
আদিত্যেনেবাংশুমতা মন্দরশ্চারুকন্দরঃ ॥২২॥
সন্তানকবনৈঃ ফুল্লৈঃ করবীরবনৈরপি।
দিব্যৈঃ পক্ষিগণৈশ্চৈব শুশুভে শ্বেতপর্ব্বতঃ ॥২৩॥
তত্র দেবগণাঃ সর্ব্বে সর্ব্বে দেবর্ষয়স্তথা।
মেঘতূর্য্যরবাশ্চৈব ক্ষুব্ধোদধিসমস্বনাঃ ॥২৪॥
তত্র দিব্যাশ্চ গন্ধর্ব্বা নৃত্যন্তেঽপ্সরসস্তথা।
হৃষ্টানাং তত্র ভূতানাং শ্রূয়তে নিনদো মহান্ ॥২৫॥

ভারতকৌমুদী

যানীতি। ক্রীড়নকানি ক্রীড়াসামগ্র্যঃ। মহাসেনঃ কার্ত্তিকেয়ঃ ॥২০॥
স ইতি। সংবৃতঃ পরিবেষ্টিতঃ। কাঞ্চনে স্বর্ণবহুলে ॥২১॥
তেনেতি। অংশুভিঃ সহ কার্ত্তিককান্তেঃ সাদৃশ্যসূচনায়াংশুমদ্বিশেষণম্ ॥২২॥
সন্তানকেতি। ফুল্লৈঃ ফুল্লপুষ্পৈঃ। শ্বেতপর্ব্বতঃ স কৈলাসঃ ॥২৩॥
তত্রেতি। মেঘা মেঘরবা ইব তূর্য্যরবা মেঘতূর্য্যরবাঃ ॥২৪॥
তত্রেতি। নৃত্যন্তে শ্রূয়তে ইত্যুভয়ত্রাপি স্বপদাধ্যাহারাদ্বর্ত্তমানা ॥২৫॥

তখন দেবতারা যে সকল খেলার সামগ্রী কার্ত্তিককে দিয়াছিলেন, তাহা দ্বারাই মহাবল কার্ত্তিক খেলা করিতেন ॥২০॥

পরমসুন্দর ও উজ্জ্বলমূর্ত্তি কার্ত্তিক পিশাচগণ ও দেবগণে পরিবেষ্টিত হইয়া সেই স্বর্ণময় পর্বতে শোভা পাইতেন ॥২১॥

কিরণশালী সূর্য্যদ্বারা মনোহর-গুহা-যুক্ত মন্দরপর্বতের ন্যায় বীর কার্ত্তিক-দ্বারা সুন্দর-বন-সমন্বিত সেই কৈলাসপর্বতও শোভা পাইতে লাগিল ॥২২॥

সন্তানকবৃক্ষের বনে ও করবীরবৃক্ষের বনে পুষ্প সকল প্রস্ফুটিত ছিল এবং দিব্যপক্ষিগণ বিচরণ করিতেছিল; এই কারণে কৈলাসপর্ব্বতও শোভা পাইতেছিল ॥২৩॥

সেখানে সমস্ত দেবগণ ও সমস্ত দেবর্ষিগণ উপস্থিত ছিলেন এবং মেঘগর্জন ও উদ্বেলিত সমুদ্রগর্জ্জনের ন্যায় গম্ভীর তূর্য্যধ্বনি হইতেছিল ॥২৪॥

(২৩) শ্লোকপূর্বার্দ্ধাৎ পরম্ 'পারিজাতবনৈশ্চ জপাশোকবনৈস্তথা। কদম্বতরুষণ্ডৈশ্চ দিব্যৈর্ম্মৃগগণৈরপি॥' অয়ং পাঠোঽপি দৃশ্যতে—বা ব কা।

এবং সেন্দ্রং জগৎ সর্ব্বং শ্বেতপর্ব্বতসংস্থিতম্।
প্রহৃষ্টং প্রেক্ষতে স্কন্দং ন চ গ্লায়তি দর্শনাৎ ॥২৬॥ *

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়-
সমাস্যায়াং স্কন্দক্রীড়ায়াং ত্রিনবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ †

——:(*):——

চতুর্নবত্যধিকশততমোঽধ্যায়ঃ

——০:(*):০——

মার্কণ্ডেয় উবাচ।

যদাভিষিক্তো ভগবান্ সৈনাপত্যে স পাবকিঃ।
তদা সংপ্রস্থিতঃ শ্রীমান্ হৃষ্টো ভদ্রবটং হরঃ।
রথেনাদিত্যবর্ণেন পার্ব্বত্যা সহিতঃ প্রভুঃ ॥১॥

ভারতকৌমুদী

এবমিতি। স্কন্দস্য দর্শনাৎ কোঽপি ন গ্লায়তি ন বিষীদতি স্ম ॥২৬॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-
সমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং ত্রিনবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(:*:)——

যদেতি। পাবকিঃ কার্ত্তিকঃ। ভদ্রবটং নাম দেবাসুরবিবাদস্থানম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১॥

দিব্যগন্ধর্ব্বগণ ও অপ্সরোগণ নৃত্য করিতেছিল; আর আনন্দিত প্রাণি-গণের মহাকোলাহল শুনা যাইতেছিল ॥২৫॥

এবং ইন্দ্রের সহিত সমস্ত জগতের লোক সেই কৈলাসপর্ব্বতে থাকিয়া হৃষ্টচিত্ত কার্ত্তিককে দেখিতেছিলেন; কিন্তু কেহই তাঁহাকে দেখিয়া বিষণ্ণ হন নাই ॥২৬॥

——:(০):——

মার্কণ্ডেয় বলিলেন—'ভগবান্ কার্ত্তিক যখন দেবসেনাপতিপদে অভিষিক্ত হইলেন, তখন মহৈশ্বর্য্য ও মহাপ্রভাবশালী মহাদেব পার্ব্বতীর সহিত হৃষ্টচিত্তে সূর্য্যতুল্য উজ্জ্বল বিমানে আরোহণ করিয়া ভদ্রবটে প্রস্থান করিলেন ॥১॥

* অস্মিন্নধ্যায়ে নীলকণ্ঠটীকা নাস্তি। † '…ষড়্বিংশত্যধিকদ্বিশততমঃ…' পি, '…একত্রিংশদধিকদ্বি…' নি, বা ব কা অধ্যায়সমাপ্তির্নাস্তি। (১)…সৈনাপত্যেন পাবকিঃ…বা ব কা।

সহস্রং তত্র সিংহানাং তস্মিন্ যুক্তং রথোত্তমে।
উৎপপাত দিবং শুভ্রাং কালেনাভিপ্রচোদিতম্ ॥২॥
তে পিবন্ত ইবাকাশং ত্রাসয়ন্তশ্চরাচরান্।
সিংহা নভস্যগচ্ছন্ত নদন্তশ্চারুকেসরাঃ ॥৩॥
তস্মিন্ রথে পশুপতিঃ স্থিতো ভাত্যুময়া সহ।
বিদ্যুতা সহিতঃ সূর্য্যঃ সেন্দ্রচাপে ঘনে যথা ॥৪॥
অগ্রতস্তস্য ভগবান্ ধনেশো গুহ্যকৈঃ সহ।
আস্থায় রুচিরং ভাতি পুষ্পকং নরবাহনঃ ॥৫॥
ঐরাবতং সমাস্থায় শক্রশ্চাপি সুরৈঃ সহ।
পৃষ্ঠতোঽনুযযৌ যান্তং বরদং বৃষভধ্বজম্ ॥৬॥
জৃম্ভকৈর্যক্ষরক্ষোভিঃ স্রগ্বিভিঃ সমলঙ্কৃতঃ।
যাত্যমোঘো মহাযক্ষো দক্ষিণং পক্ষমাশ্রিতঃ ॥৭॥

ভারতকৌমুদী

সহস্রমিতি। সিংহানাং তদাকারাণাং যন্ত্রাণাম্। কালেন তদাখ্যেন যন্ত্রা ॥২॥
ত ইতি। পিবন্তঃ, ব্যাদত্তমুখত্বাদিতি ভাবঃ। ত্রাসয়ন্তো নাদেনৈব ॥৩॥
তস্মিন্নিতি। রথে বিমানে। সেন্দ্রচাপ ইত্যনেন রথস্য নানাবর্ণত্বং সূচিতম্ ॥৪॥
অগ্রত ইতি। ধনেশঃ কুবেরঃ। আস্থায় আরুহ্য। পুষ্পকং নাম বিমানম্ ॥৫॥
ঐরাবতমিতি। ঐরাবতস্যাকাশগামিত্বং শক্রপ্রভাবাৎ। এবমন্যত্র ॥৬॥

সেই উৎকৃষ্ট বিমানে সিংহাকৃতি বহুসংখ্যক যন্ত্র সংযোজিত ছিল; সেগুলি কালনামক-সারথিকর্ত্তৃক চালিত হইয়া নির্ম্মল আকাশে উঠিল ॥২॥

মনোহরকেসরধারী সেই সিংহাকৃতি যন্ত্রগুলি আকাশকে যেন পান করিতে প্রবৃত্ত হইয়া এবং গম্ভীরশব্দে চরাচর সমস্ত প্রাণীর ভয় জন্মাইতে থাকিয়া, আকাশে গমন করিতে লাগিল ॥৩॥

ইন্দ্রধনুসমন্বিত মেঘের উপরে থাকিয়া সূর্য্য যেমন বিদ্যুতের সহিত শোভা পান, সেইরূপ মহাদেব সেই নানাবর্ণ বিমানে থাকিয়া পার্ব্বতীর সহিত শোভা পাইতে লাগিলেন ॥৪॥

ভগবান্ নরবাহন কুবের গুহ্যকগণের সহিত মনোহর পুষ্পকবিমানে আরোহণ করিয়া মহাদেবের অগ্রে অগ্রে যাইতে থাকিয়া শোভা পাইতে থাকিলেন ॥৫॥

ইন্দ্রও ঐরাবতহস্তীতে আরোহণ করিয়া অন্যান্য দেবগণের সহিত মিলিত হইয়া বরদাতা মহাদেবের পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিলেন ॥৬॥

(৭) ···দক্ষিণং পক্ষমাস্থিতঃ— বা ব কা নি।

তস্য দক্ষিণতো দেবা বহবশ্চিত্রযোধিনঃ।
গচ্ছন্তি বসুভিঃ সার্দ্ধং রুদ্রৈশ্চ সহ সঙ্গতাঃ ॥৮॥
যমশ্চ মৃত্যুনা সার্দ্ধং সর্বতঃ পরিবারিতঃ।
ঘোরৈর্ব্যাধিশতৈর্যাতি ঘোররূপবপুস্তথা ॥৯॥
যমস্য পৃষ্ঠতশ্চৈব ঘোরস্ত্রিশিখরঃ শিতঃ।
বিজয়ো নাম রুদ্রস্য যাতি শূলঃ স্বলঙ্কৃতঃ ॥১০॥
তমুগ্রপাশো বরুণো ভগবান্ সলিলেশ্বরঃ।
পরিবার্য্য শনৈর্যাতি যাদোভির্বিবিধৈর্বৃতঃ ॥১১॥
পৃষ্ঠতো বিজয়স্যাপি যাতি রুদ্রস্য পট্টিশঃ।
গদামুষলশক্ত্যাদ্যৈর্বৃতঃ প্রহরণোত্তমৈঃ ॥১২॥
পট্টিশং ত্বন্বগাদ্রাজংশ্ছত্রং রৌদ্রং মহাপ্রভম্।
কমণ্ডলুশ্চাপ্যনু তং মহর্ষিগণসেবিতঃ ॥১৩॥

ভারতকৌমুদী

জম্ভকৈরিতি। জম্ভকৈর্মোহজনকৈঃ, স্রগ্বিভির্মালাধারিভিঃ। অমোঘো নাম ॥৭॥
তস্যেতি। তস্য অমোঘস্য। চিত্রযোধিন আশ্চর্য্যযোদ্ধারঃ। সঙ্গতা মিলিতাঃ ॥৮॥
যম ইতি। মৃত্যুনা মূর্ত্তিমতা। ব্যাধিশতৈরপি মূর্ত্তিমদ্ভিঃ ॥৯॥
যমস্যেতি। ত্রিশিখরঃ ত্রিশিখঃ। এতদাদয়োঽস্ত্রাভিমানিন্যো দেবতাঃ ॥১০॥
তমিতি। তং বিজয়ং পরিবার্য্যেতি সম্বন্ধঃ। যাদোভির্জ্জলজন্তুভিঃ ॥১১॥
পৃষ্ঠত ইতি। বিজয়স্য তদাখ্যস্য শূলস্য। প্রহরণোত্তমৈঃ অস্ত্রশ্রেষ্ঠৈঃ ॥১২॥

'অমোঘ'-নামক মহাযক্ষ সম্মোহজনক ও মালাধারী যক্ষ ও রাক্ষসগণে পরিশোভিত হইয়া দক্ষিণপক্ষ অবলম্বন করিয়া যাইতে লাগিলেন ॥৭॥

বিচিত্রযোদ্ধা বহুতর দেবতা বসুগণ ও রুদ্রগণের সহিত মিলিত হইয়া সেই অমোঘের দক্ষিণদিকে থাকিয়া গমন করিতে থাকিলেন ॥৮॥

ভয়ঙ্করাকৃতি যম, মূর্ত্তিমান্ ও দারুণমূর্ত্তি বহুতর রোগে পরিবেষ্টিত হইয়া মৃত্যুর সহিত গমন করিতে লাগিলেন ॥৯॥

ত্রিশিরা ও সুধার 'বিজয়'-নামক রুদ্রের ভয়ঙ্কর শূল সুশোভিত হইয়া যমের পশ্চাৎ পশ্চাৎ যাইতে থাকিলেন ॥১০॥

ভয়ঙ্করপাশধারী জলাধিপতি ভগবান্ বরুণদেব নানাবিধ জলজন্তুগণে পরিবেষ্টিত হইয়া সেই শূলকে পরিবেষ্টন করিয়া ধীরে ধীরে যাইতে থাকিলেন ॥১১॥

রুদ্রের পট্টিশ (অস্ত্র)-গদা, মুষল ও শক্তিপ্রভৃতি উত্তম অস্ত্রে পরিবেষ্টিত হইয়া 'বিজয়'-নামক শূলের পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিলেন ॥১২॥

তস্য দক্ষিণতো ভাতি দণ্ডো গচ্ছন্ শ্রিয়া বৃতঃ।
ভৃগ্বঙ্গিরোভিঃ সহিতো দৈবতৈশ্চানুপূজিতঃ ॥১৪॥
এষাস্তু পৃষ্ঠতো রুদ্রো বিমলে স্যন্দনে স্থিতঃ।
যাতি সংহর্ষয়ন্ সর্বাংস্তেজসা ত্রিদিবৌকসঃ ॥১৫॥
ঋষয়শ্চাপি দেবাশ্চ গন্ধর্ব্বা ভুজগাস্তথা।
নদ্যো হ্রদাঃ সমুদ্রাশ্চ তথৈবাপ্সরসাং গণাঃ।
নক্ষত্রাণি গ্রহাশ্চৈব দেবানাং শিশবশ্চ যে ॥১৬॥
স্ত্রিয়শ্চ বিবিধাকারা যান্তি রুদ্রস্য পৃষ্ঠতঃ।
সৃজন্ত্যঃ পুষ্পবর্ষাণি চারুরূপা বরাঙ্গনাঃ ॥১৭॥ (যুগ্মকম্)
পর্জন্যশ্চাপ্যনুযযৌ নমস্কৃত্য পিনাকিনম্।
ছত্রঞ্চ পাণ্ডুরং সোমস্তস্য মূর্দ্ধন্যধারয়ৎ ॥১৮॥
চামরে কাপি বায়ুশ্চ গৃহীত্বাগ্নিশ্চ বিষ্ঠিতৌ।
শক্রশ্চ পৃষ্ঠতস্তস্য যাতি রাজন্! শ্রিয়া বৃতঃ।
সহ রাজর্ষিভিঃ সর্ব্বৈঃ স্তুবানেঃ বৃষকেতনম্ ॥১৯॥

ভারতকৌমুদী

পট্টিশমিতি। অনু পশ্চাৎ, রৌদ্রং রুদ্রসম্বন্ধি। তং ছত্রম্, আর্ষত্বাৎ পুংস্ত্বম্ ॥১৩॥
তস্যেতি। ভৃগ্বঙ্গিরোভিঃ তত্তদ্বংশীয়ৈ ঋষিভিঃ, বহুবচনাত্তদাদিভি ঋষিভির্বা ॥১৪॥
এষামিতি। স্যন্দনে রথে। তেজসা কান্ত্যা, ত্রিদিবৌকসো দেবান্ ॥১৫॥
ঋষয় ইতি। ষোড়শঃ শ্লোকঃ ষট্পাদঃ। সৃজন্ত্যঃ কুর্ব্বত্যঃ ॥১৬—১৭॥
পর্জন্য ইতি। পর্জন্যো মেঘাভিমানিনী দেবতা। তস্য পিনাকিনঃ ॥১৮॥

মহাপ্রভাবশালী রুদ্রের ছত্র পট্টিশের পশ্চাৎ যাইতে লাগিলেন এবং তাঁহার পশ্চাতে মহর্ষিগণসেবিত কমণ্ডলু যাইতে থাকিলেন ॥১৩॥

সুশোভিত ও দেবগণের আদৃত দণ্ড, ভৃগু ও অঙ্গিরাপ্রভৃতি ঋষিগণের সহিত ছত্রের দক্ষিণদিকে যাইতে থাকিয়া শোভা পাইতে লাগিলেন ॥১৪॥

রুদ্রদেব নির্ম্মল রথে অবস্থিত হইয়া আপন কান্তিদ্বারা সকল দেবতাকে আনন্দিত করিতে থাকিয়া ইঁহাদের পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিলেন ॥১৫॥

দেবগণ, ঋষিগণ, গন্ধর্ব্বগণ, নাগগণ, নদীগণ, হ্রদগণ, সমুদ্রগণ, অপ্সরোগণ, নক্ষত্রগণ, গ্রহগণ, দেববালকগণ এবং নানাবিধমূর্ত্তি দেবস্ত্রীগণ রুদ্রদেবের পশ্চাতে যাইতে থাকিলেন; তাঁহাদের মধ্যে মনোহরমূর্ত্তি দেবরমণীরা পুষ্প-বৃষ্টি করিতে করিতে চলিতেছিলেন ॥১৬—১৭॥

---

(১৯) … গৃহীত্বাগ্নিশ্চ ধিষ্ঠিতৌ … বা ব কা নি।

গৌরী বিদ্যাথ গান্ধারী কেশিনী মিত্রসাহ্বয়া।
সাবিত্র্যা সহ সর্ব্বাস্তাঃ পার্ব্বত্যা যান্তি পৃষ্ঠতঃ ॥২০॥
তত্র বিদ্যাগণাঃ সর্বে যে কেচিৎ কবিভিঃ কৃতাঃ।
তস্য কুর্ব্বন্তি বচনং সেন্দ্রা দেবাশ্চমূমুখে ॥২১॥
গৃহীত্বা তু পতাকাং বৈ যাত্যগ্রে রাক্ষসো গ্রহঃ।
ব্যাপৃতস্তু শ্মশানে যো নিত্যং রুদ্রস্য বৈ সখা।
পিঙ্গলো নাম যক্ষেন্দ্রো লোকস্যানন্দদায়কঃ ॥২২॥
এভিঃ স সহিতো দেবস্তত্র যাতি যথাসুখম্।
অগ্রতঃ পৃষ্ঠতশ্চৈব নহি তস্য গতির্ধ্রুবা ॥২৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

চামরে ইতি। চামরে চামরদ্বয়ম্। স্তবানঃ স্তবন্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৯॥
গৌরীতি। মিত্রসাহ্বয়া সুমিত্রা। সাবিত্র্যা গায়ত্র্যা ॥২০॥
তত্রেতি। বিদ্যাগণা বিদ্যাজনকগ্রন্থসমূহাঃ তদধিষ্ঠাতারো দেবা ইত্যর্থঃ ॥২১॥
গৃহীত্বেতি। গ্রহঃ প্রাগুক্তঃ কার্ত্তিকানুচরঃ। ব্যাপৃতো রক্ষাপ্রবৃত্তঃ। ষট্পাদঃ শ্লোকঃ। এভির্দেবসৈন্যৈঃ। তত্র ভদ্রবটস্থানে। তস্য পিঙ্গলস্য, ধ্রুবা নিশ্চিতা ॥২২—২৩॥

পর্জন্যদেব মহাদেবকে নমস্কার করিয়া তাঁহার পশ্চাতে গমন করিতে থাকিলেন এবং চন্দ্রদেব একটী শ্বেতবর্ণ ছত্র তাঁহার মস্তকে ধারণ করিলেন ॥১৮॥

রাজা! বায়ু ও অগ্নি দুইটী চামর ধারণ করিয়া মহাদেবের দুই দিকে রহিলেন; আর কান্তিমান্ দেবরাজ রাজর্ষিদের সহিত মিলিত হইয়া মহাদেবের স্তব করিতে থাকিয়া তাঁহার পশ্চাতে যাইতে লাগিলেন ॥১৯॥

গৌরী, বিদ্যা, গান্ধারী, কেশিনী ও সুমিত্রা ইঁহারা সকলে গায়ত্রীদেবীর সহিত মিলিত হইয়া পার্ব্বতীর পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে থাকিলেন ॥২০॥

তখন পণ্ডিতেরা যে কিছু গ্রন্থ নির্ম্মাণ করিয়াছিলেন, তদধিষ্ঠিত দেবতারা এবং সৈন্যসম্মুখস্থ ইন্দ্রপ্রভৃতি দেবতারা মহাদেবের আদেশ পালন করিতে লাগিলেন ॥২১॥

কার্ত্তিকের অনুচর এক রাক্ষস দেবপতাকা ধারণ করিয়া দেবসৈন্যগণের অগ্রে অগ্রে যাইতে লাগিল; আর যিনি সর্ব্বদা শ্মশানরক্ষায় ব্যাপৃত থাকেন এবং মহাদেবের সখা, জগতের আনন্দকারী সেই 'পিঙ্গল'-নামক প্রধান যক্ষ এই দেবসৈন্যগণের সহিত মিলিত হইয়া কখনও সৈন্যগণের অগ্রে কখনও পৃষ্ঠে যথাসুখে ভদ্রবটে গমন করিতে লাগিলেন; তাঁহার গতির স্থিরতা ছিল না ॥২২—২৩॥

রুদ্রং সৎকর্ম্মভির্মর্ত্ত্যাঃ পূজয়ন্তীহ দৈবতম্ ।
শিবমিত্যেব যং প্রাহুরীশং রুদ্রং পিনাকিনম্ ।
ভাবৈস্তু বিবিধাকারৈঃ পূজয়ন্তি মহেশ্বরম্ ॥২৪॥
দেবসেনাপতিস্ত্বেবং দেবসেনাভিরাবৃতঃ ।
অনুগচ্ছতি দেবেশং ব্রহ্মণ্যঃ কৃত্তিকাসুতঃ ॥২৫॥
অথাব্রবীন্মহাসেনং মহাদেবো বৃহদ্বচঃ ।
সপ্তমং মারুতস্কন্ধং রক্ষ নিত্যমতন্দ্রিতঃ ॥২৬॥

স্কন্দ উবাচ ।

সপ্তমং মারুতস্কন্ধং পালয়িষ্যাম্যহং প্রভো ! ।
যদন্যদপি মে কার্য্যং দেব ! তদ্বদ মা চিরম্ ॥২৭॥

রুদ্র উবাচ ।

কার্য্যেম্বহং ত্বয়া পুত্র ! সংদ্রষ্টব্যঃ সদৈব হি ।
দর্শনান্মম ভক্ত্যা চ শ্রেয়ঃ পরমবাপ্স্যসি ॥২৮॥

ভারতকৌমুদী

রুদ্রমিতি। ইহ মর্ত্ত্যলোকে। ভাবৈরাদেশপালনাদিভিঃ, পূজয়ন্তি দেবাঃ। ষট্পাদোহয়ং শ্লোকঃ ॥২৪॥

দেবেতি। দেবেশং মহাদেবম্, ব্রহ্মণ্যো বেদহিতঃ, কৃত্তিকাসুতঃ কার্ত্তিকঃ ॥২৫॥

অথেতি। মহাসেনং কার্ত্তিকম্। মারুতস্কন্ধং পবনাধিষ্ঠিতসৈন্যাংশম্ ॥২৬॥

সপ্তমমিতি। কার্য্যং কর্ত্তব্যম্। মা চিরং বিলম্বং কুরু, দৈত্যানামাগতপ্রায়ত্বাৎ ॥২৭॥

কার্য্যেম্বিতি। পরং শ্রেয়ঃ অবাপ্স্যসি, মৎপরামর্শলাভাদিতি ভাবঃ ॥২৮॥

মর্ত্ত্যলোকে মানুষেরা নানাবিধ উপচারে যে মহাদেবের পূজা করে এবং যাঁহাকে শিব, ঈশ্বর, রুদ্র ও পিনাকী বলে, সেই মহাদেবকে দেবতারা তখন নানাপ্রকারে সম্মানিত করিতে লাগিলেন ॥২৪॥

বেদের হিতকারী দেবসেনাপতি কার্ত্তিক এই ভাবে দেবসৈন্যগণে পরিবেষ্টিত হইয়া মহাদেবের পশ্চাতে গমন করিতে লাগিলেন ॥২৫॥

তাহার পর মহাদেব কার্ত্তিককে এই মহাবাক্য বলিলেন—'বৎস! তুমি সর্ব্বদা সাবধান হইয়া পবনাধিষ্ঠিত সপ্তম সৈন্যাংশ রক্ষা কর' ॥২৬॥

কার্ত্তিক বলিলেন—'প্রভু! আমি—পবনাধিষ্ঠিত সপ্তম সৈন্যাংশ রক্ষা করিব ; এতদ্ভিন্ন আরও যাহা আমার কর্ত্তব্য, তাহাও বলুন, বিলম্ব করিবেন না' ॥২৭॥

মার্কণ্ডেয় উবাচ।

ইত্যুক্ত্বা বিসসর্জ্জৈনং পরিষ্বজ্য মহেশ্বরঃ।
বিসর্জ্জিতে ততঃ স্কন্দে বভূবৌৎপাতিকং মহৎ ॥২৯॥

সহসৈব মহারাজ! দেবান্ সর্ব্বান্ প্রমোহয়ৎ।
জজ্বাল খং সনক্ষত্রং প্রমূঢ়ং ভুবনং ভৃশম্।
চচাল ব্যনদচ্চোর্ব্বী তমোভূতং জগদ্বভৌ ॥৩০॥

ততস্তদ্দারুণং দৃষ্ট্বা ক্ষুভিতঃ শঙ্করস্তদা।
উমা চৈব মহাভাগা দেবাশ্চ সমহর্ষয়ঃ ॥৩১॥

ততস্তেষু প্রমূঢ়েষু পর্ব্বতাম্বুদসন্নিভম্।
নানাপ্রহরণং ঘোরমদৃশ্যত মহদ্বলম্ ॥৩২॥

তদ্ধি ঘোরমসংখ্যেয়ং গর্জ্জচ্চ বিবিধা গিরঃ।
অভ্যদ্রবদ্রণে দেবান্ ভগবন্তঞ্চ শঙ্করম্ ॥৩৩॥

ভারতকৌমুদী

ইতীতি। পরিষ্বজ্য আলিঙ্গ্য। ঔৎপাতিকম্ উৎপাতসূচনম্ ॥২৯॥

সহসেতি। প্রমূঢ়ং বিকলচিত্তং জাতম্। তমোভূতমন্ধকারব্যাপ্তম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥৩০॥

তত ইতি। ক্ষুভিতো বিচলিতচিত্তঃ অভবৎ। পরয়োর্লিঙ্গবচনব্যত্যয়েনান্বয়ঃ ॥৩১॥

তত ইতি। নানা বহূনি প্রহরণান্যস্ত্রাণি যত্র তৎ। বলং সৈন্যম্ ॥৩২॥

তদিতি। তৎ বলং কর্তৃ। গর্জ্জৎ গম্ভীরস্বরেণ বদৎ ॥৩৩॥

মহাদেব বলিলেন—'পুত্র! তুমি কার্য্যের সময়ে সর্ব্বদাই আমার সহিত সাক্ষাৎ করিও; আমার সহিত সাক্ষাৎ করায় এবং আমার প্রতি শ্রদ্ধা রাখায় তুমি পরম মঙ্গল লাভ করিতে পারিবে' ॥২৮॥

মার্কণ্ডেয় বলিলেন—'এই কথা বলিয়া মহাদেব কার্ত্তিককে আলিঙ্গন করিয়া ছাড়িয়া দিলেন; কার্ত্তিককে ছাড়িয়া দিলে পরই গুরুতর উৎপাতের সূচনা হইল ॥২৯॥

মহারাজ! সহসাই সমস্ত দেবগণকে মোহিত করতঃ নক্ষত্রগণের সহিত আকাশ জ্বলিয়া উঠিল; জগৎটাই বিকল হইয়া পড়িল; পৃথিবী কাঁপিতে ও শব্দ করিতে লাগিল এবং জগৎটাই অন্ধকারাবৃত হইয়া পড়িল ॥৩০॥

সেই দারুণ ঘটনা দেখিয়া মহাদেব, মহাভাগা পার্ব্বতী, দেবগণ ও মহর্ষিগণের চিত্ত বিচলিত হইল ॥৩১॥

তাঁহাদের চিত্ত বিচলিত হইলে পরই দেখা গেল—নানাবিধ শস্ত্রধারী, ভয়ঙ্করমূর্ত্তি এবং পর্ব্বত ও মেঘের তুল্য বিশাল সৈন্য আসিতেছে ॥৩২॥

তৈর্বিসৃষ্টান্যনীকেষু বাণজালান্যনেকশঃ।
পর্ব্বতাশ্চ শতঘ্ন্যশ্চ প্রাসাসিপরিঘা গদাঃ ॥৩৪॥
নিপতদ্ভিশ্চ তৈর্ঘোরৈর্দেবানীকং মহায়ুধৈঃ।
ক্ষণেন ব্যদ্রবৎ সর্বং বিমুখঞ্চাপ্যদৃশ্যত ॥৩৫॥
নিকৃত্তযোধনাগাশ্বং কৃত্তায়ুধমহারথম্।
দানবৈরর্দ্দিতং সৈন্যং দেবানাং বিমুখং বভৌ ॥৩৬॥
অসুরৈর্বধ্যমানং তৎ পাবকৈরিব কাননম্।
অপতদ্দগ্ধভূয়িষ্ঠং মহাদ্রুমবনং যথা ॥৩৭॥
তে বিভিন্নশিরোদেহাঃ প্রাদ্রবন্তো দিবৌকসঃ।
ন নাথমধিগচ্ছন্তি বধ্যমানা মহারণে ॥৩৮॥
অথ তদ্বিদ্রুতং সৈন্যং দৃষ্ট্বা দেবঃ পুরন্দরঃ।
আশ্বাসয়ন্ বাচেদং বলভিদ্দানবার্দ্দিতম্ ॥৩৯॥

ভারতকৌমুদী

তৈরিতি। অনীকেষু দেবসৈন্যেষু। শতঘ্ন্যাদয়স্তদানীন্তনা অস্ত্রবিশেষাঃ ॥৩৪॥
নিপতদ্ভিরিতি। দেবানীকং দেবসৈন্যং কর্তৃ। ব্যদ্রবৎ অপাসরৎ ॥৩৫॥
নিকৃত্তেতি। নিকৃত্তাশ্ছিন্না যোধা যোদ্ধারঃ নাগা হস্তিনঃ অশ্বাশ্চ যস্য তৎ ॥৩৬॥
অসুরৈরিতি। পাবকৈরগ্নিভিঃ। দগ্ধা ভূয়িষ্ঠা বহুলা যত্র তৎ ॥৩৭॥
ত ইতি। প্রাদ্রবন্তঃ পলায়মানাঃ। নাথং রক্ষকম্ ॥৩৮॥

অসংখ্য ও ভয়ঙ্কর সেই সৈন্য যুদ্ধে গম্ভীরস্বরে নানাবিধ বাক্য উচ্চারণ করিতে থাকিয়া দেবগণ ও ভগবান্ মহাদেবের প্রতি ধাবিত হইল ॥৩৩॥

সেই সৈন্যেরা দেবসৈন্যের উপরে বহুতর বাণ, পর্ব্বত, শতঘ্নী, প্রাস, অসি, পরিঘ ও গদা নিক্ষেপ করিল ॥৩৪॥

ক্ষণকালমধ্যেই দেখা গেল—সেই ভয়ঙ্কর মহাস্ত্র সকল পতিত হইতে থাকায় সমস্ত দেবসৈন্য অপসরণ করিতে লাগিল এবং বিমুখ হইতে থাকিল ॥৩৫॥

যোদ্ধা, হস্তী, অশ্ব, অস্ত্র ও মহারথ সকল ছিন্ন ভিন্ন হইলে, দানবার্দ্দিত দেবসৈন্য পরাঙ্মুখ হইল ॥৩৬॥

এবং অগ্নি যেমন বন দগ্ধ করে, সেইরূপ অসুরেরা দেবসৈন্যগণকে দগ্ধ করিতে লাগিল; তাহাতে বিশাল বৃক্ষ সকল যেমন পতিত হয়, তেমন অনেক দেবসৈন্য দগ্ধ হইয়া পতিত হইতে থাকিল ॥৩৭॥

আর, মহাযুদ্ধে দেবসৈন্যগণের মস্তক ও দেহ বিদীর্ণ হইতে থাকিল; তখন তাহারা পলায়মান এবং বধ্যমান হইয়াও রক্ষক পাইল না ॥৩৮॥

ভয়ং ত্যজত ভদ্রং বঃ শূরাঃ! শস্ত্রাণি গৃহ্লত।
কুরুধ্বং বিক্রমে বুদ্ধিং মা বঃ কাচিদ্ব্যথা ভবেৎ ॥৪০॥
জয়তৈতান্ সুদুর্ব্বৃত্তান্ দানবান্ ঘোরদর্শনান্।
অভিদ্রবত ভদ্রং বো ময়া সহ মহাসুরান্ ॥৪১॥
শক্রস্য বচনং শ্রুত্বা সমাশ্বস্তা দিবৌকসঃ।
দানবান্ প্রত্যযুধ্যন্ত শক্রং কৃত্বা ব্যপাশ্রয়ম্ ॥৪২॥
ততস্তে ত্রিদশাঃ সর্ব্বে মরুতশ্চ মহাবলাঃ।
প্রত্যুদ্যযুর্মহাভাগাঃ সাধ্যাশ্চ বসুভিঃ সহ ॥৪৩॥
তৈর্বিসৃষ্টান্যনীকেষু ক্রুদ্ধৈঃ শস্ত্রাণি সংযুগে।
শরাশ্চ দৈত্যকায়েষু পিবন্তি রুধিরং বহু ॥৪৪॥

ভারতকৌমুদী

অথেতি। বিদ্রুতং পলায়মানম্। বলভিৎ বলাখ্যদানবহন্তা ॥৩৯॥
ভয়মিতি। বো যুষ্মাকম্, ভদ্রং মঙ্গলমেব ভবিষ্যতীতি শেষঃ ॥৪০॥
জয়তেতি। সুদুর্ব্বৃত্তান্ অতিদুশ্চরিত্রান্। অভিদ্রবত অভিধাবত ॥৪১॥
শক্রস্যেতি। প্রত্যযুধ্যন্ত প্রতিপ্রাহরন্ত। ব্যপাশ্রয়ং বিশেষাবলম্বনম্ ॥৪২॥
তত ইতি। মরুতো বায়বঃ। সাধ্যা দেবযোনিবিশেষাঃ ॥৪৩॥
তৈরিতি। তৈস্ত্রিদশাদিভিঃ, অনীকেষু দৈত্যসেনাসু। দৈত্যকায়েষু পতিত্বেতি শেষঃ ॥৪৪॥

তাহার পর বলদৈত্যহন্তা দেবরাজ দানবার্দ্দিত দেবসৈন্যগণকে পলায়ন করিতে দেখিয়া তাহাদিগকে আশ্বস্ত করতঃ এই কথা বলিলেন—॥৩৯॥

'বীরগণ! তোমাদের মঙ্গলই হইবে; তোমরা ভয় ত্যাগ কর, অস্ত্র ধারণ কর এবং বিক্রমপ্রকাশের ইচ্ছা কর, আর তোমাদের যেন কোন উদ্বেগ হয় না ॥৪০॥

অতিদুর্ব্বৃত্ত ও ভয়ঙ্করমূর্ত্তি এই দানবগণকে জয় কর, আমার সহিত তোমরা এই মহাসুরগণের দিকে ধাবিত হও; তোমাদের মঙ্গল হইবে' ॥৪১॥

দেবসৈন্যেরা ইন্দ্রের বাক্য শুনিয়া আশ্বস্ত হইল এবং ইন্দ্রকেই অবলম্বন করিয়া দানবগণকে প্রতিপ্রহার করিতে লাগিল ॥৪২॥

তাহার পর সেই সমস্ত দেবগণ, মহাবল মরুদ্গণ এবং বসুগণের সহিত মহাভাগ সাধ্যগণ দানবগণের প্রতি ধাবিত হইলেন ॥৪৩॥

এবং সেই দেবসৈন্যেরা ক্রুদ্ধ হইয়া যুদ্ধে দৈত্যসৈন্যের উপরে যে সকল শস্ত্র ও বাণ নিক্ষেপ করিল, সেগুলি দৈত্যগণের দেহে পতিত হইয়া প্রচুর পরিমাণে তাহাদের রক্ত পান করিতে লাগিল ॥৪৪॥

তেষাং দেহান্ বিনির্ভিদ্য শরাস্তে নিশিতাস্তদা।
নিপতন্তো হ্যদৃশ্যন্ত নগেভ্য ইব পন্নগাঃ ॥৪৫॥
তানি দৈত্যশরীরাণি নির্ভিন্নানি স্ম সায়কৈঃ।
অপতন্ ভূতলে রাজন্! ছিন্নাভ্রাণীব সর্ব্বশঃ ॥৪৬॥
ততস্তদ্দানবং সৈন্যং সর্বৈর্দেবগণৈর্যুধি।
ত্রাসিতং বিবিধৈর্বাণৈঃ কৃতঞ্চৈব পরাঙ্মুখম্ ॥৪৭॥
অথোৎক্রুষ্টং তদা হৃষ্টৈঃ সর্বৈর্দেবৈরুদায়ুধৈঃ।
সংহতানি চ তূর্য্যাণি প্রাবাদ্যন্ত হ্যনেকশঃ ॥৪৮॥
এবমন্যোন্যসংযুক্তং যুদ্ধমাসীৎ সুদারুণম্।
দেবানাং দানবানাঞ্চ মাংসশোণিতকর্দ্দমম্ ॥৪৯॥
অনয়ো দেবলোকস্য সহসৈবাভ্যদৃশ্যত।
তথাহি দানবা ঘোরা বিনিঘ্নন্তি দিবৌকসঃ ॥৫০॥

ভারতকৌমুদী

তেষামিতি। নগেভ্যঃ পর্ব্বতভিত্তিভ্যঃ, পন্নগাঃ সর্পা ইব ॥৪৫॥
তানীতি। ছিন্নাভ্রাণি ছিন্নমেঘা ইবেত্যুৎপ্রেক্ষা, মেঘানাং পতনাসম্ভবাৎ ॥৪৬॥
তত ইতি। দানবানামিদং দানবম্। ত্রাসিতং পরাঙ্মুখং কৃতঞ্চাভবৎ ॥৪৭॥
অথেতি। উৎক্রুষ্টম্ উচ্চৈরাহ্বানং কৃতম্। সংহতানি মিলিতানি ॥৪৮॥
এবমিতি। মাংসশোণিতানি কর্দ্দমা ইব যত্র তৎ ॥৪৯।

তখন দেখা যাইতে লাগিল যে, পর্ব্বত গাত্র হইতে যেমন সর্পগণ পতিত হয়, তেমন সেই সকল সুধার বাণ দৈত্যগণের দেহ বিদীর্ণ করিয়া পতিত হইতেছে ॥৪৫॥

রাজা! ক্রমে সেই দৈত্যগণের দেহগুলি বাণবিদীর্ণ হইয়া ছিন্নমেঘের ন্যায় সকল দিকেই ভূতলে পতিত হইতে থাকিল ॥৪৬॥

তদনন্তর দেবতারা সকলে নানাবিধ বাণদ্বারা সেই দানব সৈন্যগণকে যুদ্ধে ভীত ও পরাঙ্‌মুখ করিয়া ফেলিলেন ॥৪৭॥

তাহার পর দেবতারা সকলেই আনন্দিত হইয়া উচ্চস্বরে দৈত্যগণকে আহ্বান করিতে লাগিলেন এবং সম্মিলিতভাবে অনেক তূর্য্য বাজাইতে থাকিলেন ॥৪৮॥

এই ভাবে দেবগণ ও দানবগণের পরস্পর সম্মিলিত অবস্থায় অতিদারুণ যুদ্ধ হইল; তখন যুদ্ধস্থানে রক্ত ও মাংসগুলি যেন কর্দ্দম হইয়া পড়িল ॥৪৯॥

ততস্তূর্য্যপ্রণাদাশ্চ ভেরীণাঞ্চ মহাস্বনাঃ।
বভূবুর্দানবেন্দ্রাণাং সিংহনাদাশ্চ দারুণাঃ ॥৫১॥
অথ দৈত্যবলাদ্‌ঘোরান্নিষ্পপাত মহাবলঃ।
দানবো মহিষো নাম প্রগৃহ্য বিপুলং গিরিম্ ॥৫২॥
তে তং ঘনৈরিবাদিত্যং দৃষ্ট্বা সংপরিবারিতম্।
তমুদ্যতগিরিং রাজন্! ব্যদ্রবন্ত দিবৌকসঃ ॥৫৩॥
অথাভিদ্রুত্য মহিষো দেবাংশ্চিক্ষেপ তং গিরিম্।
পততা তেন গিরিণা দেবসৈন্যস্য পার্থিব!।
ভীমরূপেণ নিহতমযুতং প্রাপতদ্ভুবি ॥৫৪॥
অথ তৈর্দানবৈঃ সার্দ্ধং মহিষস্ত্রাসয়ন্ সুরান্।
অভ্যদ্রবদ্রণে তূর্ণং সিংহঃ ক্ষুদ্রমৃগানিব ॥৫৫॥

ভারতকৌমুদী

অনয় ইতি। অনয়ঃ অমঙ্গলম্। দিবৌকসো দেবান্ ॥৫০॥

তত ইতি। বভূবুঃ, জয়েনানন্দাতিশয়াদিত্যাশয়ঃ ॥৫১॥

অথেতি। দৈত্যবলাৎ দৈত্যসৈন্যশ্রেণীতঃ, নিষ্পপাত নির্জগাম ॥৫২॥

ত ইতি। তং প্রসিদ্ধম্, ঘনৈর্মেঘৈঃ, সংপরিবারিতম্ উপর্য্যাবৃতম্ ॥৫৩॥

অথেতি। দেবান্ প্রতি। ভীমরূপেণ ভয়ঙ্করাকৃতিনা। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৪॥

হঠাৎ দেবতাপক্ষের গুরুতর অমঙ্গল দেখা গেল। কারণ, ভয়ঙ্কর দানবেরা দেবগণকে বধ করিতে লাগিল ॥৫০॥

তাহার পর দানবশ্রেষ্ঠগণের তূর্য্যধ্বনি, ভেরীর মহাশব্দ এবং ভীষণ সিংহনাদ হইতে লাগিল ॥৫১॥

তদনন্তর 'মহিষ'-নামক মহাবল একটা দানব বিশাল একটা পর্ব্বত লইয়া ভয়ঙ্কর দানবসৈন্য হইতে নির্গত হইল ॥৫২॥

রাজা! তখন উপরি-মেঘাবৃত সূর্য্যের ন্যায় সেই দানবকে পর্ব্বত উত্তোলনপূর্ব্বক আসিতে দেখিয়া দেবতারা ভয়ে পলায়ন করিতে লাগিলেন ॥৫৩॥

রাজা! তাহার পর মহিষ দ্রুত আসিয়া দেবগণের উপরে সেই পর্ব্বতটা নিক্ষেপ করিল; তখন সেই ভয়ঙ্কর পর্ব্বতটা পতিত হইয়া অযুত দেবসৈন্য নিহত করিল এবং সেই সৈন্য সকল ভূতলে পতিত হইল ॥৫৪॥

তৎপরে মহিষ দেবগণের ভয় জন্মাইতে থাকিয়া—সিংহ যেমন ক্ষুদ্র মৃগসমূহের দিকে ধাবিত হয়, সেইরূপ দানবগণকে লইয়া দেবগণের দিকে দ্রুত ধাবিত হইল ॥৫৫॥

তমাপতন্তং মহিষং দৃষ্ট্বা সেন্দ্রা দিবৌকসঃ।
ব্যদ্রবন্ত রণে ভীতা বিকীর্ণায়ুধকেতনাঃ ॥৫৬॥
ততঃ স মহিষঃ ক্রুদ্ধস্তূর্ণং রুদ্ররথং যযৌ।
অভিদ্রুত্য চ জগ্রাহ রুদ্রস্য রথকূবরম্ ॥৫৭॥
যদা রুদ্ররথং ক্রুদ্ধো মহিষঃ সহসা গতঃ।
রেসতূ রোদসী গাঢ়ং মুমুহুশ্চ মহর্ষয়ঃ ॥৫৮॥
অনদংশ্চ মহাকায়া দৈত্যা জলধরোপমাঃ।
আসীচ্চ নিশ্চিতং তেষাং জিতমস্মাভিরিত্যুত ॥৫৯॥
তথা ভূতে তু ভগবান্ নাহনন্মহিষং রণে।
সস্মার চ তদা স্কন্দং মৃত্যুং তস্য দুরাত্মনঃ ॥৬০॥
মহিষোঽপি রথং দৃষ্ট্বা রৌদ্রং রুদ্রস্য চানদৎ।
দেবান্ সন্ত্রাসয়ংশ্চাপি দৈত্যাংশ্চাপি প্রহর্ষয়ন্ ॥৬১॥

ভারতকৌমুদী

অথেতি। মহিষস্তৈর্দানবৈঃ সার্দ্ধং সুরান্ ত্রাসয়ন্নভ্যদ্রবদিতি সম্বন্ধঃ ॥৫৫॥
তমিতি। বিকীর্ণায়ুধকেতনা বিক্ষিপ্তাস্ত্রধ্বজাঃ ॥৫৬॥
তত ইতি। রুদ্ররথং প্রতি। রথস্য কূবরং তির্য্যক্‌কাষ্ঠবিশেষম্ ॥৫৭॥
যদেতি। গতঃ প্রাপ্তঃ। তদা রোদসী দ্যাবাপৃথিব্যৌ, গাঢ়ং রেসতুর্দ্ধ্বনতুঃ ॥৫৮॥
অনদন্নিতি। জলধরোপমা বর্ণে সজলমেঘতুল্যাঃ। নিশ্চিতং নিশ্চয়ঃ ॥৫৯॥
তথেতি। ভগবান্ রুদ্রঃ, নাহনৎ মহিষং ন হতবান্। বিকরণলোপাভাব আর্ষঃ ॥৬০॥

তখন ইন্দ্রপ্রভৃতি দেবতারা সেই মহিষকে আসিতে দেখিয়া ভীত হইয়া যুদ্ধস্থানে অস্ত্র ও ধ্বজ ফেলিয়া পলায়ন করিতে লাগিলেন ॥৫৬॥

তাহার পর মহিষ ক্রুদ্ধ হইয়া দ্রুত রুদ্রের রথের দিকে গমন করিল এবং উল্লম্ফন করিয়া রুদ্রের রথকূবর ধারণ করিল ॥৫৭॥

যখন মহিষ ক্রুদ্ধ হইয়া যাইয়া হঠাৎ রুদ্রের রথ ধারণ করিল, তখন আকাশ ও পৃথিবী তীব্র শব্দ করিয়া উঠিল, মহর্ষিরাও মোহিত হইলেন ॥৫৮॥

এবং বিশালদেহ ও মেঘের তুল্য শ্যামবর্ণ দৈত্যেরা সিংহনাদ করিতে লাগিল। কারণ, তাহাদের নিশ্চয় হইয়াছিল যে, আমরাই জয় করিয়াছি ॥৫৯॥

কিন্তু সে প্রকার হইলেও ভগবান্ মহাদেব যুদ্ধে মহিষকে বধ করিলেন না. তবে সেই দুরাত্মার মৃত্যুর কারণ কার্ত্তিককে স্মরণ করিলেন ॥৬০॥

---

(৬০)...ভগবানহনৎ...বা ব কা নি।

ততস্তস্মিন্ ভয়ে ঘোরে দেবানাং সমুপস্থিতে।
আজগাম মহাসেনঃ ক্রোধাৎ সূর্য্য ইব জ্বলন্ ॥৬২॥
লোহিতাম্বরসংবীতো লোহিতস্রগ্বিভূষণঃ।
লোহিতাশ্বো মহাবাহুর্হিরণ্যকবচঃ প্রভুঃ ॥৬৩॥
রথমাদিত্যসঙ্কাশমাস্থিতঃ কনকপ্রভঃ।
তং দৃষ্ট্বা দৈত্যসেনা সা ব্যদ্রবৎ সহসা রণে ॥৬৪॥ (বিশেষকম্)
স চাপি তাং প্রজ্বলিতাং মহিষস্য বিদারণীম্।
মুমোচ শক্তিং রাজেন্দ্র! মহাসেনো মহাবলঃ ॥৬৫॥
সা মুক্তাঽভ্যহরত্তস্য মহিষস্য শিরো মহৎ।
পপাত ভিন্নে শিরসি মহিষস্ত্যক্তজীবিতঃ ॥৬৬॥
পততা শিরসা তেন দ্বারং ষোড়শযোজনম্।
পর্ব্বতাভেন পিহিতং তদগম্যং ততোঽভবৎ।
উত্তরাঃ কুরবস্তেন গচ্ছন্ত্যদ্য যথাসুখম্ ॥৬৭॥

ভারতকৌমুদী

মহিষ ইতি। রৌদ্রং ভয়ঙ্করম্। অনদৎ সিংহনাদমকরোৎ ॥৬১॥

তত ইতি। ঘোরে মহতি। মহাসেনঃ কার্ত্তিকেয়ঃ। লোহিতাম্বরসংবীতঃ পরিহিত-রক্তবস্ত্রঃ। হিরণ্যকবচঃ স্বর্ণবর্ম্মধারী। আস্থিত আরূঢ়ঃ ॥৬২—৬৪॥

স ইতি। বিদারণীং সংহারিণীমিত্যর্থঃ। মহাসেনঃ কার্ত্তিকেয়ঃ ॥৬৫॥

সেতি। মুক্তা নিক্ষিপ্তা। ভিন্নে দেহাৎ পৃথগ্‌ভূতে ॥৬৬॥

মহিষও মহাদেবের ভয়ঙ্কর রথ দেখিয়া দেবগণকে ভীত এবং দৈত্যগণকে আনন্দিত করিতে থাকিয়া সিংহনাদ করিতে লাগিল ॥৬১॥

তখন দেবগণের সেই প্রকার দারুণ ভয় উপস্থিত হইলে, স্বর্ণবর্ণশরীর, মহাবাহু ও প্রভাবশালী কার্ত্তিক ক্রোধে সূর্য্যের ন্যায় জ্বলিতে থাকিয়া সূর্য্য-তুল্য উজ্জ্বল রথে আরোহণ করিয়া আগমন করিলেন; তখন তাঁহার পরিধানে রক্ত বস্ত্র, কণ্ঠে রক্ত মাল্য এবং রথেও রক্তবর্ণ অশ্ব যোজিত ছিল। এহেন কার্ত্তিককে দেখিয়া সেই দৈত্যসৈন্যেরা তৎক্ষণাৎ যুদ্ধে ধাবিত হইল ॥৬২—৬৪॥

রাজশ্রেষ্ঠ! মহাবল কার্ত্তিকও তখন সেই মহিষনাশিনী উজ্জ্বল শক্তি নিক্ষেপ করিলেন ॥৬৫॥

নিক্ষেপ করিবামাত্র সেই শক্তি মহিষের বিশাল মস্তক হরণ করিল এবং মস্তক বিচ্ছিন্ন হইলে, প্রাণশূন্য মহিষ ভূতলে পতিত হইল ॥৬৬॥

---

(৬৪)···কনকপ্রভম্···বা ব কা নি।

ক্ষিপ্তা ক্ষিপ্তা তু সা শক্তির্হত্বা শত্রূন্ সহস্রশঃ।
স্কন্দহস্তমনুপ্রাপ্তা দৃশ্যতে দেবদানবৈঃ ॥৬৮॥
প্রায়ঃ শরৈর্বিনিহতা মহাসেনেন ধীমতা।
শেষা দৈত্যগণা ঘোরা ভীতাস্ত্রস্তা দুরাসদৈঃ।
স্কন্দপারিষদৈর্হত্বা ভক্ষিতাশ্চ সহস্রশঃ ॥৬৯॥
দানবান্ ভক্ষয়ন্তস্তে প্রপিবন্তশ্চ শোণিতম্।
ক্ষণান্নির্দানবং সর্বমকার্ষু র্ভৃশহর্ষিতাঃ ॥৭০॥
তমাংসীব যথা সূর্য্যো বৃক্ষানগ্নির্ঘনান্ খগঃ।
তথা স্কন্দোঽজয়চ্ছত্রূন্ স্বেন বীর্য্যেণ কীর্ত্তিমান্ ॥৭১॥

ভারতকৌমুদী

পততেতি। দ্বারম্ উত্তরকুরুদেশস্য। যোজনমধুনাতনী বিতস্তিরিতি প্রাগপ্যুক্তম্, তস্য দেহশ্চ তৎকালীনো বিশাল ইতি নানুপপত্তিঃ। পিহিতং রুদ্ধম্, অগম্যং তদানীম্। অত্র ইদানীন্তু উত্তরাঃ কুরবস্তদ্দেশীয়া জনাঃ, তেন দ্বারেণ যথাসুখং গচ্ছন্তি; কালাতিরেকেণ তস্য লুপ্ততয়া রোধাভাবাদিতি ভাবঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৭॥

ক্ষিপ্তেতি। স্কন্দস্যালৌকিকপ্রভাবেণ শক্তেরপ্যলৌকিকপ্রভাবত্বাদিত্যাশয়ঃ ॥৬৮॥

প্রায় ইতি। ত্রস্তা উদ্বিগ্নাঃ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৬৯॥

দানবানিতি। তে স্কন্দপারিষদাঃ। নির্দানবং দানবশূন্যম্, সর্বং যুদ্ধস্থানম্ ॥৭০॥

তমাংসীতি। সূর্য্যস্তমাংসীব, অগ্নির্যথা বৃক্ষান্, খগো বায়ুশ্চ যথা ঘনান্ মেঘান্ ॥৭১॥

পর্ব্বতপ্রমাণ সেই মস্তক পতিত হইয়া উত্তরকুরুদেশের ষোড়শবিতস্তি-পরিমিত দ্বারদেশ রুদ্ধ করিল; তাহাতেই তখন সেই দ্বারদেশ অগম্য হইয়াছিল। কিন্তু এখন (সেই মস্তক না থাকায়) উত্তরকুরুদেশীয়েরা সেই দ্বার দিয়া যথাসুখে গমন করে ॥৬৭॥

সেই শক্তি কার্ত্তিককর্ত্তৃক নিক্ষিপ্ত হইয়া হইয়া সহস্র সহস্র শত্রু সংহার করিয়া করিয়া পুনরায় কার্ত্তিকের হস্তেই আসিতে লাগিল। এই ঘটনা—দেবগণ ও দানবগণের দৃষ্টিগোচর হইল ॥৬৮॥

বুদ্ধিমান্ কার্ত্তিক বাণদ্বারা প্রায় দানবকে সংহার করিলেন; অবশিষ্ট যাহারা থাকিল, সেই ভয়ঙ্কর দানবেরাও ভীত এবং উদ্বিগ্ন হইয়া পড়িল; তখন দুর্দ্ধর্ষ কার্ত্তিকপারিষদেরা তাহাদিগকে বধ করিয়া ভক্ষণ করিল ॥৬৯॥

কার্ত্তিকের সেই পারিষদেরা অত্যন্ত আনন্দিত হইয়া দানবগণকে ভক্ষণ ও তাহাদের রক্তপান করিতে থাকিয়া ক্ষণকালের মধ্যেই সমস্ত যুদ্ধস্থানকে দানবশূন্য করিয়া ফেলিল ॥৭০॥

সূর্য্য যেমন অন্ধকারকে, অগ্নি যেমন বৃক্ষসমূহকে এবং বায়ু যেমন মেঘ-

সম্পূজ্যমানস্ত্রিদশৈরভিবাদ্য মহেশ্বরম্।
শুশুভে কৃত্তিকাপুত্রঃ প্রকীর্ণাংশুরিবাংশুমান্ ॥৭২॥
নষ্টশত্রুর্যদা স্কন্দঃ প্রযাতস্তু মহেশ্বরম্।
তদাব্রবীন্মহাসেনং পরিষ্বজ্য পুরন্দরঃ ॥৭৩॥
ব্রহ্মদত্তবরঃ স্কন্দ ! ত্বয়ায়ং মহিষো হতঃ।
দেবাস্তৃণসমা যস্য বভূবুর্জয়তাং বর !।
সোঽয়ং ত্বয়া মহাবাহো ! শমিতো দেবকণ্টকঃ ॥৭৪॥
শতং মহিষতুল্যানাং দানবানাং ত্বয়া রণে।
নিহতং দেবশত্রূণাং যৈর্বয়ং পূর্ব্বতাপিতাঃ ॥৭৫॥
তাবকৈর্ভক্ষিতাশ্চান্যে দানবাঃ শতসংঘশঃ।
অজেয়স্ত্বং রণেঽরীণামুমাপতিরিব প্রভুঃ ॥৭৬॥

ভারতকৌমুদী

সম্পূজ্যেতি। কৃত্তিকাপুত্রঃ কার্ত্তিকঃ, প্রকীর্ণাংশুর্বিক্ষিপ্তকিরণঃ অংশুমান্ সূর্য্য ইব ॥৭২॥
নষ্টেতি। নষ্টাঃ শত্রবো যস্মাৎ সঃ। পরিষ্বজ্য আলিঙ্গ্য ॥৭৩॥
ব্রহ্মেতি। ব্রহ্মণা দত্তো বরো যস্মৈ সঃ। শমিতো নাশিতঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৭৪॥
শতমিতি। পূর্বং তাপিতা উৎপীড়িতাঃ ॥৭৫॥
তাবকৈরিতি। তাবকৈস্ত্বদীয়ৈঃ পারিষদৈঃ। প্রভুঃ অলৌকিকপ্রভাবশালী ॥৭৬॥

পুঞ্জকে জয় করেন, তেমন কীর্ত্তিমান্ কার্ত্তিক আপন বলেই শত্রুগণকে জয় করিলেন ॥৭১॥

পরে দেবতারা কার্ত্তিকের সম্মান করিতে থাকিলে, কার্ত্তিক মহাদেবকে নমস্কার করিয়া কিরণবিক্ষেপী সূর্য্যের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥৭২॥

কার্ত্তিক শত্রুগণকে সংহার করিয়া যখন মহাদেবের নিকট গমন করিলেন, তখন দেবরাজ তাঁহাকে আলিঙ্গন করিয়া বলিলেন—॥৭৩॥

'বিজয়িশ্রেষ্ঠ মহাবাহু কার্ত্তিক! ব্রহ্মা এই মহিষকে বর দিয়াছিলেন; কিন্তু আপনি তাহাকে বধ করিয়াছেন এবং দেবগণ যাহার নিকটে তৃণতুল্য ছিলেন, আপনি সেই দেবশত্রুকে সংহার করিয়াছেন ॥৭৪॥

আর, পূর্ব্বে যাহারা আমাদিগকে উৎপীড়িত করিত, সেই দেবশত্রু মহিষ-তুল্য শত শত দানবকে আপনি যুদ্ধে বিনাশ করিয়াছেন ॥৭৫॥

এবং আপনারই পারিষদেরা অন্য শত শত দানবকে ভক্ষণ করিয়াছে। সুতরাং আপনি যুদ্ধে শত্রুগণের অজেয় এবং শিবের ন্যায় প্রভাবশালী ॥৭৬॥

এতত্তে প্রথমং দেব! খ্যাতং কর্ম্ম ভবিষ্যতি।
ত্রিষু লোকেষু কীর্ত্তিশ্চ তবাক্ষয্যা ভবিষ্যতি।
বশগাশ্চ ভবিষ্যন্তি সুরাস্তব মহাভুজ! ॥৭৭॥
মহাসেনমেবমুক্ত্বা নিবৃত্তঃ সহ দৈবতৈঃ।
অনুজ্ঞাতো ভগবতা ত্র্যম্বকেন শচীপতিঃ ॥৭৮॥
গতো ভদ্রবটং রুদ্রো নিবৃত্তাশ্চ দিবৌকসঃ।
উক্তাশ্চ দেবা রুদ্রেণ স্কন্দং পশ্যত মামিব ॥৭৯॥
স হত্বা দানবগণান্ পূজ্যমানো মহর্ষিভিঃ।
একাহ্নৈবাজয়ৎ সর্ব্বং ত্রৈলোক্যং বহ্নিনন্দনঃ ॥৮০॥
স্কন্দস্য য ইদং বিপ্রঃ পঠেজ্জন্ম সমাহিতঃ।
স পুষ্টিমিহ সম্প্রাপ্য স্কন্দসালোক্যমাপ্নুয়াৎ ॥৮১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়-সমাস্যায়াং স্কন্দযুদ্ধে চতুর্নবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

এতদিতি। এতৎ দানববিজয়রূপং কর্ম্ম। অক্ষয্যা ক্ষেতুমশক্যা। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭৭॥

মহেতি। মহাসেনং কার্ত্তিকেয়ম্। নিবৃত্তঃ স্বভবনং প্রস্থিতঃ ॥৭৮॥

গত ইতি। ভদ্রবটং তদাখ্যং স্থানম্। মামিব, স্নেহেন ভক্ত্যা চ ॥৭৯॥

স ইতি। একাহ্নেতি অদন্তত্বাভাব আর্ষঃ। বহ্নিনন্দনঃ কার্ত্তিকেয়ঃ ॥৮০॥

দেব মহাবাহু! আপনার এই প্রথম কার্য্য ত্রিভুবনে বিখ্যাত হইবে, আপনার কীর্ত্তি অক্ষয় হইয়া থাকিবে এবং দেবতারা আপনার বশীভূত হইবেন' ॥৭৭॥

দেবরাজ কার্ত্তিককে এইরূপ বলিয়া ভগবান্ মহাদেবের অনুমতিক্রমে দেবগণের সহিত প্রস্থান করিলেন ॥৭৮॥

মহাদেব ভদ্রবটে গমন করিলেন, অন্যান্য দেবতারাও আপন আপন স্থানে প্রস্থান করিলেন এবং মহাদেব যাইবার সময়ে দেবগণকে বলিলেন—'তোমরা আমারই মত কার্ত্তিককে দেখিও' ॥৭৯॥

অগ্নিনন্দন কার্ত্তিক দানবগণকে বধ করিয়া মহর্ষিগণকর্ত্তৃক পূজিত হইতে থাকিয়া একদিনেই সমস্ত ত্রিভুবন জয় করিলেন ॥৮০॥

* '... সপ্তবিংশত্যধিকদ্বিশততমঃ...পি, '...ত্রিংশদধিকদ্বি...' বা ব, '...একত্রিংশ-দধিকদ্বি...' কা, '... দ্বাত্রিংশদধিকদ্বি...' নি।

পঞ্চনবত্যধিকশততমোঽধ্যায়ঃ

—০ঃ(*)ঃ০—

যুধিষ্ঠির উবাচ।

ভগবন্! শ্রোতুমিচ্ছামি নামান্যস্য মহাত্মনঃ।
ত্রিষু লোকেষু যান্যস্য বিখ্যাতানি দ্বিজোত্তম! ॥১॥

বৈশম্পায়ন উবাচ।

ইত্যুক্তঃ পাণ্ডবেয়েন মহাত্মা ঋষিসন্নিধৌ।
উবাচ ভগবাংস্তত্র মার্কণ্ডেয়ো মহাতপাঃ ॥২॥

ভারতকৌমুদী

স্কন্দস্যেতি। সমাহিত একাগ্রচিত্তঃ। স্কন্দস্য সালোক্যং সমানস্থানম্ ॥৮১॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং চতুর্নবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—(ঃ*ঃ)—

ভগবন্নিতি। অস্য কার্ত্তিকস্য। মহাপ্রভাবত্বাদেব বহুনামসম্ভাবনয়া প্রশ্নঃ ॥১॥

ইতীতি। পাণ্ডবেয়েন যুধিষ্ঠিরেণ। ঋষীণাং ধৌম্যাদীনাং সন্নিধৌ ॥২॥

ভারতভাবদীপঃ

যদেতি॥১—৬॥ জম্ভকৈর্গ্রহবিশেষৈঃ ॥৭—২০॥ বিদ্যাগণাঃ স্তুতিপদ্যসমূহাঃ। বচনং পঠনং সরহস্যব্যাখ্যানং বা ॥২১—৪৯॥ অনয়ো দারহরণাদিঃ ॥৫০—৫৬॥ কুবরং ধূঃপ্রদেশম্ ॥৫৭॥ রেসতুঃ শব্দং চক্রতুঃ, রোদসী দ্যাবাভূমী ॥৫৮—৫৯॥ অহনৎ হতবান্ ৬০—৬৬॥ দ্বারমুত্তরকুরূণামিতি শেষঃ। অগম্যমিতি চ্ছেদঃ। তেন দ্বারেণ ॥৬৭—৮১॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুর্নবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৯৪॥

—ঃ(০)ঃ—

যে ব্রাহ্মণ একাগ্রচিত্ত হইয়া কার্ত্তিকের এই জন্মবৃত্তান্ত পাঠ করিবেন, তিনি ইহলোকে সম্পদ লাভ করিয়া পরলোকে কার্ত্তিকের সমান স্থান লাভ করিবেন' ॥৮১॥

—ঃ(০)ঃ—

যুধিষ্ঠির বলিলেন—'ভগবন্ ব্রাহ্মণশ্রেষ্ঠ! এই মহাত্মা কার্ত্তিকের যে সকল নাম ত্রিভুবনে বিখ্যাত আছে, সেই সকল নাম আমি শুনিতে ইচ্ছা করি' ॥১॥

বৈশম্পায়ন বলিলেন—যুধিষ্ঠির এইরূপ বলিলে, মহাত্মা ও মহাতপা ভগবান্ মার্কণ্ডেয় তখন ঋষিগণের নিকটে যুধিষ্ঠিরকে বলিতে লাগিলেন ॥২॥

মার্কণ্ডেয় উবাচ।

আগ্নেয়শ্চৈব স্কন্দশ্চ দীপ্তকীর্ত্তিরনাময়ঃ।
ময়ূরকেতুর্ধর্ম্মাত্মা ভূতেশো মহিষার্দ্দনঃ ॥৩॥
কামজিৎ কামদঃ কান্তঃ সত্যবাগ্ ভুবনেশ্বরঃ।
শিশুঃ শীঘ্রঃ শুচিশ্চণ্ডো দীপ্তবর্ণঃ শুভাননঃ ॥৪॥
অমোঘস্ত্বনঘো রৌদ্রঃ প্রিয়শ্চন্দ্রাননস্তথা।
দীপ্তশক্তিঃ প্রশান্তাত্মা ভদ্রকৃৎ কূটমোহনঃ ॥৫॥
ষষ্ঠীপ্রিয়শ্চ ধর্ম্মাত্মা পবিত্রো মাতৃবৎসলঃ।
কন্যাভর্ত্তা বিভক্তশ্চ স্বাহেয়ো রেবতীসুতঃ ॥৬॥
প্রভুর্নেতা বিশাখশ্চ নৈগমেয়ঃ সুদুশ্চরঃ।
সুব্রতো ললিতশ্চৈব বালক্রীড়নকপ্রিয়ঃ ॥৭॥
খচারী ব্রহ্মচারী চ শূরঃ শরবনোদ্ভবঃ।
বিশ্বামিত্রপ্রিয়শ্চৈব দেবসেনাপ্রিয়স্তথা।
বাসুদেবপ্রিয়শ্চৈব প্রিয়ঃ প্রিয়কৃদেব তু ॥৮॥
নামান্যেতানি দিব্যানি কার্ত্তিকেয়স্য যঃ পঠেৎ।
স্বর্গং কীর্ত্তিং ধনঞ্চৈব স লভেন্নাত্র সংশয়ঃ ॥৯॥ (কুলকম্)

ভারতকৌমুদী

আগ্নেয় ইতি। ভূতানাং প্রাগুক্তপারিষদানামীশঃ। কামজিৎ রূপেণ। চণ্ডঃ ক্রোধনঃ। কূটৈঃ কপটচারিভিঃ প্রাগুক্তৈর্গ্রহৈর্মোহয়তি শিশূনিতি কূটমোহনঃ। রেবতীতি স্বাহায়া এব নামান্তরং তস্যাঃ সুতঃ। নৈগমেয়ো নাগরিকন্তদ্বদ্বেশবিলাসকরণাৎ। ব্রহ্মচারী দেবসেনায়াঃ পরিণয়াৎ প্রাক্। ষট্পাদঃ শ্লোকঃ। দিব্যানি অলৌকিকানি ॥৩—৯॥

ভারতভাবদীপঃ

সর্ব্বেষাং গ্রহাণাং স্কন্দাধীনত্বাত্তচ্ছান্তয়ে স্কন্দং প্রার্থয়িতুকামস্তদীয়ং নামাদিকং পৃচ্ছতি—ভগবন্নিতি ॥১—৩॥ কামজিৎ পূর্ণমনোরথঃ ॥৪॥ কূটং কপটং বালগ্রহাদি তেন মোহয়তীতি কূটমোহনঃ ॥৫॥ কন্যাভর্ত্তা অগ্নিপুত্রত্বেনাগ্নিরূপত্বাৎ "তৃতীয়োঽগ্নিষ্টে পতি"রিতি মন্ত্রবর্ণাচ্চ

মার্কণ্ডেয় বলিলেন—'আগ্নেয়, স্কন্দ, দীপ্তকীর্ত্তি, অনাময়, ময়ূরকেতু, ধর্ম্মাত্মা, ভূতেশ, মহিষার্দ্দন, কামজিৎ, কামদ, কান্ত, সত্যবাক্, ভুবনেশ্বর, শিশু, শীঘ্র, শুচি, চণ্ড, দীপ্তবর্ণ, শুভানন, অমোঘ, অনঘ, রৌদ্র, প্রিয়, চন্দ্রানন, দীপ্তশক্তি, প্রশান্তাত্মা, ভদ্রকৃৎ, কূটমোহন, ষষ্ঠীপ্রিয়, ধর্ম্মাত্মা, পবিত্র, মাতৃবৎসল, বিভক্ত, স্বাহেয়, রেবতীসুত, প্রভু, নেতা, বিশাখ, নৈগমেয়, সুদুশ্চর, সুব্রত, ললিত, বালক্রীড়নকপ্রিয়, খচারী, ব্রহ্মচারী, শূর, শরবনোদ্ভব, বিশ্বামিত্রপ্রিয়, দেবসেনা-

মার্কণ্ডেয় উবাচ।

স্তোষ্যামি দেবৈঋষিভিশ্চ জুষ্টং ভক্ত্যা গুহং নামভিরপ্রমেয়ম্।
ষড়াননং শক্তিধরং সুবীরং নিবোধ চৈতানি কুরুপ্রবীর! ॥১০॥
ব্রহ্মণ্যো বৈ ব্রহ্মজো ব্রহ্মবিচ্চ ব্রহ্মেশয়ো ব্রহ্মবতাং বরিষ্ঠঃ।
ব্রহ্মপ্রিয়ো ব্রাহ্মণসব্রতী ত্বং ত্বং ব্রহ্মণাং ব্রাহ্মণানাঞ্চ নেতা ॥১১॥
স্বাহা স্বধা ত্বং পরমং পবিত্রং মন্ত্র-স্তুতস্ত্বং প্রথিতঃ ষড়র্চ্চিঃ।
সংবৎসরস্ত্বম্ ঋতবশ্চ ষড় বৈ মাসার্দ্ধমাসাবয়নং দিশশ্চ ॥১২॥

ভারতকৌমুদী

ভক্ত্যুদয়ান্মার্কণ্ডেয় এব স্তৌতি স্তোষ্যামীতি। নামভিঃ স্তোষ্যামীতি সম্বন্ধঃ ॥১০॥

ব্রহ্মণ্য ইতি। ব্রহ্মভ্যো বেদেভ্যো হিত ইতি ব্রহ্মণ্যঃ, ব্রহ্মণোঽগ্নেস্তপোরূপাজ্জায়ত ইতি ব্রহ্মজঃ, ব্রহ্মবিৎ আত্মজ্ঞঃ, ব্রহ্মে ব্রহ্মণি শেতে তিষ্ঠতীতি ব্রহ্মেশয়ঃ। অকারান্তত্বমার্ষম্ অলুক্-সমাসশ্চ। ব্রহ্মবতাং ব্রহ্মজ্ঞানবতাং বরিষ্ঠঃ, ব্রহ্মপ্রিয়ো ব্রাহ্মণপ্রিয়ঃ, ব্রাহ্মণানাং সমানং ব্রতং ব্রহ্মচর্য্যাদিকমস্যাস্তীতি ব্রাহ্মণসব্রতী, ব্রহ্মণাং ব্রহ্মজ্ঞানাং ব্রাহ্মণানাঞ্চ নেতা স্বর্গাদিপ্রাপয়িতা। "বেদস্তত্ত্বং তপো ব্রহ্ম ব্রহ্মা বিপ্রঃ প্রজাপতিঃ" ইত্যমরঃ ॥১১॥

ভারতভাবদীপঃ

॥৬—৯॥ জুষ্টং সেবিতম্ ॥১০॥ ব্রহ্মণ্যো ব্রাহ্মণেষু সাধুঃ ব্রহ্মজো বেদোক্তেন গর্ভাধানাদি-কর্ম্মণা জাতঃ, অতএব হেতুদ্বয়াৎ ব্রহ্মবিদ্বেদার্থজ্ঞাতা তত এব ব্রহ্মে ব্রহ্মণি কর্ম্মব্রহ্মরূপে শেতে ইতি ব্রহ্মেশয়ঃ অদন্তত্বমার্ষম্ কর্ম্মব্রহ্মনিষ্ঠাবানিত্যর্থঃ, ব্রহ্মবতাং কর্ম্মোপাস্তিজ্ঞানবতাং বরিষ্ঠো জ্ঞানীত্যর্থঃ, বরিষ্ঠত্বে হেতুর্ব্রহ্মপ্রিয়স্তৎকর্ম্মোপাস্তিপরঃ ব্রাহ্মণো ব্রহ্মবিত্তেন সহ সমানং ব্রত-মদ্বেষ্ট ত্বাদিরূপং যস্য স ব্রাহ্মণসব্রতী, অতএব ব্রহ্মজ্ঞঃ শুদ্ধব্রহ্মবিৎ, ব্রাহ্মণানাং নেতা ব্রহ্মপদপ্রাপকঃ ॥১১॥ ষড়র্চ্চিঃ ষণ্মুখত্বাৎ ষড়্‌জিহ্বঃ ॥১২—২১॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চনবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৯৫॥

প্রিয়, বাসুদেবপ্রিয়, প্রিয় এবং প্রিয়কৃৎ,—যে লোক কার্ত্তিকের এই সকল অলৌকিক নাম পাঠ করে, সে লোক স্বর্গ, কীর্ত্তি ও ধন লাভ করে; এ বিষয়ে কোন সন্দেহ নাই' ॥৩—৯॥

পুনরায় মার্কণ্ডেয় বলিলেন—কৌরবশ্রেষ্ঠ! যিনি দেবগণ ও ঋষিগণের সেবিত, অজ্ঞেয়স্বভাব ষড়ানন, শক্তিধারী ও মহাবীর, সেই কার্ত্তিককে আমি এখন ভক্তিবশতঃ তাঁহারই নামদ্বারা স্তব করিব; তুমি এই নামগুলিও শ্রবণ কর ॥১০॥

হে কার্ত্তিক! আপনি ব্রহ্মণ্য, ব্রহ্মজ, ব্রহ্মবিৎ, ব্রহ্মনিষ্ঠ, ব্রহ্মজ্ঞশ্রেষ্ঠ, ব্রাহ্মণপ্রিয়, ব্রাহ্মণের তুল্য ব্রতচারী এবং ব্রহ্মজ্ঞ ও ব্রাহ্মণগণের ফলদাতা ॥১১॥

(১০)···শক্ত্যা গুহম্···বা ব কা নি। (১১)···ব্রহ্মজ্ঞো বৈ ব্রাহ্মণানাঞ্চ নেতা···বা ব, ···ব্রাহ্মণো বৈ ব্রাহ্মণাঞ্চ নেতা—পি।

ত্বং পুষ্করাক্ষস্ত্বরবিন্দবক্ত্রঃ সহস্রবক্ত্রোঽসি সহস্রবাহুঃ।
ত্বং লোকপালঃ পরমং হবিশ্চ ত্বং ভাবনঃ সর্ব্বসুরাসুরাণাম্ ॥১৩॥
ত্বমেব সেনাধিপতিঃ প্রচণ্ডঃ প্রভুর্বিভুশ্চাপ্যথ শক্রজেতা।
সহস্রভূস্ত্বং ধরণী ত্বমেব সহস্রতুষ্টিশ্চ সহস্রভুক্ চ ॥১৪॥
সহস্রশীর্ষস্ত্বমনন্তরূপঃ সহস্রপাত্ত্বং গুরুশক্তিধারী।
গঙ্গাসুতস্ত্বং স্বমতেন দেব! স্বাহা-মহী-কৃত্তিকানাং তথৈব ॥১৫॥
ত্বং ক্রীড়সে ষণ্মুখ! কুক্কুটেন যথেষ্টনানাবিধকামরূপী।
দক্ষোঽসি সোমো মরুতঃ সদৈব ধর্ম্মোঽসি বায়ুরচলেন্দ্র ইন্দ্রঃ ॥১৬॥

ভারতকৌমুদী

স্বাহেতি। স্বাহা তজ্জাতত্বাৎ, "স্বধা বৈ পিতৃণামন্নম্" ইতি শ্রুতেঃ স্বধা পিত্রন্নম্, তদ্বৎ পিতৃপ্রিয় ইত্যর্থঃ। ষড়র্চ্চিঃ অর্চ্চির্বদুজ্জ্বলষড়াননঃ। অর্দ্ধমাসঃ পক্ষঃ ॥১২॥

বিরাড়্রূপেণ স্তৌতি ত্বমিতি। পুষ্করাক্ষঃ পদ্মনেত্রঃ। ভাবন উৎপাদকঃ ॥১৩॥

ত্বমিতি। সেনাধিপতির্দেবানাম্। প্রভুঃ শক্তিমান্, বিভুর্ব্যাপকঃ। সহস্রভূঃ সহস্র-স্থানগোচরঃ ভক্তানাং সহস্রারপদ্মস্থিতো বা তৈঃ সততং ধ্যায়মানত্বাৎ ॥১৪॥

সহস্রেতি। অনন্তরূপঃ শেষনাগস্বরূপঃ। স্বমতেন আত্মন এবেচ্ছয়া ॥১৫॥

ত্বমিতি। কুক্কুটেন পক্ষিণা, যথেষ্টানি পর্য্যাপ্তানি নানাবিধানি কামরূপাণি ইচ্ছানুরূপ-মূর্ত্তয়ঃ অস্য সন্তীতি সঃ। দক্ষঃ প্রজাপতিঃ, মরুতো দেবাঃ ॥১৬॥

আপনি স্বাহা, স্বধা, পরমপবিত্র, মন্ত্রদ্বারা স্তুত, ষড়ানন বলিয়া প্রসিদ্ধ, এবং আপনি বৎসর, ছয় ঋতু, বার মাস, চব্বিশ পক্ষ, দুই অয়ন এবং দশ দিক্ ॥১২॥

আপনি পদ্মনয়ন পদ্মমুখ, সহস্রমুখ এবং সহস্রবাহু; আর আপনি লোক-পাল ও পরম হবি এবং আপনি সমস্ত সুরাসুরগণের উৎপাদক ॥১৩॥

আপনি দেবসেনাপতি, দারুণক্রোধী, প্রভু, সর্ব্বব্যাপক ও ইন্দ্রবিজয়ী এবং আপনি ভক্তগণের সহস্রারবাসী ও পৃথিবী; আর আপনি সহস্রতুষ্টি ও সহস্রভুক্ ॥১৪॥

আপনি সহস্রশীর্ষ ও সহস্রচরণ অনন্তনাগ এবং বিশাল-শক্তিধারী; আর দেব! আপনি নিজের ইচ্ছানুসারেই গঙ্গা, স্বাহা, পৃথিবী ও কৃত্তিকাগণের পুত্র হইয়াছেন ॥১৫॥

হে ষড়ানন! আপনি কুক্কুটদ্বারা খেলা করেন, ইচ্ছানুসারে নানাবিধ বহুতর রূপ ধারণ করিয়া থাকেন এবং আপনি দক্ষ, চন্দ্র, মরুদ্গণ, ধর্ম্ম, বায়ু, গিরীন্দ্র ও ইন্দ্র ॥১৬॥

---

(১৬)…দীক্ষাসি সোমো মরুতাং সদৈব…পি নি।

সনাতনানামপি শাশ্বতস্ত্বং প্রভুঃ প্রভূণামপি চোগ্রধন্বা।
ঋতস্য কর্ত্তা দিতিজান্তকস্ত্বং জেতা রিপূণাং প্রবরঃ সুরাণাম্ ॥১৭॥
সূক্ষ্মং তপস্তৎ পরমং ত্বমেব পরাবরজ্ঞোঽসি পরাবরস্ত্বম্।
ধর্ম্মস্য কামস্য পরস্য চৈব ত্বত্তেজসা কৃৎস্নমিদং মহাত্মন্! ॥১৮॥
ব্যাপ্তং জগৎ সর্বসুরপ্রবীর! ভক্ত্যা ময়া সংস্তুত! লোকনাথ!।
নমোঽস্তু তে দ্বাদশনেত্রবাহো! অতঃ পরং বেদ্মি গতং ন তেঽহম্ ॥১৯॥ (যুগ্মকম্)
স্কন্দস্য য ইদং বিপ্রঃ পঠেজ্জন্ম সমাহিতঃ।
শ্রাবয়েদ্‌ব্রাহ্মণেভ্যো যঃ শৃণুয়াদ্বা দ্বিজেরিতম্ ॥২০॥
ধনমায়ুর্যশো দীপ্তং পুত্রান্ শত্রুজয়ং তথা।
স পুষ্টিতুষ্টী সম্প্রাপ্য স্কন্দসালোক্যমাপ্নুয়াৎ ॥২১॥ (যুগ্মকম্)
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়-সমাস্যায়াং কার্ত্তিকেয়স্তবে পঞ্চনবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

সনেতি। সনাতনানাং ব্রহ্মাদীনাং মধ্যেঽপি ত্বং শাশ্বতঃ প্রধানঃ সনাতনঃ, প্রভূণাং ব্রহ্মাদীনামপি ত্বং প্রভুঃ। ঋতস্য সত্যস্য কর্ত্তা প্রবর্ত্তয়িতা, তন্নিয়মস্থাপনাৎ ॥১৭॥

সূক্ষ্মমিতি। তপস্তপোবিষয়ো ব্রহ্ম। পরং পরমাত্মানম্ অবরান্ ব্রহ্মাদীংশ্চ জানাতীতি পরাবরজ্ঞঃ, পরাবরশ্চ ত্বম্, সর্ব্বাত্মকত্বাৎ। ধর্ম্মস্য কামস্য, পরস্য অর্থস্য চ ত্বং হেতুরিতি শেষঃ। ত্বত্তেজসা ইদং কৃৎস্নং জগৎ ব্যাপ্তমিতি সম্বন্ধঃ। অত উক্তাৎ পরং তে তব গতং গতিং মহিমানমিত্যর্থঃ, অহং ন বেদ্মি ॥১৮—১৯॥

স্কন্দস্যেতি। জন্ম জন্মাদিবৃত্তম্। স্কন্দস্য সালোক্যং সমানং লোকম্ ॥২০—২১॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং পঞ্চনবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

আপনি সনাতনদিগের মধ্যেও প্রধান সনাতন, প্রভুদেরও প্রভু, ভীষণ ধনুর্দ্ধর, সত্যের প্রবর্ত্তক, দৈত্যগণের নিহন্তা, শত্রুগণের বিজেতা এবং দেবগণের নেতা ॥১৭॥

আপনিই তপস্যার বিষয় সেই সূক্ষ্ম পরমাত্মা, পরাবরজ্ঞ ও পরাবর এবং আপনিই ধর্ম্ম, অর্থ ও কামের হেতু; আর মহাত্মন্! সর্ব্বদেবপ্রধান! লোকনাথ! আপনার তেজেই এই সমগ্র জগৎ ব্যাপ্ত রহিয়াছে। হে দ্বাদশনেত্র! আমি আপনার স্তব করিলাম, হে দ্বাদশবাহো! আপনাকে নমস্কার; ইহার পর আর আমি আপনার মহিমা জানি না ॥১৮—১৯॥

---

* '...অষ্টাবিংশত্যধিকদ্বিশততমঃ...' পি, '...একত্রিংশদধিকদ্বি...' বা ব, '...দ্বাত্রিংশদধিকদ্বি...' কা, ...ত্রয়স্ত্রিংশদধিকদ্বি...' নি।

ষণ্নবত্যধিকশততমোঽধ্যায়ঃ

—০ঃ(*)ঃ০—

বৈশম্পায়ন উবাচ।

উপাসীনেষু বিপ্রেষু পাণ্ডবেষু মহাত্মসু।
দ্রৌপদী সত্যভামা চ বিবিশাতে তদা সমম্।
জাহস্যমানে সুপ্রীতে সুখং তত্র নিষীদতুঃ ॥১॥
চিরস্য দৃষ্ট্বা রাজেন্দ্র! তেঽন্যোন্যস্য প্রিয়ংবদে।
কথয়ামাসতুশ্চিত্রাঃ কথাঃ কুরুযদুত্থিতাঃ ॥২॥
অথাব্রবীৎ সত্যভামা কৃষ্ণস্য মহিষী প্রিয়া।
সাত্রাজিতী যাজ্ঞসেনীং রহসীদং সুমধ্যমা ॥৩॥

ভারতকৌমুদী

প্রকরণান্তরমারভতে উপেতি। উপ মার্কণ্ডেয়সমীপে আসীনেষু উপবিশৎসু। সমং যুগপৎ। জাহস্যমানে পুনঃ পুনর্মন্দং হসন্ত্যৌ, নিষীদতুঃ একান্তে উপবিবিশতুঃ, পরত্র রহসীত্যভিধানাৎ। আর্ষোঽয়ং প্রয়োগঃ। ষট্পাদশ্চ শ্লোকঃ ॥১॥

চিরস্যেতি। অন্যোন্যস্য মুখমিতি শেষঃ। কুরুযদুত্থিতাঃ কৌরবযাদবব্যাপারোৎপন্নাঃ ॥২॥

অথেতি। সত্রাজিতো রাজ্ঞোঽপত্যং স্ত্রীতি সাত্রাজিতী। রহসি নির্জনে ॥৩॥

যে ব্রাহ্মণ একাগ্রচিত্ত হইয়া কার্ত্তিকের এই জন্মপ্রভৃতি বৃত্তান্ত পাঠ করেন, কিংবা যিনি ব্রাহ্মণদিগকে শ্রবণ করান, অথবা যিনি ব্রাহ্মণপঠিত এই বৃত্তান্ত শ্রবণ করেন, তাঁহারা সকলেই ধন, আয়ু, উজ্জ্বল যশ, পুত্র, শত্রুজয়, সম্পদ ও আনন্দ লাভ করিয়া অন্তিমে স্কন্দলোক লাভ করেন' ॥২০—২১॥

—ঃ(০)ঃ—

বৈশম্পায়ন বলিলেন—ব্রাহ্মণেরা ও মহাত্মা পাণ্ডবেরা মার্কণ্ডেয়মুনির নিকটে বসিয়াছিলেন, এমন সময়ে প্রফুল্লচিত্ত দ্রৌপদী ও সত্যভামা একদাই সেই সভায় প্রবেশ করিলেন এবং মৃদুহাস্যমুখে একপ্রান্তে উপবেশন করিলেন ॥১॥

রাজশ্রেষ্ঠ! প্রিয়ভাষিণী সেই দ্রৌপদী ও সত্যভামা দীর্ঘকালের পর পরস্পর দর্শন লাভ করিয়া প্রথমে কুরুকুল ও যদুকুলসম্বন্ধে নানা কথা বলিলেন ॥২॥

তাহার পর সত্রাজিৎ রাজার কন্যা এবং কৃষ্ণের প্রিয়তমা মহিষী সুমধ্যমা সত্যভামা নির্জনে দ্রৌপদীকে এই কথা বলিলেন—॥৩॥

কেন দ্রৌপদি! বৃত্তেন পাণ্ডবানধিতিষ্ঠসি।
লোকপালোপমান্ বীরান্ যূনঃ পরমসম্মতান্।
কথঞ্চ বশগাস্তুভ্যং ন কুপ্যন্তি চ তে শুভে! ॥৪॥
তব বশ্যা হি সততং পাণ্ডবাঃ প্রিয়দর্শনে!।
মুখপ্রেক্ষাশ্চ তে সর্ব্বে তত্ত্বমেতদ্‌ব্রবীহি মে ॥৫॥
ব্রতচর্য্যা তপো বাপি স্নানমন্ত্রৌষধানি বা।
বিদ্যাবীর্য্যং মূলবীর্য্যং জপহোমাগদাস্তথা ॥৬॥

ভারতকৌমুদী

কেনেতি। কেন কীদৃশেন, বৃত্তেন ব্যবহারেণ, অধিতিষ্ঠসি আশ্রয়সি। পরমসম্মতান্ লোকানামতিপ্রিয়ান্। তুভ্যং তব। তে পাণ্ডবাঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪॥

তবেতি। মুখং প্রেক্ষন্তে সর্ব্বেষ্বেব কার্য্যেষু ত্বদভিপ্রায়জ্ঞানার্থং পশ্যন্তীতি তে ॥৫॥

ব্রতেতি। ব্রতস্য শাস্ত্রবিহিতনিয়মবিশেষস্য চর্য্যা আচরণম্, তপ উপবাসাদি, স্নানং গঙ্গাদৌ কাম্যং মন্ত্রা সুন্দরীবীজাদয়ঃ ঔষধানি নীলতন্ত্রোক্তানি ব্রহ্মদণ্ডীবচাদীনি, বিদ্যা ব্যবহারপটুতা তস্যা বীর্য্যং প্রভাবঃ, মূলানাং কুষ্ঠাদীনাং বীর্য্যম্, জপো নীলতন্ত্রোক্তমন্ত্রাদীনাং হোমো নারায়ণাদ্যুদ্দেশে, অগদাঃ শাস্ত্রানুক্তানি ঔষধানি বা, এষাং সমুদয়েনান্যতমেন বা পাণ্ডবাস্তে বশ্যাস্তদ্‌ব্রূহীতি ভাবঃ ॥৬॥

ভারতভাবদীপঃ

পতিব্রতোপাখ্যানে সূচিতান্ স্ত্রীধর্ম্মান্ বিবরীতুং দ্রৌপদীসত্যভামাসংবাদমারভতে "উপাসীনেষু বিপ্রে"ষ্বিত্যাদিনা। সমমেকত্র। জাহস্যমানে পরস্পরমতিশয়েন হসন্ত্যৌ ॥১॥ কুরুযদুত্থিতাঃ কুরুষু যদুষু চোৎপন্নাঃ ॥২—৩॥ সংহতান্ দৃঢ়াঙ্গান্ ॥৪—৫॥ ব্রতং সোমবারব্রতাদি, তপ উপাবাসাদি, স্নানং সঙ্গমাদৌ। মন্ত্রোপেতমৌষধং বশীকরণার্থম্, বিদ্যা কামশাস্ত্রোক্তা। "রতান্তে বামপাদেন ভর্তৃলিঙ্গমুপস্পৃশেৎ। যাবজ্জীবং পতিস্তস্যা গর্ভদাসো ভবেৎ ধ্রুবম্" ইত্যাদিকা। তদ্বীর্য্যং মূলম্, অপ্রচ্যুতং তারুণ্যাদি তদ্বীর্য্যং জপহোমাগদা

'দ্রৌপদি! দিক্‌পালতুল্য মহাবীর, যুবক এবং লোকের পরমপ্রিয় পাণ্ডবগণের নিকটে কিপ্রকার ব্যবহারে তুমি চলিতেছ? কল্যাণি! কেনই বা তাঁহারা তোমার বশীভূত হইয়া রহিয়াছেন? এবং কেনই বা কুপিত হন না? ॥৪॥

প্রিয়দর্শনে! পাণ্ডবেরা সর্ব্বদাই তোমার বশীভূত হইয়া রহিয়াছেন এবং তাঁহারা সকলে সকল কার্য্যেই তোমার মুখপ্রেক্ষী হন; ইহার কারণ তুমি আমার নিকটে সত্য বল ॥৫॥

ব্রত, তপস্যা, স্নান, মন্ত্র, শাস্ত্রোক্ত ঔষধ, নিজের পটুতার প্রভাব, কোন

(৪)···বীরান্ পুনঃ পরমসংহতান্···বা ব কা,···নূনং পরমসম্মতান্···নি।

মমাপ্যাচক্ষ্ব পাঞ্চালি ! যশস্যং ভগদৈবতম্ ।
যেন কৃষ্ণে ! ভবেন্নিত্যং মম কৃষ্ণো বশানুগঃ ॥৭॥
এবমুক্ত্বা সত্যভামা বিররাম যশস্বিনী ।
পতিব্রতা মহাভাগা দ্রৌপদী প্রত্যুবাচ তাম্ ॥৮॥
অসৎস্ত্রীণাং সমাচারং সত্যে ! মামনুপৃচ্ছসি ।
অসদাচরিতে মার্গে কথং স্যাদনুকীর্ত্তনম্ ॥৯॥
অনুপ্রশ্নঃ সংশয়ো বা নৈতত্ত্বয্যুপপদ্যতে ।
তথা হ্যুপেতা বুদ্ধ্যা ত্বং কৃষ্ণস্য মহিষী প্রিয়া ॥১০
যদৈব ভর্ত্তা জানীয়ান্মন্ত্রমূলপরাং স্ত্রিয়ম্ ।
উদ্বিজেত তদৈবাস্যাঃ সর্পাদ্বেশ্মগতাদিব ॥১১॥

ভারতকৌমুদী

মমেতি। ভগং সৌভাগ্যং ভর্ত্তৃপ্রিয়ত্বং তৎসম্বন্ধি দৈবতং দৈবং দৈববত্তীব্রোপায়মিত্যর্থঃ ॥৭॥

এবমিতি। যশস্বিনী সৌন্দর্য্যচরিত্রাদিভিরিত্যাশয়ঃ ॥৮॥

অসদিতি। সমাচারং ব্যবহারবিষয়ম্, হে সত্যে ! সত্যভামে ! অনুকীর্ত্তনমুক্তিঃ ॥৯॥

অম্বিতি। সংশয়ঃ ময়া পতিবশীকরণায় ব্রতাদিঃ কৃতো ন বেতি সন্দেহঃ। এতৎ দ্বয়মপি। তথাহি ত্বং বুদ্ধ্যা উপেতা যুক্তা বুদ্ধিমতী, কৃষ্ণস্য প্রিয়া মহিষী চ ॥১০॥

মূলধারণের প্রভাব, জপ, হোম এবং শাস্ত্রে অনুক্ত কোন ঔষধ, ইহার সকল গুলি দ্বারা বা কোনটা দ্বারা ইঁহারা তোমার বশীভূত হইয়া রহিয়াছেন ? ॥৬॥

কৃষ্ণে ! পাঞ্চালি ! তুমি আজ আমার নিকট যশস্কর ও সৌভাগ্যজনক উপায় বল ; যাহাতে কৃষ্ণ সর্ব্বদাই আমার বশীভূত থাকেন’ ॥৭॥

এইরূপ বলিয়া যশস্বিনী সত্যভামা বিরত হইলেন। তাহার পর পতিব্রতা ও মহাভাগা দ্রৌপদী তাঁহাকে বলিতে আরম্ভ করিলেন—॥৮॥

‘সত্যভামা ! তুমি অসৎ স্ত্রীলোকদের ব্যবহারের বিষয় আমাকে জিজ্ঞাসা করিয়াছ। সুতরাং অসৎ বিষয়ে কথা বলা কি করিয়া সঙ্গত হয় ? ॥৯॥

এইরূপ প্রশ্ন করা কিংবা আমি ভর্ত্তৃগণকে বশীভূত করিবার কোন উপায় করি কি না এইরূপ সন্দেহ করা তোমার উচিত নহে। কারণ, তুমি বুদ্ধিমতী এবং কৃষ্ণের প্রিয়তমা মহিষী ॥১০॥

ভর্ত্তা যখনই জানিতে পারেন যে, আপনাকে বশীভূত করিবার জন্য স্ত্রী কোন মন্ত্রপ্রয়োগে বা ঔষধপ্রয়োগে ব্যাপৃত আছে ; তখনই তিনি—গৃহগত সর্পের ন্যায় সেই স্ত্রী হইতে উদ্বিগ্ন হন ॥১১॥

উদ্বিগ্নস্য কুতঃ শান্তিরশান্তস্য কুতঃ সুখম্।
ন জাতু বশগো ভর্ত্তা স্ত্রিয়াঃ স্যাম্মন্ত্রকর্ম্মণা ॥১২॥
অমিত্রপ্রহিতাংশ্চাপি গদান্ পরমদারুণান্।
মূলপ্রচারৈর্হি বিষং প্রয়চ্ছন্তি জিঘাংসবঃ ॥১৩॥
জিহ্বয়া যানি পুরুষস্ত্বচা বাপ্যুপসেবতে।
তত্র চূর্ণানি দত্তানি হন্যুঃ ক্ষিপ্রমসংশয়ম্ ॥১৪॥
জলোদরসমাযুক্তাঃ শ্বিত্রিণঃ পলিতাস্তথা।
অপুমাংসঃ কৃতাঃ স্ত্রীভির্জড়ান্ধবধিরাস্তথা ॥১৫॥
পাপানুগাস্তু পাপাস্তাঃ পতীনুপসৃজন্ত্যুত।
ন জাতু বিপ্রিয়ং ভর্ত্তুঃ স্ত্রিয়া কার্য্যং কথঞ্চন ॥১৬॥

ভারতকৌমুদী

যদেতি। মন্ত্রমূলপরাম্ আত্মনো বশীকরণায় মন্ত্রমূলপ্রয়োগব্যাপৃতাম্ ॥১১॥

উদ্বিগ্নস্যেতি। জাতু কদাচিদপি। মন্ত্রকর্ম্মণা মন্ত্রাদিপ্রয়োগব্যাপারেণ ॥১২॥

প্রত্যুত মন্ত্রাদিপ্রয়োগে দোষমাহ অমিত্রেতি। অমিত্রৈঃ শত্রুভিরুপপত্যাদিভিঃ প্রহিতান্ স্ত্রীহস্তপ্রদত্তৌষধাদিভির্জনিতান্, পরমদারুণান্, গদান্ পত্যুঃ রোগান্ পশ্যাম ইতি শেষঃ। হি যস্মাৎ, জিঘাংসব উপপত্যাদয়ঃ, মূলপ্রচারৈঃ উপকারকমিদং বৃক্ষাদিমূলমিতি প্রকাশৈঃ বিষং প্রয়চ্ছন্তি। "রোগব্যাধিগদাময়াঃ" ইত্যমরঃ ॥১৩॥

জিহ্বয়েতি। যানি ঔষধানি। তত্র তেষু ঔষধেষু, চূর্ণানি বিষস্য, হন্যুস্তম্ ॥১৪॥

জলোদরেতি। পলিতা জরাজীর্ণাঃ। অপুমাংসঃ ক্লীবাঃ ॥১৫॥

ভারতভাবদীপঃ

বিশকলিতাঃ সমুদিতা বা অগদোঽঞ্জনাদিরৌষধম্ ॥৬॥ ভগদৈবতং সৌভাগ্যবর্দ্ধকং সৌরব্রতাদিকম্, ভগবেদনমিতি পাঠে সৌভাগ্যসূচকম্; বশানুগ ইচ্ছানুসারী ॥৭—৮॥ হে সত্যে! অনুকীর্ত্তনমুত্তরম্ ॥৯—১২॥ ঔষধাদিপ্রয়োগেঽনিষ্টমাহ—অমিত্রেতি। গদান্

উদ্বিগ্নের কোথা হইতে শান্তি আসে এবং শান্তিহীনেরই বা কোথা হইতে সুখ হয়?। তার পর ভর্ত্তা কখনও মন্ত্রাদিপ্রয়োগে ভার্য্যার বশীভূত হন না ॥১২॥

প্রত্যুত, শত্রুর প্রেরণায় ভর্ত্তার অতিদারুণ রোগ হইতেই দেখা যায়। কারণ, জিঘাংসু লোকেরা মূল বলিয়া বিষ দিয়া থাকে ॥১৩॥

পুরুষ জিহ্বা ও চর্ম্মদ্বারা যে সকল ঔষধ সেবন করে, তাহাতে প্রদত্ত বিষচূর্ণ সত্বরই সে পুরুষকে নষ্ট করে; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥১৪॥

(আমি জানি—) বহুস্ত্রীলোকই (আপন আপন পতিকে বশীভূত করিবার ইচ্ছায় ঔষধ প্রদান করিয়া তাহাদিগকে) জলোদররোগগ্রস্ত, শ্বিত্ররোগী, জরাজীর্ণ, নপুংসক, জড়, অন্ধ, বা বধির করিয়া ফেলিয়াছে ॥১৫॥

বর্ত্তাম্যহন্তু যাং বৃত্তিং পাণ্ডবেষু মহাত্মসু।
তাং সর্ব্বাং শৃণু মে সত্যাং সত্যভামে! যশস্বিনি! ॥১৭॥
অহঙ্কারং বিহায়াহং কামক্রোধৌ চ সর্ব্বদা।
সদারান্ পাণ্ডবান্ নিত্যং প্রয়তোপচরাম্যহম্ ॥১৮॥
প্রণয়ং প্রতিসংহৃত্য নিধায়াত্মানমাত্মনি।
শুশ্রূষুর্নিরভীমানা পতীনাং চিত্তরক্ষিণী ॥১৯॥
দুর্ব্যাহৃতাচ্ছঙ্কমানা দুঃস্থিতাদ্দুরবেক্ষিতাৎ।
দুরাসিতাদ্দুর্ব্রজিতাদিঙ্গিতাধ্যাসিতাদপি ॥২০॥
সূর্য্যবৈশ্বানরসমান্ সোমকল্পান্ মহারথান্।
সেবে চক্ষুর্হণঃ পার্থানুগ্রবীর্য্যপ্রতাপিনঃ ॥২১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

পাপেতি। পাপানুপপত্যাদীননুগচ্ছন্তীতি তাঃ। উপসৃজন্তি উপসর্গং জনয়ন্তি ॥১৬॥

বর্ত্তামীতি। বর্ত্তামি বর্ত্তয়ামি আশ্রয়ামীত্যর্থঃ, বৃত্তিং ব্যবহারম্ ॥১৭॥

অহঙ্কারমিতি। সদারান্ দারান্তরসহিতান্। পতিপ্রীত্যর্থং সপত্নীরপি সেবে ইত্যাশয়ঃ ॥১৮॥

প্রণয়মিতি। প্রণয়ং প্রণয়েৰ্ষ্যাং মানমিত্যর্থঃ। শুশ্রূষুঃ শুশ্রূষাকারিণী ভবামি ॥১৯॥

ভারতভাবদীপঃ

রোগান্ ॥১৩—১৪॥ জলোদর উদররোগঃ, বৃকোদর ইতি পাঠে কুক্ষিব্যাধির্ভস্মকনামা; শ্বিত্রিণঃ কুষ্ঠবন্তঃ ॥১৫॥ উপসৃজন্তি দোষৈর্যোজয়ন্তি ॥১৬—১৭॥ সদারানিতি সপত্নীনামপি সেবনং পতিপ্রীত্যর্থং কর্ত্তব্যমিত্যর্থঃ ॥১৮॥ প্রণয়মীর্য্যা, আত্মানং চিত্তম্, আত্মনি স্বস্মিন্,

পাপিষ্ঠদের অনুবর্ত্তিনী সেই পাপিষ্ঠা রমণীরা এই ভাবে ভর্ত্তাদের নানা উপসর্গ জন্মাইয়া থাকে। অতএব স্ত্রীলোক কখনই কোন প্রকারে ভর্ত্তার অপ্রিয় কার্য্য করিবে না ॥১৬॥

যশস্বিনী সত্যভামা! আমি মহাত্মা পাণ্ডবদের উপরে যেরূপ ব্যবহার করিয়া থাকি, সে সকল তুমি শ্রবণ কর ॥১৭॥

আমি সর্ব্বদাই অহঙ্কার, কাম ও ক্রোধ পরিত্যাগ করিয়া থাকি এবং সর্ব্বদাই সযত্নে অন্যান্য পত্নীগণের সহিতই পাণ্ডবগণের পরিচর্য্যা করিয়া থাকি ॥১৮॥

আমি মানশূন্য হইয়া, নিজের উপরেই নিজের ভার রাখিয়া, অহঙ্কার পরিত্যাগ করিয়া, পতিদের চিত্ত রক্ষা করিতে থাকিয়া, তাঁহাদের শুশ্রূষা করিয়া থাকি ॥১৯॥

(১৮)··· সদা তান্ পাণ্ডবান্···পি।

দেবো মনুষ্যো গন্ধর্ব্বো যুবা চাপি স্বলঙ্কৃতঃ।
দ্রব্যবানভিরূপো বা ন মেঽন্যঃ পুরুষো মতঃ ॥২২॥
ন ভুক্তবতি ন স্নাতে ন সংবিষ্টে চ ভর্ত্তরি।
ন সংবিশামি নাশ্নামি ন স্নায়ে কর্ম্ম কুর্ব্বতী ॥২৩॥
ক্ষেত্রাদ্বনাদ্বা গ্রামাদ্বা ভর্ত্তারং গৃহমাগতম্।
প্রত্যুত্থায়াভিনন্দামি আসনেনোদকেন চ ॥২৪॥

ভারতকৌমুদী

দুরিতি। দুর্ব্যাহৃতাৎ পতীনাং কটূক্তিতঃ, দুঃস্থিতাৎ কষ্টকরশয়নাৎ, দুরবেক্ষিতাৎ ক্রোধাদিসূচকদৃষ্টিপাতাৎ, দুরাসিতাৎ কষ্টকরোপবেশনাৎ, দুর্ব্রজিতাৎ দুঃখকরগমনাৎ, ইঙ্গিতং দুঃখসূচিকা ভঙ্গিঃ অধ্যাসিতা অবস্থিতা যত্র তাদৃশাত্তাবাদপি চ, শঙ্কমানা অহম্, তেজসি সূর্য্যবৈশ্বানরসমান্ কোমলতায়াঞ্চ সোমকল্পান্, মহারথান্, উগ্রবীর্য্যপ্রতাপিনঃ, অতএব চক্ষুর্ভির্দৃষ্টিমাত্রেরেব ঘ্নন্তি শত্রূনিতি চক্ষুর্হণঃ, পার্থান্ সেবে ॥২০-২১॥

দেব ইতি। দ্রব্যবান্ ধনী, অভিরূপঃ সুন্দরঃ, অন্যঃ পতিভিন্নঃ, মতোঽভিপ্রেতঃ ॥২২॥

নেতি। ন সংবিষ্টে অশয়িতে। ন সংবিশামি ন শয়ে, স্নায়ে স্নামি ॥২৩॥

ভারতভাবদীপঃ

নিরভিমানা দর্পহীনা ॥১৯॥ ইঙ্গিতমভিপ্রায়ঃ, অধ্যাসিতঃ ক্ষিপ্তো যস্মিন্ কটাক্ষে তস্মাদিঙ্গিতাধ্যাসিতাৎ ॥২০॥ চক্ষুর্হণঃ দৃষ্টৈব রিপূন্ ঘ্নন্তি তাদৃশান্ ॥২১॥ অভিরূপঃ সুন্দরঃ ॥২২॥ নাভুক্তবতীতি ভর্ত্তরি অভুক্তবতি নাশ্নামীত্যপকৃষ্যতে। তথা অস্নাতে ন স্নামীতি শেষঃ। তথা কর্ম্মকরেষু ভৃত্যেম্বপি অসংবিষ্টেষু ন সংবিশামি, অনাশিতেষু নাশ্নামীতি চ বিপরি-

---

ভর্ত্তাদের কটুবাক্য, ক্রোধসূচক দৃষ্টি, কষ্টে শয়ন, কষ্টে উপবেশন, কষ্টে গমন এবং মন্দ অভিপ্রায়ে ভয় করিতে থাকিয়া আমি—অগ্নি ও সূর্য্যের তুল্য তেজস্বী, চন্দ্রের তুল্য কোমল, ভীষণ বল ও প্রতাপশালী এবং দর্শনদ্বারাই শত্রুসংহারকারী পাণ্ডবগণের সেবা করিয়া থাকি ॥২০—২১॥

দেবতা, গন্ধর্ব্ব, মানুষ, যুবক, ধনী, সম্যক্ অলঙ্কৃত, কিংবা সুন্দরাকৃতি হইলেও অন্য পুরুষ আমার অভিমত হয় না ॥২২॥

আমি সর্ব্বদাই গৃহকার্য্য করি এবং ভর্ত্তা স্নান না করিলে আমি স্নান করি না, ভর্ত্তা ভোজন না করিলে আমি ভোজন করি না এবং ভর্ত্তা শয়ন না করিলে আমি শয়ন করি না ॥২৩॥

ভর্ত্তা—ক্ষেত্র, বন, বা অন্য গ্রাম হইতে গৃহে আগমন করিলে, আমি উঠিয়া আসন ও জল দান করিয়া তাঁহার সংবর্দ্ধনা করি ॥২৪॥

---

(২৩) নাভুক্তবতি নাস্নাতে নাসংবিষ্টে চ ভর্ত্তরি। ন সংবিশামি নাশ্নামি সদা কর্ম্মকরেম্বপি ॥—বা ব কা পি।

প্রমৃষ্টভাণ্ডা মৃষ্টান্না কালে ভোজনদায়িনী।
সংযতা গুপ্তধান্যা চ সুসংমৃষ্টনিবেশনা ॥২৫॥
অতিরস্কৃতসম্ভাষা দুঃস্ত্রিয়ো নানুসেবতী।
অনুকূলবতী নিত্যং ভবাম্যনলসা সদা ॥২৬॥ (যুগ্মকম্)
অনর্ম্ম চাপি হসিতং দ্বারি স্থানমভীক্ষ্ণশঃ।
অবস্করে চিরং স্থানং নিষ্কুটেষু চ বর্জয়ে।
অতিহাসাতিরোষৌ চ ক্রোধস্থানঞ্চ বর্জয়ে ॥২৭॥
নিরতাহং সদা সত্যে! ভর্ত্তৄণামুপসেবনে।
সর্ব্বথা ভর্ত্তুরহিতং ন মমেষ্টং কথঞ্চন ॥২৮॥

ভারতকৌমুদী

ক্ষেত্রাদিতি। আসনেনোদকেন চ তয়োরুভয়োর্দানেন ॥২৪॥

প্রমৃষ্টেতি। গুপ্তধান্যা রক্ষিতধান্যাদিদ্রব্যা, সুসংমৃষ্টনিবেশনা সুপরিমার্জিতগৃহা। ন বিদ্যতে তিরস্কৃতং তিরস্কারো যস্যাং সা তাদৃশী সম্ভাষা আলাপো যস্যাঃ সা, নানুসেবতী অসেবমানা, অনুকূলবতী পরিজনানামানুকূল্যকারিণী ॥২৫—২৬॥

অনর্ম্মেতি। ন বিদ্যতে নর্ম্ম পরিহাসো যস্মিন্ তৎ। স্থানং স্থিতিম্, অভীক্ষ্ণশঃ পুনঃ পুনঃ। অবস্করে গুপ্তস্থানে, নিষ্কুটেষু গৃহোদ্যানেষু চ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৭॥

নিরতেতি। উপসেবনে শুশ্রূষায়াম্। অহিতং হিতবিপরীতম্ ॥২৮॥

ভারতভাবদীপঃ

ণামাপকর্ষণেন যোজ্যম্ ॥২৩—২৪॥ প্রমৃষ্টভাণ্ডা সম্মার্জ্জিতগৃহোপকরণা ॥২৫॥ অতিরস্কৃত-সম্ভাষা তিরস্কারশূন্যবচনা ॥২৬॥ অনর্ম্ম পরিহাসহীনম্, হসিতং হাসঃ, স্থানং স্থিতিম্, অবস্করে

ভাণ্ড-বাসন পরিষ্কার করি, খাদ্যবস্তু পরিষ্কার রাখি, বুভুক্ষুকে যথাসময়ে খাদ্য দিই, সংযত হইয়া থাকি, কাহাকেও তিরস্কার করি না, মন্দ স্ত্রীলোকের সংসর্গ করি না, সর্ব্বদাই পরিজনবর্গের অনুকূল থাকি এবং কখনও অলস হই না ॥২৫—২৬॥

পরিহাস ব্যতীত হাস্য করি না, বার বার বাড়ীর দ্বারদেশে যাইয়া অবস্থান করি না এবং গুপ্তস্থান কিংবা গৃহোদ্যানে দীর্ঘকাল থাকি না; আর অত্যন্ত হাস্য, অত্যন্ত ক্রোধ ও ক্রোধের বিষয় পরিত্যাগ করি ॥২৭॥

সত্যভামা! আমি সর্ব্বদাই পতিশুশ্রূষায় নিরত থাকি এবং ভর্ত্তার কোন প্রকার অহিতই আমার কোন প্রকারেই অভীষ্ট হয় না ॥২৮॥

---

(২৫) প্রমৃষ্টভাণ্ডা মৃষ্টান্না...পি। (২৮)...সর্ব্বথা ভর্ত্তৃরহিতম্...বা ব কা।

যদা প্রবসতে ভর্ত্তা কুটুম্বার্থেন কেনচিৎ।
সুমনোবর্ণকাপেতা ভবামি ব্রতচারিণী ॥২৯॥
যচ্চ ভর্ত্তা ন পিবতি যচ্চ ভর্ত্তা ন সেবতে।
যচ্চ নাশ্নাতি মে ভর্ত্তা সর্ব্বং তদ্বর্জয়াম্যহম্ ॥৩০॥
যথোপদেশং নিয়তা বর্ত্তমানা বরাঙ্গনে!।
স্বলঙ্কৃতা সুপ্রয়তা ভর্ত্তুঃ প্রিয়হিতে রতা ॥৩১॥
যে চ ধর্ম্মাঃ কুটুম্বেষু শ্বশ্র্বা মে কথিতাঃ পুরা।
ভিক্ষা বলিঃ শ্রাদ্ধমিতি স্থালীপাকশ্চ পর্বসু।
মান্যানাং মানসৎকারা যে চান্যে বিদিতা মম ॥৩২॥
তান্ সর্বাননুবর্ত্তামি দিবারাত্রমতন্দ্রিতা।
বিনয়ান্ নিয়মাংশ্চাপি সদা সর্বাত্মনাশ্রিতা ॥৩৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

যদেতি। প্রবসতে প্রবসতি বিদেশং গচ্ছতি, কুটুম্বার্থেন পরিজননিমিত্তেন। সুমনো বর্ণকাপেতা পুষ্পমাল্যানুলেপনরহিতা, ব্রতচারিণী একবেণ্যাদিধারিণী ॥২৯॥

যদিতি। ভর্ত্রনুসরণমেবাত্র সর্ব্বথা হেতুরিত্যাশয়ঃ ॥৩০॥

যথেতি। ভর্ত্তুরুপদেশমনতিক্রম্যেতি যথোপদেশং বর্ত্তমানা, নিয়তা গৃহিণীনিয়মবতী। সুপ্রয়তা অতীবশুদ্ধা। রতা তিষ্ঠামীতি শেষঃ ॥৩১॥

য ইতি। ধর্ম্মা আচরণানি, কুটুম্বেষু পরিজনেষু। বলিরুপহারঃ। পর্ব্বসু অমাবস্যাদিষু, স্থালীপাকঃ হোমাদিনিমিত্তঃ, স্থাল্যামোদনাদিপাকঃ। মানাঃ পূজাঃ সৎকারাশ্চাদরাঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ। অতন্দ্রিতা অনলসা, সর্ব্বাত্মনা সর্বপ্রযত্নেন ॥৩২—৩৩॥

ভারতভাবদীপঃ

তিরস্করোমি কিরতেরিদং রূপম্। উৎকরে ইতি বা, নিষ্কুটেষু গৃহারামেষু ॥২৭॥ ভর্ত্তুরহিতং ভর্ত্তৃবিয়োগঃ ॥২৮॥ সুমনোবর্ণকাপেতা পুষ্পৈরনুলেপনৈশ্চ বর্জ্জিতা ॥২৯—৩১॥

ভর্ত্তা যখন কোন পরিজনকার্য্যের জন্য স্থানান্তরে যান, তখন আমি পুষ্প ও অনুলেপন পরিত্যাগ করিয়া ব্রতচারিণী হই ॥২৯॥

ভর্ত্তা যাহা পান করেন না, ভর্ত্তা যাহা ব্যবহার করেন না এবং আমার ভর্ত্তা যাহা ভোজন করেন না, আমি সে সমস্তই বর্জন করি ॥৩০॥

বরাঙ্গনা! আমি ভর্ত্তার উপদেশ অনুসারে ও গৃহিণীর নিয়মে চলি এবং সম্যক্ অলঙ্কৃতা, অত্যন্ত পবিত্রা এবং ভর্ত্তার প্রিয় ও হিতকার্য্যে রতা থাকি ॥৩১॥

শ্বশ্রূদেবী পূর্ব্বে আমার নিকট পরিজনবর্গের বিষয়ে যে সকল আচরণের কথা বলিয়া দিয়াছেন এবং ভিক্ষা, উপহার, শ্রাদ্ধ, পর্ব্বকালে রন্ধন, মান্য

মৃদূন্ সতঃ সত্যশীলান্ সত্যধর্ম্মানুপালিনঃ।
আশীবিষানিব ক্রুদ্ধান্ পতীন্ পরিচরাম্যহম্ ॥৩৪॥
পত্যাশ্রয়ো হি মে ধর্ম্মো মতঃ স্ত্রীণাং সনাতনঃ।
স দেবঃ সা গতির্নান্যা তস্য কা বিপ্রিয়ং চরেৎ ॥৩৫॥
অহং পতীন্ নাতিশয়ে নাত্যশ্নে নাতিভূষয়ে।
নাপি পরিবদে শ্বশ্রূং সর্বদা পরিযন্ত্রিতা ॥৩৬॥
অবধানেন স্বভগে! নিত্যোত্থিততয়ৈব চ।
ভর্ত্তারো বশগা মহ্যং গুরুশুশ্রূষয়ৈব চ ॥৩৭॥

ভারতকৌমুদী

মৃদূনিতি। সতঃ সাধুস্বভাবান্। আশীবিষান্ তীক্ষ্ণবিষসর্পান্ ॥৩৪॥

পতীতি। পত্যাশ্রয়ো ধর্ম্ম এব স্ত্রীণাং সনাতনো ধর্ম্মো মে মত ইত্যন্বয়ঃ ॥৩৫॥

অহমিতি। নাতিশয়ে কুত্রাপি বিষয়ে নাতিক্রামামি, নাত্যশ্নে অতিক্রম্য ন ভুঞ্জে ॥৩৬॥

অবেতি। অবধানেন গৃহকার্য্যেষ্বৈকাগ্র্যেণ, নিত্যোত্থিততয়া গৃহকার্য্যসম্পাদনে সর্বদোদ্যোগেন। মহ্যং মম, ভর্ত্তারো বশগাঃ, ন পুনর্মন্ত্রৌষধাদিনেতি ভাবঃ ॥৩৭॥

লোকের সম্মান ও আদর এবং অন্য যে সকল গৃহিণীর নিয়ম আমার জানা আছে, আমি আলস্যবিহীন হইয়া দিবারাত্রই সেই সমস্তের অনুসরণ করি, আর সর্ব্বদা সর্ব্বপ্রযত্নে বিনয় ও গৃহিণীগণের নিয়ম সকল অবলম্বন করিয়া চলি ॥৩২—৩৩॥

যাঁহারা স্বভাবতঃ কোমল, সাধু, সত্যপরায়ণ এবং সত্যধর্ম্মরক্ষক; আবার যাঁহারা ক্রুদ্ধ হইলে তীক্ষ্ণবিষ সর্পের তুল্যই হইয়া থাকেন, সেই পতিগণের পরিচর্য্যা আমি সর্বদাই করিয়া থাকি ॥৩৪॥

কারণ, আমার মতে—পতিসেবাধর্ম্মই স্ত্রীলোকদিগের সনাতন ধর্ম্ম। সুতরাং স্ত্রীলোকের পক্ষে পতিই দেবতা এবং পতিই গতি। অতএব কোন্ স্ত্রীলোক সেই পতির অপ্রিয় আচরণ করে? ॥৩৫॥

আমি কোন বিষয়েই পতিদিগকে অতিক্রম করি না, বিশেষতঃ তাঁহা-দিগকে অতিক্রম করিয়া ভোজন করি না বা অলঙ্কার পরিধান করি না; আর কখনও শ্বশ্রূদেবীর নিন্দা করি না এবং গৃহকার্য্যে সর্বদা নিযন্ত্রিত থাকি ॥৩৬॥

ভাগ্যবতি! আমার গৃহকার্য্যের প্রতি একাগ্রতা ও সর্বদা উদ্যোগ এবং গুরুশুশ্রূষার গুণেই ভর্ত্তারা আমার বশীভূত হইয়া রহিয়াছেন ॥৩৭॥

(৩৫)…স দেবঃ সা গতির্নান্যা…বা ব কা,…সা গতির্মান্যা…পি।

নিত্যমার্য্যামহং কুন্তীং বীরসূং সত্যবাদিনীম্।
স্বয়ং পরিচরাম্যেতাং পানাচ্ছাদনভোজনৈঃ ॥৩৮॥
নৈনামতিশয়ে জাতু বস্ত্রভূষণভোজনৈঃ।
নাপি পরিবদে চাহং তাং পৃথাং পৃথিবীসমাম্ ॥৩৯॥
অষ্টাবগ্রে ব্রাহ্মণানাং সহস্রাণি স্ম নিত্যদা।
ভুঞ্জতে রুক্মপাত্রীষু যুধিষ্ঠিরনিবেশনে ॥৪০॥
অষ্টাশীতিসহস্রাণি স্নাতকা গৃহমেধিনঃ।
ত্রিংদ্দাসীক একৈকো যান্ বিভর্ত্তি যুধিষ্ঠিরঃ ॥৪১॥
দশান্যানি সহস্রাণি যেষামন্নং সুসংস্কৃতম্।
হ্রিয়তে রুক্মপাত্রীভির্যতীনামূর্দ্ধরেতসাম্ ॥৪২॥
তান্ সর্বানগ্রহারেণ ব্রাহ্মণান্ বেদবাদিনঃ।
যথার্হং পূজয়ামি স্ম পানাচ্ছাদনভোজনৈঃ ॥৪৩॥

ভারতকৌমুদী

নিত্যমিতি। আর্য্যাং মান্যাম্, বীরসূং বীরপ্রসবিনীম্। স্বয়ং ন পুনরন্যদ্বারা ॥৩৮॥
নেতি। অতিশয়ে অতিক্রামামি, জাতু কদাচিৎ। পরিবদে নিন্দামি ॥৩৯॥
অষ্টাবিতি। অগ্রে অন্যেষাং বুভুক্ষূণাং পূর্ব্বম্। রুক্মপাত্রীষু স্বর্ণভাজনেষু ॥৪০॥
অষ্টেতি। স্নাতকা নিত্যস্নাতব্রতিনঃ, গৃহমেধিনো গৃহস্থাঃ ॥৪১॥
দশেতি। সুসংস্কৃতং সুষ্ঠুপক্বম্। হ্রিয়তে নীয়তে স্ম পরিবেশকৈঃ ॥৪২॥
তানিতি। অগ্রহারেণ সর্ব্বাগ্রভাগোত্থাপনেন। যথার্হং যথাযোগ্যম্ ॥৪৩॥

আমি সর্বদা নিজেই পান, ভোজন ও বসনাদি দ্বারা বীরপ্রসবিনী ও সত্যবাদিনী আর্য্যা কুন্তীদেবীর পরিচর্য্যা করিয়া থাকি ॥৩৮॥

আমি বসন, ভূষণ ও ভোজনাদিদ্বারা কখনও কুন্তীদেবীর অতিক্রম করি না বা তাঁহার নিন্দা করি না। কারণ, তিনি আমার নিকট পৃথিবীর তুল্য মাননীয়া ॥৩৯॥

পূর্বে মহারাজ যুধিষ্ঠিরের গৃহে প্রত্যহ প্রথমে আট হাজার ব্রাহ্মণ স্বর্ণপাত্রে ভোজন করিতেন ॥৪০॥

মহারাজ যুধিষ্ঠির যাঁহাদের ভরণ-পোষণ করিতেন, এইরূপ অষ্টাশী হাজার নিত্যস্নায়ী গৃহস্থ ব্রাহ্মণ ছিলেন; তাঁহাদের আবার প্রত্যেকেরই ত্রিশটী করিয়া দাসী ছিল ॥৪১॥

পরিবেশকেরা স্বর্ণপাত্রে করিয়া যে সকল ব্রহ্মচারীদের জন্য পক্ব অন্ন লইয়া যাইত, সেইরূপ আর দশ হাজার ব্রহ্মচারী ছিলেন ॥৪২॥

শতং দাসীসহস্রাণি কৌন্তেয়স্য মহাত্মনঃ।
কম্বুকেয়ূরধারিণ্যো নিষ্ককণ্ঠ্যঃ স্বলঙ্কৃতাঃ ॥৪৪॥
মহার্হমাল্যাভরণাঃ সবর্ণাশ্চন্দনোক্ষিতাঃ।
মণীন্ হেম চ বিভ্রত্যো নৃত্যগীতবিশারদাঃ ॥৪৫॥
তাসাং নাম চ রূপঞ্চ ভোজনাচ্ছাদনানি চ।
সর্বাসামেব বেদাহং কর্ম্ম চৈব কৃতাকৃতম্ ॥৪৬॥
শতং দাসীসহস্রাণি কুন্তীপুত্রস্য ধীমতঃ।
পাত্রীহস্তা দিবারাত্রমতিথীন্ ভোজয়ন্ত্যুত ॥৪৭॥
শতমশ্বসহস্রাণি দশ নাগাযুতানি চ।
যুধিষ্ঠিরস্যানুযাত্রমিন্দ্রপ্রস্থনিবাসিনঃ ॥৪৮॥

ভারতকৌমুদী

শতমিতি। কম্ববঃ শঙ্খবলয়ানি। নিষ্কাণি স্বর্ণমাল্যানি কণ্ঠে যাসাং তাঃ ॥৪৪॥
মহেতি। সবর্ণাঃ ক্ষত্রিয়জাতয়ঃ সৈরিন্ধ্রীরূপা আসন্নিতি শেষঃ ॥৪৫॥
তাসামিতি। রূপমাকৃতিম্। বেদ জানামি স্ম ॥৪৬॥
শতমিতি। কুন্তীপুত্রস্য যুধিষ্ঠিরস্য। পাত্রীহস্তাঃ খাদ্যদ্রব্যভাজনহস্তাঃ ॥৪৭॥
শতমিতি। যাত্রামনু লক্ষ্যীকৃত্য গতানীত্যনুযাত্রং বিহারযাত্রায়ামপ্যনুগামীনি ॥৪৮॥

খাদ্য, পেয় ও বস্ত্রের অগ্রভাগ তুলিয়া তুলিয়া তাহাদ্বারা আমি সেই সকল বেদবাদী ব্রাহ্মণগণের যথাযোগ্য পূজা করিতাম ॥৪৩॥

মহাত্মা যুধিষ্ঠিরের একলক্ষ দাসী ছিল; তাহারা সকলেই হস্তে শঙ্খবলয় ও কেয়ূর এবং কণ্ঠে স্বর্ণহারদ্বারা সম্যক্ অলঙ্কৃত থাকিত ॥৪৪॥

আর যাহারা মহামূল্য মাল্য, অলঙ্কার, মণি ও স্বর্ণ ধারণ করিত, চন্দনে চর্চ্চিত থাকিত এবং নৃত্য ও গীত ভাল জানিত, এইরূপ অনেক ক্ষত্রিয়জাতীয় মহিলা ছিল ॥৪৫॥

আমি তাহাদের সকলেরই নাম, রূপ, কে কি খায়, কে কি পরে এবং কে কোন্ কার্য্য করিয়াছে বা না করিয়াছে, তাহা জানিতাম ॥৪৬॥

ধীমান্ যুধিষ্ঠিরের একলক্ষ দাসী ছিল; তাহারা খাদ্যবস্তুর পাত্র হাতে লইয়া দিবারাত্র অতিথিদিগকে ভোজন করাইত ॥৪৭॥

মহারাজ যুধিষ্ঠির যখন ইন্দ্রপ্রস্থে বাস করিতেন, তখন তাঁহার বিহারযাত্রার সময়েও লক্ষ অশ্ব এবং লক্ষ হস্তী অনুগমন করিত ॥৪৮॥

(৪৫)···সুবস্ত্রাশ্চন্দনোক্ষিতাঃ··· পি,···সুবর্ণাশ্চন্দনোক্ষিতাঃ···নি।

এতদাসীত্তদা রাজ্ঞো যন্মহীং পর্য্যপালয়ৎ।
যেষাং সংখ্যাং বিধিঞ্চৈব প্রদিশামি শৃণোমি চ ॥৪৯॥
অন্তঃপুরাণাং সর্ব্বেষাং ভৃত্যানাঞ্চৈব সর্ব্বশঃ।
আগোপালাবিপালেভ্যঃ সর্ব্বং বেদ কৃতাকৃতম্ ॥৫০॥
সর্ব্বং রাজ্ঞঃ সমুদয়মায়ঞ্চ ব্যয়মেব চ।
একাহং বেদ্মি কল্যাণি! পাণ্ডবানাং যশস্বিনি! ॥৫১॥
ময়ি সর্ব্বং সমাসজ্য কুটুম্বং ভরতর্ষভাঃ।
উপাসনরতাঃ সর্ব্বে ঘটন্তি স্ম বরাননে! ॥৫২॥
তমহং ভারমাসক্তমনাধৃষ্যং দুরাত্মভিঃ।
সুখং সর্ব্বং পরিত্যজ্য রাত্র্যহানি ঘটামি বৈ ॥৫৩॥
অধৃষ্যং বরুণস্যেব নিধিপূর্ণমিবোদধিম্।
একাহং বেদ্মি কোষং বৈ পতীনাং ধর্ম্মচারিণাম্ ॥৫৪॥

ভারতকৌমুদী

এতদিতি। যদ্‌যদা। বিধিং কর্ত্তব্যম্, প্রদিশামি নির্দ্দিশামি স্ম ॥৪৯॥
অন্তরিতি। গোপালাশ্চ অবিপালা মেষপালাশ্চ তেভ্য আ আরভ্য, বেদ বেদ্মি স্ম ॥৫০॥
সর্ব্বমিতি। সমুদয়ং সমৃদ্ধিম্। বেদ্মি জানামি স্ম ॥৫১॥
ময়ীতি। সমাসজ্য বিন্যস্য, কুটুম্বং পোষ্যবর্গম্। ঘটন্তি স্ম মিলিতা অভবন্ ॥৫২॥
তমিতি। অনাধৃষ্যং প্রসহ্যানপহার্য্যম্। ঘটামি বহামি স্ম ॥৫৩॥
অধৃষ্যমিতি। এক ইবশব্দো বাক্যালঙ্কারে। কোষং ধনভাণ্ডম্ ॥৫৪॥

মহারাজ যুধিষ্ঠির যখন পৃথিবী পালন করিতেন, তখন তাঁহার এই সমস্ত ছিল; যে গুলির সংখ্যা ও কর্ত্তব্যনির্দ্দেশ আমি করিতাম এবং শুনিতাম ॥৪৯॥

অন্তঃপুরবাসী সমস্ত লোক এবং গোরক্ষক ও মেষরক্ষক হইতে আরম্ভ করিয়া সমস্ত ভৃত্য যাহা করিত বা না করিত, সে সমস্তই আমি জানিতাম ॥৫০॥

কল্যাণি! যশস্বিনি! সত্যভামে! রাজার সমস্ত সম্পত্তি, আয় ও ব্যয়ের বিষয় পাণ্ডবগণের মধ্যে একমাত্র আমিই জানিতাম ॥৫১॥

বরাননে! ভরতশ্রেষ্ঠ পাণ্ডবেরা আমার উপরে সমস্ত পোষ্যবর্গের ভার ন্যস্ত করিয়া সকলেই সম্মিলিত হইয়া ধর্ম্মোপাসনায় ব্যাপৃত হইতেন ॥৫২॥

আমার উপরে যে ভার ন্যস্ত ছিল, তাহা দুরাত্মারা বলপূর্ব্বক লইতে পারিত না; আমি কিন্তু সমস্ত সুখভোগ পরিত্যাগ করিয়া দিবারাত্র সেই ভার বহন করিতাম ॥৫৩॥

(৫২)...ঘটয়ন্তি বরাননে!—বা ব কা নি।

অনিশায়াং নিশায়াঞ্চ বিহায় ক্ষুৎপিপাসয়োঃ।
আরাধয়ন্ত্যাঃ কৌরব্যাংস্তুল্যা রাত্রিরহশ্চ মে ॥৫৫॥
প্রথমং প্রতিবুধ্যামি চরমং সংবিশামি চ।
নিত্যকালমহং সত্যে! এতৎ সংবননং মম ॥৫৬॥
এতজ্জানাম্যহং কর্ত্তুং ভর্ত্তৃসংবননং মহৎ।
অসৎস্ত্রীণাং সমাচারং নাহং কুর্য্যাং ন কাময়ে ॥৫৭॥
বৈশম্পায়ন উবাচ।
তচ্ছ্রুত্বা ধর্ম্মসহিতং ব্যাহৃতং কৃষ্ণয়া তদা।
উবাচ সত্যা সৎকৃত্য পাঞ্চালীং ধর্ম্মচারিণীম্ ॥৫৮॥

ভারতকৌমুদী

অনিশায়ামিতি। ক্ষুৎপিপাসয়োর্যাতনাং বিহায়েত্যর্থঃ। কৌরব্যান্ পাণ্ডবান্ ॥৫৫॥

আহতুঃ পার্থিবশ্রেষ্ঠং ধৃতরাষ্ট্রং জনাধিপম্ ॥৩॥
রমণীয়েষু দেশেষু ঘোষাঃ সম্প্রতি কৌরব ! ।
স্মারণে সময়ঃ প্রাপ্তো বৎসানামপি চাঙ্কনম্ ॥৪॥

ভারতকৌমুদী

ধৃতেতি। সর্বে কর্ণশকুনিদুর্য্যোধনাঃ। পৃষ্ট্বা স্থিতা ইতি শেষঃ। প্রচ্ছিদ্বিকর্ম্মকঃ ॥১॥

তত ইতি। তৈঃ কর্ণাদিভিঃ, বিহিতঃ—সভায়াং গত্বা রাজ্ঞঃ সমীপে এবং বক্তব্যমিত্যুপদিশ্য স্থাপিতঃ। বল্লবো গোপঃ। সমীপস্থা দ্বৈতবননিকটস্থা গাব ইতি ন্যবেদয়ৎ ॥২॥

অনন্তরমিতি। রাধেয়ঃ কর্ণঃ। আহতুঃ ব্রূতঃ স্ম ॥৩॥

রমেতি। ঘোষা গোপপল্ল্যঃ। স্মারণে গবাং সংখ্যাদিস্মরণসম্পাদনে ॥৪॥

বৈশম্পায়ন বলিলেন—ভরতনন্দন জনমেজয়! তাহার পর কর্ণ, শকুনি ও দুর্য্যোধন যাইয়া ধৃতরাষ্ট্রের সহিত দেখা করিলেন এবং তাঁহারা রাজার মঙ্গল জিজ্ঞাসা করিলে রাজাও তাঁহাদের মঙ্গল জিজ্ঞাসা করিলেন ॥১॥

তাহার পর তাঁহাদেরই পূর্বনির্দ্ধারিত 'সমঙ্গ-' নামক একজন গোপাল উপস্থিত হইয়া রাজাকে জানাইল যে, তখন রাজার গোসমূহ দ্বৈতবনের নিকট রহিয়াছে ॥২॥

নরনাথ! তৎপরে কর্ণ ও শকুনি রাজশ্রেষ্ঠ ধৃতরাষ্ট্রকে বলিলেন—॥৩॥

'কৌরবরাজ! সম্প্রতি গোপপল্লীগুলি অতিমনোহর স্থানে সন্নিবেশিত হইয়াছে এবং গোসমূহের সংখ্যাপ্রভৃতি স্মরণ করিবার ও বৎসগুলিকে অঙ্কিত করিবার সময়ও উপস্থিত হইয়াছে ॥৪॥

---

(৪)···স্মারণাসময়ঃ প্রাপ্তঃ···পি।

মৃগয়া চোচিতা রাজন্! অস্মিন্ কালে সুতস্য তে।
দুর্য্যোধনস্য গমনং সমনুজ্ঞাতুমর্হসি ॥৫॥

ধৃতরাষ্ট্র উবাচ।

মৃগয়া শোভনা তাত! গবাং হি সমবেক্ষণম্।
বিশ্রম্ভস্তু ন গন্তব্যো বল্লবানামিতি স্মরে ॥৬॥
তে তু তত্র নরব্যাঘ্রাঃ সমীপ ইতি নঃ শ্রুতম্।
অতো নাভ্যনুজানামি গমনং তত্র বঃ স্বয়ম্ ॥৭॥
ছদ্মনা নির্জ্জিতাস্তে তু কর্ষিতাশ্চ মহাবনে।
তপোনিত্যাশ্চ রাধেয়! সমর্থাশ্চ মহারথাঃ ॥৮॥
ধর্ম্মরাজো ন সংক্রুধ্যেদ্ভীমসেনস্ত্বমর্ষণঃ।
যজ্ঞসেনস্য দুহিতা তেজ এব তু কেবলম্ ॥৯॥

ভারতকৌমুদী

মৃগয়েতি। অস্মিন্ কালে, তত্র মৃগাণাং সৌলভ্যাদিতি ভাবঃ ॥৫॥

মৃগয়েতি। গবাং সমবেক্ষণঞ্চ শোভনমিতি শেষঃ। কিন্তু বল্লবানাং গোপানামুপরি বিশ্রম্ভো বিশ্বাসো ন গন্তব্যো ন কর্ত্তব্যঃ, তেষাং পাণ্ডবপ্রেরিতত্বসম্ভবাদিত্যাশয়ঃ ॥৬॥

ত ইতি। তে পাণ্ডবাঃ। স্বয়ং বো যুষ্মাকং গমনং নাভ্যনুজানামি, কিন্তু কর্ম্মচারিণাম্ ॥৭॥

ছদ্মনেতি। কর্ষিতা দুঃখেন। সমর্থাস্তপোবলাদ্দৃষ্ট্যাপি দগ্ধুং শক্তাঃ ॥৮॥

ভারতভাবদীপঃ

ধৃতরাষ্ট্রমিতি ॥১—৩॥ স্মারণে স্মরণহেতৌ কর্ম্মণি, গবাং সংখ্যাপূর্ব্বকং বয়োবর্ণজাতিনাম্নাং লেখনে, স্মারণাসময় ইতি গৌড়াঃ পঠন্তি ॥৪—৫॥ বিশ্রম্ভো বিশ্বাসো ন গন্তব্যো ন কর্ত্তব্যঃ, পাণ্ডবৈর্ব্বেদিতাস্তে কদাচিদ্যুষ্মাংস্তৎপুরতো নিষ্যন্দেনিষ্টং স্যাদিতি ভাবঃ ॥৬॥ তদেবাহ—

আর, রাজা! এই সময়ে আপনার পুত্রেরও মৃগয়া করা উচিত। সুতরাং আপনি সেস্থানে দুর্য্যোধনকে যাইবার অনুমতি করুন' ॥৫॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'বৎস! মৃগয়াও ভাল, গরুগুলির পর্য্যবেক্ষণ করাও উচিত। কিন্তু গোপগণের উপরে বিশ্বাস করা উচিত নহে; আমি ইহাই চিন্তা করি ॥৬॥

কারণ, আমাদের শুনা আছে যে, তাহার নিকটে নরশ্রেষ্ঠ পাণ্ডবেরা রহিয়াছে। অতএব সেখানে তোমাদের নিজেদের যাইবার অনুমতি আমি দিতে পারি না ॥৭॥

কেন না, কর্ণ! সেই মহারথেরা ছলে পরাজিত হইয়াছে, মহাবনে দুঃখ ভোগ করিতেছে এবং সর্ব্বদা তপস্যা করিতেছে; সুতরাং তাহারা তোমাদিগকে পরাভূত করিতে সমর্থ হইবে ॥৮॥

যূয়ঞ্চাপ্যপরাধ্যেয়ুর্দর্পমোহসমন্বিতাঃ।
ততো বিনির্দ্দহেয়ুস্তে তপসা হি সমন্বিতাঃ ॥১০॥
অথবা সায়ুধা বীরা মন্যুনাভিপরিপ্লুতাঃ।
সহিতা বদ্ধনিস্ত্রিংশা দহেয়ুঃ শস্ত্রতেজসা ॥১১॥
অথ যূয়ং বহুত্বাত্তানভিযাত কথঞ্চন।
অনার্য্যং পরমং তৎ স্যাদশক্যং তচ্চ মে মতম্ ॥১২॥
উষিতো হি মহাবাহুরিন্দ্রলোকে ধনঞ্জয়ঃ।
দিব্যান্যস্ত্রাণ্যবাপ্যাথ ততঃ প্রত্যাগতো বনম্ ॥১৩॥
অকৃতাস্ত্রেণ পৃথিবী জিতা বীভৎসুনা পুরা।
কিং পুনঃ স কৃতাস্ত্রোঽদ্য ন হন্যাদ্বো মহারথঃ ॥১৪॥

ভারতকৌমুদী

ধর্ম্মেতি। ন সংক্রুধ্যেৎ সহিষ্ণুত্বাৎ। অমর্ষণঃ কোপনঃ। তেজো বহ্নিরেব ॥৯॥
নন্বপরাধাভাবে কথং তে অপকুর্য্যুরিত্যাহ যূয়মিতি। তে পাণ্ডবাঃ ॥১০॥
অথবেতি। মন্যুনা ক্রোধেন। সহিতা মিলিতাঃ, বদ্ধনিস্ত্রিংশা ধৃতকৃপাণাঃ ॥১১॥
অথেতি। অভিযাত আক্রমিতুং গচ্ছত। অনার্য্যং নীচলোকোচিতম্ ॥১২॥
অশক্যত্বে কারণমাহ উষিত ইতি। উষিতঃ স্থিতঃ। অবাপ্য শিক্ষিত্বা ॥১৩॥
অকৃতেতি। অকৃতাস্ত্রেণ অশিক্ষিতদেবাস্ত্রেণাপি, বীভৎসুনা অর্জ্জুনেন ॥১৪॥

তবে, যুধিষ্ঠির ক্রুদ্ধ হইবেন না; কিন্তু ভীমসেন কোপনস্বভাব এবং দ্রৌপদী ত সাক্ষাৎ অগ্নিই ॥৯॥

তার পর তোমরা দর্প ও মোহশালী; সুতরাং অবশ্যই অপরাধ করিবে; তাহাতে তাহারা তোমাদিগকে দগ্ধ করিয়া ফেলিবে। কারণ, তাহারা এখন তপস্বী ॥১০॥

অথবা তাহারা বীর এবং ক্রোধে অধীর হইয়া রহিয়াছে; সুতরাং তাহারা তরবারি ও অন্যান্য অস্ত্র লইয়া সম্মিলিত হইয়া যাইয়া অস্ত্রতেজেও তোমাদিগকে দগ্ধ করিতে পারিবে ॥১১॥

পক্ষান্তরে তোমরা সংখ্যায় বহুতর বলিয়া যদি কোন প্রকারে তাহাদিগকে আক্রমণ করিতে যাও, তবে সেটাও অত্যন্ত নীচলোকের কার্য্য হইবে এবং তাহা পারিবে বলিয়াও আমার মনে হয় না ॥১২॥

কারণ, মহাবাহু অর্জ্জুন ইন্দ্রলোকে থাকিয়া স্বর্গীয় অস্ত্র শিক্ষা করিয়া সে স্থান হইতে বনে ফিরিয়া আসিয়াছে ॥১৩॥

যে অর্জ্জুন পূর্ব্বে দেবাস্ত্র শিক্ষা না করিয়াও পৃথিবী জয় করিয়াছিল, সেই

অথবা মদ্বচঃ শ্রুত্বা তত্র যত্তা ভবিষ্যথ।
উদ্বিগ্নবাসা বিস্রব্ধা দুঃখং তত্র গমিষ্যথ ॥১৫॥
অথবা সৈনিকাঃ কেচিদপকুর্য্যুর্যুধিষ্ঠিরম্।
তদবুদ্ধিকৃতং কর্ম্ম দোষমুৎপাদয়েচ্চ বঃ ॥১৬॥
তস্মাদ্‌গচ্ছন্তু পুরুষাঃ স্মারণায়াপ্তকারিণঃ।
ন স্বয়ং তত্র গমনং রোচয়ে তব ভারত ! ॥১৭॥

শকুনিরুবাচ।

ধর্ম্মজ্ঞঃ পাণ্ডবো জ্যেষ্ঠঃ প্রতিজ্ঞাতশ্চ সংসদি।
তেন দ্বাদশ বর্ষাণি বস্তব্যানীতি ভারত ! ॥১৮॥

ভারতকৌমুদী

অথবেতি। যত্তা অবিরোধে যত্নবন্তঃ। উদ্বিগ্ন উদ্বেগসহকৃতো বাসো যেষাং তে, বিস্রব্ধাঃ পাণ্ডবেষু বিশ্বস্তা অপি যূয়ং তত্র দুঃখং গমিষ্যথ প্রাপ্স্যথ উদ্বেগাদেব ॥১৫॥

অথবেতি। দোষম্ অপরাধম্, বো যুষ্মাকম্ ॥১৬॥

তস্মাদিতি। পুরুষা রাজপুরুষাঃ, আপ্তকারিণো বিশ্বস্তাঃ ॥১৭॥

ধর্ম্মজ্ঞ ইতি। অপরবনবাসিবৎ হিংসাদিবর্জ্জনেনৈব বস্তব্যানীতি ভাবঃ ॥১৮॥

ভারতভাবদীপঃ

তে স্থিতি ॥৭—৮॥ তেজোঽগ্নিরেব ॥৯—১২॥ অশক্যত্বমেবাহ—উষিতোঽহীতি ॥১৩—১৪॥ উদ্বিগ্নবাস ইতি। বনবাসেনোদ্বিগ্নেষু পাণ্ডবেষু বিশ্রম্ভাৎ সত্যব্রতা এতে নাস্মান্ বাধিষ্যন্ত ইতি বিশ্বাসাদ্‌যো ভবতাং বাসঃ স দুঃখং দুঃখদো ভবিষ্যতি। পূর্ব্বাপকৃতে বিশ্বাসো ন কর্ত্তব্য ইত্যর্থঃ ॥১৫॥ পক্ষান্তরমাহ—অথবেতি ॥১৬—১৭॥ দ্বয়মপি দূষয়তি—ধর্ম্মজ্ঞ ইত্যাদিনা

অর্জ্জুনই আজ দেবাস্ত্রেও শিক্ষিত হইয়াছে; সুতরাং সে কি তোমাদিগকে সংহার করিতে পারিবে না? ॥১৪॥

তার পর তোমরা আমার কথা শুনিয়া যদি সেখানে বিরোধ না করার পক্ষে যত্নবান্‌ও থাক এবং পাণ্ডবদের উপরে বিশ্বাসও কর, তথাপি উদ্বেগেই বাস করিবে; সুতরাং দুঃখভোগই করিবে ॥১৫॥

পক্ষান্তরে তোমাদের কোন সৈন্য যদি যুধিষ্ঠিরের কোন অপকার করে, তবে সেই অজ্ঞানকৃত কার্য্যই তোমাদের অপরাধ জন্মাইবে ॥১৬॥

অতএব ভরতনন্দন দুর্য্যোধন! গোসমূহের সংখ্যাপ্রভৃতি করিবার জন্য বিশ্বস্ত কর্ম্মচারীরাই গমন করুক; কিন্তু তোমাদের নিজেদের সেখানে গমন করা আমার অভিপ্রেত নহে' ॥১৭॥

---

(১৫)... উদ্বিগ্নবাসো বিস্রব্ধাদদুঃখং তত্র ভবিষ্যথ—বা ব কা পি।

অনুবৃত্তাশ্চ তং সর্ব্বে পাণ্ডবা ধর্ম্মচারিণঃ।
যুধিষ্ঠিরস্তু কৌন্তেয়ো ন নঃ কোপং করিষ্যতি ॥১৯॥
মৃগয়াঞ্চৈব নো গন্তুমিচ্ছা সংবর্ত্ততে ভৃশম্।
স্মারণাস্তু চিকীর্ষামো ন তু পাণ্ডবদর্শনম্ ॥২০॥
ন চানার্য্যসমাচারঃ কশ্চিত্তত্র ভবিষ্যতি।
ন চ তত্র গমিষ্যামো যত্র তেষাং প্রতিশ্রয়ঃ ॥২১॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্তঃ শকুনিনা ধৃতরাষ্ট্রো জনেশ্বরঃ।
দুর্য্যোধনং সহামাত্যমনুজজ্ঞে ন কামতঃ ॥২২॥
অনুজ্ঞাতস্তু গান্ধারিঃ কর্ণেন সহিতস্তদা।
নির্যযৌ ভরতশ্রেষ্ঠো বলেন মহতা বৃতঃ ॥২৩॥
দুঃশাসনেন চ তথা সৌবলেন চ ধীমতা।
সংবৃতো ভ্রাতৃভিশ্চান্যৈঃ স্ত্রীভিশ্চাপি সহস্রশঃ ॥২৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অন্বিতি। অনুবৃত্তা অনুসৃতাঃ। নঃ অস্মাকমুপরি ॥১৯॥

মৃগয়ামিতি। নঃ অস্মাকম্। স্মারণাং গবাং সংখ্যাদিম্ ॥২০॥

নেতি। অনার্য্যসমাচারঃ বহুভিরস্মাক্রমণরূপো নীচজনব্যবহারঃ ॥২১॥

এবমিতি। সহামাত্যম্, যেনামাত্যা দুর্ব্যবহারান্নিবারয়েয়ুরিতি ভাবঃ ॥২২॥

অন্বিতি। গান্ধার্য্যা অপত্যমিতি গান্ধারির্দুর্য্যোধনঃ, "বাহ্বাদেশ্চ বিধীয়তে" ইতি গান্ধারীশব্দাদিণ্। সৌবলেন শকুনিনা। সংবৃতো নির্যযাবিতি পূর্ব্বেণান্বয়ঃ ॥২৩—২৪॥

শকুনি বলিল—'ভরতনন্দন। যুধিষ্ঠির ধর্ম্মজ্ঞ; বিশেষতঃ তিনি বার বৎসর বনে বাস করিবেন বলিয়া সভার মধ্যে প্রতিজ্ঞা করিয়া গিয়াছেন ॥১৮॥

এবং ধর্ম্মচারী অপর সকল পাণ্ডবও তাঁহার অনুসরণই করিয়া থাকে। কিন্তু কুন্তীনন্দন যুধিষ্ঠির আমাদের উপরে ক্রোধ করিবেন না ॥১৯॥

তা'র পর, আমাদেরও মৃগয়ায় যাইবার জন্যই বিশেষ ইচ্ছা চলিতেছে এবং আমরা গোসমূহের সংখ্যাপ্রভৃতিই করিতে ইচ্ছা করি, কিন্তু পাণ্ডবদের দর্শন নহে ॥২০॥

আর, নীচলোকের কোন ব্যবহারও সেখানে হইবে না এবং যেখানে পাণ্ডবদের বাস রহিয়াছে, সেখানে আমরা যাইবও না' ॥২১॥

বৈশম্পায়ন বলিলেন—শকুনি এইরূপ বলিলে, রাজা ধৃতরাষ্ট্র অনিচ্ছা-সত্ত্বেই মন্ত্রিবর্গের সহিত দুর্য্যোধনের গমনে অনুমতি দিলেন ॥২২॥

তং নির্যান্তং মহাবাহুং দ্রষ্টুং দ্বৈতবনং সরঃ।
পৌরাশ্চানুযযুঃ সর্বে সহদারা বনঞ্চ তৎ ॥২৫॥
অষ্টৌ রথসহস্রাণি ত্রীণি নাগাযুতানি চ।
পত্তয়ো বহুসাহস্রা হয়াশ্চ নবতিঃ শতাঃ ॥২৬॥
শকটাপণবেশাশ্চ বণিজো বন্দিনস্তথা।
নরাশ্চ মৃগয়াশীলাঃ শতশোঽথ সহস্রশঃ ॥২৭॥ (বিশেষকম্)
ততঃ প্রয়াণে নৃপতেঃ সুমহানভবৎ স্বনঃ।
প্রাবৃষীব মহাবায়োরুদ্ধতস্য বিশাংপতে! ॥২৮॥
গব্যূতিমাত্রে ন্যবসদ্রাজা দুর্য্যোধনস্তদা।
প্রয়াতো বাহনৈঃ সর্বৈস্ততো দ্বৈতবনং সরঃ ॥২৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্বণি ঘোষযাত্রায়াং দুর্য্যোধনদ্বৈতবনগমনে দ্ব্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—০ঃ(*)ঃ০—

ভারতকৌমুদী

তমিতি। দ্বৈতবনং নাম তৎ সরো বনঞ্চ দ্রষ্টুমিতি সম্বন্ধঃ। দারৈঃ সহেতি সহদারাঃ পৌরাঃ। নাগা হস্তিনঃ, পত্তয়ঃ পদাতয়ঃ, হয়া অশ্বাঃ। শকটানি ভারবাহিনো যানবিশেষাঃ, আপণাঃ ক্রয়বিক্রয়গৃহাণি, বেশা বেশ্যালয়াশ্চ ॥২৫—২৭॥

তত ইতি। প্রাবৃষি বর্ষাকালে, উদ্ধতস্য প্রবলবেগস্য ॥২৮॥

ধৃতরাষ্ট্র অনুমতি করিলে, ভরতশ্রেষ্ঠ দুর্য্যোধন—কর্ণ, দুঃশাসন, অন্যান্য ভ্রাতা ও ধীমান্ শকুনির সহিত মিলিত হইয়া, সহস্র সহস্র স্ত্রীলোক সঙ্গে করিয়া, বিশাল সৈন্য লইয়া রাজধানী হইতে নির্গত হইলেন ॥২৩—২৪॥

মহাবাহু দুর্য্যোধন 'দ্বৈতবন'-নামক সেই বন ও সরোবর দেখিবার জন্য নির্গত হইলে, পুরবাসীরা সকলেও আপন আপন ভার্য্যার সহিত তাঁহার অনুগমন করিল এবং আট হাজার রথ, ত্রিশ হাজার হাতী, নয় হাজার ঘোড়া, বহুসহস্র পদাতি, গাড়ী, দোকান, বেশ্যা, বণিক্, স্তুতিপাঠক এবং শত শত ও সহস্র সহস্র মৃগয়াকারী লোক তাঁহার অনুসরণ করিতে লাগিল ॥২৫—২৭॥

নরনাথ! তাহার পর, রাজার প্রস্থানের সময়ে বর্ষাকালে উদ্ধত মহাবায়ুর শব্দের ন্যায় অতি গুরুতর কোলাহল হইতে থাকিল ॥২৮॥

রাজা দুর্য্যোধন সেই দিন হস্তিনা হইতে দুই ক্রোশমাত্র দূরে যাইয়া

* '... পঞ্চত্রিংশদধিকদ্বিশততমঃ ...' পি, '... অষ্টত্রিংশদধিকদ্বি ...' বা ব, '... উনচত্বারিংশদধিকদ্বি ...' কা, 'চত্বারিংশদধিকদ্বি ...' নি।

ত্র্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

——:(*):——

বৈশম্পায়ন উবাচ।

অথ দুর্য্যোধনো রাজা তত্র তত্র বনে বসন্।
জগাম ঘোষানভিতস্ততশ্চক্রে নিবেশনম্ ॥১॥
রমণীয়ে সমাজ্ঞাতে সোদকে সমহীরুহে।
দেশে সর্ব্বগুণোপেতে চক্রুরাবসথান্ নরাঃ ॥২॥
তথৈব তৎসমীপস্থান্ পৃথগাবসথান্ বহূন্।
কর্ণস্য শকুনেশ্চৈব ভ্রাতৃণাঞ্চৈব সর্ব্বশঃ ॥৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

গব্যূতীতি। গব্যূতিমাত্রে হস্তিনাতঃ ক্রোশদ্বয়মাত্রব্যবহিতে স্থানে প্রথমদিনে ন্যবসৎ ॥২৯॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি ঘোষযাত্রায়াং দ্ব্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

——:(০):——

অথেতি। ঘোষান্ গোপপল্লীঃ, অভিতঃ সমীপে, "তসোভয়াভিপরিসর্বৈঃ" ইতি দ্বিতীয়া ॥১॥

রমণীয় ইতি। সমাজ্ঞাতে সম্যগবগতে, অন্যথা ভূদোষাদ্যাধিসম্ভাবনেতি ভাবঃ। সোদকে সজলে। আবসথান্ বাসভবনানি। সর্ব্বশঃ সর্বেষাম্ ॥২—৩॥

ভারতভাবদীপঃ

॥১৮—২৬॥ শকটাঃ ভারবাহান্যনাংসি, আপণাঃ পণ্যানি, বেশো বেশ্যাজনাশ্রয়ঃ ॥২৭—২৮॥ গব্যূতিঃ ক্রোশদ্বয়ম্ ॥২৯॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্ব্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২০২॥

অবস্থান করিলেন, তাহার পর সমস্ত বাহনের সহিত দ্বৈতবনে প্রস্থান করিলেন ॥২৯॥

——(০:*:০)——

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর রাজা দুর্য্যোধন সেই সেই বনে বাস করিয়া গোপালপল্লীর নিকট গমন করিলেন এবং তথায় বাসভবন নির্ম্মাণ করিলেন ॥১॥

আর ভৃত্যেরা তাঁহার বাসভবনেরই নিকটে মনোহর, সম্যক্‌পরীক্ষিত, জল ও বৃক্ষসমন্বিত এবং সর্বগুণসম্পন্ন স্থানে কর্ণ, শকুনি ও সকল ভ্রাতার জন্য পৃথক্ পৃথক্ বহুতর বাসভবন নির্ম্মাণ করিল ॥২—৩॥

দদর্শ স তদা গাবঃ শতশোঽথ সহস্রশঃ।
অঙ্কৈর্লক্ষৈশ্চ তাঃ সর্ব্বা লক্ষয়ামাস পার্থিবঃ ॥৪॥
অঙ্কয়ামাস বৎসাংশ্চ জজ্ঞে চোপসৃতাংস্তপি।
বালবৎসাশ্চ যা গাবঃ কালয়ামাস তা অপি ॥৫॥
অথ স স্মারণাং কৃত্বা লক্ষয়িত্বা ত্রিহায়ণান্।
বৃতো গোপালকৈঃ প্রীতো ব্যহরৎ কুরুনন্দনঃ ॥৬॥
স চ পৌরজনঃ সর্ব্বঃ সৈনিকাশ্চ সহস্রশঃ।
যথোপজোষং চিক্রীড়ুর্বনে তস্মিন্ যথামরাঃ ॥৭॥
ততো গোপাঃ প্রগাতারঃ কুশলা নৃত্যবাদনে।
ধার্ত্তরাষ্ট্রমুপাতিষ্ঠন্ কন্যাশ্চৈব স্বলঙ্কৃতাঃ ॥৮॥

ভারতকৌমুদী

দদর্শেতি। গাব ইতি আকারাদেশাভাব আর্ষঃ। অঙ্কৈশ্চিহ্নৈঃ, লক্ষৈঃ সংখ্যাভিঃ ॥৪॥
অঙ্কয়েতি। জজ্ঞে জ্ঞাতবান্, উপসৃতান্ শিক্ষাযোগ্যান্। কালয়ামাস সংখ্যাতবান্ ॥৫॥
অথেতি। স্মারণাম্ উক্তরূপং সংখ্যাদিকম্। ত্রিহায়ণান্ ত্রিবর্ষবয়স্কান্ ॥৬॥
স ইতি। যথোপজোষং যথাসুখম্, "তূষ্ণীমর্থে সুখে জোষম্" ইত্যমরঃ ॥৭॥
তত ইতি। প্রগাতারঃ প্রকৃষ্টগানকর্ত্তারঃ। উপাতিষ্ঠন্ অসেবন্ত ॥৮॥

ভারতভাবদীপঃ

অথেতি। চক্রে কৃতবান্ ॥১—৩॥ অঙ্কৈশ্চিহ্নৈঃ, লক্ষৈঃ সংখ্যানৈঃ। "লক্ষা নপুংসি সংখ্যায়া"মিতি মেদিনী ॥৪॥ জজ্ঞে জ্ঞাতবান্, উপসৃতান্ দমনার্হান্, বৎসতরান্ সমীপাগতান্ বা কালয়ামাস সংখ্যাতবান্ ॥৫॥ ত্রিহায়ণাংস্ত্রিবর্ষান্ বৃষান্, ব্যহরৎ বিজহার ॥৬॥ যথোপ-

তাহার পর রাজা দুর্য্যোধন শত শত ও সহস্র সহস্র গরু দর্শন করিলেন এবং সেই সকলগুলিকে চিহ্নিত করিলেন ও গণনা করিলেন ॥৪॥

বৎসগুলিকেও চিহ্নিত করিলেন, শিক্ষার যোগ্য গরুগুলিকে চিনিয়া লই-লেন এবং যে গরুগুলির বৎসসকল শিশু ছিল, সেগুলিরও সংখ্যা করিলেন ॥৫॥

এইভাবে দুর্য্যোধন গোসমূহের সংখ্যাপ্রভৃতি করিয়া এবং ত্রিবর্ষবয়স্ক গোসমূহকে পর্য্যবেক্ষণ করিয়া গোপগণে পরিবেষ্টিত হইয়া আনন্দিতচিত্তে বিচরণ করিতে লাগিলেন ॥৬॥

এবং সেই পুরবাসীরা ও সহস্র সহস্র সৈন্যেরা দেবতার ন্যায় সেই বনে যথাসুখে ক্রীড়া করিতে লাগিল ॥৭॥

তাহার পর নৃত্য, গীত ও বাদ্যে নিপুণ গোপগণ এবং সুন্দর অলঙ্কৃত গোপকন্যাগণ (নৃত্য-গীতাদিদ্বারা) দুর্য্যোধনের সেবা করিতে লাগিল ॥৮॥

স স্ত্রীগণাবৃতো রাজা প্রহৃষ্টঃ প্রদদৌ বসু।
তেভ্যো যথার্হমন্নানি পানানি বিবিধানি চ ॥৯॥
ততস্তে সহিতাঃ সর্ব্বে তরক্ষূন্ মহিষান্ মৃগান্।
গবয়র্ক্ষবরাহাংশ্চ সমন্তাৎ পর্য্যকালয়ন্ ॥১০॥
স তান্ শরৈর্বিনির্ভিদ্য গজাংশ্চ সুবহূন্ বনে।
রমণীয়েষু দেশেষু গ্রাহয়ামাস বৈ মৃগান্ ॥১১॥
গোরসানুপযুঞ্জান উপভোগাংশ্চ ভারত !।
পশ্যন্ স রমণীয়ানি বনান্যুপবনানি চ।
মত্তভ্রমরজুষ্টানি বর্হিণাভিরুতানি চ ॥১২॥
অগচ্ছদানুপূর্ব্ব্যেণ পুণ্যং দ্বৈতবনং সরঃ।
ঋদ্ধ্যা পরময়া যুক্তো মহেন্দ্র ইব বজ্রভৃৎ ॥১৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স ইতি। বসু ধনম্। যথার্হং যথাযোগ্যম্ ॥৯॥
তত ইতি। সহিতাঃ সম্মিলিতাঃ। তরক্ষূন্ ব্যাঘ্রবিশেষান্। ঋক্ষা ভল্লুকাঃ ॥১০॥
স ইতি। গ্রাহয়ামাস অনুচরৈর্ধারয়ামাস ॥১১॥
গবিতি। গোরসান্ দুগ্ধানি, উপযুঞ্জানঃ পিবন্, নানাসুখানামুপভোগাংশ্চ কুর্ব্বন্নিতি শেষঃ। বর্হিণাভিরুতানি ময়ূরশব্দিতানি। ষট্পাদোঽয়ং শ্লোকঃ। আনুপূর্ব্ব্যেণ ক্রমেণ। ঋদ্ধ্যা সম্পদা সম্পদনুরূপাড়ম্বরেণেত্যর্থঃ ॥১২—১৩॥

তখন স্ত্রীগণবেষ্টিত রাজা দুর্য্যোধন আনন্দিত হইয়া তাহাদিগকে যথাযোগ্য ধন, অন্ন ও নানাবিধ পানীয় দান করিলেন ॥৯॥

তদনন্তর তাঁহারা সকলে সম্মিলিত হইয়া সকল দিক্ হইতে ব্যাঘ্র, মহিষ, মৃগ, গবয়, ভল্লুক ও শূকর বধ করিলেন ॥১০॥

দুর্য্যোধনও বাণদ্বারা বনের ভিতরে সেই সকল পশুকে ও বহুতর হস্তীকে দবীর্ণ করিয়া অনুচরগণদ্বারা মনোহর স্থানে হরিণ ধরাইতে লাগিলেন ॥১১॥

ভরতনন্দন! ইন্দ্রের ন্যায় মহাসমৃদ্ধিসম্পন্ন মহারাজ দুর্য্যোধন গোদুগ্ধপান ও নানাবিধ উপভোগ করিতে থাকিয়া, মত্ত-ভ্রমর-সেবিত ও ময়ূরশব্দিত মনোহর বন ও উপবন সকল দর্শন করতঃ, ক্রমে পবিত্র দ্বৈতবনে গমন করিলেন ॥১২—১৩॥

(১৩) শ্লোকস্য পূর্ব্বার্দ্ধাৎ পরম্—'মত্তভ্রমরসংজুষ্টং নীলকণ্ঠরবাকুলম্। সপ্তচ্ছদসমাকীর্ণং পুন্নাগবকুলৈর্যুতম্ ॥' ইতি পাদচতুষ্টয়ং বা ব কা নি।

যদৃচ্ছয়া চ তত্রস্থো ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ।
ঈজে রাজর্ষিযজ্ঞেন সাদ্যস্কেন বিশাংপতে!।
দিব্যেন বিধিনা চৈব বন্যেন কুরুসত্তম! ॥১৪॥
কৃত্বা নিবেশমভিতঃ সরসস্তস্য কৌরব!।
দ্রৌপদ্যা সহিতো ধীমান্ ধর্ম্মপত্ন্যা নরাধিপঃ ॥১৫॥ (যুগ্মকম্)
ততো দুর্য্যোধনঃ প্রেষ্যানাদিদেশ সহস্রশঃ।
আক্রীড়াবসথাঃ ক্ষিপ্রং ক্রিয়ন্তামিতি ভারত! ॥১৬॥
তে তথেত্যেব কৌরব্যমুক্ত্বা বচনকারিণঃ।
চিকীর্ষন্তস্তদাক্রীড়ান্ জগ্মুর্দ্বৈতবনং সরঃ ॥১৭॥
প্রবিশন্তং বনদ্বারং গন্ধর্ব্বাঃ সমবারয়ন্।
সেনাগ্রং ধার্ত্তরাষ্ট্রস্য প্রাপ্তং দ্বৈতবনং সরঃ ॥১৮॥
তত্র গন্ধর্ব্বরাজো বৈ পূর্ব্বমেব বিশাংপতে!।
কুবেরভবনাদ্রাজন্! আজগাম গণাবৃতঃ ॥১৯॥

ভারতকৌমুদী

যদৃচ্ছয়েতি। যদৃচ্ছয়া বিশেষোদ্দেশাভাবেন। সাদ্যস্কেন তদাখ্যেন। বন্যেন ফলাদিনা। ষট্পাদোঽয়ং শ্লোকঃ। নিবেশং ভবনম্, অভিতঃ সমীপে, তস্য দ্বৈতবনাখ্যস্য ॥১৪—১৫॥
তত ইতি। প্রেষ্যান্ ভৃত্যান্। আক্রীড়াবসথাঃ ক্রীড়াগৃহাণি ॥১৬॥
ত ইতি। কৌরব্যং দুর্য্যোধনম্। চিকীর্ষন্তঃ কর্ত্তুমিচ্ছন্তঃ, আক্রীড়ান্ ক্রীড়াগৃহান্ ॥১৭॥
প্রেতি। সেনায়া অগ্রং সম্মুখভাগম্। প্রাপ্তমাগতম্ ॥১৮॥

কুরুশ্রেষ্ঠ নরনাথ! এদিকে ধর্ম্মপুত্র ও জ্ঞানী রাজা যুধিষ্ঠির সেখানে থাকিয়া সেই দ্বৈতবননামক সরোবরের নিকটে গৃহ নির্ম্মাণ করিয়া, ধর্ম্মপত্নী দ্রৌপদীর সহিত মিলিত হইয়া, নিষ্কামভাবে উত্তম বিধানে বন্য ফল-মূলাদিদ্বারা তখন ‘সাদ্যস্ক’-নামক রাজর্ষিযজ্ঞ করিতেছিলেন ॥১৪—১৫॥

ভরতনন্দন! তদনন্তর দুর্য্যোধন সহস্র সহস্র ভৃত্যকে আদেশ করিলেন যে, ‘তোমরা সত্বর বহুতর ক্রীড়াগৃহ নির্ম্মাণ কর’ ॥১৬॥

‘তাহাই হউক’ এই কথা দুর্য্যোধনকে বলিয়া সেই আজ্ঞাবাহী ভৃত্যেরা সেই ক্রীড়াগৃহ নির্ম্মাণ করিবার ইচ্ছায় দ্বৈতবনে গমন করিতে লাগিল ॥১৭॥

দুর্য্যোধনসৈন্যের সম্মুখভাগ দ্বৈতবনের নিকটে যাইয়া বনদ্বারে প্রবেশ করিবামাত্র গন্ধর্ব্বেরা তাহাদিগকে বারণ করিল ॥১৮॥

---

(১৪)···সাদ্যস্কেন বিশাংপতে!···পি। (১৮)···বনদ্বারি···সেনাগ্রাম্···কা নি।

গণৈরপ্সরসাঞ্চৈব ত্রিদশানাং তথাত্মজৈঃ।
বিহারশীলঃ ক্রীড়ার্থং তেন তৎ সংবৃতং সরঃ ॥২০॥ (যুগ্মকম্)
তেন তৎ সংবৃতং দৃষ্ট্বা তে রাজপরিচারকাঃ।
প্রতিজগ্মুস্ততো রাজন্! যত্র দুর্য্যোধনো নৃপঃ ॥২১॥
স তু তেষাং বচঃ শ্রুত্বা সৈনিকান্ যুদ্ধদুর্ম্মদান্।
প্রেষয়ামাস কৌরব্য! উৎসারয়ত তানিতি ॥২২॥
তস্য তদ্বচনং শ্রুত্বা রাজ্ঞঃ সেনাগ্রযায়িনঃ।
সরো দ্বৈতবনং গত্বা গন্ধর্বানিদমব্রুবন্ ॥২৩॥
রাজা দুর্য্যোধনো নাম ধৃতরাষ্ট্রসুতো বলী।
বিজিহীষু র্বিহায়াতি তদর্থমপসর্পত ॥২৪॥

ভারতকৌমুদী

অথ তত্র গন্ধর্ব্বাঃ কুত ইত্যাহ তত্রেতি। গণৈরনুচরসমূহৈরাবৃতঃ। তেন গণেন ॥১৯—২০॥
তেনেতি। তেন গন্ধর্বগণেন, তৎ সরঃ, সংবৃতং পরিবেষ্টিতম্ ॥২১॥
স ইতি। উৎসারয়ত দ্বৈতবনাদপসারয়ত, তান্ গন্ধর্বান্ ॥২২॥
তস্যেতি। সেনাগ্রযায়িনঃ প্রধানসৈনিকাঃ ॥২৩॥
রাজেতি। বিজিহীষু র্বিহর্ত্তুমিচ্ছুঃ। অপসর্পত ইতো গচ্ছত ॥২৪॥

নরনাথ রাজা! বিহারশীল গন্ধর্ববরাজ চিত্রসেন আপন সৈন্যগণ, অপ্সরোগণ ও দেবপুত্রগণে পরিবেষ্টিত হইয়া ক্রীড়া করিবার জন্য পূর্বেই কুবেরভবন হইতে সেখানে আসিয়াছিলেন; তাঁহাদের দ্বারাই সেই সরোবর পরিবেষ্টিত ছিল ॥১৯—২০॥

রাজা! তাহার পর দুর্য্যোধনের অনুচরেরা সেই সরোবরটাকে গন্ধর্বগণে পরিবেষ্টিত দেখিয়া যেখানে দুর্য্যোধন ছিলেন, সেইখানে ফিরিয়া গেল ॥২১॥

দুর্য্যোধন তাহাদের কথা শুনিয়া যুদ্ধদুর্দ্ধর্ষ কতকগুলি সৈন্যকে পাঠাইয়া দিলেন এবং তাহাদিগকে বলিয়া দিলেন যে, 'তোমরা যাইয়া গন্ধর্বগণকে সরাইয়া দাও' ॥২২॥

দুর্য্যোধনের সেই কথা শুনিয়া তাঁহার সেনার অগ্রগামী সৈন্যেরা দ্বৈতবনে যাইয়া গন্ধর্বগণকে এই কথা বলিল—॥২৩॥

'ধৃতরাষ্ট্রের পুত্র বলবান্ 'দুর্য্যোধন'-নামক রাজা বিহার করিবার ইচ্ছায় এখানে আসিতেছেন; সেই জন্য তোমরা এখান হইতে সরিয়া যাও' ॥২৪॥

---

(২৪)···তদর্থমুপসর্পত—বা ব কা।

এবমুক্তাস্তু গন্ধর্ব্বাঃ প্রহসন্তো বিশাংপতে ! ।
প্রত্যব্রুবংস্তান্ পুরুষানিদং হি পরুষং বচঃ ॥২৫॥
ন চেতয়তি বো রাজা মন্দবুদ্ধিঃ সুযোধনঃ ।
যোঽস্মানাজ্ঞাপয়ত্যেবং বশ্যানিব দিবৌকসঃ ॥২৬॥
যূয়ং মুমূর্ষবশ্চাপি মন্দপ্রজ্ঞা ন সংশয়ঃ ।
যে তস্য বচনাদেবমস্মান্ ব্রূত বিচেতসঃ ॥২৭॥
গচ্ছধ্বং ত্বরিতাঃ সর্বে যত্র রাজা স কৌরবঃ ।
ন চেদদ্যৈব গচ্ছধ্বং ধর্ম্মরাজনিবেশনম্ ॥২৮॥
এবমুক্তাস্তু গন্ধর্ব্বৈ রাজ্ঞঃ সেনাগ্রযায়িনঃ ।
সংপ্রাদ্রবন্ যতো রাজা ধৃতরাষ্ট্রসুতোঽভবৎ ॥২৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি ঘোষযাত্রায়াং গন্ধর্ব্বদুর্য্যোধনসেনাসংবাদে ত্র্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

এবমিতি। তান্ দুর্য্যোধনপক্ষগতান্। পরুষং নিষ্ঠুরম্ ॥২৫॥
নেতি। চেতয়তি স্বশক্তিং বুধ্যতে, বো যুষ্মাকম্। দিবৌকসো গন্ধর্বান্ ॥২৬॥
যূয়মিতি। মন্দপ্রজ্ঞা অল্পবুদ্ধয়ঃ। বিচেতসো বিকৃতচিত্তাঃ ॥২৭॥
গচ্ছধ্বমিতি। ধর্ম্মরাজনিবেশনং যমভবনম্ ॥২৮॥

নরনাথ! সৈন্যেরা এইরূপ বলিলে, গন্ধর্বেরা হাস্য করিয়া সেই লোকগুলিকে এই নিষ্ঠুর কথা বলিল—॥২৫॥

'ওহে! আমরা স্বর্গবাসী গন্ধর্ব। সুতরাং তোমাদের রাজা অল্পবুদ্ধি দুর্য্যোধন বুঝিতে পারিতেছেন না; যিনি বশীভূত লোকের ন্যায় আমাদিগকে এইরূপ আদেশ করিতেছেন ॥২৬॥

আর, তোমরাও অল্পবুদ্ধি এবং মুমূর্ষু; এ বিষয়ে কোন সন্দেহ নাই। যে তোমরা বিকৃতচিত্ত হইয়া তাঁহার আদেশ অনুসারে আমাদিগকে এইরূপ বলিতেছ ॥২৭॥

যেখানে সেই কুরুরাজ রহিয়াছেন, তোমরা সকলে সত্বর সেইখানে চলিয়া যাও; না হইলে আজই তোমরা যমালয়ে যাইবে' ॥২৮॥

গন্ধর্বেরা এইরূপ বলিলে, দুর্য্যোধনের সৈন্যেরা—যেখানে দুর্য্যোধন ছিলেন সেইখানে সত্বর চলিয়া গেল ॥২৯॥

* '…ষট্‌ত্রিংশদধিকদ্বিশততমঃ…পি, '…একোনচত্বারিংশদধিকদ্বি…' বা ব, 'চত্বারিংশদধিকদ্বি…' কা, '…একচত্বারিংশদধিকদ্বি…' নি।

চতুরধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

ততস্তে সহিতাঃ সর্ব্বে দুর্য্যোধনমুপাগমন্।
অব্রুবংশ্চ মহারাজ! যদূচুঃ কৌরবং প্রতি ॥১॥
গন্ধর্ব্বৈর্বারিতে সৈন্যে ধার্ত্তরাষ্ট্রঃ প্রতাপবান্।
অমর্ষপূর্ণঃ সৈন্যানি প্রত্যভাষত ভারত! ॥২॥
শাসতৈতানধর্ম্মজ্ঞান্ মম বিপ্রিয়কারিণঃ।
যদি প্রক্রীড়তে সর্ব্বৈর্দেবৈঃ সহ শতক্রতুঃ ॥৩॥

ভারতকৌমুদী

এবমিতি। সংপ্রাদ্রবন্ দ্রুতমগচ্ছন্। অভবৎ অতিষ্ঠৎ ॥২৯॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি ঘোষযাত্রায়াং ত্র্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

———০ঃ(*)ঃ০———

তত ইতি। সহিতাঃ সম্মিলিতাঃ। কৌরবং দুর্য্যোধনং প্রতি। গন্ধর্বা যদূচুঃ ॥১॥
গন্ধর্ব্বৈরিতি। ধার্ত্তরাষ্ট্রো দুর্য্যোধনঃ। অমর্ষপূর্ণঃ অতীবক্রুদ্ধঃ ॥২॥
শাসতেতি। শাসত শিষ্ট। প্রক্রীড়তে বিহরতি ॥৩॥

ভারতভাবদীপঃ

জোষং যথারুচি ॥৭—১৩॥ সান্ত্বস্কেন একাহসাধ্যেন ॥১৪—১৯॥ আত্মজৈর্জয়ন্তাদিভিঃ সহেতি শেষঃ ॥২০—২৩॥ বিজিহীর্ষুর্বিহর্ত্তুমিচ্ছুঃ, উপসর্পত তৎসমীপং গচ্ছত ॥২৪—২৯॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্র্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২০৩॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ! তাহার পর সেই সৈন্যেরা সকলে সম্মিলিত হইয়া দুর্য্যোধনের নিকট উপস্থিত হইল এবং গন্ধর্ব্বেরা তাঁহার প্রতি যাহা বলিয়াছিল, তাহা বলিল ॥১॥

ভরতনন্দন! গন্ধর্ব্বেরা আপন সৈন্যগণকে বারণ করিলে, প্রতাপশালী দুর্য্যোধন অত্যন্ত ক্রুদ্ধ হইয়া সৈন্যগণকে বলিলেন—॥২॥

'সমস্ত দেবতার সহিত মিলিত হইয়া স্বয়ং ইন্দ্রও যদি বিহার করিতে থাকেন, তথাপি তোমরা অধর্ম্মজ্ঞ ও আমার অপ্রিয়কারী এই গন্ধর্ব্বদিগকে শাসন কর' ॥৩॥

---

(৩)…যদি প্রক্রীড়িতঃ সর্ব্বৈঃ…পি।

দুর্য্যোধনবচঃ শ্রুত্বা ধার্ত্তরাষ্ট্রা মহাবলাঃ।
সর্ব্ব এবাভিসন্নদ্ধা যোধাশ্চাপি সহস্রশঃ ॥৪॥
ততঃ প্রমথ্য সর্বাংস্তাংস্তদ্বনং বিবিশুর্ব্বলাৎ।
সিংহনাদেন মহতা পূরয়ন্তো দিশো দশ ॥৫॥
ততোঽপরৈরবার্য্যন্ত গন্ধর্ব্বৈঃ কুরুসৈনিকাঃ।
তে বার্য্যমাণা গন্ধর্ব্বৈঃ সাম্নৈব বসুধাধিপ!।
তাননাদৃত্য গন্ধর্বাংস্তদ্বনং বিবিশুর্মহৎ ॥৬॥
যদা বাচা ন তিষ্ঠন্তি ধার্ত্তরাষ্ট্রাঃ সরাজকাঃ।
ততস্তে খেচরাঃ সর্ব্বে চিত্রসেনে ন্যবেদয়ন্ ॥৭॥
গন্ধর্ব্বরাজস্তান্ সর্বানব্রবীৎ কৌরবান্ প্রতি।
অনার্য্যান্ শাসতেত্যেতাংশ্চিত্রসেনোঽত্যমর্ষণঃ ॥৮॥
অনুজ্ঞাতাশ্চ গন্ধর্ব্বাশ্চিত্রসেনেন ভারত!।
প্রগৃহীতায়ুধাঃ সর্বে ধার্ত্তরাষ্ট্রানুপাদ্রবন্ ॥৯॥

ভারতকৌমুদী

দুর্য্যোধনেতি। অভিসন্নদ্ধা সর্ব্বতোভাবেন যুদ্ধসজ্জিতা অভবন্ ॥৪॥
তত ইতি। প্রমথ্য পরাভূয়, সর্ব্বান্ গন্ধর্ব্বান্ ॥৫॥
তত ইতি। সাম্নৈব সান্ত্ববাদেনৈব বার্য্যমাণাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬॥
যদেতি। ন তিষ্ঠন্তি ন নিবর্ত্তন্তে। রাজ্ঞা দুর্য্যোধনেন সহেতি সরাজকাঃ। ততস্তদা ॥৭॥
গন্ধর্বেতি। কৌরবান্ প্রতি অত্যমর্ষণঃ। ইত্যব্রবীদিতি সম্বন্ধঃ ॥৮॥

দুর্য্যোধনের কথা শুনিয়া মহাবল ধৃতরাষ্ট্রপুত্রগণ ও সহস্র সহস্র যোদ্ধা যুদ্ধের জন্য সর্ব্বপ্রকারে সজ্জিত হইল ॥৪॥

তাহার পর তাহারা বিশাল সিংহনাদে দশ দিক পরিপূর্ণ করিতে থাকিয়া সেই সমস্ত গন্ধর্ব্বকে পরাভূত করিয়া বলপূর্ব্বক বনে প্রবেশ করিল ॥৫॥

রাজা! তদনন্তর অপর গন্ধর্ব্বেরা কুরুসৈন্যদিগকে বারণ করিল; সে গন্ধর্ব্বেরা কিন্তু সান্ত্ববাক্যেই বারণ করিতে ছিল; তথাপি কুরুসৈন্যেরা সেই গন্ধর্ব্বদিগকে অগ্রাহ্য করিয়া সেই মহাবনে প্রবেশ করিল ॥৬॥

দুর্য্যোধন ও অন্যান্য ধৃতরাষ্ট্রপুত্রগণ যখন গন্ধর্ব্বগণের নিষেধবাক্যে নিবৃত্তি পাইলেন না, তখন সেই গন্ধর্ব্বেরা সকলে যাইয়া তাহাদের রাজা চিত্রসেনকে সে বিষয় জানাইল ॥৭॥

তখন গন্ধর্ব্বরাজ চিত্রসেন কৌরবগণের প্রতি অত্যন্তক্রুদ্ধ হইয়া সেই সকল গন্ধর্ব্বকে বলিলেন—'তোমরা এই অসভ্যগুলিকে শাসন কর' ॥৮॥

(৯)···ধার্ত্তরাষ্ট্রানভিদ্রবন্—বা ব নি পি।

তান্ দৃষ্ট্বাপততঃ শীঘ্রান্ গন্ধর্বানুদ্যতায়ুধান্।
প্রাদ্রবংস্তে দিশঃ সর্বে ধার্ত্তরাষ্ট্রস্য পশ্যতঃ ॥১০॥
তান্ দৃষ্ট্বা দ্রবতঃ সর্বান্ ধার্ত্তরাষ্ট্রান্ পরাঙ্মুখান্।
রাধেয়স্তু তদা বীরো নাসীত্তত্র পরাঙ্মুখঃ ॥১১॥
আপতন্তীস্তু সংপ্রেক্ষ্য গন্ধর্বাণাং মহাচমূম্।
মহতা শরবর্ষেণ রাধেয়ঃ প্রত্যবারয়ৎ ॥১২॥
ক্ষুরপ্রৈর্বিশিখৈর্ভল্লৈর্বৎসদন্তৈস্তথায়সৈঃ।
গন্ধর্বান্ শতশোঽভিঘ্নন্ লঘুত্বাৎ সূতনন্দনঃ ॥১৩॥ (যুগ্মকম্)
পাতয়ন্নুত্তমাঙ্গানি গন্ধর্ব্বাণাং মহারথঃ।
ক্ষণেন ব্যধমৎ সর্ব্বাং চিত্রসেনস্য বাহিনীম্ ॥১৪॥
তে বধ্যমানা গন্ধর্ব্বাঃ সূতপুত্রেণ ধীমতা।
ভূয় এবাভ্যবর্ত্তন্ত শতশোঽথ সহস্রশঃ ॥১৫॥

ভারতকৌমুদী

অন্বিতি। উপ লক্ষ্যীকৃত্য অদ্রবন্ অধাবন্ ॥৯॥
তানিতি। পশ্যতো ধার্ত্তরাষ্ট্রস্য পশ্যন্তং দুর্য্যোধনমনাদৃত্যেত্যর্থঃ ॥১০॥
তানিতি। দ্রবতঃ পলায়মানান্। রাধেয়ঃ কর্ণঃ, নাসীৎ নাভবৎ ॥১১॥
আপতন্তীমিতি। আপতন্তীমাগচ্ছন্তীম্। আয়সৈর্লৌহময়ৈঃ। লঘুত্বাল্লঘুহস্তত্বাৎ ॥১২—১৩॥
পাতয়ন্নিতি। উত্তমাঙ্গানি শিরাংসি। মহারথঃ কর্ণঃ। ব্যধমৎ ব্যদালয়ৎ ॥১৪॥
ত ইতি। ভূয়ঃ পুনরেব, অভ্যবর্ত্তন্ত অভিমুখমাগচ্ছন্ত ॥১৫॥

ভরতনন্দন! চিত্রসেনের আদেশ পাইয়া গন্ধর্ব্বেরা সকলে অস্ত্র ধারণ করিয়া ধৃতরাষ্ট্রপুত্রগণের প্রতি ধাবিত হইল ॥৯॥

অস্ত্র উত্তোলনপূর্ব্বক গন্ধর্ব্বগণকে সত্বর আসিতে দেখিয়া কুরুসৈন্যেরা সকলে দুর্য্যোধনের সমক্ষে সকল দিকে পলায়ন করিতে লাগিল ॥১০॥

তখন ধৃতরাষ্ট্রের সমস্ত পুত্রকে পরাঙ্মুখ হইয়া পলায়ন করিতে দেখিয়াও মহাবীর কর্ণ যুদ্ধে পরাঙ্মুখ হইলেন না ॥১১॥

লঘুহস্ত সূতনন্দন কর্ণ গন্ধর্ব্বগণের বিশাল বাহিনীকে আসিতে দেখিয়া গুরুতর বাণবর্ষণ এবং লৌহময় ক্ষুরপ্র, শর, ভল্ল ও বৎসদন্ত বর্ষণ করিয়া শত শত গন্ধর্ব্বকে আহত করিতে থাকিয়া সে বাহিনীকে বারণ করিলেন ॥১২-১৩॥

মহারথ কর্ণ ক্রমে গন্ধর্ব্বগণের মস্তকচ্ছেদন করিতে থাকিয়া ক্ষণকালমধ্যেই চিত্রসেনের সমস্ত সৈন্যকে বিদলিত করিলেন ॥১৪॥

গন্ধর্ব্বভূতা পৃথিবী ক্ষণেন সমপদ্যত ।
আপতদ্ভির্মহাবেগৈশ্চিত্রসেনস্য সৈনিকৈঃ ॥১৬॥
অথ দুর্য্যোধনো রাজা শকুনিশ্চাপি সৌবলঃ ।
দুঃশাসনো বিকর্ণশ্চ যে চান্যে ধৃতরাষ্ট্রজাঃ ॥১৭॥
ন্যহনংস্তত্তদা সৈন্যং রথৈর্গরুড়নিস্বনৈঃ ।
ভূয়শ্চ যোধয়ামাসুঃ কৃত্বা কর্ণমথাগ্রতঃ ॥১৮॥ (যুগ্মকম্)
মহতা রথসংঘেন রথচারেণ চাপ্যুত ।
বৈকর্ত্তনং পরীপ্সন্তো গন্ধর্ব্বান্ সমবাকিরন্ ॥১৯॥
ততঃ সংন্যপতন্ সর্ব্বে গন্ধর্বাঃ কৌরবৈঃ সহ ।
তদা সুতুমুলং যুদ্ধমভবল্লোমহর্ষণম্ ॥২০॥
ততস্তে মৃদবোঽভূবন্ গন্ধর্বাঃ শরপীড়িতাঃ ।
উচ্চুক্রুশুশ্চ কৌরব্যা গন্ধর্ব্বান্ প্রেক্ষ্য পীড়িতান্ ॥২১॥

ভারতকৌমুদী

গন্ধর্ব্বেতি। গন্ধর্ব্বভূতা গন্ধর্ব্বময়ী। সমপদ্যত সমজায়ত ॥১৬॥
অথেতি। সৌবলঃ সুবলপুত্রঃ। যোধয়ামাসুঃ গন্ধর্ব্বান্ প্রহৃতবন্তঃ ॥১৭—১৮॥
মহতেতি। রথানাং চারেণ ঘূর্ণনেন। বৈকর্ত্তনং কর্ণম্, পরীপ্সন্তঃ পরিবেষ্টমানাঃ ॥১৯॥
তত ইতি। সংন্যপতন্ সম্মিলিতা অভবন্। সুতুমুলম্ অতীবসঙ্কুলম্ ॥২০॥
তত ইতি। মৃদবঃ কোমলা দুর্বলা ইত্যর্থঃ। উচ্চুক্রুশুঃ আনন্দকোলাহলং চক্রুঃ ॥২১॥

বুদ্ধিমান্ কর্ণ বধ করিতে থাকিলেও শত শত ও সহস্র সহস্র গন্ধর্ব পুনরায় তাঁহার অভিমুখে ধাবিত হইতে লাগিল ॥১৫॥

চিত্রসেনের সৈন্যেরা মহাবেগে আসিতে লাগিলে, ক্ষণকালমধ্যেই পৃথিবী গন্ধর্বময়ী হইয়া পড়িল ॥১৬॥

তাহার পর রাজা দুর্য্যোধন, সুবলপুত্র শকুনি, দুঃশাসন, বিকর্ণ এবং অন্য যে সকল ধৃতরাষ্ট্রপুত্র ছিলেন, তাঁহারা—গরুড়তুল্য গম্ভীরশব্দকারী রথে আরোহণ করিয়া সেই গন্ধর্বসৈন্য সংহার করিতে লাগিলেন এবং কর্ণকে সম্মুখে রাখিয়া অনবরত প্রহার করিতে থাকিলেন ॥১৭—১৮॥

এবং তাঁহারা বিশাল রথসমূহে আরোহণ করিয়া সেগুলিকে ভ্রমণ করাইতে থাকিয়া কর্ণকে পরিবেষ্টনপূর্ব্বক গন্ধর্ব্বগণের উপরে বাণবর্ষণ করিতে লাগিলেন ॥১৯॥

তাহার পর সমস্ত গন্ধর্ব্ব আসিয়া কৌরবগণের সহিত মিলিত হইল ; তখন রোমাঞ্চজনক অতিতুমুল যুদ্ধ হইতে লাগিল ॥২০॥

গন্ধর্ব্বাংস্ত্রাসিতান্ দৃষ্ট্বা চিত্রসেনো হ্যমর্ষণঃ।
উৎপপাতাসনাৎ ক্রুদ্ধো বধে তেষাং সমাহিতঃ ॥২২॥
ততো মায়াস্ত্রমাস্থায় যুযুধে চিত্রমার্গবিৎ।
তয়াঽমুহ্যন্ত কৌরব্যাশ্চিত্রসেনস্য মায়য়া ॥২৩॥
একৈকো হি তদা যোধো ধার্ত্তরাষ্ট্রস্য ভারত!।
পর্য্যবর্ত্তত গন্ধর্ব্বৈর্দশভির্দশভিঃ সহ ॥২৪॥
ততঃ সম্পীড্যমানাস্তে বলেন মহতা তদা।
প্রাদ্রবন্ত রণে ভীতা যে চ রাজন্! জিজীষবঃ ॥২৫॥
ভজ্যমানেষ্বনীকেষু ধার্ত্তরাষ্ট্রেষু সর্বশঃ।
কর্ণো বৈকর্ত্তনো রাজংস্তস্থৌ গিরিরিবাচলঃ ॥২৬॥

ভারতকৌমুদী

গন্ধর্বানিতি। অমর্ষণঃ অসহিষ্ণুঃ। সমাহিতঃ কৃতমনোযোগঃ ॥২২॥
তত ইতি। মায়ৈবাস্ত্রং মায়াস্ত্রম্। চিত্রমার্গবিৎ বিচিত্ররণকৌশলজ্ঞঃ ॥২৩॥
একৈক ইতি। যোধো যোদ্ধা। পর্য্যবর্ত্তত যুদ্ধে প্রাবর্ত্তত ॥২৪॥
তত ইতি। বলেন গন্ধর্বসৈন্যেন। জিজীষবো জেতুমিচ্ছবঃ। গীরূপাভাব আর্ষঃ ॥২৫॥
ভজ্যেতি। ভজ্যমানেষু পরাজীয়মানেষু, অনীকেষু সৈন্যেষু। বৈকর্ত্তনঃ সূর্য্যপুত্রঃ ॥২৬॥

তদনন্তর সেই গন্ধর্বেরা বাণপীড়িত হইয়া দুর্ব্বল হইয়া পড়িল। তখন গন্ধর্ব্বগণকে পীড়িত দেখিয়া কৌরবগণ আনন্দকোলাহল করিয়া উঠিলেন ॥২১॥

এদিকে অসহিষ্ণু চিত্রসেন, গন্ধর্ব্বগণকে ভীত দেখিয়া ক্রুদ্ধ ও কৌরব-সৈন্যবধে মনোযোগী হইয়া আসন হইতে গাত্রোত্থান করিলেন ॥২২॥

তাহার পর বিচিত্র-রণ-কৌশলাভিজ্ঞ চিত্রসেন মায়া অবলম্বন করিয়া যুদ্ধ আরম্ভ করিলেন এবং তাঁহার সেই মায়ায় কৌরবগণ মোহিত হইয়া পড়িলেন ॥২৩॥

ভরতনন্দন! তখন দুর্য্যোধনের এক এক জন যোদ্ধা দশ দশ জন গন্ধর্বের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইল ॥২৪॥

রাজা! পূর্বে যে সকল কৌরবসৈন্য গন্ধর্ব্বদিগকে জয় করিবার ইচ্ছা করিয়াছিল, তাহারা তখন বিশাল গন্ধর্বসৈন্যকর্তৃক যুদ্ধে পীড়িত ও ভীত হইয়া পলায়ন করিতে লাগিল ॥২৫॥

রাজা! দুর্য্যোধনের সমস্ত সৈন্য পরাজিত হইলেও সূর্য্যপুত্র কর্ণ পর্বতের ন্যায় অচল হইয়া রহিলেন ॥২৬॥

(২৪) একৈকস্য তদা যোধঃ···বা ব কা। (২৫)···ভীতা যত্র রাজা যুধিষ্ঠিরঃ—নি পি।

দুর্য্যোধনশ্চ কর্ণশ্চ শকুনিশ্চাপি সৌবলঃ।
গন্ধর্ব্বান্ যোধয়ামাসুঃ সমরে ভৃশবিক্ষতাঃ ॥২৭॥
সর্ব এব তু গন্ধর্ব্বাঃ শতশোঽথ সহস্রশঃ।
জিঘাংসমানাঃ সহিতাঃ কর্ণমভ্যদ্রবন্ রণে ॥২৮॥
অসিভিঃ পট্টিশৈঃ শূলৈর্গদাভিশ্চ মহাবলাঃ।
সূতপুত্রং জিঘাংসন্তঃ সমন্তাৎ পর্য্যবাকিরন্ ॥২৯॥
অন্যেঽস্য যুগমচ্ছিন্দন্ ধ্বজমন্যে ন্যপাতয়ন্।
ঈশামন্যে হয়ানন্যে সূতমন্যে ন্যপাতয়ন্ ॥৩০॥
অন্যে চ্ছত্রং বরূথঞ্চ বন্ধুরঞ্চ তথাঽপরে।
গন্ধর্ব্বা বহুসাহস্রাস্তিলশো ব্যধমন্ রথম্ ॥৩১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

দুর্য্যোধন ইতি। যোধয়ামাসুঃ প্রজহ্রুঃ। ভৃশবিক্ষতা অপি ॥২৭॥

সর্ব্ব ইতি। জিঘাংসমানা হন্তুমিচ্ছন্তঃ, সহিতাঃ সম্মিলিতাঃ ॥২৮॥

অসিভিরিতি। মহাবলা গন্ধর্ব্বাঃ। পর্য্যবাকিরন্ বিক্ষেপেণ ব্যাপ্তবন্তঃ ॥২৯॥

অন্য ইতি। যুগং রথদারুবিশেষম্। ঈশাং দীর্ঘদণ্ডম্। বরূথং রথাবরণম্, বন্ধুরং রথস্য সন্ধিসমূহম্। ব্যধমন্ ব্যনাশয়ন্ ॥৩০—৩১॥

ভারতভাবদীপঃ

ততস্তে সহিতা ইতি ॥১—২৩॥ একৈকস্য যোধাঃ একৈকং যোধা, পর্য্যবর্ত্তন্ত পরীতবন্তঃ ॥২৪॥ জিজীষবঃ অত্রার্ষো লোপো ব্যোবলীতি লোপঃ জিজীবিষবঃ ॥২৫॥ রাজন্! হে জনমেজয়! ॥২৬—৩০॥ বরূথং রথগুপ্তিম্, বন্ধুরং রথবন্ধনানি ॥৩১—৩২॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুরধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২০৪॥

এবং দুর্য্যোধন, কর্ণ ও সুবলপুত্র শকুনি যুদ্ধে অত্যন্ত ক্ষত-বিক্ষত হইয়াও গন্ধর্ব্বগণকে প্রহার করিতে লাগিলেন ॥২৭॥

তাহার পর শত শত ও সহস্র সহস্র গন্ধর্ব সম্মিলিত হইয়া কর্ণকে বধ করিবার ইচ্ছা করিয়া যুদ্ধে তাঁহার প্রতি ধাবিত হইল ॥২৮॥

ক্রমে মহাবল গন্ধর্বেরা কর্ণকে বধ করিবার ইচ্ছা করিয়া সকল দিক্ হইতে অসি, পট্টিশ, শূল ও গদা নিক্ষেপপূর্ব্বক তাঁহাকে আবৃত করিল ॥২৯॥

কোন কোন গন্ধর্ব্ব কর্ণরথের যুগকাষ্ঠ ছেদন করিল, কেহ কেহ ধ্বজ নিপাতিত করিল, অন্য গন্ধর্ব্বেরা দণ্ড, অপরেরা অশ্বগুলিকে এবং আর একদল সারথিকে ছেদন করিল; ক্রমে অন্য দল ছত্র ও আবরণ এবং অপর গন্ধর্ব্বগণ রথের সন্ধিস্থানগুলিকে ছেদন করিল। এইভাবে বহুসংখ্যক গন্ধর্ব্ব কর্ণের রথখানাকে তিল তিল করিয়া নষ্ট করিল ॥৩০—৩১॥

ততো রথাদবপ্লুত্য সূতপুত্রোঽসিচর্ম্মভৃৎ।
বিকর্ণরথমাস্থায় মোক্ষায়াশ্বানচোদয়ৎ ॥৩২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি ঘোষযাত্রায়াং কর্ণরণভঙ্গে চতুরধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—— ঃ*ঃ ——

পঞ্চাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

—— ঃ(*)ঃ ——

বৈশম্পায়ন উবাচ।

গন্ধর্ব্বৈস্তু মহারাজ! ভগ্নে কর্ণে মহারথে।
সংপ্রাদ্রবচ্চমূঃ সর্ব্বা ধার্ত্তরাষ্ট্রস্য পশ্যতঃ ॥১॥
তান্ দৃষ্ট্বা দ্রবতঃ সর্ব্বান্ ধার্ত্তরাষ্ট্রান্ পরাঙ্মুখান্।
দুর্য্যোধনো মহারাজ! নাসীত্তত্র পরাঙ্মুখঃ ॥২॥

ভারতকৌমুদী

তত ইতি। মোক্ষায় গন্ধর্বেভ্য আত্মমোচনায়, অচোদয়দ্বহিরচালয়ৎ ॥৩২॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি ঘোষযাত্রায়াং চতুরধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

——ঃ(০)ঃ——

গন্ধর্বৈরিতি। ভগ্নে পরাজিতে। সংপ্রাদ্রবৎ পলায়ত, ধার্ত্তরাষ্ট্রস্য দুর্য্যোধনস্য ॥১॥

তানিতি। ধার্ত্তরাষ্ট্রান্ ধৃতরাষ্ট্রপুত্রসৈন্যান্। নাসীৎ, গর্বাতিরেকাদিতি ভাবঃ ॥২॥

তখন কর্ণ অসি-চর্ম্ম ধারণ করিয়া আপন রথ হইতে লাফ দিয়া বিকর্ণের রথে উঠিয়া আত্মরক্ষার জন্য ঘোড়াগুলিকে বাহিরের দিকে চালাইয়া দিলেন ॥৩২॥

——(০ঃ*ঃ০)——

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ! গন্ধর্ব্বেরা মহারথ কর্ণকে পরাভূত করিলে, সমগ্র কৌরবসৈন্য দুর্য্যোধনের সমক্ষেই পলায়ন করিতে আরম্ভ করিল ॥১॥

মহারাজ! সমগ্র কৌরবসৈন্যকে পরাঙ্মুখ এবং পলায়মান দেখিয়াও দুর্য্যোধন সে যুদ্ধে পরাঙ্মুখ হইলেন না ॥২॥

* '...সপ্তত্রিংশদধিকদ্বিশততমঃ...' পি, '...চত্বারিংশদধিকদ্বি...' বা ব, '...একচত্বারিংশদধিকদ্বি...' কা, '...দ্বিচত্বারিংশদধিকদ্বি...' নি।

(২)·· দুর্য্যোধনো মহারাজঃ...বা ব কা নি।

তামাপতন্তীং সংপ্রেক্ষ্য গন্ধর্ব্বাণাং মহাচমূম্ ।
মহতা শরবর্ষেণ সোঽভ্যবর্ষদরিন্দমঃ ॥৩॥
অচিন্ত্য শরবর্ষন্তু গন্ধর্ব্বাস্তস্য তং রথম্ ।
দুর্য্যোধনং জিঘাংসন্তঃ সমন্তাৎ পর্য্যবারয়ন্ ॥৪॥
যুগমীশাং বরূথঞ্চ তথৈব ধ্বজসারথী ।
অশ্বাংস্ত্রিবেণুং তল্পঞ্চ তিলশো ব্যধমন্ শরৈঃ ॥৫॥
দুর্য্যোধনং চিত্রসেনো বিরথং পতিতং ভুবি ।
অভিদ্রুত্য মহাবাহুর্জীবগ্রাহমথাগ্রহীৎ ॥৬॥
তস্মিন্ গৃহীতে রাজেন্দ্রে স্থিতং দুঃশাসনং রথে ।
পর্য্যগৃহ্লন্ত গন্ধর্বাঃ পরিবার্য্য সমন্ততঃ ॥৭॥
বিবিংশতিচিত্রসেনাবাদায়ান্যে বিদুদ্রুবুঃ ।
বিন্দানুবিন্দাবপরে রাজদারাংশ্চ সর্বশঃ ॥৮॥

ভারতকৌমুদী

তামিতি। আপতন্তীমাগচ্ছন্তীম্। স দুর্য্যোধনঃ ॥৩॥
অচিন্ত্যেতি। অচিন্ত্য অবজ্ঞায়েত্যর্থঃ। পর্য্যবারয়ন্ পর্য্যবেষ্টন্ত ॥৪॥
যুগমিতি। ত্রিবেণুম্ ঊর্দ্ধবংশদণ্ডত্রয়ম্, তল্পং রথস্থাং শয্যাম্ ॥৫॥
দুর্য্যোধনমিতি। জীবং জীবন্তমেব গৃহীত্বেতি জীবগ্রাহম্, "জীবে গ্রহেঃ" ইতি ণম্ ॥৬॥
তস্মিন্নিতি। পর্য্যগৃহ্লন্ত জীবন্তমেবাধারয়ন্ত, পরিবার্য্য পরিবেষ্ট্য ॥৭॥
বিবিংশতীতি। বিবিংশত্যাদয়ো দুর্য্যোধনভ্রাতরঃ। সর্বশঃ সর্বান্ ॥৮॥

কিন্তু মহারাজ! অরিন্দম দুর্য্যোধন বিশাল গন্ধর্ব্বসৈন্যকে আসিতে দেখিয়া তাহার উপরে বিশাল বাণবর্ষণ করিতে লাগিলেন ॥৩॥

তখন গন্ধর্ব্বেরা দুর্য্যোধনের শরবর্ষণকে অগ্রাহ্য করিয়া তাঁহাকে বধ করিবার ইচ্ছায় সকল দিক্ হইতে তাঁহার রথখানাকে বেষ্টন করিল ॥৪॥

এবং তাহারা বাণদ্বারা দুর্য্যোধনরথের যুগ, ঈশা, বরূথ, ধ্বজ, সারথি, অশ্ব, ত্রিবেণু ও শয্যাকে তিল তিল করিয়া কাটিয়া ফেলিল ॥৫॥

তখন মহাবাহু চিত্রসেন দ্রুত গমন করিয়া রথহীন ও ভূতলস্থিত দুর্য্যোধনকে জীবিত অবস্থায়ই গ্রহণ করিলেন ॥৬॥

রাজশ্রেষ্ঠ দুর্য্যোধন ধৃত হইলে, গন্ধর্ব্বেরা সকল দিক্ হইতে বেষ্টন করিয়া রথস্থিত দুঃশাসনকে ধারণ করিল ॥৭॥

অন্য কতকগুলি গন্ধর্ব্ব বিবিংশতি ও চিত্রসেনকে লইয়া এবং অপর

(৭) তস্মিন্ গৃহীতে রাজেন্দ্র!···বা ব কা।

যোধাশ্চ ধার্ত্তরাষ্ট্রস্য গন্ধর্ব্বৈঃ সমভিদ্রুতাঃ।
পূর্বপ্রভগ্নৈঃ সহিতাঃ পাণ্ডবানভ্যয়ুস্তদা ॥৯॥
শকটাপণবেশাশ্চ যানযুগ্যঞ্চ সর্বশঃ।
শরণং পাণ্ডবান্ জগ্মুর্হ্রিয়মাণে মহীপতৌ ॥১০॥
সৈনিকা ঊচুঃ।
প্রিয়দর্শী মহাবাহুর্ধার্ত্তরাষ্ট্রো মহাবলঃ।
গন্ধর্ব্বৈর্হ্রিয়তে রাজা পার্থাস্তমনুধাবত ॥১১॥
দুঃশাসনো দুর্বিষহো দুর্ম্মুখো দুর্জয়স্তথা।
বদ্ধা হ্রিয়ন্তে গন্ধর্বৈ রাজদারাশ্চ সর্ব্বশঃ ॥১২॥
ইতি দুর্য্যোধনামাত্যাঃ ক্রোশন্তো রাজগৃদ্ধিনঃ।
আর্ত্তা দীনাস্ততঃ সর্ব্বে যুধিষ্ঠিরমুপাগমন্ ॥১৩॥

ভারতকৌমুদী

যোধা ইতি। সমভিদ্রুতা হস্তমস্তুস্‌তাঃ। পূর্ব্বপ্রভগ্নৈঃ পূর্ব্বং পরাজিতৈঃ ॥৯॥

শকটেতি। শকটানি ভারবাহীনি যানানি, আপণাঃ ক্রয়বিক্রয়পটগৃহাঃ, বেশা বেশ্যা-জনাঃ, যানযুগ্যং শকটবাহিবৃষভাদিবাহনম্। মহীপতৌ দুর্য্যোধনে ॥১০॥

প্রিয়েতি। হে পার্থাঃ পাণ্ডবাঃ! তং দুর্য্যোধনম্, অনুধাবত উদ্ধর্ত্তুমনুসরত ॥১১॥

দুঃশাসন ইতি। দুর্বিষহাদয়োঽপি দুর্য্যোধনভ্রাতরঃ। সর্ব্বশঃ সর্ব্বে ॥১২॥

ইতীতি। ক্রোশন্তো যুধিষ্ঠিরাদীনাহ্বয়ন্তঃ, রাজগৃদ্ধিনো দুর্য্যোধনোদ্ধারাকাঙ্ক্ষিণঃ ॥১৩॥

কতকগুলি গন্ধর্ব্ব—বিন্দ, অনুবিন্দ ও সমস্ত রাজভার্য্যাকে নিয়া দ্রুত প্রস্থান করিতে লাগিল ॥৮॥

পূর্ব্বে যে সকল গন্ধর্ব্ব পরাজিত হইয়া পলায়ন করিয়াছিল, এইক্ষণে তাহারাও আসিয়া দুর্য্যোধনের সৈন্যদিগকে আক্রমণ করিতে লাগিল; তখন তাহারা মিলিত হইয়া পাণ্ডবগণের নিকট গেল ॥৯॥

এবং গন্ধর্বেরা দুর্য্যোধনকে হরণ করিয়া লইয়া চলিলে, গাড়ী, দোকান, বেশ্যাগণ এবং অন্যান্য বাহন সকল যাইয়া পাণ্ডবগণের শরণাপন্ন হইল ॥১০॥

সৈন্যেরা বলিল—'প্রিয়দর্শন, মহাবাহু ও মহাবল রাজা দুর্য্যোধনকে গন্ধর্বেরা হরণ করিয়া লইয়া যাইতেছে; অতএব পাণ্ডবগণ! আপনারা তাঁহার অনুসরণ করুন ॥১১॥

এবং দুঃশাসন, দুর্বিষহ, দুর্ম্মুখ, দুর্জয় ও সমস্ত রাজভার্য্যাকে বন্ধন করিয়া গন্ধর্বেরা হরণ করিয়া নিয়া চলিয়াছে' ॥১২॥

(৯) সৈন্যং তদ্ধার্ত্তরাষ্ট্রস্য গন্ধর্ব্বৈঃ সমভিদ্রুতম্···পি।

তাংস্তথা ব্যথিতান্ দীনান্ ভিক্ষমাণান্ যুধিষ্ঠিরম্।
বৃদ্ধান্ দুর্য্যোধনামাত্যান্ ভীমসেনোঽভ্যভাষত ॥১৪॥
মহতা হি প্রযত্নেন সন্নহ্য গজবাজিভিঃ।
অস্মাভির্যদনুষ্ঠেয়ং গন্ধর্বৈস্তদনুষ্ঠিতম্ ॥১৫॥
অন্যথা বর্ত্তমানানামর্থো জাতোঽয়মন্যথা।
দুর্ম্মন্ত্রিতমিদং তাবদ্রাজ্ঞো দুর্দ্যূতদেবিনঃ ॥১৬॥
দ্বেষ্টারমন্যে ক্লীবস্য পাতয়ন্তীতি নঃ শ্রুতম্।
ইদং কৃতং নঃ প্রত্যক্ষং গন্ধর্বৈরতিমানুষম্ ॥১৭॥

ভারতকৌমুদী

তানিতি। দীনান্ কাতরান্, ভিক্ষমাণান্ দুর্য্যোধনাদ্ধারং যাচমানান্ ॥১৪॥

মহতেতি। সন্নহ্য যুদ্ধসজ্জাং কৃত্বা। মহানেবায়মস্মাকমানন্দবিষয় ইতি ভাবঃ ॥১৫॥

অন্যথেতি। অন্যথা অন্যোদ্দেশেন অস্মাসু স্বসমৃদ্ধিপ্রদর্শনোদ্দেশেনেত্যর্থঃ, বর্ত্তমানানাং প্রবৃত্তানাং দুর্য্যোধনাদীনাম্, অয়ম্ অন্যথা অন্যপ্রকার এব অর্থো বিষয়ঃ অপূর্বঃ পরাভবো জাতঃ, দৈবাদিত্যাশয়ঃ। তথা চ ইদং তাবৎ, দুর্দ্যূতদেবিনো দুষ্টভাবেন দ্যূতক্রীড়াকারিণঃ, রাজ্ঞো দুর্য্যোধনস্য, দুর্ম্মন্ত্রিতং দুষ্টমন্ত্রণাফলম্ ॥১৬॥

দ্বেষ্টারমিতি। অন্যে ক্লীবাসম্বন্ধিনো জনাঃ, ক্লীবস্য অশক্তস্য জনস্য, দ্বেষ্টারং জনং পাতয়ন্তি অভিভবন্তি, ইতি নোঽস্মাকং শ্রুতমাসীৎ। কিন্তু অতিমানুষং মানুষৈরসাধ্যম্, তদিদং কর্ম্ম, গন্ধর্বৈঃ, নঃ অস্মাকং প্রত্যক্ষং কৃতম্। তথা চ সর্ব্বথা ন্যায়ধর্ম্মপ্রবৃত্ততয়া বয়ং ক্লীবপ্রায়া অশক্তাঃ; তাংশ্চাস্মান্ দুর্য্যোধনাদয়ো দ্বিষন্তি; তে চ গন্ধর্বৈরপূর্বমেবাভিভূতা ইত্যহো মহানেবাস্মাকমানন্দবিষয়ঃ সঞ্জাত ইত্যাশয়ঃ ॥১৭॥

দুর্য্যোধনের মন্ত্রীরাও তাঁহার উদ্ধার কামনা করিয়া ব্যথিত ও কাতর হইয়া এইভাবে পাণ্ডবগণকে ডাকিতে থাকিয়া সকলেই যাইয়া যুধিষ্ঠিরের নিকট উপস্থিত হইলেন ॥১৩॥

দুর্য্যোধনের সেই বৃদ্ধ মন্ত্রীরা ব্যথিত ও কাতর হইয়া সেইভাবে যুধিষ্ঠিরের নিকট দুর্য্যোধনের মুক্তি ভিক্ষা করিতে লাগিলে, ভীম তাঁহাদিগকে বলিলেন—॥১৪॥

'আমরা যুদ্ধের জন্য হস্তী ও অশ্বপ্রভৃতি সুসজ্জিত করিয়া গুরুতর চেষ্টায় যাহা করিতাম, গন্ধর্বেরা আজ তাহা করিয়াছে। ॥১৫॥

দুর্য্যোধনপ্রভৃতি অন্য উদ্দেশ্যে প্রবৃত্ত হইয়াছিল, কিন্তু এ ঘটনাটা অন্যপ্রকার হইয়া গিয়াছে।। (সুতরাং অবশ্যই বলিতে হইবে যে,) ইহা—দুষ্টভাবে দ্যূতক্রীড়াকারী সেই দুর্য্যোধনেরই কুমন্ত্রণার ফল ॥১৬॥

দিষ্ট্যা লোকে পুমানস্তি কশ্চিদস্মৎপ্রিয়ে স্থিতঃ।
যেনাস্মাকং হৃতো ভার আসীনানাং সুখাবহঃ ॥১৮॥
শীতবাতাতপসহাংস্তপসা চৈব কর্ষিতান্।
সমস্থো বিষমস্থান্ হি দ্রষ্টুমিচ্ছতি দুর্ম্মতিঃ ॥১৯॥
অধর্ম্মচারিণস্তস্য কৌরব্যস্য দুরাত্মনঃ।
যে শীলমনুবর্ত্তন্তে তে পশ্যন্তি পরাভবম্ ॥২০॥
অধর্ম্মো হি কৃতস্তেন যেনৈতদুপশিক্ষিতম্।
অনৃশংসাস্তু কৌন্তেয়াস্তৎ প্রত্যক্ষং ব্রবীমি বঃ ॥২১॥

ভারতকৌমুদী

দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন। আসীনানাং নিরুদ্যোগেন স্থিতানামস্মাকং সুখাবহো ভারঃ দুর্য্যোধনাদিপরাভবরূপঃ, হৃতঃ স্বয়ং গৃহীতঃ। গন্ধর্ব্বঃ খল্বস্মাকমতীবপ্রিয় ইতি ভাবঃ ॥১৮॥

শীতেতি। সমস্থো নিরুপদ্রবস্থঃ, বিষমস্থান্ দুর্গতানস্মান্। দুর্ম্মতির্দুর্য্যোধনঃ ॥১৯॥

অধর্ম্মেতি। যে কর্ণশকুন্যাদয়ঃ, অনুবর্ত্তন্তে অনুসরন্তি ॥২০॥

অধর্ম্ম ইতি। যেন জনেন, এতৎ দ্বৈতবনাগমনম্, উপশিক্ষিতং দুর্য্যোধনায়োপদিষ্টম্, তেনাধর্ম্ম এব কৃতঃ, কৌন্তেয়ৈরপি পরাভবসম্ভবাদিত্যাশয়ঃ। কথং কৌন্তেয়ৈঃ পরাভবো ন কৃত ইত্যাহ—কৌন্তেয়া অনৃশংসাঃ, তচ্চ বো যুষ্মাকং মন্ত্রিপ্রভৃতীনাং প্রত্যক্ষমিতি ব্রবীমি। অন্যথা কৌন্তেয়া এবামূনভিভবেয়ুরিতি ভাবঃ ॥২১॥

আমাদের শুনা আছে যে, অসমর্থ লোকের উপরে যে লোক বিদ্বেষ করে, তাহাকে অন্যলোকে পরাভূত করে। গন্ধর্ব্বেরা আজ মানুষের অসাধ্য কর্ম্ম করিয়া সেই প্রবাদের এই উদাহরণ আমাদিগকে দেখাইয়া দিয়াছে ॥১৭॥

আমাদের প্রিয়কার্য্য করে, এমন কোন লোকও ভাগ্যবশতঃ জগতে আছে। কেন না, আমরা নিষ্ক্রিয় হইয়া বসিয়া আছি, এই অবস্থায় যিনি আমাদের সুখকর ভার স্বয়ং গ্রহণ করিয়াছেন ॥১৮॥

দুর্য্যোধন অতিসমৃদ্ধ অবস্থায় আছে; আর আমরা অতিদুরবস্থায় রহিয়াছি এবং আমরা শীত, বায়ু ও রৌদ্র সহ্য করিতেছি, তা'র পর তপস্যার ক্লেশও ভোগ করিতেছি। তাই দুর্ম্মতি দুর্য্যোধন আমাদের সঙ্গে সাক্ষাৎ করিতে ইচ্ছা করিয়াছিল ॥১৯॥

যাহারা সেই পাপকারী দুরাত্মা দুর্য্যোধনের স্বভাবের অনুসরণ করিয়া থাকে, তাহারা এখন তাহার পরাভব দেখিতেছে ॥২০॥

যে লোক দুর্য্যোধনকে এই কার্য্যের উপদেশ দিয়াছে; সে লোক নিশ্চয়ই পাপ করিয়াছে। তবে, আমি বলিতেছি—কুন্তীর পুত্রেরা নৃশংস নহেন, তাহা আপনারা প্রত্যক্ষ করিতেছেন' ॥২১॥

এবং ব্রুবাণং কৌন্তেয়ং ভীমসেনমপস্বরম্ ।
ন কালঃ পরুষস্যায়মিতি রাজাভ্যভাষত ॥২২॥

যুধিষ্ঠির উবাচ ।

অস্মানভিগতাংস্তাত ! ভয়ার্ত্তান্ শরণৈষিণঃ ।
কৌরবান্ বিষমপ্রাপ্তান্ কথং ব্রুয়াস্ত্বমীদৃশম্ ॥২৩॥
ভবন্তি ভেদা জ্ঞাতীনাং কলহাশ্চ বৃকোদর ! ।
প্রসক্তানি চ বৈরাণি কুলধর্ম্মো ন নশ্যতি ॥২৪॥
যদা তু কশ্চিজ্‌জ্ঞাতীনাং বাহ্যঃ প্রার্থয়তে কুলম্ ।
ন মর্ষয়ন্তি তৎ সন্তো বাহ্যেনাভিপ্রধর্ষণম্ ॥২৫॥
জানাত্যেব হি দুর্ব্বুদ্ধিরস্মানিহ চিরোষিতান্ ।
স এবং পরিভূয়াস্মানকার্ষীদিদমপ্রিয়ম্ ॥২৬॥

ভারতকৌমুদী

এবমিতি । অপকৃষ্টঃ স্বরো যস্মিন্ কর্ম্মণি তদ্‌যথা তথা । রাজা যুধিষ্ঠিরঃ ॥২২॥
অস্মানিতি । অভিগতান্ উপস্থিতান্ । বিষমপ্রাপ্তান্ অতীববিপন্নান্ ॥২৩॥
ভবন্তীতি । কুলধর্ম্মো ন নশ্যতি, ভেদাদিসত্ত্বেঽপি তেষাং জ্ঞাতীনামেব চেষ্টয়েতি ভাবঃ ॥২৪॥
যদেতি । বাহ্যঃ অসম্বন্ধী জনঃ, প্রার্থয়তে নাশয়িতুমিচ্ছতি । বাহ্যেন জনেন ॥২৫॥

ভারতভাবদীপঃ

গন্ধর্ব্বৈরিতি ॥১—৫॥ জীবগ্রাহং জীবন্তমেব গৃহীত্বেতি ণমুলন্তং কথাদিত্বাদগ্রহীদিত্যস্থ-প্রয়োগঃ ॥৬—১৫॥ রাজ্ঞো যুধিষ্ঠিরস্য ॥১৬॥ ক্লীবস্য অশক্তত্বাৎ ॥১৭—২১॥ অপস্বরং

কুন্তীনন্দন ভীমসেন বিকৃতস্বরে এইরূপ বলিতেছিলেন ; এমন সময়ে যুধিষ্ঠির বলিলেন—'এটা নিষ্ঠুর কথা বলিবার সময় নহে' ॥২২॥

যুধিষ্ঠির আবার বলিলেন—'বৎস ! ভীমসেন ! কৌরবপক্ষীয়েরা অত্যন্তবিপন্ন, ভয়ার্ত্ত ও শরণার্থী হইয়া আমাদের নিকট আসিয়াছে ; তাহাতে তুমি কি করিয়া এরূপ বলিতে পার ? ॥২৩॥

বৃকোদর ! জ্ঞাতিদের মধ্যে পরস্পর ভেদ হয়, বিবাদ হয় এবং শত্রুতাও হয় ; কিন্তু তথাপি কুলধর্ম্ম নষ্ট হয় না ॥২৪॥

যখন বাহিরের কোন লোক জ্ঞাতিদের কুল নষ্ট করিতে ইচ্ছা করে, তখন সেই বাহ্যলোককর্ত্তৃক ধর্ষণটাকে সজ্জনেরা উপেক্ষা করেন না ॥২৫॥

---

(২২)···ভীমসেনমমর্ষণম্···পি । ইতঃ পরম্ '···অষ্টত্রিংশদধিকদ্বিশততমঃ···' পি, '···চত্বারিংশদধিকদ্বি···' বা '···একচত্বারিংশদধিকদ্বি···' ব, '···দ্বিচত্বারিংশদধিকদ্বি···' কা, '···ত্রিচত্বারিংশদধিকদ্বি···' নি ।

দুর্য্যোধনস্য গ্রহণাদ্‌গন্ধর্ব্বেণ বলাৎ প্রভো!।
স্ত্রীণাং বাহ্যাভিমর্ষাচ্চ হতং ভবতি নঃ কুলম্ ॥২৭॥
শরণঞ্চ প্রপন্নানাং ত্রাণার্থঞ্চ কুলস্য চ।
উত্তিষ্ঠধ্বং নরব্যাঘ্রাঃ! সজ্জীভবত মা চিরম্ ॥২৮॥
অর্জ্জুনশ্চ যমৌ চৈব ত্বঞ্চ বীরাপরাজিতঃ।
মোক্ষয়ধ্বং নরব্যাঘ্রাঃ! হ্রিয়মাণং সুযোধনম্ ॥২৯॥
এতে রথা নরব্যাঘ্রাঃ! সর্বশস্ত্রসমন্বিতাঃ।
ধৃতরাষ্ট্রস্য পুত্রাণাং বিমলাঃ কাঞ্চনধ্বজাঃ ॥৩০॥
সস্বনানধিরোহধ্বং নিত্যসজ্জানিমান্ রথান্।
ইন্দ্রসেনাদিভিঃ সূতৈঃ কৃতশস্ত্রৈরধিষ্ঠিতান্ ॥৩১॥

ভারতকৌমুদী

জানাতীতি। দুর্বুদ্ধির্গন্ধর্বরাজঃ। ইদং দুর্য্যোধনাদিহরণরূপং কার্য্যম্ ॥২৬॥

দুর্য্যোধনস্যেতি। হে প্রভো! বলপ্রভাবসম্পন্ন!। বাহ্যাভিমর্ষাৎ পরধর্ষণাৎ ॥২৭॥

অথ ধৃতরাষ্ট্রকুলস্ত্রীধর্ষণে পাণ্ডুকুলস্য কা ক্ষতিরিত্যাহ শরণমিতি। প্রপন্নানাং প্রাপ্তানাম্। শরণাগতরক্ষণং বীরধর্ম্ম ইত্যাশয়ঃ। মা চিরং বিলম্বং মা কার্ষীঃ ॥২৮॥

অর্জ্জুন ইতি। যমৌ নকুলসহদেবৌ। এতে নরব্যাঘ্রা যূয়ং মোক্ষয়ধ্বম্ ॥২৯॥

এত ইতি। এতে রথা দৃশ্যন্ত ইতি শেষঃ ॥৩০॥

সস্বনানিতি। সস্বনান্ গম্ভীরশব্দযুক্তান্। কৃতশস্ত্রৈঃ শিক্ষিতাস্ত্রৈঃ ॥৩১॥

দুর্বুদ্ধি গন্ধর্ব্বরাজ ত জানেই যে, আমরা এখানে দীর্ঘকাল বাস করিতেছি, তথাপি সে এইরূপে আমাদিগকে অবজ্ঞা করিয়া এই অপ্রিয় কার্য্য করিয়াছে ॥২৬॥

শক্তিশালী ভীম! গন্ধর্ব্বেরা বলপূর্বক দুর্য্যোধনকে গ্রহণ করায় এবং বাহিরের লোকে কুরুকুলললনাগণকে হরণ করায় আমাদের কুল নষ্ট হইতে বসিয়াছে ॥২৭॥

অতএব নরশ্রেষ্ঠগণ! শরণাগতরক্ষা ও কুলরক্ষার জন্য তোমরা উঠ এবং সজ্জীভূত হও, বিলম্ব করিও না ॥২৮॥

বীর! অপরাজিত অর্জ্জুন, নকুল, সহদেব এবং তুমি—তোমরা এই চারি জন নরশ্রেষ্ঠ মিলিত হইয়া হ্রিয়মাণ দুর্য্যোধনকে মুক্ত কর ॥২৯॥

নরশ্রেষ্ঠগণ! ধৃতরাষ্ট্রের পুত্রগণের এই নির্ম্মল রথগুলি দেখা যাইতেছে; এই গুলিতে সর্ব্বপ্রকার অস্ত্র এবং স্বর্ণময় ধ্বজ আছে ॥৩০॥

আর, অস্ত্রে সুশিক্ষিত ইন্দ্রসেনপ্রভৃতি সারথিরা এই রথগুলিতে রহিয়াছে

এতানাস্থায় বৈ যত্তা গন্ধর্ব্বান্ যোদ্ধুমাহবে।
সুযোধনস্য মোক্ষায় প্রযতধ্বমতন্দ্রিতাঃ ॥৩২॥
য এব কশ্চিদ্রাজন্যঃ শরণার্থমিহাগতম্।
পরং শক্ত্যাভিরক্ষেত কিং পুনস্ত্বং বৃকোদর! ॥৩৩॥
ক ইহার্য্যো ভবেত্ত্রাণমভিধাবেতি চোদিতঃ।
প্রাঞ্জলিং শরণাপন্নং দৃষ্ট্বা শক্রমপি ধ্রুবম্ ॥৩৪॥
বরপ্রদানং রাজ্যঞ্চ পুত্রজন্ম চ পাণ্ডবাঃ!।
শত্রোশ্চ মোক্ষণং ক্লেশাত্ত্রীণি চৈকঞ্চ তৎ সমম্ ॥৩৫॥

ভারতকৌমুদী

এতানিতি। সুযোধনস্য মোক্ষায়, এতান্ রথান্, আস্থায় আরুহ্য, আহবে যুদ্ধে, গন্ধর্বান্ যোদ্ধুং প্রহর্ত্তুম্, যত্তাঃ স্বভাবত এব যত্নবন্তোঽপি অতন্দ্রিতাঃ প্রযতধ্বম্ ॥৩২॥

য ইতি। যঃ কশ্চিৎ সাধারণ ইত্যর্থঃ, রাজন্যঃ ক্ষত্রিয়ঃ। পরমন্যং জনম্ ॥৩৩॥

ক ইতি। মাং রক্ষিতুমভিধাব, ইতি চোদিতো রক্ষণায় প্রণোদিতঃ, ক আর্য্যঃ সজ্জনঃ, শক্রমপি প্রাঞ্জলিং শরণাগতঞ্চ দৃষ্ট্বা ইহ তস্য ত্রাণং কর্ত্তুং বিমুখো ভবেৎ, অপি তু কোঽপি নেতি ধ্রুবম্। বক্তুর্ব্যস্ততয়া নাত্র ন্যূনপদত্বদোষঃ ॥৩৪॥

বরেতি। আত্মনে দেবাদিনা বরপ্রদানং বরলাভ ইত্যর্থঃ, রাজ্যং রাজ্যলাভঃ। ত্রীণি বরলাভরাজ্যলাভপুত্রজন্মানি, একং তৎ ক্লেশাৎ শত্রোর্মোক্ষণঞ্চ, সমং তুল্যম্ ॥৩৫॥

ভারতভাবদীপঃ

ক্রোধেন বিকলবর্ণং যথা স্যাত্তথা ব্রুবাণম্ ॥২২—৩৩॥ অভিধাব যাহীতি চোদিত আর্য্যঃ প্রাণরক্ষকঃ শরণাগতস্য কঃ ভবেৎ য আর্য্যো মহান্ স এব ভবেৎ; শরণাগতরক্ষণসমর্থো দুর্লভ ইতি ভাবঃ ॥৩৪—৪৪॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২০৫॥

এবং এই রথগুলি গম্ভীর শব্দ করে ও সর্ব্বদা সজ্জিত থাকে। সুতরাং তোমরা এই রথগুলিতে আরোহণ কর ॥৩১॥

তোমরা স্বভাবতঃ যত্নশীল হইলেও, দুর্য্যোধনকে মুক্ত করিবার জন্য এই রথগুলিতে আরোহণ করিয়া বিশেষ সতর্ক হইয়া গন্ধর্ব্বগণের সহিত যুদ্ধে অধিক যত্ন কর ॥৩২॥

বৃকোদর! এই জগতে যে কোন ক্ষত্রিয়ই শরণাগত অন্য ব্যক্তিকে শক্তি অনুসারে রক্ষা করিয়া থাকেন; তাহাতে তোমার কথা আর কি বলিব ॥৩৩॥

'আমাকে রক্ষা করিবার জন্য ধাবিত হউন' এইরূপে প্রণোদিত হইয়া কোন্ সজ্জন শত্রুকেও শরণাগত ও কৃতাঞ্জলি দেখিয়া তাহাকে রক্ষা করিতে বিমুখ হন? কেহই নহে, ইহা নিশ্চয় ॥৩৪॥

কিঞ্চাভ্যধিকমেতস্মাদ্‌যদাপন্নঃ সুযোধনঃ।
ত্বদ্বাহুবলমাশ্রিত্য জীবিতং পরিমার্গতে ॥৩৬॥
স্বয়মেব প্রধাবেয়ং যদি ন স্যাদ্‌বৃকোদর!।
বিততো মে ক্রতুর্বীর! নহি মেঽত্র বিচারণা ॥৩৭॥
সাম্নৈব তু যথা ভীম! মোক্ষয়েথাঃ সুযোধনম্।
তথা সর্ব্বৈরুপায়ৈস্ত্বং যতেথাঃ কুরুনন্দন! ॥৩৮॥
ন সাম্না প্রতিপদ্যেত যদি গন্ধর্ব্বরাড়সৌ।
পরাক্রমেণ মৃদুনা মোক্ষয়েথাঃ সুযোধনম্ ॥৩৯॥
অথাসৌ মৃদুযুদ্ধেন ন মুঞ্চেদ্ভীম! কৌরবান্।
সর্ব্বোপায়ৈর্বিমোচ্যাস্তে নিগৃহ্য পরিপন্থিনঃ ॥৪০॥
এতাবদ্ধি ময়া শক্যং সন্দেষ্টুং বৈ বৃকোদর!।
বৈতানে কর্ম্মণি তেতে বর্ত্তমানে চ ভারত! ॥৪১॥

ভারতকৌমুদী

কিমিতি। আপন্ন আপৎপ্রাপ্তঃ। জীবিতং জীবনম্, পরিমার্গতে যাচতে ॥৩৬॥
স্বয়মিতি। প্রধাবেয়ং দুর্য্যোধনাদীন্ মোক্তুং দ্রুতং গচ্ছেয়ম্। বিতত আরব্ধঃ ॥৩৭॥
সাম্নেতি। সাম্নৈব সান্ত্ববাদেনৈব। মোক্ষয়েথা মোক্তুং শক্নুয়াঃ ॥৩৮॥
নেতি। ন প্রতিপদ্যেত দুর্য্যোধনাদীন্ মোক্তুং নাঙ্গীকুর্য্যাৎ। মৃদুনা কোমলেন ॥৩৯॥
অথেতি। অসৌ গন্ধর্ব্বরাট্। নিগৃহ্য অভিভূয়, পরিপন্থিনঃ শত্রূন্ গন্ধর্ব্বান্ ॥৪০॥

পাণ্ডবগণ! বরলাভ, রাজ্যলাভ, পুত্রজন্ম এবং বিপদ হইতে শত্রুকে উদ্ধার করা—এই চারিটী বিষয়ের মধ্যে পরের একটীই পূর্ব্বোক্ত তিনটীর সমান ॥৩৫॥

ভীম! দুর্য্যোধন বিপন্ন হইয়া তোমারই বাহুবল অবলম্বন করিয়া যে জীবন প্রার্থনা করিতেছে, ইহা অপেক্ষা তোমার পক্ষে অধিক গৌরবের বিষয় আর কি আছে? ॥৩৬॥

বীর! বৃকোদর! আমি যদি যজ্ঞে ব্রতী না থাকিতাম, তবে আমি নিজেই দৌড়াইতাম; এ বিষয়ে আমি কোন বিবেচনা করিতাম না ॥৩৭॥

কুরুনন্দন ভীম! তুমি যাহাতে মধুরবাক্যে দুর্য্যোধনকে মুক্ত করিতে পার, প্রথমে সেই ভাবেই সর্ব্বপ্রকারে চেষ্টা করিবে ॥৩৮॥

ঐ গন্ধর্ব্বরাজ তোমার মধুরবাক্যে যদি দুর্য্যোধনপ্রভৃতিকে মুক্ত করিতে স্বীকার না পান, তবে কোমল পরাক্রমে তাহাদিগকে মুক্ত করিবে ॥৩৯॥

ভীম! তা'র পর কোমল পরাক্রমেও যদি ঐ গন্ধর্ব্বরাজ কৌরবগণকে মুক্ত না করেন, তবে সমস্ত উপায়ে শত্রুগণকে পরাভূত করিয়া তাহাদিগকে মুক্ত করিবে ॥৪০॥

বৈশম্পায়ন উবাচ।

অজাতশত্রোর্ব্বচনং তচ্ছ্রুত্বা তু ধনঞ্জয়ঃ।
প্রতিজজ্ঞে গুরোর্ব্বাক্যং কৌরবাণাং বিমোক্ষণে॥৪২॥

অর্জ্জুন উবাচ।

যদি সাম্না ন মোক্ষ্যন্তি গন্ধর্ব্বা ধৃতরাষ্ট্রজান্।
অদ্য গন্ধর্ব্বরাজস্য ভূমিঃ পাস্যতি শোণিতম্ ॥৪৩॥
অর্জ্জুনস্য তু তাং শ্রুত্বা প্রতিজ্ঞাং সত্যবাদিনঃ।
কৌরবাণাং তদা রাজন্! পুনঃ প্রত্যাগতং মনঃ ॥৪৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি ঘোষযাত্রায়াং দুর্য্যোধনমোক্ষণানুজ্ঞায়াং পঞ্চাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

এতাবদিতি। হে ভারত! বৃকোদর! বৈতানং শ্রৌতো হোমস্তদাত্মকে যজ্ঞে কর্ম্মণি, বিততে আরব্ধপূর্বে, বর্ত্তমানে অসমাপ্তে চ সতি, ময়া এতাবৎ সন্দেষ্টুম্ উপদেষ্টুমেব শক্যম্, ন পুনর্যুদ্ধায় যুষ্মাভিঃ সহ গন্তুম্, যজ্ঞব্যাঘাতাদিতি ভাবঃ ॥৪১॥

অজাতেতি। গুরোর্জ্যেষ্ঠভ্রাতুর্যুধিষ্ঠিরস্য বাক্যমনুসৃত্যেতি শেষঃ ॥৪২॥

যদীতি। সাম্না অস্মাকং সানুনয়বাক্যেন। পাস্যতি, শিরশ্ছেদনাদিত্যাশয়ঃ ॥৪৩॥

অর্জ্জুনস্যেতি। উদ্বেগান্নির্গতপ্রায়ং মনঃ পুনঃ প্রত্যাগতম্, মুক্ত্যাশয়েতি ভাবঃ ॥৪৪॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি ঘোষযাত্রায়াং পঞ্চাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভরতনন্দন বৃকোদর! আমি যে যজ্ঞ আরম্ভ করিয়াছিলাম, তাহা এখনও সমাপ্ত হয় নাই। সুতরাং আমি তোমাদিগকে এই উপদেশটুকুমাত্রই দিতে পারি, কিন্তু তোমাদের সঙ্গে যাইতে পারি না' ॥৪১॥

বৈশম্পায়ন বলিলেন—অর্জ্জুন যুধিষ্ঠিরের সেই কথা শুনিয়া তদনুসারে কৌরবগণের মুক্তির বিষয়ে প্রতিজ্ঞা করিলেন ॥৪২॥

অর্জ্জুন বলিলেন—'গন্ধর্বেরা যদি আমাদের সানুনয়বাক্যে কৌরবগণকে মুক্ত না করে, তাহা হইলে আজ ভূমি গন্ধর্ব্বরাজের রক্ত পান করিবে' ॥৪৩॥

রাজা! জনমেজয়! সত্যবাদী অর্জ্জুনের সেই প্রতিজ্ঞা শুনিয়া তখন কৌরবপক্ষীয় সেই লোকগুলির মন ফিরিয়া আসিল ॥৪৪॥

---

* '.. ঊনচত্বারিংশদধিকদ্বিশততমঃ...' পি, '...দ্বিচত্বারিংশদধিকদ্বি...' বা ব, '...ত্রিচত্বারিংশদধিকদ্বি...' কা, '...চতুশ্চত্বারিংশদধিকদ্বি...' নি।

ষড়ধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

———:০:———

বৈশম্পায়ন উবাচ।

যুধিষ্ঠিরবচঃ শ্রুত্বা ভীমসেনপুরোগমাঃ।
প্রহৃষ্টবদনাঃ সর্ব্বে সমুত্তস্থুর্নরর্ষভাঃ ॥১॥

অভেদ্যানি ততঃ সর্বে সমনহ্যন্ত ভারত!।
জাম্বূনদবিচিত্রাণি কবচানি মহারথাঃ।
আয়ুধানি চ দিব্যানি বিবিধানি সমাদধুঃ ॥২॥

তে দংশিতা রথৈঃ সর্ব্বে ধ্বজিনঃ সশরাসনাঃ।
পাণ্ডবাঃ প্রত্যদৃশ্যন্ত জ্বলিতা ইব পাবকাঃ ॥৩॥

তান্ রথান্ সাধুসম্পন্নান্ সংযুক্তান্ জবনৈর্হয়ৈঃ।
আস্থায় রথিশার্দ্দূলাঃ শীঘ্রমেব যযুস্ততঃ ॥৪॥

ততঃ কৌরবসৈন্যানাং প্রাদুরাসীন্মহাস্বনঃ।
প্রয়াতান্ সহিতান্ দৃষ্ট্বা পাণ্ডুপুত্রান্ মহারথান্ ॥৫॥

ভারতকৌমুদী

যুধীতি। প্রহৃষ্টবদনাঃ, বীরাণাং যুদ্ধলাভে আনন্দোদয়স্য স্বাভাবিকত্বাদিতি ভাবঃ ॥১॥

অভেদ্যানীতি। সমনহ্যন্ত ধৃতবন্তঃ। জাম্বূনদবিচিত্রাণি স্বর্ণখচিতানি। ষট্পাদঃ শ্লোকঃ ॥২॥

ত ইতি। দংশিতা বদ্ধবর্ম্মাণঃ। ধ্বজিনো যুদ্ধসূচকধ্বজধারিণঃ ॥৩॥

তানিতি। সাধুসম্পন্নান্ সুসজ্জিতান্। জবনৈর্বেগবদ্ভিঃ, হয়ৈরশ্বৈঃ ॥৪॥

তত ইতি। মহাস্বন আনন্দকোলাহলঃ। প্রয়াতান্ যুদ্ধায় প্রস্থিতান্ ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—যুধিষ্ঠিরের কথা শুনিয়া ভীমসেনপ্রভৃতি নরশ্রেষ্ঠগণ প্রফুল্লবদন হইয়া সকলেই গাত্রোত্থান করিলেন ॥১॥

ভরতনন্দন! তাহার পর মহারথ পাণ্ডবেরা সকলেই স্বর্ণখচিত অভেদ্য কবচ পরিধান করিলেন এবং নানাবিধ অলৌকিক অস্ত্র ধারণ করিলেন ॥২॥

পাণ্ডবেরা সকলে বর্ম্ম, ধ্বজ ও ধনু ধারণ করিয়া রথে আরোহণ করিলে, তাঁহাদিগকে প্রজ্বলিত অগ্নির ন্যায় দেখা যাইতে লাগিল ॥৩॥

ক্রমে রথিশ্রেষ্ঠ পাণ্ডবেরা সুসজ্জিত ও দ্রুতগামি-ঘোটকযুক্ত সেই সকল রথে আরোহণ করিয়া সত্বরই সে স্থান হইতে প্রস্থান করিলেন ॥৪॥

তাহার পর মহারথ পাণ্ডবগণকে সম্মিলিত হইয়া প্রস্থান করিতে দেখিয়া কৌরবসৈন্যগণের বিশাল আনন্দকোলাহল উত্থিত হইল ॥৫॥

জিতকাশিনশ্চ খচরাস্ত্বরিতাশ্চ মহারথাঃ।
ক্ষণেনৈব বনে তস্মিন্ সমাজগ্মুরভীতবৎ ॥৬॥
ন্যবর্ত্তন্ত ততঃ সর্ব্বে গন্ধর্বা জিতকাশিনঃ।
দৃষ্ট্বা রথগতান্ বীরান্ পাণ্ডবাংশ্চতুরো রণে ॥৭॥
তাংস্তু বিভ্রাজিতান্ দৃষ্ট্বা লোকপালানিবোদ্যতান্।
ব্যূঢ়ানীকা ব্যতিষ্ঠন্ত গন্ধমাদনবাসিনঃ ॥৮॥
রাজ্ঞস্তু বচনং শ্রুত্বা ধর্ম্মপুত্রস্য ধীমতঃ।
ক্রমেণ মৃদুনা যুদ্ধমুপক্রান্তঞ্চ ভারত ! ॥৯॥
ন তু গন্ধর্বরাজস্য সৈনিকা মন্দচেতসঃ।
শক্যন্তে মৃদুনা শ্রেয়ঃ প্রতিপাদয়িতুং যদা ॥১০॥
ততস্তান্ যুধি দুর্দ্ধর্ষান্ সব্যসাচী পরন্তপঃ।
সান্ত্বপূর্ব্বমিদং বাক্যমুবাচ খচরান্ রণে।
বিসর্জয়ত রাজানং ভ্রাতরং মে সুযোধনম্ ॥১১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

জিতেতি। জিতেন জয়েন কাশন্তে দীপ্যন্ত ইতি তে, খচরা গন্ধর্বাঃ। অক্ষরাধিক্যমার্ষম্ ॥৬॥

ন্যবর্ত্তন্তেতি। ন্যবর্ত্তন্ত, তেষামপি বীরতয়া যুদ্ধোৎসুক্যাদিতি ভাবঃ ॥৭॥

তানিতি। ব্যূঢ়ানীকা রচিতসৈন্যব্যূহাঃ সন্তঃ, গন্ধমাদনবাসিনো গন্ধর্ব্বাঃ ॥৮॥

রাজ্ঞ ইতি। মৃদুনা ক্রমেণ সামপূর্ব্বকতয়া, উপক্রান্তমুপক্রমিতুমিষ্টম্ ॥৯॥

নেতি। মৃদুনা সানুনয়বাক্যেন, শ্রেয়ো মঙ্গলং দুর্য্যোধনাদিমোচনমিত্যর্থঃ, প্রতিপাদয়িতুং কারয়িতুম্। সব্যসাচী অর্জ্জুনঃ। খচরান্ গন্ধর্ব্বান্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১০—১১॥

ওদিকে বিজয়শোভী ও ত্বরান্বিত সেই মহারথ গন্ধর্ব্বেরা নির্ভয়ের ন্যায় সেই বনের ভিতরে গমন করিতেছিল ॥৬॥

ক্রমে বিজয়শোভী সেই গন্ধর্ব্বেরা সকলে চারি জন মহাবীর পাণ্ডবকে রথারূঢ় দেখিয়া যুদ্ধের জন্য ফিরিয়া দাঁড়াইল ॥৭॥

লোকপালগণের ন্যায় সুশোভিত এবং যুদ্ধোদ্যত পাণ্ডবগণকে দেখিয়া গন্ধর্ব্বেরা ব্যূহ রচনা করিয়া দাঁড়াইল ॥৮॥

ভরতনন্দন! তখন পাণ্ডবেরা বুদ্ধিমান্ যুধিষ্ঠিরের উপদেশ অনুসারে কোমল ভাবে (সানুনয় বাক্য বলিয়া পরে) যুদ্ধ আরম্ভ করিবার ইচ্ছা করিলেন ॥৯॥

পাণ্ডবেরা যখন গন্ধর্ব্বরাজের নির্ব্বোধ সৈন্যগণকে সানুনয় বাক্যে মঙ্গল-

ত এবমুক্তা গন্ধর্ব্বা পাণ্ডবেন যশস্বিনা।
উৎস্ময়ন্তস্তদা পার্থমিদং বচনমব্রুবন্ ॥১২॥
একস্যৈব বয়ং তাত! কুর্য্যাম বচনং ভুবি।
যস্য শাসনমাজ্ঞায় চরামো বিগতজ্বরাঃ ॥১৩॥
তেনৈকেন যথাদিষ্টং তথা বর্ত্তাম ভারত!।
ন শাস্তা বিদ্যতেঽস্মাকমন্যস্তস্মাৎ সুরেশ্বরাৎ ॥১৪॥
এবমুক্তঃ স গন্ধর্ব্বৈঃ কুন্তীপুত্রো ধনঞ্জয়ঃ।
গন্ধর্ব্বান্ পুনরেবেদং বচনং প্রত্যভাষত ॥১৫॥
যদি সাম্না ন মুঞ্চধ্বং গন্ধর্বা! ধৃতরাষ্ট্রজান্।
মোক্ষয়িষ্যামি বিক্রম্য স্বয়মেব সুযোধনম্ ॥১৬॥

ভারতকৌমুদী

ত ইতি। উৎস্ময়ন্ত উত্তমং স্ময়মানাঃ সুন্দরমীষদ্ধসন্ত ইতি যাবৎ ॥১২॥

একস্যেতি। শাসনমাদেশম্, আজ্ঞায় শ্রুত্বা, বিগতজ্বরাস্তিরোহিতসন্তাপাঃ ॥১৩॥

তেনেতি। "ভ্রাতরং মে সুযোধনম্" ইত্যনেন পরিচয়লাভাৎ ভারতেতি সম্বোধনমুপপদ্যতে ॥১৪॥

এবমিতি। ধনঞ্জয়ঃ অর্জ্জুনঃ ॥১৫॥

লাভ করাইতে পারিলেন না, তখন পরন্তপ অর্জ্জুন যুদ্ধদুর্দ্ধর্ষ গন্ধর্বগণকে কোমলস্বরে এই কথা বলিলেন—'গন্ধর্বগণ! আপনারা—আমার ভ্রাতা রাজা দুর্য্যোধনকে ছাড়িয়া দিন' ॥১০—১১॥

যশস্বী অর্জ্জুন এইরূপ বলিলে, তখন গন্ধর্ব্বেরা ঈষৎ হাস্য করিয়া অর্জ্জুনকে এই কথা বলিল—॥১২॥

'বৎস! আমরা জগতের মধ্যে একজনেরই আদেশ পালন করিয়া থাকি, যাঁহার আদেশ শুনিয়া আমরা নিরুৎপাতে বিচরণ করি ॥১৩॥

ভরতনন্দন! সেই একজন যেমন আদেশ করিয়াছেন, তেমন ভাবেই আমরা চলিব। সেই এক দেবরাজ ব্যতীত অন্য কেহই আমাদের শাসনকর্ত্তা নাই' ॥১৪॥

গন্ধর্ব্বেরা এইরূপ বলিলে, কুন্তীনন্দন অর্জ্জুন পুনরায় গন্ধর্বদিগকে এই কথা বলিলেন—॥১৫॥

(১৫) শ্লোকাৎ পরম্—'ন তদ্গন্ধর্ব্বরাজস্য যুক্তং কর্ম্ম জুগুপ্সিতম্। পরদারাভিমর্ষশ্চ মানুষৈশ্চ সমাগমঃ॥ উৎসৃজধ্বং মহাবীর্য্যান্ ধৃতরাষ্ট্রসুতানিমান্। দারাংশ্চৈষাং বিমুঞ্চধ্বং ধর্ম্মরাজস্য শাসনাৎ॥' ইতি শ্লোকদ্বয়মধিকং বা ব কা পি, 'একস্যৈব বয়ং তাত!' ইত্যাদিগন্ধর্ব্বোক্তেঃ পরং 'ধর্ম্মরাজস্য শাসনাৎ' ইত্যুক্তেরসামঞ্জস্যাৎ।

এবমুক্ত্বা ততঃ পার্থঃ সব্যসাচী ধনঞ্জয়ঃ।
সসর্জ্জ নিশিতান্ বাণান্ খচরান্ খচরান্ প্রতি ॥১৭॥
তথৈব শরবর্ষেণ গন্ধর্ব্বাস্তে বলোৎকটাঃ।
পাণ্ডবানভ্যবর্ত্তন্ত পাণ্ডবাশ্চ দিবৌকসঃ ॥১৮॥
ততঃ সুতুমুলং যুদ্ধং গন্ধর্বাণাং তরস্বিনাম্।
বভূব ভীমবেগানাং পাণ্ডবানাঞ্চ ভারত! ॥১৯॥
ততো দিব্যাস্ত্রসম্পন্না গন্ধর্ব্বা হেমমালিনঃ।
বিসৃজন্তঃ শরান্ দীপ্তান্ সমন্তাৎ পর্য্যবারয়ন্ ॥২০॥
চত্বারঃ পাণ্ডবা বীরা গন্ধর্ব্বাশ্চ সহস্রশঃ।
রণে সংন্যপতন্ রাজংস্তদদ্ভুতমিবাভবৎ ॥২১॥

ভারতকৌমুদী

যদীতি। সাম্না সান্ত্বনয়বচনেন। স্বয়মহমেব ॥১৬॥
এবমিতি। খচরান্ আকাশগামিনঃ, খচরান্ গন্ধর্ব্বান্ ॥১৭॥
তথেতি। বলেন উৎকটা উদ্ধতাঃ। দিবৌকসো গন্ধর্বান্ ॥১৮॥
তত ইতি। তরস্বিনাং বেগবতাম্ ॥১৯॥
তত ইতি। হেমমালিনঃ স্বর্ণমালাধারিণঃ। পর্য্যবারয়ন্ পাণ্ডবানবেষ্টন্ত ॥২০॥
চত্বার ইতি। সংন্যপতন্ সম্মিলিতা অভবন্ ॥২১॥

'গন্ধর্ব্বগণ! তোমরা যদি সান্ত্বনয়বাক্যে ধৃতরাষ্ট্রের পুত্রপ্রভৃতিকে মুক্ত না কর, তবে আমি বিক্রম প্রকাশ করিয়া নিজেই উঁহাদিগকে মুক্ত করিব' ॥১৬॥

এই কথা বলিয়া তখনই পৃথাপুত্র সব্যসাচী অর্জ্জুন গন্ধর্বগণের প্রতি নিশিত ও আকাশগামী বাণ সকল নিক্ষেপ করিতে লাগিলেন ॥১৭॥

বলমত্ত গন্ধর্ব্বেরাও বাণবর্ষণপূর্বক পাণ্ডবদিগের প্রতি ধাবিত হইল; পাণ্ডবেরাও গন্ধর্বদের প্রতি ধাবিত হইলেন ॥১৮॥

ভরতনন্দন! তাহার পর বেগবান্ গন্ধর্বগণ ও ভীষণবেগশালী পাণ্ডবগণের অতিতুমুল যুদ্ধ হইতে লাগিল ॥১৯॥

তদনন্তর অলৌকিক অস্ত্রশালী ও স্বর্ণমালাধারী গন্ধর্বেরা সকল দিক্ হইতে উজ্জ্বল বাণ সকল নিক্ষেপ করিতে থাকিয়া পাণ্ডবগণকে পরিবেষ্টন করিল ॥২০॥

(১৯) শ্লোকাৎ পরম্ '...চত্বারিংশদধিকদ্বিশততমঃ...' বৈশম্পায়ন উবাচ' পি, অপর-পুস্তকেঽপি কচিত্তথা।

যথা কর্ণস্য চ রথো ধার্ত্তরাষ্ট্রস্য চোভয়োঃ।
গন্ধর্ব্বৈঃ শতশশ্ছিন্নৌ তথা তেষাং প্রচক্রিরে ॥২২॥
তান্ সমাপততো রাজন্! গন্ধর্ব্বান্ শতশো রণে।
প্রত্যগৃহ্ণন্ নরব্যাঘ্রাঃ শরবর্ষৈরনেকশঃ ॥২৩॥
তে কীর্য্যমাণাঃ খগমাঃ শরবর্ষৈঃ সমন্ততঃ।
ন শেকুঃ পাণ্ডুপুত্রাণাং সমীপে পরিবর্ত্তিতুম্ ॥২৪॥
অতিক্রুদ্ধানতিক্রুদ্ধো গন্ধর্ব্বানর্জ্জুনস্তদা।
লক্ষয়িত্বাথ দিব্যানি মহাস্ত্রাণ্যুপচক্রমে ॥২৫॥
সহস্রাণাং সহস্রাণি প্রাহিণোদ্‌যমসাদনম্।
আগ্নেয়েনার্জ্জুনঃ সংখ্যে গন্ধর্ব্বাণাং বলোৎকটঃ ॥২৬॥

ভারতকৌমুদী

যথেতি। তেষাং পাণ্ডবানাম্, তথা প্রচক্রিরে রথান্ চিচ্ছিদুঃ ॥২২॥
তানিতি। সমাপততঃ সমাগচ্ছতঃ। নরব্যাঘ্রাঃ পাণ্ডবাঃ ॥২৩॥
ত ইতি। কীর্য্যমাণা ব্যাপ্যমানাঃ, খগমা গন্ধর্বাঃ ॥২৪॥
অতীতি। উপচক্রমে প্রয়োক্তুমারেভে ॥২৫॥
সহস্রাণামিতি। সহস্রাণাং মধ্যে সহস্রাণ্যেব। আগ্নেয়েনাস্ত্রেণ ॥২৬॥

ভারতভাবদীপঃ

যুধিষ্ঠিরেতি ॥১—২॥ দংশিতাঃ সন্নদ্ধাঃ ॥৩—৯॥ শ্রেয়ঃ কল্যাণম্, প্রতিপাদয়িতুং প্রাপয়িতুম্ ॥১০—১৬॥ খচরান্ গগনগমনান্, খচরান্ গন্ধর্ব্বান্ ॥১৭—২১॥ তথা তেষাং

রাজা! একদিকে চারিজনমাত্র পাণ্ডব, অপর দিকে সহস্র সহস্র বীর গন্ধর্ব যুদ্ধে সম্মিলিত হইলেন; তাহা যেন অদ্ভুতের ন্যায় হইল ॥২১॥

গন্ধর্ব্বেরা পূর্বে যেমন কর্ণ ও দুর্য্যোধনের রথ দুই খানাকে শত শত খণ্ডে ছেদন করিয়াছিল, তেমন পাণ্ডবদের রথ চারিখানাকেও ছেদন করিল ॥২২॥

রাজা! ক্রমে শত শত গন্ধর্ব্ব পাণ্ডবগণের প্রতি ধাবিত হইল; তখন পাণ্ডবেরা অসংখ্য-বাণ-বর্ষণ করিয়া তাহাদিগকে গ্রহণ করিলেন ॥২৩॥

পাণ্ডবেরা বাণ বর্ষণ করিয়া গন্ধর্ব্বগণকে ব্যাপ্ত করিলে, গন্ধর্ব্বেরা কোন দিক্ হইতেই পাণ্ডবদের নিকটবর্ত্তী হইতে পারিল না ॥২৪॥

তখন অর্জ্জুন অত্যন্ত ক্রুদ্ধ হইয়া অতিক্রুদ্ধ গন্ধর্ব্বদিগকে লক্ষ্য করিয়া স্বর্গীয় মহাস্ত্র সকল নিক্ষেপ করিতে আরম্ভ করিলেন ॥২৫॥

ক্রমে বলমত্ত অর্জ্জুন যুদ্ধে আগ্নেয় অস্ত্রদ্বারা সহস্র গন্ধর্ব্বের মধ্যে সহস্র গন্ধর্ব্বকেই যমালয়ে প্রেরণ করিলেন ॥২৬॥

তথা ভীমো মহেষ্বাসঃ সংযুগে বলিনাং বরঃ।
গন্ধর্ব্বান্ শতশো রাজন্! জঘান নিশিতৈঃ শরৈঃ ॥২৭॥
মাদ্রীপুত্রাবপি তথা যুধ্যমানৌ বলোৎকটৌ।
পরিগৃহ্যাগ্রতো রাজন্! জঘ্নতুঃ শতশঃ পরান্ ॥২৮॥
তে বধ্যমানা গন্ধর্ব্বা দিব্যৈরস্ত্রৈর্মহারথৈঃ।
উৎপেতুঃ খমুপাদায় ধৃতরাষ্ট্রসুতাংস্ততঃ ॥২৯॥
স তানুৎপতিতান্ দৃষ্ট্বা কুন্তীপুত্রো ধনঞ্জয়ঃ।
মহতা শরজালেন সমন্তাৎ পর্য্যবারয়ৎ ॥৩০॥
তে রুদ্ধাঃ শরজালেন শকুন্তা ইব পঞ্জরে।
ববর্ষুরর্জ্জুনং ক্রোধাদ্‌গদাশক্ত্যৃষ্টিবৃষ্টিভিঃ ॥৩১॥
গদাশক্ত্যৃষ্টিবৃষ্টীস্তা নিহত্য পরমাস্ত্রবিৎ।
গাত্রাণি চাহনদ্ভল্লৈর্গন্ধর্ব্বাণাং ধনঞ্জয়ঃ ॥৩২॥

ভারতকৌমুদী

তথেতি। ইষূন্ বাণানস্যতি ক্ষিপত্যনেনেতি ইষ্বাসো ধনুঃ মহানিষ্বাসো যস্য সঃ ॥২৭॥
মাদ্রীতি। অগ্রতঃ গন্ধর্ব্বসেনায়াঃ সম্মুখভাগং পরিগৃহ্য ॥২৮॥
ত ইতি। মহারথৈঃ পাণ্ডবৈঃ। গন্ধর্ব্বাস্ততো ধৃতরাষ্ট্রসুতানুপাদায় খমুৎপেতুঃ ॥২৯॥
স ইতি। উৎপতিতান্ আকাশোত্থিতান্। সমন্তাৎ সর্ব্বাসু দিক্ষু ॥৩০॥
ত ইতি। তে গন্ধর্ব্বাঃ। শকুন্তাঃ পক্ষিণঃ। শক্ত্যৃষ্টী তদানীন্তনাবস্ত্রবিশেষৌ ॥৩১॥
গদেতি। অহনৎ অচ্ছিনৎ। বিকরণলোপাভাব আর্ষঃ ॥৩২॥

রাজা! মহাধনুর্দ্ধর ও বলিশ্রেষ্ঠ ভীমসেনও সেইরূপ নিশিত বাণসমূহ-দ্বারা যুদ্ধে শত শত গন্ধর্ব্বকে বধ করিলেন ॥২৭॥

এবং বলমত্ত নকুল-সহদেবও যুদ্ধ করিতে থাকিয়া গন্ধর্ব্বসৈন্যের সম্মুখ-ভাগ গ্রহণ করিয়া শত শত শত্রু সংহার করিলেন ॥২৮॥

মহারথ পাণ্ডবেরা যখন দিব্য অস্ত্রসমূহদ্বারা গন্ধর্ব্বগণকে বধ করিতে লাগিলেন, তখন তাহারা ধৃতরাষ্ট্রপুত্রগণকে লইয়া সে স্থান হইতে আকাশে উঠিল ॥২৯॥

তখন কুন্তীনন্দন অর্জ্জুন গন্ধর্ব্বগণকে আকাশে উত্থিত দেখিয়া বিশাল শরজালদ্বারা তাহাদিগকে সকল দিকে রুদ্ধ করিলেন ॥৩০॥

পক্ষিগণ যেমন পঞ্জরের ভিতরে রুদ্ধ হয়, তেমন গন্ধর্ব্বগণ অর্জ্জুনের শরজালের ভিতরে রুদ্ধ হইয়া তাঁহার উপরে গদা, শক্তি ও ঋষ্টি নিক্ষেপ করিতে লাগিল ॥৩১॥

শিরোভিঃ প্রপতদ্ভিশ্চ চরণৈর্বাহুভিস্তথা।
অশ্মবৃষ্টিরিবাভাতি পরেষামভবদ্ভয়ম্ ॥৩৩॥
তে বধ্যমানা গন্ধর্ব্বাঃ পাণ্ডবেন মহাত্মনা।
ভূমিষ্ঠমন্তরীক্ষস্থা শরবর্ষৈরবাকিরন্ ॥৩৪॥
তেষান্তু শরবর্ষাণি সব্যসাচী পরন্তপঃ।
অস্ত্রৈঃ সংবার্য্য তেজস্বী গন্ধর্বান্ প্রত্যবিধ্যত ॥৩৫॥
স্থূণাকর্ণেন্দ্রজালঞ্চ সৌরঞ্চাপি তথার্জ্জুনঃ।
আগ্নেয়ঞ্চাপি সৌম্যঞ্চ সসর্জ্জ কুরুনন্দনঃ ॥৩৬॥
তে দহ্যমানা গন্ধর্ব্বাঃ কুন্তীপুত্রস্য সায়কৈঃ।
দৈতেয়া ইব শক্রেণ বিষাদমগমন্ পরম্ ॥৩৭॥
ঊর্দ্ধমাক্রমমাণাশ্চ শরজালেন বারিতাঃ।
বিসর্পমাণা ভল্লৈশ্চ বার্য্যন্তে সব্যসাচিনা ॥৩৮॥

ভারতকৌমুদী

শিরোভিরিতি। অশ্মবৃষ্টিঃ প্রস্তরবৃষ্টিঃ। পরেষাং গন্ধর্ব্বাণাম্ ॥৩৩॥
ত ইতি। পাণ্ডবেন অর্জ্জুনেন। ভূমিষ্ঠমিত্যাদিনা গন্ধর্বাণাং সুবিধা ব্যজ্যতে ॥৩৪॥
তেষামিতি। সব্যসাচী পূর্ববদ্ব্যাখ্যানাৎ করদ্বয়েনাপি অস্ত্রক্ষেপী ॥৩৫॥
স্থূণেতি। স্থূণাকর্ণমস্ত্রবিশেষঃ। সৌরম্ আগ্নেয়ং সৌম্যঞ্চাস্ত্রম্ ॥৩৬॥
ত ইতি। অগমন্ প্রাপ্নুবন্, পরম্ অত্যন্তম্ ॥৩৭॥
ঊর্দ্ধমিতি। আক্রমমাণা গচ্ছন্তঃ। বিসর্পমাণাঃ পার্শ্বয়োরপসরন্তঃ ॥৩৮॥

তখন মহাস্ত্রবিৎ অর্জ্জুন সেই গদা, শক্তি ও ঋষ্টিবৃষ্টি প্রতিহত করিয়া ভল্লদ্বারা গন্ধর্ব্বগণের অঙ্গ সকল ছেদন করিতে লাগিলেন ॥৩২॥

সেই সময়ে গন্ধর্ব্বগণের মস্তক, চরণ ও বাহু পতিত হইতে থাকায় প্রস্তর-বৃষ্টির ন্যায় প্রকাশ পাইল; তাহাতে গন্ধর্ব্বগণের ভয় উপস্থিত হইল ॥৩৩॥

মহাত্মা অর্জ্জুন ভূতলে থাকিয়া গন্ধর্ব্বগণকে বধ করিতে লাগিলেন; আর তাহারা আকাশে থাকিয়া তাঁহার উপরে শরবর্ষণ করিতে থাকিল ॥৩৪॥

তেজস্বী ও পরন্তপ অর্জ্জুন আপন অস্ত্রে গন্ধর্বগণের অস্ত্র নিবারণ করিয়া তাহাদিগকে প্রতিবিদ্ধ করিতে লাগিলেন ॥৩৫॥

এবং অর্জ্জুন—স্থূণাকর্ণ, ইন্দ্রজাল, সৌর, আগ্নেয় ও সৌম্য অস্ত্র ক্রমশঃ নিক্ষেপ করিলেন ॥৩৬॥

পূর্বকালে ইন্দ্রের বাণে দৈত্যগণ যেমন দগ্ধ হইতেছিল, সেইরূপ গন্ধর্ব্বগণ অর্জ্জুনের বাণে দগ্ধ হইতে থাকিয়া অত্যন্ত বিষণ্ণ হইয়া পড়িল ॥৩৭॥

গন্ধর্বাংস্ত্রাসিতান্ দৃষ্ট্বা কুন্তীপুত্রেণ ভারত ! ।
চিত্রসেনো গদাং গৃহ্য সব্যসাচিনমাদ্রবৎ ॥৩৯॥
তস্যাভিপততস্তূর্ণং গদাহস্তস্য সংযুগে ।
গদাং সর্বায়সীং পার্থঃ শরৈশ্চিচ্ছেদ সপ্তধা ॥৪০॥
স গদাং বহুধা দৃষ্ট্বা কৃত্তাং বাণৈস্তরস্বিনা ।
সংবৃত্য বিদ্যয়াত্মানং যোধয়ামাস পাণ্ডবম্ ॥৪১॥
অস্ত্রাণি তস্য দিব্যানি সম্প্রযুক্তানি সর্বশঃ ।
দিব্যৈরস্ত্রৈস্তদা বীরঃ পর্য্যবারয়দর্জ্জুনঃ ॥৪২॥
স বার্য্যমাণস্তৈরস্ত্রৈরর্জ্জুনেন মহাত্মনা ।
গন্ধর্বরাজো বলবান্ মায়য়ান্তর্হিতস্তদা ॥৪৩॥

ভারতকৌমুদী

গন্ধর্ব্বানিতি। চিত্রসেনো নাম গন্ধর্বরাজঃ, গৃহ্য গৃহীত্বা ॥৩৯॥
তস্যেতি। সংযুগে যুদ্ধে। সর্ব্বায়সীং লৌহময়সর্বাবয়বাম্ ॥৪০॥
স ইতি। কৃত্তাং ছিন্নাম্। তরস্বিনা বলবতা অর্জ্জুনেন। বিদ্যয়া অদর্শনশক্ত্যা ॥৪১॥
অস্ত্রাণীতি। সম্প্রযুক্তানি নিক্ষিপ্তানি। পর্য্যবারয়ৎ ন্যবারয়ৎ ॥৪২॥

ভারতভাবদীপঃ

চতুর্ণামপি রথান্ ছন্নান্, প্রচক্রিরে গন্ধর্ব্বাঃ ॥২২—৩৮॥ গৃহ্য গৃহীত্বা ॥৩৯—৪০॥ সংবৃত্যা-চ্ছাদ্য, বিদ্যয়াঽদর্শনশক্ত্যা ॥৪১—৪৯॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষড়ধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২০৬॥

গন্ধর্ব্বেরা যখন উপরে উঠিবার চেষ্টা করে, তখন অর্জ্জুন শরজালদ্বারা বারণ করেন ; আবার যখন পার্শ্বে সরিবার ইচ্ছা করে, অমনি অর্জ্জুন ভল্লদ্বারা রুদ্ধ করেন ॥৩৮॥

ভরতনন্দন ! অর্জ্জুন গন্ধর্ব্বদিগকে ভয়ার্ত্ত করিয়া ফেলিয়াছেন, ইহা দেখিয়া গন্ধর্ব্বরাজ চিত্রসেন গদা ধারণ করিয়া অর্জ্জুনের দিকে ধাবিত হইলেন ॥৩৯॥

চিত্রসেন গদাহস্তে যুদ্ধে ধাবিত হইলে, অর্জ্জুন বাণদ্বারা তাঁহার সেই লৌহময়ী গদাটাকে সাত খণ্ড করিয়া ছেদন করিলেন ॥৪০॥

বলবান্ অর্জ্জুন বাণদ্বারা গদাটাকে সাত খণ্ডে ছেদন করিয়াছেন, ইহা দেখিয়া চিত্রসেন বিদ্যাবলে আপনাকে আবৃত করিয়া অর্জ্জুনের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥৪১॥

সেই অবস্থায় চিত্রসেন যে সকল দিব্য অস্ত্র নিক্ষেপ করিলেন, মহাবীর অর্জ্জুনও দিব্য অস্ত্রদ্বারাই সেগুলিকে নিবারণ করিলেন ॥৪২॥

অন্তর্হিতং তমালক্ষ্য প্রহরন্তমথার্জ্জুনঃ।
তাড়য়ামাস খচরৈর্দিব্যাস্ত্রপ্রতিমন্ত্রিতৈঃ ॥৪৪॥
অন্তর্দ্ধানবধঞ্চাস্য চক্রে ক্রুদ্ধোঽর্জ্জুনস্তদা।
শব্দবেধং সমাশ্রিত্য বহুরূপো ধনঞ্জয়ঃ ॥৪৫॥
স বধ্যমানস্তৈরস্ত্রৈরর্জ্জুনেন মহাত্মনা।
ততোঽস্য দর্শয়ামাস তদাত্মানং প্রিয়ঃ সখা।
চিত্রসেনস্তথোবাচ সখায়ং যুধি বিদ্ধি মাম্ ॥৪৬॥
চিত্রসেনমথালক্ষ্য সখায়ং যুধি দুর্ব্বলম্।
সংজহারাস্ত্রমথ তৎ প্রসৃষ্টং পাণ্ডবর্ষভঃ ॥৪৭॥
দৃষ্ট্বা তু পাণ্ডবাঃ সর্ব্বে সংহৃতাস্ত্রং ধনঞ্জয়ম্।
সংজহ্রুঃ প্রদ্রুতানশ্বান্ শরবেগান্ ধনূংষি চ ॥৪৮॥

ভারতকৌমুদী

স ইতি। বার্য্যমাণো নিরুধ্যমানঃ। মায়য়া অদর্শনবিদ্যয়া ॥৪৩॥

অন্তরিতি। খচরৈর্ব্বাণৈঃ, দিব্যাস্ত্রপ্রতিমন্ত্রিতৈঃ দিব্যাস্ত্রমন্ত্রেণাভিমন্ত্রিতৈঃ ॥৪৪॥

অন্তরিতি। অন্তর্দ্ধানেঽপি বধোঽন্তর্দ্ধানবধস্তম্, চক্রে কর্ত্তুমিয়েষ। শব্দবেধং বাণম্ ॥৪৫॥

স ইতি। সখ্যঞ্চার্জ্জুনস্বর্গবাসকালে জাতম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৬॥

চিত্রেতি। প্রসৃষ্টং প্রসৃজ্যমানং নিক্ষিপ্যমাণমিত্যর্থঃ, পাণ্ডবর্ষভোঽর্জ্জুনঃ ॥৪৭॥

মহাত্মা অর্জ্জুন দিব্য অস্ত্রদ্বারা বারণ করিতে লাগিলে, তখন বলবান্ গন্ধর্ব্বরাজ চিত্রসেন মায়াবলে অন্তর্হিত হইলেন ॥৪৩॥

তিনি অন্তর্হিত হইয়াও অর্জ্জুনকে প্রহার করিতে লাগিলেন; তখন অর্জ্জুন স্বর্গীয় অস্ত্রমন্ত্রে অভিমন্ত্রিত করিয়া সেই বাণদ্বারা তাড়ন করিতে থাকিলেন ॥৪৪॥

অবস্থানুসারে নানাবিধস্বভাবশালী ধনঞ্জয় অর্জ্জুন ক্রমে ক্রুদ্ধ হইয়া শব্দবেধ বাণ লইয়া অন্তর্হিত অবস্থাতেই চিত্রসেনকে বধ করিবার ইচ্ছা করিলেন ॥৪৫॥

মহাত্মা অর্জ্জুন সেই অস্ত্রদ্বারা চিত্রসেনকে বধ করিবার উদ্‌যোগ করিলে, অর্জ্জুনেরই প্রিয়সখা চিত্রসেন অর্জ্জুনকে আত্মদর্শন করাইলেন এবং বলিলেন— 'সখে! যুদ্ধে আমাকে সখা বলিয়া ধারণা কর' ॥৪৬॥

সখা চিত্রসেনকে দেখিয়া এবং তিনি যুদ্ধে দুর্ব্বল হইয়া পড়িয়াছেন ইহা বুঝিয়া অর্জ্জুন সেই অস্ত্রের উপসংহার করিলেন ॥৪৭॥

চিত্রসেনশ্চ ভীমশ্চ সব্যসাচী যমাবপি।
পৃষ্ট্বা কৌশল্যমন্যোন্যং রথেষ্বেবাবতস্থিরে ॥৪৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি ঘোষযাত্রায়াং গন্ধর্ব্বপরাভবে ষড়ধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

সপ্তাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

——:(*):——

বৈশম্পায়ন উবাচ।

ততোঽর্জ্জুনশ্চিত্রসেনং প্রহসন্নিদমব্রবীৎ।
মধ্যে গন্ধর্ব্বসৈন্যানাং মহেষ্বাসো মহাদ্যুতিঃ ॥১॥
কিং তে ব্যবসিতং বীর! কৌরবাণাং বিনিগ্রহে।
কিমর্থঞ্চ সদারোঽয়ং নিগৃহীতঃ সুযোধনঃ ॥২॥

ভারতকৌমুদী

দৃষ্টেতি। প্রদ্রুতান্ ধাবিতান্, শরবেগান্ বেগবচ্ছরনিক্ষেপান্ ॥৪৮॥

চিত্রেতি। কৌশল্যং কুশলম্, চাতুর্ব্বর্ণ্যমিত্যাদিবৎ স্বার্থে যণ্। পূর্ব্বমেব পাণ্ডবরথানাং গন্ধর্ব্বৈর্নাশিতত্বাৎ তেষাং রথান্তরগ্রহণং বেদিতব্যম্ ॥৪৯॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি ঘোষযাত্রায়াং ষড়ধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(:*:)———

তত ইতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ, মহাদ্যুতির্মহাতেজাঃ ॥১॥

কিমিতি। তে ত্বয়া, ব্যবসিতং প্রবৃত্তম্। নিগৃহীতো বদ্ধঃ ॥২॥

অর্জ্জুন অস্ত্রের উপসংহার করিলেন ইহা দেখিয়া অপর পাণ্ডবেরা সকলেও ঘোড়াগুলিকে থামাইলেন এবং ধনু ও বাণ উপসংহৃত করিলেন ॥৪৮॥

তখন চিত্রসেন, ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেব পরস্পর মঙ্গল জিজ্ঞাসা করিয়া রথেই অবস্থান করিলেন ॥৪৯॥

———:(০):———

বৈশম্পায়ন কহিলেন—তাহার পর মহাধনুর্দ্ধর ও মহাতেজা অর্জ্জুন গন্ধর্ব্ব-সৈন্যগণের মধ্যেই হাসিতে হাসিতে চিত্রসেনকে এই কথা বলিলেন—॥১॥

---

(৪৯)…পৃষ্ট্বা কৌশলম্…নি। * '…একচত্বারিংশদধিকদ্বিশততমঃ…' পি, '…ত্রিচত্বারিংশদধিকদ্বি…' বা ব, '…পঞ্চচত্বারিংশদধিকদ্বি…' কা, '…ষট্‌চত্বারিংশদধিকদ্বি…' নি।

চিত্রসেন উবাচ।

বিদিতোঽয়মভিপ্রায়স্তত্রস্থেন দুরাত্মনঃ।
দুর্য্যোধনস্য পাপস্য কর্ণস্য চ ধনঞ্জয়! ॥৩॥
বনস্থান্ ভবতো জ্ঞাত্বা ক্লিশ্যমানাননাথবৎ।
ইমেঽবহসিতুং প্রাপ্তা দ্রৌপদীঞ্চ যশস্বিনীম্ ॥৪॥
জ্ঞাত্বা চিকীর্ষিতঞ্চৈষাং মামুবাচ সুরেশ্বরঃ।
গচ্ছ দুর্য্যোধনং বদ্ধা সহামাত্যমিহানয় ॥৫॥
ধনঞ্জয়শ্চ তে রক্ষ্যঃ সহ ভ্রাতৃভিরাহবে।
স চ প্রিয়সখা তুভ্যং শিষ্যশ্চ তব পাণ্ডবঃ ॥৬॥
বচনাদ্দেবরাজস্য ততোঽস্মীহাগতো দ্রুতম্।
অয়ং দুরাত্মা বদ্ধশ্চ গমিষ্যামি সুরালয়ম্।
নেষ্যাম্যেনং দুরাত্মানং পাকশাসনশাসনাৎ ॥৭॥

ভারতকৌমুদী

বিদিত ইতি। বিদিতঃ চারমুখেনাবগতঃ। তত্রস্থেন স্বর্গস্থেনৈব সুরেশ্বরেণ ॥৩॥
অথ কোঽভিপ্রায় ইত্যাহ বনস্থানিতি। অবহসিতুম্ অবজ্ঞয়া হসিতুম্ ॥৪॥
জ্ঞাত্বেতি। চিকীর্ষিতং কর্ত্তুমিষ্টম্, এষাং দুর্য্যোধনাদীনাম্ ॥৫॥
নন্থ দুর্য্যোধনবন্ধনপ্রবৃত্তৌ জ্ঞাতিত্বাদ্যদি পাণ্ডবাস্তৎপক্ষমবলম্বেরন্নিত্যাহ ধনেতি। আহবে যুদ্ধে। তুভ্যং তব। শিষ্যো নৃত্যগীতাদৌ। সখ্যং শিষ্যত্বঞ্চার্জ্জুনস্বর্গবাসে প্রাগুক্তম্ ॥৬॥

'বীর! তুমি কি জন্য কৌরবগণের নিগ্রহে প্রবৃত্ত হইয়াছ এবং কি জন্যই বা ভার্য্যাবর্গের সহিত দুর্য্যোধনকে বন্ধন করিয়াছ?' ॥২॥

চিত্রসেন বলিলেন—'ধনঞ্জয়! দেবরাজ স্বর্গে থাকিয়াই দুরাত্মা দুর্য্যোধনের ও পাপাত্মা কর্ণের এই অভিপ্রায় জানিতে পারিয়াছিলেন ॥৩॥

(যে,) তোমরা যশস্বিনী দ্রৌপদীর সহিত বনে থাকিয়া অনাথের ন্যায় কষ্ট পাইতেছ, ইহা জানিয়া ইহারা অবহাস (ঠাট্টা) করিবার জন্য দ্বৈতবনে আসিতেছে ॥৪॥

তখন দেবরাজ ইহাদের অভিপ্রেত বিষয় বুঝিয়া আমাকে বলিলেন—'যাও, মন্ত্রিগণের সহিত দুর্য্যোধনকে বন্ধন করিয়া এই স্থানে আনয়ন কর ॥৫॥

কিন্তু তুমি যুদ্ধের সময়ে ভ্রাতৃবর্গের সহিত অর্জ্জুনকে রক্ষা করিও। কারণ, অর্জ্জুন তোমার প্রিয় সখা ও শিষ্য' ॥৬॥

(৩)…তত্রস্থেন মহাত্মনা…পি। (৪) পূর্ব্বার্দ্ধাৎ পরম্ 'সমস্থো বিষমস্থাংস্তান্ দ্রক্ষ্যামীত্যনবস্থিতান্' ইত্যর্দ্ধমধিকং বা ব কা নি।

অর্জ্জুন উবাচ।

উৎসৃজ্যতাং চিত্রসেন! ভ্রাতাঽস্মাকং সুযোধনঃ।
ধর্ম্মরাজস্য সন্দেশান্মম চেদিচ্ছসি প্রিয়ম্ ॥৮॥

চিত্রসেন উবাচ।

পাপোঽয়ং নিত্যসংদুষ্টো ন বিমোক্ষণমর্হতি।
প্রলব্ধা ধর্ম্মরাজস্য কৃষ্ণায়াশ্চ ধনঞ্জয়! ॥৯॥
নেদং চিকীর্ষিতং ত্বস্য কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
জানাতি ধর্ম্মরাজো হি শ্রুত্বা কুরু যথেচ্ছসি ॥১০॥

বৈশম্পায়ন উবাচ।

তে সর্ব্ব এব রাজানমভিজগ্মুর্যুধিষ্ঠিরম্।
অভিগম্য চ তৎ সর্ব্বং শশংসুস্তস্য চেষ্টিতম্ ॥১১॥

ভারতকৌমুদী

বচনাদিতি। পাকশাসনশাসনাৎ দেবরাজাদেশাৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥
উৎসৃজ্যতামিতি। ভ্রাতেত্যনেন সখ্যুর্ভ্রাতৃত্বাত্তবাপি ভ্রাতেতি সূচিতম্ ॥৮॥
পাপ ইতি। নিত্যসংদুষ্টঃ সর্ব্বদা দোষী। প্রলব্ধা বঞ্চয়িতা ॥৯॥
নেতি। অস্য দুর্য্যোধনস্য, চিকীর্ষিতম্ ইদং যুষ্মদবহসনং ন জানাতি ॥১০॥

ভারতভাবদীপঃ

ততোঽর্জ্জুন ইতি ॥১—২॥ তত্রস্থেন ময়েতি শেষঃ ॥৩—৮॥ নিত্যং সন্তুষ্টো মত্ত ইত্যর্থঃ, সন্তুষ্টত্বাদ্ধর্ম্ম্য ইতি। "হৃষ্টো দৃপ্যতি দৃপ্তো ধর্ম্মমতিক্রামতী"ত্যাপস্তম্ববচনাৎ। প্রলব্ধা বঞ্চকঃ

আমি দেবরাজের সেই আদেশ অনুসারে এখানে আসিয়াছিলাম এবং এই দুরাত্মা দুর্য্যোধনকে বন্ধনও করিয়াছি। এখন স্বর্গে যাইব এবং ইন্দ্রের আদেশেই ইহাকে সঙ্গে লইয়া যাইব' ॥৭॥

অর্জ্জুন বলিলেন—'চিত্রসেন! তুমি যদি আমার প্রীতিকর কার্য্য করিতে ইচ্ছা কর, তবে ধর্ম্মরাজের আদেশে আমাদের ভ্রাতা দুর্য্যোধনকে ছাড়িয়া দাও' ॥৮॥

চিত্রসেন কহিলেন—'অর্জ্জুন! এই পাপাত্মা সর্ব্বদাই গুরুতর দোষে দোষী এবং ধর্ম্মরাজ ও দ্রৌপদীর প্রতারণাকারী; সুতরাং এ, মুক্তি পাইবার যোগ্য নহে ॥৯॥

তা'র পর, কুন্তীনন্দন ধর্ম্মরাজ যুধিষ্ঠির ইহার এই অভিপ্রেত বিষয় জানেন না। সুতরাং তাঁহার কথা শুনিয়া যাহা ইচ্ছা হয় তাহা কর' ॥১০॥

(৯) পাপোঽয়ং নিত্যসন্তুষ্টঃ…বা ব কা, পাপোঽয়ং নিত্যসংদৃপ্তঃ…পি।

অজাতশত্রুস্তচ্ছ্রুত্বা গন্ধর্ব্বস্য বচস্তদা।
মোক্ষয়ামাস তান্ সর্ব্বান্ গন্ধর্ব্বান্ প্রশশংস চ ॥১২॥

যুধিষ্ঠির উবাচ। *

দিষ্ট্যা ভবদ্ভির্বলিভিঃ শক্তৈঃ সর্বৈর্ন হিংসিতঃ।
দুর্বৃত্তো ধার্ত্তরাষ্ট্রোঽয়ং সামাত্যজ্ঞাতিবান্ধবঃ ॥১৩॥
উপকারো মহাংস্তাত! কৃতোঽয়ং মম খেচরৈঃ।
কুলং ন পরিভূতং মে মোক্ষণেঽস্য দুরাত্মনঃ ॥১৪॥
আজ্ঞাপয়ধ্বমিষ্টানি প্রীয়ামো দর্শনেন বঃ।
প্রাপ্য সর্ব্বানভিপ্রায়াংস্ততো ব্রজত মা চিরম্ ॥১৫॥

ভারতকৌমুদী

ত ইতি। তস্য দুর্য্যোধনস্য, চেষ্টিতং পাণ্ডবাবহাসাদিকমভিপ্রেতম্ ॥১১॥

অজাতেতি। অজাতশত্রুর্যুধিষ্ঠিরঃ। তান্ দুর্য্যোধনাদীন্ ॥১২॥

দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন। শক্তৈর্হিংসিতুং সমর্থৈরপি ॥১৩॥

উপেতি। হে তাত! বৎস! অর্জ্জুনসখত্বাত্তৎস্থানীয়তয়েদং সম্বোধনম্। খেচরৈর্গন্ধর্ব্বৈঃ। পরিভূতমপমানিতম্। মোক্ষণে কৃতে সতি, অস্য দুর্য্যোধনস্য ॥১৪॥

আজ্ঞাপয়ধ্বমিতি। ইষ্টানি অস্মৎকর্ত্তব্যানি। মা চিরং ন বিলম্বধ্বম্ ॥১৫॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর তাঁহারা সকলেই রাজা যুধিষ্ঠিরের নিকট গমন করিলেন এবং যাইয়া দুর্য্যোধনের সেই সমস্ত অভিপ্রেত বিষয়ই বলিলেন ॥১১॥

তখন যুধিষ্ঠির গন্ধর্ব্বরাজের সেই কথা শুনিয়া দুর্য্যোধনপ্রভৃতি সকলকেই মুক্ত করাইয়া দিলেন এবং গন্ধর্ব্বগণের প্রশংসা করিলেন ॥১২॥

তা'র পর যুধিষ্ঠির বলিলেন—'গন্ধর্ব্বগণ! আপনারা সকলেই বলবান্ এবং ইহাকে বধ করিতে সমর্থ ছিলেন, তথাপি ভাগ্যবশতই মন্ত্রী, জ্ঞাতি ও বন্ধুবর্গের সহিত এই দুর্বৃত্ত দুর্য্যোধনকে বধ করেন নাই ॥১৩॥

বৎস চিত্রসেন! গন্ধর্ব্বেরা এইটাই আমার গুরুতর উপকার করিয়াছেন যে, এই দুরাত্মাকে মুক্ত করিয়া দেওয়ায় আমার বংশের অপমান করেন নাই ॥১৪॥

আপনাদের দর্শনেই আমরা আনন্দিত হইয়াছি; এখন আপনাদের অভীষ্ট বিষয়ের আদেশ করুন; তাহার পর সমস্ত অভীষ্ট লাভ করিয়া গমন করুন, বিলম্ব করিবেন না ॥১৫॥

* অয়ং পাঠঃ বা ব কা নি নাস্তি।

অনুজ্ঞাতাস্তু গন্ধর্ব্বাঃ পাণ্ডুপুত্রেণ ধীমতা।
সহাপ্সরোভিঃ সংহৃষ্টাশ্চিত্রসেনমুখা যযুঃ ॥১৬॥
দেবরাড়পি গন্ধর্ব্বান্ মৃতাংস্তান্ সমজীবয়ৎ।
দিব্যেনামৃতবর্ষেণ যে হতাঃ কৌরবৈর্যুধি ॥১৭॥
জ্ঞাতীংস্তানবমুচ্যাথ রাজদারাংশ্চ সর্ব্বশঃ।
কৃত্বা চ দুষ্করং কর্ম্ম প্রীতিযুক্তাশ্চ পাণ্ডবাঃ ॥১৮॥
সস্ত্রীকুমারৈঃ কুরুভিঃ পূজ্যমানা মহারথাঃ।
বভ্রাজিরে মহাত্মানঃ ক্রতুমধ্যে যথাগ্নয়ঃ ॥১৯॥
ততো দুর্য্যোধনং মুক্তং ভ্রাতৃভিঃ সহিতং তদা।
যুধিষ্ঠিরস্তু প্রণয়াদিদং বচনমব্রবীৎ ॥২০॥
মাস্ম তাত! পুনঃ কার্ষীরীদৃশং সাহসং ক্বচিৎ।
ন হি সাহসকর্ত্তারঃ সুখমেধন্তি ভারত! ॥২১॥

ভারতকৌমুদী

অন্বিতি। সংহৃষ্টাঃ কৌরবজয়েন পাণ্ডবানন্দজননেন চেতি ভাবঃ ॥১৬॥
দেবেতি। কৌরবাণাং ক্ষতিস্তু যথাতথমেব স্থিতেত্যাশয়ঃ ॥১৭॥
জ্ঞাতীনিতি। দুষ্করং গন্ধর্বজয়রূপম্, প্রীতিযুক্তা অভবন্ ॥১৮॥
সেতি। মহারথাঃ পাণ্ডবাঃ। বভ্রাজিরে শুশুভিরে ॥১৯॥
তত ইতি। প্রণয়াৎ সৌহার্দ্দাৎ। ইদমেব যুধিষ্ঠিরমাহাত্ম্যম্ ॥২০॥
মাস্মেতি। সুখমনায়াসং যথা স্যাত্তথা, এধন্তি এধন্তে উন্নতিভাজো ভবন্তি ॥২১॥

বুদ্ধিমান্ যুধিষ্ঠির অনুমতি করিলে, চিত্রসেনপ্রভৃতি গন্ধর্ব্বেরা আনন্দিত হইয়া অপ্সরাদের সহিত চলিয়া গেলেন ॥১৬॥

ওদিকে কৌরবেরা যুদ্ধে যাহাদিগকে বধ করিয়াছিলেন, সেই মৃত গন্ধর্ব্বদিগকে ইন্দ্র দিব্য অমৃত বর্ষণ করিয়া সঞ্জীবিত করিলেন ॥১৭॥

এদিকে পাণ্ডবেরা দুষ্কর কার্য্য করিয়া সমস্ত জ্ঞাতি ও রাজভার্য্যাগণকে মুক্ত করিতে পারায় বিশেষ আনন্দিত হইলেন ॥১৮॥

এবং কৌরবেরা স্ত্রী ও কুমারগণের সহিত মিলিত হইয়া পাণ্ডবগণের গৌরব করিতে লাগিলে, তাঁহারা যজ্ঞীয় অগ্নির ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥১৯॥

তাহার পর যুধিষ্ঠির প্রণয়বশতঃ ভ্রাতৃগণের সহিত মুক্ত দুর্য্যোধনকে এই কথা বলিলেন—॥২০॥

'বৎস ভরতনন্দন! তুমি আর কখনও এরূপ সাহস করিও না। কারণ, সাহসকারী লোকেরা অনায়াসে উন্নতিলাভ করিতে পারে না ॥২১॥

(২০)···ভ্রাতৃভিঃ সহিতস্তদা···বা ব কা নি।

স্বস্তিমান্ সহিতঃ সর্ব্বৈর্ভ্রাতৃভিঃ কুরুনন্দন!।
গৃহান্ ব্রজ যথাকামং বৈমনস্যঞ্চ মা কৃথাঃ ॥২২॥
বৈশম্পায়ন উবাচ।
পাণ্ডবেনাভ্যনুজ্ঞাতো রাজা দুর্য্যোধনস্তদা।
অভিবাদ্য ধর্ম্মপুত্রং গতেন্দ্রিয় ইবাতুরঃ।
বিদীর্য্যমাণো ব্রীড়াবান্ জগাম নগরং প্রতি ॥২৩॥
তস্মিন্ গতে কৌরবেয়ে কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
ভ্রাতৃভিঃ সহিতো বীরঃ পূজ্যমানো দ্বিজাতিভিঃ ॥২৪॥
তপোধনৈশ্চ তৈঃ সর্ব্বৈর্বৃতঃ শক্র ইবামরৈঃ।
তথা দ্বৈতবনে তস্মিন্ বিজহার মুদা যুতঃ ॥২৫॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি ঘোষযাত্রায়াং দুর্য্যোধনাদিমোক্ষণে সপ্তাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

স্বস্তীতি। স্বস্তিমান্ মঙ্গলবান্। বৈমনস্যম্ এতৎপরাজয়াদিনিবন্ধনং দুঃখম্ ॥২২॥ পাণ্ডবেনেতি। গতেন্দ্রিয়ো নষ্টপুরুষত্বঃ। বিদীর্য্যমাণো দুঃখেন। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৩॥ তস্মিন্নিতি। পূজ্যমান ঔদার্য্যাতিশয়াদিত্যাশয়ঃ। মুদা আনন্দেন ॥২৪—২৫॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি ঘোষযাত্রায়াং সপ্তাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

॥৯॥ ইদং মদুক্তং বিষমস্থো বিষমস্থাংস্তান্ দ্রক্ষ্যামীতি ॥১০—১৪॥ ইষ্টানি বস্ত্রালঙ্কারাদীন্যাজ্ঞাপয়ধ্বং ভবদর্থং নান্যো নেষ্যতীতি ॥১৫—২০॥ সুখং সুখেন, এধন্তি এধন্তে বর্দ্ধন্তে ॥২১॥ বৈমনস্যং বৈরম্, কেনচিৎ সহ মা কৃথাঃ মা কুরু ॥২২—২৫॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২০৭॥

কুরুনন্দন! তুমি এখন সকল ভ্রাতার সহিত মিলিত হইয়া ইচ্ছানুসারে ও কুশলে গৃহে গমন কর; এজন্য দুঃখ করিও না' ॥২২॥

বৈশম্পায়ন বলিলেন—যুধিষ্ঠির অনুমতি করিলে, রাজা দুর্য্যোধন তাঁহাকে নমস্কার করিয়া নষ্টপুরুষত্বের ন্যায় আর্ত্ত, লজ্জিত ও দুঃখে যেন বিদীর্ণ হইতে থাকিয়া হস্তিনার দিকে প্রস্থান করিলেন ॥২৩॥

দুর্য্যোধন প্রস্থান করিলে, ব্রাহ্মণেরা ভ্রাতাদের সহিত কুন্তীনন্দন বীর

---

* '...একচত্বারিংশদধিকদ্বিশততমঃ...' পি, '...পঞ্চচত্বারিংশদধিকদ্বি...' বা ব, '...ষট্চত্বারিংশদধিকদ্বি...' কা, '...সপ্তচত্বারিংশদধিকদ্বি...' নি।

অষ্টাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

———০ঃ(*)ঃ০———

জনমেজয় উবাচ।

শক্রৈর্ভির্জ্জিতবদ্ধস্য পাণ্ডবৈশ্চ মহাত্মভিঃ।
মোক্ষিতস্য যুধা পশ্চান্মানিনঃ সুদুরাত্মনঃ ॥১॥
কত্থনস্যাবলিপ্তস্য গর্বিতস্য চ নিত্যশঃ।
সদা চ পৌরুষৌদার্য্যৈঃ পাণ্ডবানবমন্যতঃ ॥২॥
দুর্য্যোধনস্য পাপস্য নিত্যাহঙ্কারবাদিনঃ।
প্রবেশো হাস্তিনপুরে দুষ্করঃ প্রতিভাতি মে ॥৩॥ (বিশেষকম্)
তস্য লজ্জান্বিতস্যৈব শোকব্যাকুলচেতসঃ।
প্রবেশং বিস্তরেণ ত্বং বৈশম্পায়ন ! কীর্ত্তয় ॥৪॥

বৈশম্পায়ন উবাচ।

ধর্ম্মরাজনিসৃষ্টস্তু ধার্ত্তরাষ্ট্রঃ সুযোধনঃ।
লজ্জয়াধোমুখঃ সীদন্নুপাসর্পৎ সুদুঃখিতঃ ॥৫॥

ভারতকৌমুদী

শক্রভিরিতি। শক্রভির্গন্ধর্বৈঃ, আদৌ জিতঃ পশ্চাদ্বদ্ধস্তস্য। কত্থনস্য আত্মশ্লাঘাকারিণঃ, অবলিপ্তস্য পাপসংস্পৃষ্টস্য। প্রতিভাতি বুদ্ধিবিষয়ো ভবতি ॥১—৩॥

তস্যেতি। শোকঃ অতীবগৌরবস্মরণং তেন ব্যাকুলং চেতো যস্য তস্য ॥৪॥

যুধিষ্ঠিরের সম্মান করিতে থাকিলেন; এই অবস্থায় যুধিষ্ঠির—দেবগণে পরিবেষ্টিত ইন্দ্রের ন্যায় সকল তপস্বিগণে পরিবেষ্টিত হইয়া সেই দ্বৈতবনে আনন্দে বিহার করিতে লাগিলেন ॥২৪—২৫॥

জনমেজয় বলিলেন—'দুর্য্যোধন—অভিমানী, অতিদুরাত্মা, আত্মশ্লাঘানিরত, পাপলিপ্ত, সর্ব্বদা গর্বিত, সর্ব্বদা পুরুষকার ও উদারতা দেখাইয়া পাণ্ডবগণের অবমাননাকারী, পাপমতি ও সর্ব্বদা অহঙ্কারী ছিলেন; অথ চ তাঁহাকেই গন্ধর্ব্বেরা প্রথমে জয় করিয়া বন্ধন করিয়াছিল; পরে আবার মহাত্মা পাণ্ডবেরা যুদ্ধ করিয়া মুক্ত করিয়া দিয়াছিলেন; এ অবস্থায় তাঁহার হস্তিনানগরে প্রবেশ করা দুষ্কর হইয়াছিল বলিয়াই আমার ধারণা হইতেছে ॥১—৩॥

অতএব মহর্ষি বৈশম্পায়ন ! সেই লজ্জিত ও শোকাকুলচিত্ত দুর্য্যোধনের হস্তিনাপ্রবেশটাই আপনি বিস্তরক্রমে বলুন' ॥৪॥

স্বপুরং প্রযযৌ রাজা চতুরঙ্গবলানুগঃ।
শোকোপহতয়া বুদ্ধ্যা চিন্তয়ানঃ পরাভবম্ ॥৬॥
বিমুচ্য পথি যানানি দেশে সুযবসোদকে।
সন্নিবিষ্টঃ শুভে রম্যে ভূমিভাগে যথেপ্সিতম্।
হস্ত্যশ্বরথপাদাতং যথাস্থানং ন্যবেশয়ৎ ॥৭॥
অথোপবিষ্টং রাজানং পর্য্যঙ্কে জ্বলনপ্রভে।
উপপ্লুতং যথা সোমং রাহুণা রাত্রিসংক্ষয়ে।
উপগম্যাব্রবীৎ কর্ণো দুর্য্যোধনমিদং তদা ॥৮॥
দিষ্ট্যা জীবসি গান্ধারে! দিষ্ট্যা নঃ সঙ্গমঃ পুনঃ।
দিষ্ট্যা ত্বয়া জিতাশ্চৈব গন্ধর্বাঃ কামরূপিণঃ ॥৯॥
দিষ্ট্যা সমগ্রান্ পশ্যামি ভ্রাতৃংস্তে কুরুনন্দন!।
বিজিগীষূন্ রণে যুক্তান্ নির্জিতারীন্ মহারথান্ ॥১০॥

ভারতকৌমুদী

ধর্ম্মেতি। ধর্ম্মরাজেন নিসৃষ্টস্ত্যক্তঃ। উপাসর্পৎ পন্থানমগচ্ছৎ ॥৫॥

স্বেতি। চতুরঙ্গবলস্য অনুগঃ পশ্চাদ্গামী, লজ্জয়ৈবেতি ভাবঃ ॥৬॥

বিমুচ্যেতি। শোভনানি যবসা ঘাসা উদকানি চ যত্র তস্মিন্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥

অথেতি। জ্বলনপ্রভে অগ্নিবদুজ্জ্বলে। উপপ্লুতং গ্রস্তম্। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৮॥

দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন। হে গান্ধারে! পূর্ব্ববদণ্প্রত্যয়াদ্গান্ধারীপুত্র! ॥৯॥

বৈশম্পায়ন বলিলেন—যুধিষ্ঠির বিদায় করিলে পর ধৃতরাষ্ট্রনন্দন দুর্য্যোধন লজ্জায় অধোবদন, অবসন্ন ও অত্যন্ত দুঃখিত হইয়া গমন করিতে লাগিলেন ॥৫॥

তিনি শোকাকুলচিত্তে পরাভবের বিষয় চিন্তা করিতে থাকিয়া চতুরঙ্গ-সৈন্যের পশ্চাদ্ভাগে অবস্থান করিয়া আপন নগরে যাইতে লাগিলেন ॥৬॥

তাহার পর তিনি পথে যান-বাহন পরিত্যাগ করিয়া ঘাস ও জলপূর্ণস্থানে থাকিয়া নিরুপদ্রব ও মনোহর ভূমিতে যথাস্থানে ইচ্ছানুসারে হস্তী, অশ্ব, রথ ও পদাতি সকল স্থাপন করিলেন ॥৭॥

তদনন্তর রা ত্রিশেষেরাহুগ্রস্ত চন্দ্রের ন্যায় (মলিনবদন) রাজা দুর্য্যোধন অগ্নির ন্যায় উজ্জ্বল পর্য্যঙ্কের উপরে উপবিষ্ট ছিলেন; এমন সময়ে কর্ণ উপস্থিত হইয়া এই কথা বলিলেন—॥৮॥

'গান্ধারীনন্দন! ভাগ্যবশতঃ তুমি জীবিত রহিয়াছ, ভাগ্যবশতঃ পুনরায় আমাদের সম্মেলন হইল এবং ভাগ্যবশতই তুমি কামরূপী গন্ধর্ব্বগণকে জয় করিয়াছ ॥৯॥

অহং ত্বভিদ্রুতঃ সর্ব্বৈর্গন্ধর্ব্বৈঃ পশ্যতস্তব।
নাশক্নুবং স্থাপয়িতুং দীর্য্যমাণাঞ্চ বাহিনীম্।
শরক্ষতাঙ্গশ্চ ভৃশং ব্যপযাতোঽতিপীড়িতঃ ॥১১॥
ইদং ত্বত্যদ্ভুতং মন্যে যদ্‌যুষ্মানিহ ভারত!।
অরিষ্টানক্ষতাংশ্চাপি সদারবলবাহনান্।
বিমুক্তান্ সম্প্রপশ্যামি যুদ্ধাত্তস্মাদমানুষাৎ ॥১২॥
নৈতস্য কর্ত্তা লোকেঽস্মিন্ পুমান্ বিদ্যতি ভারত!।
যৎ কৃতং তে মহারাজ! সহ ভ্রাতৃভিরাহবে ॥১৩॥
বৈশম্পায়ন উবাচ।
এবমুক্তস্তু কর্ণেন রাজা দুর্য্যোধনস্তদা।
উবাচাবাক্‌শিরা রাজন্! বাষ্পগদ্‌গদয়া গিরা ॥১৪॥

ভারতকৌমুদী

দিষ্ট্যেতি। সমগ্রান্ সর্বানেব। রণে যুক্তান্ প্রবৃত্তান্ ॥১০॥
অহমিতি। অভিদ্রুতঃ অনুসৃতঃ। দীর্য্যমাণাং ভজ্যমানাম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥
ইদমিতি। অরিষ্টান্ নির্বিঘ্নান্। বিমুক্তান্ নির্গতান্। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥১২॥
নেতি। এতস্য এতাদৃশস্য যুদ্ধস্য। পুমান্ ত্বদন্যঃ। তে ত্বয়া ॥১৩॥

কুরুনন্দন! তোমার ভ্রাতারা জয় করিবার ইচ্ছায় যুদ্ধে প্রবৃত্ত হইয়া শত্রুগণকে জয় করিয়াছেন; এই অবস্থায় আমি ভাগ্যবশতই তাঁহাদের সকলকে দেখিতেছি ॥১০॥

কিন্তু রাজা! তোমার সাক্ষাতেই তোমার সৈন্যেরা ছত্রভঙ্গ হইয়াছিল, তাহার পর আমি তাহাদিগকে স্থাপন করিতে পারি নাই এবং গন্ধর্ব্বেরা সকলেই আমার পশ্চাতে ধাবিত হইয়াছিল, আমিও শত্রুর শরে অত্যন্ত ক্ষতবিক্ষতাঙ্গ এবং অত্যন্তপীড়িত হইয়াছিলাম; এই সকল কারণে আমি পলায়ন করিয়াছিলাম ॥১১॥

কিন্তু ভরতনন্দন! আমি এইটাকেই অত্যন্ত আশ্চর্য্য মনে করিতেছি যে, তোমরা বল, বাহন ও ভার্য্যাদের সহিত সেই অলৌকিক যুদ্ধ হইতে নির্বিঘ্নে ও অক্ষতদেহে মুক্ত হইতে পারিয়াছ, তাহাই আমি দেখিতেছি ॥১২॥

ভরতনন্দন মহারাজ! তুমি ভ্রাতাদের সহিত মিলিত হইয়া যুদ্ধে যে কার্য্য করিয়াছ, এরূপ কার্য্য করে এমন লোক এই জগতে আর কেহ নাই ॥১৩॥

(১৪)…উবাচ চাঙ্গরাজানম্…বা ব কা, উবাচাধঃশিরা বাক্যম্…পি। ইতঃ পরম্ '…দ্বিচত্বারিংশদধিকদ্বিশততমঃ…' পি, '…ষট্‌চত্বারিংশদধিকদ্বি…' বা ব, '…সপ্তচত্বারিংশদধিকদ্বি…' কা, '…অষ্টচত্বারিংশদধিকদ্বি…' নি।

দুর্য্যোধন উবাচ।

অজানতস্তে রাধেয়! নাভ্যসূয়ামি তে বচঃ।
জানাসি ত্বং জিতান্ শত্রূন্ গন্ধর্বাংস্তেজসা ময়া ॥১৫॥
আযোধিতাস্তু গন্ধর্ব্বাঃ সুচিরং সোদরৈর্ম্মম।
ময়া সহ মহাবাহো! কৃতশ্চোভয়তঃ ক্ষয়ঃ ॥১৬॥
মায়াধিকাস্ত্বযুধ্যন্ত যদা শূরা বিয়দ্গতাঃ।
তদা নো ন সমং যুদ্ধমভবৎ খেচরৈঃ সহ ॥১৭॥
পরাজয়ঞ্চ প্রাপ্তাঃ স্মো রণে বন্ধনমেব চ।
সভৃত্যামাত্যপুত্রাশ্চ সদারবলবাহনাঃ।
উচ্চৈরাকাশমার্গেণ হ্রিয়ামস্তৈঃ সুদুঃখিতাঃ ॥১৮॥

ভারতকৌমুদী

এবমিতি। অবাক্‌শিরা লজ্জাদুঃখাত্যতিশয়াদধোবদনঃ ॥১৪॥
অজানত ইতি। নাভ্যসূয়ামি ন দূষয়ামি। তেজসা বলেন ॥১৫॥
আযোধিতা ইতি। উভয়তঃ গন্ধর্ব্বসৈন্যানামুভয়পার্শ্বয়োঃ ॥১৬॥
মায়েতি। নঃ অস্মাকম্। সমং যুদ্ধং নাভবৎ, ভূতলস্থানামসুবিধাধিক্যাৎ ॥১৭॥
পরেতি। স্মো বয়ম্। হ্রিয়ামঃ হ্রিয়ামহে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৮॥

ভারতভাবদীপঃ

শত্রুভিরিতি ॥১॥ কত্থনস্যাত্মস্তুতিপরস্য, অবলিপ্তস্য পাপাশয়স্য, গর্বিতস্যাত্যভিমানিনঃ অতএব পাণ্ডবানবমন্যতঃ ॥২॥ অহঙ্কারং গর্ব্বং বদতীতি তথা ॥৩—১৪॥ নাভ্যসূয়ামি

বৈশম্পায়ন বলিলেন—রাজা! কর্ণ এইরূপ বলিলে, তখন রাজা দুর্য্যোধন অধোবদন হইয়া বাষ্পগদ্‌গদ বাক্যে বলিতে লাগিলেন ॥১৪॥

দুর্য্যোধন বলিলেন—'কর্ণ! তুমি যথার্থ ঘটনা জান না বলিয়া তোমার কথায় আমি দোষ দিতেছি না। তুমি ত ধারণা করিয়াছ যে, আমিই বলপূর্বক শত্রু গন্ধর্ব্বগণকে জয় করিয়াছি ॥১৫॥

কিন্তু মহাবাহু! আমার ভ্রাতারা আমার সহিত মিলিত হইয়া গন্ধর্বদের সহিত দীর্ঘকাল যুদ্ধ করিয়াছিলেন এবং গন্ধর্ব্বসৈন্যের দুই পার্শ্বের ক্ষয়ও করিয়াছিলেন ॥১৬॥

তাহার পর অত্যন্ত মায়াবী ও বীর গন্ধর্ব্বেরা যখন আকাশে উঠিয়া যুদ্ধ করিতে লাগিল, তখন সেই আকাশচারীদের সহিত ভূতলচারী আমাদের সমান যুদ্ধ হইতে লাগিল না ॥১৭॥

ক্রমে আমরা পরাজিত হইলাম এবং বল, বাহন, ভৃত্য, অমাত্য, স্ত্রী ও

(১৫)···নাভ্যসূয়াম্যহং বচঃ···বা ব কা।

অথ নঃ সৈনিকাঃ কেচিদমাত্যাশ্চ মহারথাঃ ।
উপগম্যাব্রুবন্ দীনাঃ পাণ্ডবান্ শরণপ্রদান্ ॥১৯॥
এষ দুর্য্যোধনো রাজা ধার্ত্তরাষ্ট্রঃ সহানুজঃ ।
সামাত্যদারো হ্রিয়তে গন্ধর্ব্বৈর্দিবমাশ্রিতৈঃ ॥২০॥
তং মোক্ষয়ত ভদ্রং বঃ সহদারং নরাধিপম্ ।
পরামর্শো মা ভবিষ্যৎ কুরুদারেষু সর্ব্বশঃ ॥২১॥
এবমুক্তে তু ধর্ম্মাত্মা জ্যেষ্ঠঃ পাণ্ডুসুতস্তদা ।
প্রসাদ্য পাণ্ডবান্ সর্বান্ আজ্ঞাপয়ত মোক্ষণে ॥২২॥
অথাগম্য তমুদ্দেশং পাণ্ডবাঃ পুরুষর্ষভাঃ ।
সান্ত্বপূর্ব্বমযাচন্ত শক্তাঃ সন্তো মহারথাঃ ॥২৩॥
যদা চাস্মান্ ন মুমুচুর্গন্ধর্ব্বাঃ সান্ত্বিতা অপি ।
ততোঽর্জ্জুনশ্চ ভীমশ্চ যমজৌ চ বলোৎকটৌ ।
মুমুচুঃ শরবর্ষাণি গন্ধর্ব্বান্ প্রত্যনেকশঃ ॥২৪॥

ভারতকৌমুদী

অথেতি। দীনাঃ কাতরাঃ সন্তঃ। শরণপ্রদান্ শরণাগতাশ্রয়দাতৄন্ ॥১৯॥
কিমব্রুবন্নিত্যাহ এষ ইতি। দিবমাকাশম্ ॥২০॥
তমিতি। পরামর্শো ধর্ষণম্, মা ভবিষ্যৎ মা ভূৎ ॥২১॥
এবমিতি। প্রসাদ্য অনুনীয়। মোক্ষণে অস্মাকমিতি শেষঃ ॥২২॥
অথেতি। উদ্দেশং স্থানম্। অযাচন্ত অস্মাকং মোচনম্। শক্তাঃ সমর্থাঃ ॥২৩॥

পুত্রগণের সহিত বদ্ধ হইলাম; পরে সেই দারুণ দুঃখিত অবস্থায় গন্ধর্ব্বেরা আমাদিগকে উচ্চ আকাশপথ দিয়া হরণ করিয়া লইয়া চলিল ॥১৮॥

তাহার পর আমাদের কতকগুলি সৈন্য ও কতিপয় মহারথ মন্ত্রী যাইয়া কাতর হইয়া শরণাগতরক্ষক পাণ্ডবগণকে বলিলেন—॥১৯॥

'ধৃতরাষ্ট্রপুত্র রাজা দুর্য্যোধনকে ভ্রাতা, মন্ত্রী ও ভার্য্যাদের সহিত গন্ধর্ব্বেরা আকাশপথ দিয়া এই হরণ করিয়া নিয়া যাইতেছে ॥২০॥

অতএব আপনারা ভার্য্যাদের সহিত সেই রাজাকে মুক্ত করুন, আপনাদের মঙ্গল হইবে এবং কুরুকুলবধূগণেরও সর্বপ্রকারে ধর্ষণ হইবে না' ॥২১॥

তাঁহারা এইরূপ বলিলে, তখনই ধর্ম্মাত্মা যুধিষ্ঠির সমস্ত পাণ্ডবকে প্রসন্ন করিয়া আমাদিগকে মুক্ত করিবার জন্য আদেশ করিলেন ॥২২॥

তাহার পর পুরুষশ্রেষ্ঠ ও মহারথ পাণ্ডবেরা সেই স্থানে আসিয়া শক্তিশালী হইয়াও গন্ধর্বগণের নিকটে মধুরবাক্যে আমাদের মুক্তি প্রার্থনা করিলেন ॥২৩॥

অথ সর্বে রণং মুক্ত্বা প্রযাতাঃ খেচরা দিবম্ ।
অস্মানেবাভিকর্ষন্তো দীনান্ মুদিতমানসাঃ ॥২৫॥
ততঃ সমন্তাৎ পশ্যামঃ শরজালেন বেষ্টিতম্ ।
অমানুষাণি চাস্ত্রাণি প্রমুঞ্চন্তং ধনঞ্জয়ম্ ॥২৬॥
সমাবৃতা দিশো দৃষ্ট্বা পাণ্ডবেন শিতৈঃ শরৈঃ ।
ধনঞ্জয়সখাত্মানং দর্শয়ামাস বৈ তদা ॥২৭॥
চিত্রসেনঃ পাণ্ডবেন সমাশ্লিষ্য পরস্পরম্ ।
কুশলং পরিপপ্রচ্ছ তৈঃ পৃষ্টশ্চাপ্যনাময়ম্ ॥২৮॥
তে সমেত্য তথান্যোন্যং সন্নাহান্ বিপ্রমুচ্য চ ।
একীভূতাস্ততো বীরা গন্ধর্ব্বাঃ সহ পাণ্ডবৈঃ ।
অপূজয়েতামন্যোন্যং চিত্রসেনধনঞ্জয়ৌ ॥২৯॥

ভারতকৌমুদী

যদেতি। যমজৌ নকুলসহদেবৌ, বলেন উৎকটৌ মত্তৌ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৪॥
অথেতি। মুক্ত্বা বিহায়, খেচরা গন্ধর্ব্বাঃ। দীনান্ কাতরান্ ॥২৫॥
তত ইতি। সমন্তাৎ সর্ব্বং দিঙ্মণ্ডলম্। প্রমুঞ্চন্তং গন্ধর্ব্বান্ প্রতি নিক্ষিপন্তম্ ॥২৬॥
সমিতি। পাণ্ডবেন অর্জ্জুনেন। ধনঞ্জয়ঃ সখা যস্য স চিত্রসেনঃ ॥২৭॥
চিত্রেতি। তৈঃ পাণ্ডবৈশ্চ চিত্রসেনোঽপি অনাময়মারোগ্যং পৃষ্টঃ ॥২৮॥

যখন অনুনীত হইয়াও গন্ধর্ব্বেরা আমাদিগকে মুক্ত করিল না, তখন ভীম, অর্জ্জুন এবং বলমত্ত নকুল ও সহদেব গন্ধর্ব্বগণের প্রতি অনেক বাণবর্ষণ করিলেন ॥২৪॥

তাহার পর হৃষ্টচিত্ত গন্ধর্ব্বেরা সকলেই যুদ্ধ না করিয়া দীনমূর্ত্তি আমাদিগকেই আকর্ষণ করিতে থাকিয়া আকাশপথ দিয়া চলিয়া যাইতে লাগিল ॥২৫॥

কর্ণ! তাহার পর দেখিলাম—সমস্ত দিক্ শরজালে বেষ্টিত হইয়াছে এবং অর্জ্জুন অলৌকিক অস্ত্র সকল নিক্ষেপ করিতেছেন। ॥২৬॥

অর্জ্জুন নিশিত বাণদ্বারা সমস্ত দিক্ আবৃত করিয়া ফেলিয়াছেন দেখিয়া তখন তাঁহার সখা চিত্রসেন দেখা দিলেন ॥২৭॥

ক্রমে চিত্রসেন অর্জ্জুনের সহিত পরস্পর আলিঙ্গন করিয়া মঙ্গল জিজ্ঞাসা করিলেন; পাণ্ডবেরাও চিত্রসেনের নিকট তাঁহার স্বাস্থ্যের প্রশ্ন করিলেন ॥২৮॥

(২৯) শ্লোকাৎ পরম্ '…ত্রিচত্বারিংশদধিকদ্বিশততমঃ…' পি, 'সপ্তচত্বারিংশদধিকদ্বি…' বা ব, '…অষ্টচত্বারিংশদধিকদ্বি…' কা, '…একোনপঞ্চাশদধিকদ্বি…' নি।

চিত্রসেনং সমাগম্য প্রহসন্নর্জ্জুনস্তদা।
ইদং বচনমক্লীবমব্রবীৎ পরবীরহা ॥৩০॥
ভ্রাতৄনর্হসি মে বীর! মোক্তুং গন্ধর্ব্বসত্তম!।
অনর্হধর্ষণা হীমে জীবমানেষু পাণ্ডুষু ॥৩১॥
এবমুক্তস্তু গন্ধর্বঃ পাণ্ডবেন মহাত্মনা।
উবাচ যৎ কর্ণ! বয়ং মন্ত্রয়ন্তো বিনির্গতাঃ।
দ্রষ্টারঃ স্ম সুখাদ্ধীনান্ সদারান্ পাণ্ডবানিতি ॥৩২॥
তস্মিন্নুচার্য্যমাণে তু গন্ধর্বেণ বচস্তথ।
ভূমের্বিবরমন্বৈচ্ছং প্রবেষ্টুং ব্রীড়য়ান্বিতঃ ॥৩৩॥
যুধিষ্ঠিরমথাগম্য গন্ধর্ব্বাঃ সহ পাণ্ডবৈঃ।
অস্মদ্দুর্মন্ত্রিতং তস্মৈ বদ্ধাংশ্চাস্মান্ ন্যবেদয়ন্ ॥৩৪॥

ভারতকৌমুদী

ত ইতি। সমেত্য মিলিত্বা, সন্নাহান্ যুদ্ধসজ্জাঃ, বিপ্রমুচ্য বিহায়। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥২৯॥
চিত্রেতি। অক্লীবম্ অকাতরং যথা স্যাত্তথা। পরবীরহা শত্রুবীরহন্তা ॥৩০॥
ভ্রাতৄনিতি। অনর্হম্ অযোগ্যং ধর্ষণং বলাদ্‌গ্রহণং যেষাং তে ॥৩১॥
এবমিতি। বিনির্গতা হস্তিনাতঃ। সুখাদ্ধীনান্ দুঃখিতান্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩২॥
তস্মিন্নিতি। অন্বৈচ্ছম্ ইষ্টবানহম্, অস্মাকং গুপ্তাভিপ্রায়প্রকাশাদিতি ভাবঃ ॥৩৩॥
যুধীতি। অস্মাকং দুর্মন্ত্রিতং কুমন্ত্রণাপূর্বকদ্বৈতবনাগমনম্ ॥৩৪॥

তাহার পর সেই মহাবীর গন্ধর্বেরা পরস্পর মিলিত হইয়া যুদ্ধসজ্জা পরিত্যাগ করিয়া পাণ্ডবদের সহিত এক হইয়া গেল। পরে চিত্রসেন ও অর্জ্জুন পরস্পর পরস্পরের গৌরব করিলেন ॥২৯॥

তখন শত্রুবীরহন্তা অর্জ্জুন নিকটে যাইয়া হাসিতে হাসিতে অকাতরভাবে চিত্রসেনকে এই কথা বলিলেন—॥৩০॥

'বীর গন্ধর্ব্বশ্রেষ্ঠ! তুমি আমার ভ্রাতৃগণকে মুক্ত করিয়া দাও। কারণ, পাণ্ডবগণ জীবিত থাকিতে বলপূর্বক ইঁহাদের গ্রহণ হইতে পারিবে না' ॥৩১॥

কর্ণ! মহাত্মা অর্জ্জুন এইরূপ বলিলে, 'দ্রৌপদীর সহিত দুঃখিত পাণ্ডবগণকে দেখিব' এইরূপ মন্ত্রণা করিয়া আমরা যে হস্তিনা হইতে নির্গত হইয়া আসিয়াছি, সেই কথা চিত্রসেন বলিলেন ॥৩২॥

চিত্রসেন সেই কথা বলিতে লাগিলে, লজ্জায় ভূগর্ভে আমার প্রবেশ করিবার ইচ্ছা হইতেছিল ॥৩৩॥

তাহার পর গন্ধর্ব্বেরা পাণ্ডবদের সহিত মিলিত হইয়া যুধিষ্ঠিরের নিকট

স্ত্রীসমক্ষমহং দীনো বদ্ধঃ শত্রুবশং গতঃ।
যুধিষ্ঠিরস্যোপহৃতঃ কিন্নু দুঃখমতঃ পরম্ ॥৩৫॥
যে মে নিরাকৃতা নিত্যং রিপুর্যেষামহং সদা।
তৈর্মোক্ষিতোঽহং দুর্ব্বুদ্ধির্দত্তং তৈরেব জীবিতম্ ॥৩৬॥
প্রাপ্তঃ স্যাং যদ্যহং বীর! বধং তস্মিন্ মহারণে।
শ্রেয়স্তদ্ভবিতা মহ্যং নৈবম্ভূতস্য জীবিতম্ ॥৩৭॥
ভবেদ্‌যশঃ পৃথিব্যাং মে খ্যাতং গন্ধর্ব্বতো বধাৎ।
প্রাপ্তাশ্চ পুণ্যলোকাঃ স্যুর্মহেন্দ্রসদনেঽক্ষয়াঃ ॥৩৮॥
যত্ত্বদ্য মে ব্যবসিতং তচ্ছৃণুধ্বং নরর্ষভাঃ!।
ইহ প্রায়মুপাসিষ্যে যূয়ং ব্রজত বৈ গৃহান্।
ভ্রাতরশ্চৈব মে সর্ব্বে যান্ত্বদ্য স্বপুরং প্রতি ॥৩৯॥

ভারতকৌমুদী

স্ত্রীতি। দীনঃ কাতরীভূতঃ। উপহৃতো গন্ধর্ব্বৈঃ ॥৩৫॥

য ইতি। মে ময়া, নিরাকৃতা অপমানিতাঃ। জীবিতং জীবনম্ ॥৩৬॥

প্রাপ্ত ইতি। মহ্যং মম। এবম্ভূতস্য ঈদৃশদুঃখান্বিতস্য, জীবিতং ন শ্রেয়ঃ ॥৩৭॥

ভবেদিতি। প্রাপ্তা ময়েতি শেষঃ। মহেন্দ্রস্য সদনং যত্র তস্মিন্ স্বর্গে ॥৩৮॥

যদিতি। ব্যবসিতমভিপ্রেতম্। প্রায়মনশনম্, উপ লক্ষ্যীকৃত্য আশ্রিত্যেত্যর্থঃ, আসিষ্যে স্থাস্যামি। "প্রায়ঃ পুমাননশনে মৃত্যৌ বাহুল্যতুল্যয়োঃ" ইতি মেদিনী। ষট্‌-পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৯॥

যাইয়া আমাদের কুমন্ত্রণার বিষয় এবং আমাদের বন্ধনের বিষয় যুধিষ্ঠিরকে জানাইল ॥৩৪॥

আমি স্ত্রীলোকদের সমক্ষে কাতর, বদ্ধ এবং শত্রুদের বশীভূত হইলাম; তাহার পর শত্রুরাই নিয়া যুধিষ্ঠিরের নিকটে আমাকে উপহার দিল; ইহা অপেক্ষা অধিক দুঃখ আর কি হইতে পারে! ॥৩৫॥

আমি দুর্ব্বুদ্ধিবশতঃ সর্ব্বদাই যাহাদের অপমান করিয়াছি এবং সর্ব্বদাই যাহাদের শত্রু, তাহারাই আমাকে মুক্ত করিল এবং তাহারাই আমার জীবন দান করিল! ॥৩৬॥

বীর কর্ণ! আমি যদি সেই মহাযুদ্ধে নিহত হইতাম, তবে আমার পক্ষে ভাল হইত; কিন্তু এ অবস্থায় আমার জীবিত থাকা ভাল হয় নাই ॥৩৭॥

কেন না, গন্ধর্ব্বদের হাতে আমার মৃত্যু হইলে আমার যশ পৃথিবীতে বিখ্যাত হইত এবং আমি স্বর্গলোকে অক্ষয় পুণ্যস্থান লাভ করিতাম ॥৩৮॥

(৩৯)···ইহ প্রায়মুপাশিষ্যে···বা ব কা পি।

কর্ণপ্রভৃতয়শ্চৈব সুহৃদো বান্ধবাশ্চ যে।
দুঃশাসনং পুরস্কৃত্য প্রযাস্তু পুরং প্রতি ॥৪০॥
নহ্যহং সম্প্রযাস্যামি পুরং শত্রুনিরাকৃতঃ।
শত্রুমানাপহো ভূত্বা সুহৃদাং মানকৃত্তথা ॥৪১॥
স সুহৃচ্ছোককৃজ্জাতঃ শত্রূণাং হর্ষবর্দ্ধনঃ।
বারণাহ্বয়মাসাদ্য কিং বক্ষ্যামি জনাধিপম্ ॥৪২॥
ভীষ্মদ্রোণৌ কৃপদ্রৌণী বিদুরঃ সঞ্জয়স্তথা।
বাহ্লিকঃ সৌমদত্তিশ্চ যে চান্যে বৃদ্ধসম্মতাঃ ॥৪৩॥
ব্রাহ্মণাঃ শ্রেণিমুখ্যাশ্চ তথোদাসীনবৃত্তয়ঃ।
কিং মাং বক্ষ্যন্তি কিঞ্চাপি প্রতিবক্ষ্যামি তানহম্ ॥৪৪॥ (যুগ্মকম্)
রিপূণাং শিরসি স্থিত্বা তথা বিক্রম্য চোরসি।
আত্মদোষাৎ পরিভ্রষ্টঃ কথং বক্ষ্যামি তানহম্ ॥৪৫॥

ভারতকৌমুদী

কর্ণেতি। এতেনাস্যাত্মসাহিত্যনিরাসঃ সূচিতঃ ॥৪০॥

নহীতি। শত্রুভির্গন্ধর্বৈঃ নিরাকৃতঃ অপমানিতঃ। তথা ভূত্বা ॥৪১॥

স ইতি। বারণাহ্বয়ং হস্তিনানগরম্। জনাধিপং রাজানং ধৃতরাষ্ট্রম্ ॥৪২॥

ভীষ্মেতি। দ্রৌণিরশ্বত্থামা। শ্রেণিমুখ্যা ধনিশ্রেণ্যাদৌ শ্রেষ্ঠা বৈশ্যাদয়ঃ ॥৪৩—৪৪॥

অতএব হে নরশ্রেষ্ঠগণ! আমি আজ যাহা ইচ্ছা করিয়াছি, তাহা আপনারা শ্রবণ করুন—আমি এই খানেই প্রায়োপবেশন করিব, আপনারা গৃহে গমন করুন এবং আমার ভ্রাতারা সকলেও আজ আপন নগরে গমন করুন ॥৩৯॥

আর, কর্ণপ্রভৃতি যে সকল সুহৃদ ও বান্ধব আছেন, তাঁহারাও দুঃশাসনকে অগ্রবর্ত্তী করিয়া আজ রাজধানীতে গমন করুন ॥৪০॥

কিন্তু আমি শত্রুগণের মাননাশক এবং মিত্রগণের মানকারক হইয়া আজ শত্রুকৃত অপমান লইয়া রাজধানীতে আর যাইব না ॥৪১॥

আমি আজ মিত্রগণের শোককারক এবং শত্রুগণের হর্ষবর্দ্ধক হইয়া হস্তিনায় যাইয়া রাজাকে কি বলিব ॥৪২॥

আর ভীষ্ম, দ্রোণ, কৃপ, অশ্বত্থামা, বিদুর, সঞ্জয়, বাহ্লিক, ভূরিশ্রবা এবং অন্য যে সকল বৃদ্ধ, ব্রাহ্মণ, শ্রেণিপ্রধান ও নিরপেক্ষ লোক আছেন, তাঁহারা আমাকে কি বলিবেন, আমিই বা তাঁহাদিগকে কি প্রত্যুত্তর করিব ॥৪৩—৪৪॥

---

(৪২) স সুহৃচ্ছোকদো জাতঃ···বা ব কা নি।

দুর্বিনীতাঃ শ্রিয়ং প্রাপ্য বিদ্যামৈশ্বর্য্যমেব বা।
তিষ্ঠন্তি ন চিরং ভদ্রে যথাহং মদগর্বিতঃ ॥৪৬॥
অহো নার্হমিদং কর্ম্ম কষ্টং দুশ্চরিতং কৃতম্।
স্বয়ং দুর্বুদ্ধিনা মোহাদ্যেন প্রাপ্তোঽস্মি সংশয়ম্ ॥৪৭॥
তস্মাৎ প্রায়মুপাসিষ্যে ন হি শক্ষ্যামি জীবিতুম্।
চেতয়ানো হি কো জীবেৎ কৃচ্ছ্রাচ্ছত্রুভিরুদ্ধৃতঃ ॥৪৮॥
শত্রুভিশ্চাবহসিতো মানী পৌরুষবর্জ্জিতঃ।
পাণ্ডবৈর্বিক্রমাঢ্যৈশ্চ সাবমানমবেক্ষিতঃ ॥৪৯॥
বৈশম্পায়ন উবাচ।
এবং চিন্তাপরিগতো দুঃশাসনমথাব্রবীৎ।
দুঃশাসন! নিবোধেদং বচনং মম ভারত! ॥৫০॥

ভারতকৌমুদী

রিপূণামিতি। উরসি রিপূণামেব বক্ষসি। কথং কিম্, তান্ ভীষ্মাদীন্ ॥৪৫॥
দুরিতি। ঐশ্বর্য্যং প্রভুত্বম্। ভদ্রে মঙ্গলে। আত্মদোষাদেব ভ্রশ্যন্তীত্যাশয়ঃ ॥৪৬॥
অহো ইতি। নার্হম্ অযোগ্যম্, কষ্টং কষ্টকরম্, দুশ্চরিতং দুষ্টলোকাচরিতম্ ॥৪৭॥
তস্মাদিতি। প্রায়মিতি পূর্ব্ববদ্ব্যাখ্যানম্। চেতয়ানশ্চৈতন্যবান্ ॥৪৮॥
শত্রুভিরিতি। পৌরুষবর্জ্জিতো গন্ধর্বৈঃ পরাজিতত্বাদিত্যাশয়ঃ ॥৪৯॥

আমি শত্রুদের মস্তকে থাকিয়া এবং তাহাদের বুকের উপরে বিক্রম প্রকাশ করিয়া এখন নিজের দোষেই তথা হইতে বিচ্যুত হইয়া তাঁহাদিগকে (ভীষ্ম-প্রভৃতিকে) কি বলিব ॥৪৫॥

দুর্বিনীত লোকেরা সম্পদ, বিদ্যা, কিংবা প্রভুত্ব লাভ করিয়া চিরকাল মঙ্গলে থাকিতে পারে না; যেমন মদগর্বিত আমি ॥৪৬॥

হায়! আমি দুর্বুদ্ধির দোষে মোহবশতঃ এই অযোগ্য, কষ্টকর ও দুর্জনা-চরিত কার্য্য করিয়া ফেলিয়াছি, যাহাতে আজ জীবন সংশয় প্রাপ্ত হইয়াছি ॥৪৭॥

অতএব আমি প্রায়োপবেশনই করিব, কিন্তু জীবন ধারণ করিতে সমর্থ হইব না। কারণ, কোন্ চৈতন্যশালী লোক কষ্ট হইতে শত্রুকর্ত্তৃক উদ্ধৃত হইয়া জীবিত থাকিতে পারে? ॥৪৮॥

আমি অভিমানী ছিলাম, কিন্তু এখন পুরুষকারবিহীন হইয়া পড়িয়াছি; তাই শত্রুরাও আমাকে উপহাস করিয়াছে এবং বিক্রমশালী পাণ্ডবেরাও অবজ্ঞার সহিতই দেখিয়াছে ॥৪৯॥

(৪৮) তস্মাৎ প্রায়মুপাশিষ্যে—বা ব কা পি।

প্রতীচ্ছ ত্বং ময়া দত্তমভিষেকং নৃপো ভব।
প্রশাধি পৃথিবীং স্ফীতাং কর্ণসৌবলপালিতাম্ ॥৫১॥
ভ্রাতৄন্ পালয় বিশ্রব্ধং মরুতো বৃত্রহা যথা।
বান্ধবাস্ত্বোপজীবন্তু দেবা ইব শতক্রতুম্ ॥৫২॥
ব্রাহ্মণেষু সদা বৃত্তিং কুর্বীথাশ্চাপ্রমাদতঃ।
বন্ধূনাং সুহৃদাঞ্চৈব ভবেথাস্ত্বং গতিঃ সদা ॥৫৩॥
জ্ঞাতীংশ্চাপ্যনুপশ্যেথা বিষ্ণুর্দেবগণান্ যথা।
গুরবঃ পালনীয়াস্তে গচ্ছ পালয় মেদিনীম্ ॥৫৪॥
নন্দয়ন্ সুহৃদঃ সর্ব্বান্ শাত্রবাংশ্চাবভৎর্সয়ন্।
কণ্ঠে চৈনং পরিষ্বজ্য গম্যতামিত্যুবাচ হ ॥৫৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

এবমিতি। চিন্তাং পরিগতঃ প্রাপ্তঃ। অব্রবীৎ দুর্য্যোধন ইতি শেষঃ ॥৫০॥
প্রতীতি। প্রতীচ্ছ গৃহাণ। স্ফীতাং বৃদ্ধিপ্রাপ্তাম্ ॥৫১॥
ভ্রাতৄনিতি। বিশ্রব্ধং সবিশ্বাসম্। মরুতো দেবান্, বৃত্রহা ইন্দ্রঃ। ত্বা ত্বাম্ ॥৫২॥
ব্রাহ্মণেষ্বিতি। বৃত্তিং ব্যবহারম্। অপ্রমাদতঃ সাবধানতয়া। গতিরাশ্রয়ঃ ॥৫৩॥
জ্ঞাতীনিতি। অনুপশ্যেথা অভাবাভিযোগসমাধানায় পর্য্যবেক্ষেথাঃ। অবভৎর্সয়ন্ অভিভূয় তিরস্কুর্বন্। এনং দুঃশাসনম্। উবাচ দুর্য্যোধনঃ ॥৫৪—৫৫॥

ভারতভাবদীপঃ

দোষবদিতি ন মন্যে ॥১৫—৩৬॥ এবম্ভূতস্য জীবিতং ন শ্রেয় ইতি সম্বন্ধঃ ॥৩৭—৪৩॥ শ্রেণিমুখ্যাঃ শিল্পিসঙ্ঘাতমুখ্যাঃ প্রকৃতয় ইত্যর্থঃ ॥৪৪—৫১॥ বিশ্রব্ধং সবিশ্বাসং

বৈশম্পায়ন বলিলেন—রাজা দুর্য্যোধন এইরূপ চিন্তান্বিত হইয়া দুঃশাসনকে কহিলেন—'ভরতনন্দন দুঃশাসন! তুমি আমার এই কথা শোন ॥৫০॥

আমি তোমাকে অভিষিক্ত করিতেছি, তুমি তাহা স্বীকার কর, রাজা হও এবং কর্ণ ও শকুনির সাহায্যে এই বিশাল পৃথিবী শাসন কর ॥৫১॥

ইন্দ্র যেমন দেবগণকে পালন করেন, তুমিও সেইরূপ ভ্রাতৃগণকে বিশ্বস্ত-ভাবে পালন কর এবং দেবতারা যেমন ইন্দ্রকে আশ্রয় করিয়া জীবন ধারণ করেন, বন্ধুগণও তেমন তোমাকে আশ্রয় করিয়া জীবন ধারণ করুন ॥৫২॥

তুমি সর্বদাই সাবধানে ব্রাহ্মণদের সহিত ব্যবহার করিবে এবং সর্বদাই বন্ধুগণ ও মিত্রগণের অবলম্বন হইবে ॥৫৩॥

আর, বিষ্ণু যেমন দেবগণের পর্য্যবেক্ষণ করেন, তুমিও তেমন জ্ঞাতিগণের পর্য্যবেক্ষণ করিবে এবং গুরুজনবর্গকে রক্ষা করিবে। যাও, যাইয়া বন্ধুগণকে

তস্য তদ্বচনং শ্রুত্বা দীনো দুঃশাসনোঽব্রবীৎ।
অশ্রুকণ্ঠঃ সুদুঃখার্ত্তঃ প্রাঞ্জলিঃ প্রণিপত্য চ ॥৫৬॥
সগদ্গদমিদং বাক্যং ভ্রাতরং জ্যেষ্ঠমাত্মনঃ।
প্রসীদেত্যপতদ্ভূমৌ দূয়মানেন চেতসা ॥৫৭॥ (যুগ্মকম্)
দুঃখিতঃ পাদয়োস্তস্য নেত্রজং জলমুৎসৃজন্।
উক্তবাংশ্চ নরব্যাঘ্রো নৈতদেবং ভবিষ্যতি ॥৫৮॥
বিদীর্য্যেৎ সকলা ভূমির্দ্যৌশ্চাপি শকলীভবেৎ।
রবিরাত্মপ্রভাং জহ্যাৎ সোমঃ শীতাংশুতাং ত্যজেৎ ॥৫৯॥
বায়ুঃ শৈঘ্রমথো জহ্যাদ্ধিমবাংশ্চ পরিব্রজেৎ।
শুষ্যেত্তোয়ং সমুদ্রেষু বহ্নিরপ্যুষ্ণতাং ত্যজেৎ ॥৬০॥
ন ত্বহং ত্বদৃতে রাজন্! প্রশাসেয়ং বসুন্ধরাম্।
পুনঃ পুনঃ প্রসীদেতি বাক্যঞ্চেদমুবাচ হ ॥৬১॥

ভারতকৌমুদী

তস্যেতি। দীনঃ কাতরঃ। অপতৎ পাদমূলে, দূয়মানেন সন্তপ্যমানেন ॥৫৬—৫৭॥
দুঃখিত ইতি। নরব্যাঘ্রো দুঃশাসনঃ, এতৎ তব প্রায়োপবেশনম্ ॥৫৮॥
বিদীর্য্যেদিতি। দ্যৌরাকাশম্, শকলীভবেৎ খণ্ডীভবেৎ। জহ্যাৎ ত্যজেৎ ॥৫৯॥
বায়ুরিতি। শৈঘ্রং শীঘ্রগামিত্বম্। পরিব্রজেৎ বিচলেৎ ॥৬০॥
নেতি। ত্বদৃতে ত্বাং বিনা। প্রশাসেয়ং প্রশিষ্যাম্। উবাচ দুঃশাসনঃ ॥৬১॥

আনন্দিত এবং শত্রুগণকে তিরস্কৃত করিতে থাকিয়া পৃথিবী পালন কর'। এই কথা বলিয়া দুর্য্যোধন দুঃশাসনের কণ্ঠ আলিঙ্গন করিয়া বলিলেন—'যাও' ॥৫৪—৫৫॥

দুর্য্যোধনের সেই কথা শুনিয়া দুঃশাসন—কাতর, বাষ্পরুদ্ধকণ্ঠ, অতিদুঃখিত ও কৃতাঞ্জলি হইয়া প্রণিপাত করিয়া আপনার জ্যেষ্ঠভ্রাতা দুর্য্যোধনকে গদ্গদভাবে এই কথা বলিলেন—'প্রসন্ন হউন' ইহা বলিয়া সন্তপ্তচিত্তে (দুর্য্যোধনের পাদমূলে) ভূতলে পতিত হইলেন ॥৫৬—৫৭॥

তৎপরে নরশ্রেষ্ঠ দুঃশাসন দুঃখিত হইয়া দুর্য্যোধনের চরণের উপরে নয়নজল বর্ষণ করিতে থাকিয়া বলিলেন—'এ ঘটনা এরূপ হইতে পারিবে না ॥৫৮॥

যদি সমগ্র পৃথিবী বিদীর্ণ হয়, আকাশ খণ্ড খণ্ড হইয়া যায়, সূর্য্য নিজের প্রভা পরিত্যাগ করেন এবং চন্দ্রও শীতল কিরণ বর্জ্জন করেন ॥৫৯॥

আর যদি বায়ু দ্রুতগমন ত্যাগ করেন, হিমালয় বিচলিত হয়, সমুদ্রের জল শুকাইয়া যায় এবং অগ্নিও উষ্ণতা ত্যাগ করেন ॥৬০॥

ত্বমেব নঃ কুলে রাজা ভবিষ্যসি শতং সমাঃ।
এবমুক্ত্বা স রাজানং সুস্বরং প্ররুরোদ হ।
পাদৌ সংস্পৃশ্য মানার্হৌ ভ্রাতুর্জ্যেষ্ঠস্য ভারত! ॥৬২॥
তথা তৌ দুঃখিতৌ দৃষ্ট্বা দুঃশাসনসুযোধনৌ।
অভিগম্য ব্যথাবিষ্টঃ কর্ণস্তৌ প্রত্যভাষত ॥৬৩॥
বিষীদথঃ কিং কৌরব্যৌ! বালিশ্যাৎ প্রাকৃতাবিব।
ন শোকঃ শোচমানস্য বিনিবর্ত্তেত কর্হিচিৎ ॥৬৪॥
যদা চ শোচতঃ শোকো ব্যসনং নাপকর্ষতি।
সামর্থ্যং কিন্নু তঃ শোকে শোচমানৌ প্রপশ্যথঃ।
ধৃতিং গৃহ্ণীতং মা শত্রূন্ শোচন্তৌ নন্দয়িষ্যথঃ ॥৬৫॥

ভারতকৌমুদী

ত্বমিতি। সমা বৎসরান্। সুস্বরম্ উচ্চৈঃস্বরং যথা স্যাত্তথা। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬২॥
তথেতি। ব্যথাবিষ্টো দুঃখিতচিত্তঃ সন্ ॥৬৩॥
বীতি। বালিশ্যাৎ মূর্খত্বাৎ, প্রাকৃতৌ সাধারণলোকাবিব ॥৬৪॥
যদেতি। যদা যতঃ, শোকঃ, শোচতো জনস্য, ব্যসনং বিপদম্, নাপকর্ষতি ন নাশয়তি; অতঃ শোচমানৌ যুবাম্, শোকে কিং নু সামর্থ্যং শক্তিং তৎকরণকারণমিত্যর্থঃ প্রপশ্যথঃ। ধৃতিং ধৈর্য্যং গৃহ্ণীতম্, শোচন্তৌ যুবাং শত্রূন্ মা নন্দয়িষ্যথঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৫॥

ভারতভাবদীপঃ

যথা স্যাত্তথা ॥৫২—৬৪॥ যদা চেতি। যদি শোকেন ব্যসনং নশ্যেত্তর্হি স কর্ত্তব্যো ন তু তত্তথা অস্তি অতঃ শোকো ন কর্ত্তব্য ইত্যর্থঃ ॥৬৫—৮০॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২০৮॥

তথাপি আমি আপনাকে ছাড়া রাজ্য শাসন করিব না'। 'আপনি প্রসন্ন হউন' এই কথাও দুঃশাসন বার বার বলিলেন ॥৬১॥

'আপনিই আমাদের বংশে শতবৎসরপর্য্যন্ত রাজা থাকিবেন'। এই কথা বলিয়া দুঃশাসন পূজনীয় জ্যেষ্ঠভ্রাতার চরণযুগল ধারণ করিয়া মুক্তকণ্ঠে রোদন করিতে লাগিলেন ॥৬২॥

তখন কর্ণ—দুর্য্যোধন ও দুঃশাসনকে সেইরূপ দুঃখিত দেখিয়া, তাঁহাদের নিকটে যাইয়া, নিজেও ব্যথিত হইয়া তাঁহাদিগকে বলিলেন—॥৬৩॥

'কুরুনন্দনদ্বয়! তোমরা সাধারণ লোকের ন্যায় মূর্খতাবশতঃ কি জন্য বিষণ্ণ হইতেছ। শোক করিতে থাকিলে কখনও শোক নিবৃত্তি পায় না ॥৬৪॥

শোক যখন শোককারী লোকের বিপদ নষ্ট করিতে পারে না, তখন তোমরা

কর্ত্তব্যং হি কৃতং রাজন্! পাণ্ডবৈস্তব মোক্ষণম্।
নিত্যমেব প্রিয়ং কার্য্যং রাজ্ঞো বিষয়বাসিভিঃ ॥৬৬॥
পাল্যমানাস্ত্বয়া তে হি নিবসন্তি গতজ্বরাঃ।
নার্হস্ত্বেবং গতে মন্যুং কর্ত্তুং প্রাকৃতবৎ স্বয়ম্ ॥৬৭॥
বিষণ্ণাস্তব সোদর্য্যাস্ত্বয়ি প্রায়ং সমাস্থিতে।
উত্তিষ্ঠ ব্রজ ভদ্রং তে সমাশ্বাসয় সোদরান্ ॥৬৮॥
রাজন্নদ্যাবগচ্ছামি তবেহ লঘুসত্ত্বতাম্।
কিমত্র চিত্রং যদ্বীর! মোক্ষিতঃ পাণ্ডবৈরসি।
সদ্যো বশং সমাপন্নঃ শত্রূণাং শত্রুকর্ষণ! ॥৬৯॥

ভারতকৌমুদী

পাণ্ডবকর্ত্তৃকরক্ষণমেব শোককারণমিতি মন্যমান আহ কর্ত্তব্যমিতি। বিষয়বাসিভিঃ স্বরাজ্যবাসিভির্জনৈঃ। অতস্তদ্রাজ্যবাসিত্বাদেব পাণ্ডবৈস্তৎপ্রিয়ং কর্ত্তব্যমিতি ভাবঃ ॥৬৬॥

পাল্যেতি। তে পাণ্ডবাঃ। গতজ্বরা নষ্টসন্তাপাঃ। গতে স্থিতে, মন্যুং দৈন্যম্ ॥৬৭॥

বিষণ্ণা ইতি। প্রায়ম্ অনশনব্রতম্, সমাস্থিতে আশ্রিতে তচ্ছ্রবণে সতি ॥৬৮॥

রাজন্নিতি। লঘুসত্ত্বতাং দুর্বলপ্রাণতাম্। শত্রূণাং সদ্যো বশং সমাপন্নঃ প্রাপ্তঃ। এতেন দীর্ঘকালং বশতাপন্নত্বে স্বয়মেবাত্মমোচনং কর্ত্তুং শক্নুয়া ইতি সূচিতম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৯॥

শোক করার কি কারণ দেখিতেছ? ধৈর্য্য অবলম্বন কর, শোক করিতে থাকিয়া শত্রুগণকে আনন্দিত করিও না ॥৬৫॥

রাজা! পাণ্ডবেরা যে তোমাদিগকে মুক্ত করিয়া দিয়াছে, সেটা তাহারা কর্ত্তব্য কার্য্যই করিয়াছে। কারণ, রাজ্যবাসী লোকদের সর্ব্বদাই রাজার প্রিয়-কার্য্য করা উচিত ॥৬৬॥

বিশেষতঃ, তুমি রক্ষা করিতেছ বলিয়াই তাহারা নিরুপদ্রবে বাস করিতেছে। এইরূপ হইলে তুমি নিজে সাধারণ লোকের ন্যায় দৈন্য প্রকাশ করিতে পার না ॥৬৭॥

তুমি প্রায়োপবেশনের সঙ্কল্প করায় তোমার সহোদরেরা অত্যন্ত বিষণ্ণ হইয়াছেন। অতএব তুমি উঠ, সহোদরগণকে আশ্বস্ত কর এবং চল; তোমার মঙ্গল হইবে ॥৬৮॥

রাজা! এই জীবনে আজ তোমার হৃদয়ের দুর্ব্বলতা বুঝিতে পারিলাম।

(৬৭)...কর্ত্তুং প্রাকৃতবদ্‌যথা—বা ব কা পি। (৬৮) শ্লোকাৎ পরম্ '...চতুশ্চত্বারিংশদধিকদ্বিশততমঃ...' পি, '...অষ্টচত্বারিংশদধিকদ্বি...' বা ব, '...উনপঞ্চাশদধিকদ্বি...' কা. '...পঞ্চাশদধিকদ্বি...' নি। তত্তৎপরমেষু—'কর্ণ উবাচ'।

সেনাজীবৈশ্চ কৌরব্য ! তথা বিষয়বাসিভিঃ।
অজ্ঞাতৈর্যদিবা জ্ঞাতৈঃ কর্ত্তব্যং নৃপতেঃ প্রিয়ম্ ॥৭০॥
প্রায়ঃ প্রাধানাঃ পুরুষাঃ মোক্ষয়ন্ত্যরিবাহিনীম্।
নিগৃহ্যন্তে চ যুদ্ধেষু মোক্ষ্যন্তে চৈব সৈনিকৈঃ ॥৭১॥
সেনাজীবাশ্চ যে রাজ্ঞাং বিষয়ে সন্তি মানবাঃ।
তৈঃ সঙ্গম্য নৃপার্থায় যতিতব্যং যথাতথম্ ॥৭২॥
যদ্যেবং পাণ্ডবৈ রাজন্ ! ভবদ্বিষয়বাসিভিঃ।
যদৃচ্ছয়া মোক্ষিতোঽসি তত্র কা পরিদেবনা ॥৭৩॥
ন চৈতৎ সাধু যদ্রাজন্ ! পাণ্ডবাস্ত্বাং নৃপোত্তম !।
স্বসেনয়া সম্প্রয়ান্তং নানুযান্তি স্ম পৃষ্ঠতঃ ॥৭৪॥

ভারতকৌমুদী

কথং ন চিত্রমিত্যাহ সেনেতি। সেনাজীবৈঃ সৈন্যব্যবসায়িভির্জনৈঃ ॥৭০॥
প্রায় ইতি। অরিভ্যো বাহিনীং স্বসেনাম্। নিগৃহ্যন্তে শত্রুভিরিতি শেষঃ ॥৭১॥
সেনেতি। বিষয়ে দেশে রাজ্য ইতি যাবৎ। সঙ্গম্য মিলিত্বা ॥৭২॥
যদীতি। যদি এবং রীতিরস্তি তদেতি শেষঃ। যদৃচ্ছয়া সঙ্কল্পবিশেষাভাবেন ॥৭৩॥

সে যাহা হউক, শত্রুদমনকারী বীর ! তুমি সত্যই শত্রুগণের বশীভূত হইয়াছিলে ; এই অবস্থায় পাণ্ডবেরা তোমাকে যে মুক্ত করিয়াছে, তাহাতে আশ্চর্য্যের বিষয় কি হইয়াছে ? ॥৬৯॥

কারণ, কুরুনন্দন ! সৈন্যব্যবসায়ী লোকেরা বা রাজ্যবাসী লোকেরা পরিচিতই হউক বা অপরিচিতই হউক, অবশ্যই রাজার প্রিয়কার্য্য করা তাহাদের উচিত ॥৭০॥

তা'র পর প্রায় প্রধান লোকেরাই যুদ্ধে শত্রুহস্ত হইতে আপন সৈন্যকে রক্ষা করেন, নিজেরাও শত্রুকর্ত্তৃক নিগৃহীত হন এবং সৈন্যেরাও তাঁহাদিগকে মুক্ত করিয়া থাকে ॥৭১॥

এবং যাহারা সৈন্যব্যবসায়ী কিংবা যে সকল লোক রাজার রাজ্যে বাস করে, তাহারা মিলিত হইয়া যথাযথভাবে রাজার উপকারের জন্য চেষ্টা করিবে, (ইহাই জগতের রীতি) ॥৭২॥

রাজা ! যদি এমন রীতিই থাকিল, তবে তোমার রাজ্যবাসী পাণ্ডবেরা যদৃচ্ছাক্রমে তোমাকে যে মুক্ত করিয়াছে, তাহাতে বিলাপের কারণ কি আছে ? ॥৭৩॥

(৭৪)··· সম্প্রয়াস্তি স্ম পৃষ্ঠতঃ—বা ব কা।

শূরাশ্চ বলবন্তশ্চ সংযুগেষ্বপলায়িনঃ।
ভবতস্তে সহায়া বৈ প্রেষ্যতাং পূর্ব্বমাগতাঃ ॥৭৫॥
পাণ্ডবেয়ানি রত্নানি ত্বমদ্যাপ্যুপভুঞ্জসে।
সত্ত্বস্থান্ পাণ্ডবান্ পশ্য ন তে প্রায়মুপাবিশন্।
উত্তিষ্ঠ রাজন্! ভদ্রং তে ন চিরং কর্ত্তুমর্হসি ॥৭৬॥
অবশ্যমেব নৃপতে! রাজ্ঞো বিষয়বাসিভিঃ।
প্রিয়াণ্যাচরিতব্যানি তত্র কা পরিদেবনা ॥৭৭॥
মদ্বাক্যমেতদ্রাজেন্দ্র! যদ্যেবং ন করিষ্যসি।
স্থাস্যামীহ ভবৎপাদৌ শুশ্রূষন্নরিমর্দ্দন! ॥৭৮॥

ভারতকৌমুদী

নেতি। এতৎ সাধু ন কৃতং পাণ্ডবৈঃ। সম্প্রয়ান্তং গন্ধর্ব্বান্ প্রতি গচ্ছন্তম্ ॥৭৪॥

শূরা ইতি। সংযুগেষু যুদ্ধেষু। প্রেষ্যতাং দাসত্বম্, পূর্ব্বং দ্যূতক্রীড়াকালে ॥৭৫॥

পাণ্ডবেয়ানীতি। উপভুঞ্জসে উপভুনক্ষি। তথাপি সত্ত্বস্থান্ ধৈর্য্যস্থান্। ত্বমিব মনোদুঃখেন তে ন প্রায়মুপাবিশন্; অতস্তেষাং দৃষ্টান্তেন ত্বমপি সত্ত্বস্থো ভব। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৭৬॥

উক্তমপ্যর্থং দার্ঢ্যার্থং পুনরাহ অবশ্যমিতি। পরিদেবনা বিলাপঃ ॥৭৭॥

মদিতি। ন করিষ্যসি ন রক্ষিষ্যসি। ইহ অত্রৈব স্থানে। শুশ্রূষন্ পরিচরন্। জ্যেষ্ঠত্বেঽপি সুতত্বাভিমানাদিয়মুক্তিঃ সঙ্গচ্ছতে ॥৭৮॥

বরং রাজা! তুমি যখন নিজের সৈন্য লইয়া গন্ধর্ব্বগণকে আক্রমণ করিতে যাইতেছিলে, তখন পাণ্ডবেরা যে তোমার পিছনে যায় নাই, এইটাই তাহারা ভাল করে নাই ॥৭৪॥

বিশেষতঃ বীর, বলবান্ ও যুদ্ধে অপলায়ী সেই পাণ্ডবেরা পূর্ব্বেই তোমার দাস হইয়া সহায় হইয়া রহিয়াছে ॥৭৫॥

(আর এক কথা,) তুমি অদ্যাপি পাণ্ডবদের সমস্ত রত্ন ভোগ করিতেছ, তথাপি দেখ—পাণ্ডবেরা ধৈর্য্য ধারণ করিয়াই রহিয়াছে, কিন্তু তাহারা (তোমার মত) প্রায়োপবেশন করে নাই। অতএব রাজা! তুমি উঠ, বিলম্ব করিও না; তোমার মঙ্গল হইবে ॥৭৬॥

রাজা! (এই নিয়ম আছে যে,) রাজ্যবাসী লোকেরা অবশ্যই রাজার প্রিয়কার্য্য করিবে। অতএব ওবিষয়ে বিলাপ করিবার কারণ কি আছে? ॥৭৭॥

রাজশ্রেষ্ঠ! তুমি যদি আমার এই কথা না রাখ, তবে আমিও তোমার চরণযুগলের শুশ্রূষা করিতে থাকিয়া এই খানেই থাকিব ॥৭৮॥

নোৎসহে জীবিতুমহং ত্বদ্বিহীনো নরর্ষভ ! ।
প্রায়োপবিষ্টস্তু নৃপ ! রাজ্ঞাং হাস্যো ভবিষ্যসি ॥৭৯॥

বৈশম্পায়ন উবাচ ।

এবমুক্তস্তু কর্ণেন রাজা দুর্য্যোধনস্তদা ।
নৈবোত্থাতুং মনশ্চক্রে স্বর্গায় কৃতনিশ্চয়ঃ ॥৮০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্বণি ঘোষযাত্রায়াং কর্ণদুর্য্যোধনসংবাদে অষ্টাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

নবাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

——:(*):——

বৈশম্পায়ন উবাচ ।

প্রায়োবিষ্টং রাজানং দুর্য্যোধনমমর্ষণম্ ।
উবাচ সান্ত্বয়ন্ রাজন্ ! শকুনিঃ সৌবলস্তদা ॥১॥

ভারতকৌমুদী

নেতি। নোৎসহে ন শক্নোমি, সৌহার্দ্দাতিশয়াদিতি ভাবঃ ॥৭৯॥

এবমিতি। স্বর্গায় কৃতনিশ্চয়ঃ, প্রায়োপবেশনেন মরণাদিত্যাশয়ঃ ॥৮০॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি ঘোষযাত্রায়ামষ্টাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(:*:)——

প্রায়েতি। অমর্ষণং দুঃখাসহিষ্ণুম্। সৌবলঃ সুবলপুত্রঃ ॥১॥

কারণ, নরশ্রেষ্ঠ ! আমি তোমাব্যতীত জীবন ধারণ করিতেই সমর্থ হইব না। (আর এক কথা—) রাজা ! তুমি প্রায়োপবিষ্ট হইয়া রাজাদের নিকট হাস্যাস্পদ হইবে' ॥৭৯॥

বৈশম্পায়ন বলিলেন—কর্ণ এইরূপ বলিলে, রাজা দুর্য্যোধন তখনও উঠিতে ইচ্ছা করিলেন না, স্বর্গলাভের জন্যই কৃতনিশ্চয় হইয়া রহিলেন ॥৮০॥

——০:(*):০——

বৈশম্পায়ন বলিলেন—রাজা জনমেজয় ! অসহিষ্ণু রাজা দুর্য্যোধন

---

* '...পঞ্চচত্বারিংশদধিকদ্বিশততমঃ...' পি, '...একোনপঞ্চাশদধিকদ্বি...' বা ব, '...পঞ্চাশদধিকদ্বি...' কা, '...একপঞ্চাশদধিকদ্বি...' নি।

(১) শ্লোকাৎ পরম্ 'শকুনিরুবাচ' বা ব কা পি।

সম্যগুক্তং হি কর্ণেন তচ্ছ্রুতং কৌরব! ত্বয়া।
ময়াহৃতাং শ্রিয়ং স্ফীতাং তাং মোহাদপহায় কিম্ ॥২॥
ত্বমবুদ্ধ্যাদ্য নৃপতে! প্রাণানুৎস্রষ্টুমিচ্ছসি।
অথবাপ্যবগচ্ছামি ন বৃদ্ধাঃ সেবিতাস্ত্বয়া ॥৩॥ (যুগ্মকম্)
যঃ সমুৎপতিতং হর্ষং দৈন্যং বা ন নিয়চ্ছতি।
স নশ্যতি শ্রিয়ং প্রাপ্য পাত্রমামমিবাম্ভসি ॥৪॥
অতিভীরুমতিক্লীবং দীর্ঘসূত্রং প্রমাদিনম্।
ব্যসনাদ্বিষয়াক্রান্তং ন ভজন্তি নৃপং প্রজাঃ ॥৫॥

ভারতকৌমুদী

সম্যগিতি। আহৃতাং দ্যূতক্রীড়য়া পাণ্ডবেভ্য আনীতাম্, স্ফীতাং বিপুলাম্। অবুদ্ধ্যা নির্বুদ্ধিতয়েত্যর্থঃ। বৃদ্ধা ন সেবিতাস্তেভ্য উপদেশা ন গৃহীতা ইতি তাৎপর্য্যম্ ॥২—৩॥

য ইতি। সমুৎপতিতম্ উপস্থিতম্। আমম্ অপক্বম্, মৃন্ময়ং পাত্রম্ ॥৪॥

অতীতি। অতিক্লীবং সর্ব্বথা নিস্তেজস্কম্, দীর্ঘসূত্রং চিরেণ সর্ব্বকার্য্যকারকম্। ব্যসনাদাসক্তিবশাৎ বিষয়ৈঃ স্রক্‌চন্দনবনিতাদিভিরাক্রান্তম্ ॥৫॥

ভারতভাবদীপঃ

প্রায়োপবিষ্টমিতি ॥১—৩॥ পাত্রং মৃৎপাত্রম্, আমমপক্বম্ ॥৪॥ ভীরুমাত্মনাশশঙ্কাকুলম্। ক্লীবং সামর্থ্যহীনম্। দীর্ঘসূত্রং চিরকারিণম্। প্রমাদিনমনবহিতম্। ব্যসনাৎ দ্যূতপানমৃগয়াদিরূপাৎ। বিষয়ৈঃ স্ত্র্যাদিভিরাক্রান্তম্। ত্বন্তু তেষাং মধ্যে প্রমাদী বিষয়াক্রান্ত-

---

প্রায়োপবেশনেরই সঙ্কল্প করিলে, তখন সুবলনন্দন শকুনি উঁহাকে সান্ত্বনা দিবার অভিপ্রায়ে বলিতে লাগিলেন—॥১॥

'কুরুনন্দন! কর্ণ উপযুক্ত কথাই বলিয়াছেন, তুমিও তাহা শুনিয়াছ। তা'র পর আমি দ্যূতক্রীড়া করিয়া তোমাকে বিশাল সম্পদ আনিয়া দিয়াছি; কিন্তু তুমি মোহ ও নির্বুদ্ধিতাবশতঃ তাহা পরিত্যাগ করিয়া কি জন্য আজ প্রাণ পরিত্যাগ করিবার ইচ্ছা করিতেছ। অথবা বুঝিলাম যে, তুমি বৃদ্ধের উপদেশ গ্রহণ কর নাই ॥২—৩॥

যে লোক উপস্থিত হর্ষ বা বিষাদকে নিরুদ্ধ করিতে না পারে, সে লোক সম্পদ লাভ করিয়াও—জলে অপক্ব মৃৎপাত্রের ন্যায় বিনষ্ট হইয়া যায় ॥৪॥

অত্যন্ত ভীরু, অত্যন্ত নিস্তেজা, দীর্ঘসূত্র, অসাবধান ও অত্যন্ত বিষয়াসক্ত রাজার প্রতি প্রজারা ভক্তি করে না ॥৫॥

---

(৩)···প্রাণানুৎস্রষ্টুমর্হসি···ব। র কা।

সৎকৃতস্য হি তে শোকো বিপরীতে কথং ভবেৎ।
মা কৃতং শোভনং পার্থৈঃ শোকমালম্ব্য নাশয় ॥৬॥
যত্র হর্ষস্ত্বয়া কার্য্যঃ সৎকর্ত্তব্যাশ্চ পাণ্ডবাঃ।
তত্র শোচসি রাজেন্দ্র! বিপরীতমিদং তব ॥৭॥
প্রসীদ মা ত্যজাত্মানং তুষ্টশ্চ সুকৃতং স্মর।
প্রয়চ্ছ রাজ্যং পার্থানাং যশো ধর্ম্মমবাপ্নুহি।
ক্রিয়ামেতাং সমাজ্ঞায় কৃতজ্ঞস্ত্বং ভবিষ্যসি ॥৮॥
সৌভ্রাত্রং পাণ্ডবৈঃ কৃত্বা সমবস্থাপ্য চৈব তান্।
পিত্র্যং রাজ্যং প্রয়চ্ছৈষাং ততঃ সুখমবাপ্স্যসি ॥৯॥

বৈশম্পায়ন উবাচ।

শকুনেস্তু বচঃ শ্রুত্বা দুঃশাসনমবেক্ষ্য চ।
পাদয়োঃ পতিতং বীরং বিকৃতং ভ্রাতৃসৌহৃদাৎ ॥১০॥
বাহুভ্যাং সাধুজাতাভ্যাং দুঃশাসনমরিন্দমম্।
উত্থাপ্য সংপরিষ্বজ্য প্রীত্যাঽজিঘ্রত মূর্দ্ধনি ॥১১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সদিতি। বিপরীতে হর্ষস্থানে। শোকমালম্ব্য পার্থৈঃ কৃতং শোভনং মা নাশয় ॥৬॥
যত্রেতি। সৎকর্ত্তব্যা আদর্ত্তব্যা উপকারিত্বাদিতি ভাবঃ ॥৭॥
প্রসীদেতি। সুকৃতং পাণ্ডবকৃতমুপকারম্। সমাজ্ঞায় কর্ত্তুং বাদিশ্য। ষট্পাদঃ শ্লোকঃ ॥৮॥
সৌভ্রাত্রমিতি। শকুনেরীদৃশ উপদেশো বিস্ময়বিষয় এবেতি ভাবঃ ॥৯॥
শকুনেরিতি। বিকৃতং বিহ্বলম্। সাধুজাতাভ্যাং মনোহরাভ্যাম্ ॥১০—১১॥

পাণ্ডবেরা তোমার গৌরব করিয়াছে। সুতরাং হর্ষস্থানে তোমার শোক হয় কি প্রকারে?। পাণ্ডবেরা যে ভাল কাজটা করিয়াছে, তুমি শোক করিয়া সেটাকে নষ্ট করিও না ॥৬॥

রাজশ্রেষ্ঠ! যে বিষয়ে তোমার আনন্দ করা উচিত এবং পাণ্ডবদেরও গৌরব করা সঙ্গত, সেই বিষয়েই তুমি শোক করিতেছ; এটা তোমার বিপরীত ব্যবহার ॥৭॥

অতএব প্রসন্ন হও, প্রাণত্যাগ করিও না, সন্তুষ্ট হইয়া পাণ্ডবদের উপকার স্মরণ কর, তাহাদের রাজ্য তাহাদিগকে দাও এবং যশ ও ধর্ম্ম লাভ কর। অথবা এই কার্য্য করিবার আদেশ দিয়াই তুমি কৃতজ্ঞ হইবে ॥৮॥

পাণ্ডবদের সহিত ভ্রাতৃসৌহার্দ্দ স্থাপন এবং উহাদিগকে যথাস্থানে স্থাপন করিয়া উহাদের পৈতৃক রাজ্য উহাদিগকে দাও; তাহা হইলেই সুখ পাইবে' ॥৯॥

কর্ণসৌবলয়োশ্চাপি সংশ্রুত্য বচনান্যসৌ।
নির্ব্বেদং পরমং গত্বা রাজা দুর্য্যোধনস্তদা ॥১২॥
ব্রীড়য়াভিপরীতাত্মা নৈরাশ্যমগমৎ পরম্।
তচ্ছ্রুত্বা সুহৃদশ্চৈব সমন্যুরিদমব্রবীৎ ॥১৩॥ (যুগ্মকম্)
ন ধর্ম্মধনসৌখ্যেন নৈশ্বর্য্যেণ ন চাজ্ঞয়া।
নৈব ভোগৈশ্চ মে কার্য্যং মা বিহন্যত গচ্ছত ॥১৪॥
নিশ্চিতেয়ং মম মতিঃ স্থিতা প্রায়োপবেশনে।
গচ্ছধ্বং নগরং সর্ব্বে পূজ্যাশ্চ গুরবো মম ॥১৫॥

ভারতকৌমুদী

কর্ণেতি। নির্বেদমাত্মগ্লানিম্। সমন্যুঃ অতীবদৈন্যযুক্তঃ ॥১২—১৩॥
নেতি। কার্য্যং প্রয়োজনম্। মা বিহন্যত মৎসঙ্কল্পং মা হত, আর্ষো যন্ ॥১৪॥
নিশ্চিতেতি। পূজ্যাঃ সগৌরবং দ্রষ্টব্যাঃ, গুরবঃ পিত্রাদয়ঃ ॥১৫॥

ভারতভাবদীপঃ

শ্চেতি ভাবঃ ॥৫॥ পার্থৈঃ কৃতং শোকমালম্ব্য মা নাশয়েতি সম্বন্ধঃ ॥৬—৭॥ আত্মানং শরীরম্, মা ত্যজ ॥৮—৯॥ বিকৃতং ম্লানম্, ভ্রাতৃসৌহৃদং ভ্রাতরি সৌহৃদং বাৎসল্যমস্যাস্তীতি ভ্রাতৃসৌহৃদস্তম্ ॥১০—১১॥ নির্ব্বেদং জীবিতে বৈরাগ্যম্ ॥১২॥ নৈরাশ্যং রাজ্যলাভে ইতি শেষঃ, সমন্যুঃ দৈন্যবান্ ॥১৩॥ ধর্ম্মেণ ধনেন সৌখ্যেন বা ন মম কার্য্যমিতি সম্বন্ধঃ, ধর্ম্মধনাভ্যাং যৎ সৌখ্যং তেন বা আজ্ঞয়া আজ্ঞাফলেন রাজ্যেনেত্যর্থঃ। মা বিহন্যত আত্মানং মা ঘাতয়ত, মম সঙ্কল্পং বা মা নাশয়ত ॥১৪॥ পূজ্যা ভবদ্ভিরিতি শেষঃ, গুরবো ধৃতরাষ্ট্রদয়ঃ

বৈশম্পায়ন বলিলেন—দুর্য্যোধন শকুনির কথা শুনিয়া, ভ্রাতৃসৌহার্দ্দে আকুল ও পাদপতিত বীর দুঃশাসনের প্রতি দৃষ্টিপাত করিয়া এবং অরিন্দম সেই দুঃশাসনকে উঠাইয়া মনোহর বাহুযুগলদ্বারা তাঁহাকে আলিঙ্গন করিয়া স্নেহবশতঃ তাঁহার মস্তকাঘ্রাণ করিলেন ॥১০—১১॥

আর দুর্য্যোধন—কর্ণ ও শকুনির কথাগুলি শুনিয়া, অত্যন্ত আত্মগ্লানিযুক্ত ও লজ্জায় আকুল হইয়া জীবনের প্রতি একেবারে নিরাশ হইলেন এবং সেই সকল উক্তি শুনিবার পরে কাতর হইয়া বন্ধুগণের প্রতি এই কথা বলিলেন—॥১২—১৩॥

'বন্ধুগণ! ধর্ম্ম, ধন, সুখ, প্রভুত্ব, আদেশ বা ভোগদ্বারা আমার কোন প্রয়োজন নাই; আপনারা আমার সঙ্কল্প নষ্ট করিবেন না, চলিয়া যান ॥১৪॥

প্রায়োপবেশন করিবার বিষয়েই আমার বুদ্ধি স্থির করিয়াছি। অতএব আপনারা সকলে হস্তিনায় গমন করুন; আমার গুরুজনবর্গকে গৌরবের সহিত পর্য্যবেক্ষণ করিবেন' ॥১৫॥

ত এবমুক্ত্বা প্রত্যূচু রাজানমরিমর্দ্দনম্ ।
যা গতিস্তব রাজেন্দ্র ! সাঽস্মাকমপি ভারত ! ।
কথং বা সম্প্রবেক্ষ্যামস্ত্বদ্বিহীনাঃ পুরং বয়ম্ ॥১৬॥
বৈশম্পায়ন উবাচ ।
স সুহৃদ্ভিরমাত্যৈশ্চ ভ্রাতৃভিঃ স্বজনেন চ ।
বহুপ্রকারমপ্যুক্তো নিশ্চয়ান্ন ব্যচাল্যত ॥১৭॥
দর্ভাস্তরণমাস্তীর্য্য নিশ্চয়াদ্ধৃতরাষ্ট্রজঃ ।
সংস্পৃশ্যাপঃ শুচির্ভূত্বা ভূতলে সমুপস্থিতঃ ॥১৮॥
কুশচীরাম্বরধরঃ পরং নিয়মমাস্থিতঃ ।
বাগ্‌যতো রাজশার্দ্দূলঃ স স্বর্গগতিকাম্যয়া ।
মনসোঽপচিতিং কৃত্বা নিরস্য চ বহিঃক্রিয়াঃ ॥১৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ত ইতি। তে সুহৃদঃ। গতিরবস্থা। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৬॥

স ইতি। স্বজনেন জ্ঞাতিবর্গেণ। নিশ্চয়াৎ প্রায়োপবেশননির্দ্ধারণাৎ ॥১৭॥

দর্ভেতি। সমুপস্থিতঃ তৎসমীপ এবাবস্থিতঃ। কুশচীরং কুশময়কৌপীনমেবাম্বরং ধরতীতি সঃ। অপচিতিম্ ইষ্টদেবতাপূজাম্, নিরস্য ত্যক্ত্বা, বহিঃক্রিয়াঃ স্নানাদীঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৮—১৯॥

ভারতভাবদীপঃ

॥১৫—১৬॥ সুহৃদ্ভিঃ কর্ণাদ্যৈঃ, অমাত্যৈঃ শকুনিপ্রভৃতিভিঃ, ভ্রাতৃভির্দুঃশাসনাদিভিঃ, স্বজনৈঃ সম্বন্ধিভিঃ ॥১৭—১৮॥ বাগ্‌যতো মৌনী, স্বর্গগতির্মরণম্, তৎকাম্যয়া তদিচ্ছয়া। মনস্য উপ সমীপে, চিতিং দাহার্থং কাষ্ঠসঞ্চয়ম্, কৃত্বা সঙ্কল্প্য অবশ্যং কর্ত্তব্যমিতি নিশ্চিত্যেত্যর্থঃ।

দুর্য্যোধন এইরূপ বলিলে, সেই বন্ধুগণ শত্রুবিজয়ী দুর্য্যোধনকে বলিলেন—'রাজশ্রেষ্ঠ ভরতনন্দন! আপনার যেরূপ অবস্থা, আমাদেরও সেইরূপ অবস্থাই হইবে। কারণ, আমরা আপনাকে ছাড়িয়া কি করিয়া হস্তিনায় প্রবেশ করিব?' ॥১৬॥

বৈশম্পায়ন বলিলেন—সুহৃদ্‌গণ, মন্ত্রিগণ, ভ্রাতৃগণ ও জ্ঞাতিগণ বহুপ্রকার বলিয়াও দুর্য্যোধনকে তাঁহার নিশ্চিত সঙ্কল্প হইতে বিচলিত করিতে পারিলেন না ॥১৭॥

তখন রাজশ্রেষ্ঠ দুর্য্যোধন স্বর্গলাভ করিবার ইচ্ছায় পবিত্র, কুশময়কৌপীনধারী ও মৌনী হইয়া, স্নানপ্রভৃতি বাহিরের ক্রিয়া পরিত্যাগপূর্ব্বক মনে মনে

(১৭)·· নিশ্চয়ান্ন বিচাল্যতে—বা ব কা পি।

অথ তং নিশ্চয়ং তস্য বুদ্ধ্বা দৈতেয়দানবাঃ।
পাতালবাসিনো রৌদ্রাঃ পূর্ব্বং দেবৈর্ব্বিনির্জ্জিতাঃ ॥২০॥
তে স্বপক্ষক্ষয়ং তস্তু জ্ঞাত্বা দুর্য্যোধনস্য বৈ।
আহ্বানায় তদা চক্রুঃ কর্ম্ম বৈতানসম্ভবম্ ॥২১॥ (যুগ্মকম্)
বৃহস্পত্যুশনোক্তৈশ্চ মন্ত্রৈর্মন্ত্রবিশারদাঃ।
অথর্ব্ববেদপ্রোক্তৈশ্চ যাশ্চোপনিষদি ক্রিয়াঃ।
মন্ত্রজপ্যসমাযুক্তাস্তাস্তদা সমবর্ত্তয়ন্ ॥২২॥
জুহ্বত্যগ্নৌ হবিঃ ক্ষীরং মন্ত্রবৎ সুসমাহিতাঃ।
ব্রাহ্মণা বেদবেদাঙ্গপারগাঃ সুদৃঢ়ব্রতাঃ ॥২৩॥

ভারতকৌমুদী

অথেতি। রৌদ্রা ভীষণাঃ। দুর্য্যোধনস্য আহ্বানায়েতি সম্বন্ধঃ। বৈতানং শ্রৌতো হোমস্তেন সম্ভবতীতি তৎ শ্রৌতহোমপ্রধানমিত্যর্থঃ ॥২০—২১॥

বৃহস্পতীতি। উশনা শুক্রঃ। মন্ত্রবিশারদা যাজ্ঞিকাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২২॥

জুহ্বতীতি। জুহ্বতি হুতবন্তঃ। সুসমাহিতাঃ চিত্তৈকাগ্রতাসম্পন্নাঃ ॥২৩॥

ভারতভাবদীপঃ

বহিষ্ক্রিয়াঃ স্নানপানাদ্যাঃ ॥১৯—২০॥ বৈতানসম্ভবমগ্নিবিস্তারসাধ্যং নবকুণ্ডাদিবিধানম্ ॥২১॥ আথর্বণিকং ন তু ত্রয়ীরূপম্। উপনিষদি আরণ্যকে প্রোক্তাঃ ক্রিয়াঃ—"সর্ব্বং প্রবিধ্য হৃদয়ং প্রবিধ্য শিরোভিবৃঙ্ক্ষ ধমনীঃপ্রব্রজে"ত্যাদিমন্ত্রপ্রকাশিতাঃ শত্রুমারণার্থা এতন্মন্ত্রজপ-

ইষ্টদেবতার পূজা করিয়া, বিশেষ নিয়ম ধারণপূর্ব্বক আচমন করিয়া ভূতলে কুশময় আস্তরণ পাতিয়া, তাহার উপরে উপবেশন করিলেন ॥১৮—১৯॥

তাহার পর পূর্ব্বে দেবগণকর্ত্তৃক পরাজিত পাতালবাসী রৌদ্রমূর্ত্তি দৈত্য ও দানবগণ দুর্য্যোধনের সেই প্রায়োপবেশনের বিষয় জানিতে পারিয়া, সেটা আপন পক্ষেরই ক্ষতি ইহা বুঝিয়া দুর্য্যোধনকে আনিবার জন্য বেদোক্ত কোন যজ্ঞ আরম্ভ করিল ॥২০—২১॥

মন্ত্রবিশারদ যাজ্ঞিকেরা তখন বৃহস্পতি ও শুক্রাচার্য্যপ্রোক্ত মন্ত্র এবং অথর্ববেদোক্ত মন্ত্রদ্বারা—মন্ত্র ও জপযুক্ত যে সকল ক্রিয়া উপনিষদে উক্ত আছে, সেই সকল ক্রিয়া করিতে আরম্ভ করিলেন ॥২২॥

আর দৃঢ়ব্রতপরায়ণ ও বেদবেদাঙ্গপারদর্শী ব্রাহ্মণেরা বিশেষভাবে একাগ্রচিত্ত হইয়া অগ্নিতে দুগ্ধ ও হবির্দ্বারা হোম করিতে লাগিলেন ॥২৩॥

(২২)…তাস্তদা সম্প্রবর্ত্তয়ন্—বা ব কা।

কর্ম্মসিদ্ধৌ তদা তত্র জৃম্ভমাণা মহাদ্ভুতা।
কৃত্যা সমুত্থিতা রাজন্! কিং করোমীতি চাব্রবীৎ ॥২৪॥
আহুর্দৈত্যাশ্চ তাং তত্র সুপ্রীতেনান্তরাত্মনা।
প্রায়োপবিষ্টং রাজানং ধার্ত্তরাষ্ট্রমিহানয় ॥২৫॥
তথেতি চ প্রতিশ্রুত্য সা কৃত্যা প্রযযৌ তদা।
নিমেষাদগমচ্চাপি যত্র রাজা সুযোধনঃ ॥২৬॥
সমাদায় চ রাজানং প্রবিবেশ রসাতলম্।
দানবানাং মুহূর্ত্তাচ্চ তমানীতং ন্যবেদয়ৎ ॥২৭॥
তমানীতং নৃপং দৃষ্ট্বা রাত্রৌ সঙ্গত্য দানবাঃ।
প্রহৃষ্টমনসঃ সর্ব্বে কিঞ্চিদুৎফুল্ললোচনাঃ।
সাভিমানমিদং বাক্যং দুর্য্যোধনমথাব্রুবন্ ॥২৮॥

ভারতকৌমুদী

কর্ম্মেতি। জৃম্ভমাণা মুখং ব্যাদদানা, কৃত্যা কাচিদাভিচারিকী দেবতা ॥২৪॥
আহুরিতি। চকারাদ্দানবাশ্চ। সুপ্রীতেন, আশায়াঃ সাফল্যসম্ভবাদিত্যাশয়ঃ ॥২৫॥
তথেতি। প্রযযৌ যাত্রাং চকারেতি ন পুনরুক্তিঃ ॥২৬॥
সমিতি। রাজানং নিদ্রিতং দুর্য্যোধনম্। দানবানামন্তিকে ন্যবেদয়ৎ সা কৃত্যা ॥২৭॥
তমিতি। সঙ্গত্য মিলিত্বা। সাভিমানং সগর্ব্বম্। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥২৮॥

রাজা! এইভাবে সেই কার্য্য সমাপ্ত হইলে, অত্যন্ত আশ্চর্য্য এক কৃত্যা (আভিচারিকী দেবতা) মুখব্যাদান করিয়া উত্থিত হইল এবং বলিল—'আমি কি করিব?' ॥২৪॥

তখন দৈত্য ও দানবেরা সন্তুষ্টচিত্তে বলিল—'তুমি—প্রায়োপবিষ্ট রাজা দুর্য্যোধনকে এইখানে আনয়ন কর' ॥২৫॥

'তাহাই হইবে' এইরূপ প্রতিজ্ঞা করিয়া সেই কৃত্যা তখনই যাত্রা করিল এবং নিমেষের মধ্যে—যেখানে দুর্য্যোধন ছিলেন, সেইখানে গেল ॥২৬॥

এবং দুর্য্যোধনকে লইয়া মুহূর্ত্তমধ্যে পাতালে প্রবেশ করিল এবং দানবগণের নিকটে তাঁহার আনয়নের কথা জানাইল ॥২৭॥

সেই রাজা দুর্য্যোধনকে আনীত দেখিয়া দানবেরা সকলে সেই রাত্রিতেই মিলিত হইয়া, আনন্দিতচিত্তে এবং ঈষদুৎফুল্লনয়নে গর্ব্বের সহিত দুর্য্যোধনকে এই কথা বলিল—॥২৮॥

(২৮) শ্লোকাৎ পরম্—'…ষট্‌চত্বারিংশদধিকদ্বিশততমঃ…' পি, '…পঞ্চাশদধিকদ্বি…' বা ব, '…একপঞ্চাশদধিকদ্বি…' কা, '…দ্বিপঞ্চাশদধিকদ্বি…' নি।

দানবা ঊচুঃ।

ভোঃ সুযোধন! রাজেন্দ্র! ভরতানাং কুলোদ্বহ!।
শূরৈঃ পরিবৃতো নিত্যং তথৈব চ মহাত্মভিঃ ॥২৯॥
অকার্ষীঃ সাহসমিদং কস্মাৎ প্রায়োপবেশনম্।
আত্মত্যাগী হ্যধো যাতি বাচ্যতাঞ্চাযশস্করীম্ ॥৩০॥
নহি কার্য্যবিরুদ্ধেষু বহুপাপেষু কর্ম্মসু।
মূলঘাতিষু সজ্জন্তে বুদ্ধিমন্তো ভবদ্বিধাঃ ॥৩১॥
নিয়চ্ছৈনাং মতিং রাজন্! ধর্ম্মার্থসুখনাশিনীম্।
যশঃপ্রতাপবীর্য্যঘ্নীং শত্রূণাং হর্ষবর্দ্ধিনীম্ ॥৩২॥
শ্রূয়তাঞ্চ প্রভো! তত্ত্বং দিব্যতা চাত্মনো নৃপ!।
নির্ম্মাণঞ্চ শরীরস্য ততো ধৈর্য্যমবাপ্নুহি ॥৩৩॥

ভারতকৌমুদী

ভো ইতি। শূরৈঃ পরিবৃত ইতি পাণ্ডববিজয়স্তে সুকর এবেতি ভাবঃ ॥২৯॥
অকার্ষীরিতি। আত্মত্যাগী আত্মনৈব দেহত্যাগী। বাচ্যতাং লোকবাদম্ ॥৩০॥
নহীতি। কার্য্যবিরুদ্ধেষু কর্ত্তব্যবিপরীতেষু। সজ্জন্তে প্রবর্ত্তন্তে ॥৩১॥
নিয়চ্ছেতি। এনাং প্রায়োপবেশনেনাত্মত্যাগবিষয়াম্ ॥৩২॥
শ্রূয়তামিতি। তত্ত্বং যাথার্থ্যম্, দিব্যতা স্বর্গীয়তা ॥৩৩॥

ভারতভাবদীপঃ

হোমাদিরূপাঃ, সমবর্ত্তয়ন্ সংপ্রাবর্ত্তয়ন্, দৈতেয়দানবা ইতি পূর্বেণ সম্বন্ধঃ ॥২২—২৩॥ কৃত্যা আজ্ঞাকরী দেবতা ॥২৪—৩০॥ কার্য্যবিরুদ্ধেষু শত্রুজয়বিরুদ্ধেষু, পাপেষু আত্মহত্যাদিষু ॥৩১॥

দানবগণ বলিল—'হে ভরতকুলধুরন্ধর রাজশ্রেষ্ঠ দুর্য্যোধন! আপনি সর্ব্বদাই বীরগণে ও মহাত্মগণে পরিবেষ্টিত রহিয়াছেন ॥২৯॥

অতএব কি জন্য আপনি এই প্রায়োপবেশনরূপ সাহসের কার্য্য করিয়াছেন?। আত্মহত্যাকারী লোকের অধোগতি ও লোকনিন্দা হইয়া থাকে ॥৩০॥

আপনার তুল্য বুদ্ধিমান্ লোকেরা কর্ত্তব্যের বিপরীত, বহুপাপজনক এবং মূলনাশক কার্য্যে কখনও প্রবৃত্ত হন না ॥৩১॥

অতএব রাজা! ধর্ম্ম, অর্থ, সুখ, যশ, প্রতাপ ও শক্তির নাশকারী এবং শত্রুদিগের আনন্দজনক এই সঙ্কল্প ত্যাগ করুন ॥৩২॥

প্রভু! রাজা! আপনি যথার্থ ঘটনা শ্রবণ করুন এবং নিজের স্বর্গীয়তা ও শরীরনির্ম্মাণের বিষয় অবগত হউন; তাহার পর ধৈর্য্য ধারণ করুন ॥৩৩॥

---

(৩৩)…দিব্যতাঞ্চাত্মনো নৃপ!…বা ব কা নি।

পুরা ত্বং তপসাস্মাভির্লব্ধো রাজন্ ! মহেশ্বরাৎ।
পূর্ব্বকায়শ্চ সর্ব্বস্তে নির্ম্মিতো বজ্রসঞ্চয়ৈঃ ॥৩৪॥
অস্ত্রৈরভেদ্যঃ শস্ত্রৈশ্চাপ্যধঃকায়শ্চ তেঽনঘ ! ।
কৃতঃ পুষ্পময়ো দেব্যা রূপতঃ স্ত্রীমনোহরঃ ॥৩৫॥ (যুগ্মকম্)
এবমীশ্বরসংযুক্তস্তব দেহো নৃপোত্তম ! ।
দেব্যা চ রাজশার্দ্দূল ! দিব্যস্ত্বং হি ন মানুষঃ ॥৩৬॥
ক্ষত্রিয়াশ্চ মহাবীর্য্যা ভগদত্তপুরোগমাঃ।
দিব্যাস্ত্রবিদুষঃ শূরাঃ ক্ষপয়িষ্যন্তি তে রিপূন্ ॥৩৭॥
তদলং তে বিষাদেন ভয়ং তব ন বিদ্যতে।
সাহায্যার্থঞ্চ তে বীরাঃ সম্ভূতা ভুবি দানবাঃ ॥৩৮॥

ভারতকৌমুদী

পুরেতি। পূর্ব্বকায়ো নাভেরুপরিভাগঃ, বজ্রসঞ্চয়ৈর্বজ্রবদ্দৃঢ়োপকরণৈর্মহেশ্বরেণ নির্ম্মিতঃ; অতএবাসৌ অস্ত্রৈঃ শস্ত্রৈরপি চাভেদ্যঃ। অস্যন্ত ইত্যস্ত্রাণি দূরক্ষেপযোগ্যানি বাণাদীনি, শস্যন্ত এভিরিতি শস্ত্রাণি সন্নিধিমারণসাধনানি কৃপাণাদীনি। অধঃকায়ো নাভেরধোভাগঃ। পুষ্পময়স্তদ্বৎ কোমলঃ, দেব্যা পার্ব্বত্যা ॥৩৪—৩৫॥

এবমিতি। ঈশ্বরসংযুক্তঃ শিবসৃষ্টিযুক্তঃ। দেব্যা পার্ব্বত্যা চ সৃষ্ট ইতি শেষঃ ॥৩৬॥

ক্ষত্রিয়া ইতি। দিব্যাস্ত্রবিদুষোঽপি রিপূন্ ক্ষপয়িষ্যন্তীতি সম্বন্ধঃ ॥৩৭॥

তদিতি। দানবানাং ভুবি সম্ভবশ্চ আদিপর্ব্বণি সম্ভবপর্ব্বণ্যপ্যুক্তো দ্রষ্টব্যঃ ॥৩৮॥

রাজা! আমরা পূর্বে তপস্যা করিয়া মহাদেবের নিকট হইতে আপনাকে লাভ করিয়াছি; তিনি বজ্রতুল্য দৃঢ় উপকরণদ্বারা আপনার দেহের নাভির উপরের সমস্ত অংশ নির্ম্মাণ করিয়াছেন; সুতরাং ঐ অংশ অস্ত্র-শস্ত্রের অভেদ্য। আর দেবী পার্ব্বতী আপনার নাভির নিম্নভাগটাকে পুষ্পের ন্যায় কোমল এবং রূপে স্ত্রীদিগের মনোহর করিয়া সৃষ্টি করিয়াছেন ॥৩৪—৩৫॥

রাজশ্রেষ্ঠ! এইরূপে আপনার দেহটী শিব ও পার্ব্বতীর নির্ম্মিত। সুতরাং আপনি স্বর্গীয় লোকই বটেন, কিন্তু মানুষ নহেন ॥৩৬॥

তা'র পর আপনার শত্রুরা স্বর্গীয় অস্ত্র জানিলেও, ভগদত্তপ্রভৃতি মহাবীর ক্ষত্রিয়েরা তাহাদিগকে সংহার করিবেন ॥৩৭॥

অতএব আপনি বিষণ্ণ হইবেন না এবং আপনার কোন ভয়ও নাই। বিশেষতঃ মহাবীর দানবেরা আপনার সাহায্য করিবার জন্য ভূতলে জন্ম গ্রহণ করিয়াছেন ॥৩৮॥

---

(৩৭)···ক্ষয়িষ্যন্তি তে রিপূন্—বা ব কা পি।

ভীষ্মদ্রোণকৃপাদীংশ্চ প্রবেক্ষ্যন্ত্যপরেঽসুরাঃ।
যৈরাবিষ্টা ঘৃণাং ত্যক্ত্বা যোৎস্যন্তে তব বৈরিভিঃ ॥৩৯॥
নৈব পুত্রান্ ন চ ভ্রাতৄন্ ন পিতৄন্ ন চ বান্ধবান্।
নৈব শিষ্যান্ ন চ জ্ঞাতীন্ ন বালান্ স্থবিরান্ ন চ ॥৪০॥
যুধি সম্প্রহরিষ্যন্তো মোক্ষ্যন্তি কুরুসত্তম!।
নিঃস্নেহা দানবাবিষ্টাঃ সমাক্রান্তেঽন্তরাত্মনি ॥৪১॥ (যুগ্মকম্)
প্রহরিষ্যন্তি বন্ধুভ্যঃ স্নেহমুৎসৃজ্য দূরতঃ।
হৃষ্টাঃ পুরুষশার্দ্দূলাঃ কলুষীকৃতমানসাঃ ॥৪২॥
অনভিজ্ঞাতমূলাশ্চ দৈবাচ্চ বিধিনির্ম্মিতাৎ।
ব্যাভাষমাণাশ্চান্যোন্যং ন মে জীবন্ বিমোক্ষ্যসে ॥৪৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ভীষ্মেতি। ঘৃণাং দয়াম্। যোৎস্যন্তে তে ভীষ্মদ্রোণকৃপাদয়ঃ ॥৩৯॥

নেতি। পিতৄন্ পিতৃপর্য্যায়গতান্। অন্তরাত্মনি মনসি, সমাক্রান্তে দানবৈরেব ॥৪০—৪১॥

প্রেতি। কলুষীকৃতমানসা দানবৈরেব। বিধিনির্ম্মিতাৎ বিধাতৃনিয়মিতাৎ, দৈবাৎ পূর্বজন্মকর্ম্মতঃ, অনভিজ্ঞাতমূলা অস্মৃতসম্বন্ধাঃ, জীবন্ মে ন বিমোক্ষ্যস ইত্যন্যোন্যং ব্যাভাষমাণাঃ ॥৪২—৪৩॥

ভারতভাবদীপঃ

নিয়চ্ছ ত্যজেত্যর্থঃ ॥৩২—৩৩॥ পূর্ব্বকায়ঃ নাভেরুপরি ॥৩৪—৩৮॥ অসুরা ইতি চ্ছেদঃ। ঘৃণাং কৃপাম্ ॥৩৯—৪০॥ অন্তরাত্মনি চিত্তে, সমাক্রান্তে দানবৈরেব ॥৪২॥ অবিজ্ঞানং কার্য্যাকার্য্যবিজ্ঞানাভাবস্তেন মূঢ়াঃ, দৈবাদদৃষ্টাৎ, বিধিনির্ম্মিতাৎ পূর্বকর্ম্মকৃতাৎ ॥৪৩॥

তা'র পর অন্যান্য অসুরেরাও ভীষ্ম, দ্রোণ এবং কৃপপ্রভৃতির দেহে প্রবেশ করিবেন; যাঁহাদের প্রবেশে ঐ ভীষ্মপ্রভৃতি দয়া বিসর্জন দিয়া আপনার শত্রুগণের সহিত যুদ্ধ করিবেন ॥৩৯॥

কৌরবশ্রেষ্ঠ! দানবেরা দেহে প্রবেশ করিয়া মন আক্রমণ করিলে, ঐ ভীষ্ম-দ্রোণ-প্রভৃতি স্নেহ বিসর্জন দিয়া যুদ্ধে পুত্র, ভ্রাতা, বন্ধু, শিষ্য, জ্ঞাতি, বালক, বা বৃদ্ধকেও প্রহার করিতে ছাড়িবেন না ॥৪০—৪১॥

দানবেরা চিত্ত বিকৃত করিয়া দিলে ঐ সকল শ্রেষ্ঠ পুরুষ বিধিনিয়মিত দৈব অনুসারে সমস্ত সম্বন্ধ বিস্মৃত ও আনন্দিত হইয়া 'তুমি জীবিত অবস্থায় আমার হাত হইতে মুক্তি পাইবে না' এইরূপ পরস্পর বলিতে থাকিয়া, দূরে স্নেহ বিসর্জন দিয়া বন্ধুদিগকেও প্রহার করিবেন ॥৪২—৪৩॥

---

(৪৩) অবিজ্ঞানবিমূঢ়াশ্চ…বা ব কা পি।

সর্বশস্ত্রাস্ত্রমোক্ষেণ পৌরুষে সমবস্থিতাঃ।
শ্লাঘমানাঃ কুরুশ্রেষ্ঠ! করিষ্যন্তি জনক্ষয়ম্ ॥৪৪॥
তেঽপি পঞ্চ মহাত্মানঃ প্রতিযোৎস্যন্তি পাণ্ডবাঃ।
বধঞ্চৈষাং করিষ্যন্তি দৈবযুক্তা মহাবলাঃ ॥৪৫॥
দৈত্যরক্ষোগণাশ্চৈব সম্ভূতাঃ ক্ষত্রযোনিষু।
যোৎস্যন্তি যুধি বিক্রম্য শত্রুভিস্তব পার্থিব!।
গদাভির্মুষলৈঃ শূলৈঃ শস্ত্রৈরুচ্চাবচৈস্তথা ॥৪৬॥
যচ্চ তেঽন্তর্গতং বীর! ভয়মর্জ্জুনসম্ভবম্।
তত্রাপি বিহিতোঽস্মাভির্বধোপায়োঽর্জ্জুনস্য বৈ ॥৪৭॥
হতস্য নরকস্যাত্মা কর্ণমূর্ত্তিমুপাশ্রিতঃ।
তদ্বৈরং সংস্মরন্ বীর! যোৎস্যতে কেশবার্জ্জুনৌ ॥৪৮॥

ভারতকৌমুদী

সর্ব্বেতি। শ্লাঘমানাঃ পরস্পরমাত্মপ্রশংসাং কুর্বাণাঃ ॥৪৪॥
ত ইতি। দৈবযুক্তা ইত্যনেন দৈবং বিনা পাণ্ডবানাং বধঃ অসম্ভব এবেতি সূচিতম্ ॥৪৫॥
দৈত্যেতি। উচ্চাবচৈর্নানাবিধৈরপরৈশ্চ শস্ত্রৈঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৬॥
যদিতি। সর্ব্বাপেক্ষয়া অর্জ্জুনস্য দৃষ্টাধিকবীর্য্যত্বাদিতি ভাবঃ ॥৪৭॥
হতস্যেতি। নরকস্য তদাখ্যস্য অসুরস্য। কেশবার্জ্জুনৌ প্রাপ্যেতি শেষঃ ॥৪৮॥

কৌরবশ্রেষ্ঠ! পুরুষকারশালী বীরগণ পরস্পর আত্মশ্লাঘা করিতে থাকিয়া সর্ব্বপ্রকার অস্ত্র-শস্ত্র নিক্ষেপ করিয়া লোকক্ষয় করিবেন ॥৪৪॥

সেই মহাত্মা পঞ্চ পাণ্ডবও যুদ্ধ করিবেন বটে; তবে দৈবশালী মহাবীরেরা উঁহাদিগকেও বধ করিবেন ॥৪৫॥

রাজা! দৈত্যগণ ও রাক্ষসগণ যাইয়া ক্ষত্রিয়যোনিতে জন্ম গ্রহণ করিয়াছেন। সুতরাং তাঁহারাও যুদ্ধে বিক্রম প্রকাশ করিয়া গদা, মুষল, শূল এবং অন্য নানাবিধ অস্ত্রদ্বারা আপনার শত্রুদের সহিত যুদ্ধ করিবেন ॥৪৬॥

বীর! আপনার মনে যে অর্জ্জুনের ভয় রহিয়াছে, সে বিষয়েও আমরা অর্জ্জুনের বধের উপায় করিয়া রাখিয়াছি ॥৪৭॥

বীর! নিহত নরকাসুরের আত্মা যাইয়া কর্ণের দেহ আশ্রয় করিয়া রহিয়াছে; সুতরাং সেই আত্মাই সেই শত্রুতা স্মরণ করিয়া কৃষ্ণ ও অর্জ্জুনের সহিত যুদ্ধ করিবে ॥৪৮॥

(৪৬)…গদাভির্মুষলৈঃ খড়্গৈঃ…পি।

স তে বিক্রমশৌটীরো রণে পার্থং বিজেষ্যতি।
কর্ণঃ প্রহরতাং শ্রেষ্ঠঃ সর্ব্বাংশ্চারীন্ মহারথঃ ॥৪৯॥
জ্ঞাত্বৈতচ্ছদ্মনা বজ্রী রক্ষার্থং সব্যসাচিনঃ।
কুণ্ডলে কবচঞ্চৈব কর্ণস্যাপহরিষ্যতি ॥৫০॥
তস্মাদস্মাভিরপ্যত্র দৈত্যাঃ শতসহস্রশঃ।
নিযুক্তা রাক্ষসাশ্চৈব যে তে সংশপ্তকা ইতি ॥৫১॥
প্রখ্যাতাস্তেঽর্জ্জুনং বীরং নিহনিষ্যন্তি মা শুচঃ।
অসপত্না ত্বয়া হীয়ং ভোক্তব্যা বসুধা নৃপ ! ॥৫২॥
মা বিষাদং গমস্তস্মান্নৈতত্ত্বয্যুপপদ্যতে।
বিনষ্টে ত্বয়ি চাস্মাকং পক্ষো হীয়েত কৌরব ! ॥৫৩॥
গচ্ছ বীর ! ন তে বুদ্ধিরন্যা কার্য্যা কথঞ্চন।
ত্বমস্মাকং গতির্নিত্যং দেবতানাঞ্চ পাণ্ডবাঃ ॥৫৪॥

ভারতকৌমুদী

স ইতি। বিক্রমেণ শৌটীরো গর্বিতঃ। প্রহরতাং যোদ্ধৃণাম্ ॥৪৯॥
জ্ঞাত্বেতি। এতৎ কর্ণকর্ত্তৃকার্জ্জুনহননম্, ছদ্মনা ছলেন, বজ্রী ইন্দ্রঃ ॥৫০॥
তস্মাদিতি। অত্র অর্জ্জুনবধবিষয়ে ॥৫১॥
প্রেতি। প্রখ্যাতা বীরত্বেন প্রসিদ্ধাঃ, তে সংশপ্তকাঃ। অসপত্না শত্রুশূন্যা ॥৫২॥
মেতি। এতৎ প্রায়োপবেশনম্, উপপদ্যতে সঙ্গচ্ছতে। হীয়েত ন্যূনো ভবেৎ ॥৫৩॥

অতএব বিক্রমগর্বিত, যোদ্ধৃশ্রেষ্ঠ ও মহারথ কর্ণই যুদ্ধে অর্জ্জুনকে এবং আপনার সমস্ত শত্রুকে জয় করিবেন ॥৪৯॥

ইহা বুঝিতে পারিয়া ইন্দ্র অর্জ্জুনকে রক্ষা করিবার জন্য ছল করিয়া কর্ণের দুইটী কুণ্ডল ও কবচ অপহরণ করিবেন ॥৫০॥

অতএব আমরাও এবিষয়ে শত শত ও সহস্র সহস্র দৈত্য ও রাক্ষসকে নিযুক্ত করিয়া রাখিয়াছি, যাহারা সেই 'সংশপ্তক–' নামে প্রসিদ্ধ ॥৫১॥

বীর বলিয়া প্রসিদ্ধ সেই সংশপ্তকেরা বীর অর্জ্জুনকে বধ করিবে। অতএব আপনি শোক করিবেন না। কেন না, আপনি এই নিষ্কণ্টক পৃথিবী ভোগ করিবেন ॥৫২॥

কুরুনন্দন ! আপনি বিষণ্ণ হইবেন না, এ প্রায়োপবেশন আপনার পক্ষে সঙ্গত হয় না। বিশেষতঃ আপনি বিনষ্ট হইলে আমাদের পক্ষটাই হীন হইয়া পড়ে ॥৫৩॥

(৫২) প্রখ্যাতাস্তেঽর্জ্জুনং বীর !...বা ব কা নি।

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্ত্বা পরিষ্বজ্য দৈত্যাস্তং রাজকুঞ্জরম্।
সমাশ্বাস্য চ দুর্দ্ধর্ষং প্রাদ্রবন্ দানবর্ষভাঃ ॥৫৫॥
স্থিরাং কৃত্বা বুদ্ধিমস্য প্রিয়াণ্যুক্ত্বা চ ভারত!।
গম্যতামিত্যনুজ্ঞায় জয়মাপ্নুহি চেত্যথ ॥৫৬॥ (যুগ্মকম্)
তৈর্বিসৃষ্টং মহাবাহুং কৃত্যা সৈবানয়ৎ পুনঃ।
তমেব দেশং যত্রাসৌ তদা প্রায়মুপাবিশৎ ॥৫৭॥
প্রতিনিক্ষিপ্য তং বীরং কৃত্যা সমভিপূজ্য চ।
অনুজ্ঞাতা চ রাজ্ঞা সা তত্রৈবান্তরধীয়ত ॥৫৮॥

ভারতকৌমুদী

গচ্ছেতি। গতিরবলম্বনম্। পাণ্ডবাশ্চ দেবতানাং গতিরিতি সম্বন্ধঃ ॥৫৪॥
এবমিতি। রাজকুঞ্জরং রাজশ্রেষ্ঠম্। প্রাদ্রবন্ প্রাতিষ্ঠন্ত। ইতি চানুজ্ঞায় ॥৫৫—৫৬॥
তৈরিতি। কৃত্যা আভিচারিকী দেবতা। অসৌ দুর্য্যোধনঃ ॥৫৭॥
প্রতীতি। প্রতিনিক্ষিপ্য সংস্থাপ্য, তং দুর্য্যোধনম্ ॥৫৮॥

ভারতভাবদীপঃ

ব্যাভাষমাণাঃ বিরুদ্ধমাভাষন্তঃ ॥৪৩—৪৮॥ বিক্রমে শক্রজয়ে, শৌটীরঃ সমর্থঃ ॥৫৯—৫৩॥ তে ত্বয়া, অন্যা মরণার্থা। বৈরশান্ত্যর্থী বা বুদ্ধির্ন কার্য্যা ॥৫৪—৫৫॥ জয়মাপ্নুহি চেত্যুক্ত-

অতএব বীর! আপনি হস্তিনায় যান; আপনি অন্য কোন প্রকার বুদ্ধি করিবেন না। কারণ, আপনি সর্ব্বদাই আমাদের অবলম্বন, আর পাণ্ডবেরা দেবতাদের অবলম্বন' ॥৫৪॥

বৈশম্পায়ন বলিলেন—ভরতনন্দন! দৈত্য ও দানবশ্রেষ্ঠগণ এইরূপ বলিয়া রাজশ্রেষ্ঠ ও দুর্দ্ধর্ষ দুর্য্যোধনকে আলিঙ্গনপূর্ব্বক আশ্বস্ত করিয়া, উঁহার স্থিরবুদ্ধি জন্মাইয়া, নানাবিধ প্রিয় বাক্য বলিয়া এবং 'চলিয়া যান ও জয়লাভ করুন' এইরূপ অনুমোদন করিয়া চলিয়া গেল ॥৫৫—৫৬॥

অসুরেরা বিদায় করিলে, সেই কৃত্যাই (আভিচারিকী দেবতাই) পুনরায় মহাবাহু দুর্য্যোধনকে সেই স্থানে আনয়ন করিল, যে স্থানে দুর্য্যোধন তখন প্রায়োপবেশন করিয়াছিলেন ॥৫৭॥

কৃত্যা দুর্য্যোধনকে সেইখানে স্থাপন করিয়া, সম্মান জানাইয়া, তাঁহার অনুমতিক্রমে সেই খানেই অন্তর্হিত হইল ॥৫৮॥

(৫৫)···পুত্রবদ্দানবর্ষভাঃ—বা ব কা নি।

গতায়ামথ তস্যাস্তু রাজা দুর্য্যোধনস্তদা।
স্বপ্নভূতমিদং সর্ব্বমচিন্তয়ত ভারত!।
বিজেষ্যামি রণে পাণ্ডূনিতি চাস্যাভবন্মতিঃ ॥৫৯॥
কর্ণং সংশপ্তকাংশ্চৈব পার্থস্যামিত্রঘাতিনঃ।
অমন্যত বধে যুক্তান্ সমর্থাংশ্চ সুযোধনঃ ॥৬০॥
এবমাশা দৃঢ়া তস্য ধার্ত্তরাষ্ট্রস্য দুর্ম্মতেঃ।
বিনির্জ্জয়ে পাণ্ডবানামভবদ্ভরতর্ষভ! ॥৬১॥
কর্ণোঽপ্যাবিষ্টচিত্তাত্মা নরকস্যান্তরাত্মনা।
অর্জ্জুনস্য বধে ক্রূরাং করোতি স্ম তদা মতিম্ ॥৬২॥
সংশপ্তকাশ্চ তে বীরা রাক্ষসাবিষ্টচেতসঃ।
রজস্তমোভ্যামাক্রান্তাঃ ফাল্গুনস্য বধৈষিণঃ ॥৬৩॥
ভীষ্মদ্রোণকৃপাদ্যাশ্চ দানবাক্রান্তচেতসঃ।
ন তথা পাণ্ডুপুত্রাণাং স্নেহবন্তো বিশাংপতে! ॥৬৪॥

ভারতকৌমুদী

গতায়ামিতি। স্বপ্নভূতং স্বপ্নস্বরূপম্। অচিন্তয়ত জাগরণাৎ পরম্। ষট্পাদঃ শ্লোক ॥৫৯॥
কর্ণমিতি। পার্থস্য অর্জ্জুনস্য। যুক্তান্ প্রবৃত্তানিব ॥৬০॥
এবমিতি। এবম্ অনেন স্বপ্নদর্শনেন ॥৬১॥
কর্ণ ইতি। আবিষ্টৌ চিত্তাত্মানৌ মনোবুদ্ধী যস্য সঃ, নরকস্য অসুরস্য ॥৬২॥
দ্বাভ্যাং তদানীন্তনীমবস্থামাহ সমিতি। ফাল্গুনস্যার্জ্জুনস্য, বধৈষিণঃ অভবন্ ॥৬৩॥
ভীষ্মেতি। তথা পূর্ববৎ, স্নেহবন্ত আসন্নিতি শেষঃ ॥৬৪॥

কৃত্যা অন্তর্হিত হইলে, রাজা দুর্য্যোধন তখন এই স্বপ্নের বৃত্তান্ত সকল ভাবিলেন এবং যুদ্ধে পাণ্ডবগণকে জয় করিব এইরূপই তাঁহার ধারণা হইল ॥৫৯॥

এবং কর্ণ ও সংশপ্তকগণ যেন শত্রুহন্তা অর্জ্জুনের বধে প্রবৃত্ত হইয়াছেন, আর যেন তাহাতে তাঁহারা সমর্থও হইয়াছেন, ইহাও দুর্য্যোধন ধারণা করিলেন ॥৬০॥

ভরতশ্রেষ্ঠ! এইরূপ স্বপ্ন দর্শন করায় পাণ্ডবগণকে জয় করিবার বিষয়ে দুর্ম্মতি দুর্য্যোধনের দৃঢ় আশা জন্মিল ॥৬১॥

নরকাসুরের আত্মা যাইয়া কর্ণের অন্তঃকরণে আবিষ্ট হওয়ায় কর্ণও তখন অর্জ্জুনবধে ক্রূর বুদ্ধি স্থির করিলেন ॥৬২॥

এবং রাক্ষসেরা যাইয়া সংশপ্তকদের চিত্তে আবিষ্ট হওয়ায় রজোগুণ ও তমোগুণাক্রান্ত সেই বীর সংশপ্তকেরাও অর্জ্জুনের বধাভিলাষী হইল ॥৬৩॥

ন চাচচক্ষে কস্মৈচিদেতদ্রাজা সুযোধনঃ।
দুর্য্যোধনং নিশান্তে চ কর্ণো বৈকর্ত্তনোঽব্রবীৎ।
স্ময়ন্নিবাঞ্জলিং কৃত্বা পার্থিবং হেতুমদ্বচঃ ॥৬৫॥
ন মৃতো জয়তে শত্রূন্ জীবন্ ভদ্রাণি পশ্যতি।
মৃতস্য ভদ্রাণি কুতঃ কৌরবেয়! কুতো জয়ঃ ॥৬৬॥
ন কালোঽস্য বিষাদস্য ভয়স্য মরণস্য বা।
পরিষ্বজ্যাব্রবীচ্চৈনং ভুজাভ্যাং স মহাভুজঃ ॥৬৭॥
উত্তিষ্ঠ রাজন্! কিং শেষে কস্মাচ্ছোচসি শত্রুহন্!।
শত্রূন্ প্রতাপ্য বীর্য্যেণ স কথং মৃত্যুমিচ্ছসি ॥৬৮॥
অথবা তে ভয়ং জাতং দৃষ্ট্বার্জ্জুনপরাক্রমম্।
সত্যং তে প্রতিজানামি বধিষ্যামি রণেঽর্জ্জুনম্ ॥৬৯॥

ভারতকৌমুদী

নেতি। এতৎ স্বপ্নবিবরণম্। বৈকর্ত্তনঃ সূর্য্যপুত্রঃ। স্ময়ন্নীষদ্ধসন্। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৬৫॥
নেতি। ভদ্রাণি নানাবিধমঙ্গলানি ॥৬৬॥
নেতি। পরিষ্বজ্য আলিঙ্গ্য, এনং দুর্য্যোধনম্, স কর্ণঃ ॥৬৭॥
উত্তিষ্ঠেতি। শেষে স্বপিষি। যঃ খলু বীর্য্যেণ শত্রূন্ প্রতাপ্য স্থিতঃ, স ত্বম্ ॥৬৮॥
অথবেতি। দৃষ্ট্বা—গন্ধর্ব্বৈঃ সহ যুদ্ধকালে ইতি ভাবঃ ॥৬৯॥

আর, নরনাথ! ভীষ্ম, দ্রোণ এবং কৃপপ্রভৃতিও দানবাক্রান্তচিত্ত হইয়া পূর্ব্বের ন্যায় আর পাণ্ডবগণের প্রতি স্নেহশালী থাকিলেন না ॥৬৪॥

এদিকে রাজা দুর্য্যোধনও এই স্বপ্নবৃত্তান্ত কাহাকেও বলিলেন না। পরে রাত্রিশেষে সূর্য্যপুত্র কর্ণ যাইয়া কৃতাঞ্জলি হইয়া ঈষৎ হাস্য করিয়া রাজা দুর্য্যোধনকে এই সকল যুক্তিযুক্ত কথা বলিলেন—॥৬৫॥

'মানুষ মরিয়া শত্রু জয় করিতে পারে না, জীবিত থাকিয়াই নানাবিধ মঙ্গল দেখিতে পায়। মৃতব্যক্তির মঙ্গল বা জয় হইবে কোথা হইতে? ॥৬৬॥

তা'র পর এটা তোমার বিষাদ, ভয়, বা মরণের সময় নহে'। ইহা বলিয়া মহাবাহু কর্ণ বাহুযুগলদ্বারা দুর্য্যোধনকে আলিঙ্গন করিয়া পুনরায় বলিলেন—॥৬৭॥

'শত্রুহন্তা রাজা! গাত্রোত্থান কর, কেন শয়ন করিয়া রহিয়াছ, কি জন্যই বা শোক করিতেছ; তুমি এতকাল যাবৎ বাহুবলে শত্রুদিগকে সন্তপ্ত করিয়া এখন কেন মৃত্যু কামনা করিতেছ? ॥৬৮॥

অথবা অর্জ্জুনের পরাক্রম দেখিয়া তোমার ভয় জন্মিয়াছে। সুতরাং

গতে ত্রয়োদশে বর্ষে সত্যেনায়ুধমালভে।
আনয়িষ্যাম্যহং পার্থান্ বশং তব জনাধিপ ! ॥৭০॥
এবমুক্তস্তু কর্ণেন দৈত্যানাং বচনাত্তথা।
প্রণিপাতেন চাপ্যেষামুদতিষ্ঠৎ সুযোধনঃ ॥৭১॥
দৈত্যানাং তদ্বচঃ স্মৃত্বা হৃদি কৃত্বা স্থিরাং মতিম্।
ততো মনুজশার্দ্দূলো যোজয়ামাস বাহিনীম্ ॥৭২॥
রথনাগাশ্বকলিলা পদাতিজনসঙ্কুলা।
গঙ্গৌঘপ্রতিমা রাজন্ ! প্রয়াতা সা মহাচমূঃ ॥৭৩॥
শ্বেতচ্ছত্রৈঃ পতাকাভিশ্চামরৈশ্চ সুপাণ্ডুরৈঃ।
রথৈর্নাগৈঃ পদাতৈশ্চ শুশুভেঽতীব সঙ্কুলা।
ব্যপেতাভ্রঘনে কালে দ্যৌরিবাব্যক্তশারদী ॥৭৪॥

ভারতকৌমুদী

গত ইতি। আলভে স্পৃশামি। আনয়িষ্যামি আনেষ্যামি ॥৭০॥
এবমিতি। বচনাৎ বচনস্মরণাৎ। এষাং দুঃশাসনাদীনাম্ ॥৭১॥
দৈত্যানামিতি। মতিং জয়বিষয়ে। যোজয়ামাস হস্তিনায়াং গমনায় ॥৭২॥
রথেতি। রথনাগাশ্বকলিলা রথহস্ত্যশ্বব্যাপ্তা। প্রয়াতা প্রস্থিতা ॥৭৩॥

ভারতভাবদীপঃ

মিতি শেষঃ ॥৫৬॥ অথ তৈর্বিসৃষ্টমিতি সম্বন্ধঃ ॥৫৭—৬১॥ অন্তরাত্মনা মনসা ॥৬২—৬৩॥ পাণ্ডুপুত্রাণামুপরীতি শেষঃ ॥৬৪—৭০॥ এষাং দুঃশাসনাদীনাম্ ॥৭১—৭৩॥ পদাতৈঃ

আমি তোমার নিকট সত্য প্রতিজ্ঞা করিতেছি যে, যুদ্ধে অর্জ্জুনকে বধ করিব ॥৬৯॥

নরনাথ! আমি অস্ত্র স্পর্শ করিয়া শপথ করিতেছি যে, ত্রয়োদশ বৎসর অতীত হইলে আমি পাণ্ডবগণকে তোমার বশে আনয়ন করিব' ॥৭০॥

কর্ণ এইরূপ বলায়, দৈত্যগণের বচন স্মরণ করায় এবং দুঃশাসনপ্রভৃতির প্রণিপাতে দুর্য্যোধন গাত্রোত্থান করিলেন ॥৭১॥

তাহার পর নরশ্রেষ্ঠ দুর্য্যোধন দৈত্যগণের সেই সকল বাক্য স্মরণ করিয়া এবং হৃদয়ে স্থির ধারণা করিয়া হস্তিনায় যাইবার জন্য সৈন্য যোজনা করিলেন ॥৭২॥

রাজা! ক্রমে হস্তী, অশ্ব, রথ ও পদাতিসমূহে পরিপূর্ণ এবং গঙ্গাপ্রবাহ-সদৃশী সেই মহাবাহিনী তথা হইতে প্রস্থান করিল ॥৭৩॥

(৭২) দৈত্যানাং তদ্বচঃ শ্রুত্বা...বা ব কা নি। (৭৩) রথনাগাশ্বকলিলাং পদাতিজনসঙ্কুলাম্...কা পি নি।

জয়াশীর্ভির্দ্বিজেন্দ্রৈঃ স স্তূয়মানোঽধিরাজবৎ।
গৃহ্ণন্নঞ্জলিমালাশ্চ ধার্ত্তরাষ্ট্রো জনাধিপঃ।
সুযোধনো যযাবগ্রে শ্রিয়া পরময়া জ্বলন্ ॥৭৫॥
কর্ণেন সার্দ্ধং রাজেন্দ্র! সৌবলেন চ দেবিনা।
দুঃশাসনাদয়শ্চাস্য ভ্রাতরঃ সর্ব এব তে ॥৭৬॥
ভূরিশ্রবাঃ সোমদত্তো মহারাজশ্চ বাহ্লিকঃ।
রথৈর্নানাবিধাকারৈর্হয়ৈর্গজবরৈস্তথা ॥৭৭॥
প্রয়ান্তং নৃপসিংহং তমনুজগ্মুঃ কুরূদ্বহাঃ।
কালেনাল্পেন রাজেন্দ্র! স্বপুরং বিবিশুস্তদা ॥৭৮॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্বণি ঘোষযাত্রায়াং দুর্য্যোধনপুরপ্রবেশে নবাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

শ্বেতেতি। পদাতৈঃ পদাতিভিঃ। ব্যপেতং দূরীভূতম্ অভ্রঘনং মেঘসমূহো যস্মাত্তস্মিন্ কালে শরদি। "ঘনং সংঘঃ" ইত্যনেকার্থধ্বনিমঞ্জরী। অব্যক্তা উদয়ারম্ভাদস্পষ্টা শারদী জ্যোৎস্না যস্যাং সা, শ্বেতচ্ছত্রাদিসাম্যার্থমেতৎ। দ্যৌরাকাশমিব অতীব শুশুভে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭৪॥

জয়েতি। অধিরাজবৎ যুবরাজোঽপি মহারাজবৎ। গৃহ্ণন্নঙ্গীকুর্বন্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭৫

কর্ণেনেতি। দেবিনা দ্যূতনিপুণেন। ভ্রাতরো যযুরিতি শেষঃ ॥৭৬॥

ভূরীতি। হয়ৈরশ্বৈঃ। তং দুর্য্যোধনম্। স্বপুরং হস্তিনাম্ ॥৭৭—৭৮॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি ঘোষযাত্রায়াং নবাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

তখন শ্বেতবর্ণ ছত্র, পতাকা ও চামরে সমাকীর্ণ এবং হস্তী, পদাতি ও রথে পরিপূর্ণ সেই মহাবাহিনী মেঘবিহীন শরৎকালে অস্পষ্ট-জ্যোৎস্নাযুক্ত আকাশের ন্যায় অত্যন্ত শোভা পাইতে লাগিল ॥৭৪॥

ব্রাহ্মণেরা জয়ধ্বনি ও আশীর্ব্বাদদ্বারা সংবর্দ্ধিত করিতে লাগিলে, নরনাথ দুর্য্যোধন যুবরাজ হইয়াও মহারাজের ন্যায় পরমশোভায় শোভিত হইয়া উপস্থিত লোকদিগের অঞ্জলিবন্ধন গ্রহণ করিতে থাকিয়া অগ্রে অগ্রে যাইতে লাগিলেন ॥৭৫॥

রাজশ্রেষ্ঠ জনমেজয়! তখন দুঃশাসনপ্রভৃতি সকল ভ্রাতারাও কর্ণ ও দ্যূতনিপুণ শকুনির সহিত যাইতে থাকিলেন ॥৭৬॥

* '...সপ্তচত্বারিংশদধিকদ্বিশততমঃ...' পি, '...একপঞ্চাশদধিকদ্বি...' বা ব, '...দ্বিপঞ্চাশদধিকদ্বি...' কা, '...ত্রিপঞ্চাশদধিকদ্বি...' নি।

দশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

——ঃ(*)ঃ——

জনমেজয় উবাচ।

বসমানেষু পার্থেষু বনে তস্মিন্ মহাত্মসু।
ধার্ত্তরাষ্ট্রা মহেষ্বাসাঃ কিমকুর্ব্বত সত্তম! ॥১॥
কর্ণো বৈকর্ত্তনশ্চৈব শকুনিশ্চ মহাবলঃ।
ভীষ্মদ্রোণকৃপাশ্চৈব তন্মে শংসিতুমর্হসি ॥২॥

ভারতকৌমুদী

বসেতি। পার্থেষু পাণ্ডবেষু, তস্মিন্ দ্বৈতবনাখ্যে। মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ ॥১॥
কর্ণ ইতি। বৈকর্ত্তনঃ সূর্য্যপুত্রঃ। ভীষ্মদ্রোণকৃপাশ্চ কিমকুর্ব্বতেত্যনুবৃত্তিঃ ॥২॥

ভারতভাবদীপঃ

পদাতিভিঃ, সা চমূর্দ্যৌরিব শুশুভে ইতি দ্বয়োঃ সম্বন্ধঃ। ব্যপেতঃ অভ্রঘনঃ মেঘবিস্তারো যস্মিন্ "ঘনং স্যা"দিত্যুপক্রম্য "বিস্তারো লোহমুদ্গরে" ইতি মেদিনী। শরদীত্যর্থঃ, অব্যক্তা ঈষদ্ব্যক্তা, শারদী শরজ্জাতপুণ্ডরীককাশকুসুমাদ্যাকারচ্ছত্রচামরাদিরূপা শোভা যস্যাং সাব্যক্ত-শারদী ॥৭৪॥ অধিরাজা সার্ব্বভৌমো যুধিষ্ঠিরস্তদ্বৎ। গৃহ্নন্ দৃক্প্রসারাদিনানুগৃহ্নন্। অঞ্জলি-মালাঃ নমস্কারাঞ্জলিপঙ্‌ক্তীঃ, বদ্ধাঞ্জলীনিত্যর্থঃ ॥৭৫॥ দেবিনা দ্যূতরতেন ॥৭৬—৭৮॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে নবাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২০৯॥

——ঃ(০)ঃ——

এবং ভূরিশ্রবা, সোমদত্ত, মহারাজ বাহ্লিক ও অন্যান্য কুরুবংশীয়েরা নানাবিধ রথ, অশ্ব ও হস্তীতে আরোহণ করিয়া রাজশ্রেষ্ঠ দুর্য্যোধনের পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিলেন। রাজশ্রেষ্ঠ! এই ভাবে তাঁহারা অল্পকালের মধ্যেই যাইয়া হস্তিনায় প্রবেশ করিলেন ॥৭৭—৭৮॥

——ঃ(০)ঃ——

জনমেজয় বলিলেন—'সাধুশ্রেষ্ঠ! মহাত্মা পাণ্ডবেরা সেই দ্বৈতবনে বাস করিতে থাকিলে, মহাধনুর্দ্ধর ধৃতরাষ্ট্রপুত্রেরা (হস্তিনায় আসিয়া) কি করি-লেন? ॥১॥

এবং মহাবল সূর্য্যপুত্র কর্ণ, শকুনি, ভীষ্ম, দ্রোণ ও কৃপ—ইঁহারাই বা কি করিলেন, তাহা আপনি আমার নিকট বলুন' ॥২॥

(১)…কিমকুর্ব্বত সত্তমাঃ—বা ব কা নি।

বৈশম্পায়ন উবাচ।

এবং গতেষু পার্থেষু বিসৃষ্টে চ সুযোধনে।
আগতে হাস্তিনপুরং মোক্ষিতে পাণ্ডুনন্দনৈঃ।
ভীষ্মোঽব্রবীন্মহারাজ! ধার্ত্তরাষ্ট্রমিদং বচঃ ॥৩॥
উক্তং তাত! ময়া পূর্ব্বং গচ্ছতস্তে তপোবনম্।
গমনং মে ন রুচিতং তব তত্র কৃতঞ্চ তে ॥৪॥
ততঃ প্রাপ্তং ত্বয়া বীর! গ্রহণং শত্রুভির্বলাৎ।
মোক্ষিতশ্চাপি ধর্ম্মজ্ঞৈঃ পাণ্ডবৈর্ন চ লজ্জসে ॥৫॥
প্রত্যক্ষং তব গান্ধারে! সসৈন্যস্য বিশাংপতে!।
সূতপুত্রোঽপয়াদ্ভীতো গন্ধর্ব্বাণাং তদা রণাৎ।
ক্রোশতস্তব রাজেন্দ্র! সসৈন্যস্য নৃপাত্মজ! ॥৬॥

ভারতকৌমুদী

এবমিতি। গতেষু দ্বৈতবনস্থিতিং প্রাপ্তেষু। ধার্ত্তরাষ্ট্রং সুযোধনমেব। ষট্পাদঃ শ্লোকঃ ॥৩॥

উক্তমিতি। তপোবনং দ্বৈতবনম্। তব তত্র গমনং মে ন রুচিতম্, তথাপি তে ত্বয়া তৎ কৃতঞ্চ। পূর্ব্বং ভীষ্মোদিতমেব ধৃতরাষ্ট্রেণানূদিতমিতি নানুপপত্তিঃ ॥৪॥

তত ইতি। ধর্ম্মজ্ঞত্বাভাবে পাণ্ডবা নৃশংসান্ যুষ্মান্ ন মোচয়েয়ুরিতি ভাবঃ ॥৫॥

প্রত্যক্ষমিতি। গান্ধারে! গান্ধারীপুত্র!। গান্ধারীশব্দাৎ "বাহ্বাদেশ্চ বিধীয়তে" ইত্যণ্প্রত্যয়েন সিদ্ধমিদম্। অপয়াৎ অপায়াৎ পলায়ত। অড়াগমাভাব আর্ষঃ। ষট্-পাদোঽয়ং শ্লোকঃ ॥৬॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ! পাণ্ডবেরা ঐভাবে দ্বৈতবনে বাস করিতে থাকিলে এবং তাঁহারা গন্ধর্বদের হাত হইতে দুর্য্যোধনকে মুক্ত করিয়া বিদায় দিলে, পরে দুর্য্যোধন হস্তিনায় আসিলে, ভীষ্ম তাঁহাকে এই কথা কহিলেন—॥৩॥

'বৎস! পূর্ব্বে দ্বৈতবনে যাইবার সময়ে তোমাকে আমি বলিয়াছিলাম যে, তোমার সেখানে গমনটা আমার অভিপ্রেত নহে; তথাপি তুমি তাহা করিয়াছিলে ॥৪॥

বীর! 'তাহার পর গন্ধর্ব্বেরা বলপূর্বক তোমাকে ধরিয়াছিল এবং ধর্ম্মজ্ঞ পাণ্ডবেরা মুক্ত করিয়া দিয়াছে; তথাপি তোমার লজ্জা হইতেছে না! ॥৫॥

গান্ধারীনন্দন! তখন সৈন্যগণের সহিত তোমার সমক্ষে এবং সৈন্যগণের সহিত তুমি ডাকিতেছিলে এই অবস্থাতেই সূতপুত্র কর্ণ ভীত হইয়া গন্ধর্বদের যুদ্ধ হইতে পলায়ন করিয়াছিল ॥৬॥

দৃষ্টস্তে বিক্রমশ্চৈব পাণ্ডবানাং মহাত্মনাম্।
কর্ণস্য চ মহাবাহো! সূতপুত্রস্য দুর্ম্মতেঃ ॥৭॥
ন চাপি পাদভাক্ কর্ণঃ পাণ্ডবানাং নৃপোত্তম!।
ধনুর্ব্বেদে চ শৌর্য্যে চ ধর্ম্মে বা ধর্ম্মবৎসল! ॥৮॥
তস্মাদহং ক্ষমং মন্যে পাণ্ডবৈস্তৈর্মহাত্মভিঃ।
সন্ধিং সন্ধিবিদাং শ্রেষ্ঠ! কুলস্যাস্য বিবৃদ্ধয়ে ॥৯॥
এবমুক্তস্তু ভীষ্মেণ ধার্ত্তরাষ্ট্রো জনেশ্বরঃ।
প্রহস্য সহসা রাজন্! বিপ্রতস্থে সসৌবলঃ ॥১০॥
তং তু প্রস্থিতমাজ্ঞায় কর্ণদুঃশাসনাদয়ঃ।
অনুজগ্মুর্মহেষ্বাসা ধার্ত্তরাষ্ট্রং মহাবলম্ ॥১১॥
তাংস্তু সংপ্রস্থিতান্ দৃষ্ট্বা ভীষ্মঃ কুরুপিতামহঃ।
লজ্জয়া ব্রীড়িতো রাজন্! জগাম স্বং নিবেশনম্ ॥১২॥

ভারতকৌমুদী

দৃষ্ট ইতি। তে ত্বয়া। যেভ্যো ভয়েন কর্ণঃ পলায়িতস্ত এব গন্ধর্ব্বাঃ পাণ্ডবৈর্বিজিতা ইতি ভাবঃ। মহাত্মদুর্ম্মতিবিশেষণাভ্যাং হৃদয়বৈধর্ম্ম্যমপি দর্শিতম্ ॥৭॥

নেতি। পাদভাক্ ক্ষমতায়া একচতুর্থাংশভাক্। শৌর্য্যে দৈহিকবলে ॥৮॥

তস্মাদিতি। ক্ষমমুচিতম্। তাদৃশং কর্ণং প্রতি তবাশ্বাসস্যানৌচিত্যাদিতি ভাবঃ ॥৯॥

এবমিতি। প্রহস্য, স্থবিরং ভীষ্মং প্রতি অবজ্ঞাবশাদিত্যাশয়ঃ ॥১০॥

তমিতি। আজ্ঞায় দৃষ্ট্বা। মহেষ্বাসা মহাধানুষ্কাঃ ॥১১॥

সুতরাং মহাবাহু! তুমি নিজেই মহাত্মা পাণ্ডবদের ও দুর্ম্মতি সূতপুত্র কর্ণের বিক্রম প্রত্যক্ষ করিয়াছ ॥৭॥

ধর্ম্মবৎসল রাজশ্রেষ্ঠ! কর্ণ ধনুর্ব্বেদে, বীরত্বে বা ধর্ম্মে পাণ্ডবদের ক্ষমতার এক চতুর্থাংশেরও অধিকারী নহে ॥৮॥

অতএব হে সন্ধিজ্ঞশ্রেষ্ঠ! আমি মনে করি—এই বংশের উন্নতির জন্য সেই মহাত্মা পাণ্ডবদের সহিত তোমার সন্ধি করাই উচিত' ॥৯॥

রাজা! ভীষ্ম এইরূপ বলিলে, রাজা দুর্য্যোধন একটু হাস্য করিয়া তৎক্ষণাৎ শকুনির সহিত তথা হইতে প্রস্থান করিলেন ॥১০॥

তিনি প্রস্থান করিলেন দেখিয়া কর্ণ ও দুঃশাসনপ্রভৃতি ধনুর্দ্ধরেরাও সেই মহাবল দুর্য্যোধনের অনুগমন করিলেন ॥১১॥

তাঁহারা প্রস্থান করিলেন দেখিয়া কুরুপিতামহ ভীষ্ম লজ্জায় আকুল হইয়া আপন ভবনে চলিয়া গেলেন ॥১২॥

গতে ভীষ্মে মহারাজ ! ধার্ত্তরাষ্ট্রো জনেশ্বরঃ ।
পুনরাগম্য তং দেশমমন্ত্রয়ত মন্ত্রিভিঃ ॥১৩॥
কিমস্মাকং ভবেচ্ছ্রেয়ঃ কিং কার্য্যমবশিষ্যতে ।
কথঞ্চ সুকৃতং তৎ স্যান্মন্ত্রয়ামোঽস্য যদ্ধিতম্ ॥১৪॥

ভারতকৌমুদী

তানিতি। ব্রীড়িতঃ প্রস্থাতুং প্রণোদিতঃ, অপমানাতিশয়াদিতি ভাবঃ ॥১২॥
গত ইতি। ধার্ত্তরাষ্ট্রো দুর্য্যোধনঃ। মন্ত্রিভিঃ কর্ণাদিভিঃ সহ ॥১৩॥
কিমিতি। যৎ হিতম্, তচ্চ কথং সুকৃতং সুষ্ঠু কৃতং স্যাৎ ॥১৪॥

মহারাজ জনমেজয় ! ভীষ্ম চলিয়া গেলে, রাজা দুর্য্যোধন পুনরায় সেই স্থানে আসিয়া মন্ত্রিগণের সহিত মন্ত্রণা করিতে লাগিলেন ॥১৩॥

বর্ত্তমান সময়ে কোন্ কার্য্য আমাদের পক্ষে ভাল হয়, কোন্ কার্য্য অবশিষ্ট আছে এবং আমার যাহা হিত, তাহা কোন্ প্রকারে সুসম্পাদিত হয়, সেই সকল বিষয়ে এখন আমরা মন্ত্রণা করিব' ॥১৪॥

(১৪) কথঞ্চ সুকৃতং মে স্যাৎ···পি। ইতঃ পরং কর্ণদিগ্বিজয়বর্ণনাত্মকঃ সার্দ্ধোঽধ্যায়ঃ বা ব কা পুস্তকেষু দৃশ্যতে। স চাধিকঃ, পিতামহলিখিতপুস্তকে অলিখিতত্বাৎ দাক্ষিণাত্য-নির্ণয়সাগরযন্ত্রমুদ্রিতপুস্তকে 'এতদাদিঃ সার্দ্ধোঽধ্যায়ঃ ঝ—পুস্তক এব দৃশ্যতে' ইতি কৃত্বা বন্ধনীমধ্যে লিখিতত্বাৎ পূর্বাপরভাষাবৈষম্যাৎ একাকিনঃ কর্ণস্য দিগ্বিজয়ে 'একাকিনা ত্বয়া কর্ণ ! কিং নামেহ কৃতং পুরা' ইতি বিরাটপর্বোক্তিবিরোধাৎ আদিপর্ব্বণি পর্বসংগ্রহাধ্যায়ে বনপর্ব্বণো বৃত্তান্তকথনপ্রকরণে কর্ণদিগ্বিজয়াত্মকবৃহদ্‌বৃত্তান্তস্যাকথনাচ্চ। অতশ্চ নীলকণ্ঠ-টীকা প্রক্ষেপাৎ পরমেব সঞ্জাতেতি প্রতীয়তে। স চ সার্দ্ধোঽধ্যায়ো যথা—

কর্ণ উবাচ।

দুর্য্যোধন ! নিবোধেদং যত্ত্বাং বক্ষ্যামি কৌরব ! । ভীষ্মোঽস্মান্নিন্দতি সদা পাণ্ডবাংশ্চ প্রশংসতি ॥
ত্বদ্দ্বেষাচ্চ মহাবাহো ! মমাপি দ্বেষ্টুমর্হতি। বিগর্হতে চ মাং নিত্যং তৎসমীপে নরেশ্বর ! ॥২॥
সোঽহং ভীষ্মবচস্তদ্বৈ ন মৃষ্যামীহ ভারত ! । ত্বৎসমক্ষং যদুক্তঞ্চ ভীষ্মেণামিত্রকর্ষণ ! ॥৩॥
পাণ্ডবানাং যশো রাজংস্তব নিন্দাঞ্চ ভারত ! । অনুজানীহি মাং রাজন্ ! সভৃত্যবলবাহনম্ ॥৪॥
জেষ্যামি পৃথিবীং রাজন্ ! সশৈলবনকাননাম্। জিতা চ পাণ্ডবৈর্ভূমিশ্চতুর্ভির্বলশালিভিঃ ॥৫॥
তামহং তে বিজেষ্যামি এক এব ন সংশয়ঃ। সম্পশ্যতু সুদুর্বুদ্ধির্ভীষ্মঃ কুরুকুলাধমঃ ॥৬॥
অনিন্দ্যং নিন্দতে যো হি অপ্রশংস্যং প্রশংসতি। স পশ্যতু বলং মেঽদ্য আত্মানন্তু বিগর্হতু ॥৭॥
অনুজানীহি মাং রাজন্ ! ধ্রুবো হি বিজয়স্তব। প্রতিজানামি তে সত্যং রাজন্নায়ুধমালভে ॥৮॥
তচ্ছ্রুত্বা তু বচো রাজন্ ! কর্ণস্য ভরতর্ষভ ! । প্রীত্যা পরময়া যুক্তঃ কর্ণমাহ নরাধিপঃ ॥৯॥
ধন্যোঽস্ম্যনুগৃহীতোঽস্মি যস্য মে ত্বং মহাবলঃ। হিতেষু বর্ত্তসে নিত্যং সফলং জন্ম চাদ্য মে ॥১০॥
যদা চ মন্যসে বীর ! সর্ব্বশত্রুনিবর্হণম্। তদা নির্গচ্ছ ভদ্রং তে হ্যনুশাধি চ মামিতি ॥১১॥
এবমুক্তস্তদা কর্ণো ধার্ত্তরাষ্ট্রেণ ধীমতা। সর্ব্বমাজ্ঞাপয়ামাস প্রায়াত্রিকমরিন্দম ! ॥১২॥
নির্যযৌ চ মহেষ্বাসো নক্ষত্রে শুভদৈবতে। শুভে তিথৌ মুহূর্ত্তে চ পূজ্যমানো দ্বিজাতিভিঃ ॥১৩॥

মঙ্গলৈশ্চ শুভৈঃ স্নাতো বাগ্‌ভিশ্চাপি প্রপূজিতঃ। নাদয়ন্ রথঘোষেণ ত্রৈলোক্যং সচরাচরম্ ॥১৪॥

ইতি মহাভারতে বনপর্ব্বণি ঘোষযাত্রাপর্ব্বণি দ্বিপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৫২॥

বৈশম্পায়ন উবাচ।

ততঃ কর্ণো মহেষ্বাসো বলেন মহতা বৃতঃ। দ্রুপদস্য পুরং রম্যং রুরোধ ভরতর্ষভ! ॥১॥
যুদ্ধেন মহতা চৈনং চক্রে বীরং বশানুগম্। সুবর্ণং রজতঞ্চাপি রত্নানি বিবিধানি চ ॥২॥
করঞ্চ দাপয়ামাস দ্রুপদং নৃপসত্তম!। তং বিনির্জ্জিত্য রাজেন্দ্র! রাজানস্তস্য যেঽনুগাঃ ॥৩॥
তান্ সর্ব্বান্ বশগাংশ্চক্রে করং চৈনানদাপয়ৎ। অথোত্তরাং দিশং গত্বা বশে চক্রে নরাধিপান্ ॥
ভগদত্তঞ্চ নির্জিত্য রাধেয়ো গিরিমারুহৎ। হিমবন্তং মহাশৈলং যুধ্যমানশ্চ শত্রুভিঃ ॥৫॥
প্রযযৌ চ দিশঃ সর্ব্বান্ নৃপতীন্ বশমানয়ৎ। স হৈমবতিকান্ জিত্বা করং সর্বানদাপয়ৎ ॥৬॥
নেপালবিষয়ে যে চ রাজানস্তানবাজয়ৎ। অবতীর্য্য ততঃ শৈলাৎ পূর্বাং দিশমভিদ্রুতঃ ॥৭॥
অঙ্গান্ বঙ্গান্ কলিঙ্গাংশ্চ শুণ্ডিকান্মিথিলানথ। মাগধান্ কর্কখণ্ডাংশ্চ নিবেশ্য বিষয়েঽত্মনঃ ॥৮॥
আবশীরাংশ্চ যোধ্যাংশ্চ অহিক্ষত্রঞ্চ নির্জ্জয়ৎ। পূর্ব্বাং দিশং বিনির্জ্জিত্য বৎসভূমিং তথাগমৎ ॥
বৎসভূমিং বিনির্জ্জিত্য কেরলাং মৃত্তিকাবতীম্। মোহনং পত্তনং চৈব ত্রিপুরীং কোশলাং তথা ॥
এতান্ সর্ব্বান্ বিনির্জিত্য করমাদায় সর্বশঃ। দক্ষিণাং দিশমাস্থায় কর্ণো জিত্বা মহারথান্ ॥১১॥
রুক্মিণং দাক্ষিণাত্যেষু যোধয়ামাস সূতজঃ। স যুদ্ধং তুমুলং কৃত্বা রুক্মী প্রোবাচ সূতজম্ ॥১২॥
প্রীতোঽস্মি তব রাজেন্দ্র! বিক্রমেণ বলেন চ। ন তে বিঘ্নং করিষ্যামি প্রতিজ্ঞাং সমপালয়ম্ ॥
প্রীত্যা চাহং প্রযচ্ছামি হিরণ্যং যাবদিচ্ছসি। সমেত্য রুক্মিণা কর্ণঃ পাণ্ড্যং শৈলঞ্চ সোঽগমৎ ॥
স কেরলং রণে চৈব নীলঞ্চাপি মহীপতিম্। বেণুদারিতকং চৈব যে চান্যে নৃপসত্তমাঃ ॥১৫॥
দক্ষিণস্যাং দিশি নৃপান্ করান্ সর্ব্বানদাপয়ৎ। শৈশুপালিং ততো গত্বা বিজিগ্যে সূতনন্দনঃ ॥
পার্শ্বস্থাংশ্চাপি নৃপতীন্ বশে চক্রে মহাবলঃ। আবন্ত্যাংশ্চ বশে কৃত্বা সাম্না চ ভরতর্ষভ!।
বৃষ্ণিভিঃ সহ সঙ্গম্য পশ্চিমামপি নির্জ্জয়ৎ ॥১৭॥
বারুণীং দিশমাগম্য যাবনান্ বর্বরাংস্তথা। নৃপান্ পশ্চিমভূমিস্থান্ দাপয়ামাস বৈ করান্ ॥১৮॥
বিজিত্য পৃথিবীং সর্বাং সপূর্ব্বাপরদক্ষিণাম্। সম্লেচ্ছাটবিকান্ বীরঃ সপর্বতনিবাসিনঃ ॥১৯॥
ভদ্রান্ রোহিতকাংশ্চৈব আগ্রেয়ান্ মালবানপি। গণান্ সর্বান্ বিনির্জিত্য নীতিকৃৎ প্রহসন্নিব ॥
শশকান্ যবনাংশ্চৈব বিজিগ্যে সূতনন্দনঃ। নগ্নজিৎ প্রমুখাংশ্চৈব গণান্ জিত্বা মহারথান্ ॥২১॥

ভারতভাবদীপঃ

মমাপি মামপি ॥২—১১॥ প্রায়াত্রিকং প্রয়াতুং রাজ্ঞোঽপেক্ষিতং শকটাপণবীথ্যাদি ॥১২-১৩॥ মঙ্গলৈর্মঙ্গলদ্রব্যৈঃ সুগন্ধতৈলাদিভিঃ, স্নাতঃ শুভৈর্নীরাজনাদিভিঃ প্রযযাবিতি সম্বন্ধঃ ॥১৪॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৫২॥

—————:(০):—————

তত ইতি ॥১—৭॥ নিবেশ্য বিষয়েঽত্মনঃ আত্মনো গোচরে কৃত্বেত্যর্থঃ। বিষয়ে আত্মন ইতি আকারপূর্বরূপং লোপো বা আর্ষঃ ॥৮॥ নির্জ্জয়জ্জিতবান্, অড়ভাবঃ আর্ষঃ ॥৯-১২॥ প্রতিজ্ঞাং ক্ষত্রধর্ম্মং সমপালয়ং পালিতবানস্মি ক্ষত্রধর্ম্মাবেক্ষয়ৈব ত্বয়া সহ যুদ্ধং কৃতং ন ত্বজ্জিগীষয়েতি

কর্ণ উবাচ।

দুর্য্যোধন! নিবোধেদং যত্ত্বাং বক্ষ্যামি কৌরব!।
শ্রুত্বা চ তত্তথা সর্ব্বং কর্ত্তুমর্হস্যরিন্দম! ॥১৫॥

ভারতকৌমুদী

দুর্য্যোধনেতি। নিবোধ শৃণু। অধিকসম্বোধনপদবিন্যাসো মুনীনাং স্বভাবঃ ॥১৫॥

কর্ণ বলিলেন—'কুরুনন্দন অরিন্দম দুর্য্যোধন! আমি তোমাকে যাহা বলিতেছি, তাহা শ্রবণ কর; শ্রবণ করিয়া সেই সমস্ত কার্য্য কর ॥১৫॥

এবং স পৃথিবীং সর্বাং বশে কৃত্বা মহারথঃ। বিজিত্য পুরুষব্যাঘ্রো নাগসাহ্বয়মাগমৎ ॥২২॥
তমাগতং মহেষ্বাসং ধার্ত্তরাষ্ট্রো জনাধিপঃ। প্রত্যুদ্গম্য মহারাজ! সভ্রাতৃপিতৃবান্ধবঃ ॥২৩॥
অর্চ্চয়ামাস বিধিনা কর্ণমাহবশোভিনম্। আশ্রাবয়চ্চ তৎকর্ম্ম প্রীয়মাণো জনেশ্বরঃ ॥২৪॥
যন্ন ভীষ্মান্ন চ দ্রোণান্ন কৃপান্ন চ বাহ্লিকাৎ। প্রাপ্তবানস্মি ভদ্রং তে ত্বত্তঃ প্রাপ্তং ময়াহি তৎ ॥
বহুনা চ কিমুক্তেন শৃণু কর্ণ! বচো মম। সনাথোঽস্মি মহাবাহো! ত্বয়া নাথেন সত্তম! ॥২৬॥
ন হি তে পাণ্ডবাঃ সর্বে কলামর্হন্তি ষোড়শীম্। অন্যে বা পুরুষব্যাঘ্র! রাজানোঽভ্যুদিতোদিতাঃ ॥
স ভবান্ ধৃতরাষ্ট্রং তং গান্ধারীঞ্চ যশস্বিনীম্। পশ্য কর্ণ! মহেষ্বাস! অদিতিং বজ্রভৃদ্যথা ॥২৮॥
ততো হলহলাশব্দঃ প্রাদুরাসীদ্বিশাংপতে!। হাহাকারাশ্চ বহবো নগরে নাগসাহ্বয়ে ॥২৯॥
কেচিদেনং প্রশংসন্তি নিন্দন্তি স্ম তথাপরে। তূষ্ণীমাংসস্তথা চান্যে নৃপাস্তত্র জনাধিপ! ॥৩০॥
এবং বিজিত্য রাজেন্দ্র! কর্ণঃ শস্ত্রভৃতাং বরঃ। সপর্বতবনাকাশাং সসমুদ্রাং সনিস্কুটাম্ ॥৩১॥
দেশৈরুচ্চাবচৈঃ পূর্ণাং পত্তনৈর্নগরৈরপি। দ্বীপৈশ্চানূপসম্পূর্ণৈঃ পৃথিবীং পৃথিবীপতে! ॥৩২॥
কালেন নাতিদীর্ঘেণ বশে কৃত্বা তু পার্থিবান্। অক্ষয়ং ধনমাদায় সূতজো নৃপমভ্যয়াৎ ॥৩৩॥
প্রবিশ্য চ গৃহং রাজন্নভ্যন্তরমরিন্দম!। গান্ধারীসহিতং বীরো ধৃতরাষ্ট্রং দদর্শ সঃ ॥৩৪॥
পুত্রবচ্চ নরব্যাঘ্র! পাদৌ জগ্রাহ ধর্ম্মবিৎ। ধৃতরাষ্ট্রেণ চাশ্লিষ্য প্রেম্ণা চাপি বিসর্জ্জিতঃ ॥৩৫॥
তদাপ্রভৃতি রাজা চ শকুনিশ্চাপি সৌবলঃ। জানতে নির্জিতান্ পার্থান্ কর্ণেন যুধি ভারত! ॥
ইতি মহাভারতে বনপর্ব্বণি ঘোষযাত্রাপর্ব্বণি ত্রিপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৫৩॥

——(০:*:০)——

বৈশম্পায়ন উবাচ।

জিত্বা তু পৃথিবীং রাজন্! সূতপুত্রো জনাধিপ!। অব্রবীৎ পরবীরঘ্নো দুর্য্যোধনমিদং বচঃ ॥১॥

ভারতভাবদীপঃ

ভাবঃ ॥১৩॥ শৈলং শ্রীশৈলম্ ॥১৪—২৩॥ তৎকর্ম্ম কর্ণবিজয়ং পুরে উদ্ঘোষয়ামাস ॥২৪—২৬॥ অভ্যুদিতেভ্যোঽপ্যুদিতাঃ শ্রেষ্ঠতমাঃ ॥২৭—২৮॥ হলহলাশব্দং হাহাকারং কর্ণনিন্দাঞ্চ পাণ্ডবপক্ষপাতিনশ্চক্রুরিত্যর্থঃ ॥২৯—৩০॥ আকাশঃ পর্বতবনয়োরন্তরালং শস্যাদ্যুৎপত্তিভূমিমিত্যর্থঃ ॥৩১॥ অনূপং সর্বতো জলম্, তেন সম্পূর্ণৈঃ ॥৩২—৩৬॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৫৩॥

——(:*:)——

তবাদ্য পৃথিবী বীর ! নিঃসপত্না নৃপোত্তম ! ।
তাং পালয় যথা শক্রো হতশত্রুর্মহামনাঃ ॥১৬॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্তস্তু কর্ণেন কর্ণং রাজাঽব্রবীৎ পুনঃ।
ন কিঞ্চিদ্দুর্ল্লভং তস্য যস্য ত্বং পুরুষর্ষভ ! ॥১৭॥
সহায়শ্চানুরক্তশ্চ মদর্থঞ্চ সমুদ্যতঃ।
অভিপ্রায়শ্চ মে কশ্চিত্তং বৈ শৃণু যথাতথম্ ॥১৮॥ (যুগ্মকম্)
রাজসূয়ং পাণ্ডবস্য দৃষ্ট্বা ক্রতুবরং তদা।
মম স্পৃহা সমুৎপন্না তাং সম্পাদয় সূতজ ! ॥১৯॥
এবমুক্তস্ততঃ কর্ণো রাজানমিদমব্রবীৎ।
তবাদ্য পৃথিবীপালা বশ্যাঃ সর্ব্বে নৃপোত্তম ! ॥২০॥
আহূয়ন্তাং দ্বিজবরাঃ সম্ভারাশ্চ যথাবিধি।
সম্ভ্রিয়ন্তাং কুরুশ্রেষ্ঠ ! যজ্ঞোপকরণানি চ ॥২১॥

ভারতকৌমুদী

তবেতি। নিঃসপত্না শত্রুশূন্যা। তদ্বিশেষমন্ত্রণং নিষ্প্রয়োজনমিতি ভাবঃ ॥১৬॥
এবমিতি। তস্য মম। অভিপ্রায়ো বর্ত্তত ইতি শেষঃ ॥১৭—১৮॥
রাজেতি। যুধিষ্ঠিরস্পর্দ্ধামূলৈবেয়ং দুর্য্যোধনস্য স্পৃহেতি সমালোচনীয়ম্ ॥১৯॥
এবমিতি। সর্ব্বপৃথিবীপালানাং বশ্যত্বাৎ সুকর এবায়ং যজ্ঞ ইতি ভাবঃ ॥২০॥
আহূয়ন্তামিতি। সম্ভারাঃ সামগ্র্যঃ। সম্ভ্রিয়ন্তামায়োজ্যন্তাম্ ॥২১॥

বীর রাজশ্রেষ্ঠ ! তোমার রাজ্য এখন নিষ্কণ্টক। সুতরাং উদারচিত্তে ইন্দ্রের ন্যায় সেই রাজ্যই পালন করিতে থাক' ॥১৬॥

বৈশম্পায়ন বলিলেন—কর্ণ এইরূপ বলিলে, পুনরায় দুর্য্যোধন কর্ণকে বলিলেন—'পুরুষশ্রেষ্ঠ ! তুমি যাহার সহায় এবং যাহার প্রতি অনুরক্ত রহিয়াছ, তাহার পক্ষে কিছুই দুর্ল্লভ নহে। বিশেষতঃ তুমি আমার হিতসাধনে সর্ব্বদাই উদ্‌যোগী আছ। সে যাহা হউক, আমার কোন অভিপ্রায় আছে, তাহা তুমি যথাযথভাবে শ্রবণ কর ॥১৭—১৮॥

কর্ণ ! সেই সময়ে যুধিষ্ঠিরের মহাযজ্ঞ রাজসূয় দর্শন করিয়া আমারও তাহা করিবার ইচ্ছা হইয়াছে; সুতরাং তুমি তাহা সম্পন্ন কর' ॥১৯॥

দুর্য্যোধন এই কথা বলিলে পর কর্ণ আবার তাঁহাকে এই কথা বলিলেন—'রাজশ্রেষ্ঠ ! এখন সকল রাজাই তোমার বশীভূত আছেন ॥২০॥

(১৭)…কর্ণং রাজাঽব্রবীদ্বচঃ…পি। (১৯)…দৃষ্ট্বা ক্রতুবরং মহৎ…বা ব কা পি।

ঋত্বিজশ্চ সমাহূতা যথোক্তা বেদপারগাঃ।
ক্রিয়াং কুর্বন্তু তে রাজন্! যথাশাস্ত্রমরিন্দম! ॥২২॥
বহ্বন্নপানসংযুক্তঃ সুসমৃদ্ধগুণান্বিতঃ।
প্রবর্ত্ততাং মহাযজ্ঞস্তবাপি ভরতর্ষভ! ॥২৩॥
এবমুক্তস্তু কর্ণেন ধার্ত্তরাষ্ট্রো বিশাংপতে!।
পুরোহিতং সমানায্য বচনঞ্চেদমব্রবীৎ ॥২৪॥
রাজসূয়ং ক্রতুশ্রেষ্ঠং সমাপ্তবরদক্ষিণম্।
আহর ত্বং মম কৃতে যথান্যায়ং যথাক্রমম্ ॥২৫॥
স এবমুক্তো নৃপতিমুবাচ দ্বিজসত্তমঃ।
ন স শক্যঃ ক্রতুশ্রেষ্ঠো জীবমানে যুধিষ্ঠিরে।
আহর্ত্তুং কৌরবশ্রেষ্ঠ! কুলে তব নৃপোত্তম! ॥২৬॥

ভারতকৌমুদী

ঋত্বিজ ইতি। যথোক্তা বিধানজ্ঞত্বাদিগুণযুক্তাঃ ॥২২॥

বহ্বিতি। সুসমৃদ্ধং মহাড়ম্বরমেব গুণস্তেনান্বিতঃ ॥২৩॥

এবমিতি। ধার্ত্তরাষ্ট্রো দুর্য্যোধনঃ। বিশাংপতে ইতি জনমেজয়সম্বোধনম্ ॥২৪॥

রাজেতি। সমাপ্তা যাজ্ঞিকৈঃ সম্যক্ প্রাপ্তা বরা উত্তমা দক্ষিণা যস্মিন্ তম্ ॥২৫॥

স ইতি। জীবমানে জীবতি। যুধিষ্ঠিরস্য জয়াসম্ভবাৎ একস্মিন্নপি রাজনি অবিজিতে তিষ্ঠতি এতদ্‌যজ্ঞানধিকারাদিত্যাশয়ঃ। আহর্ত্তুমনুষ্ঠাতুম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৬॥

ভারতভাবদীপঃ

বসমানেষ্বিতি ॥১—৩॥ তব গমনং ন রুচিতং নানুমোদিতম্, মে ময়া, তে ত্বয়া চ তন্ন কৃতম্ ॥৪-৫॥ অপয়াৎ অপায়াৎ পলায়িতঃ ॥৬—৮॥ সন্ধিং ক্ষমং যুক্তং মন্যে ॥৯—২৫॥ জীবমানে ইত্যেকস্মিন্ কুলে দ্বৌ রাজসূয়ৌ ন ভবত ইতি বা তস্মিন্নজিত ইতি বা ভাবঃ ॥২৬॥

অতএব কুরুশ্রেষ্ঠ! তুমি ব্রাহ্মণগণকে আহ্বান কর এবং যথাবিধানে সেই যজ্ঞের সামগ্রী ও উপকরণ সংগ্রহ কর ॥২১॥

অরিন্দম রাজা! বেদপারদর্শী যথোক্ত পুরোহিতেরা আহূত হইয়া শাস্ত্র অনুসারে তোমার কার্য্য করিতে থাকুন ॥২২॥

ভরতশ্রেষ্ঠ! প্রচুর খাদ্য-পেয়যুক্ত এবং মহাড়ম্বরপূর্ণ তোমার মহাযজ্ঞও আরব্ধ হউক' ॥২৩॥

নরনাথ! কর্ণ এইরূপ বলিলে, দুর্য্যোধন পুরোহিতকে আনাইয়া এই কথা বলিলেন—॥২৪॥

'আর্য্য! আপনি আমার জন্য যথানিয়মে এবং যথাক্রমে যজ্ঞশ্রেষ্ঠ রাজসূয়ের অনুষ্ঠান করুন; তাহাতে যাজ্ঞিকেরা উত্তম দক্ষিণা পাইবেন' ॥২৫॥

দীর্ঘায়ুর্জীবতি চ তে ধৃতরাষ্ট্রঃ পিতা নৃপঃ।
অতশ্চাপি বিরুদ্ধস্তে ক্রতুরেষ নৃপোত্তম! ॥২৭॥
অস্তি ত্বন্যন্মহাসত্রং রাজসূয়সমং প্রভো!।
তেন ত্বং যজ রাজেন্দ্র! শৃণু চেদং বচো মম ॥২৮॥
য ইমে পৃথিবীপালাঃ করদাস্তব পার্থিব!।
তে করান্ সম্প্রয়চ্ছন্তু সুবর্ণঞ্চ কৃতাকৃতম্ ॥২৯॥
তেন তে ক্রিয়তামদ্য লাঙ্গলং নৃপসত্তম!।
যজ্ঞবাটস্য তে ভূমিঃ কৃষ্যতাং তেন ভারত! ॥৩০॥
তত্র যজ্ঞো নৃপশ্রেষ্ঠ! প্রভূতান্নঃ সুসংস্কৃতঃ।
প্রবর্ত্ততাং যথান্যায়ং সর্বতো হ্যনিবারিতঃ ॥৩১॥

ভারতকৌমুদী

উক্তাশয়েনৈব পুনরাহ দীর্ঘেতি। নৃপ ইত্যনেন স এব রাজা ত্বন্তু যুবরাজ ইতি সূচিতম্ ॥২৭॥
তর্হি কিং মম যজ্ঞকরণসম্ভাবনৈব নাস্তীত্যাহ অস্তীতি। সত্রং যজ্ঞঃ ॥২৮॥
য ইতি। কৃতং কটকাদিরূপেণ পরিণমিতঞ্চ তৎ অকৃতং মূলঞ্চেতি কৃতাকৃতম্ ॥২৯॥
তেনেতি। তেন সুবর্ণেন। যজ্ঞবাটস্য যজ্ঞস্থানস্য, তেন লাঙ্গলেন ॥৩০॥

ভারতভাবদীপঃ

স চ শক্রন্ তৎপ্রতিবাদ্যস্মাকং কশ্চিদস্তি দ্যূতেন চ জিতোঽস্ত্যেবেত্যাশঙ্ক্যাহ—দীর্ঘায়ুরিতি। পিতর্য্যকৃতরাজসূয়ে জীবতি সতি স্বয়ং তং ন কুর্য্যাদিত্যর্থঃ। অন্ধস্য পিতুরনধিকারাত্তৎ সত্ত্বং যদ্যপ্যধিকারপ্রতিবন্ধকং ন ভবতি কিন্তু যুধিষ্ঠিরজয়াসামর্থ্যমেব, তথাপি তৎকীর্ত্তয়িতুমশক্য-মিত্যেতদুদাহৃতম্। তথা চ বক্ষ্যতি—"হতেষু যুধি পার্থেষু রাজসূয়ে তথা ত্বয়া। আহৃতে-

দুর্য্যোধন এইরূপ বলিলে, সেই ব্রাহ্মণ তাঁহাকে বলিলেন—'কৌরবশ্রেষ্ঠ! নৃপতিপ্রধান! যুধিষ্ঠির জীবিত থাকিতে আপনার বংশে আর কেহই সেই মহাযজ্ঞ করিতে পারিবেন না ॥২৬॥

রাজশ্রেষ্ঠ! বিশেষতঃ আপনার পিতা রাজা ধৃতরাষ্ট্র জীবিত আছেন এবং তিনি দীর্ঘায়ু। এজন্যও আপনার পক্ষে এ যজ্ঞ করা বিরুদ্ধ ॥২৭॥

প্রভু রাজশ্রেষ্ঠ! তবে রাজসূয়যজ্ঞেরই তুল্য আর একটী মহাযজ্ঞ আছে; আপনি সেই যজ্ঞ করুন এবং আমার এই কথা শুনুন—॥২৮॥

রাজা! আপনার অধীনে এই যে সকল করদ রাজা আছেন, তাঁহারা কর দান করুন এবং স্বর্ণনির্ম্মিত বস্তু ও মূল স্বর্ণ দান করুন ॥২৯॥

রাজশ্রেষ্ঠ ভরতনন্দন! আপনার লোক সেই স্বর্ণদ্বারা একখানা লাঙ্গল নির্ম্মাণ করুক এবং সেই লাঙ্গলদ্বারা আপনার যজ্ঞবাটীর ভূমি কর্ষণ করুক ॥৩০॥

(২৮) অস্তি ত্বন্যন্মহৎ সত্রম্…বা ব কা নি।

এষ তে বৈষ্ণবো নাম যজ্ঞঃ সৎপুরুষোচিতঃ।
এতেন নেষ্টবান্ কশ্চিদৃতে বিষ্ণুং পুরাতনম্ ॥৩২॥
রাজসূয়ং ক্রতুশ্রেষ্ঠং স্পর্দ্ধত্যেষ মহাক্রতুঃ।
অস্মাকং রোচতে চৈব শ্রেয়শ্চ তব ভারত!।
নির্বিঘ্নশ্চ ভবত্যেষ সফলা স্যাৎ স্পৃহা তব ॥৩৩॥
এবমুক্তস্তু তৈর্বিপ্রৈর্ধার্ত্তরাষ্ট্রো মহীপতিঃ।
কর্ণঞ্চ সৌবলঞ্চৈব ভ্রাতৃংশ্চেবেদমব্রবীৎ ॥৩৪॥
রোচতে মে বচঃ কৃৎস্নং ব্রাহ্মণানাং ন সংশয়ঃ।
রোচতে যদি যুষ্মাকং তস্মাৎ প্রব্রূত মা চিরম্ ॥৩৫॥
এবমুক্তাস্তু তে সর্বে তথেত্যূচুর্নরাধিপম্।
আদিদেশ ততো রাজা ব্যাপারস্থান্ যথাক্রমম্ ॥৩৬॥

ভারতকৌমুদী

তত্রেতি। সুসংস্কৃতঃ সর্বাঙ্গসম্পন্নতয়া সুসম্পাদিতঃ। অনিবারিতঃ অরুদ্ধব্যয়ঃ ॥৩১॥

এষ ইতি। এতেন নেষ্টবান্ ইমং যজ্ঞং ন কৃতবানিত্যর্থঃ, ঋতে বিনা ॥৩২॥

রাজেতি। যজ্ঞেষ নির্বিঘ্নঃ সন্ সমাপ্তো ভবতি, তদা তব স্পৃহা সফলা স্যাৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৩॥

এবমিতি। কর্ণাদীনাং সম্মতিলাভার্থং তানব্রবীদিত্যাশয়ঃ ॥৩৪॥

রোচত ইতি। মা চিরং ন বিলম্বং কুরুত ॥৩৫॥

রাজশ্রেষ্ঠ! সেই স্থানে যথানিয়মে সর্ব্বাঙ্গসম্পন্ন যজ্ঞ আরব্ধ হউক, তাহাতে প্রচুর অন্ন থাকিবে এবং কোন দিকে ব্যয়সঙ্কোচ করা হইবে না ॥৩১॥

ইহার নাম—'বৈষ্ণব যজ্ঞ' এবং ইহা সৎপুরুষগণেরই করার যোগ্য; বিশেষতঃ পূর্ব্বে বিষ্ণু ব্যতীত এ যজ্ঞ আর কেহ করেন নাই ॥৩২॥

ভরতনন্দন! এই মহাযজ্ঞ, যজ্ঞশ্রেষ্ঠ রাজসূয়ের সহিত স্পর্দ্ধা করে (অর্থাৎ রাজসূয়যজ্ঞের তুল্য), আমাদেরও এই যজ্ঞ করাই অভিপ্রেত, আপনারও ইহাতে মঙ্গল হইবে এবং এই যজ্ঞ যদি নির্ব্বিঘ্নে সমাপ্ত হয়, তবে আপনার অভিলাষ সফল হইবে' ॥৩৩॥

সেই ব্রাহ্মণেরা এইরূপ বলিলে, রাজা দুর্য্যোধন—কর্ণ, শকুনি ও ভ্রাতৃগণের নিকট এই কথা বলিলেন—॥৩৪॥

'ব্রাহ্মণদের কথিত সমস্ত বিষয়েই আমার মত আছে, ইহাতে সন্দেহ নাই। তোমাদের যদি মত হয়, তবে বল, বিলম্ব করিও না' ॥৩৫॥

---

(৩৫) তস্মাৎ প্রব্রূত মা চিরম্-বা ব কা নি। (৩৬) সন্দিদেশ ততো রাজা-বা ব কা নি।

হলস্য করণে চাপি ব্যাদিষ্টাঃ সর্ব্বশিল্পিনঃ।
যথোক্তঞ্চ নৃপশ্রেষ্ঠ! কৃতং সর্ব্বং যথাক্রমম্ ॥৩৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্বণি ঘোষযাত্রায়াং দুর্য্যোধনযজ্ঞারম্ভে দশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——০ঃ(*)ঃ০——

একাদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

——ঃ(*)ঃ——

বৈশম্পায়ন উবাচ।
ততস্তু শিল্পিনঃ সর্বে কৃতমূচুর্নরাধিপম্।
বিদুরশ্চ মহাপ্রাজ্ঞো ধৃতরাষ্ট্রে ন্যবেদয়ৎ ॥১॥

ভারতকৌমুদী

এবমিতি। ব্যাপারস্থান্ যজ্ঞভূমিপরিষ্করণাদিকার্য্যনিযুক্তান্ ভৃত্যান্ ॥৩৬॥
হলস্যেতি। হলস্য লাঙ্গলস্য, করণে নির্ম্মাণে, ব্যাদিষ্টা দুর্য্যোধনেন ॥৩৭॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি ঘোষযাত্রায়াং দশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(ঃ*ঃ)——

ভারতভাবদীপঃ

হহং নরশ্রেষ্ঠ! ত্বাং সভাজয়িতা পুন"রিতি ॥২৭—২৮॥ কৃতং ঘটিতমলঙ্কারাদিরূপম্, অকৃতমন্যৎ ॥২৯—৩৫॥ ব্যাপারস্থান্ শিল্পিনঃ ॥৩৬—৩৭॥
ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২১০॥

——(০ঃ*ঃ০)——

দুর্য্যোধন এইরূপ বলিলে, তাঁহারা সকলেই তাঁহাকে বলিলেন যে, 'তাহাই হউক'। তাহার পর দুর্য্যোধন যথাক্রমে কার্য্য করিতে ভৃত্যগণকে আদেশ করিলেন ॥৩৬॥

এবং তিনি সকল শিল্পীকে লাঙ্গল নির্ম্মাণ করিতেও আদেশ করিলেন, আর যথাক্রমে যথোক্ত অন্য সকল কার্য্যও করিলেন ॥৩৭॥

——ঃ(০)ঃ——

* '…অষ্টচত্বারিংশদধিকদ্বিশততমঃ…' পি, '…চতুঃপঞ্চাশদধিকদ্বি…' বা ব, '…পঞ্চপঞ্চাশদধিকদ্বি…' কা, '…ষট্পঞ্চাশদধিকদ্বি…' নি।

(১)…সর্ব্বে অমাত্যপ্রবরাশ্চ যে…ধার্ত্তরাষ্ট্রে ন্যবেদয়ৎ—বা ব কা।

সজ্জং ক্রতুবরং রাজন্ ! কালপ্রাপ্তঞ্চ ভারত ! ।
সৌবর্ণঞ্চ কৃতং দিব্যং লাঙ্গলঞ্চ মহাধনম্ ॥২॥ (যুগ্মকম্)
এতচ্ছ্রুত্বা নৃপশ্রেষ্ঠো ধৃতরাষ্ট্রো বিশাংপতে ! ।
আজ্ঞাপয়ামাস নৃপঃ ক্রতুরাজপ্রবর্ত্তনম্ ॥৩॥
ততঃ প্রববৃতে যজ্ঞঃ প্রভূতার্থঃ সুসংস্কৃতঃ ।
দীক্ষিতশ্চাপি গান্ধারির্যথাশাস্ত্রং যথাক্রমম্ ॥৪॥
প্রহৃষ্টো ধৃতরাষ্ট্রশ্চ বিদুরশ্চ মহাযশাঃ ।
ভীষ্মো দ্রোণঃ কৃপঃ কর্ণো গান্ধারী চ যশস্বিনী ॥৫॥
নিমন্ত্রণার্থং দূতাংশ্চ প্রেষয়ামাস শীঘ্রগান্ ।
পার্থিবানাঞ্চ রাজেন্দ্র ! ব্রাহ্মণানাং তথৈব চ ॥৬॥ (যুগ্মকম্)
তে প্রয়াতা যথোদ্দিষ্টা দূতাস্ত্বরিতবাহনাঃ ।
তত্র কঞ্চিৎ প্রয়াতন্তু দূতং দুঃশাসনোঽব্রবীৎ ॥৭॥

ভারতকৌমুদী

তত ইতি। কৃতং সর্বং কার্য্যং সম্পাদিতম্। কালপ্রাপ্তম্ উপস্থিতকালম্ ॥১—২॥
এতদিতি। ক্রতুরাজপ্রবর্ত্তনং সঙ্কল্পিতবৈষ্ণবযজ্ঞারম্ভম্ ॥৩॥
তত ইতি। প্রভূতার্থঃ প্রচুরধনব্যয়যুক্তঃ, সুসংস্কৃতঃ সর্বাঙ্গসম্পন্নঃ। গান্ধারির্দুর্য্যোধনঃ ॥৪॥
প্রহৃষ্ট ইতি। একস্য বিস্মৃতিসম্ভবে প্রত্যেকেন প্রেষণম্। পার্থিবানাং রাজ্ঞাম্ ॥৫—৬॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর শিল্পীরা সকলে যাইয়া দুর্য্যোধনের নিকট বলিল যে, 'সমস্ত কার্য্যই সম্পাদিত হইয়াছে'। তৎপরে মহাপ্রাজ্ঞ বিদুর যাইয়া ধৃতরাষ্ট্রকে জানাইলেন যে, 'ভরতনন্দন রাজা! 'বৈষ্ণব-' নামক মহাযজ্ঞের সমস্ত আয়োজন হইয়াছে এবং তাহা আরম্ভ করিবার সময়ও উপস্থিত হইয়াছে, আর মহামূল্য স্বর্ণলাঙ্গলও প্রস্তুত হইয়াছে' ॥১—২॥

নরনাথ! এই কথা শুনিয়া রাজশ্রেষ্ঠ ধৃতরাষ্ট্র সেই মহাযজ্ঞ আরম্ভ করিবার আদেশ করিলেন ॥৩॥

তাহার পর সেই সর্বাঙ্গসম্পন্ন মহাযজ্ঞ আরব্ধ হইল; দুর্য্যোধনও যথাবিধানে ও যথাক্রমে দীক্ষিত হইলেন; ক্রমে প্রচুর অর্থব্যয় হইতে লাগিল ॥৪॥

রাজশ্রেষ্ঠ! তখন আনন্দিতচিত্ত ধৃতরাষ্ট্র, মহাযশা বিদুর, ভীষ্ম, দ্রোণ, কৃপ, কর্ণ ও যশস্বিনী গান্ধারীদেবী রাজগণ ও ব্রাহ্মণগণকে নিমন্ত্রণ করিবার জন্য দ্রুতগামী দূতগণকে প্রেরণ করিলেন ॥৫—৬॥

(২)…সৌবর্ণঞ্চ কৃতং সর্বম্…বা ব কা নি। (৩)…ধার্ত্তরাষ্ট্রো বিশাংপতে!…বা ব কা।

গচ্ছ দ্বৈতবনং শীঘ্রং পাণ্ডবান্ পাপপূরুষান্।
নিমন্ত্রয় যথান্যায়ং বিপ্রাংস্তস্মিন্ বনে তথা ॥৮॥
স গত্বা পাণ্ডবান্ সর্ব্বানুবাচাভিপ্রণম্য চ।
দুর্য্যোধনো মহারাজ! যজতে নৃপসত্তমঃ ॥৯॥
স্ববীর্য্যার্জ্জিতমর্থৌঘমবাপ্য কুরুসত্তমঃ।
তত্র গচ্ছন্তি রাজানো ব্রাহ্মণাশ্চ ততস্ততঃ ॥১০॥ (যুগ্মকম্)
অহন্তু প্রেষিতো রাজন্! কৌরবেণ মহাত্মনা।
আমন্ত্রয়তি বো রাজা ধার্ত্তরাষ্ট্রো জনেশ্বরঃ ॥১১॥
মনোঽভিলষিতং রাজ্ঞস্তং ক্রতুং দ্রষ্টুমর্হথ।
ততো যুধিষ্ঠিরো রাজা তচ্ছ্রুত্বা দূতভাষিতম্ ॥১২॥
অব্রবীন্নৃপশার্দ্দূলো দিষ্ট্যা রাজা সুযোধনঃ।
যজতে ক্রতুমুখ্যেন পূর্ব্বেষাং কীর্ত্তিবর্দ্ধনঃ ॥১৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ত ইতি। যথোদ্দিষ্টা ধৃতরাষ্ট্রাদীনামুদ্দেশক্রমেণ প্রবৃত্তাঃ। প্রয়াতং প্রস্থিতম্ ॥৭॥
গচ্ছেতি। পাপপূরুষানিত্যাক্রোশাদুক্তম্। তস্মিন্ বনে স্থিতানিতি শেষঃ ॥৮॥
স ইতি। স দূতঃ। অর্থৌঘং ধনসমূহম্। ততস্ততঃ স্থানাৎ ॥৯—১০॥
অহমিতি। কৌরবেণ দুর্য্যোধনেন। বো যুষ্মান্ ॥১১॥
মন ইতি। রাজ্ঞো দুর্য্যোধনস্য। দিষ্ট্যা ভাগ্যেন ॥১২—১৩॥

ক্রমে সেই দূতগণ দ্রুতগামী বাহনে আরোহণ করিয়া তাঁহাদের উপদেশ-ক্রমে প্রস্থান করিল। তখন দুঃশাসন প্রস্থানকালে কোন দূতকে বলিলেন—॥৭॥

'দূত! সত্বর দ্বৈতবনে গমন কর এবং পাপিষ্ঠ পাণ্ডবগণকে ও তত্রত্য ব্রাহ্মণগণকে যথানিয়মে নিমন্ত্রণ কর' ॥৮॥

তাহার পর সেই দূত দ্বৈতবনে যাইয়া পাণ্ডবদের সকলকে প্রণাম করিয়া বলিল—'মহারাজ! রাজশ্রেষ্ঠ ও কৌরবপ্রধান দুর্য্যোধন আপন বাহুবলার্জ্জিত ধনরাশি লাভ করিয়া যজ্ঞ করিতেছেন। সেখানে রাজারা ও ব্রাহ্মণেরা নানা-স্থান হইতে যাইতেছেন ॥৯—১০॥

রাজা! মহাত্মা কুরুরাজ দুর্য্যোধন আমাকে প্রেরণ করিয়াছেন এবং তিনি আপনাদিগকে নিমন্ত্রণ করিতেছেন ॥১১॥

অতএব আপনারা যাইয়া রাজা দুর্য্যোধনের অভিলষিত সেই যজ্ঞ দর্শন করিবেন'। তদনন্তর রাজা যুধিষ্ঠির দূতের সেই কথা শুনিয়া বলিলেন—'পূর্ব্বপুরুষগণের কীর্ত্তিবর্দ্ধক রাজশ্রেষ্ঠ রাজা দুর্য্যোধন ভাগ্যবশতঃ প্রধান যজ্ঞ করিতেছেন ॥১২—১৩॥

বয়মপ্যুপযাস্যামো ন ত্বিদানীং কথঞ্চন।
সময়ঃ প্রতিপাল্যো নো যাবদ্বর্ষং ত্রয়োদশম্ ॥১৪॥
শ্রুত্বৈতদ্ধর্ম্মরাজস্য ভীমো বচনমব্রবীৎ।
তদা তু নৃপতির্গন্তা ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ ॥১৫॥
অস্ত্রশস্ত্রপ্রদীপ্তেঽগ্নৌ যদা তং পাতয়িষ্যতি।
বর্ষাত্ত্রয়োদশাদূর্দ্ধং রণসত্রে নরাধিপঃ ॥১৬॥ (যুগ্মকম্)
যদা ক্রোধহবির্মোক্তা ধার্ত্তরাষ্ট্রেষু পাণ্ডবঃ।
আগন্তাহং তদাস্মীতি বাচ্যস্তে স সুযোধনঃ ॥১৭॥
শেষাস্তু পাণ্ডবা রাজন্! নৈবোচুঃ কিঞ্চিদপ্রিয়ম্।
দূতশ্চাপি যথাবৃত্তং ধার্ত্তরাষ্ট্রে ন্যবেদয়ৎ ॥১৮॥
অথাজগ্মু র্নরশ্রেষ্ঠা নানাজনপদেশ্বরাঃ।
ব্রাহ্মণাশ্চ মহাভাগা ধার্ত্তরাষ্ট্রপুরং প্রতি ॥১৯॥

ভারতকৌমুদী

বয়মিতি। উপযাস্যামো হস্তিনায়ামিতি শেষঃ। প্রতিপাল্যঃ প্রতীক্ষণীয়ঃ ॥১৪॥
শ্রুত্বেতি। গন্তা গমিষ্যতি। তং দুর্য্যোধনম্। রণসত্রে যুদ্ধযজ্ঞে ॥১৫—১৬॥
যদেতি। ধার্ত্তরাষ্ট্রেষু কাষ্ঠভূতেষু অস্ত্রশস্ত্রাগ্নিনা দহ্যমানেষিত্যাশয়ঃ ॥১৭॥
শেষা ইতি। শেষা অবশিষ্টা অর্জ্জুননকুলসহদেবাঃ। দূতশ্চাপি গত্বেতি শেষঃ ॥১৮॥
অথেতি। আজগ্মু র্দুর্য্যোধনযজ্ঞদর্শনায়েতি ভাবঃ ॥১৯॥

সেখানে আমরাও যাইব বটে, তবে এখনে কোন প্রকারেই নহে। কেন না, ত্রয়োদশবৎসর কাল আমাদের প্রতীক্ষা করিতে হইবে' ॥১৪॥

যুধিষ্ঠিরের এই কথা শুনিয়া ভীম বলিলেন—'ত্রয়োদশবৎসরপরে রাজা যুধিষ্ঠির যখন যুদ্ধযজ্ঞে অস্ত্রশস্ত্রপ্রজ্বলিত অগ্নিতে সেই দুর্য্যোধনকে নিক্ষেপ করিবেন, তখনই ধর্ম্মরাজ যুধিষ্ঠির যাইবেন ॥১৫—১৬॥

আর, ধার্ত্তরাষ্ট্ররূপ কাষ্ঠ সকল অস্ত্রশস্ত্ররূপ অগ্নিদ্বারা দগ্ধ হইতে থাকিলে, তাহাতে পাণ্ডবেরা যখন ক্রোধরূপ হবি নিক্ষেপ করিতে পারিবেন, তখন আমি যাইব। দূত! এই কথাগুলি তুমি সেই দুর্য্যোধনকে বলিও' ॥১৭॥

রাজা জনমেজয়! অবশিষ্ট পাণ্ডবেরা কোন অপ্রিয় কথাই বলিলেন না; দূতও যাইয়া যথাবৎ বৃত্তান্ত দুর্য্যোধনকে জানাইল ॥১৮॥

তাহার পর নানাদেশের অধিপতি রাজারা এবং মহাত্মা ব্রাহ্মণেরা দুর্য্যোধনের যজ্ঞস্থানে আগমন করিলেন ॥১৯॥

তে ত্বর্চ্চিতা যথাশাস্ত্রং যথাবিধি যথাক্রমম্।
মুদা পরময়া যুক্তাঃ প্রীতাশ্চাপি নরেশ্বরাঃ ॥২০॥
ধৃতরাষ্ট্রোঽপি রাজেন্দ্র! সংবৃতঃ সর্ব্বকৌরবৈঃ।
হর্ষেণ মহতা যুক্তো বিদুরং প্রত্যভাষত ॥২১॥
দেবানামপি মৌদ্গল্য! কাঙ্ক্ষিতা সা পরা গতিঃ।
দুষ্প্রাপা পরমা সিদ্ধিরগম্যা কামগোচরৈঃ ॥২৪॥
ত্রয়স্ত্রিংশদিমে দেবা যেষাং লোকা মনীষিভিঃ।
গম্যন্তে নিয়মৈঃ শ্রেষ্ঠৈর্দানৈর্বা বিধিপূর্ব্বকৈঃ ॥২৫॥
সেয়ং দানকৃতা ব্যুষ্টিরনুপ্রাপ্তা সুখং ত্বয়া।
তাং ভুঙ্ক্ষ্ব সুকৃতৈর্লব্ধাং তপসা দ্যোতিতপ্রভঃ ॥২৬॥
এতৎ স্বর্গসুখং স্বর্গ-লোকা নানাবিধাস্তথা।
গুণাঃ স্বর্গস্য প্রোক্তাস্তে দোষানপি নিবোধ মে ॥২৭॥

ভারতকৌমুদী

জরেতি। সুখং দেববৎ প্রাক্তনকর্ম্মজসুখম্, পুনঃ সুখং মনুষ্যাদিবদধুনাতনকর্ম্মসুখম্ ॥২৩॥
দেবানামিতি। গতিরবস্থা। অগম্যা অলভ্যা, কামগোচরৈঃ কামিভির্জনৈঃ ॥২৪॥
অথ কিয়ৎসংখ্যকা ইম ইত্যাহ ত্রয় ইতি। ইমে ঋভবো নাম ॥২৫॥
সেতি। সা ঋভুসম্বন্ধিনী। ব্যুষ্টিঃ সমৃদ্ধিঃ, "ব্যুষ্টিঃ স্তুতিফলর্দ্ধিষু" ইতি হেমচন্দ্রঃ ॥২৬॥

ভারতভাবদীপঃ

ন্যুপরি পরিধিরিত্যর্থঃ, উচ্ছ্রায়স্য চতুরশীতিসহস্রং মানমিতি জম্বুখণ্ডে বক্ষ্যমাণত্বাৎ ॥৮—১২॥ উপপদ্যতামুপগচ্ছতাম্ ॥১৩—১৪॥ এবংবিধৈরিতি দৃশ্যমানপ্রদর্শনম্ ॥১৫—২৫॥ ব্যুষ্টিঃ

দেবতাদেরও দেবতা এবং সনাতন সেই ঋভুগণ সুখভোগের সম্ভাবনা থাকিলেও সুখকামনা করেন না কিংবা কল্পপরিবর্ত্তনের সময়েও পরিবর্ত্তিত হন না ॥২২॥

মুনি! সেই ঋভুগণের জরা, মৃত্যু, হর্ষ, প্রীতি, প্রাক্তনকর্ম্মজনিত সুখ, ঐহিককর্ম্মজনিত সুখ, দুঃখ, রাগ বা দ্বেষ ইহার কোনটাই নাই ॥২৩॥

মুদ্গলমুনি! দেবতারাও ঋভুগণের সেই পরম অবস্থার কামনা করেন এবং তাঁহাদের সেই দুর্লভ সিদ্ধি কামী লোকেরা লাভ করিতে পারে না ॥২৪॥

এই ঋভুরা সংখ্যায় তেত্রিশ জন; যাঁহাদের লোক—জ্ঞানীরা উত্তম নিয়ম ও যথাবিহিত দান করিয়া লাভ করিয়া থাকেন ॥২৫॥

মহর্ষি! আপনি দানদ্বারা অনায়াসে সেই ঋভুদের সম্পদ লাভ করিয়াছেন। সুতরাং আপনি এখন তপঃপ্রভাবে আলোকিত থাকিয়া সেই পুণ্যলব্ধ সম্পদ্ ভোগ করুন ॥২৬॥

(২৪) দেবতানাঞ্চ মৌদ্গল্য!...বা ব কা নি। (২৬)...অনুপ্রাপ্তা সুখাবহা...পি।
(২৭) এতৎ স্বর্গসুখং বিপ্র!...বা ব কা।

কৃতস্য কর্ম্মণস্তত্র ভুজ্যতে যৎ ফলং দিবি।
ন চান্যৎ ক্রিয়তে কর্ম্ম মূলচ্ছেদেন ভুজ্যতে ॥২৮॥
সোঽত্র দোষো মম মতস্তস্যান্তে পতনঞ্চ যৎ।
সুখব্যাপ্তমনস্কানাং পতনং যচ্চ মুদ্‌গল ! ॥২৯॥
অসন্তোষঃ পরীতাপো দৃষ্ট্বা দীপ্ততরাঃ শ্রিয়ঃ।
যদ্ভবত্যবরে স্থানে স্থিতানাং তৎ সুদুষ্করম্ ॥৩০॥
সংজ্ঞামোহশ্চ পততাং রজসা চ প্রধর্ষণম্।
প্রম্লানেষু চ মাল্যেষু ততঃ পিপতিষোর্ভয়ম্ ॥৩১॥
আব্রহ্মভবনাদেতে দোষা মৌদ্‌গল্য ! দারুণাঃ।
নাকলোকে সুকৃতিনাং গুণাস্ত্বযুতশো নৃণাম্ ॥৩২॥
অয়ন্ত্বন্যো গুণঃ শ্রেষ্ঠশ্চ্যুতানাং স্বর্গতো মুনে ! ।
শুভানুশয়যোগেন মনুষ্যেষূপজায়তে ॥৩৩॥

ভারতকৌমুদী

এতদিতি। নিবোধ শৃণু। শ্রুত্বা চ যথেচ্ছং বিধেহীতি ভাবঃ ॥২৭॥
কৃতস্যেতি। তন্মূলচ্ছেদেনৈব ভুজ্যতে, ভোগেন ক্রমশঃ কর্ম্মক্ষয়াদিত্যাশয়ঃ ॥২৮॥
স ইতি। একং জ্ঞানপূর্ব্বকং পতনম্, অন্যচ্চাজ্ঞানপূর্ব্বকমিতি ভেদঃ ॥২৯॥
অসন্তোষ ইতি। শ্রিয়ঃ পরসম্পদঃ। অবরে ব্রহ্মলোকাপেক্ষয়া নিকৃষ্টে স্বর্গে ॥৩০॥
সংজ্ঞেতি। সংজ্ঞামোহো বুদ্ধিভ্রমঃ, প্রধর্ষণমাক্রমণম্ ॥৩১॥
আব্রহ্মেতি। আ ব্রহ্মভবনাৎ ব্রহ্মলোকাদারভ্য। নাকলোকে স্বর্গলোকে ॥৩২॥

মুনি ! এই স্বর্গসুখ, নানাবিধ স্বর্গলোক এবং স্বর্গের গুণের কথা আপনার নিকট বলিলাম ; এখন আপনি আমার নিকট স্বর্গের দোষও শ্রবণ করুন ॥২৭॥

সেখানে কৃতকর্ম্মের যে ফলভোগ করা হয়, তাহা মূলচ্ছেদ করিয়াই করা হয় ; কিন্তু নূতন অন্য কোন কর্ম্ম করা হয় না ॥২৮॥

মুদ্‌গলমুনি ! কর্ম্মক্ষয়ের পরে জ্ঞাতভাবে যে পতন হয় এবং সুখভোগ করিবার সময়ে অজ্ঞাতভাবে যে পতন হয়, আমার মতে তাহাই স্বর্গের দোষ ॥২৯॥

পরের উজ্জ্বল সম্পদ্ দেখিয়া স্বর্গবাসী লোকদিগের যে অসন্তোষ ও পরিতাপ জন্মে, সেটা গুরুতর দোষ ॥৩০॥

কণ্ঠের মালা মলিন হইতে লাগিলেই স্বর্গ হইতে পতনের সম্ভাবনা জন্মে, তখন বুদ্ধির ভ্রম ও রজোগুণের আক্রমণ হয়, তৎপরে ভয় জন্মে ॥৩১॥

মুদ্‌গলমুনি ! ব্রহ্মলোক হইতে সকল স্বর্গেই এই সকল দারুণ দোষ রহিয়াছে ; তবে পুণ্যবান্ লোকদিগের স্বর্গে গুণও বহুতরই আছে ॥৩২॥

তত্রাপি স মহাভাগঃ সুখভাগভিজায়তে।
ন চেৎ সংবুধ্যতে তত্র গচ্ছত্যধমতাং ততঃ ॥৩৪॥
ইহ যৎ ক্রিয়তে কর্ম্ম তৎ পরত্রোপভুজ্যতে।
কর্ম্মভূমিরিয়ং ব্রহ্মন্! ফলভূমিরসৌ মতা ॥৩৫॥
এতত্তে সর্বমাখ্যাতং যন্মাং পৃচ্ছসি মুদ্‌গল!।
তবানুকম্পয়া সাধো! সাধু গচ্ছাম মা চিরম্ ॥৩৬॥

ব্যাস উবাচ।

এতচ্ছ্রুত্বা তু মৌদ্‌গল্যো বাক্যং বিমমৃশে ধিয়া।
বিমৃশ্য চ মুনিশ্রেষ্ঠো দেবদূতমুবাচ হ ॥৩৭॥
দেবদূত! নমস্তেঽস্তু গচ্ছ তাত! যথাসুখম্।
মহাদোষেণ মে কার্য্যং ন স্বর্গেণ সুখেন বা ॥৩৮॥

ভারতকৌমুদী

অয়মিতি। শুভাশুভশয়যোগেন অবশিষ্টশুভাদৃষ্টসম্বন্ধেন ॥৩৩॥

তত্রেতি। সংবুধ্যতে ধর্ম্মজ্ঞানী ভবতি, ততস্তদা অধমতাম্ অধমযোনিতাম্ ॥৩৪॥

ইহেতি। ইয়ং পৃথিবী, অসৌ স্বর্গঃ, ফলভূমিঃ কর্ম্মফলভোগস্থানম্ ॥৩৫॥

এতদিতি। ত্বয়া সার্দ্ধং গমনমেব সাধু গমনমিতি ভাবঃ। মা চিরং বিলম্বং কুরু ॥৩৬॥

এতদিতি। এতদ্বাক্যং শ্রুত্বেতি সম্বন্ধঃ। বিমমৃশে স্বর্গে গন্তব্যং ন বেতি বিচারিতবান্ ॥৩৭॥

দেবেতি। মহান্ দোষো যত্র তেন। সুখেন স্বর্গীয়েণ ॥৩৮॥

মুনি! স্বর্গভ্রষ্ট লোকদিগের এই একটা শ্রেষ্ঠ গুণ যে, স্বর্গভ্রষ্ট লোক পূর্ব্ব শুভাদৃষ্টের সম্বন্ধবশতঃ মনুষ্যযোনিতেই জন্ম গ্রহণ করে ॥৩৩॥

তাহাতেও সে মহাত্মা সুখীই হয়; তবে যদি তখন ধর্ম্মজ্ঞান লাভ না করে, তাহা হইলে ক্রমিক অধমযোনিতে গমন করে ॥৩৪॥

ইহলোকে যে কর্ম্ম করা হয়, পরলোকে তাহার ফল ভোগ হয়। সুতরাং ব্রাহ্মণ! এইটা কর্ম্মভূমি, আর ঐটা (স্বর্গ) ফলভোগভূমি ॥৩৫॥

মুদ্‌গলমুনি! আপনি আমাকে যাহা জিজ্ঞাসা করিয়াছিলেন, এই আমি আপনার নিকট সে সমস্তই বলিলাম। এখন আপনার কৃপায় আমরা আপনার সহিত সুখেই যাইব; আপনি আর বিলম্ব করিবেন না ॥৩৬॥

বেদব্যাস বলিলেন—'দেবদূতের এই সকল বাক্য শুনিয়া মুনিশ্রেষ্ঠ মুদ্‌গল মনে মনে বিবেচনা করিলেন এবং বিবেচনা করিয়া দেবদূতকে কহিলেন—॥৩৭॥

(৩৪)···ন চেৎ সংবধ্যতে তত্র গচ্ছত্যধমতাং পুনঃ—পি।

পতনান্তে মহদ্দুঃখং পরিতাপঃ সুদারুণঃ।
স্বর্গভাজঃ পতন্তীহ তস্মাৎ স্বর্গং ন কাময়ে ॥৩৯॥
যত্র গত্বা ন শোচন্তি ন ব্যথন্তি চলন্তি বা।
তদহং স্থানমত্যন্তং মার্গয়িষ্যামি কেবলম্ ॥৪০॥
ইত্যুক্ত্বা স মুনির্বাক্যং দেবদূতং বিসৃজ্য তম্।
শিলোঞ্ছবৃত্তির্ধর্ম্মাত্মা শমমাতিষ্ঠদুত্তমম্ ॥৪১॥
তুল্যনিন্দাস্তুতির্ভূত্বা সমলোষ্ট্রাশ্মকাঞ্চনঃ।
জ্ঞানযোগেন শুদ্ধেন ধ্যাননিত্যো বভূব হ ॥৪২॥
ধ্যানযোগাদ্বলং লব্ধ্বা প্রাপ্য বুদ্ধিমনুত্তমাম্।
জগাম শাশ্বতীং সিদ্ধিং পরাং নির্ব্বাণলক্ষণাম্ ॥৪৩॥

ভারতকৌমুদী

অথ কোঽসৌ দোষ ইতি দেবদূতোক্তমেবানুবদতি পতনেতি। পতনান্তে স্বর্গাৎ ॥৩৯॥ যত্রেতি। ন চলন্তি বা ততো ন বা পতন্তি। অত্যন্তং নিত্যম্, কেবলং কৈবল্যাখ্যম্ ॥৪০॥ ইতীতি। শিলোঞ্ছৌ প্রাগ্ব্যাখ্যাতৌ। শমং জ্ঞানেন্দ্রিয়নিরোধং যোগমিত্যর্থঃ ॥৪১॥ তুল্যেতি। অশ্মানো মণয়ঃ। ধ্যানং নিত্যং যস্য স নিত্যধ্যায়ীতি তাৎপর্য্যম্ ॥৪২॥ ধ্যানেতি। বলম্ আত্মানাত্মবিবেকশক্তিম্, অনুত্তমাং বুদ্ধিং তত্ত্বজ্ঞানম্ ॥৪৩॥

'দেবদূত! তোমাকে নমস্কার করি, বৎস! তুমি যথাসুখে গমন কর। কেন না, গুরুতরদোষযুক্ত স্বর্গ বা স্বর্গীয় সুখদ্বারা আমার প্রয়োজন নাই ॥৩৮॥

কারণ, স্বর্গবাসীরা ভূতলে পতিত হইয়া থাকেন এবং পতনের পরে তাঁহাদের গুরুতর দুঃখ ও অতিদারুণ পরিতাপ জন্মে। অতএব সে স্বর্গ আমি কামনা করি না' ॥৩৯॥

মানুষ যে স্থানে যাইয়া শোক করে না, দুঃখ পায় না এবং পতিতও হয় না, আমি সেই 'কৈবল্য-' নামক নিত্য স্থানের অন্বেষণ করিব' ॥৪০॥

এই কথা বলিয়া ধর্ম্মাত্মা মুদ্গলমুনি দেবদূতকে বিদায় দিয়া সেই শিলোঞ্ছ-বৃত্তিদ্বারাই জীবিকানির্ব্বাহ করিতে থাকিয়া উত্তম যোগ অবলম্বন করিলেন ॥৪১॥

তখন তিনি নিন্দা ও প্রশংসাকে সমান জ্ঞান করিতেন এবং লোষ্ট্র, মণি ও কাঞ্চনকে তুল্যমূল্য মনে করিতেন, এইভাবে বিশুদ্ধ-জ্ঞানযোগ অবলম্বন-পূর্ব্বক সর্ব্বদা পরমাত্মচিন্তায় নিবিষ্ট হইলেন ॥৪২॥

ক্রমে মুদ্গলমুনি সেই ধ্যান যোগের প্রভাবে বিবেকশক্তি প্রাপ্ত হইয়া,

(৩৯)···স্বর্গভাজশ্চরন্তীহ···বা ব কা,·· স্বর্গভাজশ্চ্যবন্তীহ···পি। (৪২) ইতঃ পরং যাবন্তি পুস্তকানি পর্য্যালোচ্যন্তে তাবন্ত এব পাঠভেদা দৃশ্যন্তে।

তস্মাত্ত্বমপি কৌন্তেয়! ন শোকং কর্ত্তুমর্হসি।
রাজ্যাৎ স্ফীতাৎ পরিভ্রষ্টস্তপসা তদবাপ্স্যসি ॥৪৪॥
সুখস্যানন্তরং দুঃখং দুঃখস্যানন্তরং সুখম্।
পর্য্যায়েণোপসর্পন্তে নরং নেমিমরা ইব ॥৪৫॥
পিতৃপৈতামহং রাজ্যং প্রাপ্স্যস্যমিতবিক্রম!।
বর্ষাত্রয়োদশাদূর্দ্ধং ব্যেতু তে মানসো জ্বরঃ ॥৪৬॥
বৈশম্পায়ন উবাচ।
এবমুক্ত্বা স ভগবান্ ব্যাসঃ পাণ্ডবনন্দনম্।
জগাম তপসে ধীমান্ পুনরেবাশ্রমং প্রতি ॥৪৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্বণি ব্রীহি-দ্রৌণিকে মুদ্গলদেবদূতসংবাদে ষোড়শাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ইদানীং প্রস্তুতমুখাপয়তি তস্মাদিতি। তপসঃ সর্বসাধকত্বাদিত্যর্থঃ। স্ফীতাদ্বিস্তৃতাৎ ॥৪৪॥
সুখস্যেতি। নেমিং চক্রপ্রান্তম্, অরা নাভিসংলগ্নতির্য্যক্কাষ্ঠানি ॥৪৫॥
পিত্রিতি। ব্যেতু অপগচ্ছতু, জরো রাজ্যনাশাদিনিবন্ধনঃ সন্তাপঃ ॥৪৬॥
এবমিতি। পাণ্ডবশ্চাসৌ নন্দনঃ সর্ব্বেষামেবানন্দজনকশ্চেতি তং যুধিষ্ঠিরম্ ॥৪৭॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি ব্রীহিদ্রৌণিকে ষোড়শাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

আবার তাহার প্রভাবে সর্ব্বোৎকৃষ্ট তত্ত্বজ্ঞান লাভ করিয়া, নির্বাণমুক্তিস্বরূপ চিরস্থায়িনী পরম সিদ্ধি লাভ করিয়াছিলেন ॥৪৩॥

অতএব কুন্তীনন্দন! তুমিও শোক করিতে পার না। কারণ, তুমি বিস্তৃত রাজ্য হইতে বিচ্যুত হইয়া থাকিলেও তপস্যার প্রভাবে পুনরায় তাহা লাভ করিবে ॥৪৪॥

রথচক্রের মধ্যস্থিত তির্য্যক্ কাষ্ঠ সকল যেমন (দৃষ্টিপথবর্ত্তী) চক্রপ্রান্তের নিকট পর্য্যায়ক্রমে উপস্থিত হয়, তেমন সুখের পর দুঃখ, আবার দুঃখের পর সুখ মানুষের নিকট পর্য্যায়ক্রমে উপস্থিত হয় ॥৪৫॥

অমিতবিক্রম যুধিষ্ঠির! (বনবাস আরম্ভ অবধি) ত্রয়োদশবৎসরের পর তুমি পুনরায় পৈতৃকরাজ্য লাভ করিবে; সুতরাং তোমার মনের সন্তাপ দূরীভূত হউক' ॥৪৬॥

---

* '...ত্রিপঞ্চাশদধিকদ্বিশততমঃ...' পি, '...ষষ্ট্যধিকদ্বি...', বা ব, '...একষষ্ট্যধিকদ্বি...' কা, '...দ্বিষষ্ট্যধিকদ্বি...' নি।

সপ্তদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

———(০ঃ*ঃ০)———

জনমেজয় উবাচ।

বসৎস্বেবং বনে তেষু পাণ্ডবেষু মহাত্মসু।
রমমাণেষু চিত্রাভিঃ কথাভির্মুনিভিঃ সহ ॥১॥
সূর্য্যদত্তাক্ষয়ান্নেন কৃষ্ণায়া ভোজনাবধি।
ব্রাহ্মণাংস্তর্প্যমাণেষু যে চান্নার্থমুপাগতাঃ।
আরণ্যানাং মৃগাণাঞ্চ মাংসৈর্নানাবিধৈরপি ॥২॥
ধার্ত্তরাষ্ট্রা দুরাত্মানঃ সর্বে দুর্য্যোধনাদয়ঃ।
কথং তেষ্বন্ববর্ত্তন্ত পাপাচারা মহামুনে ! ॥৩॥
দুঃশাসনস্য কর্ণস্য শকুনেশ্চ মতে স্থিতাঃ।
এতদাচক্ষ্ব ভগবন্ ! বৈশম্পায়ন ! পৃচ্ছতঃ ॥৪॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

বৎসম্বিতি। রমমাণেষু আমোদমানেষু। কৃষ্ণায়া দ্রৌপদ্যাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ। অন্ববর্ত্তন্ত ব্যবাহরন্। আচক্ষ্ব ব্রূহি, পৃচ্ছতো মম সমীপে ॥১—৪॥

ভারতভাবদীপঃ

সম্পত্তিঃ ॥২৬—৪২॥ বলং পরবৈরাগ্যম্, বুদ্ধিং জ্ঞানম্ ॥৪৩—৪৪॥ নেমিং চক্রধারাম্, অরাঃ নাভিনেমিসন্ধানদারূণি ॥৪৫—৪৭॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষোড়শাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২১৬॥

———(ঃ*ঃ)———

বৈশম্পায়ন বলিলেন—জ্ঞানী ভগবান্ বেদব্যাস যুধিষ্ঠিরকে এইরূপ বলিয়া তপস্যা করিবার জন্য পুনরায় আশ্রমের দিকেই গমন করিলেন ॥৪৭॥

———ঃ(০)ঃ———

জনমেজয় বলিলেন—'মহর্ষি। ভগবন্! বৈশম্পায়ন! আমি জিজ্ঞাসা করিতেছি যে, মহাত্মা পাণ্ডবেরা যখন কাম্যকবনে থাকিয়া মুনিদের সহিত নানাবিধ আলাপে আনন্দ অনুভব করিতেন এবং দ্রৌপদীর ভোজন হইয়া যাওয়া পর্য্যন্ত—যাহারা অন্নের জন্য আসিত, তাহাদিগকে ও ব্রাহ্মণগণকে সূর্য্যদত্ত অক্ষয় অন্নদ্বারা ও নানাবিধ বন্য পশুর মাংসদ্বারা পরিতৃপ্ত করিতেন,

বৈশম্পায়ন উবাচ।

শ্রুত্বা তেষাং তথা বৃত্তিং নগরে বসতামিব।
দুর্য্যোধনো মহারাজ! তেষু পাপমরোচয়ৎ ॥৫॥
তথা তৈর্নিকৃতিপ্রজ্ঞৈঃ কর্ণদুঃশাসনাদিভিঃ।
নানোপায়ৈরঘং তেষু চিন্তয়ৎস্থ দুরাত্মসু ॥৬॥
অভ্যাগচ্ছৎ স ধর্ম্মাত্মা তপস্বী সুমহাযশাঃ।
শিষ্যাযুতসমোপেতো দুর্ব্বাসা নাম কামতঃ ॥৭॥ (যুগ্মকম্)
তমাগতমভিপ্রেক্ষ্য মুনিং পরমকোপনম্।
দুর্য্যোধনো বিনীতাত্মা প্রশ্রয়েণ দমেন চ।
সহিতো ভ্রাতৃভিঃ শ্রীমানাতিথ্যেন ন্যমন্ত্রয়ৎ ॥৮॥
বিধিবৎ পূজয়ামাস স্বয়ং কিঙ্করবৎ স্থিতঃ।
অহানি কতিচিত্তত্র তস্থৌ স মুনিসত্তমঃ ॥৯॥ .

ভারতকৌমুদী

শ্রুত্বেতি। তথা আনন্দেন, বৃত্তিং স্থিতিম্। পাপমনিষ্টম্, অরোচয়ৎ কর্ত্তুমৈচ্ছৎ ॥৫॥

তথেতি। নিকৃতিপ্রজ্ঞৈঃ শঠবুদ্ধিভিঃ সহ। অঘমনিষ্টম্, তেষু পাণ্ডবেষু। দুরাত্মসু দুর্য্যোধনাদিষু শিষ্যাণামযুতেন সমমুপেত ইতি শিষ্যাযুতসমোপেতঃ। মকারলোপ আর্ষঃ ॥৬-৭॥

তমিতি। প্রশ্রয়েণ প্রণয়েন, দমেন অভিমানদমনেন চ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৮॥

বিধিবদিতি। তত্র দুর্য্যোধনভবনে ॥৯॥

তখন কর্ণ, শকুনি ও দুঃশাসনের মতানুবর্ত্তী, দুরাত্মা ও পাপাচারী দুর্য্যোধন-প্রভৃতি ধৃতরাষ্ট্রপুত্রেরা সকলে পাণ্ডবদের প্রতি কিরূপ আচরণ করিত, তাহা বলুন' ॥১—৪॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ! পাণ্ডবেরা নগরবাসীদেরই মত কাম্যক-বনে আনন্দে বাস করিতেছেন, ইহা শুনিয়া দুর্য্যোধন তাঁহাদের অনিষ্টাচরণ করিবার ইচ্ছা করিলেন ॥৫॥

দুরাত্মা দুর্য্যোধনপ্রভৃতি যখন শঠবুদ্ধি কর্ণ ও দুঃশাসনপ্রভৃতির সহিত মিলিত হইয়া নানা উপায়ে পাণ্ডবগণের অনিষ্ট করিবার চিন্তা করিতেছিলেন, তখন ধর্ম্মাত্মা, তপস্বী ও অত্যন্ত যশস্বী দুর্ব্বাসামুনি অযুত শিষ্যের সহিত দুর্য্যো-ধনভবনে আগমন করিলেন ॥৬—৭॥

তখন সুন্দরমূর্ত্তি দুর্য্যোধন সেই অত্যন্তক্রোধী মুনিকে আগত দেখিয়া ভ্রাতৃগণের সহিত মিলিত হইয়া, অভিমান ত্যাগ করিয়া, প্রণয়পূর্ব্বক বিনীত-ভাবে আতিথ্যের জন্য তাঁহাকে নিমন্ত্রণ করিলেন ॥৮॥

তঞ্চ পর্য্যচরদ্রাজা দিবারাত্রমতন্দ্রিতঃ।
দুর্য্যোধনো মহারাজ! শাপাত্তস্য বিশঙ্কিতঃ ॥১০॥
ক্ষুধিতোঽস্মি দদস্বান্নং শীঘ্রং মম নরাধিপ!।
ইত্যুক্ত্বা গচ্ছতি স্নাতুং প্রত্যাগচ্ছতি বৈ চিরাৎ ॥১১॥
ন ভোক্ষ্যাম্যদ্য মে নাস্তি ক্ষুধেত্যুক্ত্বেত্যদর্শনম্।
অকস্মাদেত্য চ ব্রূতে ভোজয়াস্মাংস্ত্বরান্বিতঃ ॥১২॥
কদাচিচ্চ নিশীথে স উত্থায় নিকৃতৌ স্থিতঃ।
পূর্ব্ববৎ কারয়িত্বান্নং ন ভুঙ্ক্তে গর্হয়ন্ স্ম সঃ ॥১৩॥
বর্ত্তমানে তথা তস্মিন্ যদা দুর্য্যোধনো নৃপঃ।
বিকৃতিং নৈতি ন ক্রোধং তদা তুষ্টোঽভবন্মুনিঃ।
আহ চৈনং দুরাধর্ষো বরদোঽস্মীতি ভারত! ॥১৪॥

ভারতকৌমুদী

তমিতি। পর্য্যচরৎ শুশ্রূষিতবান্, অতন্দ্রিতঃ অনলসঃ সন্ ॥১০॥
অথ ত্রিভিঃ শ্লোকৈর্দুর্বাসসো দুর্য্যোধনপরীক্ষামাহ ক্ষুধিত ইতি। গচ্ছতি স্ম ॥১১॥
নেতি। অদর্শনম্ এতি প্রাপ্নোতি স্ম স্থানান্তরং জগামেত্যর্থঃ ॥১২॥
কদাচিদিতি। নিকৃতৌ শাঠ্যে। গর্হয়ন্ বিনা কারণং দুর্য্যোধনমেব নিন্দন্ ॥১৩॥
বর্ত্তমান ইতি। তস্মিন্ মুনৌ। নৈতি ন প্রাপ্নোতি স্ম। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥১৪॥

এবং তিনি নিজেই ভৃত্যের মত থাকিয়া যথাবিধানে দুর্ব্বাসার পূজা করিলেন; মুনিশ্রেষ্ঠ দুর্ব্বাসাও কয়েক দিন সেখানে থাকিলেন ॥৯॥

মহারাজ! রাজা দুর্য্যোধন তখন দুর্ব্বাসার অভিসম্পাতের আশঙ্কা করিয়া আলস্যপরিত্যাগপূর্ব্বক দিবারাত্র তাঁহার পরিচর্য্যা করিতে লাগিলেন ॥১০॥

'রাজা! আমার ক্ষুধা হইয়াছে, সত্বর অন্নদান কর' এই কথা বলিয়া দুর্বাসা স্নান করিতে যাইতেন, অথ চ অতিবিলম্বে ফিরিয়া আসিতেন ॥১১॥

'আজ আমার ক্ষুধা নাই; সুতরাং খাইব না' এই কথা বলিয়া অদৃশ্য হইয়া যাইতেন, আবার অকস্মাৎ আসিয়া বলিতেন—'সত্বর আমাকে ভোজন করাও' ॥১২॥

কোন দিন রাত্রিদ্বিতীয়প্রহরের সময় উঠিয়া শঠতা করিবার ইচ্ছায় পূর্বের মত অন্ন প্রস্তুত করাইয়া ভোজন করিতেন না, অথ চ তিরস্কার করিতেন ॥১৩॥

দুর্ব্বাসা এইরূপ আচরণ করিতে থাকিলেও যখন রাজা দুর্য্যোধন বিরক্ত বা ক্রুদ্ধ হইলেন না, তখন দুর্দ্ধর্ষ দুর্ব্বাসা তাঁহার প্রতি সন্তুষ্ট হইলেন এবং বলিলেন—'ভরতনন্দন! আমি তোমাকে বর দান করিব' ॥১৪॥

দুর্ব্বাসা উবাচ।

বরং বরয় ভদ্রং তে যত্তে মনসি বর্ত্ততে।
ময়ি প্রীতে তু যদ্ধর্ম্ম্যং নালভ্যং বিদ্যতে তব ॥১৫॥

বৈশম্পায়ন উবাচ।

এতচ্ছ্রুত্বা বচস্তস্য মহর্ষের্ভাবিতাত্মনঃ।
অমন্যত পুনর্জাতমাত্মানং স সুযোধনঃ ॥১৬॥
প্রাগেব মন্ত্রিতশ্চাসীৎ কর্ণদুঃশাসনাদিভিঃ।
যাচনীয়ং মুনেস্তুষ্টাদিতি নিশ্চিত্য দুর্ম্মতিঃ ॥১৭॥
অতিহর্ষান্বিতো রাজা বরমেনমযাচত।
শিষ্যৈঃ সহ মম ব্রহ্মন্! যথা জাতোঽতিথির্ভবান্ ॥১৮॥
অস্মৎকুলে মহারাজো জ্যেষ্ঠঃ শ্রেষ্ঠো যুধিষ্ঠিরঃ।
বনে বসতি ধর্ম্মাত্মা ভ্রাতৃভিঃ পরিবারিতঃ ॥১৯॥

ভারতকৌমুদী

বরমিতি। ধর্ম্মাদনপেতং ধর্ম্ম্যং নালভ্যম্। এতেনাধর্ম্ম্যমলভ্যমেবেতি সূচিতম্ ॥১৫॥
এতদিতি। আত্মানং পুনর্জাতমমন্যত, ইদানীং শাপদানাসম্ভবাদিতি ভাবঃ ॥১৬॥
প্রাগিতি। মন্ত্রিতো বিষয়ঃ। রাজা দুর্য্যোধনঃ। বনে কাম্যকনামকে। কদা

ভারতভাবদীপঃ

বসৎস্বিতি ॥১—১৪॥ ধর্ম্ম্যং ধর্ম্মাদনপেতম্ ॥১৫—২৭॥
ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২১৭॥

পরে পুনরায় দুর্ব্বাসা বলিলেন—'দুর্য্যোধন! তোমার মঙ্গল হউক, যাহা তোমার মনে আছে, সেই বর গ্রহণ কর। আমি সন্তুষ্ট হইয়াছি বলিয়া যাহা ধর্ম্মসঙ্গত, তাহা তোমার অপ্রাপ্য নহে' ॥১৫॥

বৈশম্পায়ন বলিলেন—সন্তুষ্টচিত্ত মহর্ষি দুর্বাসার এই কথা শুনিয়া দুর্য্যোধন নিজের পুনর্জন্ম হইল বলিয়া মনে করিলেন ॥১৬॥

'মুনি সন্তুষ্ট হইলে, তাঁহার নিকট আমি এই বর প্রার্থনা করিব' এইরূপ দুর্ম্মতি দুর্য্যোধন পূর্বেই কর্ণ ও দুঃশাসনপ্রভৃতির সহিত মন্ত্রণা করিয়া রাখিয়াছিলেন। সুতরাং তৎকালে তিনি অত্যন্ত আনন্দিত হইয়া এই বর প্রার্থনা করিলেন যে, 'ব্রহ্মন্! আপনি যেমন শিষ্যগণের সহিত আমার অতিথি হইয়াছেন, তেমনই শিষ্যগণের সহিত আপনি মহারাজ যুধিষ্ঠিরেরও অতিথি হইবেন। কারণ, তিনি আমাদের বংশে জ্যেষ্ঠ, শ্রেষ্ঠ, ধার্ম্মিক, গুণবান্ ও সচ্চরিত্র; তিনি এখন ভ্রাতৃগণে পরিবেষ্টিত হইয়া কাম্যকবনে বাস করিতেছেন। আর, আপনার যদি আমার উপরে অনুগ্রহ হইয়া থাকে, তবে রাজপুত্রী,

গুণবান্ শীলসম্পন্নস্তস্য ত্বমতিথির্ভব ।
যদা চ রাজপুত্রী সা সুকুমারী যশস্বিনী ॥২০॥
ভোজয়িত্বা দ্বিজান্ সর্ব্বান্ পতীংশ্চ বরবর্ণিনী ।
বিশ্রান্তা চ স্বয়ং ভুক্ত্বা সুখাসীনা ভবেদ্‌যদা ॥২১॥
তদা ত্বং তত্র গচ্ছেথা যদ্যনুগ্রাহ্যতা ময়ি ।
তথা করিষ্যে ত্বৎপ্রীত্যেত্যেবমুক্ত্বা সুযোধনম্ ॥২২॥
দুর্ব্বাসা অপি বিপ্রেন্দ্রো যথাগতমগাত্ততঃ ।
কৃতার্থমিব চাত্মানং তদা মেনে সুযোধনঃ ॥২৩॥
করেণ চ করং গৃহ্য কর্ণস্য মুদিতো ভৃশম্ ।
কর্ণোঽপি ভ্রাতৃসহিতমিত্যুবাচ নৃপং তদা ॥২৪॥ (কুলকম্)

কর্ণ উবাচ ।

দিষ্ট্যা কামঃ সুসংবৃত্তো দিষ্ট্যা কৌরব ! বর্দ্ধসে ।
দিষ্ট্যা তে শত্রবো মগ্না দুস্তরে ব্যসনার্ণবে ॥২৫॥
দুর্ব্বাসঃক্রোধজে বহ্নৌ পতিতাঃ পাণ্ডুনন্দনাঃ ।
স্বৈরেব তে মহাপাপৈর্গতা বৈ দুস্তরং তমঃ ॥২৬॥

ভারতকৌমুদী

অতিথির্ভবামীত্যাহ যদেতি। বরবর্ণিনী দ্রৌপদী। দ্রৌপদ্যা ভোজনান্তে স্থাল্যন্নস্য ক্ষয়িষ্ণুত্বাৎ তথৈব চ সূর্য্যস্য বরদানাৎ তদা চান্নদানাশক্যত্বাদ্দুর্ব্বাসসঃ শাপেন পাণ্ডবানাং সর্ব্বনাশায় "তদা ত্বং তত্র গচ্ছেথাঃ" ইত্যুক্তম্। তদা চাত্মানং কৃতার্থমিব মেনে, পাণ্ডবসর্ব্বনাশস্যাবশ্যম্ভাবিত্বসম্ভাবনাদিত্যাশয়ঃ। গৃহ্য গৃহীত্বা ॥১৭—২৪॥

দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন, কামঃ অস্মাকমভিলাষঃ, সুসংবৃত্তঃ সুসম্পন্নঃ ॥২৫॥

কোমলাঙ্গী, যশস্বিনী ও বরবর্ণিনী দ্রৌপদী যখন সমস্ত ব্রাহ্মণ ও পতিগণকে ভোজন করাইয়া এবং নিজে ভোজন করিয়া বিশ্রাম করিবার জন্য সুখে উপবেশন করিবেন, তখন আপনি সেখানে গমন করিবেন'। 'তোমার প্রতি সন্তোষবশতঃ তাহাই করিব' এই কথা দুর্য্যোধনকে বলিয়া ব্রাহ্মণশ্রেষ্ঠ দুর্বাসাও যথাস্থানে চলিয়া গেলেন ; দুর্য্যোধনও তখন অত্যন্ত আনন্দিত হইয়া হস্তদ্বারা কর্ণের হস্ত ধারণ করিয়া আপনাকে কৃতার্থের ন্যায় মনে করিলেন। কর্ণও তখন ভ্রাতাদের সহিত দুর্য্যোধনকে এই কথা বলিলেন—॥১৭—২৪॥

কর্ণ কহিলেন—'কৌরবনন্দন ! ভাগ্যবশতঃ আমাদের অভিলাষ সুসম্পন্ন হইল, ভাগ্যবশতঃ তোমার শ্রীবৃদ্ধি হইল এবং ভাগ্যবশতই তোমার শত্রুগণ দুস্তর বিপৎসাগরে মগ্ন হইল ॥২৫॥

বৈশম্পায়ন উবাচ।

ইত্থং তে নিকৃতিপ্রজ্ঞা রাজন্! দুর্য্যোধনাদয়ঃ।
হসন্তঃ প্রীতমনসো জগ্মুঃ স্বং স্বং নিবেশনম্ ॥২৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি দ্রৌপদী-হরণে দুর্বাস আতিথ্যে সপ্তদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:(*):——

অষ্টাদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

——:*:——

বৈশম্পায়ন উবাচ।

ততঃ কদাচিদ্দুর্ব্বাসাঃ সুখাসীনাংস্তু পাণ্ডবান্।
ভুক্ত্বা চাবস্থিতাং কৃষ্ণাং জ্ঞাত্বা তস্মিন্ বনে মুনিঃ।
অভ্যাগচ্ছৎ পরিবৃতঃ শিষ্যৈরযুতসম্মিতৈঃ ॥১॥

ভারতকৌমুদী

দুর্ব্বাস ইতি। তমোঽন্ধকারং কর্ত্তব্যমূঢ়তামিত্যর্থঃ ॥২৬॥

ইত্থমিতি। নিকৃতিপ্রজ্ঞাঃ শাঠ্যাভিজ্ঞাঃ। প্রীতমনসঃ সন্তুষ্টচিত্তাঃ ॥২৭॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে সপ্তদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(:*:)——

তত ইতি। ভুক্ত্বেত্যনেন পাণ্ডবানিত্যপি সম্বধ্যতে, তথৈব দুর্য্যোধনানুরোধাৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১॥

কারণ, পাণ্ডবেরা দুর্বাসার কোপানলে পতিত হইল এবং তাহারা আপনা-দের মহাপাপেই দুস্তর অন্ধকারে প্রবেশ করিল' ॥২৬॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা! এই ভাবে সেই শাঠ্যনিপুণ দুর্য্যোধন-প্রভৃতি হাসিতে হাসিতে আনন্দিতচিত্তে আপন আপন ভবনে গমন করিলেন ॥২৭॥

——:(০):——

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর কোন সময়ে পাণ্ডবগণ ভোজন করিয়া সুখে উপবেশন করিয়া রহিয়াছেন এবং দ্রৌপদীও ভোজন করিয়া বিশ্রাম

---

* ইদং প্রকরণং পিতামহপুস্তকে নাস্তি। তচ্চান্যায়াং পর্ব্বসংগ্রহাধ্যায়ে এতদ্বৃত্তান্ত-স্যাভিধানাৎ। '...একষষ্ট্যধিকদ্বিশততমঃ...' বা ব, '...দ্বিষষ্ট্যধিকদ্বি...' কা, '...ত্রিষষ্ট্যধিকদ্বি...' নি।

দৃষ্ট্বায়ান্তং তমতিথিং স চ রাজা যুধিষ্ঠিরঃ।
জগামাভিমুখঃ শ্রীমান্ সহ ভ্রাতৃভিরচ্যুতঃ ॥২॥
তস্মৈ বদ্ধাঞ্জলিং সম্যগুপবেশ্য বরাসনে।
বিধিবৎ পূজয়িত্বা তমাতিথ্যেন ন্যমন্ত্রয়ৎ।
আহ্নিকং ভগবন্! কৃত্বা শীঘ্রমেহীতি চাব্রবীৎ ॥৩॥
জগাম চ মুনিঃ সোঽপি স্নাতুং শিষ্যৈঃ সহানঘঃ।
ভোজয়েৎ সহশিষ্যং মাং কথমিত্যবিচিন্তয়ন্।
ন্যমজ্জৎ সলিলে চাপি মুনিসংঘঃ সমাহিতঃ ॥৪॥
এতস্মিন্নন্তরে রাজন্! দ্রৌপদী যোষিতাং বরা।
চিন্তামবাপ পরমামন্নহেতোঃ পতিব্রতা ॥৫॥
সা চিন্তয়ন্তী চ যদা নান্নহেতুমবিন্দত।
মনসা চিন্তয়ামাস কৃষ্ণং কংসনিসূদনম্ ॥৬॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। শ্রীমান্ কান্তিমান্। অচ্যুতো বৈধনিয়মাদভ্রষ্টঃ ॥২॥
তস্মা ইতি। তস্মৈ দুর্ব্বাসসে, অঞ্জলিং বদ্ধা বিধায়। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৩॥
জগামেতি। কথং ভোজয়েৎ, তাদৃশভোজ্যসংগ্রহাসম্ভবাদিত্যাশয়ঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥৪॥
এতস্মিন্নিতি। অন্তরে অবসরে। অন্নহেতোঃ অন্নসংগ্রহার্থম্ ॥৫॥

করিতেছেন ইহা জানিয়া দুর্ব্বাসামুনি অযুত শিষ্যে পরিবেষ্টিত হইয়া সেই বনে আগমন করিলেন ॥১॥

তখন সদাচারপরায়ণ ও মনোহরমূর্ত্তি রাজা যুধিষ্ঠির সেই অতিথিকে আসিতে দেখিয়া, ভ্রাতাদের সহিত মিলিত হইয়া, তাঁহার অভিমুখে গমন করিলেন ॥২॥

এবং তিনি দুর্ব্বাসামুনিকে উত্তম আসনে উপবেশন করাইয়া, যথাবিধানে তাঁহার পূজা করিয়া, তাঁহার প্রতি কৃতাঞ্জলি হইয়া, অতিথি হইবার জন্য তাঁহাকে নিমন্ত্রণ করিলেন এবং 'ভগবন্! আপনারা আহ্নিক করিয়া সত্বর আগমন করুন' এই কথা বলিলেন ॥৩॥

'যুধিষ্ঠির এখনে শিষ্যবর্গের সহিত আমাকে কি করিয়া ভোজন করাইবেন' ইহা চিন্তা না করিয়াই নিষ্পাপ দুর্ব্বাসামুনিও শিষ্যগণের সহিত স্নান করিতে গেলেন এবং যাইয়া একাগ্রচিত্ত হইয়া জলে নিমগ্ন হইলেন ॥৪॥

রাজা! এই সময়ে নারীশ্রেষ্ঠা ও পতিব্রতা দ্রৌপদী অন্নের জন্য গুরুতর চিন্তায় আকুল হইয়া পড়িলেন ॥৫॥

কৃষ্ণ! কৃষ্ণ! মহাবাহো! দেবকীনন্দনাব্যয়!।
বাসুদেব! জগন্নাথ! প্রণতার্ত্তিবিনাশন! ॥৭॥
বিশ্বাত্মন্! বিশ্বজনক! বিশ্বহর্ত্তঃ প্রভোঽব্যয়!।
প্রপন্নপাল! গোপাল! প্রজাপাল! পরাৎপর! ॥৮॥
আকূতীনাঞ্চ চিত্তীনাং প্রবর্ত্তক! নতাস্মি তে।
বরেণ্য! বরদানন্ত! অগতীনাং গতির্ভব ॥৯॥ (বিশেষকম্)
পুরাণপুরুষ! প্রাণ! মনোবৃত্ত্যাদ্যগোচর!।
সর্বাধ্যক্ষ! পরাধ্যক্ষ! ত্বামহং শরণং গতা ॥১০॥

ভারতকৌমুদী

সেতি। অন্নহেতুম্ অন্নসংগ্রহোপায়ম্, অবিন্দত চিন্তয়াপি নালভত ॥৬॥

কৃষ্ণেতি। হে অব্যয়!। অবিনশ্বর! হে বিশ্বহর্ত্তঃ! জগৎসংহারক!। হে অব্যয়! অচল! চিদ্রূপতয়া নিষ্ক্রিয়ত্বাদিত্যাশয়ঃ, বিশেষেণায়ত ইতি ব্যয়ঃ ন ব্যয়ঃ অব্যয় ইতি চ ব্যুৎপত্তেঃ। হে প্রপন্নপাল! বিপন্নরক্ষক!। পরাৎ হিরণ্যগর্ভাদপি পর! শ্রেষ্ঠ!। আকূতীনামভিপ্রায়রূপচিত্তবৃত্তীনাম্, চিত্তীনাং নির্ণয়রূপচিত্তবৃত্তীনাঞ্চ প্রবর্ত্তক! জীবরূপত্বাৎ। অগতীনাং নিরুপায়ানামস্মাকম্, গতিরুপায়ঃ ॥৭—৯॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৫॥ এতস্মিন্নন্তরে কালে ॥৬—৭॥ কৃষ্ণং পাপকর্ষকম্, কংসস্য কামাদেদুষ্ট-রাজ্ঞো বা নিষদনং হে কৃষ্ণ কৃষ্ণ অত্যাদরসূচনার্থং দ্বির্ব্বচনম্। "কৃষির্ভূর্বাচকঃ শব্দো ণশ্চ নির্বৃতিবাচকঃ। তয়োরৈক্যং পরং ব্রহ্ম কৃষ্ণ ইত্যভিধীয়ত" ইতি শ্রুতিপ্রণীতঃ কৃষ্ণপদস্যার্থঃ। মহান্তৌ ব্রহ্মাণ্ডপিণ্ডাবষ্টম্ভক্ষমৌ বাহূ যস্য। "সং বাহুভ্যাং ধমতি সং পতত্রৈর্দ্যাবাভূমী জনয়ন্ দেব এক" ইতি শ্রুতেঃ। অব্যয়াবিনাশিন্! অত্র দেবকীনন্দনস্যাব্যয়ত্বং বদন্ত্যা কৃষ্ণমূর্ত্তে-রভৌতিকত্বমুক্তম্, এবমাদিনাম্নামর্থঃ শঙ্করভগবৎপাদীয়ে বিষ্ণুসহস্রনামব্যাখ্যানে এব দ্রষ্টব্যঃ

তিনি চিন্তা করিয়াও যখন অন্নসংগ্রহের উপায় দেখিলেন না, তখন মনে মনে কংসনিসূদন কৃষ্ণের চিন্তা করিতে লাগিলেন ॥৬॥

'কৃষ্ণ। কৃষ্ণ। মহাবাহু। দেবকীনন্দন। অবিনশ্বর। বাসুদেব। জগন্নাথ। প্রণত লোকের পীড়ানাশক। বিশ্বাত্মা। বিশ্বজনক। বিশ্বনাশক। প্রভু। অচল। বিপন্নরক্ষক। গোপাল। প্রজারক্ষক। পরাৎপর। আকূতি ও চিত্তি-নামক চিত্তবৃত্তির প্রবর্ত্তক। আমি তোমার উদ্দেশে নমস্কার করিতেছি। আমরা নিরুপায় হইয়া পড়িয়াছি; অতএব হে বরেণ্য। হে বরদ। হে অনন্ত। তুমি আমাদের উপায় হও ॥৭—৯॥

পুরাণপুরুষ। প্রাণ। মনোবৃত্তিপ্রভৃতির অগোচর। সর্ব্বাধ্যক্ষ। শ্রেষ্ঠা-ধ্যক্ষ। আমি তোমার শরণাপন্ন হইলাম ॥১০॥

পাহি মাং কৃপয়া দেব ! শরণাগতবৎসল ! ।
নীলোৎপলদলশ্যাম ! পদ্মগর্ভারুণেক্ষণ ! ।
পীতাম্বরপরীধান ! লসৎকৌস্তুভভূষণ ! ॥১১॥
ত্বমাদিরন্তো ভূতানাং ত্বমেব চ পরায়ণম্ ।
পরাৎ পরতরং জ্যোতির্বিশ্বাত্মা সর্ব্বতোমুখঃ ॥১২॥
ত্বামেবাহুঃ পরং বীজং নিধানং সর্বসম্পদাম্ ।
ত্বয়া নাথেন দেবেশ ! সর্বাপদ্ভ্যো ভয়ং নহি ॥১৩॥
দুঃশাসনাদহং পূর্ব্বং সভায়াং মোচিতা যথা ।
তথৈব সঙ্কটাদস্মান্মামুদ্ধর্ত্তুমিহার্হসি ॥১৪॥

বৈশম্পায়ন উবাচ ।

এবং স্তুতস্তদা কৃষ্ণঃ কৃষ্ণয়া ভক্তবৎসলঃ ।
দ্রৌপদ্যাঃ সঙ্কটং জ্ঞাত্বা দেবদেবো জগৎপতিঃ ॥১৫॥
পার্শ্বস্থাং শয়নে ত্যক্ত্বা রুক্মিণীং কেশবঃ প্রভুঃ ।
তত্রাজগাম ত্বরিতো হ্যচিন্ত্যগতিরীশ্বরঃ ॥১৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

পুরাণেতি। হে প্রাণ ! প্রাণনহেতো ! জীবরূপত্বাৎ। আদিপদেন বুদ্ধিবৃত্তেগ্র্হণম্ ॥১০॥
পাহীতি। পদ্মগর্ভবৎ রক্তপদ্মকোষবৎ, অরুণে ঈক্ষণে যস্য সঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥১১॥
ত্বমিতি। পরায়ণং পরমাশ্রয়ঃ। সর্ব্বত এব মুখং যস্য সঃ, সহস্রশীর্ষত্বাৎ ॥১২॥
ত্বামিতি। বীজং জগৎকারণম্, নিধানমাশ্রয়ম্। নহি বিদ্যত ইতি শেষঃ ॥১৩॥
দুরিতি। দুঃশাসনাৎ দুঃশাসনকর্ত্তৃকবস্ত্রহরণবিপদঃ। সঙ্কটান্মহাবিপদঃ ॥১৪॥
এবমিতি। কৃষ্ণয়া দ্রৌপদ্যা। অচিন্ত্যগতিত্বাদেব ত্বরিতমাগমনমিতি ভাবঃ ॥১৫—১৬॥

দেব ! শরণাগতবৎসল ! নীলোৎপলতুল্য শ্যাম ! পদ্মকোষতুল্য রক্তনয়ন ! পীতবসন ! উজ্জ্বলকৌস্তুভভূষণ ! কৃপা করিয়া আমাকে রক্ষা কর ॥১১॥

তুমি জগতের আদি ও অন্ত, তুমি পরম আশ্রয়, তুমি শ্রেষ্ঠ হইতে শ্রেষ্ঠতর জ্যোতি, তুমি জগতের আত্মা এবং তোমার মুখ সকল দিকে রহিয়াছে ॥১২॥

দেবদেব ! জ্ঞানীরা তোমাকেই জগতের প্রধান বীজ ও সমস্ত সম্পদের আশ্রয় বলিয়া থাকেন এবং তুমি রক্ষা করিলে কোন বিপদেই ভয় থাকে না ॥১৩॥

কৃষ্ণ ! তুমি পূর্ব্বে দ্যূতসভায় দুঃশাসন হইতে আমাকে যেমন উদ্ধার করিয়াছিলে, তেমন এই মহাবিপদ হইতেও আমাকে উদ্ধার কর' ॥১৪॥

বৈশম্পায়ন বলিলেন—দ্রৌপদী এইরূপ স্তব করিলে, তখনই ভক্তবৎসল দেবদেব জগৎপতি কৃষ্ণ শয্যায় পার্শ্ববর্ত্তিনী রুক্মিণীকে পরিত্যাগ করিয়া সত্বর

ততস্তং দ্রৌপদী দৃষ্ট্বা প্রণম্য পরয়া মুদা।
অব্রবীদ্বাসুদেবায় মুনেরাগমনাদিকম্ ॥১৭॥
ততস্তামব্রবীৎ কৃষ্ণঃ ক্ষুধিতোঽস্মি ভৃশাতুরঃ।
শীঘ্রং ভোজয় মাং কৃষ্ণে! পশ্চাৎ সর্ব্বং করিষ্যসি ॥১৮॥
নিশম্য তদ্বচঃ কৃষ্ণা লজ্জিতা বাক্যমব্রবীৎ।
স্থাল্যাং ভাস্করদত্তায়ামন্নং মদ্ভোজনাবধি ॥১৯॥
ভুক্তবত্যস্ম্যহং দেব! তস্মাদন্নং ন বিদ্যতে।
ততঃ প্রোবাচ ভগবান্ কৃষ্ণাং কমললোচনঃ ॥২০॥
কৃষ্ণে! ন নর্ম্মকালোঽয়ং ক্ষুচ্ছ্রমেণাতুরে ময়ি।
শীঘ্রং গচ্ছ মম স্থালীমানয়িত্বা প্রদর্শয় ॥২১॥
ইতি নির্বন্ধতঃ স্থালীমানায্য স যদূদ্বহঃ।
স্থাল্যাঃ কণ্ঠেঽথ সংলগ্নং শাকান্নং বীক্ষ্য কেশবঃ ॥২২॥

ভারতকৌমুদী

তত ইতি। পরয়া অত্যন্তয়া, মুদা আনন্দেন ॥১৭॥
তত ইতি। ভৃশাতুরো নিতান্তপীড়িতঃ, ক্ষুধয়ৈবেত্যাশয়ঃ ॥১৮॥
নিশম্যেতি। অন্নং মদ্ভোজনাবধি তিষ্ঠতীতি শেষঃ, তথৈব ভাস্করবরদানাৎ ॥১৯॥
ভুক্তেতি। অহং ভুক্তবতী, সর্ব্বেষাং ভোজনস্যৈবাবসিতত্বাদিতি ভাবঃ ॥২০॥
কৃষ্ণ ইতি। নর্ম্মকালঃ পরিহাসসময়ঃ। আনয়িত্বা আনীয় ॥২১॥

সেই স্থানে আগমন করিলেন। কারণ, প্রভাবশালী ও জগদীশ্বর কৃষ্ণের গতি অচিন্তনীয় ॥১৫—১৬॥

তাহার পর দ্রৌপদী কৃষ্ণকে দেখিয়া প্রণাম করিয়া পরম আনন্দে তাঁহার নিকট দুর্বাসামুনির আগমনাদির কথা বলিলেন ॥১৭॥

তদনন্তর কৃষ্ণ দ্রৌপদীকে কহিলেন—'কৃষ্ণা। আমিও ক্ষুধায় অত্যন্ত পীড়িত। সুতরাং তুমি সত্বর আমাকে ভোজন করাও, পরে অন্য সকল করিবে' ॥১৮॥

কৃষ্ণের বাক্য শুনিয়া দ্রৌপদী লজ্জিত হইয়া এই কথা বলিলেন—'সূর্য্যদত্ত স্থালীতে আমার ভোজনপর্য্যন্তই অন্ন থাকে ॥১৯॥

কিন্তু দেব! আমি ভোজন করিয়াছি; অতএব অন্ন আর নাই।' তখন কমললোচন ভগবান্ কৃষ্ণ দ্রৌপদীকে কহিলেন—॥২০॥

'দ্রৌপদি! আমি ক্ষুধায় ও পরিশ্রমে অত্যন্ত পীড়িত। সুতরাং এটা পরিহাসের সময় নহে। অতএব সত্বর যাও, স্থালীটা আনিয়া আমাকে দেখাও' ॥২১॥

উপযুজ্যাব্রবীদেনামনেন হরিরীশ্বরঃ।
বিশ্বাত্মা প্রীয়তাং দেবস্তুষ্টশ্চাস্ত্বিতি যজ্ঞভুক্ ॥২৩॥ (যুগ্মকম্)
আকারয় মুনীন্ শীঘ্রং ভোজনায়েতি চাব্রবীৎ।
সহদেবং মহাবাহুঃ কৃষ্ণঃ ক্লেশবিনাশনঃ ॥২৪॥
ততো জগাম ত্বরিতো সহদেবো মহাযশাঃ।
আকারিতুং তু তান্ সর্ব্বান্ ভোজনার্থং নৃপোত্তম ! ॥২৫॥
স্নাতুং গতান্ দেবনদ্যাং দুর্বাসঃপ্রভৃতীন্ মুনীন্।
তে চাবতীর্ণাঃ সলিলে কৃতবন্তোঽঘমর্ষণম্ ॥২৬॥ (যুগ্মকম্)
দৃষ্ট্বোদ্গারান্ সান্নরসান্ তৃপ্ত্যা পরময়া যুতাঃ।
উত্তীর্য্য সলিলাত্তস্মাদ্দৃষ্টবন্তঃ পরস্পরম্ ॥২৭॥
দুর্বাসসমভিপ্রেক্ষ্য সর্ব্বে তে মুনয়োঽব্রুবন্।
রাজ্ঞা হি কারয়িত্বান্নং বয়ং স্নাতুং সমাগতাঃ ॥২৮॥

ভারতকৌমুদী

ইতীতি। নির্ব্বন্ধত আগ্রহাতিশয়াৎ। উপযুজ্য ভুক্ত্বা। প্রীয়তাং তৃপ্যতু ॥২২—২৩॥
আকারয়েতি। আকারয় আহ্বয়, "হুতিরাকারণাহ্বানম্" ইত্যমরঃ ॥২৪॥
তত ইতি। আকারিতুমাকারয়িতুমাহ্বাতুম্। অঘমর্ষণং তৎসূক্তজপম্ ॥২৫—২৬॥
দৃষ্ট্বেতি। দৃষ্টবন্তঃ, অকস্মাদুদ্গারদর্শনেন বিস্ময়াদিতি ভাবঃ ॥২৭॥

যদুকুলশ্রেষ্ঠ কৃষ্ণ এইরূপ বিশেষ আগ্রহ করিয়া স্থালী আনাইয়া তাহার কণ্ঠলগ্ন শাকান্ন দেখিয়া তাহাই ভোজন করিয়া দ্রৌপদীকে বলিলেন—'আমার এই ভোজনদ্বারাই যজ্ঞভোজী, জগদীশ্বর ও বিশ্বাত্মা নারায়ণদেব তৃপ্ত ও তুষ্ট হউন' ॥২২—২৩॥

তদনন্তর জগতের ক্লেশনাশক মহাবাহু কৃষ্ণ সহদেবকে বলিলেন—'সহদেব ! ভোজন করিবার জন্য মুনিগণকে সত্বর আহ্বান কর' ॥২৪॥

রাজশ্রেষ্ঠ ! তখন মহাযশা সহদেব ভোজন করিবার জন্য মুনিগণকে আহ্বান করিতে সত্বর গমন করিলেন ; ওদিকে দুর্ব্বাসাপ্রভৃতি মুনিরা তখন স্নান করিবার জন্য দেবনদীতে যাইয়া তাহার জলে নামিয়া অঘমর্ষণসূক্ত জপ করিতেছিলেন ॥২৫—২৬॥

কিন্তু তাঁহারা তখন পরমতৃপ্তিযুক্ত হইয়া অন্নরসের সহিত আপন আপন উদ্গার দেখিয়া সেই জল হইতে উঠিয়া পরস্পর পরস্পরের মুখাবলোকন করিতে লাগিলেন ॥২৭॥

(২৪)···ভীমসেনং মহাবাহুঃ···নি।

আকণ্ঠতৃপ্তা বিপ্রর্ষে! কিংস্বিদ্ভুঞ্জামহে বয়ম্।
বৃথা পাকঃ কৃতোঽস্মাভিস্তত্র কিং করবামহে ॥২৯॥

দুর্ব্বাসা উবাচ।

বৃথা পাকেন রাজর্ষেরপরাধঃ কৃতো মহান্।
মাস্মানধাক্ষুর্দৃষ্ট্বৈব পাণ্ডবাঃ ক্রূরচক্ষুষা ॥৩০॥
স্মৃত্বানুভাবং রাজর্ষেরম্বরীষস্য ধীমতঃ।
বিভেমি সুতরাং বিপ্রাঃ! হরিপাদাশ্রয়াজ্জনাৎ ॥৩১॥
পাণ্ডবাশ্চ মহাত্মানঃ সর্ব্বে ধর্ম্মপরায়ণাঃ।
শূরাশ্চ কৃতবিদ্যাশ্চ ব্রতিনস্তপসি স্থিতাঃ।
সদাচাররতা নিত্যং বাসুদেবপরায়ণাঃ ॥৩২॥
ক্রুদ্ধাস্তে নির্দ্দহেয়ুর্বৈ তূলরাশিমিবানলঃ।
তত এতানদৃষ্ট্বৈব শিষ্যাঃ! শীঘ্রং পলায়ত ॥৩৩॥

ভারতকৌমুদী

দুর্বাসসমিতি। মুনয়ঃ শিষ্যাঃ। রাজ্ঞা যুধিষ্ঠিরেণ ॥২৮॥
আকণ্ঠেতি। আকণ্ঠতৃপ্তাঃ ভোজনেনাকণ্ঠপূর্ণা ইব। কৃতঃ কারিতঃ ॥২৯॥
বৃথেতি। অধাক্ষুরিতি মাযোগেঽপ্যড়াগম আর্ষঃ ॥৩০॥
স্মৃত্বেতি। অনুভাবং প্রভাবম্, "অনুভাবঃ প্রভাবেঽপি" ইত্যমরঃ। সুতরামত্যন্তম্ ॥৩১॥
পাণ্ডবা ইতি। এভিঃ সর্বৈর্গুণৈরেব পাণ্ডবেভ্যো ভয়সম্ভব ইতি ভাবঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩২॥

তাহার পর সেই মুনিরা সকলে দুর্ব্বাসাকে দেখিয়া বলিলেন—'মহর্ষি! আমরা রাজা দ্বারা অন্ন প্রস্তুত করাইয়া স্নান করিতে আসিয়াছিলাম ॥২৮॥

এখন বোধ হইতেছে—যেন ভোজন করায় কণ্ঠপর্য্যন্ত পূর্ণ হইয়া গিয়াছে। সুতরাং আমরা এখন ভোজনই বা করিব কি, অনর্থক পাক করাইয়াছি, সে বিষয়েই বা করিব কি?' ॥২৯॥

দুর্বাসা বলিলেন—'অনর্থক পাক করাইয়াছি বলিয়া আমরা রাজর্ষি যুধিষ্ঠিরের নিকট গুরুতর অপরাধ করিয়াছি। অতএব পাণ্ডবেরা যেন ক্রূর দৃষ্টিতে দর্শন করিয়া আমাদিগকে দগ্ধ না করেন ॥৩০॥

ব্রাহ্মণগণ! রাজর্ষি ও জ্ঞানী অম্বরীষরাজার প্রভাব স্মরণ করিয়া আমি হরির চরণাশ্রিত ব্যক্তি হইতে অত্যন্ত ভীত হইতেছি ॥৩১॥

পাণ্ডবেরা সকলেই মহাত্মা, ধার্ম্মিক, বীর, কৃতবিদ্য, ব্রতী, তপস্বী, সদাচার-নিরত এবং সর্ব্বদা কৃষ্ণপরায়ণ' ॥৩২॥

বৈশম্পায়ন উবাচ।

ইত্যুক্তাস্তে দ্বিজাঃ সর্ব্বে মুনিনা গুরুণা তদা।
পাণ্ডবেভ্যো ভৃশং ভীতা দুদ্রুবুস্তে দিশো দশ ॥৩৪॥
সহদেবো দেবনদ্যামপশ্যন্ মুনিসত্তমান্।
তীর্থেম্বিতস্ততস্তস্যা বিচচার গবেষয়ন্ ॥৩৫॥
তত্রস্থেভ্যস্তাপসেভ্যঃ শ্রুত্বা তাংশ্চৈব বিদ্রুতান্।
যুধিষ্ঠিরমথাভ্যেত্য তং বৃত্তান্তং ন্যবেদয়ৎ ॥৩৬॥
ততস্তে পাণ্ডবাঃ সর্ব্বে প্রত্যাগমনকাঙ্ক্ষিণঃ।
প্রতীক্ষন্তঃ কিয়ৎকালং জিতাত্মানোঽবতস্থিরে ॥৩৭॥
নিশীথেঽভ্যেত্য চাকস্মাদস্মান্ স ছলয়িষ্যতি।
কথঞ্চ নিস্তরেমাস্মাৎ কৃচ্ছ্রাদ্দৈবোপসাদিতাৎ ॥৩৮॥

ভারতকৌমুদী

ক্রুদ্ধা ইতি। পলায়তেতি পরস্মৈপদমার্ষম্ ॥৩৩॥
ইতীতি। দুদ্রুবুর্দ্রুতং পলায়িতাঃ ॥৩৪॥
সহেতি। তীর্থেষু ঘট্টেষু তীরস্থপুণ্যক্ষেত্রেষু বা। গবেষয়ন্ অন্বিষ্যন্ ॥৩৫॥
তত্রেতি। বিদ্রুতান্ দ্রুতং গতান্। ন্যবেদয়ৎ সহদেব ইত্যনুবৃত্তিঃ ॥৩৬॥
তত ইতি। প্রত্যাগমনকাঙ্ক্ষিণো দুর্বাসঃপ্রভৃতীনামিতি শেষঃ ॥৩৭॥
নিশীথ ইতি। স দুর্বাসাঃ। দৈবেন উপসাদিতাদানীতাৎ ॥৩৮॥

অগ্নি যেমন তূলরাশি দগ্ধ করেন, তেমন তাঁহারা আমাদিগকে দগ্ধ করিতে পারেন। অতএব শিষ্যগণ! ইহাদিগকে না দেখিয়া সত্বর পলায়ন কর’ ॥৩৩॥

বৈশম্পায়ন বলিলেন—গুরু দুর্বাসামুনি এইরূপ বলিলে, সেই ব্রাহ্মণেরা সকলেই পাণ্ডবগণ হইতে অত্যন্ত ভীত হইয়া তখনই দশ দিকে দ্রুত পলায়ন করিলেন ॥৩৪॥

তাহার পর সহদেব আসিয়া সেই দেবনদীতে মুনিগণকে না দেখিয়া তাহার ঘাটগুলিতে এবং তীরবর্ত্তী আশ্রমগুলিতে ইতস্ততঃ তাঁহাদের অন্বেষণ করিতে থাকিয়া বিচরণ করিতে লাগিলেন ॥৩৫॥

‘তাঁহারা চলিয়া গিয়াছেন’ এই কথা তত্রত্য তপস্বিগণের নিকট শুনিয়া সহদেব যুধিষ্ঠিরের নিকট আসিয়া সেই বৃত্তান্ত জানাইলেন ॥৩৬॥

তদনন্তর সংযতচিত্ত পাণ্ডবেরা সকলেই সেই মুনিগণের প্রত্যাগমনের আশা করিয়া কিয়ৎকাল প্রতীক্ষায় রহিলেন ॥৩৭॥

(৩৫) ভীমসেনো দেবনদ্যাম্…নি।

ইতি চিন্তাপরান্ দৃষ্ট্বা নিশ্বসন্তো মুহুর্মুহুঃ।
উবাচ বচনং শ্রীমান্ কৃষ্ণঃ প্রত্যক্ষতাং গতঃ ॥৩৯॥

শ্রীকৃষ্ণ উবাচ।

ভবতামাপদং জ্ঞাত্বা ঋষেঃ পরমকোপনাৎ।
দ্রৌপদ্যা চিন্তিতঃ পার্থা অহং সত্বরমাগতঃ ॥৪০॥
ন ভয়ং বিদ্যতে তস্মাদৃষের্দুর্ব্বাসসোঽল্পকম্।
তেজসা ভবতাং ভীতঃ পূর্ব্বমেব পলায়িতঃ ॥৪১॥
ধর্ম্মনিত্যাস্তু যে কেচিন্ন তে সীদন্তি কর্হিচিৎ।
আপৃচ্ছে বো গমিষ্যামি নিয়তং ভদ্রবস্তু বঃ ॥৪২॥

বৈশম্পায়ন উবাচ।

শ্রুত্বেরিতং কেশবস্য বভূবুঃ স্বস্থমানসাঃ।
দ্রৌপদ্যাঃ সহিতাঃ পার্থাস্তমূচুর্বিগতজ্বরাঃ ॥৪৩॥

ভারতকৌমুদী

ইতীতি। নিশ্বসন্ত ইতি নকারলোপাভাব আর্ষঃ। প্রত্যক্ষতাং গতঃ দ্রৌপদ্যন্তিকাদাগম্য ॥৩৯॥

ভবতামিতি। হে পার্থাঃ পাণ্ডবাঃ! সপত্নীপুত্রেঽপি পুত্রত্বাতিদেশাদিত্যাশয়ঃ ॥৪০॥

নেতি। তস্মাদ্দুর্বাসসঃ, অল্পকমপি। পলায়িতঃ সশিষ্যো দুর্বাসা ইতি শেষঃ ॥৪১॥

উক্তার্থে হেতুমাহ ধর্ম্মেতি। ধর্ম্মো নিত্যো নিত্যানুষ্ঠেয়ো যেষাং তে। সীদন্তি বিপদ্যন্তে ॥৪২॥

'হয় ত, দুর্ব্বাসামুনি রাত্রিদ্বিতীয়প্রহরের সময় অকস্মাৎ আসিয়া আমাদিগকে প্রতারিত করিবেন। অতএব এই দৈবানীত বিপদ হইতে আমরা কিপ্রকারে উদ্ধার পাইব' ॥৩৮॥

এইরূপ চিন্তায় আকুল হইয়া পাণ্ডবেরা বার বার নিশ্বাস ত্যাগ করিতেছেন ইহা জানিয়া শ্রীমান্ কৃষ্ণ আসিয়া এই কথা বলিলেন ॥৩৯॥

কৃষ্ণ বলিলেন—'পাণ্ডবগণ! অত্যন্তকোপনস্বভাব দুর্বাসা হইতে আপনাদের বিপদ্ উপস্থিত হইয়াছে ইহা জানিয়া দ্রৌপদী আমাকে স্মরণ করিয়াছিলেন; তাই আমি সত্বর আসিয়াছি ॥৪০॥

এখন সেই দুর্ব্বাসা হইতে আপনাদের একটুকু ভয়ও নাই। কারণ, তিনি আপনাদের প্রভাবে ভীত হইয়া পূর্ব্বেই পলায়ন করিয়াছেন ॥৪১॥

যাঁহারা সর্ব্বদা ধর্ম্মানুষ্ঠান করেন, তাঁহারা কখনও বিপন্ন হন না। সে যাহা হউক, আমি আপনাদের অনুমতি চাহিতেছি, আমি যাইব; আপনাদের নিয়তই মঙ্গল হউক' ॥৪২॥

ত্বয়া নাথেন গোবিন্দ ! দুস্তরামাপদং বিভো ! ।
তীর্ণাঃ প্লবমিবাসাদ্য মজ্জমানা মহার্ণবে ॥৪৪॥
স্বস্তি সাধয় ভদ্রং তে ইত্যাজ্ঞাতো যযৌ পুরীম্ ।
পাণ্ডবাশ্চ মহাভাগ ! দ্রৌপদীসহিতাঃ প্রভো ! ॥৪৫॥
ঊষুঃ প্রহৃষ্টমনসো বিহরন্তো বনাদ্বনম্ ।
ইতি তেঽভিহিতং রাজন্ ! যৎ পৃষ্টোঽহমিহ ত্বয়া ॥৪৬॥ (যুগ্মকম্)
এবংবিধান্যলীকানি ধার্ত্তরাষ্ট্রৈর্দুরাত্মভিঃ ।
পাণ্ডবেষু বনস্থেষু প্রযুক্তানি বৃথাঽভবন্ ॥৪৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্বণি দ্রৌপদী-হরণে দুর্বাস উপাখ্যানে অষ্টাদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

শ্রুত্বেতি। ঈরিতং বাক্যম্। স্বস্থমানসাঃ সুস্থচিত্তাঃ। বিগতজ্বরা নিরুদ্বেগাঃ ॥৪৩॥

ত্বয়েতি। নাথেন রক্ষকেণ। তীর্ণা বয়মিতি শেষঃ ॥৪৪॥

স্বস্তীতি। সাধয় গচ্ছ, "প্রায়েণ প্যন্তকঃ সাধির্গমেঃ স্থানে প্রযুজ্যতে" ইতি সাহিত্য-দর্পণোক্তেঃ। যযৌ কৃষ্ণ ইতি শেষঃ। বিহরন্তো বিচরন্তঃ ॥৪৫—৪৬॥

ভারতভাবদীপঃ

॥৮॥ আকূতীনাং চিত্তীনাঞ্চেতি চেতোবৃত্তিবিশেষাণাম্ ॥৯—২৫॥ দেবনদ্যাং তত্রস্থ এব তীর্থবিশেষে ॥২৬—৪৬॥ অলীকানি ছলানি। "অলীকং ত্বপ্রিয়েঽনৃতে" ইতি নানার্থঃ ॥৪৭॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২১৮॥

বৈশম্পায়ন বলিলেন—কৃষ্ণের কথা শুনিয়া পাণ্ডবেরা দ্রৌপদীর সহিত সুস্থচিত্ত হইলেন এবং নিরুদ্বেগে কৃষ্ণকে বলিলেন—॥৪৩॥

'প্রভু! গোবিন্দ! মহাসমুদ্রে মজ্জনোন্মুখ লোক যেমন ভেলা পাইয়া উত্তীর্ণ হয়, সেইরূপ আমরা তোমাকে রক্ষক পাইয়া দুস্তর বিপদ হইতে উত্তীর্ণ হইলাম ॥৪৪॥

আশীর্ব্বাদ করি—তোমার মঙ্গল হউক, তুমি যাইতে পার'। এইরূপ আদেশ করিলে কৃষ্ণ দ্বারকানগরীর দিকে প্রস্থান করিলেন। মহাভাগ রাজা! পাণ্ডবেরাও দ্রৌপদীর সহিত হৃষ্টচিত্তে এক বন হইতে অপর বনে বিচরণ করতঃ কাম্যকবনে বাস করিতে লাগিলেন। রাজা! তুমি এখন আমার নিকট যাহা জিজ্ঞাসা করিয়াছিলে, এই তোমার নিকট তাহা বলিলাম ॥৪৫-৪৬॥

পাণ্ডবেরা বনে বাস করিবার সময়ে দুরাত্মা ধার্ত্তরাষ্ট্রেরা এইরূপ অনেক অনিষ্ট প্রয়োগ করিয়াছিল এবং সে সমস্তই নিষ্ফল হইয়াছিল ॥৪৭॥

---

* '…দ্বিষষ্ট্যধিকদ্বিশততমঃ…' বা ব, '…ত্রিষষ্ট্যধিকদ্বি…' কা '…চতুঃষষ্ট্যধিকদ্বি…' নি।

ঊনবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

——:*:——

বৈশম্পায়ন উবাচ।

তস্মিন্ বহুমৃগেঽরণ্যে অটমানা মহারথাঃ।
কাম্যকে ভরতশ্রেষ্ঠা বিজহ্রুস্তে যথামরাঃ ॥১॥
প্রেক্ষমাণা বহুবিধান্ বনোদ্দেশান্ সমন্ততঃ।
যথর্ত্তুকালরম্যাশ্চ বনরাজীঃ সুপুষ্পিতাঃ ॥২॥ (যুগ্মকম্)
পাণ্ডবা মৃগয়াশীলাশ্চরন্তস্তন্মহদ্বনম্।
বিজহ্রুরিন্দ্রপ্রতিমাঃ কঞ্চিৎ কালমরিন্দমাঃ ॥৩॥
ততস্তে যৌগপদ্যেন যযুঃ সর্বে চতুর্দ্দিশম্।
মৃগয়াং পুরুষব্যাঘ্রা ব্রাহ্মণার্থে পরন্তপাঃ ॥৪॥
দ্রৌপদীমাশ্রমে ন্যস্য তৃণবিন্দোরনুজ্ঞয়া।
মহর্ষের্দীপ্ততপসো ধৌম্যস্য চ পুরোধসঃ ॥৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

এবমিতি। অলীকানি অপ্রিয়াণি, "অলীকন্ত্বপ্রিয়েঽনৃতে" ইত্যমরঃ ॥৪৭॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে অষ্টাদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(:*:)——

তস্মিন্নিতি। বহবো মৃগা যত্র তস্মিন্। বনোদ্দেশান্ বনসন্নিহিতস্থানানি ॥১—২॥
পাণ্ডবা ইতি। তৎ কাম্যকাখ্যম্। ইন্দ্রপ্রতিমাঃ শক্তিসৌন্দর্য্যাদৌ ॥৩॥
তত ইতি। যৌগপদ্যেন একদৈবেত্যর্থঃ। মৃগয়াং কর্ত্তুম্। ন্যস্য স্থাপয়িত্বা ॥৪—৫॥

বৈশম্পায়ন বলিলেন—তদনন্তর ভরতবংশশ্রেষ্ঠ মহারথ পাণ্ডবগণ সকল দিকে বনসন্নিহিত নানাবিধ স্থান এবং পুষ্পসমন্বিত তত্তৎকালমনোহর বহুতর বন দেখিতে থাকিয়া বহুমৃগে পরিপূর্ণ সেই কাম্যকবনে দেবগণের ন্যায় বিচরণ করতঃ বিহার করিতে লাগিলেন ॥১—২॥

এবং ইন্দ্রের তুল্য শক্তিশালী, শত্রুবিজয়ী ও মৃগয়াশীল পাণ্ডবেরা কাম্যক-নামক সেই মহাবনেও কিছু কাল বিহার করিলেন ॥৩॥

তাহার পর কোন সময়ে পুরুষশ্রেষ্ঠ ও শত্রুবিজয়ী পাণ্ডবগণ—মহাতেজা ও মহর্ষি তৃণবিন্দুর এবং ধৌম্যপুরোহিতের অনুমতিক্রমে দ্রৌপদীকে আশ্রমে রাখিয়া ব্রাহ্মণগণের জন্য মৃগয়া করিতে একদাই সকলে চতুর্দ্দিকে চলিয়া গেলেন ॥৪—৫॥

ততস্তু রাজা সিন্ধূনাং বার্দ্ধক্ষত্রির্মহাযশাঃ।
বিবাহকামঃ শাল্বেয়ান্ প্রয়াতঃ সোঽভবত্তদা ॥৬॥
মহতা পরিবর্হেণ রাজযোগ্যেন সংবৃতঃ।
রাজভির্বহুভিঃ সার্দ্ধমুপায়াৎ কাম্যকঞ্চ সঃ ॥৭॥
তত্রাপশ্যৎ প্রিয়াং ভার্য্যাং পাণ্ডবানাং যশস্বিনীম্।
তিষ্ঠন্তীমাশ্রমদ্বারি দ্রৌপদীং নির্জনে বনে ॥৮॥
বিভ্রাজমানাং বপুষা বিভ্রতীং রূপমুত্তমম্।
ভ্রাজয়ন্তীং বনোদ্দেশং নীলাভ্রমিব বিদ্যুতম্ ॥৯॥ (যুগ্মকম্)
অপ্সরা দেবকন্যা বা মায়া বা দেবনির্ম্মিতা।
ইতি কৃত্বাঞ্জলিং সর্ব্বে দদৃশুস্তামনিন্দিতাম্ ॥১০॥
ততঃ স রাজা সিন্ধূনাং বার্দ্ধক্ষত্রির্জয়দ্রথঃ।
বিস্মিতস্ত্বনবদ্যাঙ্গীং দৃষ্ট্বা তাং দুষ্টমানসঃ ॥১১॥

ভারতকৌমুদী

তত ইতি। বার্দ্ধক্ষত্রির্জয়দ্রথঃ। শাল্বেয়ান্ শাল্বদেশম্ ॥৬॥
মহতেতি। পরিবর্হেণ পরিচ্ছদেন। কাম্যকং বনম্ ॥৭॥
তত্রেতি। অপশ্যৎ স ইত্যনুবৃত্তিঃ। নীলাভ্রং নীলমেঘম্ ॥৮—৯॥
অপ্সরা ইতি। দেবৈর্নির্ম্মিতা কৃতা। ইতি ইত্থং বিকল্পেন ॥১০॥
তত ইতি। বৃদ্ধক্ষত্রস্যাপত্যং বার্দ্ধক্ষত্রিঃ। বিস্মিতঃ অভবদিতি শেষঃ ॥১১॥

সেই সময়ে সিন্ধুদেশের রাজা মহাযশা জয়দ্রথ বিবাহ করিবার ইচ্ছায় শাল্বদেশে গমন করিতেছিলেন ॥৬॥

তিনি রাজার যোগ্য মূল্যবান্ পরিচ্ছদে আবৃত হইয়া বহুতর রাজার সহিত কাম্যকবনে উপস্থিত হইলেন ॥৭॥

এবং দেখিলেন—পাণ্ডবগণের প্রিয়তমা ভার্য্যা, যশস্বিনী, শরীরশোভায় দীপ্তিমতী ও পরম সুন্দরী দ্রৌপদী তখন সেই নির্জন-বন-মধ্যে আশ্রমদ্বারে অবস্থান করিতেছেন এবং বিদ্যুৎ যেমন নীলমেঘকে উজ্জ্বল করে, সেইরূপ সেই বনপ্রদেশটাকে উজ্জ্বল করিতেছেন ॥৮—৯॥

'ইনি কি অপ্সরা, না দেবকন্যা, না দৈবী মায়া' এইরূপ নানাবিধ কল্পনা করিয়া তাঁহারা সকলেই কৃতাঞ্জলি হইয়া সেই অনিন্দ্যসুন্দরী দ্রৌপদীকে দেখিতে লাগিলেন ॥১০॥

তাহার পর সিন্ধুদেশের রাজা ও বৃদ্ধক্ষত্রনন্দন দুরাত্মা জয়দ্রথ সেই অনিন্দ্য-সুন্দরী দ্রৌপদীকে দেখিয়া বিস্মিত হইলেন ॥১১॥

স কোটিকাস্যং রাজানমব্রবীৎ কামমোহিতঃ।
কস্য ত্বেষাঽনবদ্যাঙ্গী যদি বাপি ন মানুষী ॥১২॥
বিবাহার্থো ন মে কশ্চিদিমাং প্রাপ্যাতিসুন্দরীম্।
এতামেবাহমাদায় গমিষ্যামি স্বমালয়ম্ ॥১৩॥
গচ্ছ জানীহি সৌম্যেমাং কস্য বাত্র কুতোঽপি বা।
কিমর্থমাগতা সুভ্রূরিদং কণ্টকিতং বনম্ ॥১৪॥
অপি নাম বরারোহা মামেষা লোকসুন্দরী।
ভজেদদ্যায়তাপাঙ্গী সুদতী তনুমধ্যমা ॥১৫॥
অপ্যহং কৃতকামঃ স্যামিমাং প্রাপ্য বরস্ত্রিয়ম্।
গচ্ছ জানীহি কো ন্বস্যা নাথ ইত্যেব কোটিক! ॥১৬॥

ভারতকৌমুদী

স ইতি। কোটিকাস্যং তদাখ্যম্। যদি বেতি সম্ভাবনায়াম্ ॥১২॥
বিবাহেতি। বিবাহস্য অর্থঃ প্রয়োজনং নাস্তি, অনয়ৈব তস্য সিদ্ধত্বাদিত্যাশয়ঃ ॥১৩॥
গচ্ছেতি। হে সৌম্য! কোটিকাস্য!। সুভ্রূঃ ইয়ং সুন্দরভ্রূযুগলা রমণী ॥১৪॥
অপীতি। বরারোহা মনোহরনিতম্বা। সুদতী সুন্দরদন্তশালিনী ॥১৫॥
অপীতি। কৃতকামঃ সম্পাদিতাভিলাষঃ। নাথো রক্ষকঃ ॥১৬॥

ভারতভাবদীপঃ

তস্মিন্নিতি ॥১—৬॥ পরিবর্হেণ পরিচ্ছদেন। 'পরিবর্হস্তু রাজার্হবস্তুন্যপি পরিচ্ছদে" ইতি বিশ্বঃ ॥৭—৮॥ নীলাভ্রং নীলমেঘম্ ॥৯—১১॥ কোটিকাস্যং কোটী দুর্গমন্তঃপুরং তত্রাধিকৃতাঃ কোটিকাস্তেষামাস্যমিব মুখ্যম্। আখ্যমিতি পাঠে সংখ্যান্তরং বক্তারমিতি বা। অশ্বেতি পাঠে কোটিকা অশ্বা ব্যাপ্যা যস্যেতি বা রাজানং ক্ষত্রিয়ং প্রভুং বা। "রাজা প্রভৌ চ নৃপতৌ ক্ষত্রিয়ে রজনীপতৌ" ইতি মেদিনী ॥১২—১৭॥
ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে উনবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২১৯॥

এবং তিনি কামমোহিত হইয়া কোটিকাস্য রাজাকে বলিলেন—'এই অনিন্দ্যসুন্দরী কাহার? আমার মনে হয়—ইনি মানুষী নহেন ॥১২॥

এই পরমসুন্দরীকে লাভ করায় আমার আর বিবাহের কোন প্রয়োজন নাই। কারণ, আমি ইঁহাকে লইয়াই আপন ভবনে চলিয়া যাইব ॥১৩॥

অতএব সৌম্য কোটিকাস্য! তুমি ইঁহার নিকট যাও, যাইয়া জান যে, এই সুন্দরী কাহার, কি জন্যই বা কোথা হইতে এই কণ্টকপূর্ণ বনে আসিয়াছেন ॥১৪॥

সুন্দরনিতম্বা, ভুবনসুন্দরী, আয়তনয়না, মনোহরদন্তশালিনী ও ক্ষীণমধ্যা এই রমণী আজ আমাকে ভজন করিবেন কি? ॥১৫॥

স কোটিকাস্যস্তচ্ছ্রুত্বা রথাৎ প্রস্কন্দ্য কুণ্ডলী।
উপেত্য পপ্রচ্ছ তদা ক্রোষ্টা ব্যাঘ্রবধূমিব ॥১৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি দ্রৌপদী-
হরণে জয়দ্রথাগমনে ঊনবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

——:(*):——

বিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

——:*:——

কোটিকাস্য উবাচ।

কা ত্বং কদম্বস্য বিনাম্য শাখামেকাশ্রমে তিষ্ঠসি শোভমানা।
দেদীপ্যমানাগ্নিশিখেব নক্তং ব্যাধূয়মানা পবনেন সুভ্রু! ॥১॥
অতীব রূপেণ সমন্বিতা ত্বং ন চাপ্যরণ্যেষু বিভেষি কিন্নু।
দেবী নু যক্ষী যদি দানবী বা বরাপ্সরা দৈত্যবরাঙ্গনা বা ॥২॥

ভারতকৌমুদী

স ইতি। প্রস্কন্দ্য অবপ্লুত্য, কুণ্ডলী কর্ণকুণ্ডলযুগলধারী। ক্রোষ্টা শৃগালঃ ॥১৭॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-
সমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে ঊনবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(:*:)——

কেতি। কদম্বস্য বৃক্ষস্য, একা একাকিনী। নক্তং রাত্রৌ, ব্যাধূয়মানা কম্প্যমানা ॥১॥

অতীবেতি। ভয়কারণে সত্যপি যন্ন বিভেষি তদেবাশ্চর্য্যমিতি ভাবঃ ॥২॥

আমি এই উত্তম রমণীটীকে পাইয়া পূর্ণমনোরথ হইব কি?। অতএব কোটিক! যাও, যাইয়া জান যে, ইঁহার রক্ষক কে আছে' ॥১৬॥

কুণ্ডলধারী কোটিকাস্য সেই কথা শুনিয়া রথ হইতে লাফাইয়া পড়িয়া তখনই যাইয়া—শৃগাল যেমন ব্যাঘ্রবধূর নিকট জিজ্ঞাসা করে, সেইরূপ দ্রৌপদীর নিকট জিজ্ঞাসা করিল—॥১৭॥

——(০:*:০)——

কোটিকাস্য বলিল—'সুন্দরি! রাত্রিতে বায়ুকম্পিত দেদীপ্যমানা অগ্নি-শিখার ন্যায় শোভা পাইতে থাকিয়া, কদম্ববৃক্ষের একটী শাখাকে নোয়াইয়া ধরিয়া আশ্রমদ্বারে একাকিনী দাঁড়াইয়া রহিয়াছ; তুমি কে? ॥১॥

---

* '…চতুঃপঞ্চাশদধিকদ্বিশততমঃ…' পি, '…ত্রিষষ্ট্যধিকদ্বি…' বা ব, '…চতুঃষষ্ট্যধিক-দ্বি…' কা, '…পঞ্চষষ্ট্যধিকদ্বি…' নি।

(১)…নিয়ম্য শাখাম্…পি।

বপুষ্মতী বোরগরাজকন্যা বনেচরী বা ক্ষণদাচরস্ত্রী।
যদ্বেব রাজ্ঞো বরুণস্য পত্নী যমস্য সোমস্য ধনেশ্বরস্য ॥৩॥
ধাতুর্বিধাতুঃ সবিতুর্বিভোর্ব্বা শুক্রস্য বা ত্বং সদনাৎ প্রপন্না।
ন হ্যেব নঃ পৃচ্ছসি যে বয়ং স্ম ন চাপি জানীম তবেহ নাথম্ ॥৪॥
বয়ং হি মানং তব বর্দ্ধয়ন্তঃ পৃচ্ছাম ভদ্রে! প্রভবং প্রভুঞ্চ।
আচক্ষ্ব বন্ধূংশ্চ পতিং কুলঞ্চ তত্ত্বেন যচ্চেহ করোষি কার্য্যম্ ॥৫॥
অহন্তু রাজ্ঞঃ সুরথস্য পুত্রো যং কোটিকাস্যেতি বিদুর্মনুষ্যাঃ।
অসৌ তু যস্তিষ্ঠতি কাঞ্চনাঙ্গে রথে হুতোঽগ্নিশ্চয়নে যথৈব।
ত্রিগর্ত্তরাজঃ কমলায়তাক্ষঃ ক্ষেমঙ্করো নাম স এষ বীরঃ ॥৬॥

ভারতকৌমুদী

বপুরিতি। বপুষ্মতী মানুষীমূর্ত্তিধারিণী। উরগঃ সর্পঃ, ক্ষণদাচরো রাক্ষসঃ ॥৩॥
ধাতুরিতি। বিভোঃ প্রভোঃ। স্ম ইতি বিসর্গলোপ আর্ষঃ। নাথং রক্ষকম্ ॥৪॥
বয়মিতি। প্রভবত্যস্মাদিতি প্রভবঃ পিতা তম্, প্রভুং স্বামিনম্ ॥৫॥
অহমিতি। কাঞ্চনাঙ্গে স্বর্ণময়ে। চীয়তে অস্মিন্নিতি চয়নং স্থণ্ডিলং কুণ্ডং বা তত্র। কমলায়তাক্ষঃ পদ্মপত্রবৎ দীর্ঘনয়নঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬॥

ভারতভাবদীপঃ

কেতি ॥১—৩॥ ধাতুঃ প্রজাপতেঃ সরস্বতী বা, বিধাতুঃ কশ্যপস্য রুদ্রস্য বা, অদিতিঃ পার্ব্বতী বা, বিভোর্বিষ্ণোর্লক্ষ্মীর্বা ॥৪॥ প্রভবং পিতরম্, প্রভুং মহান্তম্ ॥৫॥ রাজ্ঞঃ ক্ষত্রিয়স্য,

---

তুমি পরম রূপবতী, অথ চ বনের ভিতরে ভয় পাইতেছ না কেন? তুমি কি কোন দেবী, না যক্ষী, না দানবী, না কোন প্রধান অপ্সরা, কিংবা কোন প্রধান দৈত্যের পত্নী? ॥২॥

অথবা তুমি নাগরাজের কন্যা, মানুষীর মূর্ত্তি ধারণ করিয়া আসিয়াছ, কিংবা কোন রাক্ষসের স্ত্রী বনে বিচরণ করিতেছ; অথবা রাজা বরুণ, যম, চন্দ্র কিংবা কুবেরের পত্নী ॥৩॥

অথবা তুমি—প্রভু ধাতা, বিধাতা, সূর্য্য বা শুক্রের ভবন হইতে আসিয়াছ। কিন্তু আমরা যাহারা, তাহা ত তুমি আমাদের নিকট জিজ্ঞাসা করিলে না; কিংবা আমরাও তোমার অভিভাবকের বিষয় জানিলাম না ॥৪॥

ভদ্রে! আমি তোমার সম্মানবৃদ্ধি করতঃ জিজ্ঞাসা করিতেছি—তোমার পিতা কে? অভিভাবকই বা কে? বন্ধু কাহারা? স্বামী কে? কোন্ বংশে জন্মিয়াছ? এখানে যে কার্য্য করিতেছ, তাহাই বা কি? এই সকল বিষয় সত্য বল ॥৫॥

তবে আমি সুরথরাজার পুত্র, যাঁহাকে লোকে 'কোটিকাস্য' বলিয়া জানে।

অস্মাৎ পরস্ত্বেষ মহাধনুষ্মান্ পুত্রঃ কুলিন্দাধিপতের্ব্বরিষ্ঠঃ।
নিরীক্ষতে ত্বাং বিপুলায়তাক্ষঃ সুপুষ্পিতঃ পর্ব্বতবাসনিত্যঃ ॥৭॥
অসৌ তু যঃ পুষ্করিণীসমীপে শ্যামো যুবা তিষ্ঠতি দর্শনীয়ঃ।
ইক্ষ্বাকুরাজ্ঞঃ সুবলস্য পুত্রঃ স এষ হন্তা দ্বিষতাং সুগাত্রি ! ॥৮॥
যস্যানুযাত্রা ধ্বজিনঃ প্রযান্তি সৌবীরকা দ্বাদশ রাজপুত্রাঃ।
শোণাশ্বযুক্তেষু রথেষু সর্ব্বে মখেষু দীপ্তা ইব হব্যবাহাঃ ॥৯॥
অঙ্গারকঃ কুঞ্জরো গুপ্তকশ্চ শত্রুঞ্জয়ঃ সৃঞ্জয়সুপ্রবৃদ্ধৌ।
প্রভঙ্করোঽথ ভ্রমরো রবিশ্চ শূরঃ প্রতাপঃ কুহনশ্চ নাম ॥১০॥
যং ষট্‌সহস্রা রথিনোঽনুযান্তি নাগা হয়াশ্চৈব পদাতিনশ্চ।
জয়দ্রথো নাম যদি শ্রুতস্তে সৌবীররাজঃ সুভগে ! স এষঃ ॥১১॥
(বিশেষকম্)

ভারতকৌমুদী

অস্মাদিতি। সুপুষ্পিতঃ শোভনপুষ্পমালাধারী, পর্ব্বতবাসো নিত্যো যস্য সঃ ॥৭॥
অসাবিতি। দর্শনীয়ো মনোহরমূর্ত্তিঃ। হে সুগাত্রি ! সুন্দরাঙ্গি ! ॥৮॥
যস্যেতি। অনু পশ্চাদ্‌যাত্রা গমনং যেষাং তে, সৌবীরকাঃ সৌবীরদেশীয়াঃ। অথ কে তে দ্বাদশেত্যাহ অঙ্গারক ইতি। এতানি তেষাং দ্বাদশানাং নামানি। পদাভ্যামতন্তি সততং গচ্ছন্তীতি পদাতিনঃ পদাতয়ঃ ॥৯—১১॥

ভারতভাবদীপঃ

চয়নে ইষ্টকোচ্চয়ে ॥৬—৮॥ অনুচক্রং সৈন্যমনু লক্ষ্যীকৃত্য প্রযান্তি। "চক্রং সৈন্যরথাঙ্গয়োঃ" ইতি বিশ্বঃ। পাঠান্তরেঽনুযাত্রা যাত্রোপকরণপালা ইত্যর্থঃ ॥৯—১০॥ পদাতিনঃ পদ্ভ্যা-

---

আর স্থণ্ডিলে আহুত অগ্নির ন্যায় ঐ যিনি স্বর্ণময় রথে অবস্থান করিতেছেন, উনি ত্রিগর্ত্তদেশের রাজা পদ্মনয়ন ও বীর 'ক্ষেমঙ্কর' ॥৬॥

উঁহার পরবর্ত্তী বিশালনয়ন ও সুন্দরপুষ্পমালাধারী যে পুরুষটী তোমাকে দর্শন করিতেছেন, ইনি পর্ব্বতবাসী পুলিন্দাধিপতির জ্যেষ্ঠপুত্র এবং ইনি মহাধনুর্দ্ধর ॥৭॥

সুন্দরি। পুষ্করিণীর নিকটে ঐ যে শ্যামবর্ণ সুন্দর যুবকটী দাঁড়াইয়া আছেন, ইনি শত্রুহন্তা ইক্ষ্বাকুবংশীয় রাজা সুবলের পুত্র ॥৮॥

অঙ্গারক, কুঞ্জর, গুপ্তক, শত্রুঞ্জয়, সৃঞ্জয়, সুপ্রবৃদ্ধ, প্রভঙ্কর, ভ্রমর, রবি, শূর, প্রতাপ ও কুহন—এই বার জন সৌবীররাজপুত্র রক্তবর্ণ ঘোটকযুক্ত রথে আরোহণ করিয়া ধ্বজ ধারণপূর্ব্বক প্রজ্বলিত যজ্ঞাগ্নির ন্যায় যাঁহার পশ্চাতে গমন করিতেছেন এবং ছয় হাজার রথী, হস্তী, অশ্ব ও পদাতি যাঁহার অনুগমন

তস্যাপরে ভ্রাতরোঽদীনসত্ত্বা বলাহকানীকবিদারণাদ্যাঃ।
সৌবীরবীরাঃ প্রবরা যুবানো রাজানমেতে বলিনোঽনুযান্তি ॥১২॥
এতৈঃ সহায়ৈরুপযাতি রাজা মরুদ্‌গণৈরিন্দ্র ইবাভিগুপ্তঃ।
অজানতাং খ্যাপয় নঃ সুকেশি! কস্যাসি ভার্য্যা দুহিতা চ কস্য ॥১৩॥

বৈশম্পায়ন উবাচ।

অথাব্রবীদ্‌দ্রৌপদী রাজপুত্রী পৃষ্টা শিবীনাং প্রবরেণ তেন।
অবেক্ষ্য মন্দং প্রবিমুচ্য শাখাং সংগৃহ্নতী কৌশিকমুত্তরীয়ম্ ॥১৪॥
বুদ্ধ্যাভিজানামি নরেন্দ্রপুত্র! ন মাদৃশী ত্বামভিভাষ্টু মর্হা।
ন ত্বেব বক্তাস্তি তবেহ বাক্যমন্যো নরো বাপ্যথবাপি নারী ॥১৫॥

ভারতকৌমুদী

তস্যেতি। অদীনসত্ত্বা অনল্পাধ্যবসায়াঃ, বলাহকাদীনি ত্রীণি নামানি ॥১২॥
এতৈরিতি। মরুতাং দেবানাং গণৈঃ, অভিগুপ্তো রক্ষিতঃ। খ্যাপয় ব্রূহি ॥১৩॥
অথেতি। শিবীনাং শিবিবংশীয়ানাম্, তেন কোটিকাস্যেন। কৌশিকং কুশময়ম্ ॥১৪॥
বুদ্ধ্যেতি। অভিভাষ্টুম্ অভিভাষিতুম্, ইড়াগমাভাব আর্ষঃ। বক্তেতি সাধুকারিণ্যর্থে তৃন্, তস্য চ নিষ্ঠাদিত্বাদ্বাক্যমিত্যত্র ন কর্ম্মণি ষষ্ঠী। বাক্যং বাক্যোত্তরম্ ॥১৫॥

ভারতভাবদীপঃ

মতিতুং সততং গন্তুং শীলং যেষাং তে পদাতয়ঃ ॥১১—১৩॥ শিবীনাং শিবিবংশানাং ক্ষত্রিয়াণাম্, মন্দং স্বৈরম্, অবেক্ষ্য সঙ্কোচ্য। তদেবাহ—বিমুচ্যেতি। কৌশিকং কোশজম্

করিতেছে, ইনি সেই সৌবীররাজ 'জয়দ্রথ'। সুন্দরি! তুমি সম্ভবতঃ ইঁহার নাম শুনিয়াছ ॥৯—১১॥

এবং বলাহক, অনীক ও বিদারণপ্রভৃতি উঁহার অপর ভ্রাতারাও উঁহার অনুগমন করিতেছেন; উঁহারা অসাধারণ অধ্যবসায়ী, সৌবীরদেশের মধ্যে প্রধান বীর ও বলবান্ ॥১২॥

সুকেশি! দেবগণরক্ষিত ইন্দ্রের ন্যায় এই সকল-সহায়-কর্ত্তৃক রক্ষিত রাজা জয়দ্রথ গমন করিতেছেন। এদিকে আমরা তোমার বৃত্তান্ত কিছুই জানি না। সুতরাং তুমি বল যে, তুমি কাহার ভার্য্যা এবং কাহার কন্যা' ॥১৩॥

বৈশম্পায়ন কহিলেন—শিবিবংশপ্রধান কোটিকাস্য এইরূপ জিজ্ঞাসা করিলে, কুশময় উত্তরীয়ধারিণী রাজনন্দিনী দ্রৌপদী কদম্বশাখা পরিত্যাগপূর্ব্বক অল্প দৃষ্টিপাত করিয়া বলিলেন—॥১৪॥

---

(১৩) শ্লোকাৎ পরম্ '...পঞ্চপঞ্চাশদধিকদ্বিশততমঃ...' পি, '...চতুঃষষ্ট্যধিকদ্বিশততমঃ...' বা ব, '...পঞ্চষষ্ট্যধিকদ্বি...' কা, '...ষট্‌ষষ্ট্যধিকদ্বি...' নি।

একা হ্যহং সম্প্রতি তেন বাচং দদানি বৈ ভদ্র ! নিবোধ চেদম্ ।
অহং হ্যরণ্যে কথমেকমেকা ত্বামালপেয়ং নিরতা স্বধর্ম্মে ॥১৬॥
জানামি চ ত্বাং সুরথস্য পুত্রং যং কোটিকাস্যেতি বিদুর্মনুষ্যাঃ ।
তস্মাদহং শৈব্য ! তথৈব তুভ্যমাখ্যামি বন্ধূন্ প্রথিতং কুলঞ্চ ॥১৭॥
অপত্যমস্মি দ্রুপদস্য রাজ্ঞঃ কৃষ্ণেতি মাং শৈব্য ! বিদুর্মনুষ্যাঃ ।
সাহং বৃণে পঞ্চ জনান্ পতিত্বে যে খাণ্ডবপ্রস্থগতাঃ শ্রুতাস্তে ॥১৮॥
যুধিষ্ঠিরো ভীমসেনার্জ্জুনৌ চ মাদ্র্যাশ্চ পুত্রৌ পুরুষপ্রবীরৌ ।
তে মাং নিবেশ্যেহ দিশশ্চতস্রো বিভজ্য পার্থা মৃগয়াং প্রয়াতাঃ ॥১৯॥
প্রাচীং রাজা দক্ষিণাং ভীমসেনো জয়ঃ প্রতীচীং যমজাবুদীচীম্ ।
মন্যে তু তেষাং রথসত্তমানাং কালোঽভিতঃ প্রাপ্ত ইহোপযাতুম্ ॥২০॥

ভারতকৌমুদী

একেতি । তিষ্ঠামীতি শেষঃ । দদানি উত্তরতয়া কথয়ানি । স্বধর্ম্মে গার্হস্থ্যে ॥১৬॥
জানামীতি । হে শৈব্য ! শিবিকুলোদ্ভব ! । আখ্যামি ব্রবীমি ॥১৭॥
অপত্যমিতি । খাণ্ডবপ্রস্থগতা ইন্দ্রপ্রস্থস্থিতাঃ, তে ত্বয়া ॥১৮॥
যুধীতি । নিবেশ্য স্থাপয়িত্বা । বিভজ্য অহমস্যাং দিশি গচ্ছামীত্যাত্মনো বিভক্তীকৃত্য ॥১৯॥
প্রাচীমিতি । জয়োঽর্জ্জুনঃ । প্রয়াত ইতি বচনবিপরিণামেনানুবৃত্তিঃ । অভিতঃ সম্মুখে ॥২০॥

'রাজপুত্র! আমি আপন বুদ্ধিতেই বুঝিতেছি যে, আপনার সহিত আমার মত লোকের কথা বলা উচিত নহে। কিন্তু আপনার কথার উত্তর দেয়, এমন অন্য পুরুষ বা স্ত্রীলোক এখানে নাই ॥১৫॥

ভদ্র! আমি এখন এখানে একা রহিয়াছি ; সেই জন্যই আপনার কথার উত্তর দিতেছি। কিন্তু স্বধর্ম্মনিরতা একা আমি বনের ভিতরে একক আপনার সহিত কি করিয়া কথোপকথন করিতে পারি ॥১৬॥

শিবিনন্দন! আমি জানিলাম যে, আপনি সুরথরাজার পুত্র, লোকে যাঁহাকে 'কোটিকাস্য' বলিয়া জানে। সেই জন্যই আমি আপনার নিকট বন্ধুবর্গের কথা ও প্রসিদ্ধ বংশের কথা বলিব ॥১৭॥

শিবিনন্দন! আমি দ্রুপদরাজার সন্তান, লোকে আমাকে 'কৃষ্ণা' বলিয়া জানে ; আর আপনি যাঁহাদিগকে ইন্দ্রপ্রস্থবাসী বলিয়া শুনিয়াছেন, সেই পাঁচ জনকে আমি পতিত্বে বরণ করিয়াছি ॥১৮॥

যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন এবং পুরুষশ্রেষ্ঠ নকুল ও সহদেব ইঁহারা সকলেই আমাকে এই আশ্রমে রাখিয়া আপনাদিগকে বিভক্ত করিয়া মৃগয়া করিবার জন্য চারি দিকে গিয়াছেন ॥১৯॥

সম্মানিতা যাস্যথ তৈর্যথেষ্টং বিমুচ্য বাহানবরোহয়ধ্বম্ ।
প্রিয়াতিথির্ধর্ম্মসুতো মহাত্মা প্রীতো ভবিষ্যত্যভিবীক্ষ্য যুষ্মান্ ॥২১॥
এতাবদুক্ত্বা দ্রুপদাত্মজা সা শৈব্যাত্মজং চন্দ্রমুখী প্রতীতা ।
বিবেশ তাং পর্ণশালাং প্রশস্তাং সঞ্চিন্ত্য তেষামতিথিত্বধর্ম্মম্ ॥২২॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্বণি দ্রৌপদী-
হরণে দ্রৌপদীবাক্যে বিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

ভারতকৌমুদী

সম্মানিতা ইতি। বাহান্ যানানি, অবরোহয়ধ্বম্ অপরান্ সর্বানিতি শেষঃ ॥২১॥
এতাবদিতি। প্রতীতা অতিথিলাভাদেব হৃষ্টা। অতিথিত্বমেব ধর্ম্মস্তম্ ॥২২॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-
সমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে বিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

——:(০):——

ভারতভাবদীপঃ

॥১৪॥ অভিভাষ্টুম্ অভিভাষিতুম্ ॥১৫॥ তেন কারণেন ॥১৬—১৭॥ পঞ্চ জনান্ পঞ্চ পুরুষান্ ॥১৮—১৯॥ জয়োঽর্জ্জুনঃ ॥২০—২১॥ তেষামর্থে অতিথিষু যোগ্যং স্বধর্ম্মং পূজাদিকং কর্ত্তুং সঞ্চিন্ত্য শালাং বিবেশ ॥২২॥
ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে বিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২২০॥

——•:*:•——

যুধিষ্ঠির পূর্ব্বদিকে, ভীম দক্ষিণদিকে, অর্জ্জুন পশ্চিমদিকে এবং নকুল ও সহদেব উত্তরদিকে গিয়াছেন। আমি মনে করি—সেই রথিশ্রেষ্ঠগণের আশ্রমে আসিবার সময় সম্মুখে উপস্থিত হইয়াছে ॥২০॥

সুতরাং আপনারা তাঁহাদের দ্বারা যথেষ্ট সম্মানিত হইয়া যাইতে পারিবেন। অতএব আপনি যান-বাহন পরিত্যাগ করাইয়া উঁহাদিগকে অবতরণ করান। অতিথি যাঁহার প্রিয়, সেই মহাত্মা ধর্ম্মপুত্র আপনাদিগকে দেখিয়া সন্তুষ্ট হইবেন' ॥২১॥

কোটিকাস্যকে এই পর্য্যন্ত বলিয়া চন্দ্রমুখী দ্রৌপদী তাঁহাদিগকে অতিথি ভাবিয়া আনন্দিত হইয়া সেই প্রশস্ত পর্ণশালার ভিতরে প্রবেশ করিলেন ॥২২॥

——:(০):——

(২২)···অতিথিস্বধর্ম্মম্—কা নি,···অতিথিঃ স্বধর্ম্মম্—পি। * '···ষট্পঞ্চাশদধিকদ্বিশততমঃ···' পি, '···পঞ্চষষ্ট্যধিকদ্বি···' বা ব, '···ষট্ষষ্ট্যধিকদ্বি···' কা, 'সপ্তষষ্ট্যধিকদ্বি···' নি।

একবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

—০ঃ(*)ঃ০—

বৈশম্পায়ন উবাচ।

তথাসীনেষু সর্ব্বেষু তেষু রাজসু ভারত!।
যদুক্তং কৃষ্ণয়া তত্র তৎ সর্বং প্রত্যবেদয়ৎ ॥১॥
কোটিকাস্যবচঃ শ্রুত্বা শৈব্যং সৌবীরকোঽব্রবীৎ।
যদা বাচং ব্যাহরন্ত্যামস্যাং মে রমতে মনঃ।
সীমন্তিনীনাং মুখ্যায়াং বিনিবৃত্তঃ কথং ভবান্ ॥২॥
এতাং দৃষ্ট্বা স্ত্রিয়ো মেঽন্যা যথা শাখামৃগস্ত্রিয়ঃ।
প্রতিভান্তি মহাবাহো! সত্যমেতদ্ব্রবীমি তে ॥৩॥
দর্শনাদেব হি মনস্তয়া মেঽপহৃতং ভৃশম্।
তাং সমাচক্ষ্ব কল্যাণীং যদি স্যাচ্ছৈব্য! মানুষী ॥৪॥

কোটিক উবাচ।

এষা বৈ দ্রৌপদী কৃষ্ণা রাজপুত্রী যশস্বিনী।
পঞ্চানাং পাণ্ডুপুত্রাণাং মহিষী সম্মতা ভৃশম্ ॥৫॥

ভারতকৌমুদী

তথেতি। তথা দূরে, আসীনেষু স্থিতেষু। প্রত্যবেদয়ৎ কোটিকাস্য ইতি শেষঃ ॥১॥
কোটিকেতি। শৈব্যং কোটিকাস্যম্, সৌবীরকো জয়দ্রথঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২॥
এতামিতি। শাখামৃগস্ত্রিয়ো বানরস্ত্রিয়ঃ, প্রতিভান্তি জ্ঞানবিষয়া ভবন্তি ॥৩॥
দর্শনাদিতি। সমাচক্ষ্ব কুলশীলাদিভির্ব্বর্ণয়, যদি সা মানুষী স্যাৎ ॥৪॥

বৈশম্পায়ন বলিলেন—ভরতনন্দন জনমেজয়! সেই রাজারা সকলে সেইরূপ দূরে অবস্থান করিতেছিলেন, এমন সময়ে আশ্রমদ্বারে দ্রৌপদী যাহা বলিয়াছিলেন, সেই সকল বিষয় যাইয়া কোটিকাস্য তাঁহাদিগকে জানাইলেন ॥১॥

কোটিকাস্যের কথা শুনিয়া জয়দ্রথ তাঁহাকে বলিলেন—'এই রমণীপ্রধানা যখন কথা বলিতেছিলেন, তখন উঁহার প্রতি আমার মন আকৃষ্ট হইয়াছিল। অতএব তুমি ফিরিয়া আসিলে কেন? ॥২॥

মহাবাহু কোটিকাস্য! আমি তোমার নিকট সত্য বলিতেছি যে, এই রমণীটাকে দেখিয়া অন্য রমণীগুলিকে আমার বানরীর মত বোধ হইতেছে ॥৩॥

কোন্ ব্যক্তি সমস্ত অঙ্গে তীক্ষ্ণশূল সংলগ্ন করিয়া রহিয়াছে, কোন্ ব্যক্তি মস্তকে অগ্নি স্থাপন করিয়া বিশ্বস্ত হইয়া সুখে নিদ্রা যাইতেছে ॥৪৯॥

কোন্ ব্যক্তি চরণদ্বারা ভয়ঙ্কর বিষধর সর্পকে স্পর্শ করিয়াছে এবং কোন্ ব্যক্তি জটাযুক্ত সিংহের দন্ত ধারণ করিয়া অবস্থান করিতেছে?' ॥৫০॥

রাবণ এইরূপ বলিতে লাগিলে, রাত্রিতে দহ্যমান বৃক্ষের রন্ধ্র হইতে যেমন অগ্নির শিখা নির্গত হয়, সেইরূপ রাবণের নয়ন হইতে তেজের শিখা নির্গত হইতে লাগিল ॥৫১॥

তখন শূর্পণখা রাবণের নিকটে রামের বিক্রম, খর-দূষণের পরাভব এবং অন্যান্য রাক্ষসের পরাভবপ্রভৃতি সমস্ত বিষয়ই বলিল ॥৫২॥

তাহার পর রাবণ নিজের কর্ত্তব্য স্থির করিয়া, শূর্পণখাকে আশ্বাস দিয়া এবং লঙ্কানগরীর কর্ত্তব্য বিষয়ে উপদেশ দিয়া উপরে উঠিয়া গেলেন ॥৫৩॥

(৫১)···স্রোতোভ্যস্তেজসোঽর্চ্চিষঃ···বা ব কা পি। (৫২) শ্লোকাৎ পরম্ 'ততো জাতিবধং জ্ঞাত্বা রাবণঃ কালচোদিতঃ। রামস্য বধমাকাঙ্ক্ষন্ মারীচং মনসাগমৎ'—পি নি।

ত্রিকূটং সমতিক্রম্য কালপর্ব্বতমেব চ।
দদর্শ মকরাবাসং গম্ভীরোদং মহোদধিম্ ॥৫৪॥
তমতীত্যাথ গোকর্ণমভ্যগচ্ছদ্দশাননঃ।
দয়িতং স্থানমব্যগ্রং শূলপাণের্মহাত্মনঃ ॥৫৫॥
তত্রাভ্যগচ্ছন্মারীচং পূর্ব্বামাত্যং দশাননঃ।
পুরা রামভয়াদেব তাপস্যং সমুপাশ্রিতম্ ॥৫৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে রামোপাখ্যানে রাবণগমনে একত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——০ঃ(*)ঃ০——

ভারতকৌমুদী

ত্রিকূটমিতি। মকরো জলজন্তুবিশেষঃ। গম্ভীরোদং গভীরজলম্ ॥৫৪॥
তমিতি। গোকর্ণং তীর্থযাত্রাপ্রকরণোক্তং তীর্থবিশেষম্। অব্যগ্রমভ্যগচ্ছৎ ॥৫৫॥
তত্রেতি। পুরা বিশ্বামিত্রযজ্ঞনাশোপক্রমসময়ে, তাপস্যং তপস্বিত্বম্ ॥৫৬॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে একত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(ঃ*ঃ)——

ভারতভাবদীপঃ

সংযুক্তং তৎপরাভবসহিতম্ ॥৫২॥ বিধিং রক্ষাম্ ॥৫৩॥ পুরা রামভয়াদ্বিশ্বামিত্রযজ্ঞপ্রসঙ্গেন জাতাৎ ॥৫৪—৫৬॥
ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৩১॥

——ঃ(০)ঃ——

তৎপরে তিনি ত্রিকূটপর্বত ও কালপর্বত অতিক্রম করিয়া মকরালয় ও গভীরজল মহাসমুদ্র দর্শন করিলেন ॥৫৪॥

তদনন্তর রাবণ সেই সমুদ্র অতিক্রম করিয়া সুস্থভাবে মহাত্মা মহাদেবের প্রিয়স্থান গোকর্ণতীর্থে গমন করিলেন ॥৫৫॥

রাবণেরই পূর্ব্বমন্ত্রী মারীচ পূর্ব্বে রামের ভয়েই যেখানে তপস্বী হইয়া রহিয়াছিলেন, সেইখানে যাইয়া রাবণ সেই মারীচের নিকট উপস্থিত হইলেন ॥৫৬॥

——ঃ(০)ঃ——

* '...চতুঃষষ্ট্যধিকদ্বিশততমঃ...' পি, '...ষট্সপ্তত্যধিকদ্বি...' বা ব, '...সপ্তসপ্তত্য-ধিকদ্বি...' কা, 'অষ্টসপ্তত্যধিকদ্বি...' নি।

দ্বাত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

—:*:—

মার্কণ্ডেয় উবাচ।

মারীচস্ত্বথ সম্ভ্রান্তো দৃষ্ট্বা রাবণমাগতম্।
পূজয়ামাস সৎকারৈঃ ফলমূলাদিভিস্ততঃ ॥১॥
বিশ্রান্তঞ্চৈনমাসীনমন্বাসীনঃ স রাক্ষসঃ।
উবাচ প্রশ্রিতং বাক্যং বাক্যজ্ঞো বাক্যকোবিদম্ ॥২॥
ন তে প্রকৃতিমান্ বর্ণঃ কচ্চিৎ ক্ষেমং পুরে তব।
কচ্চিৎ প্রকৃতয়ঃ সর্বা ভজন্তে ত্বাং যথা পুরা ॥৩॥
কিমিহাগমনে চাপি কার্য্যং তে রাক্ষসেশ্বর!।
কৃতমিত্যেব তদ্বিদ্ধি যদ্যপি স্যাৎ সুদুষ্করম্ ॥৪॥
শশংস রাবণস্তস্মৈ তৎ সর্ব্বং রামচেষ্টিতম্।
সমাসেনৈব কার্য্যাণি ক্রোধামর্ষসমন্বিতঃ ॥৫॥

ভারতকৌমুদী

মারীচ ইতি। সম্ভ্রান্তো ব্যস্তচিত্তঃ, আকস্মিকরাবণদর্শনাদেবেতি ভাবঃ ॥১॥
বিশ্রান্তমিতি। অন্বাসীনঃ লক্ষ্যীকৃত্য সম্মুখে উপবিষ্টঃ। প্রশ্রিতং প্রশ্রয়ান্বিতম্ ॥২॥
নেতি। প্রকৃতিমান্ স্বাভাবিকীমবস্থাং প্রাপ্তঃ। প্রকৃতয়ঃ প্রজাঃ ॥৩॥
কিমিতি। ইহ অত্র স্থানে। কার্য্যং প্রয়োজনম্। কৃতং ময়া, বিদ্ধি জানীহি ॥৪॥
শশংসেতি। সমাসেনৈব সংক্ষেপেণৈব, কার্য্যাণি আত্মনঃ কর্ত্তব্যানি ॥৫॥

মার্কণ্ডেয় বলিলেন—তাহার পর মারীচ রাবণকে আগত দেখিয়া ব্যস্ত হইয়া শ্রদ্ধাপূর্ব্বক ফলমূলাদিদ্বারা তাঁহাকে সম্মানিত করিল ॥১॥

তখন বাক্যবিৎ রাবণ উপবেশন করিয়া বিশ্রাম করিলে, বাক্যবিৎ মারীচ তাঁহার সম্মুখে বসিয়া প্রণয় সহকারে বলিতে লাগিল—॥২॥

'মহারাজ! আপনার শরীরের বর্ণ স্বাভাবিক নহে। অতএব (জিজ্ঞাসা করি—) আপনার পুরে মঙ্গল ত? এবং প্রজারা পূর্ব্বের ন্যায় আপনার অনুরক্ত আছে ত? ॥৩॥

রাক্ষসরাজ! আপনার এখানে আসিবার প্রয়োজন কি? তাহা যদি অতিদুষ্করও হয়, তথাপি আমি তাহা করিয়াছি বলিয়াই মনে করুন' ॥৪॥

---

(২)…উবাচ প্রসৃতং বাক্যম্…বা ব কা,…উবাচ প্রশ্রিতো বাক্যম্…পি।

মারীচস্তত্রবীচ্ছ্রুত্বা সমাসেনৈব রাবণম্।
অলং তে রামমাসাদ্য বীর্য্যজ্ঞো হ্যস্মি তস্য বৈ ॥৬॥
বাণবেগং হি কস্তস্য শক্তঃ সোঢ়ুং মহাত্মনঃ।
প্রব্রজ্যায়াং হি মে হেতুঃ স এব পুরুষর্ষভঃ।
বিনাশমুখমেতত্তে কেনাখ্যাতং দুরাত্মনা ॥৭॥
তমুবাচাথ সক্রোধো রাবণঃ পরিভৎর্সয়ন্।
অকুর্ব্বতোঽস্মদ্বচনং স্যান্মৃত্যুরপি তে ধ্রুবম্ ॥৮॥
মারীচশ্চিন্তয়ামাস বিশিষ্টান্মরণং বরম্।
অবশ্যং মরণে প্রাপ্তে করিষ্যাম্যস্য যন্মতম্ ॥৯॥
ততস্তং প্রত্যুবাচাথ মারীচো রাক্ষসেশ্বরম্।
কিং তে সাহ্যং ময়া কার্য্যং করিষ্যাম্যবশোঽপি তৎ ॥১০॥

ভারতকৌমুদী

মারীচ ইতি। আসাদ্য যুদ্ধায় প্রাপ্য অলম্। "অলং খল্বোঃ" ইত্যাদিনা ক্ত্বা ॥৬॥

বাণেতি। হেতুঃ, বিশ্বামিত্রযজ্ঞে বাণবেগেন তেনৈব মে নিরসনাদিত্যাশয়ঃ। বিনাশমুখং মৃত্যুকারণম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥

তমিতি। অস্মদ্বচনমকুর্বতোঽপি তে ধ্রুবমেব মৃত্যুঃ স্যাৎ, ময়া হননাদিত্যাশয়ঃ ॥৮॥

মারীচ ইতি। বিশিষ্টাৎ উত্তমাৎ, তৎপুণ্যসংক্রমাদিতি ভাবঃ ॥৯॥

তখন রাবণ ক্রুদ্ধ ও অসহিষ্ণু হইয়া সংক্ষেপেই রামের সেই সমস্ত ব্যবহার এবং নিজের কর্ত্তব্য বিষয় মারীচকে বলিলেন ॥৫॥

মারীচ তাহা শুনিয়া সংক্ষেপেই রাবণকে বলিল—'মহারাজ! আপনি রামের নিকট যাইবেন না; কারণ, আমি তাঁহার বিক্রম জানি ॥৬॥

কোন্ ব্যক্তি সেই মহাত্মার বাণবেগ সহ্য করিতে সমর্থ হয়? সেই পুরুষশ্রেষ্ঠই আমার এই প্রব্রজ্যার কারণ।। অতএব কোন্ দুরাত্মা আপনার এই মৃত্যুর কারণ বলিয়া দিয়াছে। ॥৭॥

তদনন্তর রাবণ ক্রুদ্ধ হইয়া ভৎর্সনাপূর্বক মারীচকে বলিলেন—'আমার আদেশ পালন না করিলেও তোমার অবশ্যই মৃত্যু হইবে' ॥৮॥

তখন মারীচ চিন্তা করিল—'অবশ্য মৃত্যু উপস্থিত হইলে, উত্তম ব্যক্তির হাতেই মৃত্যু ভাল। অতএব রাবণের যে মত, তাহাই আমি করিব' ॥৯॥

তাহার পর মারীচ রাবণকে বলিল—'আমি আপনার কি সাহায্য করিব বলুন; আমি অসমর্থ হইলেও তাহা করিতে প্রবৃত্ত হইব' ॥১০॥

---

(১০)...কিং তে সহ্যং ময়া কার্য্যম্...বা ব কা পি।

তমব্রবীদ্দশগ্রীবো গচ্ছ সীতাং প্রলোভয় ।
রত্নশৃঙ্গো মৃগো ভূত্বা রত্নচিত্রতনূরুহঃ ।
ধ্রুবং সীতা সমালক্ষ্য ত্বাং রামং চোদয়িষ্যতি ॥১১॥
অপক্রান্তে চ কাকুৎস্থে সীতা বশ্যা ভবিষ্যতি ।
তামাদায়াপনেষ্যামি ততঃ স ন ভবিষ্যতি ।
ভার্য্যাবিয়োগাদ্দুর্ব্বুদ্ধিরেতৎ সাহ্যং কুরুষ্ব মে ॥১২॥
ইত্যেবমুক্তো মারীচঃ কৃত্বোদকমথাত্মনঃ ।
রাবণং পুরতো যান্তমন্বগচ্ছৎ সুদুঃখিতঃ ॥১৩॥
ততস্তস্যাশ্রমং গত্বা রামস্যাক্লিষ্টকর্ম্মণঃ ।
চক্রতুস্তত্তথা সর্ব্বমুভৌ যৎ পূর্ব্বমন্ত্রিতম্ ॥১৪॥

ভারতকৌমুদী

তত ইতি। সাহ্যং সাহায্যম্। সাহায্যার্থে সাহ্যশব্দঃ পূর্ব্বমপি বহুশঃ প্রযুক্তঃ ॥১০॥

তমিতি। রত্নৈশ্চিত্রাণি তনূরুহাণি লোমানি যস্য সঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥

অপেতি। কাকুৎস্থে রামে। ন ভবিষ্যতি ন স্থাস্যতি মরিষ্যতীত্যর্থঃ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥১২॥

ইতীতি। উদকমাত্মন এব তর্পণং জীবতো বৃষোৎসর্গবৎ, মরণনিশ্চয়াদিতি ভাবঃ ॥১৩॥

তত ইতি। অক্লিষ্টং ক্লেশরহিতং কর্ম্ম যস্য তস্য সর্ব্বকর্ম্মনিপুণস্যেত্যর্থঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

মারীচ ইতি ॥১॥ প্রহৃতং পুষ্কলার্থবৎ ॥২—৫॥ রামমাসাদ্যালং রামং নৈবাসাদয়েরিত্যর্থঃ "অলং খল্বোঃ প্রতিষেধয়োঃ প্রাচাং ক্তে"তি নিষেধার্থকালংশব্দযোগে ক্ত্বাপ্রত্যয়ঃ ॥৬—১২॥

তখন রাবণ মারীচকে কহিলেন—'তুমি সেই খানে যাও, যাইয়া রত্নশৃঙ্গ এবং রত্নবিচিত্রলোমা হরিণ হইয়া সীতাকে প্রলুব্ধ কর; তাহাতে সীতা তোমাকে দেখিয়া (তোমাকে ধরিবার জন্য) অবশ্যই রামকে প্রেরণ করিবে ॥১১॥

তখন রাম আশ্রম হইতে চলিয়া গেলে, সীতা আমার বশীভূত হইবে। সেই সময়ে আমি সীতাকে ধরিয়া অপহরণ করিব; সেই ভার্য্যাবিরহদুঃখেই রাম মরিয়া যাইবে। তুমি আমার এই সাহায্য কর' ॥১২॥

রাবণ এইরূপ বলিলে, মারীচ অতিদুঃখিত হইয়া নিজের তর্পণ করিয়া অগ্রগামী রাবণের পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিল ॥১৩॥

তাহার পর রাবণ ও মারীচ দুই জনেই অক্লিষ্টকর্ম্মা রামের আশ্রমে যাইয়া পূর্ব্বে যেরূপ মন্ত্রণা করিয়াছিলেন, সেইরূপ সমস্ত কার্য্য করিলেন ॥১৪॥

---

(১২)…এতৎ সহ্যং কুরুষ মে—বা ব ক। পি।

রাবণস্তু যতির্ভূত্বা মুণ্ডঃ কুণ্ডী ত্রিদণ্ডধৃক্।
মৃগশ্চ ভূত্বা মারীচস্তং দেশমুপজগ্মতুঃ ॥১৫॥
দর্শয়ামাস মারীচো বৈদেহীং মৃগরূপধৃক্।
চোদয়ামাস তস্যার্থে সা রামং বিধিচোদিতা ॥১৬॥
রামস্তস্যাঃ প্রিয়ং কুর্ব্বন্ ধনুরাদায় সত্বরঃ।
রক্ষার্থে লক্ষ্মণং ন্যস্য প্রযযৌ মৃগলিপ্সয়া ॥১৭॥
স ধন্বী বদ্ধতূণীরঃ খড়্গগোধাঙ্গুলিত্রবান্।
অন্বধাবন্মৃগং রামো রুদ্রস্তারামৃগং যথা ॥১৮॥
সোঽন্তর্হিতঃ পুনস্তস্য দর্শনং রাক্ষসো ব্রজন্।
চকর্ষ মহদধ্বানং রামস্তং বুবুধে ততঃ ॥১৯॥

ভারতকৌমুদী

রাবণ ইতি। যতির্জিতেন্দ্রিয়ঃ, মুণ্ডো মুণ্ডিতমস্তকঃ, কুণ্ডী কমণ্ডলুমান্, ত্রিদণ্ডধৃক্ বাঙ্মনঃকায়সংযমরূপদণ্ডত্রয়ধারী সন্ন্যাসিরূপধারীত্যর্থঃ ॥১৫॥

দর্শয়েতি। দর্শয়ামাস আত্মানমিতি শেষঃ। চোদয়ামাস প্রেরয়ামাস ॥১৬॥

রাম ইতি। রক্ষার্থে সীতায়া ইতি শেষঃ, ন্যস্য আশ্রম এব স্থাপয়িত্বা ॥১৭॥

স ইতি। খড়্গঃ গোধা জ্যাঘাতবারণম্ অঙ্গুলিত্রঞ্চাস্যাস্তীতি সঃ। তারাভিস্তারাচিহ্নৈশ্চিহ্নিতো মৃগস্তারামৃগস্তম্, মৃগীরূপধারিণীমাত্মজাং ধর্ষয়িতুং মৃগরূপধারিণং ব্রহ্মাণমিবেত্যর্থঃ ॥১৮॥

ভারতভাবদীপঃ

উদকমৌর্দ্ধদেহিকম্ ॥১৩—১৭॥ গোধা জ্যাঘাতবারণম্ অঙ্গুলিত্রঞ্চ তদ্বান্। তারামৃগং তারারূপং মৃগম্, প্রজাপতিঃ স্বাং দুহিতরং মৃগো ভূত্বা জগাম তস্য রুদ্রঃ শিরোঽচ্ছিনত্তদেত-

রাবণ—জিতেন্দ্রিয়, মুণ্ডিতমস্তক ও কমণ্ডলুধারী সন্ন্যাসীর বেশ ধারণ করিয়া এবং মারীচ হরিণ হইয়া সেই স্থানে উপস্থিত হইলেন ॥১৫॥

ক্রমে মৃগরূপধারী মারীচ সীতাকে আত্মদর্শন করাইলেন; দৈবপ্রেরিত সীতাও তাহাকে ধরিবার জন্য রামকে পাঠাইলেন ॥১৬॥

রাম, সীতার প্রিয়কার্য্য করিবেন বলিয়া তাঁহার রক্ষার জন্য লক্ষ্মণকে আশ্রমে রাখিয়া, ধনু লইয়া, সেই হরিণকে ধরিবার ইচ্ছায় সত্বর প্রস্থান করিলেন ॥১৭॥

পূর্ব্বকালে মহাদেব যেমন বিচিত্রমৃগরূপধারী ব্রহ্মার পশ্চাৎ ধাবন করিয়াছিলেন, সেইরূপ রাম—ধনু, তূণ, তরবারি, জ্যাঘাতবারণ ও অঙ্গুলিত্র ধারণ করিয়া মৃগরূপধারী মারীচের পশ্চাৎ ধাবন করিলেন ॥১৮॥

(১৯)...দর্শনং রাক্ষসোঽব্রজৎ...বা ব কা পি।

নিশাচরং বিদিত্বা তং রাঘবঃ প্রতিভানবান্ ।
অমোঘং শরমাদায় জঘান মৃগরূপিণম্ ॥২০॥
স রামবাণাভিহতঃ কৃত্বা রামস্বরং তদা ।
হা সীতে ! লক্ষ্মণেত্যেবং চুক্রোশার্ত্তস্বরেণ হ ।
শুশ্রাব তস্য বৈদেহী ততস্তাং করুণাং গিরম্ ॥২১॥
সা প্রাধাবদ্‌যতঃ শব্দস্তামুবাচাথ লক্ষ্মণঃ ।
অলং তে শঙ্কয়া ভীরু ! কো রামং প্রহরিষ্যাত ॥২২॥
মুহূর্ত্তাদ্‌দ্রক্ষ্যসে রামং ভর্ত্তারং ত্বং শুচিস্মিতে ! ।
ইত্যুক্তা সা প্ররুদতী পর্য্যশঙ্কত লক্ষ্মণম্ ॥২৩॥
হতা বৈ স্ত্রীস্বভাবেন শুক্লচারিত্রভূষণম্ ।
সা তং পরুষমারব্ধা বক্তুং সাধ্বী পতিব্রতা ॥২৪॥

ভারতকৌমুদী

স ইতি। রাক্ষসো মারীচঃ। মহদধ্বানং দূরপথম্। আকারাভাব আর্ষঃ ॥১৯॥
নিশেতি। প্রতিভানবান্ প্রখরবুদ্ধিঃ। মৃগরূপিণং রাক্ষসম্ ॥২০॥
স ইতি। রামস্বরং রামতুল্যকণ্ঠধ্বনিম্। তত আশ্রমাদেব। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥
সেতি। যতঃ স্থানাৎ স শব্দ আগচ্ছত্তত্র প্রাধাবদিত্যর্থঃ ॥২২॥
মুহূর্ত্তাদিতি। পর্য্যশঙ্কত আত্মকামুকতয়া সংশয়িতবতী ॥২৩॥
হতেতি। শুক্লং নির্ম্মলং চারিত্রমেব ভূষণং যস্য তম্। আরব্ধা প্রবৃত্তা ॥২৪॥

মারীচ তখন এক একবার অন্তর্হিত হইতে লাগিল, আবার রামের দৃষ্টিপথে পতিত হইতে থাকিল ; এই ভাবে সে—রামকে বহুদূরে লইয়া গেল ; তখন রাম তাহাকে বুঝিতে পারিলেন ॥১৯॥

তীক্ষ্ণবুদ্ধিশালী রাম সেই হরিণকে রাক্ষস বুঝিয়া অব্যর্থ বাণ লইয়া তাহাকে আঘাত করিলেন ॥২০॥

মারীচ তখন রামের বাণে আহত হইয়া, রামের তুল্য কণ্ঠস্বর করিয়া, 'হা সীতে! হা লক্ষ্মণ !' এইরূপ আর্ত্তস্বরে আহ্বান করিল ; সীতা আশ্রম হইতেই তাহার সেই করুণ বাক্য শুনিতে পাইলেন ॥২১॥

তাহার পর যে স্থান হইতে সেই শব্দ আসিয়াছিল, সেই দিকে সীতা ধাবিত হইলেন ; তখন লক্ষ্মণ তাঁহাকে বলিলেন—'ভয়শীলে ! আপনি উদ্বিগ্ন হইবেন না ; কোন্ ব্যক্তি রামকে প্রহার করিতে পারে ? ॥২২॥

নির্ম্মলহাসিনি ! আপনি মুহূর্ত্তমধ্যেই ভর্ত্তা রামচন্দ্রকে দেখিতে পাইবেন'। লক্ষ্মণ এইরূপ বলিলে, সীতা রোদন করিতে থাকিয়া লক্ষ্মণের উপরে আশঙ্কা করিলেন ॥২৩॥

নৈষ কামো ভবেন্মূঢ়! যং ত্বং প্রার্থয়সে হৃদা।
অপ্যহং শস্ত্রমাদায় হন্যামাত্মানমাত্মনা ॥২৫॥
পতেয়ং গিরিশৃঙ্গাদ্বা বিশেয়ং বা হুতাশনম্।
রামং ভর্ত্তারমুৎসৃজ্য ন ত্বহং ত্বাং কথঞ্চন।
নিহীনমুপতিষ্ঠেয়ং শার্দ্দূলী ক্রোষ্টুকং যথা ॥২৬॥
এতাদৃশং বচঃ শ্রুত্বা লক্ষ্মণঃ প্রিয়রাঘবঃ।
পিধায় কর্ণৌ সদ্বৃত্তঃ প্রস্থিতো যেন রাঘবঃ ॥২৭॥
স রামস্য পদং গৃহ্য প্রসসার ধনুর্দ্ধরঃ।
এতস্মিন্নন্তরে রক্ষো রাবণঃ প্রত্যদৃশ্যত ॥২৮॥
অভব্যো ভব্যরূপেণ ভস্মচ্ছন্ন ইবানলঃ।
যতিবেশপ্রতিচ্ছন্নো জিহীর্ষুস্তামনিন্দিতাম্ ॥২৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

নেতি। ভবেৎ সফল ইতি শেষঃ। তৎকারণমাহ অপীতি ॥২৫॥
পতেয়মিতি। নিহীনমপকৃষ্টম্। ক্রোষ্টুকং শৃগালম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৬॥
এতাদৃশমিতি। সদ্বৃত্তঃ সচ্চরিত্রঃ। যেন পথা রাঘবো গতস্তেনৈব প্রস্থিত ইত্যর্থঃ ॥২৭॥
স ইতি। পদং পদচিহ্নাবলীম্, গৃহ্য গৃহীত্বা। রক্ষো রাক্ষসঃ। অভব্যঃ অসাধুঃ, ভব্যরূপেণ সাধুরূপেণ। যতিবেশেন প্রতিচ্ছন্ন আবৃতস্বরূপঃ ॥২৮—২৯॥

এবং সাধ্বী ও পতিব্রতা সীতা স্ত্রীজাতির স্বভাবসুলভ লঘুতাবশতঃ নির্ম্মল-চরিত্র লক্ষ্মণকে নিষ্ঠুর কথা বলিতে আরম্ভ করিলেন—॥২৪॥

'মূঢ়! তুমি মনে মনে যাহা প্রার্থনা করিতেছ, সে বিষয়ের অভিলাষ তোমার সফল হইবে না। কেন না, আমি অস্ত্র লইয়া নিজেই আত্মহত্যা করিব ॥২৫॥

নিকৃষ্ট! আমি পর্ব্বতশৃঙ্গ হইতে পতিত হইব, কিংবা অগ্নিতে প্রবেশ করিব। কিন্তু ব্যাঘ্রী যেমন শৃগালের সেবা করে না, সেইরূপ আমি ভর্ত্তা রামকে পরিত্যাগ করিয়া কোন প্রকারেই তোমার সেবা করিব না' ॥২৬॥

রামপ্রিয় ও সচ্চরিত্র লক্ষ্মণ সীতার এইরূপ উক্তি শুনিয়া কর্ণযুগল আবৃত করিয়া—যে পথে রাম গিয়াছিলেন, সেই পথেই প্রস্থান করিলেন ॥২৭॥

ক্রমে ধনুর্দ্ধর লক্ষ্মণ রামের চরণচিহ্নশ্রেণী ধরিয়া গমন করিতে লাগিলেন।

(২৬)···বিহীনমুপতিষ্ঠেয়ম্···বা। (২৮) শ্লোকস্য পূর্ব্বার্দ্ধাৎ পরম্ 'অবীক্ষমাণো বিদেহীং প্রযযৌ লক্ষ্মণস্তদা' ইত্যর্দ্ধমধিকম্—বা ব কা নি।

সা তমালক্ষ্য সংপ্রাপ্তং ধর্ম্মজ্ঞা জনকাত্মজা।
নিমন্ত্রয়ামাস তদা ফলমূলাসনাদিভিঃ ॥৩০॥
অবমন্য ততঃ সর্ব্বং স্বং রূপং প্রতিপদ্য চ।
সান্ত্বয়ামাস বৈদেহীমিতি রাক্ষসপুঙ্গবঃ ॥৩১॥
সীতে! রাক্ষসরাজোঽহং রাবণো নাম বিশ্রুতঃ।
মম লঙ্কা পুরী নাম্না রম্যা পারে মহোদধেঃ ॥৩২॥
তত্র ত্বং বরনারীষু শোভিষ্যসি ময়া সহ।
ভার্য্যা মে ভব সুশ্রোণি! তাপসং ত্যজ রাঘবম্ ॥৩৩॥
এবমাদীনি বাক্যানি শ্রুত্বা তস্যাথ জানকী।
পিধায় কর্ণৌ সুশ্রোণী মৈবমিত্যব্রবীদ্বচঃ ॥৩৪॥

ভারতকৌমুদী

সেতি। আলক্ষ্য দৃষ্ট্বা, সম্প্রাপ্তমাগতম্, ধর্ম্মজ্ঞা আতিথ্যাদিধর্ম্মবিৎ ॥৩০॥
অবেতি। সর্ব্বং সীতয়া দিৎসিতং ফলাদিকম্। প্রতিপদ্য প্রাপ্য ॥৩১॥
সীত ইতি। বিশ্রুতো জগদ্বিখ্যাতঃ। লঙ্কেতি নাম্না রম্যা পুরী মম ॥৩২॥
তত্রেতি। শোভনে শ্রোণী নিতম্বৌ যস্যাস্তৎসম্বোধনম্ ॥৩৩॥
এবমিতি। পিধায় হস্তাভ্যামাচ্ছাদ্য, পাপশ্রবণেঽপি পাপোদয়াদিতি ভাবঃ ॥৩৪॥

এই সময়ে দেখা গেল—ভস্মাবৃত অগ্নির ন্যায় সন্ন্যাসিবেশে আবৃতস্বরূপ এবং অসাধু হইয়াও সাধুরূপী রাক্ষস রাবণ অনিন্দ্যসুন্দরী সীতাকে হরণ করিবার ইচ্ছায় সেইখানে উপস্থিত হইলেন ॥২৮—২৯॥

তখন ধর্ম্মজ্ঞা সীতা তাঁহাকে আগত দেখিয়া ফল, মূল ও আসনপ্রভৃতি-দ্বারা তাঁহাকে নিমন্ত্রণ করিলেন ॥৩০॥

তদনন্তর রাবণ সে সকল অগ্রাহ্য করিয়া নিজের রূপ ধরিয়া এই ভাবে সীতাকে প্রলুব্ধ করিতে প্রবৃত্ত হইলেন—॥৩১॥

'সীতা! আমি রাক্ষসদের রাজা জগদ্বিখ্যাত রাবণ এবং মহাসমুদ্রের ওপারে আমার লঙ্কানাম্নী মনোহর নগরী রহিয়াছে ॥৩২॥

সুশ্রোণি! তুমি সেইখানে উত্তম রমণীগণের মধ্যে আমার সহিত শোভা পাইবে। অতএব তুমি তপস্বী রামকে ত্যাগ কর এবং আমার ভার্য্যা হও' ॥৩৩॥

সুনিতম্বা জানকী রাবণের এই জাতীয় অনেক বাক্য শুনিয়া কর্ণযুগল আবৃত করিয়া বলিলেন—'এরূপ আর বলিবেন না' ॥৩৪॥

প্রপতেদ্দ্যৌঃ সনক্ষত্রা পৃথিবী শকলীভবেৎ।
শৈত্যমগ্নিরিয়ান্নাহং ত্যজেয়ং রঘুনন্দনম্ ॥৩৫॥
কথং হি ভিন্নকরটং পদ্মিনং বনগোচরম্।
উপস্থায় মহানাগং করেণুঃ শূকরং স্পৃশেৎ ॥৩৬॥
কথং হি পীত্বা মাধ্বীকং পীত্বা চ মধুমাধবীম্।
লোভং সৌবীরকে কুর্য্যান্নারী কাচিদিতি স্মরে ॥৩৭॥
ইতি সা তং সমাভাষ্য প্রবিবেশাশ্রমং ততঃ।
ক্রোধাৎ প্রস্ফুরমাণৌষ্ঠী বিধুম্বানা করৌ মুহুঃ ॥৩৮॥
তামভিক্রুত্য সুশ্রোণীং রাবণঃ প্রত্যষেধয়ৎ।
ভর্ৎসয়িত্বা চ রূক্ষেণ স্বরেণ গতচেতনাম্।
মূর্দ্ধজেষু নিজগ্রাহ ঊর্দ্ধমাচক্রমে ততঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

প্রেতি। দ্যৌর্গগনম্। শকলীভবেৎ খণ্ডখণ্ডীভবেৎ। ইয়াৎ প্রাপ্নুয়াৎ ॥৩৫॥

কথমিতি। করেণুর্হস্তিনী, ভিন্নকরটং মদস্রাবিগণ্ডম্, পদ্মিনং পদ্মমালাযুক্তম্, বনগোচরং বনচারিণম্, মহানাগং মহাহস্তিনম্, উপস্থায় নিষেব্য, কথং শূকরং স্পৃশেৎ, কথমপি নেত্যর্থঃ। মহাহস্তিসদৃশং রামমপহায় শূকরসদৃশং ত্বাং ন ভজামীত্যাশয়ঃ ॥৩৬॥

কথমিতি। মাধ্বীকং পুষ্পজং মদ্যম্, মধুমাধবীং ক্ষৌদ্রজং মদ্যম্, সৌবীরকে কাঞ্জিকে। ইতি স্মরে চিন্তয়ামি। রামাপেক্ষয়া ত্বং সর্ব্বথা নিকৃষ্ট ইতি ভাবঃ ॥৩৭॥

ইতীতি। প্রস্ফুরমাণৌষ্ঠী স্পন্দমানৌষ্ঠযুগলা, বিধুম্বানা কম্পয়ন্তী ॥৩৮॥

ভারতভাবদীপঃ

মৃগশীর্ষং নাম নক্ষত্রম্ ॥১৮—২২॥ পর্য্যশঙ্কত [illegible]ণো মষ্যভিলাষবানিতি শঙ্কামকরোৎ ॥২৩—৩৫॥ ভিন্নকরটং ভিন্নগণ্ডস্থলং মত্তং করেণুর্হস্তিনী ॥৩৬॥ মাধ্বীকং মধু পুষ্পজং মদ্যম্, মধুমাধবীং ক্ষৌদ্রজাং সুরাম্, সৌবীরং কাঞ্জিকম্ ॥৩৭—৪০॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বাত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৩২॥

যদি নক্ষত্রের সহিত আকাশ পড়িয়া যায়, কিংবা পৃথিবী খণ্ড খণ্ড হইয়া যায় অথবা অগ্নি শীতল হয়, তথাপি আমি রামকে ত্যাগ করিব না ॥৩৫॥

কারণ, হস্তিনী—মদস্রাবী, পদ্মমালাধারী ও বনচারী মহাহস্তীর সেবা করিয়া কি প্রকারে শূকরকে স্পর্শ করিবে? ॥৩৬॥

কোন রমণী পুষ্পজাত মদ্য ও মধুজাত মদ্য পান করিয়া কি প্রকারে যে কাঁজীতে লোভ করে ইহাই আমি চিন্তা করি” ॥৩৭॥

ক্রোধে স্ফুরিতাধরা সীতা বার বার হস্তযুগল সঞ্চালিত করিয়া এই ভাবে রাবণকে বলিয়া সে স্থান হইতে আশ্রমে প্রবেশ করিলেন ॥৩৮॥

তাং দদর্শ ততো গৃধ্রো জটায়ুর্গিরিগোচরঃ।
রুদতীং রামরামেতি ম্রিয়মাণাং তপস্বিনীম্ ॥৪০॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
দ্রৌপদীহরণে রামোপাখ্যানে সীতাহরণে
দ্বাত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:(*):—

ত্রয়স্ত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

—:*:—

মার্কণ্ডেয় উবাচ।
সখা দশরথস্যাসীজ্জটায়ুররুণাত্মজঃ।
গৃধ্ররাজো মহাবীরঃ সম্পাতির্যস্য সোদরঃ ॥১॥

ভারতকৌমুদী

তামিতি। মূর্দ্ধজেষু কেশেষু। আচক্রমে উৎপপাত। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৯॥
তামিতি। গিরিগোচরঃ পর্ব্বতস্থঃ। তপস্বিনীং শোচনীয়াম্ ॥৪০॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্বণি দ্রৌপদীহরণে দ্বাত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—(:*:)—

সখেতি। অরুণস্য গরুড়াগ্রজস্য আত্মজঃ। গৃধ্রঃ পক্ষিবিশেষঃ ॥১॥

তখন রাবণ দ্রুত যাইয়া সীতাকে নিষেধ করিলেন এবং মূর্চ্ছিতপ্রায়া সীতাকে রূক্ষস্বরে ভর্ৎসনা করিয়া তাঁহার কেশাকর্ষণ করিলেন, তাহার পর তাঁহাকে লইয়া আকাশে উঠিলেন ॥৩৯॥

তদনন্তর পর্ব্বতস্থিত জটায়ুপক্ষী দেখিলেন—তপস্বিনী সীতা 'রাম রাম' বলিয়া রোদন করিতেছেন এবং রাবণ তাঁহাকে হরণ করিয়া লইয়া যাইতেছেন ॥৪০॥

—:(০):—

মার্কণ্ডেয় বলিলেন—'অরুণ যাঁহার পিতা এবং সম্পাতি যাঁহার সহোদর ছিলেন, সেই মহাবীর গৃধ্ররাজ জটায়ু দশরথ রাজার সখা ছিলেন ॥১॥

---

* '...পঞ্চষষ্ট্যধিকদ্বিশততমঃ...' পি, '...সপ্তসপ্তত্যধিকদ্বি...' বা ব' '...অষ্টসপ্তত্যধিক-দ্বি...' কা, '...একোনাশীত্যধিকদ্বি...' নি।

স দদর্শ তদা সীতাং রাবণাঙ্কগতাং স্নুষাম্।
সক্রোধোঽভ্যদ্রবৎ পক্ষী রাবণং রাক্ষসেশ্বরম্ ॥২॥
অথৈনমব্রবীদ্‌গৃধ্রো মুঞ্চ মুঞ্চেতি মৈথিলীম্।
ধ্রিয়মাণে ময়ি কথং হরিষ্যসি নিশাচর! ॥৩॥
নহি মে মোক্ষ্যসে জীবন্ যদি নোৎসৃজসে বধূম্।
উক্তেবং রাক্ষসেন্দ্রং তং চকর্ত্ত নখরৈর্ভৃশম্ ॥৪॥
পক্ষতুণ্ডপ্রহারৈশ্চ বহুশো জর্জ্জরীকৃতঃ।
চক্ষার রুধিরং ভূরি গিরিঃ প্রস্রবণৈরিব ॥৫॥
স বধ্যমানো গৃধ্রেণ রামপ্রিয়হিতৈষিণা।
খড়্গমাদায় চিচ্ছেদ পক্ষৌ তস্য পতত্রিণঃ ॥৬॥

ভারতকৌমুদী

স ইতি। স্নুষাং পুত্রবধূম্, দশরথস্য সখিতয়া জটায়ুষস্তৎস্থানপাতিত্বাদিতি ভাবঃ ॥২॥
অথেতি। এনং রাবণম্, গৃধ্রো জটায়ুঃ। ধ্রিয়মাণে অবতিষ্ঠমানে ॥৩॥
নহীতি। নোৎসৃজসে ন ত্যজসি। চকর্ত্ত চিচ্ছেদ, নখরৈর্নখৈঃ ॥৪॥
পক্ষেতি। চক্ষার অঙ্গান্নিঃসারয়ামাস। প্রস্রবণৈঃ প্রণালীভির্জলমিব ॥৫॥
স ইতি। স রাবণঃ, বধ্যমানঃ প্রহ্রিয়মাণঃ। পতত্রিণো জটায়ুষঃ ॥৬॥

তিনি তখন দেখিলেন—পুত্রবধূ সীতা রাবণের ক্রোড়ে রহিয়াছেন। তৎক্ষণাৎ তিনি ক্রুদ্ধ হইয়া রাক্ষসরাজ রাবণের দিকে ধাবিত হইলেন ॥২॥

তাহার পর জটায়ু রাবণকে বলিলেন—'নিশাচর! তুই সীতাকে পরিত্যাগ কর্ পরিত্যাগ কর্। কারণ, আমি থাকিতে তুই কি করিয়া উঁহাকে হরণ করিবি? ॥৩॥

তুই যদি সীতাকে পরিত্যাগ না করিস্, তবে জীবিত অবস্থায় আমার নিকট হইতে মুক্তি পাইবি না'। এই কথা বলিয়াই জটায়ু নখদ্বারা রাবণকে অত্যন্ত ক্ষতবিক্ষত করিলেন ॥৪॥

এবং তিনি পক্ষ ও চঞ্চুপ্রহারদ্বারা রাবণের বহু অঙ্গ জর্জ্জরীভূত করিলেন। তখন পর্ব্বত হইতে প্রণালীদ্বারা যেমন জল নির্গত হয়, সেইরূপ রাবণের গাত্র হইতে প্রচুর রক্ত নির্গত হইতে লাগিল ॥৫॥

রামের প্রিয় ও হিতৈষী জটায়ু যখন ঐরূপে প্রহার করিতে লাগিলেন, তখন রাবণ খড়্গ ধারণ করিয়া জটায়ুর পক্ষদ্বয় ছেদন করিলেন ॥৬॥

---

(৩)…মুঞ্চ মুঞ্চ স্বমৈথিলীম্…বা ব কা পি। (৫)…বহুশো জর্জ্জরীকৃতম্…বা র কা।

নিহত্য গৃধ্ররাজং স ভিন্নাভ্রশিখরোপমম্ ।
ঊর্দ্ধমাচক্রমে সীতাং গৃহীত্বাঙ্কেন রাক্ষসঃ ॥৭॥
যত্র যত্র তু বৈদেহী পশ্যত্যাশ্রমমণ্ডলম্ ।
সরো বা সরিতো বাপি তত্র মুঞ্চতি ভূষণম্ ॥৮॥
সা দদর্শ গিরিপ্রস্থে পঞ্চ বানরপুঙ্গবান্ ।
তত্র বাসো মহদ্দিব্যমুৎসসর্জ্জ মনস্বিনী ॥৯॥
তত্তেষাং বানরেন্দ্রাণাং পপাত পবনোদ্ধতম্ ।
মধ্যে সুপীতং পঞ্চানাং বিদ্যুন্মেঘান্তরে যথা ॥১০॥
অচিরেণাতিচক্রাম খেচরঃ খে চরন্নিব ।
দদর্শাথ পুরীং রম্যাং বহুদ্বারাং মনোরমাম্ ॥১১॥

ভারতকৌমুদী

নিহত্যেতি। ভিন্নানি বিদীর্ণানি অভ্রাণি মেঘা যেন তাদৃশং যচ্ছিখরং তদুপমম্ ॥৭॥
যত্রেতি। মুঞ্চতি, রাম এতদ্দৃষ্ট্বা মদ্বার্ত্তাসংবাদং জ্ঞাতুং শক্নুয়াদিত্যাশয়েতি ভাবঃ ॥৮॥
সেতি। গিরেঃ প্রস্থে সানুদেশে সমতলভূমাবিতি যাবৎ। পূর্ব্ববদ্ভাবঃ ॥৯॥
তদিতি। পবনোদ্ধতং বায়ুচালিতং সৎ। সুপীতং মনোহরপীতবর্ণম্ ॥১০॥
অচিরেণেতি। অতিচক্রাম সাগরমিতি শেষঃ, খেচরো রাবণঃ। ইব বাক্যালঙ্কারে ॥১১॥

ভারতভাবদীপঃ

সখেতি ॥১—২॥ স্বমৈথিলীং স্বা চাসৌ মৈথিলী চ স্বা আত্মীয়া স্নুষা মৈথিলসুতেত্যর্থঃ, ম্রিয়মাণে জীবতি সতি ॥৩॥ নখরৈর্নখৈস্তীক্ষ্ণৈঃ ॥৪॥ চক্ষার সুস্রাব ॥৫—৬॥ অঙ্কেনোৎসঙ্গেন ॥৭—৮॥ গিরিপ্রস্থে পর্ব্বতশিখরে। "প্রস্থোঽস্ত্রিয়াং মানভেদে সানাবত্যুচ্চবস্তুনী"তি

এই ভাবে রাবণ, মেঘভেদী পর্বতশৃঙ্গের ন্যায় গৃধ্ররাজ জটায়ুকে বধ করিয়া সীতাকে ক্রোড়ে ধারণপূর্ব্বক উপরের দিকে উঠিলেন ॥৭॥

তখন সীতা যেখানে যেখানে আশ্রম, জলাশয়, কিংবা নদী দেখিতে লাগিলেন, সেইখানে সেইখানেই নিজের এক একখানি অলঙ্কার ফেলিয়া দিতে থাকিলেন ॥৮॥

তাহার পর তিনি এক পর্বতের সমতলভূমিতে প্রধান পাঁচটা বানর দেখিলেন, তৎক্ষণাৎ সেখানে উত্তম ও বিশাল উত্তরীয় বস্ত্র নিক্ষেপ করিলেন ॥৯॥

তখন মেঘের মধ্যে যেমন বিদ্যুৎ উপস্থিত হয়, সেইরূপ সেই পাঁচটা বানরের মধ্যে বায়ুচালিত হইয়া যাইয়া সেই সুন্দর ও পীতবর্ণ বস্ত্রখানা পতিত হইল ॥১০॥

তাহার পর রাবণ আকাশপথে গমন করিতে থাকিয়া অচিরকালমধ্যেই

প্রাকারবপ্রসংবাধাং নির্ম্মিতাং বিশ্বকর্ম্মণা।
প্রবিবেশ পুরীং লঙ্কাং সসীতো রাক্ষসেশ্বরঃ ॥১২॥
এবং হৃতায়াং বৈদেহ্যাং রামো হত্বা মহামৃগম্।
নিবৃত্তো দদৃশে ধীমান্ ভ্রাতরং লক্ষ্মণং তদা ॥১৩॥
কথমুৎসৃজ্য বৈদেহীং বনে রাক্ষসসেবিতে।
ইতি তং ভ্রাতরং দৃষ্ট্বা প্রাপ্তোঽসীতি ব্যগর্হয়ৎ ॥১৪॥
মৃগরূপধরেণাথ রক্ষসা সোঽপকর্ষণম্।
ভ্রাতুরাগমনঞ্চৈব চিন্তয়ন্ পর্য্যতপ্যত ॥১৫॥
গর্হয়ন্নেব রামস্তু ত্বরিতস্তং সমাসদৎ।
অপি জীবতি বৈদেহী নেতি পশ্যামি লক্ষ্মণ! ॥১৬॥

ভারতকৌমুদী

প্রাকারেতি। প্রাকারৈরিষ্টকাবেষ্টনৈঃ বপ্রৈস্তন্নামুত্তিকাস্তূপৈশ্চ সংবাধাং ব্যাপ্তাম্ ॥১২॥
এবমিতি। নিবৃত্ত আশ্রমং প্রত্যাগচ্ছন্, দদৃশে দদর্শ ॥১৩॥
কথমিতি। বৈদেহীমুৎসৃজ্য কথং প্রাপ্তঃ অত্রাগতোঽসীতি ব্যগর্হয়দ্রামঃ ॥১৪॥
মৃগেতি। স রামঃ, অপকর্ষণম্ আত্মনো দূর আকর্ষণম্ ॥১৫॥
গর্হয়ন্নিতি। রামস্তু লক্ষ্মণং পূর্ব্বোক্তপ্রকারং গর্হয়ন্নেব, হে লক্ষ্মণ! বৈদেহী জীবতি তাং পশ্যামি, অপি কিম্, ইতি ব্রুবন্নেব তং লক্ষ্মণম্, সমাসদৎ প্রাপৎ ॥১৬॥

ভারতভাবদীপঃ

মেদিনী ॥৯—১১॥ প্রাকারঃ পরিধিভিত্তিঃ, বপ্রস্তদ্বাহ্যং বেণুময়ং দুর্গং তাভ্যাং সংবাধাং দুর্গমাম্। "বপ্রঃ স্থানে পুমানস্ত্রী বেণুক্ষেত্রে চ পেটকে" ইতি মেদিনী ॥১২—১৭॥ কথং

সমুদ্র অতিক্রম করিলেন এবং বহুদ্বারসমন্বিত ও চিত্তাকর্ষক একটী সুন্দর পুরী দর্শন করিলেন ॥১১॥

তৎপরে রাবণ সীতার সহিত সেই প্রাচীরবেষ্টিত বিশ্বকর্ম্মনির্ম্মিত লঙ্কাপুরীতে যাইয়া প্রবেশ করিলেন ॥১২॥

এইভাবে সীতাকে হরণ করিয়া নিলে পর, ধীমান্ রাম মহামৃগ বধ করিয়া ফিরিয়া আসিবার সময়ে পথে ভ্রাতা লক্ষ্মণকে দেখিলেন ॥১৩॥

তিনি লক্ষ্মণকে দেখিয়াই এই বলিয়া তাঁহাকে নিন্দা করিলেন যে,—'তুমি রাক্ষসসেবিত বনে একাকিনী সীতাকে পরিত্যাগ করিয়া কেন আসিলে?' ॥১৪॥

তাহার পর রাম, মৃগরূপধারি-রাক্ষসকর্ত্তৃক নিজের দূরে আকর্ষণ এবং লক্ষ্মণের তথা হইতে আগমন এই সমস্ত চিন্তা করিয়া অত্যন্ত উদ্বিগ্ন হইলেন ॥১৫॥

এবং রাম উক্তপ্রকার নিন্দা করিয়াই 'লক্ষ্মণ! সীতা জীবিত আছেন কি?

তস্য তৎ সর্ব্বমাচখ্যৌ সীতায়া লক্ষ্মণো বচঃ।
যদুক্তবত্যসদৃশং বৈদেহী পশ্চিমং বচঃ ॥১৭॥
দহ্যমানেন তু হৃদা রামোঽভ্যপতদাশ্রমম্।
স দদর্শ তদা গৃধ্রং নিহতং পর্ব্বতোপমম্ ॥১৮॥
রাক্ষসং শঙ্কমানস্তং বিকৃষ্য বলবদ্ধনুঃ।
অভ্যধাবত কাকুৎস্থস্ততস্তং সহলক্ষ্মণঃ ॥১৯॥
স তাবুবাচ তেজস্বী সহিতৌ রামলক্ষ্মণৌ।
গৃধ্ররাজোঽস্মি ভদ্রং বাং সখা দশরথস্য বৈ ॥২০॥
তস্য তদ্বচনং শ্রুত্বা সংগৃহ্য ধনুষী শুভে।
কোঽয়ং পিতরমস্মাকং নাম্নাহেত্যূচতুশ্চ তৌ ॥২১॥
ততো দদৃশতুস্তৌ তং ছিন্নপক্ষদ্বয়ং খগম্।
তয়োঃ শশংস গৃধ্রস্তু সীতার্থে রাবণাদ্বধম্ ॥২২॥

ভারতকৌমুদী

তস্যেতি। তস্য রামস্যান্তিকে। পশ্চিমং "নৈষ কামঃ" ইত্যাদিকং শেষম্ ॥১৭॥
দহেতি। দহ্যমানেন সীতায়া দুরুক্তিশ্রুত্যা সন্তাপেন চেতি ভাবঃ ॥১৮॥
রাক্ষসমিতি। বলবৎ সাতিশয়ম্, বিকৃষ্য আকৃষ্য, তং হন্তুমিত্যাশয়ঃ ॥১৯॥
স ইতি। স জটায়ুঃ। বাং যুবয়োঃ, ভদ্রং মঙ্গলমস্ত্বিতি শেষঃ ॥২০॥
তস্যেতি। সংগৃহ্য কেবলং ধৃত্বা। আহ ব্রবীতি। তৌ রামলক্ষ্মণৌ ॥২১॥
তত ইতি। গৃধ্রস্তয়োঃ সমীপে সীতার্থে রাবণাদাত্মনো বধং শশংস ॥২২॥

তাঁহাকে আবার দেখিতে পাইব কি?' এইরূপ বলিতে বলিতে সত্বর লক্ষ্মণের নিকট উপস্থিত হইলেন ॥১৬॥

তখন সীতা প্রথমে যাহা বলিয়াছিলেন এবং শেষে যে অসঙ্গত কথা কহিয়াছিলেন, সে সমস্তই লক্ষ্মণ রামের নিকট বলিলেন ॥১৭॥

তখন রাম সন্তপ্তচিত্তে আশ্রমে আগমন করিলেন এবং ভূপতিত পর্বতপ্রমাণ একটা গৃধ্র দর্শন করিলেন ॥১৮॥

তৎপরে রাম ও লক্ষ্মণ দুই জনেই সেই গৃধ্রকে রাক্ষস মনে করিয়া, সম্পূর্ণরূপে ধনু আকর্ষণপূর্বক তাহার দিকে ধাবিত হইলেন ॥১৯॥

তখন সেই গৃধ্র রাম ও লক্ষ্মণকে বলিল—'আমি গৃধ্ররাজ ও দশরথের সখা; তোমাদের মঙ্গল হউক' ॥২০॥

তখন রাম ও লক্ষ্মণ তাহার সেই কথা শুনিয়া মঙ্গলময় ধনু দুই খানা কেবল ধারণ করিয়া বলিলেন—'এ-কে আমাদের পিতার নাম বলিতেছে?' ॥২১॥

অপৃচ্ছদ্রাঘবো গৃধ্রং রাবণঃ কাং দিশং গতঃ।
তস্য গৃধ্রঃ শিরঃকম্পৈরাচচক্ষে মমার চ ॥২৩॥
দক্ষিণামিতি কাকুৎস্থো বিদিত্বাঽস্য তদিঙ্গিতম্।
সৎকারং লম্ভয়ামাস সখায়ং পূজয়ন্ পিতুঃ ॥২৪॥
ততো দৃষ্ট্বাশ্রমপদং ব্যপবিদ্ধবৃষীকটম্।
বিধ্বস্তকলসং শূন্যং গোমায়ুশতসঙ্কুলম্ ॥২৫॥
দুঃখশোকসমাবিষ্টৌ বৈদেহীহরণার্দ্দিতৌ।
জগ্মতুর্দণ্ডকারণ্যং দক্ষিণেন পরন্তপৌ ॥২৬॥ (যুগ্মকম্)
বনে মহতি তস্মিংস্তু রামঃ সৌমিত্রিণা সহ।
দদর্শ মৃগযূথানি দ্রবমাণানি সর্ব্বশঃ ॥২৭॥

ভারতকৌমুদী

অপৃচ্ছদিতি। শিরঃকম্পৈরাচচক্ষে, বচনোচ্চারণশক্তিলোপাদিত্যাশয়ঃ ॥২৩॥

দক্ষিণামিতি। তদিঙ্গিতং তচ্ছিরঃকম্পসূচিতাং দক্ষিণাং দিশম্ ॥২৪॥

তত ইতি। ব্যপবিদ্ধাঃ সীতাহরণকালীনসংঘর্ষেণ বিশৃঙ্খলীকৃতা বৃষ্য ঋষীণামাসনানি কটা যত্র তৎ, শূন্যং সীতারহিতম্। পরন্তপৌ রামলক্ষ্মণৌ ॥২৫—২৬॥

বন ইতি। দ্রবমাণানি ভয়েন পলায়মানানি, সর্বশঃ সর্বাণি ॥২৭॥

তাহার পর তাঁহারা ছিন্নপক্ষ জটায়ুকে দেখিলেন এবং 'সীতাকে রক্ষা করিতে যাওয়ায় রাবণ তাঁহাকে বধ করিয়াছে' এই কথা জটায়ু তাঁহাদের নিকট বলিলেন ॥২২॥

তখন রাম জটায়ুকে জিজ্ঞাসা করিলেন যে, 'রাবণ কোন্ দিকে গিয়াছে?'। পরে জটায়ু মস্তককম্পনদ্বারা তাহা জানাইলেন এবং প্রাণত্যাগ করিলেন ॥২৩॥

তখন রাম জটায়ুর ইঙ্গিতে দক্ষিণ দিক্ বুঝিতে পারিয়া, পিতার সখা বলিয়া জটায়ুর দাহসৎকার করিলেন ॥২৪॥

তৎপরে রাম ও লক্ষ্মণ আশ্রমে যাইয়া দেখিলেন—ঋষিদের বসিবার আসনগুলি বিশৃঙ্খল হইয়া রহিয়াছে, জলের কলসগুলি ভগ্ন অবস্থায় পড়িয়া আছে, আশ্রমে কেহ নাই এবং অনেক শিয়াল ঘুরিয়া বেড়াইতেছে। ইহা দেখিয়া পরন্তপ রাম ও লক্ষ্মণ সীতাহরণের দুঃখে ও শোকে আকুল ও পীড়িত হইয়া দক্ষিণদিগ্বর্ত্তী দণ্ডকারণ্যে গমন করিতে লাগিলেন ॥২৫—২৬॥

ক্রমে রাম ও লক্ষ্মণ দেখিলেন—সেই মহারণ্যে সর্ব্বপ্রকার পশুশ্রেণী পলায়ন করিতেছে ॥২৭॥

---

(২৫)…ব্যপবিদ্ধবৃষীমঠম্…বা ব কা,…ব্যপবিদ্ধং বৃষীবৃতম্…পি।

শব্দঞ্চ ঘোরং সত্ত্বানাং দাবাগ্নেরিব বর্দ্ধতঃ।
অপশ্যতাং মুহূর্ত্তাচ্চ কবন্ধং ঘোরদর্শনম্ ॥২৮॥
মেঘপর্ব্বতসঙ্কাশং শালস্কন্ধং মহাভুজম্।
উরোগতবিশালাক্ষং মহোদরমহামুখম্ ॥২৯॥ (যুগ্মকম্)
যদৃচ্ছয়াঽথ তদ্রক্ষঃ করে জগ্রাহ লক্ষ্মণম্।
বিষাদমগমৎ সদ্যঃ সৌমিত্রিরথ ভারত! ॥৩০॥
স রামমভিসংপ্রেক্ষ্য কৃষ্যতে যেন তন্মুখম্।
বিষণ্ণশ্চাব্রবীদ্রামং পশ্যাবস্থামিমাং মম ॥৩১॥
হরণঞ্চৈব বৈদেহ্যা মম চায়মুপপ্লবঃ।
রাজ্যভ্রংশশ্চ ভবতস্তাতস্য মরণং তথা ॥৩২॥

ভারতকৌমুদী

শব্দমিতি। অশৃণুতামিতি শেষঃ, সত্ত্বানাং প্রাণিনাম্। কবন্ধং শিরঃশূন্যং দেহম্। উরোগতে বক্ষঃস্থিতে বিশালে অক্ষিণী যস্য তম্, মহত্যুদরে মহন্মুখং যস্য তঞ্চ ॥২৮—২৯॥

যদৃচ্ছয়েতি। যদৃচ্ছয়া সঙ্কল্পশূন্যভাবেন, ন তু ভক্ষণেচ্ছয়েত্যর্থঃ ॥৩০॥

স ইতি। যেন দিগ্বিভাগেন তস্য কবন্ধস্য মুখমাসীৎ, তস্মিন্ দিগ্বিভাগে, তেন কবন্ধেন রামমভিসংপ্রেক্ষ্য স লক্ষ্মণঃ কৃষ্যতে স্ম। বিষণ্ণশ্চ লক্ষ্মণঃ ॥৩১॥

হরণমিতি। উপপ্লবো মহতী বিপৎ। সর্ব্বথা দুঃসময়োঽয়মস্মাকমিতি ভাবঃ ॥৩২॥

এবং বর্দ্ধমান দাবাগ্নির ন্যায় জন্তুগণের ভয়ঙ্কর শব্দ হইতেছে। মুহূর্ত্ত পরেই তাঁহারা দেখিলেন—মেঘপর্ব্বতের ন্যায় ভয়ঙ্করাকৃতি একটা কবন্ধ আসিতেছে; তাহার স্কন্ধযুগল শালবৃক্ষের ন্যায় উচ্চ, বাহুযুগল অতিবৃহৎ, বক্ষঃস্থলে প্রকাণ্ড নয়নযুগল এবং বিশাল উদরের উপরে বিশাল মুখ ছিল ॥২৮—২৯॥

ভরতনন্দন! তাহার পর সেই রাক্ষস যদৃচ্ছাক্রমে লক্ষ্মণের হস্ত ধারণ করিল; তৎক্ষণাৎ লক্ষ্মণ বিষণ্ণ হইয়া পড়িলেন ॥৩০॥

ক্রমে সেই কবন্ধ রামের দিকে চাহিয়া লক্ষ্মণকে নিজের মুখের দিকে টানিতে লাগিল। তখন লক্ষ্মণ বিষণ্ণ হইয়া রামকে বলিলেন—'আমার এই অবস্থা দেখুন ॥৩১॥

সীতার হরণ, আমার এই বিপদ্, আপনার রাজ্যভ্রংশ এবং পিতার মৃত্যু, (কি দুঃসময় দেখুন) ॥৩২॥

(২৯) মেরুপর্ব্বতসঙ্কাশম্...পি।

নাহং ত্বাং সহ বৈদেহ্যা সমেতং কোশলাগতম্।
দ্রক্ষ্যামি পৃথিবীরাজ্যে পিতৃপৈতামহে স্থিতম্ ॥৩৩॥
দ্রক্ষ্যন্ত্যার্য্যান্ত ধন্যা যে কুশ-লাজ-শমী-জলৈঃ।
অভিষিক্তস্য বদনং সোমং শান্তঘনং যথা ॥৩৪॥
এবং বহুবিধং ধীমান্ বিললাপ স লক্ষ্মণঃ।
তমুবাচাথ কাকুৎস্থঃ সম্ভ্রমেষ্বপ্যসম্ভ্রমঃ ॥৩৫॥
মা বিষীদ নরব্যাঘ্র! নৈষ কশ্চিন্ময়ি স্থিতে।
ছিন্ধ্যস্য দক্ষিণং বাহুং ছিন্নঃ সব্যো ময়া ভুজঃ ॥৩৬॥
ইত্যেবং বদতা তস্য ভুজো রামেণ পাতিতঃ।
খড়্গেন ভৃশতীক্ষ্ণেন নিকৃত্তস্তিলকাণ্ডবৎ ॥৩৭॥
ততোঽস্য দক্ষিণং বাহুং খড়্গেনাজঘ্নিবান্ বলী।
সৌমিত্রিরপি সংপ্রেক্ষ্য ভ্রাতরং রাঘবং স্থিতম্ ॥৩৮॥

ভারতকৌমুদী

নেতি। কোশলাগতম্ অযোধ্যাস্থিতম্। ন দ্রক্ষ্যামি, ইদানীমেব মে মরণাৎ ॥৩৩॥
দ্রক্ষ্যন্তীতি। কুশ-লাজ শমীযুক্তানি জলানি তৈঃ। শান্তঘনম্ অপসৃতমেঘম্ ॥৩৪॥
এবমিতি। সম্ভ্রমেষ্বপি ব্যস্ততাকালেষ্বপি, অসম্ভ্রমঃ অব্যস্তঃ ধীর ইত্যর্থঃ ॥৩৫॥
মেতি। ময়ি স্থিতে এষ ন কশ্চিৎ অকিঞ্চিৎকর ইত্যর্থঃ। সব্যো বামঃ ॥৩৬॥
ইতীতি। নিকৃত্তশ্ছিন্নঃ, তিলকাণ্ডবৎ তিলবৃক্ষনালবৎ ॥৩৭॥

হায়! আমি আর আপনাকে সীতার সহিত অযোধ্যানগরে পৈতৃক রাজত্বপদে অবস্থিত দেখিতে পাইব না ॥৩৩॥

কুশ, লাজ (খই) ও শমীপত্রযুক্ত জলদ্বারা আপনি যখন রাজ্যে অভিষিক্ত হইবেন, তখন যাঁহারা ধন্য, তাঁহারাই মেঘবিহীন চন্দ্রের ন্যায় আপনার মুখ-মণ্ডল দর্শন করিবেন' ॥৩৪॥

বুদ্ধিমান্ লক্ষ্মণ এইরূপ বহুবিধ বিলাপ করিতে লাগিলেন। তখন অধীরতার সময়েও অত্যন্তধীরস্বভাব রাম তাঁহাকে বলিলেন—॥৩৫॥

'পুরুষশ্রেষ্ঠ! তুমি বিষণ্ণ হইও না। কারণ, আমি থাকিতে এ, কেহই নহে। তুমি ইহার দক্ষিণ বাহু ছেদন কর, আর আমি ইহার বাম বাহু ছেদন করিয়াছি' ॥৩৬॥

এইরূপ বলিতে বলিতেই রাম অতিতীক্ষ্ণ তরবারিদ্বারা তিলনালের ন্যায় কবন্ধের বাম বাহু ছেদন করিয়া ফেলিলেন ॥৩৭॥

(৩৪)...কুশলাঃ পুণ্যকর্ম্মিণঃ...পি।

পুনর্জঘান পার্শ্বে বৈ তদ্রক্ষো লক্ষ্মণো ভৃশম্ ।
গতাসুরপতদ্ভূমৌ কবন্ধঃ সুমহাংস্ততঃ ॥৩৯॥
তস্য দেহাদ্বিনিঃসৃত্য পুরুষো দিব্যদর্শনঃ ।
দদৃশে দিবমাস্থায় দিবি সূর্য্য ইব জ্বলন্ ॥৪০॥
পপ্রচ্ছ রামস্তং বাগ্মী কস্ত্বং প্রব্রূহি পৃচ্ছতঃ ।
কাময়া কিমিদং চিত্রমাশ্চর্য্যং প্রতিভাতি মে ॥৪১॥
তস্যাচচক্ষে গন্ধর্ব্বো বিশ্বাবসুরহং নৃপ ! ।
প্রাপ্তো ব্রাহ্মণশাপেন যোনিং রাক্ষসসেবিতাম্ ॥৪২॥

ভারতকৌমুদী

তত ইতি। আজঘ্নিবান্ আহতবান্। রামদর্শনাৎ সাহসাতিরেক ইত্যাশয়ঃ ॥৩৮॥
পুনরিতি। তৎ রক্ষঃ তং রাক্ষসম্। গতাসুর্নির্গতপ্রাণঃ ॥৩৯॥
তস্যেতি। দদৃশে রামলক্ষ্মণাভ্যামিত্যর্থঃ, দিবমাস্থায় স্থিত ইতি শেষঃ ॥৪০॥
পপ্রচ্ছেতি। কাময়া স্বেচ্ছয়ৈব, ইদং চিত্রং বপুর্ধৃতং কিম্, এতচ্চাশ্চর্য্যং মে প্রতিভাতি ॥৪১॥
তস্যেতি। আচচক্ষে স পুরুষ ইতি শেষঃ। বিশ্বাবসুর্নাম ॥৪২॥

ভারতভাবদীপঃ

প্রাপ্তোঽসীতি সম্বন্ধঃ ॥১৪—১৯॥ বাং যুবয়োঃ ॥২০॥ আহ ব্রূতে ॥২১—২৮॥ উরসি নেত্রে উদরে মুখে চ যস্য কবন্ধঃ শীর্ষহীনঃ পুমান্ ॥২৯—৩০॥ যেন যতস্তন্মুখং ততঃ কৃষ্যতে ॥৩১—৩৪॥ এবং বহুবিধং রামমব্রবীৎ, অসম্ভ্রমো নির্ভয়ঃ ॥৩৫—৩৯॥ বিনিঃসৃত্য দিব্য-

---

তাহার পর বলবান্ লক্ষ্মণও, ভ্রাতা রাম রহিয়াছেন দেখিয়া তরবারিদ্বারা কবন্ধের দক্ষিণবাহুর উপরে আঘাত করিলেন ॥৩৮॥

এবং লক্ষ্মণ সেই রাক্ষসের পার্শ্বদেশে পুনরায় গুরুতর আঘাত করিলেন; তাহাতেই সেই অতিবিশাল কবন্ধ গতাসু হইয়া ভূতলে পতিত হইল ॥৩৯॥

তখন দিব্যমূর্ত্তি একটী পুরুষ সেই কবন্ধের দেহ হইতে নির্গত হইয়া আকাশে উঠিয়া সূর্য্যের ন্যায় দীপ্তি পাইতে লাগিল; ইহা রাম ও লক্ষ্মণ দেখিলেন ॥৪০॥

পরে বাগ্মী রাম জিজ্ঞাসা করিলেন—'আমি জিজ্ঞাসা করিতেছি, বল, তুমি কে? তুমি কি আপন ইচ্ছাতেই এই বিচিত্র শরীর ধারণ করিলে? ইহা ত আমার আশ্চর্য্য বলিয়া ধারণা হইতেছে' ॥৪১॥

তখন সেই পুরুষ রামের নিকট বলিল—'রাজা! আমি গন্ধর্ব্ব, আমার নাম 'বিশ্বাবসু'। আমি ব্রাহ্মণের শাপে রাক্ষস হইয়াছিলাম' ॥৪২॥

রাবণেন হৃতা সীতা রাজ্ঞা লঙ্কানিবাসিনা।
সুগ্রীবমভিগচ্ছ ত্বং স তে সাহ্যং করিষ্যতি ॥৪৩॥
এষা পম্পা শিবজলা হংসকারণ্ডবাযুতা।
ঋষ্যমূকস্য শৈলস্য সন্নিকর্ষে তড়াগিনী ॥৪৪॥
বসতে তত্র সুগ্রীবশ্চতুর্ভির্মন্ত্রিভিঃ সহ।
ভ্রাতা বানররাজস্য বালিনো হেমমালিনঃ ॥৪৫॥
তেন ত্বং সহ সঙ্গম্য দুঃখমূলং নিবেদয়।
সমানশীলো ভবতঃ সাহায্যং স করিষ্যতি ॥৪৬॥
এতাবচ্ছক্যমস্মাভির্বক্তুং দ্রষ্টাসি জানকীম্।
ধ্রুবং বানররাজস্য বিদিতো রাবণালয়ঃ ॥৪৭॥

ভারতকৌমুদী

রাবণেনেতি। সাহ্যং সীতোদ্ধারে সাহায্যম্। সাহ্যশব্দঃ সাহায্যার্থে মুনিষু রূঢ়ঃ ॥৪৩॥
এষেতি। পম্পা নাম, শিবং দেহোপকারিত্বান্মঙ্গলময়ং জলং যস্যাঃ সা ॥৪৪॥
বসত ইতি। চতুর্ভিঃ—মৈন্দ-দ্বিবিদ-হনূমজ্জাম্ববদ্ভিঃ, এষামেব বক্ষ্যমাণত্বাৎ ॥৪৫॥
তেনেতি। সমানং শীলং বৃত্তমবস্থা যস্য সঃ, তস্যাপি রাজ্যনাশাৎ ॥৪৬॥
এতাবদিতি। দ্রষ্টাসি দ্রক্ষ্যসি। বানররাজস্য সুগ্রীবস্য ॥৪৭॥

ভারতভাবদীপঃ

দর্শনো২ভূৎ, পুরুষঃ কবন্ধদেহধারী, স চ দদৃশে দৃষ্টঃ ॥৪০॥ কাময়া ইচ্ছয়া ॥৪১—৪৩॥ পম্পা নামতঃ, তড়াগিনী সরসী ॥৪৪—৪৮॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রয়স্ত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৩৩॥

লঙ্কানিবাসী রাক্ষসরাজ রাবণ সীতাদেবীকে হরণ করিয়াছেন। অতএব আপনি সুগ্রীবের নিকট গমন করুন, তিনি আপনার সাহায্য করিবেন ॥৪৩॥

ঋষ্যমূকপর্ব্বতের নিকটে নির্ম্মল জল ও হংস-কারণ্ডব-(খড়হাঁস) যুক্ত এই পম্পাসরোবর দেখা যাইতেছে ॥৪৪॥

স্বর্ণমালাধারী বানররাজ বালীর ভ্রাতা সুগ্রীব চারি জন মন্ত্রীর সহিত সেই খানে বাস করিতেছেন ॥৪৫॥

আপনি তাঁহার সহিত মিলিত হইয়া আপনার দুঃখের কারণ তাঁহাকে জানান। তাঁহারও আপনার মতই অবস্থা; সুতরাং তিনি আপনার সাহায্য করিবেন ॥৪৬॥

---

(৪৩)…রাজ্ঞা লঙ্কাধিবাসিনা…বা ব কা নি,…সহ্যং করিষ্যতি—বা ব কা পি। (৪৬)…সমানশীলো ভবতা…পি।

ইত্যুক্ত্বান্তর্হিতো দিব্যঃ পুরুষঃ স মহাপ্রভঃ।
বিস্ময়ং জগ্মতুশ্চোভৌ প্রবীরৌ রামলক্ষ্মণৌ ॥৪৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে রামোপাখ্যানে কবন্ধবধে ত্রয়স্ত্রিংশ-দধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:(*):——

চতুস্ত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

——:*:——

মার্কণ্ডেয় উবাচ।

ততোঽবিদূরে নলিনীং প্রভূতকমলোৎপলাম্।
সীতাহরণদুঃখার্ত্তঃ পম্পাং রামঃ সমাসদৎ ॥১॥
মারুতেন সুশীতেন সুখেনামৃতগন্ধিনা।
সেব্যমানো বনে তস্মিন্ জগাম মনসা প্রিয়াম্ ॥২॥

ভারতকৌমুদী

ইতীতি। বিস্ময়ং জগ্মতুঃ, কবন্ধতৎপুরুষতদ্ব্যাপারদর্শনাদিত্যাশয়ঃ ॥৪৮॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে ত্রয়স্ত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(:*:)——

তত ইতি। অবিদূরে অনধিকদূরে, প্রভূতানি কমলানি উৎপলানি কুমুদানি চ যস্যাং তাম্ ॥১॥

মারুতেনেতি। সুখেন সুখস্পর্শেন, অমৃতগন্ধিনা সুধাবৎ সৌরভশালিনা ॥২॥

আমি এইটুকু বলিতে পারি যে, আপনি সীতাদেবীকে দেখিতে পাইবেন। কারণ, নিশ্চয়ই সুগ্রীবের রাবণের বাসস্থান জানা আছে' ॥৪৭॥

এই কথাগুলি বলিয়াই সেই মহোজ্জ্বল দিব্য পুরুষ অন্তর্হিত হইল। তখন মহাবীর রাম ও লক্ষ্মণ দুই জনই বিস্মিত হইলেন' ॥৪৮॥

——:(০):——

মার্কণ্ডেয় বলিলেন—'তাহার পর সীতাহরণদুঃখার্ত্ত রাম (ও লক্ষ্মণ) অনধিকদূরবর্ত্তী প্রচুর পদ্ম ও কুমুদসমন্বিত পম্পাসরোবরে গমন করিলেন ॥১॥

তখন সুশীতল, সুখস্পর্শ ও অমৃতের ন্যায় সৌরভশালী বায়ু আসিয়া

* '...ষট্‌ষষ্ট্যধিকদ্বিশততমঃ...' পি, '...অষ্টসপ্তত্যধিকদ্বি...' বা ব, '...ঊনাশীত্যধিকদ্বি...' কা, '...অশীত্যধিকদ্বি...' নি।

বিললাপ স রাজেন্দ্রস্তত্র কান্তামনুস্মরন্।
কামবাণাভিসন্তপ্তঃ সৌমিত্রিস্তমথাব্রবীৎ ॥৩॥
ন ত্বামেবংবিধো ভাবঃ স্প্রষ্টুমর্হতি মানদ!।
আত্মবন্তমিব ব্যাধিঃ পুরুষং বৃদ্ধশীলিনম্ ॥৪॥
প্রবৃত্তিরুপলব্ধা তে বৈদেহ্যা রাবণস্য চ।
তাং ত্বং পুরুষকারেণ বুদ্ধ্যা চৈবোপপাদয় ॥৫॥
অভিগচ্ছাব সুগ্রীবং শৈলস্থং হরিপুঙ্গবম্।
ময়ি শিষ্যে চ ভৃত্যে চ সহায়ে চ সমাশ্বস ॥৬॥
এবং বহুবিধৈর্বাক্যৈর্লক্ষ্মণেন স রাঘবঃ।
উক্তঃ প্রকৃতিমাপেদে কার্য্যে চানন্তরোঽভবৎ ॥৭॥

ভারতকৌমুদী

বীতি। কামবাণাভিসন্তপ্তঃ, তাদৃশবায়োরুদ্দীপকত্বাদিতি ভাবঃ ॥৩॥
নেতি। বৃদ্ধশীলিনং বৃদ্ধোপদেশগ্রাহিণং ত্বাম্। আত্মবন্তং স্বাস্থ্যং প্রতি যত্নবন্তম্ ॥৪॥
প্রেতি। প্রবৃত্তির্বার্ত্তা, তে ত্বয়া। উপপাদয় সফলীকুরু ॥৫॥
অভীতি। হরিপুঙ্গবং বানরশ্রেষ্ঠম্। ময়ি স্থিতে সতি। সমাশ্বস সমাশ্বসিহি ॥৬॥
এবমিতি। প্রকৃতিং স্বভাবম্। অনন্তরঃ অবহিঃ প্রবৃত্ত ইত্যর্থঃ ॥৭॥

ভারতভাবদীপঃ

তত ইতি। অবিদূরে সমীপে, নলিনীং পুষ্করিণীম্, উৎপলানি কুমুদানি ॥১॥ 'অমৃতগন্ধিনাঽমৃতসদৃশেন ॥২—৪॥ উপপাদয় সফলীকুরু ॥৫—৬॥ অনন্তরঃ সংলগ্নঃ ॥৭—৮॥

তাঁহাদিগকে স্পর্শ করিতে লাগিল; তাহাতে রাম সেই বনের ভিতরেই সীতাকে স্মরণ করিতে লাগিলেন ॥২॥

তিনি সেখানে সীতাকে স্মরণ করিয়া কামবাণে অত্যন্তসন্তপ্ত হইয়া বিলাপ করিতে লাগিলেন। তখন লক্ষ্মণ তাঁহাকে বলিলেন—॥৩॥

'আর্য্য! আপনি বৃদ্ধের উপদেশ গ্রহণ করিয়াছেন। সুতরাং স্বাস্থ্যের দিকে যত্নবান্ লোককে যেমন কোন ব্যাধি আসিয়া স্পর্শ করে না, তেমন আপনাকেও এইরূপ ভাব স্পর্শ করিতে পারে না ॥৪॥

তা'র পর আপনি, জানকীর ও রাবণের সংবাদ পাইয়াছেন। অতএব এখন বুদ্ধি ও পুরুষকারদ্বারা সেই বিষয়ে সফলতালাভের চেষ্টা করুন ॥৫॥

চলুন—আমরা, পর্ব্বতবাসী বানরশ্রেষ্ঠ সুগ্রীবের নিকট যাই। আমি আপনার শিষ্য, ভৃত্য ও সহায়। সুতরাং আমি আছি বলিয়া আপনি আশ্বস্ত হউন' ॥৬॥

নিষেব্য বারি পম্পায়াস্তর্পয়িত্বা পিতৄনপি।
প্রতস্থতুরুভৌ বীরৌ ভ্রাতরৌ রামলক্ষ্মণৌ ॥৮॥
তাবৃষ্যমূকমভেত্য বহুমূলফলদ্রুমম্।
গির্য্যগ্রে বানরান্ পঞ্চ বীরৌ দদৃশতুস্তদা ॥৯॥
সুগ্রীবঃ প্রেষয়ামাস সচিবং বানরং তয়োঃ।
বুদ্ধিমন্তং হনুমন্তং হিমবন্তমিব স্থিতম্ ॥১০॥
তেন সম্ভাষ্য পূর্ব্বং তৌ সুগ্রীবমভিজগ্মতুঃ।
সখ্যং বানররাজেন চক্রে রামস্তদা নৃপ! ॥১১॥
তদ্বাসো দর্শয়ামাসুস্তস্য কার্য্যে নিবেদিতে।
বানরাণান্তু যৎ সীতা হ্রিয়মাণা ব্যপাসৃজৎ ॥১২॥
তৎ প্রত্যয়করং লব্ধ্বা সুগ্রীবং প্লবগাধিপম্।
পৃথিব্যাং বানরৈশ্বর্য্যে স্বয়ং রামোঽভ্যষেচয়ৎ ॥১৩॥

ভারতকৌমুদী

নিষেব্যেতি। পম্পায়াঃ সরস্যাঃ। প্রতস্থতুঃ ঋষ্যমূকপর্ব্বতে প্রস্থিতবন্তৌ ॥৮॥
তাবিতি। বহবো মূলফলদ্রুমা যত্র তম্। গির্য্যগ্রে ঋষ্যমূকোপরি ॥৯॥
সুগ্রীব ইতি। তয়োঃ পর্ব্বতাধঃস্থিতয়ো রামলক্ষ্মণয়োরন্তিকে ॥১০॥
তেনেতি। তেন হনূমতা সহ, সম্ভাষ্য সম্ভাষণেন সুগ্রীবাবস্থামবগম্য ॥১১॥
তদিতি। বাসো বস্ত্রম্, দর্শয়ামাসুস্তে বানরাঃ, তস্য রামস্য ॥১২॥

লক্ষ্মণ এইরূপ নানাবিধ বাক্য বলিলে, রাম প্রকৃতিস্থ হইয়া কার্য্যে প্রবৃত্ত হইলেন ॥৭॥

মহাবীর রাম ও লক্ষ্মণ দুই ভ্রাতাই পম্পাসরোবরের জলে স্নান ও পিতৃতর্পণ করিয়া ঋষ্যমূকপর্বতের দিকে প্রস্থান করিলেন ॥৮॥

ক্রমে তাঁহারা বহুতর ফল, মূল ও বৃক্ষসমন্বিত ঋষ্যমূকপর্ব্বতে উপস্থিত হইয়া তাহার উপরে পাঁচটা বানরকে দেখিতে পাইলেন ॥৯॥

তখন সুগ্রীব, হিমালয়ের ন্যায় বিশালমূর্ত্তি ও বুদ্ধিমান্ বানরমন্ত্রী হনূমান্‌কে রাম ও লক্ষ্মণের নিকট পাঠাইয়া দিলেন ॥১০॥

তখন তাঁহারা প্রথমে হনূমানের সহিত আলাপ করিয়া সুগ্রীবের নিকট গমন করিলেন; পরে রাম সুগ্রীবের সহিত সখ্য স্থাপন করিলেন ॥১১॥

রাম নিজের কার্য্য জানাইলে, হরণকালীন সীতা যে বস্ত্রখানি বানরদের উপরে নিক্ষেপ করিয়াছিলেন, সেই বস্ত্রখানি বানরেরা রাম ও লক্ষ্মণকে দেখাইল ॥১২॥

প্রতিজজ্ঞে চ কাকুৎস্থঃ সমরে বালিনো বধম্।
সুগ্রীবশ্চাপি বৈদেহ্যাঃ পুনরানয়নং নৃপ ! ॥১৪॥
ইত্যুক্ত্বা সময়ং কৃত্বা বিশ্বাস্য চ পরস্পরম্।
অভ্যেত্য সর্ব্বে কিষ্কিন্ধ্যাং তস্থুর্যুদ্ধাভিকাঙ্ক্ষিণঃ ॥১৫॥
সুগ্রীবস্তু ননাদোচ্চৈর্মহামেঘৌঘনিস্বনঃ।
নাস্য তন্মমৃষে বালী তারা তং প্রত্যষেধয়ৎ ॥১৬॥
যথা নদতি সুগ্রীবো বলবানেষ বানরঃ।
মন্যে চাশ্রয়বান্ প্রাপ্তো ন ত্বং নিষ্ক্রান্তুমর্হসি ॥১৭॥
হেমমালী ততো বালী তারাং তারাধিপাননাম্।
প্রোবাচ বচনং বাগ্মী তাং বানরপতিঃ পতিঃ ॥১৮॥

ভারতকৌমুদী

তদিতি। প্রত্যয়করং বিশ্বাসজনকম্, তৎ বস্ত্রম্। বানরৈশ্বর্য্যে বানররাজত্বে ॥১৩॥

প্রতীতি। কাকুৎস্থো রামঃ। পুনরানয়নং প্রতিজজ্ঞ ইতি সম্বন্ধঃ ॥১৪॥

ইতীতি। ইতি উক্তপ্রকারং বচসাপি উক্ত্বা, সময়ং শপথম্, বিশ্বাস্য সপ্ততাল-ভেদাদিনা বিশ্বাসং জনয়িত্বা ॥১৫॥

সুগ্রীব ইতি। মমৃষে সেহে। তারা নাম বালিভোগ্যা বানরী ॥১৬॥

কিমুক্ত্বা প্রত্যষেধয়দিত্যাহ যথেতি। প্রাপ্ত আগতঃ, নিষ্ক্রান্তুং নিষ্ক্রমিতুম্ ॥১৭॥

রাম সেই বিশ্বাসজনক বস্ত্রখানি পাইয়া বানরশ্রেষ্ঠ সুগ্রীবকে পৃথিবীর বানররাজত্বে নিজেই অভিষিক্ত করিলেন ॥১৩॥

আর রাম যুদ্ধে বালীকে বধ করিবেন বলিয়া প্রতিজ্ঞা করিলেন এবং সুগ্রীবও সীতাকে পুনরায় আনিয়া দিবেন বলিয়া প্রতিশ্রুতি দিলেন ॥১৪॥

এইরূপ বলিয়া শপথ করিয়া এবং পরস্পর বিশ্বাস জন্মাইয়া সকলেই কিষ্কিন্ধ্যায় আসিয়া যুদ্ধাভিলাষী হইয়া অবস্থান করিতে লাগিলেন ॥১৫॥

কিয়ৎপরে সুগ্রীব মহামেঘসমূহের ন্যায় গম্ভীর স্বরে উচ্চ সিংহনাদ করিয়া উঠিলেন ; বালী তাহা সহ্য করিতে পারিলেন না ; কিন্তু তারা তাঁহাকে নিষেধ করিলেন (বলিলেন—) ॥১৬॥

'এই বলবান্ বানর সুগ্রীব যেরূপ সিংহনাদ করিয়াছেন, তাহাতে বোধ হয়—তিনি আশ্রয় লাভ করিয়াই আসিয়াছেন। অতএব আপনি নির্গত হইতে পারেন না' ॥১৭॥

তাহার পর স্বর্ণমালাধারী, বাগ্মী, তারার পতি ও বানররাজ বালী চন্দ্রবদনা তারাকে এই কথা বলিলেন—॥১৮॥

(১৬) সুগ্রীবঃ প্রাপ্য কিষ্কিন্ধ্যাং ননাদৌঘনিভস্বনঃ···বা ব কা নি।

সর্ব্বভূতরুতজ্ঞা ত্বং পশ্য বুদ্ধ্যা সমন্বিতা।
কেন চাশ্রয়বান্ প্রাপ্তো মমৈষ ভ্রাতৃগন্ধিকঃ ॥১৯॥
চিন্তয়িত্বা মুহূর্ত্তন্তু তারা তারাধিপপ্রভা।
পতিমিত্যব্রবীৎ প্রাজ্ঞা শৃণু সর্ব্বং কপীশ্বর ! ॥২০॥
হৃতদারো মহাসত্ত্বো রামো দশরথাত্মজঃ।
তুল্যারিমিত্রতাং প্রাপ্তঃ সুগ্রীবেণ ধনুর্দ্ধরঃ ॥২১॥
ভ্রাতা চাস্য মহাবাহুঃ সৌমিত্রিরপরাজিতঃ।
লক্ষ্মণো নাম মেধাবী স্থিতঃ কার্য্যার্থসিদ্ধয়ে ॥২২॥
মৈন্দশ্চ দ্বিবিদশ্চৈব হনূমাংশ্চানিলাত্মজঃ।
জাম্ববানৃক্ষরাজশ্চ সুগ্রীবসচিবাঃ স্থিতাঃ ॥২৩॥
সর্ব্ব এতে মহাত্মানো বুদ্ধিমন্তো মহাবলাঃ।
অলং তব বিনাশায় রামবীর্য্যবলাশ্রয়াৎ ॥২৪॥

ভারতকৌমুদী

হেমেতি। তারাধিপশ্চন্দ্র ইব আননং যস্যাস্তাম্। পতিস্তারায়া এব ॥১৮॥
সর্বেতি। ভ্রাতৃগন্ধিকঃ ভ্রাতৃত্বসম্বন্ধবান্ ॥১৯॥
চিন্তয়িত্বেতি। তারাধিপস্য চন্দ্রস্যেব প্রভা যস্যাঃ সা শুভ্রবর্ণেত্যর্থঃ ॥২০॥
হৃতেতি। মহাসত্ত্বো মহাবলঃ। তুল্যে অরিমিত্রে যয়োস্তৌ তদ্ভাবং সখ্যমিত্যর্থঃ ॥২১॥
ভ্রাতেতি। মেধাবী বুদ্ধিমান্, কার্য্যার্থসিদ্ধয়ে সুগ্রীবকর্ত্তব্যবিষয়নিষ্পত্তয়ে ॥২২॥
মৈন্দ ইতি। মৈন্দাদীনি বানরনামানি। ঋক্ষরাজো ভল্লুকরাজঃ ॥২৩॥

'তারা! তুমি সমস্ত প্রাণীরই রবের অর্থ জান এবং স্বভাবতও বুদ্ধিমতী। অতএব পর্য্যালোচনা করিয়া দেখ দেখি—আমার এই ভ্রাতা কাহাকে সহায় করিয়া আসিয়াছে' ॥১৯॥

তখন চন্দ্রের ন্যায় শুভ্রকান্তি ও বুদ্ধিমতী তারা একটুকাল চিন্তা করিয়া বালীকে বলিলেন—'বানররাজ! সমস্তই শ্রবণ করুন— ॥২০॥

মহাবল ও মহাধনুর্দ্ধর দশরথপুত্র রামের পত্নী সীতাকে রাবণ অপহরণ করিয়াছেন; সেই জন্যই রাম আসিয়া সুগ্রীবের সহিত সখ্য স্থাপন করিয়াছেন ॥২১॥

আর রামের ভ্রাতা, সুমিত্রার পুত্র, মহাবাহু, অপরাজিত এবং বুদ্ধিমান্ লক্ষ্মণও সুগ্রীবের কার্য্যসিদ্ধির জন্য প্রস্তুত রহিয়াছেন ॥২২॥

তা'র পর মৈন্দ, দ্বিবিধ, পবননন্দন হনূমান্ এবং ভল্লুকরাজ জাম্ববান্ এই চারি জন সুগ্রীবের মন্ত্রীও তাঁহার কার্য্য সাধনের জন্য রহিয়াছেন ॥২৩॥

তস্যাস্তদাক্ষিপ্য বচো হিতমুক্তং কপীশ্বরঃ।
পর্য্যশঙ্কত তামীর্ষ্যুঃ সুগ্রীবগতমানসাম্ ॥২৫॥
তারাং পরুষমুক্ত্বা তু নির্জগাম গুহামুখাৎ।
স্থিতং মাল্যবতোঽভ্যাসে সুগ্রীবং সোঽভ্যভাষত ॥২৬॥
অসকৃত্বং ময়া পূর্ব্বং নির্জিতো জীবিতপ্রিয়ঃ।
মুক্তো জ্ঞাতিরিতি জ্ঞাত্বা কা ত্বরা মরণে পুনঃ ॥২৭॥
ইত্যুক্তঃ প্রাহ সুগ্রীবো ভ্রাতরং হেতুমদ্বচঃ।
প্রাপ্তকালমমিত্রঘ্নো রামং সম্বোধয়ন্নিব ॥২৮॥
হৃতরাজ্যস্য মে রাজন্! হৃতভার্য্যস্য চ ত্বয়া।
কিং নু জীবিতসামর্থ্যমিতি বিদ্ধি সমাগতম্ ॥২৯॥

ভারতকৌমুদী

সর্ব্ব ইতি। অলং সমর্থাঃ। বীর্য্যং মানসিকী শক্তিঃ, বলঞ্চ দৈহিকী শক্তিঃ ॥২৪॥
তস্যা ইতি। আক্ষিপ্য আকৃষ্য নিবার্য্যেত্যর্থঃ। ঈর্ষ্যুঃ সুগ্রীবং প্রতি ঈর্ষ্যান্বিতঃ ॥২৫॥
তারামিতি। পরুষং নিষ্ঠুরম্। মাল্যবতঃ পর্ব্বতস্য, অভ্যাসে সমীপে ॥২৬॥
অসকৃদিতি। জীবিতপ্রিয় ইত্যনেন পলায়নং সূচিতম্ ॥২৭॥
ইতীতি। সম্বোধয়ন্নিব হৃতদারত্বাদিপ্রামাণ্যং জ্ঞাপয়ন্নিব ॥২৮॥

ভারতভাবদীপঃ

ঋষ্যমূকং পর্বতম্ ॥৯—১৫॥ ওঘো জলবৃন্দস্তন্নিভঃ স্বনো যস্য সঃ, "ওঘো বেগে জলস্য চ। বৃন্দে পরম্পরায়াং চে"তি মেদিনী ॥১৬॥ আশ্রয়বান্ পরবলাশ্রিতঃ ॥১৭—২৪॥ ঈর্ষ্যুরীর্ষ্যালুঃ ॥২৫-২৮॥

ইঁহারা সকলেই মহাত্মা, বুদ্ধিমান্ ও মহাবল। সুতরাং ইঁহারা রামের বল-বীর্য্য অবলম্বন করিয়া আপনাকে বিনাশ করিতে সমর্থ হইবেন' ॥২৪॥

তারার এই হিতবাক্যে বাধা দিয়া ঈর্ষ্যান্বিত বালী তারাকে সুগ্রীবানুরক্তা বলিয়া আশঙ্কা করিলেন ॥২৫॥

পরে বালী তারাকে অনেক নিষ্ঠুর কথা বলিয়া গুহাদ্বার হইতে নির্গত হইলেন এবং মাল্যবান্‌পর্বতের নিকটে স্থিত সুগ্রীবকে যাইয়া বলিলেন—॥২৬॥

'সুগ্রীব। আমি পূর্ব্বে তোকে বহুবার জয় করিয়াছি; আবার তুই জীবনপ্রিয় ও জ্ঞাতি ইহা জানিয়া ছাড়িয়া দিয়াছি। কিন্তু এখন আবার মরণের জন্য তোর এত ত্বরা কেন?' ॥২৭॥

বালী এইরূপ বলিলে, শত্রুহন্তা সুগ্রীব রামকে শুনাইতে থাকিয়াই যেন সময়োপযোগী ও যুক্তিযুক্ত এই কথা বালীকে বলিলেন—॥২৮॥

---

(২৯) হৃতদারস্য মে রাজন্! হৃতরাজ্যস্য চ ত্বয়া···বা ব কা নি।

এবমুক্ত্বা বহুবিধং ততস্তৌ সন্নিপেততুঃ।
সমরে বালিসুগ্রীবৌ শালতালশিলায়ুধৌ ॥৩০॥
উভৌ জঘ্নতুরন্যোন্যমুভৌ ভূমৌ নিপেততুঃ।
উভৌ ববল্গতুশ্চিত্রং মুষ্টিভিশ্চ নিজঘ্নতুঃ ॥৩১॥
উভৌ রুধিরসংসিক্তৌ নখদন্তপরিক্ষতৌ।
শুশুভাতে তদা বীরৌ পুষ্পিতাবিব কিংশুকৌ ॥৩২॥
ন বিশেষস্তয়োর্যুদ্ধে যদা কশ্চন দৃশ্যতে।
সুগ্রীবস্য তদা মালাং হনূমান্ কণ্ঠ আসজৎ ॥৩৩॥
স মালয়া তদা বীরঃ শুশুভে কণ্ঠসক্তয়া।
শ্রীমানিব মহাশৈলো মলয়ো মেঘমালয়া ॥৩৪॥

ভারতকৌমুদী

হৃতেতি। জীবিতসামর্থ্যং জীবনসাফল্যম্, ইতি হেতোর্মাং সমাগতং বিদ্ধি ॥২৯॥
এবমিতি। সন্নিপেততুঃ সম্মিলিতৌ বভূবতুঃ ॥৩০॥
উভাবিতি। চিত্রমাশ্চর্য্যম্, ববল্গতুঃ উৎপতনমবপতনঞ্চ চক্রতুঃ ॥৩১॥
উভাবিতি। পুষ্পিতৌ সঞ্জাতপুষ্পৌ, কিংশুকৌ বৃক্ষাবিব ॥৩২॥
নেতি। বিশেষ আকৃতিবৈষম্যম্। অতএব বালিনিশ্চয়াভাবাৎ প্রহারাসম্ভবঃ ॥৩৩॥
স ইতি। স সুগ্রীবঃ। মেঘমালয়া সন্ধ্যাকালীনয়া নানাবর্ণয়েতি ভাবঃ ॥৩৪॥

'রাজা! আপনি আমার রাজ্য নিয়াছেন, ভার্য্যাটীকেও হরণ করিয়াছেন। সুতরাং আমার জীবনে আর ফল কি; ইহা ভাবিয়াই আমি আসিয়াছি—জানিবেন' ॥২৯॥

এইরূপ নানাবিধ কথা বলিয়া শাল, তাল ও শিলারূপ অস্ত্রধারী সেই বালী ও সুগ্রীব যুদ্ধে মিলিত হইলেন ॥৩০॥

দুই জনই পরস্পর আঘাত করিতে লাগিলেন, দুই জনই ভূতলে পতিত হইতে থাকিলেন এবং দুই জনই আশ্চর্য্য উল্লম্ফন-প্রলম্ফন করিতে লাগিলেন ও মুষ্টিদ্বারা প্রহার করিতে থাকিলেন ॥৩১॥

এবং দুই জনই নখে ও দন্তে পরিক্ষত ও রুধিরসিক্ত হইয়া পুষ্পিত কিংশুক-বৃক্ষদ্বয়ের ন্যায় তখন শোভা পাইতে লাগিলেন ॥৩২॥

যুদ্ধে যখন বালী ও সুগ্রীবের কোন আকৃতিবৈষম্য দেখা যাইতে লাগিল না, তখন হনূমান্ সুগ্রীবের কণ্ঠে এক ছড়া ফুলের মালা ঝুলাইয়া দিলেন ॥৩৩॥

তখন মেঘমালাদ্বারা সুশোভিত মহাপর্ব্বত মলয়ের ন্যায় সুগ্রীব কণ্ঠলগ্ন মালাদ্বারা শোভা পাইতে লাগিলেন ॥৩৪॥

কৃতচিহ্নস্তু সুগ্রীবং রামো দৃষ্ট্বা মহাধনুঃ।
বিচকর্ষ ধনুঃশ্রেষ্ঠং বালিমুদ্দিশ্য লক্ষ্যবিৎ ॥৩৫॥
বিস্ফারস্তস্য ধনুষো যন্ত্রস্যেব তদা বভৌ।
বিতত্রাস তদা বালী শরেণাভিহতো হৃদি ॥৩৬॥
স ভিন্নহৃদয়ো বালী বক্ত্রাচ্ছোণিতমুদ্বমন্।
দদর্শাবস্থিতং রামমারাৎ সৌমিত্রিণা সহ ॥৩৭॥
গর্হয়িত্বা স কাকুৎস্থং পপাত ভুবি মূর্চ্ছিতঃ।
তারা দদর্শ তং ভূমৌ তারাপতিমিব চ্যুতম্ ॥৩৮॥
হতে বালিনি সুগ্রীবঃ কিষ্কিন্ধ্যাং প্রত্যপদ্যত।
তাঞ্চ তারাপতিমুখীং তারাং নিপতিতেশ্বরাম্ ॥৩৯॥

ভারতকৌমুদী

কৃতেতি। মহদ্ধনুর্যস্য সঃ। বালিমিতি দর্শনাদ্বালিশব্দ ইদন্তশ্চ মন্তব্যঃ ॥৩৫॥

বীতি। বিস্ফারঃ শরক্ষেপকালীনঃ শব্দঃ। যন্ত্রস্য বৃহদ্গোলকক্ষেপকবৃহন্নালীকস্য। বভৌ সর্ব্বত্র প্রচকাশে। বিতত্রাস বিশেষেণ ভীতো বভূব ॥৩৬॥

স ইতি। ভিন্নহৃদয়ো বিদীর্ণবক্ষাঃ। আরাদ্দূরে, "আরাদ্দূরসমীপয়োঃ" ইত্যমরঃ ॥৩৭॥

গর্হয়িত্বেতি। গর্হয়িত্বা গোপনেন বধাদ্বিনিন্দ্য। তারাপতিং চন্দ্রম্, চ্যুতং গগনাৎ ॥৩৮॥

হত ইতি। প্রত্যপদ্যত প্রাপ্নোৎ। নিপতিতেশ্বরাং হতভর্ত্তৃকাং তারাঞ্চ প্রত্যপদ্যত ॥৩৯॥

তখন মহাধনুর্দ্ধর ও লক্ষ্যবিৎ রামচন্দ্র সুগ্রীবকে কৃতচিহ্ন দেখিয়া বালীকে লক্ষ্য করিয়া নিজের মহাধনু আকর্ষণ করিলেন ॥৩৫॥

তখন কামানের শব্দের ন্যায় সেই ধনুর শব্দ হইল এবং বালী বাণদ্বারা বক্ষে আহত হইয়া অত্যন্ত ভীত হইলেন ॥৩৬॥

পরে বিদীর্ণহৃদয় বালী মুখ হইতে রক্ত বমন করিতে থাকিয়া লক্ষ্মণের সহিত দূরে অবস্থিত রামকে দেখিতে পাইলেন ॥৩৭॥

তদনন্তর বালী রামকে নিন্দা করিয়া মূর্চ্ছিত হইয়া ভূতলে পতিত হইলেন। তখন তারা আসিয়া আকাশচ্যুত চন্দ্রের ন্যায় ভূপতিত বালীকে দর্শন করিলেন ॥৩৮॥

বালী নিহত হইলে, সুগ্রীব কিষ্কিন্ধ্যারাজধানী এবং হতভর্ত্তৃকা ও চন্দ্রমুখী সেই তারাকে লাভ করিলেন ॥৩৯॥

---

(৩৭)...রামং ততঃ সৌমিত্রিণা সহ—বা ব কা নি। (৩৮)...তারাধিপসমৌজসম্—বা ব কা নি।

রামস্তু চতুরো মাসান্ পৃষ্ঠে মাল্যবতঃ শুভে।
নিবাসমকরোদ্ধীমান্ সুগ্রীবেণাভ্যুপস্থিতঃ ॥৪০॥
রাবণোঽপি পুরীং গত্বা লঙ্কাং কামবলাহৃতঃ।
সীতাং নিবেশয়ামাস ভবনে নন্দনোপমে ॥৪১॥
অশোকবনিকাভ্যাসে তাপসাশ্রমসন্নিভে।
ভর্ত্তৃস্মরণতম্বঙ্গী তাপসীবেশধারিণী ॥৪২॥
উপবাসতপঃশীলা তত্র সা পৃথুলেক্ষণা।
উবাস দুঃখবসতিং ফলমূলকৃতাশনা ॥৪৩॥ (যুগ্মকম্)
দিদেশ রাক্ষসীস্তত্র রক্ষণে রাক্ষসাধিপঃ।
প্রাসাসিশূলপরশু-মুদ্গরালাতধারিণীঃ ॥৪৪॥
দ্ব্যক্ষীং ত্র্যক্ষীং ললাটাক্ষীং দীর্ঘজিহ্বামজিহ্বিকাম্।
ত্রিস্তনীমেকপাদাঞ্চ ত্রিজটামেকলোচনাম্ ॥৪৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

রাম ইতি। মাল্যবতঃ পর্বতস্য। অভ্যুপস্থিতঃ সর্বথা সেবিতঃ ॥৪০॥

রাবণ ইতি। নন্দনং নন্দনবনগতং ভবনং তদুপমে ॥৪১॥

অশোকেতি। অশোকবনিকায়াঃ ক্ষুদ্রাশোকবনস্য অভ্যাসে সমীপে। ভর্ত্তুঃ স্মরণেন তম্বঙ্গী ক্ষীণগাত্রী। দুঃখবসতিং কুর্বাণেতি শেষঃ ॥৪২—৪৩॥

দিদেশেতি। অলাতং জ্বলৎ কাষ্ঠম্। রাক্ষসীনামাকৃতীরাহ দ্ব্যক্ষীমিত্যাদি ॥৪৪—৪৫॥

রাম, মঙ্গলময় মাল্যবান্পর্বতের উপরে চারি মাস বাস করিলেন; তৎকালে বুদ্ধিমান্ সুগ্রীব সর্বপ্রকারে তাঁহার শুশ্রূষা করিতেন ॥৪০॥

ওদিকে কামার্ত্ত রাবণও লঙ্কাপুরীতে যাইয়া নন্দনভবনতুল্য কোন ভবনে সীতাদেবীকে রাখিলেন ॥৪১॥

ভর্ত্তার স্মরণে ক্ষীণদেহা, তাপসীবেশা, উপবাস নিরতা, কদাচিৎ ফলমূলমাত্রভোজিনী ও বিশালনয়না সীতা, তপস্বীর আশ্রমের তুল্য সেই ক্ষুদ্র অশোকবনের নিকটে অতিদুঃখে বাস করিতে লাগিলেন ॥৪২—৪৩॥

রাবণ, সীতাকে রক্ষা করিবার জন্য প্রাস, অসি, শূল, পরশু, মুদগর ও জ্বলৎকাষ্ঠধারিণী কতকগুলি রাক্ষসীকে আদেশ করিলেন; আর একনয়না, দ্বিনয়না, ত্রিনয়না, ললাটনয়না, দীর্ঘজিহ্বা, জিহ্বাশূন্যা, ত্রিস্তনী, একচরণা ও ত্রিজটা, এইরূপ রাক্ষসীগণকেও আজ্ঞা করিলেন ॥৪৪—৪৫॥

---

(৪১)...লঙ্কাং কামবলাৎ কৃতঃ...বা ব কা নি।

এতাশ্চান্যাশ্চ দীপ্তাক্ষ্যঃ করভোৎকটমূর্দ্ধজাঃ।
পরিবার্য্যাসতে সীতাং দিবারাত্রমতন্দ্রিতাঃ ॥৪৬॥
তাস্তু তামায়তাপাঙ্গীং পিশাচ্যো দারুণস্বরাঃ।
তর্জয়ন্তি সদা রৌদ্রাঃ পরুষব্যঞ্জনাক্ষরাঃ ॥৪৭॥
খাদাম পাটয়ামৈনাং তিলশঃ প্রবিভজ্যতাম্।
যেয়ং ভর্ত্তারমস্মাকমবমন্যেহ জীবতি ॥৪৮॥
ইত্যেবং ভর্ৎস্যমানা সা ত্রাস্যমানা পুনঃ পুনঃ।
ভর্ত্তৃশোকসমাবিষ্টা নিশ্বস্যেদমুবাচ তাঃ ॥৪৯॥
আর্য্যাঃ! খাদত মাং শীঘ্রং ন মে জীবিতমীপ্সিতম্।
বিনা তং পুণ্ডরীকাক্ষং নীলকুঞ্চিতমূর্দ্ধজম্ ॥৫০॥

ভারতকৌমুদী

এতা ইতি। করভোৎকটমূর্দ্ধজা উষ্ট্রকেশতুল্যবিকটকেশকলাপাঃ ॥৪৬॥

তা ইতি। পিশাচ্যঃ পিশাচীবদ্‌ঘৃণিতাঃ। পরুষব্যঞ্জনাক্ষরা নিষ্ঠুরভাষিণ্যঃ ॥৪৭॥

খাদামেতি। প্রবিভজ্যতাং খণ্ডখণ্ডীক্রিয়তাম্। ভর্ত্তারং রাবণম্ ॥৪৮॥

ইতীতি। সা সীতা, ত্রাস্যমানা ভয়প্রদর্শনেনাকুলীক্রিয়মাণা ॥৪৯॥

আর্য্যা ইতি। জীবিতং জীবনম্, ন ঈপ্সিতং ন রক্ষিতুমিষ্টম্, তং রামম্ ॥৫০॥

এইরূপ রাক্ষসীরা এবং উজ্জ্বল নয়ন ও উষ্ট্রতুল্যবিকটকেশধারিণী অন্যান্য রাক্ষসীরাও সতর্ক থাকিয়া দিবারাত্র সীতাদেবীকে পরিবেষ্টন করিয়া অবস্থান করিতে লাগিল ॥৪৬॥

পিশাচীর ন্যায় ঘৃণিতস্বভাবা, দারুণকণ্ঠস্বরা, দারুণাকৃতি ও নিষ্ঠুরভাষিণী সেই রাক্ষসীরা সর্বদাই দীর্ঘনয়না সীতাকে ভর্ৎসনা করিত ॥৪৭॥

'আমরা এটাকে খাইয়া ফেলিব বা ফাঁড়িয়া ফেলিব; কিংবা তোমরা এটাকে তিল তিল করিয়া খণ্ড খণ্ড কর; যে এইটা আমাদের রাজাকে অবজ্ঞা করিয়া এখনও জীবিত রহিয়াছে' ॥৪৮॥

এই ভাবে সেই রাক্ষসীরা বার বার সীতাকে ভর্ৎসনা করিত এবং ভয় দেখাইত; তখন পতিশোকাকুলা সীতা নিশ্বাস ত্যাগ করিয়া তাহাদিগকে এই-রূপ বলিতেন—॥৪৯॥

'মাননীয়াগণ! আপনারা সত্বর আমাকে ভক্ষণ করুন। কারণ, সেই-পদ্মনয়ন ও কৃষ্ণ-কুঞ্চিত-কেশ রামচন্দ্র ব্যতীত আমি আমার জীবন রাখিতে ইচ্ছা করি না ॥৫০॥

(৪৯) ইত্যেবং পরিভর্ৎস্যন্তীস্ত্রাস্যমানা পুনঃ পুনঃ···বা ব কা,···ত্রাসয়ানা পুনঃ পুনঃ-নি।

অপ্যেবাহং নিরাহারা জীবিতপ্রিয়বর্জিতা।
শোষয়িষ্যামি গাত্রাণি ব্যালী তালগতা যথা ॥৫১॥
ন ত্বন্যমভিগচ্ছেয়ং পুমাংসং রাঘবাদৃতে।
ইতি জানীত সত্যং মে ক্রিয়তাং যদনন্তরম্ ॥৫২॥
তস্যাস্তদ্বচনং শ্রুত্বা রাক্ষস্যস্তাঃ খরস্বনাঃ।
আখ্যাতুং রাক্ষসেন্দ্রায় জগ্মুস্তৎ সর্ব্বমাদৃতাঃ ॥৫৩॥
গতাসু তাসু সর্ব্বাসু ত্রিজটা নাম রাক্ষসী।
সান্ত্বয়ামাস বৈদেহীং ধর্ম্মজ্ঞা প্রিয়বাদিনী ॥৫৪॥
সীতে! বক্ষ্যামি তে কিঞ্চিদ্বিশ্বাসং কুরু মে সখি!।
ভয়ং ত্বং ত্যজ বামোরু! শৃণু চেদং বচো মম ॥৫৫॥
অবিন্ধ্যো নাম মেধাবী বৃদ্ধো রাক্ষসপুঙ্গবঃ।
স রামস্য হিতান্বেষী ত্বদর্থে হি স মাঽবদৎ ॥৫৬॥

ভারতকৌমুদী

তাভিরভক্ষণে কর্ত্তব্যমাহ অপীতি। জীবিতপ্রিয়েণ রামেণ বর্জিতা। ব্যালী সর্পী ॥৫১॥
নেতি। অনন্তরং যৎ কর্ত্তব্যং তৎ ক্রিয়তামিত্যর্থঃ ॥৫২॥
তস্যা ইতি। খরস্বনাস্তীব্রকণ্ঠস্বরাঃ। আদৃতাঃ সযত্নাঃ ॥৫৩॥
গতাস্বিতি। নামেত্যনেন পূর্ব্বোক্তৈব ন বিকটরূপেতি সূচিতম্ ॥৫৪॥
সীত ইতি। বামৌ সুন্দরৌ ঊরূ যস্যাস্তৎসম্বোধনম্ ।৫৫॥

(আপনারা যদি ভক্ষণ না করেন, তবে) পতিবিরহিণী আমি তালবৃক্ষস্থিত সর্পীর ন্যায় অনাহারে থাকিয়া অঙ্গ সকল শুষ্ক করিব ॥৫১॥

কিন্তু রামচন্দ্র ব্যতীত অন্য পুরুষের সংসর্গ করিব না; এই আমার সত্য প্রতিজ্ঞা শ্রবণ করুন এবং ইহার পরে আপনাদের যাহা কর্ত্তব্য হয়, তাহা করুন' ॥৫২॥

সীতার সেই কথা শুনিয়া সেই রূক্ষস্বরা রাক্ষসীরা সেই সমস্ত রাবণের নিকট বলিবার জন্য যত্নসহকারে গমন করিল ॥৫৩॥

তাহারা সকলে চলিয়া গেলে, ধর্ম্মজ্ঞা ও প্রিয়বাদিনী 'ত্রিজটা'-নাম্নী এক রাক্ষসী সীতাকে আশ্বস্ত করিতে লাগিল—॥৫৪॥

'সখি! সীতে! আমি তোমার নিকট কিছু বলিব, তুমি আমাকে বিশ্বাস কর, ভয় ত্যাগ কর এবং আমার এই বাক্য শ্রবণ কর ॥৫৫॥

বুদ্ধিমান্ ও বৃদ্ধ 'অবিন্ধ্য'-নামে এক রাক্ষসশ্রেষ্ঠ আছেন, তিনি রামের হিতৈষী। যে হেতু, তিনি তোমার জন্য আমাকে বলিয়াছেন ॥৫৬॥

সীতা মদ্বচনাদ্বাচ্যা সমাসাদ্য প্রসাদ্য চ।
ভর্ত্তা তে কুশলী রামো লক্ষ্মণানুগতো বলী ॥৫৭॥
সখ্যং বানররাজেন শক্রপ্রতিমতেজসা।
কৃতবান্ রাঘবঃ শ্রীমাংস্ত্বদর্থে চ সমুদ্যতঃ ॥৫৮॥
মা চ তেঽস্তু ভয়ং ভীরু! রাবণাল্লোকগর্হিতাৎ।
নলকূবরশাপেন রক্ষিতা হ্যসি নন্দিনি! ॥৫৯॥
শপ্তো হ্যেষ পুরা পাপো বধূং রম্ভাং পরামৃশন্।
ন শক্তোত্যবশাং নারীমুপৈতুমজিতেন্দ্রিয়ঃ ॥৬০॥
ক্ষিপ্রমেষ্যতি তে ভর্ত্তা সুগ্রীবেণাভিরক্ষিতঃ।
সৌমিত্রিসহিতো ধীমাংস্ত্বাঞ্চেতো মোক্ষয়িষ্যতি ॥৬১॥

ভারতকৌমুদী

অবিন্ধ্য ইতি। মেধাবী বুদ্ধিমান্। মা মাম্, অবদৎ ॥৫৬॥
সীতেতি। সমাসাদ্য স্বয়মেব প্রাপ্য, ন তু ব্যক্ত্যন্তরং প্রেষ্য, প্রকাশসম্ভবাৎ ॥৫৭॥
সখ্যমিতি। বানররাজেন সুগ্রীবেণ। ত্বদর্থে ত্বদুদ্ধারার্থে ॥৫৮॥
মেতি। নলকূবরঃ তদাখ্যঃ কুবেরপুত্রস্তস্য শাপেন ॥৫৯॥
অথ কথং তস্য শাপ ইত্যাহ শপ্ত ইতি। বধূং ভোগ্যাং ভার্য্যাম্। অবশামনধীনাম্ ॥৬০॥
বিশেষেণাশ্বাসয়তি ক্ষিপ্রমিতি। ইতো রাবণভবনাৎ ॥৬১॥

'ত্রিজটা! তুমি আমার বাক্য অনুসারে নিজেই যাইয়া এবং প্রসন্ন করিয়া সীতাকে বলিবে যে, তোমার ভর্ত্তা বলবান্ রাম, লক্ষ্মণের সহিত কুশলে আছেন ॥৫৭॥

আর শ্রীমান্ রাম, ইন্দ্রের তুল্য তেজস্বী বানররাজ সুগ্রীবের সহিত সখিত্ব করিয়াছেন এবং তোমাকে উদ্ধার করিবার জন্য চেষ্টা করিতেছেন ॥৫৮॥

ভীরু! ভুবননিন্দিত রাবণ হইতে তোমার যেন ভয় হয় না। কারণ, নন্দিনি! তুমি নলকূবরের শাপেই রক্ষিত রহিয়াছ ॥৫৯॥

পূর্ব্বে এই পাপাত্মা, নলকূবরের ভোগ্যা রম্ভাকে স্পর্শ করায় নলকূবর উহাকে অভিসম্পাত করিয়াছিলেন; তাহাতেই ঐ অজিতেন্দ্রিয় রাবণ কোন অবশা নারীর সহিত বলপূর্ব্বক সংসর্গ করিতে সমর্থ হয় না ॥৬০॥

তোমার বুদ্ধিমান্ ভর্ত্তা সুগ্রীবকর্ত্তৃক রক্ষিত ও লক্ষ্মণের সহিত মিলিত হইয়া সত্বরই আসিবেন এবং এস্থান হইতে তোমাকে মুক্ত করিবেন ॥৬১॥

(৫৭)···সমাশ্বাস্য প্রসাদ্য চ···বা ব কা নি। (৬০)···রম্ভাং পরামৃষন্···বা কা পি।

স্বপ্না হি সুমহাঘোরা দৃষ্টা মেঽনিষ্টদর্শনাঃ।
বিনাশায়াস্য দুর্বুদ্ধেঃ পৌলস্ত্যকুলঘাতিনঃ ॥৬২॥
দারুণো হ্যেষ দুষ্টাত্মা ক্ষুদ্রকর্ম্মা নিশাচরঃ।
স্বভাবাচ্ছীলদোষেণ সর্ব্বেষাং ভয়বর্দ্ধনঃ ॥৬৩॥
স্পর্দ্ধতে সর্ব্বদেবৈর্যঃ কালোপহতচেতনঃ।
ময়া বিনাশলিঙ্গানি স্বপ্নে দৃষ্টানি তস্য বৈ ॥৬৪॥
তৈলাবসিক্তো বিকচো মজ্জন্ পঙ্কে দশাননঃ।
অসকৃৎ খরযুক্তে তু রথে নৃত্যন্নিব স্থিতঃ ॥৬৫॥
কুম্ভকর্ণাদয়শ্চেমে নগ্নাঃ পতিতমূর্দ্ধজাঃ।
গচ্ছন্তি দক্ষিণামাশাং রক্তমাল্যানুলেপনাঃ ॥৬৬॥
শ্বেতাতপত্রঃ সোষ্ণীষঃ শুক্লমাল্যানুলেপনঃ।
শ্বেতপর্ব্বতমারূঢ় এক এব বিভীষণঃ ॥৬৭॥

ভারতকৌমুদী

স্বপ্না ইতি। মে ময়া, অনিষ্টদর্শনা বিপৎসূচকাঃ ॥৬২॥
দারুণ ইতি। এষ রাবণঃ। স্বভাবাদেব ক্ষুদ্রকর্ম্মেতি সম্বন্ধঃ ॥৬৩॥
স্পর্দ্ধত ইতি। কালেন উপহতচেতনো নাশিতবুদ্ধিঃ। বিনাশস্য লিঙ্গানি চিহ্নানি ॥৬৪॥
তৈলেতি। বিকচঃ কেশহীনঃ। খরযুক্তে গর্দ্দভযুক্তে। অসকৃন্নৃত্যন্নিতি সম্বন্ধঃ ॥৬৫॥
কুম্ভেতি। পতিতমূর্দ্ধজাঃ স্খলিতকেশাঃ। আশাং দিশম্ ॥৬৬॥
শ্বেতেতি। শ্বেতাতপত্র উপরিধৃতশ্বেতচ্ছত্রঃ। শুভলক্ষণান্যেতানীতি ভাবঃ ॥৬৭॥

কারণ, এই দুর্বুদ্ধি পৌলস্ত্যকুলনাশক রাবণের বিনাশের জন্যই আমি অতিদারুণ ও বিপৎসূচক অনেক স্বপ্ন দেখিয়াছি ॥৬২॥

দুরাত্মা ও স্বভাবতঃ নিকৃষ্টকর্ম্মা এই ভয়ঙ্কর রাক্ষসটা (রাবণটা) স্বভাবের দোষেই সকলের ভয়বর্দ্ধক হইয়া দাঁড়াইয়াছে ॥৬৩॥

কালে বুদ্ধি নষ্ট হওয়ায় যে রাবণ সকল দেবতার সহিত স্পর্দ্ধা করিতেছে, আমি তাহার বিনাশের চিহ্ন সকল স্বপ্নে দেখিয়াছি ॥৬৪॥

রাবণ তৈলাক্তদেহে ও মুণ্ডিতমস্তকে কর্দ্দমের ভিতরেই যেন মগ্ন হইতেছে এবং বার বার নৃত্য করতঃ গর্দ্দভযুক্ত রথেই যেন রহিয়াছে ॥৬৫॥

আর এই কুম্ভকর্ণপ্রভৃতি রাক্ষসেরাও যেন নগ্ন হইয়া, রক্তমাল্য ও রক্তানুলেপন ধারণ করিয়া মুণ্ডিতমস্তকে দক্ষিণদিকে গমন করিতেছে ॥৬৬॥

---

(৬৫) তৈলাভিষিক্তঃ...বা ব কা নি।

সচিবাশ্চাস্য চত্বারঃ শুক্লমাল্যানুলেপনাঃ।
শ্বেতপর্বতমারূঢ়া মোক্ষ্যন্তেঽস্মান্মহাভয়াৎ ॥৬৮॥
রামস্যাস্ত্রেণ পৃথিবী পরিক্ষিপ্তা সসাগরাঃ।
যশসা পৃথিবীং কৃৎস্নাং পূরয়িষ্যতি তে পতিঃ ॥৬৯॥
হস্তিসক্থিসমারূঢ়ো ভুঞ্জানো মধুপায়সম্।
লক্ষ্মণশ্চ ময়া দৃষ্টো দিধক্ষুঃ সর্বতো দিশম্ ॥৭০॥
রুদতী রুধিরার্দ্রাঙ্গী ব্যাঘ্রেণ পরিরক্ষিতা।
অসকৃত্ত্বং ময়া দৃষ্টা গচ্ছন্তী দিশমুত্তরাম্ ॥৭১॥

ভারতকৌমুদী

সচিবা ইতি। অস্য বিভীষণস্য। স্বপ্নে শ্বেতদর্শনমেব শুভসূচকমিত্যাশয়ঃ ॥৬৮॥
রামস্যেতি। পরিক্ষিপ্তা পরিবেষ্টিতা স্বপ্নে দৃষ্টা। অতএবাহ যশসেতি ॥৬৯॥
হস্তীতি। মধুনা যুক্তং পায়সং মধুপায়সং মধ্যপদলোপী সমাসঃ ॥৭০॥
রুদতীতি। দৃষ্টা স্বপ্ন ইত্যেব প্রকরণাৎ ॥৭১॥

ভারতভাবদীপঃ

জীবিতসামর্থ্যং জীবনস্য শ্লাঘ্যত্বম্ ॥২৮—৪৫॥ করভোৎকটমূর্দ্ধজা উষ্ট্রসদৃশকেশাঃ ॥৪৬॥ পরুষব্যঞ্জনস্বরাত্মকাঃ শব্দা যাসাং তাঃ ॥৪৭—৫৯॥ বধূং স্নুষাম্ ॥৬০—৬৮॥ পরিক্ষিপ্তা ব্যাপ্তা ॥৬৯—৭৪॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুস্ত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৩৪॥

কিন্তু একমাত্র বিভীষণই যেন শ্বেতচ্ছত্র, উষ্ণীষ, শুক্লমাল্য ও শুক্লানুলেপন ধারণ করিয়া শ্বেতপর্বতে আরোহণ করিয়া রহিয়াছেন ॥৬৭॥

আর বিভীষণের চারি জন মন্ত্রীও যেন শ্বেতমাল্য ও শ্বেতানুলেপন ধারণ করিয়া শ্বেতপর্ব্বতে আরোহণ করিয়া রহিয়াছেন। সুতরাং তাঁহারাও এই মহাভয় হইতে মুক্ত হইবেন ॥৬৮॥

এবং রামের অস্ত্রেই যেন সসাগরা পৃথিবী পরিবেষ্টিত রহিয়াছে। সুতরাং তোমার পতি যশদ্বারা সমগ্র পৃথিবী পূর্ণ করিবেন ॥৬৯॥

আর আমি স্বপ্নে দেখিলাম—লক্ষ্মণ যেন হস্তীর উরুদেশে আরোহণ করিয়া মধু ও পায়স ভোজন করিতে থাকিয়া সকল দিক্ই দগ্ধ করিবার ইচ্ছা করিতেছেন ॥৭০॥

আর তুমি ব্যাঘ্রকর্তৃক পরিরক্ষিত হইয়া রক্তাক্তদেহে রোদন করিতে করিতে যেন উত্তরদিকে যাইতেছ, ইহা আমি অনেকবার স্বপ্নে দেখিয়াছি ॥৭১॥

(৭০) অস্থিসঞ্চয়মারূঢ়ঃ···বিবিক্ষুঃ সর্বতো দিশম্—বা ব কা পি।

হর্ষমেষ্যসি বৈদেহি ! ক্ষিপ্রং ভর্ত্রা সমন্বিতা ।
রাঘবেণ সহ ভ্রাত্রা সীতে ! ত্বমচিরাদিব ॥৭২॥
ইত্যেবং মৃগশাবাক্ষী তচ্ছ্রুত্বা ত্রিজটাবচঃ ।
বভূবাশাবতী বালা পুনর্ভর্ত্তৃসমাগমে ॥৭৩॥
তাবদভ্যাগতা রৌদ্রাঃ পিশাচ্যস্তাঃ সুদারুণাঃ ।
দদৃশুস্তাং ত্রিজটয়া সহাসীনাং যথা পুরা ॥৭৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে রামোপাখ্যানে সীতাসান্ত্বনে চতুস্ত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

ভারতকৌমুদী

হর্ষমিতি। হর্ষমানন্দম্, এষ্যসি প্রাপ্স্যসি। ইবশব্দো বাক্যালঙ্কারে ॥৭২॥

ইতীতি। মৃগশাবস্য হরিণশিশোরিব অক্ষিণী যস্যাঃ সা ॥৭৩॥

তাবদিতি। রৌদ্রা রৌদ্রমূর্ত্তয়ঃ, সুদারুণা অতিভয়ঙ্করস্বভাবাশ্চ ॥৭৪॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে চতুস্ত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

——:(০):——

অতএব বিদেহনন্দিনি! সীতে! তুমি সত্বরই ভর্ত্তা ও দেবরের সহিত মিলিত হইয়া আনন্দ লাভ করিবে' ॥৭২॥

এইরূপ সেই ত্রিজটার বাক্য শুনিয়া হরিণশিশুনয়না সীতা পুনরায় ভর্ত্তার সহিত মেলনের বিষয়ে আশান্বিত হইলেন ॥৭৩॥

ইতোমধ্যেই সেই পিশাচীদের ন্যায় ঘৃণিতা, ভয়ঙ্করমূর্ত্তি ও অতিভয়ঙ্কর-স্বভাবা রাক্ষসীরা আসিয়া সীতাকে পূর্ব্বের মতই ত্রিজটার সহিত উপবিষ্ট দর্শন করিল' ॥৭৪॥

——:(০):——

(৭৪) যাবদভ্যাগতাঃ··· বা ব কা পি। * '···সপ্তষষ্ট্যধিকদ্বিশততমঃ···' পি, '···একোনাশীত্যধিকদ্বি···' বা ব, '···অশীত্যধিকদ্বি···' কা '···একাশীত্যধিকদ্বি···' নি।

পঞ্চত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

——:*:——

মার্কণ্ডেয় উবাচ।

ততস্তাং ভর্তৃশোকার্ত্তাং দীনাং মলিনবাসসম্।
মণিশেষাভ্যলঙ্কারাং রুদতীঞ্চ পতিব্রতাম্ ॥১॥
রাক্ষসীভিরুপাস্যন্তীং সমাসীনাং শিলাতলে।
রাবণঃ কামবাণার্ত্তো দদর্শোপসসর্প চ ॥২॥ (যুগ্মকম্)
দেবদানবগন্ধর্ব-যক্ষকিম্পুরুষৈর্যুধি।
অজিতোঽশোকবনিকাং যযৌ কন্দর্পপীড়িতঃ ॥৩॥
দিব্যাম্বরধরঃ শ্রীমান্ সুমৃষ্টমণিকুণ্ডলঃ।
বিচিত্রমাল্যমুকুটো বসন্ত ইব মূর্ত্তিমান্ ॥৪॥
স কল্পবৃক্ষসদৃশো যত্নাদপি বিভূষিতঃ।
শ্মশানচৈত্যদ্রুমবদ্ভূষিতোঽপি ভয়ঙ্করঃ ॥৫॥

ভারতকৌমুদী

তত ইতি। মণিরেব শেষঃ অবশিষ্টঃ অভ্যালঙ্কারো যস্যাস্তাম্, অন্যেষামলঙ্কারাণাং হরণকাল এব পরিত্যাগাদিতি ভাবঃ। উপাস্যন্তীম্ উপাস্যমানাম্ ॥১—২॥

দেবেতি। দেবাদিভিরজিতোঽপি কন্দর্পেণ পীড়িতো জিত ইতি বিরোধাভাসঃ ॥৩॥

দিব্যেতি। সুমৃষ্টে সুপরিষ্কৃতে মণিকুণ্ডলে যস্য সঃ। বসন্ত ইব রয়াজেতি শেষঃ ॥৪॥

স ইতি। স স্বভাবাম্নানাভূষণৈঃ কল্পবৃক্ষসদৃশোঽপি তদানীং যত্নাদ্বিভূষিতঃ। তথা বিভূষিতোঽপি চ শ্মশানচৈত্যদ্রুমবৎ স্বভাবাদেব ভয়ঙ্কর আসীৎ ॥৫॥

মার্কণ্ডেয় বলিলেন—'তাহার পর একদা ভর্তৃশোকার্ত্তা, দীনা, মলিনবসনা, অবশিষ্টমণিমাত্রালঙ্কারা, রোদননিরতা ও পতিব্রতা সীতা একখানা পাথরের উপরে বসিয়াছিলেন এবং রাক্ষসীরা তাঁহাকে পরিবেষ্টন করিয়া রহিয়াছিল; এই সময়ে রাবণ কামার্ত্ত হইয়া তাঁহাকে দর্শন করিলেন এবং তাঁহার নিকটবর্ত্তী হইলেন ॥১—২॥

দেব, দানব, গন্ধর্ব, যক্ষ এবং কিন্নরেরাও যাঁহাকে যুদ্ধে জয় করিতে পারেন নাই, সেই রাবণ তখন কামবিজিত হইয়া অশোকবনে গিয়াছিলেন ॥৩॥

রাবণ তখন দিব্য বস্ত্র, পরিমার্জিত মণিকুণ্ডল এবং বিচিত্র মাল্য ও মুকুট ধারণ করিয়া কান্তিশালী হইয়া মূর্ত্তিমান্ বসন্তের ন্যায় শোভা পাইতেছিলেন ॥৪॥

স তস্যাস্তনুমধ্যায়াঃ সমীপে রজনীচরঃ।
দদৃশে রোহিণীমেত্য শনৈশ্চর ইব গ্রহঃ ॥৬॥
স তামামন্ত্র্য সুশ্রোণীং পুষ্পকেতুশরাহতঃ।
ইদমিত্যব্রবীদ্বাক্যং ত্রস্তাং রোহীমিবাবলাম্ ॥৭॥
সীতে! পর্য্যাপ্তমেতাবৎ কৃতো ভর্ত্তুরনুগ্রহঃ।
প্রসাদং কুরু তন্বঙ্গি! ক্রিয়তাং পরিকর্ম্ম তে ॥৮॥
ভজস্ব মাং বরারোহে! মহার্হাভরণাম্বরা।
ভব মে সর্ব্বনারীণামুত্তমা বরবর্ণিনী ॥৯॥
সন্তি মে দেবকন্যাশ্চ গন্ধর্ব্বাণাঞ্চ যোষিতঃ।
সন্তি দানবকন্যাশ্চ দৈত্যানাঞ্চাপি যোষিতঃ ॥১০॥
চতুর্দ্দশ পিশাচানাং কোট্যো মে বচনে স্থিতাঃ।
দ্বিস্তাবৎ পুরুষাদানাং রক্ষসাং ভীমকর্ম্মণাম্ ॥১১॥

ভারতকৌমুদী

স ইতি। তনুমধ্যায়াঃ কৃশকটীদেশায়াঃ সীতায়াঃ। দদৃশে রাক্ষসীভিঃ ॥৬॥
স ইতি। পুষ্পকেতুশরাহতঃ কামবাণতাড়িতঃ। রোহীং হরিণীম্ ॥৭॥
সীত ইতি। পর্য্যাপ্তং যথেষ্টম্। ক্রিয়তাং রাক্ষসীভিঃ, পরিকর্ম্ম প্রসাধনম্ ॥৮॥
ভজস্বেতি। মহার্হাণি মহামূল্যানি আভরণানি অম্বরাণি চ যস্যাঃ সা ॥৯॥
অথ তে সর্বনার্য্যঃ কা ইত্যাহ সন্তীতি। সর্ব্বত্র ভোগ্যা ইতি শেষঃ ॥১০॥

রাবণ স্বভাবতঃ নানা অলঙ্কারশোভায় কল্পবৃক্ষের তুল্য হইলেও তখন যত্নসহকারে অলঙ্কৃত হইয়াছিলেন; কিন্তু সেরূপ অলঙ্কৃত হইলেও শ্মশানায়তনস্থিত বৃক্ষের ন্যায় ভয়ঙ্করই ছিলেন ॥৫॥

রোহিণীর নিকটে শনিকে যেমন দেখা যায়, তৎকালে কৃশমধ্যা সীতার নিকটে রাবণকেও তেমনই দেখা যাইতে লাগিল ॥৬॥

তখন কামবাণাহত রাবণ, হরিণীর ন্যায় ত্রস্তা, দুর্বলা ও সুনিতম্বা সীতাকে সম্বোধন করিয়া এই প্রকারে এই কথা বলিলেন—॥৭॥

'সীতে! কৃশাঙ্গি! তুমি এতকাল পর্য্যন্ত ভর্ত্তার প্রতি যথেষ্ট অনুগ্রহ করিয়াছ; এখন আমার প্রতি অনুগ্রহ কর; রাক্ষসীরা তোমার বেশ-ভূষা করিয়া দিউক ॥৮॥

সুনিতম্বে! তুমি মহামূল্য বস্ত্র ও অলঙ্কার পরিধান করিয়া আমাকে ভজন কর এবং আমার সমস্ত রমণীর মধ্যে প্রধানা হও ॥৯॥

দেবকন্যা, গন্ধর্বরমণী, দানবকন্যা ও দৈত্যরমণীরা আমার ভোগ্যা রহিয়াছে ॥১০॥

ততো মে দ্বিগুণা যক্ষা যে মদ্বচনকারিণঃ।
কেচিদেব ধনাধ্যক্ষং ভ্রাতরং মে সমাশ্রিতাঃ ॥১২॥
গন্ধর্ব্বাপ্সরসো ভদ্রে! মামাপানগতং সদা।
উপতিষ্ঠন্তি বামোরু! যথৈব ভ্রাতরং মম ॥১৩॥
পুত্রোঽহমপি বিপ্রর্ষেঃ সাক্ষাদ্বিশ্রবসো মুনেঃ।
পঞ্চমো লোকপালানামিতি মে প্রথিতং যশঃ ॥১৪॥
দিব্যানি ভক্ষ্যভোজ্যানি পানানি বিবিধানি চ।
যথৈব ত্রিদশেশস্য তথৈব মম ভাবিনি! ॥১৫॥
ক্ষীয়তাং দুষ্কৃতং কর্ম্ম বনবাসকৃতং তব।
ভার্য্যা মে ভব সুশ্রোণি! যথা মন্দোদরী তথা ॥১৬॥

ভারতকৌমুদী

চতুর্দ্দশেতি। দ্বিঃ দ্বে কোটী, পুরুষাদানাং নরভোজিনাম্ ॥১১॥
তত ইতি। ধনাধ্যক্ষং কুবেরম্। কুবেরাপেক্ষয়া মে প্রজাসম্পদধিকেতি ভাবঃ ॥১২॥
গন্ধর্ব্বেতি। আপানগতং সুরাপানস্থানগতম্। উপতিষ্ঠন্তি সেবন্তে ॥১৩॥
মাং নিকৃষ্টমপি বক্তুং ন শক্নোষীত্যাহ পুত্র ইতি। পঞ্চমঃ—ইন্দ্রযমবরুণকুবেরাণাম্ ॥১৪॥
দিব্যানীতি। ভক্ষ্যাণি চর্ব্যাণি ভোজ্যানি তদিতরাণি খাদ্যানীতি যথাকথঞ্চিদ্ভেদঃ ॥১৫॥
ক্ষীয়তামিতি। দুষ্কৃতং কর্ম্ম দুষ্কৃতকর্ম্মোদ্ভবং দুঃখম্ ॥১৬॥

চৌদ্দ কোটি পিশাচ এবং নরভোজী ও ভীমকর্ম্মা দুই কোটি রাক্ষস আমার আদেশ পালন করে ॥১১॥

তাহা অপেক্ষাও দ্বিগুণ যক্ষ আমার রহিয়াছে, যাহারা আমার আদেশ পালন করে। কিন্তু কতিপয়মাত্র যক্ষই আমার ভ্রাতা কুবেরকে আশ্রয় করিয়া রহিয়াছে ॥১২॥

ভদ্রে! বামোরু! গন্ধর্বগণ ও অপ্সরোগণ আমার ভ্রাতা কুবেরের যেমন সেবা করে, তেমন আমি সুরাপানস্থানে থাকিলে, তাহারা সর্ব্বদা আমারও সেবা করিয়া থাকে ॥১৩॥

আমিও—সাক্ষাৎ ব্রহ্মর্ষি বিশ্রবার পুত্র এবং আমি লোকপালদের মধ্যে পঞ্চম এইরূপ আমার যশ বিখ্যাত হইয়াছে ॥১৪॥

ভাবিনি! ইন্দ্রের যেমন, আমারও তেমনই স্বর্গীয় নানাবিধ খাদ্য ও পেয় উপস্থিত হইয়া থাকে ॥১৫॥

সুনিতম্বে! মন্দোদরীর ন্যায় তুমি আমার ভার্য্যা হও। তোমার পাপজাত বনবাসদুঃখ নষ্ট হউক' ॥১৬॥

ইত্যুক্তা তেন বৈদেহী পরিবৃত্য শুভাননা।
তৃণমন্তরতঃ কৃত্বা তমুবাচ নিশাচরম্ ॥১৭॥
অশিবেনাভিরামোরুরজস্রং নেত্রবারিণা।
স্তনাবপতিতৌ বালা সংহতাবভিবর্ষতী।
উবাচ বাক্যং তং ক্ষুদ্রং বৈদেহী পতিদেবতা ॥১৮॥
অসকৃদ্বদতো বাক্যমীদৃশং রাক্ষসেশ্বর!।
বিষাদযুক্তমেতত্তে ময়া শ্রুতমভাগ্যয়া ॥১৯॥
তদ্ভদ্রমুখ! ভদ্রং তে মানসং বিনিবর্ত্ত্যতাম্।
পরদারাস্ম্যলভ্যা চ সততঞ্চ পতিব্রতা ॥২০॥
ন চৈবৌপয়িকী ভার্য্যা মানুষী কৃপণা তব।
বিবশাং ধর্ষয়িত্বা চ কাং ত্বং প্রীতিমবাপ্স্যসি ॥২১॥

ভারতকৌমুদী

ইতীতি। তৃণং জনান্তরস্থানীয়ম্, অন্তরতো মধ্যে কৃত্বা, অন্যথালাপনিষেধাৎ ॥১৭॥

অশিবেনেতি। অশিবেন অমঙ্গলসূচকেন, অভিরামোরুঃ সুন্দরোরুযুগলা। অপতিতৌ উন্নতৌ, সংহতৌ মিলিতৌ, অভিবর্ষতী সিঞ্চন্তী। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৮॥

অসকৃদিতি। বিষাদযুক্তং যথা স্যাত্তথা ময়াপি শ্রুতম্ ॥১৯॥

তদিতি। ভদ্রমুখ! হে ভদ্রজনশ্রেষ্ঠ!। পরদারেতি স্ত্রীত্বমেকত্বঞ্চার্ষম্ ॥২০॥

ভারতভাবদীপঃ

তত ইতি। মণির্মঙ্গলসূত্রগতঃ স এব শেষো যেষাং তে তৎসদৃশা অভ্যলঙ্কারা যস্যাস্তাম্ ॥১॥ উপাসন্তীমুপাসমানাম্ ॥২—৬॥ রোহীং হরিণীম্ ॥৭॥ পরিকর্ম্ম বস্ত্রাভরণাদিনা প্রসাধনম্ ॥৮—১৯॥ হে ভদ্রমুখ! ভদ্রং কল্যাণার্হং মুখং যস্য পারদার্য্যমুখং ত্বকল্যাণাবহমিতি ভাবঃ।

রাবণ এইরূপ বলিলে, শুভাননা সীতা ফিরিয়া বসিয়া মধ্যে একটী তৃণ রাখিয়া সেই রাক্ষসকে বলিলেন ॥১৭॥

সুন্দরোরুযুগলা, বালিকা ও পতিব্রতা সীতা তখন অমঙ্গলসূচক নয়নজলে উন্নত ও মিলিত স্তন দুইটীকে অনবরত সিক্ত করিতে থাকিয়া সেই ক্ষুদ্রাশয় রাবণকে এই বাক্য বলিয়াছিলেন—॥১৮॥

'রাক্ষসরাজ! আপনি বহুবার এইরূপ বাক্য বলিয়াছেন, ভাগ্যহীনা আমিও বিষাদের সহিত ইহা শুনিয়াছি ॥১৯॥

অতএব ভদ্রশ্রেষ্ঠ! আপনি আপনার ভাল মনটীকে ফিরান। কারণ, আমি পরস্ত্রী ও পতিব্রতা। সুতরাং সর্ব্বদাই আপনার অলভ্য ॥২০॥

(১৮) অশিবেনাতিবামোরুঃ···বা ব কা নি। (২০) তদ্ভদ্রমুখ!···বা ব কা।

প্রজাপতিসমো বিপ্রো ব্রহ্মযোনিঃ পিতা তব।
ন চ পালয়সে ধর্ম্মং লোকপালসমঃ কথম্ ॥২২॥
ভ্রাতরং রাজরাজানং মহেশ্বরসখং প্রভুম্।
ধনেশ্বরং ব্যপদিশন্ কথং ত্বিহ ন লজ্জসে ॥২৩॥
ইত্যুক্ত্বা প্রারুদৎ সীতা কম্পয়ন্তী পয়োধরৌ।
শিরোধরাঞ্চ তন্বঙ্গী মুখং প্রচ্ছাদ্য বাসসা ॥২৪॥
তস্যা রুদত্যা ভাবিন্যা দীর্ঘবেণী সুসংযতা।
দদৃশে স্বসিতা স্নিগ্ধা কালী ব্যালীব মূর্দ্ধনি ॥২৫॥
শ্রুত্বা তদ্রাবণো বাক্যং সীতয়োক্তং সুনিষ্ঠুরম্।
প্রত্যাখ্যাতোঽপি দুর্মেধাঃ পুনরেবাব্রবীদ্বচঃ ॥২৬॥

ভারতকৌমুদী

নেতি। ঔপয়িকী ধনদানাদ্যুপায়লভ্যা। বিবশামস্বাধীনাম্ ॥২১॥
প্রজেতি। প্রজাপতিসমো ব্রহ্মণ এব তুল্যঃ, ব্রহ্মযোনির্ব্রহ্মণ এব পুত্রশ্চ ॥২২॥
ভ্রাতরমিতি। ভ্রাতরং ব্যপদিশন্ ব্রুবন্। রাজরাজানং রাজরাজম্ ॥২৩॥
ইতীতি। পয়োধরৌ স্তনৌ, শিরোধরাং গ্রীবাঞ্চ কম্পয়ন্তী, তন্বঙ্গী কৃশাঙ্গী ॥২৪॥
তস্যা ইতি। স্বসিতা অতীবকৃষ্ণবর্ণা, কালী কালবর্ণা, ব্যালী সর্পীব ॥২৫॥
শ্রুত্বেতি। দুর্মেধা দুর্বুদ্ধিঃ ॥২৬॥

ভারতভাবদীপঃ

বিনিবর্ত্তাতাং মত্ত ইতি শেষঃ ॥২০॥ ঔপয়িকী উপযোগার্হা ॥২১—২৪॥ শিরো মুখঞ্চ প্রচ্ছাদ্য ধরাং দদৃশেঽপশ্যদিতি সম্বন্ধঃ ॥২৫—৩০॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৩৫॥

তা'র পর ক্ষুদ্রা মানুষী কোন উপায়েই আপনার ভার্য্যা হইতে পারে না এবং পরাধীনাকে বলপূর্ব্বক ধর্ষণ করিয়াই বা আপনি কি আনন্দ লাভ করিবেন ॥২১॥

ব্রহ্মার পুত্র ও ব্রহ্মারই তুল্য ব্রাহ্মণ আপনার পিতা এবং আপনি লোক-পালদের তুল্য; তবে ধর্ম্মরক্ষা করিতেছেন না কেন?' ॥২২॥

আর রাজাদের রাজা, শিবের সখা ও প্রভাবশালী কুবেরকে ভ্রাতা বলিতেই বা আপনি লজ্জিত হইতেছেন না কেন? ॥২৩॥

এই কথা বলিয়া সীতা, স্তনযুগল ও গ্রীবাদেশ কম্পিত করিয়া বস্ত্রদ্বারা মুখ আচ্ছাদনপূর্ব্বক রোদন করিতে লাগিলেন ॥২৪॥

রোদন করিবার সময়ে পতিব্রতা সীতার মস্তকে সুবদ্ধ, অতিকৃষ্ণবর্ণা ও স্নিগ্ধা দীর্ঘবেণীটা, কৃষ্ণবর্ণা সর্পীর ন্যায় দেখা যাইতে লাগিল ॥২৫॥

কামমঙ্গানি মে সীতে! দুনোতু মকরধ্বজঃ।
ন ত্বামকামাং সুশ্রোণি! সমেষ্যে চারুহাসিনি! ॥২৭॥
কিন্নু শক্যং ময়া কর্ত্তুং যত্ত্বমদ্যাপি মানুষম্।
আহারভূতমস্মাকং রামমেবানুরুধ্যসে ॥২৮॥
ইত্যুক্ত্বা তামনিন্দ্যাঙ্গীং স রাক্ষসমহেশ্বরঃ।
তত্রৈবান্তর্হিতো ভূত্বা জগামাভিমতাং দিশম্ ॥২৯॥
রাক্ষসীভিঃ পরিবৃতা বৈদেহী শোককর্ষিতা।
সেব্যমানা ত্রিজটয়া তত্রৈব ন্যবসত্তদা ॥৩০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে রামোপাখ্যানে সীতারাবণসংবাদে পঞ্চত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

কামমিতি। কামং পর্য্যাপ্তম্, দুনোতু সন্তাপয়তু। সমেষ্যে সঙ্গমিষ্যামি ॥২৭॥
কিমিতি। অনুরুধ্যসে কাময়সে। "অনৌ রুধ কামে" ইতি দৈবাদিকরুধঃপ্রয়োগঃ ॥২৮॥
ইতীতি। অন্তর্হিতঃ প্রচ্ছন্নঃ। নলকুবরশাপাদেব বলান্ন ধর্ষিতবানিতি ভাবঃ ॥২৯॥
রাক্ষসীভিরিতি। পরিবৃতা পরিবেষ্টিতা। ত্রিজটয়া পূর্ব্বোক্তয়া সখীভূতয়া ॥৩০॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে পঞ্চত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

দুর্বুদ্ধি রাবণ সীতার সেই নিষ্ঠুর বাক্য শুনিয়া প্রত্যাখ্যাত হইয়াও পুনরায় এই কথা বলিলেন—॥২৬॥

'সীতে! সুনিতম্বে! চারুহাসিনি! কামদেব আমার অঙ্গ সকল অত্যন্ত সন্তপ্ত করুন; তথাপি তুমি অকামা বলিয়া আমি তোমার সঙ্গম করিব না ॥২৭॥

আমি তোমার কি করিতে পারি? যেহেতু তুমি এখনও আমাদের খাদ্য, অথচ মানুষ সেই রামকেই কামনা করিতেছ' ॥২৮॥

রাক্ষসরাজ রাবণ অনিন্দ্যাঙ্গী সীতাকে এইরূপ বলিয়া সেইখানেই লুক্কায়িত হইয়া অভিমত দিকে চলিয়া গেলেন ॥২৯॥

আর শোকার্ত্তা সীতা রাক্ষসীগণে পরিবেষ্টিত এবং ত্রিজটাকর্ত্তৃক সেবিত হইয়া সেই অশোকবনেই বাস করিতে লাগিলেন' ॥৩০॥

---

* '…অষ্টষষ্ট্যধিকদ্বিশততমঃ' পি, '…অশীত্যধিকদ্বি…' বা ব, '…একাশীত্যধিকদ্বি…' কা, '…দ্ব্যশীত্যধিকদ্বি…' নি।

ষট্ত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

——০ঃ(*)ঃ০——

মার্কণ্ডেয় উবাচ।

রাঘবঃ সহসৌমিত্রিঃ সুগ্রীবেণাভিপালিতঃ।
বসন্ মাল্যবতঃ পৃষ্ঠে দদর্শ বিমলং নভঃ ॥১॥
স দৃষ্ট্বা বিমলে ব্যোম্নি নির্ম্মলং শশলক্ষণম্।
গ্রহনক্ষত্রতারাভিরনুযাতমমিত্রহা ॥২॥
কুমুদোৎপলপদ্মানাং গন্ধমাদায় বায়ুনা।
মহীধরস্থঃ শীতেন সহসা প্রতিবোধিতঃ ॥৩॥ (যুগ্মকম্)
প্রভাতে লক্ষ্মণং বীরমভ্যভাষত দুর্ম্মনাঃ।
সীতাং সংস্মৃত্য ধর্ম্মাত্মা রুদ্ধাং রাক্ষসবেশ্মনি ॥৪॥
গচ্ছ লক্ষ্মণ! জানীহি কিষ্কিন্ধ্যায়াং কপীশ্বরম্।
প্রসক্তং গ্রাম্যধর্ম্মেষু কৃতঘ্নং স্বার্থপণ্ডিতম্ ॥৫॥

ভারতকৌমুদী

রাঘব ইতি। সৌমিত্রিণা সহেতি সহসৌমিত্রিঃ। দদর্শ রাত্রাবিতি ভাবঃ ॥১॥

স ইতি। গ্রহা গ্রহভূতানি নক্ষত্রাণি মঙ্গলাদীনি তারাশ্চ তদিতরাণি নক্ষত্রাণি তাভিঃ। কুমুদানি শ্বেতোৎপলানি উৎপলানি তদিতরাণি সৌগন্ধিকাদীনি পদ্মানি চ তেষাম্। প্রতিবোধিতঃ সীতাং স্মারিতঃ, উদ্দীপকত্বাদিত্যাশয়ঃ ॥২—৩॥

প্রভাত ইতি। দুর্ম্মনা উৎকণ্ঠিতচিত্তো দুঃখিতচিত্তশ্চ রামঃ ॥৪॥

গচ্ছেতি। কপীশ্বরং সুগ্রীবম্। গ্রাম্যধর্ম্মেষু রতেষু, স্বার্থপণ্ডিতং স্বার্থসাধনপটুম্ ॥৫॥

মার্কণ্ডেয় বলিলেন—'সুগ্রীবরক্ষিত রামচন্দ্র মাল্যবান্পর্ব্বতের উপরে লক্ষ্মণের সহিত বাস করতঃ একদা রাত্রিতে নির্ম্মল আকাশ দর্শন করিলেন ॥১॥

শত্রুহন্তা রাম নির্ম্মল আকাশে গ্রহ-নক্ষত্র-সমন্বিত নির্ম্মল চন্দ্র দর্শন করতঃ পর্ব্বতের উপরে বিচরণ করিতেছিলেন, এমন সময়ে শ্বেতোৎপল, সাধারণোৎপল ও পদ্মের সৌরভ লইয়া শীতল বায়ু আসিয়া হঠাৎ তাঁহাকে সীতার স্মরণ করাইয়া দিল ॥২—৩॥

প্রভাতকালে দুঃখিতচিত্ত ধর্ম্মাত্মা রাম রাক্ষসগৃহে অবরুদ্ধা সীতাকে স্মরণ করিয়া বীর লক্ষ্মণকে বলিলেন—॥৪॥

(৫)···প্রমত্তং গ্রাম্যধর্ম্মেষু···ব ক নি।

যোঽসৌ কুলাধমো মূঢ়ো ময়া রাজ্যেঽভিষেচিতঃ।
সর্ববানরগোপুচ্ছা যমৃক্ষাশ্চ ভজন্তি বৈ ॥৬॥
যদর্থং নিহতো বালী ময়া রঘুকুলোদ্বহ !
ত্বয়া সহ মহাবাহো ! কিষ্কিন্ধ্যোপবনে তদা ॥৭॥
কৃতঘ্নং তমহং মন্যে বানরাপসদং ভুবি।
যো মামেবংগতো মূঢ়ো ন জানীতেঽদ্য লক্ষ্মণ ! ॥৮॥ (বিশেষকম্)
অসৌ মন্যে ন জানীতে সময়প্রতিপালনম্।
কৃতোপকারং মাং নূনমবমন্যাল্পয়া ধিয়া ॥৯॥
যদি তাবদনুদ্যুক্তঃ শেতে কামসুখাত্মকঃ।
নেতব্যো বালিমার্গেণ সর্বভূতগতিং ত্বয়া ॥১০॥
অথাপি ঘটতেঽস্মাকমর্থে বানরপুঙ্গবঃ।
তমাদায়ৈব কাকুৎস্থ ! ত্বরাবান্ ভব মা চিরম্ ॥১১॥

ভারতকৌমুদী

য ইতি। গোপুচ্ছা গোলাঙ্গলাখ্যা বানরবিশেষাঃ, ঋক্ষা ভল্লুকাঃ। ত্বয়া সহ স্থিত্বেতি শেষঃ। এবংগতো ভোগাসক্তঃ, অদ্য অদ্যাপি, ন জানীতে ন স্মরতি ॥৬—৮॥

অসাবিতি। ন জানীতে ন স্মরতি, সময়প্রতিপালনং প্রতিজ্ঞারক্ষায়াঃ কর্ত্তব্যতাম্ ॥৯॥

যদীতি। কামসুখম্ আত্মনি যস্য সঃ। সর্ব্বভূতগতিং মৃত্যুম্ ॥১০॥

অথেতি। ঘটতে চেষ্টতে। ত্বরাবান্ ভব, সীতোদ্ধার ইতি শেষঃ ॥১১॥

'লক্ষ্মণ! তুমি কিষ্কিন্ধ্যায় যাও, যাইয়া জান যে, স্ত্রীসম্ভোগাসক্ত, কৃতঘ্ন ও স্বার্থসাধননিপুণ সুগ্রীব কি করিতেছে ॥৫॥

ঐ যে মূর্খ বানরকুলাধমকে আমি রাজ্যে অভিষিক্ত করিয়াছিলাম এবং গোলাঙ্গলগণ, অন্যান্য বানরগণ ও ভল্লুকগণ যাহার সেবা করিতেছে, আর রঘুকুলশ্রেষ্ঠ মহাবাহু! তোমার সহিত থাকিয়া আমি যাহার জন্য তখন কিষ্কিন্ধ্যার উদ্যানে বালীকে বধ করিয়াছিলাম, সেই বানরাধমকে আমি পৃথিবীতে কৃতঘ্ন বলিয়া মনে করিতেছি। কারণ, লক্ষ্মণ! যে মূর্খ ও ভোগাসক্ত বানর আমাকে অদ্যাপি স্মরণ করিতেছে না ॥৬—৮॥

আমি উপকার করিয়া থাকিলেও, বোধ হয়—সুগ্রীব অল্পবুদ্ধিবশতঃ নিশ্চয়ই আমাকে অবজ্ঞা করিয়া প্রতিজ্ঞারক্ষা যে কর্ত্তব্য, তাহা আর মনে করিতেছে না ॥৯॥

যদি সে—বস্তুতই কামসুখে লিপ্ত থাকায় অনুদ্যোগী হইয়া নিষ্ক্রিয়ই থাকে, তবে তুমি তাহাকে বালীর পথে যমালয়েই পাঠাইবে ॥১০॥

ইত্যুক্তো লক্ষ্মণো ভ্রাত্রা গুরুবাক্যহিতে রতঃ।
প্রতস্থে রুচিরং গৃহ্য সমার্গণগুণং ধনুঃ ॥১২॥
কিষ্কিন্ধ্যাদ্বারমাসাদ্য প্রবিবেশানিবারিতঃ।
সক্রোধ ইতি তং মত্বা রাজা প্রত্যুদ্‌যযৌ হরিঃ ॥১৩॥
তং সদারো বিনীতাত্মা সুগ্রীবঃ প্লবগাধিপঃ।
পূজয়া প্রতিজগ্রাহ প্রীয়মাণস্তদর্হয়া ॥১৪॥
তমব্রবীদ্রামবচঃ সৌমিত্রিরকুতোভয়ঃ।
স তৎ সর্বমশেষেণ শ্রুত্বা প্রহ্বঃ কৃতাঞ্জলিঃ ॥১৫॥
সভৃত্যদারো রাজেন্দ্র! সুগ্রীবো বানরাধিপঃ।
ইদমাহ বচঃ প্রীতো লক্ষ্মণং নরকুঞ্জরম্ ॥১৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ইতীতি। গৃহ্য গৃহীত্বা, সমার্গণগুণং সশরং সজ্যঞ্চ ॥১২॥
কিষ্কিন্ধ্যেতি। অনিবারিতো দ্বারপালৈঃ। হরির্বানরঃ সুগ্রীবঃ ॥১৩॥
তমিতি। সদারঃ সভার্য্যঃ। তদর্হয়া তৎপূজয়ৈব প্রীয়মাণঃ সন্ ॥১৪॥
তমিতি। প্রহ্ব অবনতঃ সন্। নরকুঞ্জরং মানুষশ্রেষ্ঠম্ ॥১৫—১৬॥

ককুৎস্থনন্দন! আর যদি সুগ্রীব আমাদের কার্য্যোদ্ধারের জন্য সচেষ্ট থাকেন, তবে তুমি তাঁহাকে লইয়াই সেই জন্য সত্বর হও, বিলম্ব করিও না' ॥১১॥

রাম এইরূপ বলিলে, তাঁহার আদেশে ও হিতে নিরত লক্ষ্মণ বাণ ও গুণের সহিত মনোহর ধনু লইয়া প্রস্থান করিলেন ॥১২॥

তিনি কিষ্কিন্ধ্যানগরীর দ্বারে যাইয়া অনিবারিত অবস্থাতেই ভিতরে প্রবেশ করিলেন; তখন বানররাজ সুগ্রীব তাঁহাকে ক্রুদ্ধ মনে করিয়া প্রত্যুদ্‌গমন করিলেন ॥১৩॥

এবং বানররাজ সুগ্রীব আপন ভার্য্যার সহিত মিলিত হইয়া বিনীতভাবে এবং গৌরব করিতে পারায় সন্তুষ্টচিত্তে আদরের সহিত লক্ষ্মণকে গ্রহণ করিলেন ॥১৪॥

তখন লক্ষ্মণ অকুতোভয়ে রামের উক্তিগুলি সুগ্রীবকে বলিলেন। রাজশ্রেষ্ঠ! সেই সমস্ত কথা শুনিয়া বানররাজ সুগ্রীব অবনত ও কৃতাঞ্জলি হইয়া সন্তুষ্টচিত্তে ভার্য্যা ও ভৃত্যদের সহিত, নরশ্রেষ্ঠ লক্ষ্মণকে এই কথা বলিলেন ॥১৫—১৬॥

নাস্মি লক্ষ্মণ ! দুর্মেধা নাকৃতজ্ঞো ন নির্ঘৃণঃ ।
শ্রূয়তাং যঃ প্রযত্নো মে সীতাপর্য্যেষণে কৃতঃ ॥১৭॥
দিশঃ প্রস্থাপিতাঃ সর্বে বিনীতা হরয়ো ময়া ।
সর্ব্বেষাঞ্চ কৃতঃ কালো মাসেঽভ্যাগমনে পুনঃ ॥১৮॥
যৈরিয়ং সবনা সাদ্রিঃ সপুরা সাগরাম্বরা ।
বিচেতব্যা মহাবীর ! সগ্রামনগরাকরা ॥১৯॥
স মাসঃ পঞ্চরাত্রেণ পূর্ণো ভবিতুমর্হতি ।
ততঃ শ্রোষ্যসি রামেণ সহিতঃ সুমহৎ প্রিয়ম্ ॥২০॥
ইত্যুক্তো লক্ষ্মণস্তেন বানরেন্দ্রেণ ধীমতা ।
ত্যক্ত্বা রোষমদীনাত্মা সুগ্রীবং প্রত্যপূজয়ৎ ॥২১॥
স রামং সহসুগ্রীবো মাল্যবৎ পৃষ্ঠমাস্থিতম্ ।
অভিগম্যোদয়ং তস্য কার্য্যস্য প্রত্যবেদয়ৎ ॥২২॥

ভারতকৌমুদী

নেতি। দুর্মেধা দুষ্টবুদ্ধিঃ। নির্ঘৃণো নির্দ্দয়ঃ। সীতায়াঃ পর্য্যেষণে অন্বেষণে ॥১৭॥

দিশ ইতি। দিশঃ প্রাপ্য দিক্ষ্বিত্যর্থঃ। বিনীতাঃ শিক্ষিতাঃ সর্বস্থানজ্ঞা ইত্যর্থঃ, হরয়ো বানরাঃ। কালো নিয়মঃ, "·· মুহূর্ত্তে নিয়মে তথা। কালশব্দঃ···" ইত্যনেকার্থধ্বনিমঞ্জরী ॥১৮॥

যৈরিতি। বনেন সহেতি সবনা। সাগরাম্বরা পৃথিবী। বিচেতব্যা অন্বেষ্টব্যা ॥১৯॥

স ইতি। পঞ্চরাত্রেণ অহোরাত্রপঞ্চকেন। রামেণ সহিতস্ত্বম্ ॥২০॥

ইতীতি। অদীনাত্মা অকাতরচিত্তঃ। প্রত্যপূজয়ৎ, কার্য্যে সচেষ্টত্বাৎ ॥২১॥

'লক্ষ্মণ ! আমি দুর্বুদ্ধি নহি, অকৃতজ্ঞ নহি এবং নির্দ্দয়ও নহি। কেন না, আমি সীতার অন্বেষণসম্বন্ধে যে চেষ্টা করিয়াছি, তাহা শ্রবণ কর ॥১৭॥

আমি, স্থানজ্ঞ সকল বানরকে সকল দিকে প্রেরণ করিয়াছি এবং সকলের সম্বন্ধেই একমাস পূর্ণ হইবার পূর্বে পুনরায় আসিবার জন্য নিয়ম করিয়া দিয়াছি ॥১৮॥

মহাবীর ! যাহারা বন, পর্ব্বত, পুর, গ্রাম, নগর ও আকরের সহিত এই সমগ্র পৃথিবীটাতেই অন্বেষণ করিবে ॥১৯॥

আর পাঁচ দিনে সেই মাস পূর্ণ হইবে। তাহার পর তুমি রামের সহিত অতিমহাপ্রিয় সংবাদ শুনিতে পাইবে' ॥২০॥

বুদ্ধিমান্ সুগ্রীব এইরূপ বলিলে, লক্ষ্মণ ক্রোধ পরিত্যাগ করিয়া প্রফুল্লচিত্ত হইয়া সুগ্রীবের সম্মান করিলেন ॥২১॥

(১৮)···মাসেনাগমনং পুনঃ—বা ব কা,···মাসেন গমনং পুনঃ—পি।

ইত্যেবং বানরেন্দ্রাস্তে সমাজগ্মুঃ সহস্রশঃ।
দিশস্তিস্রো বিচিত্যাথ ন তু যে দক্ষিণাং গতাঃ ॥২৩॥
আচখ্যুস্তত্র রামায় মহীং সাগরমেখলাম্।
বিচিতাং ন তু বৈদেহ্যা দর্শনং রাবণস্য বা ॥২৪॥
গতাস্তু দক্ষিণামাশাং যে বৈ বানরপুঙ্গবাঃ।
আশাবাংস্তেষু কাকুৎস্থঃ প্রাণানার্ত্তোঽপ্যধারয়ৎ ॥২৫॥
দ্বিমাসোপরমে কালে ব্যতীতে প্লবগাস্ততঃ।
সুগ্রীবমভিগম্যেদং ত্বরিতা বাক্যমব্রুবন্ ॥২৬॥
রক্ষিতং বালিনা যত্তৎ স্ফীতং মধুবনং মহৎ।
ত্বয়া চ প্লবগশ্রেষ্ঠ! তদ্ভুঙ্‌ক্তে পবনাত্মজঃ ॥২৭॥

ভারতকৌমুদী

স ইতি। স লক্ষ্মণঃ সুগ্রীবেণ সহেতি সহসুগ্রীবঃ। উদয়মারম্ভম্ ॥২২॥
ইতীতি। তিস্রঃ পূর্ব্বোত্তরপশ্চিমাঃ, বিচিত্য অন্বিষ্য ॥২৩॥
আচখ্যুরিতি। বিচিতামন্বিষ্টাম্। কিন্তু বৈদেহ্যা রাবণস্য বা দর্শনং প্রাপ্তং নাচখ্যুঃ ॥২৪॥
গতা ইতি। কাকুৎস্থো রামস্তেষু আশাবান্, অতএবার্ত্তোঽপি প্রাণানধারয়ৎ ॥২৫॥
দ্বীতি। দ্বয়োর্মাসয়োরুপরমঃ সমাপ্তির্যত্র তস্মিন্। প্লবগা মধুবনরক্ষকাঃ ॥২৬॥
রক্ষিতমিতি। বালিনা ত্বয়া চ রক্ষিতমিতি সম্বন্ধঃ। স্ফীতং পুষ্টম্ ॥২৭॥

তাহার পর লক্ষ্মণ সুগ্রীবের সহিত মিলিত হইয়া মাল্যবান্‌পর্ব্বতের উপরিস্থিত রামচন্দ্রের নিকট যাইয়া সেই কার্য্যারম্ভের বিষয় জানাইলেন ॥২২॥

এই ভাবে সেই সহস্র সহস্র বানরশ্রেষ্ঠেরা পূর্ব, উত্তর ও পশ্চিম দিক্ অন্বেষণ করিয়া আগমন করিল; কিন্তু যাহারা দক্ষিণদিকে গিয়াছিল, তাহারা আসিল না ॥২৩॥

তখন সেই আগত বানরেরা রামের নিকট বলিল যে, তাহারা সমুদ্রবেষ্টিত সমগ্র পৃথিবী অন্বেষণ করিয়াছে, কিন্তু সীতা বা রাবণের দেখা পায় নাই ॥২৪॥

কিন্তু যে সকল বানরশ্রেষ্ঠ দক্ষিণদিকে গিয়াছিল, তাহাদের উপরে রামের আশা ছিল; তাই তিনি শোকার্ত্ত হইয়াও প্রাণধারণ করিয়াছিলেন ॥২৫॥

তাহার পর দুই মাস অতীত হইলে, একদা মধুবনরক্ষক বানরেরা দ্রুত আসিয়া সুগ্রীবের নিকট এই কথা বলিল—॥২৬॥

(২৫)…প্রাণানার্ত্তোঽভ্যধারয়ৎ—বা ব কা নি।

বালিপুত্রোঽঙ্গদশ্চৈব যে চান্যে প্লবগর্ষভাঃ।
বিচেতুং দক্ষিণামাশাং রাজন্! প্রস্থাপিতাস্ত্বয়া ॥২৮॥
তেষাং তৎ প্রণয়ং শ্রুত্বা মেনে স কৃতকৃত্যতাম্।
কৃতার্থানাং হি ভৃত্যানামেতদ্ভবতি চেষ্টিতম্ ॥২৯॥
স তদ্রামায় মেধাবী শশংস প্লবগর্ষভঃ।
রামশ্চাপ্যনুমানেন মেনে দৃষ্টাস্তু মৈথিলীম্ ॥৩০॥
হনূমৎপ্রমুখাশ্চাপি বিশ্রান্তাস্তে প্লবঙ্গমাঃ।
অভিজগ্মুর্হরীন্দ্রং তং রামলক্ষ্মণসন্নিধৌ ॥৩১॥
গতিঞ্চ মুখবর্ণঞ্চ দৃষ্ট্বা রামো হনূমতঃ।
অগমৎ প্রত্যয়ং ভূয়ো দৃষ্টা সীতেতি ভারত! ॥৩২॥
হনূমৎপ্রমুখাস্তে তু বানরাঃ পূর্ণমানসাঃ।
প্রণেমুর্বিধিবদ্রামং সুগ্রীবং লক্ষ্মণং তথা ॥৩৩॥

ভারতকৌমুদী

বালীতি। আশাং দিশম্। তেঽপি তন্মধুবনং ভুঞ্জত ইত্যর্থঃ ॥২৮॥

তেষামিতি। প্রণয়ং প্রসরম্, স্পর্দ্ধামিত্যর্থঃ। তদিতি ক্লীবত্বমার্ষম্ ॥২৯॥

স ইতি। স সুগ্রীবঃ, মেধাবী বুদ্ধিমান্। মেনে বুবুধে ॥৩০॥

হনূমদিতি। হরীন্দ্রং বানররাজম্, তং সুগ্রীবম্ ॥৩১॥

গতিমিতি। গতিং গমনভঙ্গীম্। ভূয়ো বহুলং যথা স্যাত্তথা, প্রত্যয়ং বিশ্বাসম্ ॥৩২॥

'বানরশ্রেষ্ঠ! আপনি ও বালী যে ক্রমিকপুষ্ট ও বিশাল মধুবন রক্ষা করিয়াছিলেন, তাহা হনূমান্ ভক্ষণ করিতেছেন ॥২৭॥

আর রাজা! আপনি সীতার অন্বেষণের জন্য অন্য যে সকল বানরশ্রেষ্ঠকে দক্ষিণদিকে পাঠাইয়াছিলেন, তাঁহারাও এবং বালিপুত্র অঙ্গদও সেই মধুবন ভক্ষণ করিতেছেন' ॥২৮॥

তাহাদের সেই আস্পর্দ্ধার কথা শুনিয়া সুগ্রীব তাহাদের কৃতকার্য্যতার বিষয় অনুমান করিলেন। কারণ, কৃতকার্য্য ভৃত্যগণেরই এইরূপ ব্যবহার হইয়া থাকে ॥২৯॥

তখন বুদ্ধিমান্ বানরশ্রেষ্ঠ সুগ্রীব সেই ঘটনা রামের নিকট বলিলেন; তাহাতে রামও অনুমানদ্বারা বুঝিলেন যে, তাহারা সীতার দর্শন পাইয়াছে ॥৩০॥

হনূমান্প্রভৃতি সেই বানরেরাও বিশ্রাম করিয়া রাম ও লক্ষ্মণের সন্নিহিত সুগ্রীবের নিকটে আগমন করিতে লাগিলেন ॥৩১॥

ভরতনন্দন! তখন রামচন্দ্র হনূমানের গমনের ভঙ্গী এবং মুখের বর্ণ দেখিয়া তিনি যে সীতাকে দেখিয়াছেন ইহা অধিক পরিমাণে বিশ্বাস করিলেন ॥৩২॥

তানুবাচাগতান্ রামঃ প্রগৃহ্য সশরং ধনুঃ।
অপি মাং জীবয়িষ্যধ্বমপি বঃ কৃতকৃত্যতা ॥৩৪॥
অপি বাসমযোধ্যায়াং কারয়িষ্যাম্যহং পুনঃ।
নিহত্য সমরে শত্রূনাহৃত্য জনকাত্মজাম্ ॥৩৫॥
অমোক্ষয়িত্বা বৈদেহীমহত্বা চ রণে রিপূন্।
হৃতদারোঽবধূতশ্চ নাহং জীবিতুমুৎসহে ॥৩৬॥
ইত্যুক্তবচনং রামং প্রত্যুবাচানিলাত্মজঃ।
প্রিয়মাখ্যামি তে রাম! দৃষ্টা সা জানকী ময়া ॥৩৭॥
বিচিত্য দক্ষিণামাশাং সপর্বতবনাকরাম্।
শ্রান্তাঃ কালে ব্যতীতে স্ম দৃষ্টবন্তো মহাগুহাম্ ॥৩৮॥

ভারতকৌমুদী

হনূমদিতি। পূর্ণমানসাঃ সীতাদর্শনাৎ সফলমনোরথাঃ ॥৩৩॥
তানিতি। সশরধনুর্গ্রহণং সীতাদর্শনাপ্রাপ্তিশ্রবণে আত্মহত্যার্থম্ ॥৩৪॥
অপীতি। কারয়িষ্যামি আত্মানমিতি শেষঃ ॥৩৫॥
অমোক্ষয়িত্বেতি। অবধূতঃ সর্বৈরেবাবজ্ঞাতঃ। উৎসহে শক্নোমি ॥৩৬॥
ইতীতি। ইতি ইত্থম্ উক্তং বচনং যেন তম্। আখ্যামি ব্রবীমি ॥৩৭॥
বিচিত্যেতি। বিচিত্য অন্বিষ্য, আশাং দিশম্। কালে কিয়তি ॥৩৮॥

ভারতভাবদীপঃ

রাঘব ইতি ॥১—৪॥ গ্রাম্যধর্ম্মেষু মৈথুনাদিষু নিমিত্তভূতেষু, প্রমত্তমসাবধানম্ ॥৫—১১॥ গুরোর্বাক্যে হিতে চ রতস্তৎপরঃ ॥১২—২৫॥ দ্বয়োর্ম্মাসয়োরুপরমঃ সমাপ্তির্যস্মিংস্তস্মিন্ কালে

পূর্ণমনোরথ হনূমান্‌প্রভৃতি সেই বানরেরা আসিয়া যথাবিধানে রাম সুগ্রীব ও লক্ষ্মণকে প্রণাম করিলেন ॥৩৩॥

তখন রাম ধনু ও বাণ গ্রহণ করিয়া তাঁহাদিগকে বলিলেন—'তোমরা কৃতকার্য্য হইতে পারিয়াছ কি? আমাকে বাঁচাইতে পারিবে কি? ॥৩৪॥

আমি যুদ্ধে শত্রুগণকে সংহার করিয়া এবং জনকনন্দিনীকে আনয়ন করিয়া আবার অযোধ্যানগরে বাস করিতে পারিব কি? ॥৩৫॥

যুদ্ধে শত্রুগণকে সংহার না করিয়া এবং জানকীকে মুক্ত না করিয়া হৃতদার ও অবজ্ঞাত অবস্থায় আমি জীবন ধারণ করিতে সমর্থ হইব না' ॥৩৬॥

রাম এইরূপ বলিলে, হনূমান্ প্রত্যুত্তর করিলেন—'রঘুনাথ! আমি আপনার প্রিয়সংবাদ বলিতেছি, আমি সীতাকে দেখিয়াছি ॥৩৭॥

(৩৫) অপি রাজ্যমযোধ্যায়াম্··· ব। ব কা নি।

প্রবিশামো বয়ং তাং তু বহুযোজনমায়তাম্ ।
অন্ধকারাং সুবিপুলাং গহনাং কীটসেবিতাম্ ॥৩৯॥
গত্বা সুমহদধ্বানমাদিত্যস্য প্রভাং ততঃ ।
দৃষ্টবন্তঃ স্ম তত্রৈব ভবনং দিব্যমন্তরা ॥৪০॥
ময়স্য কিল দৈত্যস্য তদাসীদ্বেশ্ম রাঘব ! ।
তত্র প্রভাবতী নাম তপোঽতপ্যত তাপসী ॥৪১॥
তয়া দত্তানি ভোজ্যানি পানানি বিবিধানি চ ।
ভুক্ত্বা লব্ধবলাঃ সন্তস্তয়োক্তেন পথা ততঃ ॥৪২॥
নির্যায় তস্মাদুদ্দেশাৎ পশ্যামো লবণাম্ভসঃ ।
সমীপে সহ্যমলয়ৌ দর্দ্দুরঞ্চ মহাগিরিম্ ॥৪৩॥ (যুগ্মকম্)
ততো মলয়মারুহ্য পশ্যন্তো বরুণালয়ম্ ।
বিষণ্ণা ব্যথিতাঃ খিন্না নিরাশা জীবিতে ভৃশম্ ॥৪৪॥

ভারতকৌমুদী

প্রেতি। অন্ধকারাম্ অন্ধকারাচ্ছন্নাম্, গহনাং দুর্গমাম্ ॥৩৯॥
গত্বেতি। সুমহদিত্যাকারাভাব আর্ষঃ। তত্রৈব গুহায়াম্, অন্তরা মধ্যে ॥৪০॥
ময়স্যেতি। ময়স্য ময়নামকস্য। বেশ্ম ভবনম্ ॥৪১॥
তয়েতি। পীয়ন্ত ইতি পানানি জলাদীনি। লবণাম্ভসো লবণসমুদ্রস্য ॥৪২—৪৩॥

আমরা—পর্বত, বন ও আকরের সহিত সমস্ত দক্ষিণদিক্ অন্বেষণ করিয়া পরিশ্রান্ত হইয়া কিছুকাল অতীত হইলে একটা বিশাল গুহা দেখিলাম ॥৩৮॥

ক্রমে আমরা তাহার ভিতরে প্রবেশ করিলাম; সে গুহাটা অতিবিস্তৃত, বহুযোজনদীর্ঘ, অন্ধকারাবৃত, দুর্গম ও কীটসেবিত ছিল ॥৩৯॥

তৎপরে আমরা অনেক দূর যাইয়া তাহার ভিতরেই সূর্য্যের কিরণ ও সুন্দর একটী বাড়ী দেখিতে পাইলাম ॥৪০॥

রঘুনন্দন। সে বাড়ীটী ময়দানবের ছিল; কিন্তু তাহাতে তখন 'প্রভাবতী' নাম্নী এক তাপসী তপস্যা করিতেন ॥৪১॥

তিনি আমাদিগকে নানাবিধ খাদ্য ও পেয় বস্তু দান করিলেন; আমরা তাহা ভোজন ও পান করিয়া লব্ধবল হইয়া তাঁহারই নির্দ্দিষ্ট পথে সে স্থান হইতে নির্গত হইয়া লবণসমুদ্রের নিকটে 'সহ্য', 'মলয়' ও 'দর্দ্দুর'-নামক তিনটা মহাপর্বত দর্শন করিলাম ॥৪২—৪৩॥

তাহার পর আমরা মলয়পর্বতে আরোহণ করিয়া অনেকশতযোজনবিস্তৃত,

অনেকশতবিস্তীর্ণং যোজনানাং মহোদধিম্।
তিমি-নক্র-ঝষাবাসং চিন্তয়ন্তঃ সুদুঃখিতাঃ ॥৪৫॥ (যুগ্মকম্)
তত্রানশনসঙ্কল্পং কৃত্বাসীনা বয়ং তদা।
ততঃ কথান্তে গৃধ্রস্য জটায়োরভবৎ কথা ॥৪৬॥
ততঃ পর্ব্বতশৃঙ্গাভং ঘোররূপং ভয়াবহম্।
পক্ষিণং দৃষ্টবন্তঃ স্ম বৈনতেয়মিবাপরম্।
সোঽস্মানতর্কয়দ্ভোক্তুমথাভ্যেত্য বচোঽব্রবীৎ ॥৪৭॥
ভোঃ! ক এষ মম ভ্রাতুর্জটায়োঃ কুরুতে কথাম্।
সম্পাতির্নাম তস্যাহং জ্যেষ্ঠো ভ্রাতা খগাধিপঃ ॥৪৮॥
অন্যোন্যস্পর্দ্ধয়ারূঢ়াবাবামাদিত্যসৎপদম্।
ততো দগ্ধাবিমৌ পক্ষৌ ন দগ্ধৌ তু জটায়ুষঃ ॥৪৯॥

ভারতকৌমুদী

তত ইতি। খিন্নাঃ শ্রান্তাঃ। নক্রঃ কুম্ভীরঃ, ঝষো মৎস্যঃ ॥৪৪—৪৫॥

তত্রেতি। অনশনসঙ্কল্পম্ অনশনেন মৃত্যুসঙ্কল্পম্, তৎপরং গন্তুমশক্যত্বাৎ ॥৪৬॥

তত ইতি। বৈনতেয়ং গরুড়ম্। অতর্কয়ৎ ঐচ্ছৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৭॥

ভো ইতি। "জটায়ুশ্চ জটায়ুষা" ইতি দ্বিরূপকোষাদ্দ্বৈরূপ্যমস্য ॥৪৮॥

বরুণালয় এবং তিমি, কুম্ভীর ও মৎস্যের আবাসস্থান মহাসমুদ্র দর্শন করিয়া এবং তাহার ভীষণত্ব ভাবিয়া অতিদুঃখিত, বিষণ্ণ, ব্যথিত, ক্লান্ত ও জীবনের প্রতি অত্যন্ত নিরাশ হইয়া পড়িলাম ॥৪৪—৪৫॥

আমরা তখন সেইখানেই অনাহারে মরিবার সঙ্কল্প করিয়া উপবেশন করিলাম; তখন নানা আলোচনার মধ্যে জটায়ুর আলোচনাও হইল ॥৪৬॥

তাহার পর আমরা—পর্বতশৃঙ্গের ন্যায় বিশাল, ভয়ঙ্করমূর্ত্তি ও ভয়ঙ্কর স্বভাব দ্বিতীয় গরুড়ের মত একটা পক্ষীকে দেখিতে পাইলাম; সে—আমাদিগকে ভক্ষণ করিবে বলিয়া ভাবিয়াছিল; কিন্তু নিকটে আসিয়া এই কথা বলিল—॥৪৭॥

'ওহে! কে এই আমার ভ্রাতা জটায়ুর আলোচনা করিল? আমার নাম 'সম্পাতি', আমি সেই জটায়ুর জ্যেষ্ঠভ্রাতা ॥৪৮॥

আমরা একদা পরস্পর স্পর্দ্ধা করিয়া সূর্য্যমণ্ডলপর্য্যন্ত উঠিয়াছিলাম; তাহাতে আমার এই পক্ষযুগল দগ্ধ হইয়াছিল, কিন্তু জটায়ুর পক্ষযুগল দগ্ধ হয় নাই ॥৪৯॥

---

(৪৯)···আদিত্যসংসদম্···পি।

তদা মে চিরদৃষ্টঃ স ভ্রাতা গৃধ্রপতিঃ প্রিয়ঃ।
নির্দগ্ধপক্ষঃ পতিতো হ্যহমস্মিন্ মহাগিরৌ ॥৫০॥
তস্যৈবং বদতোঽস্মাভির্হতো ভ্রাতা নিবেদিতঃ।
ব্যসনং ভবতশ্চেদং সংক্ষেপাদ্বৈ নিবেদিতম্ ॥৫১॥
স সম্পাতিস্তদা রাজন্! শ্রুত্বা সুমহদপ্রিয়ম্।
বিষণ্ণচেতাঃ পপ্রচ্ছ পুনরস্মানরিন্দম! ॥৫২॥
কঃ স রামঃ কথং সীতা জটায়ুশ্চ কথং হতঃ।
ইচ্ছামি সর্ব্বমেবৈতচ্ছ্রোতুং প্লবগসত্তমাঃ! ॥৫৩॥
তস্যাহং সর্ব্বমেবৈতদ্ভবতো ব্যসনাগমম্।
প্রায়োপবেশনে চৈব হেতুং বিস্তরতোঽব্রুবম্ ॥৫৪॥
সোঽস্মানুত্থাপয়ামাস বাক্যেনানেন পক্ষিরাট্।
রাবণো বিদিতো মহ্যং লঙ্কা চাস্য মহাপুরী ॥৫৫॥

ভারতকৌমুদী

অন্যোন্যেতি। আবামাদিত্যস্য সংপদমুত্তমস্থানমারূঢৌ। ইমৌ মদীয়ৌ ॥৪৯॥
তদেতি। মে ময়া, স জটায়ুঃ, তদা চিরদৃষ্টঃ ॥৫০॥
তস্যেতি। তস্য সম্পাতেরন্তিকে। ব্যসনং স্ত্রীহরণরূপা বিপৎ ॥৫১॥
স ইতি। অপ্রিয়ং ভ্রাতৃমরণনিবেদনবাক্যম্ ॥৫২॥
ক ইতি। কথং কেত্যর্থঃ। হে প্লবগসত্তমা বানরশ্রেষ্ঠাঃ! ॥৫৩॥
তস্যেতি। ব্যসনাগমং বিপদুপস্থিতিম্। এতৎ সর্ব্বমব্রুবম্ ॥৫৪॥

আমি সেই বহুপূর্বে প্রিয়ভ্রাতা পক্ষিরাজ জটায়ুকে দেখিয়াছিলাম। কারণ, পক্ষযুগল দগ্ধ হওয়ায় আমি এই মহাপর্বতে পতিত হইয়াছিলাম ॥৫০॥

তিনি এইরূপ বলিতেছিলেন, সেই সময়ে আমরা তাঁহার ভ্রাতা জটায়ুর বধসংবাদ জানাইলাম এবং সংক্ষেপে আপনার এই বিপদের সংবাদও বলিলাম ॥৫১॥

অরিন্দম রাজা! তখন সেই সম্পাতি সেই গুরুতর অপ্রিয় সংবাদ শুনিয়া বিষণ্ণচিত্ত হইয়া পুনরায় আমাদের নিকট জিজ্ঞাসা করিলেন—॥৫২॥

'বানরশ্রেষ্ঠগণ! সেই রাম কে? সীতাই বা কে? জটায়ুই বা কি জন্য নিহত হইল? এই সমস্ত বিষয়ই আমি শুনিতে ইচ্ছা করি' ॥৫৩॥

তখন আপনার বিপদের উপস্থিতি এবং আমাদের প্রায়োপবেশনের কারণ ইত্যাদি সমস্ত বিষয়ই আমি বিস্তরক্রমে তাঁহার নিকট বলিলাম ॥৫৪॥

পরে পক্ষিরাজ সম্পাতি এই কথা বলিয়া আমাদিগকে উঠাইলেন—

দৃষ্টা পারে সমুদ্রস্য ত্রিকূটগিরিকন্দরে।
ভবিত্রী তত্র বৈদেহী ন মেঽস্ত্যত্র বিচারণা ॥৫৬॥ (যুগ্মকম্)
ইতি তস্য বচঃ শ্রুত্বা বয়মুত্থায় সত্বরাঃ।
সাগরক্রমণে মন্ত্রং মন্ত্রয়ামঃ পরস্পরম্ ॥৫৭॥
নাধ্যবাস্যদ্‌যদা কশ্চিৎ সাগরস্য বিলঙ্ঘনে।
ততঃ পিতরমাবিশ্য পুপ্লুবেঽহং মহার্ণবম্।
শতযোজনবিস্তীর্ণং নিহত্য জলরাক্ষসীম্ ॥৫৮॥
তত্র সীতা ময়া দৃষ্টা রাবণান্তঃপুরে সতী।
উপবাসতপঃশীলা ভর্তৃদর্শনলালসা।
জটিলা মলদিগ্ধাঙ্গী কৃশা দীনা তপস্বিনী ॥৫৯॥
নিমিত্তৈস্তামহং সীতামুপলভ্য পৃথগ্বিধৈঃ।
উপসৃত্যাব্রুবঞ্চার্য্যামভিবাদ্য রহোগতাম্ ॥৬০॥

ভারতকৌমুদী

স ইতি। মহ্যং মম। ভবিত্রী স্থাত্রী তিষ্ঠেদিত্যর্থঃ ॥৫৫—৫৬॥

ইতীতি। সাগরস্য ক্রমণে লঙ্ঘনে, মন্ত্রয়ামঃ কুর্ম্মঃ ॥৫৭॥

নেতি। নাধ্যবাস্যৎ অধ্যবসায়ং ন কৃতবান্। পিতরং বায়ুম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৮॥

তত্রেতি। মলদিগ্ধাঙ্গী, স্নানাভ্যঙ্গসংস্কারাভাবাৎ, তপস্বিনী শোচ্যা। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৫৯॥

নিমিত্তৈরিতি। নিমিত্তৈঃ অনন্যসম্ভবৈস্তৈরেব লিঙ্গৈঃ। রহোগতাং নির্জনস্থাম্ ॥৬০॥

'আমি রাবণকে জানি এবং সমুদ্রের পারে ত্রিকূটপর্বতের গুহায় তাহার যে মহানগরী লঙ্কা আছে, তাহাও দেখিয়াছি; সীতাদেবী সেইখানেই আছেন, এ বিষয়ে কোন সন্দেহ নাই' ॥৫৫—৫৬॥

সম্পাতির এই কথা শুনিয়া সত্বর উঠিয়া আমরা সমুদ্রলঙ্ঘনের বিষয়ে পরস্পর মন্ত্রণা করিলাম ॥৫৭॥

যখন কেহই সমুদ্রলঙ্ঘনে সাহস করিল না, তখন আমি পিতা পবনদেবকে আশ্রয় করিয়া এবং জলরাক্ষসীকে বধ করিয়া শতযোজনবিস্তীর্ণ মহাসমুদ্র লঙ্ঘন করিলাম ॥৫৮॥

তাহার পর আমি লঙ্কানগরীতে যাইয়া রাবণের অন্তঃপুরে সতী, উপবাস-নিরতা, ভর্তৃদর্শনলোলুপা, জটাধারিণী, মললিপ্তাঙ্গী, কৃশা, কাতরা ও শোচনীয়া সীতাদেবীকে দর্শন করিলাম ॥৫৯॥

---

(৫৭) মন্ত্রয়ামঃ পরন্তপ!—বা ব কা নি।

সীতে ! রামস্য দূতোঽহং বানরো মারুতাত্মজঃ ।
ত্বদ্দর্শনমভিপ্রেপ্সুরিহ প্রাপ্তো বিহায়সা ॥৬১॥
রাজপুত্রৌ কুশলিনৌ ভ্রাতরৌ রামলক্ষ্মণৌ ।
সর্বশাখামৃগেন্দ্রেণ সুগ্রীবেণাভিপালিতৌ ॥৬২॥
কুশলং ত্বাঽব্রবীদ্রামঃ সীতে ! সৌমিত্রিণা সহ ।
সখিভাবাচ্চ সুগ্রীবঃ কুশলং ত্বানুপৃচ্ছতি ॥৬৩॥
ক্ষিপ্রমেষ্যতি তে ভর্ত্তা সর্ব্বশাখামৃগৈঃ সহ ।
প্রত্যয়ং কুরু মে দেবি ! বানরোঽস্মি ন রাক্ষসঃ ॥৬৪॥
মুহূর্ত্তমিব চ ধ্যাত্বা সীতা মাং প্রত্যুবাচ হ ।
জানামি ত্বাং হনূমন্তমবিন্ধ্যবচনাদহম্ ॥৬৫॥
অবিন্ধ্যো হি মহাবাহো ! রাক্ষসো বৃদ্ধসম্মতঃ ।
কথিতস্তেন সুগ্রীবস্ত্বদ্বিধৈঃ সচিবৈর্ব্বৃতঃ ॥৬৬॥

ভারতকৌমুদী

সীত ইতি। বিহায়সেত্যনেনাত্মন আগমনাসম্ভবত্বং নিরাকৃতম্ ॥৬১॥
রাজেতি। সর্ব্বেষাং শাখামৃগাণাং বানরাণামিন্দ্রেণ শ্রেষ্ঠেন ॥৬২॥
কুশলমিতি। ত্বা ত্বাম্, অব্রবীদপৃচ্ছৎ। সখিভাবাৎ রামস্য। ত্বা ত্বাম্ ॥৬৩॥
ক্ষিপ্রমিতি। সর্ব্বশাখামৃগৈঃ সর্ব্ববানরৈঃ। প্রত্যয়ং বিশ্বাসম্ ॥৬৪॥
মুহূর্ত্তমিতি। ধ্যাত্বা ত্রিজটাবাক্যং স্মৃত্বা। অবিন্ধ্যস্য ত্রিজটোক্তরাক্ষসস্য বচনাৎ ॥৬৫॥

তদনন্তর আমি, উক্ত নানাবিধ কারণে সেই নির্জনস্থা দেবীকেই সীতা নিরূপণ করিয়া, নিকটে যাইয়া, নমস্কার করিয়া বলিলাম—॥৬০॥

'জনকনন্দিনি ! আমি রামচন্দ্রের দূত, জাতিতে বানর এবং বায়ুর পুত্র। আমি আপনাকে দেখিবার ইচ্ছায় আকাশপথে এইখানে আসিয়াছি ॥৬১॥

রাজপুত্র রাম ও লক্ষ্মণ দুই ভ্রাতাই কুশলে আছেন এবং সর্ব্ববানরশ্রেষ্ঠ সুগ্রীব তাঁহাদিগকে সর্বতোভাবে রক্ষা করিতেছেন ॥৬২॥

জনকনন্দিনি ! লক্ষ্মণের সহিত রামচন্দ্র আপনার মঙ্গল জিজ্ঞাসা করিয়াছেন এবং রামের সহিত সখিত্বনিবন্ধন সুগ্রীবও আপনার মঙ্গলপ্রশ্ন করিয়াছেন ॥৬৩॥

দেবি ! আপনার স্বামী সমস্ত বানরের সহিত সত্বরই এখানে আসিবেন। আপনি আমার উপরে বিশ্বাস করুন; আমি বানর, রাক্ষস নহি' ॥৬৪॥

তখন সীতাদেবী কিছুকাল চিন্তা করিয়া আমাকে বলিলেন—'আমি অবিন্ধ্যের বচন অনুসারে তোমাকে হনূমান্ বলিয়াই বুঝিতেছি ॥৬৫॥

গম্যতামিতি চোক্ত্বা মাং সীতা প্রাদাদিমং মণিম্।
ধারিতা যেন বৈদেহী কালমেতমনিন্দিতা ॥৬৭॥
প্রত্যয়ার্থং কথাঞ্চেমাং কথয়ামাস জানকী।
ক্ষিপ্তামিষীকাং কাকায় চিত্রকূটে মহাগিরৌ।
ভবতা পুরুষব্যাঘ্র! প্রত্যভিজ্ঞানকারণাৎ ॥৬৮॥
গ্রাহয়িত্বাহমাত্মানং ততো দগ্ধ্বা চ তাং পুরীম্।
সংপ্রাপ্ত ইতি তং রামঃ প্রিয়বাদিনমার্চ্চয়ৎ ॥৬৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে রামোপাখ্যানে হনূমৎপ্রত্যাগমনে ষট্‌ত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

অবিন্ধ্য ইতি। বৃদ্ধশ্চাসৌ সম্মতো লোকপ্রিয়শ্চেতি সঃ ॥৬৬॥

গম্যতামিতি। প্রাদাৎ ভবতো বিশ্বাসার্থং মমার্পিতবতী। যেন মণিনা, অনিন্দিতা বৈদেহী, এতমেতাবন্তং কালম্, ধারিতা স্বগুণেনৈব জীবনং প্রাপিতা ॥৬৭॥

প্রত্যয়েতি। হে পুরুষব্যাঘ্র! জানকী, প্রত্যয়ার্থং ময়ি ভবতো বিশ্বাসার্থম্, প্রত্যভিজ্ঞানকারণাৎ এতদ্বক্ত্রী সীতৈবেতি জ্ঞানহেতোশ্চ, চিত্রকূটে মহাগিরৌ, ভবতা কাকায় ক্ষিপ্তাম্, ইষীকাং তৃণবিশেষবিষয়িকাম্, ইমামনন্যবিদিতাং কথাঞ্চ কথয়ামাস। ইত্যুক্ত্বা হনূমানপি তাং রামায়ণোক্তাং কথামকথয়দিতি ভাবঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৮॥

ভারতভাবদীপঃ

॥২৬—৩৪॥ কারয়িষ্যামি স্বার্থে ণিচ্ ॥৩৫—৪৮॥ সৎপদং গতবন্তাবিতি শেষঃ ॥৪৯—৬৬॥ ধারিতা জীবনং প্রাপ্তা, ইদানীমেতদ্বিয়োগাদত্যন্তং ব্যাকুলায়াস্তস্যা লাভার্থং শীঘ্রং যতিতব্যমিতি ভাবঃ ॥৬৭—৬৯॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্‌ত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৩৬॥

মহাবাহু! এখানে বৃদ্ধ ও লোকপ্রিয় 'অবিন্ধ্য'—নামে এক রাক্ষস আছেন; তিনি বলিয়াছেন যে, সুগ্রীব তোমারই তুল্য মন্ত্রিগণে পরিবেষ্টিত থাকেন' ॥৬৬॥

'তুমি এখন যাও' এই কথা বলিয়া সীতাদেবী আমার নিকট এই মণিটী দিলেন; যে মণিটী এতকাল যাবৎ অনিন্দিতা সীতাদেবীকে জীবিত রাখিয়াছিল ॥৬৭॥

পুরুষশ্রেষ্ঠ! আমার উপরে আপনার বিশ্বাসের জন্য এবং সীতাই ইহা

* '…অষ্টষষ্ট্যধিকদ্বিশততমঃ…' পি, '…একাশীত্যধিকদ্বি…' বা ব, '…দ্ব্যশীত্যধিকদ্বি…' কা, '…ত্র্যশীত্যধিকদ্বি'…নি।

সপ্তত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

—০ঃ(*)ঃ০—

মার্কণ্ডেয় উবাচ।

ততস্তত্রৈব রামস্য সমাসীনস্য তৈঃ সহ।
সমাজগ্মুঃ কপিশ্রেষ্ঠাঃ সুগ্রীববচনাত্তদা ॥১॥
বৃতঃ কোটিসহস্রেণ বানরাণাং তরস্বিনাম্।
শ্বশুরো বালিনঃ শ্রীমান্ সুষেণো রামমভ্যয়াৎ ॥২॥
কোটীশতবৃতৌ চাপি গয়ো গবয় এব চ।
বানরেন্দ্রৌ মহাবীর্য্যৌ পৃথক্ পৃথগদৃশ্যতাম্ ॥৩॥

ভারতকৌমুদী

গ্রাহেতি। ততঃ অহমাত্মানং গ্রাহয়িত্বা রাক্ষসৈর্ধারয়িত্বা, তাং লঙ্কাং পুরীঞ্চ দগ্ধা, সংপ্রাপ্ত আগত ইতি। রামস্ত প্রিয়বাদিনং তমার্চ্চয়ৎ আদ্রিয়ত ॥৬৯॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে ষট্‌ত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ(০)ঃ—

তত ইতি। তত্রৈব মাল্যবতঃ পৃষ্ঠ এব, সমাসীনস্য অবতিষ্ঠমানস্য সমীপে ॥১॥

বৃত ইতি। এষু কোট্যাদয়ঃ সংখ্যাশব্দা বহুত্বমাত্রবোধনার্থাঃ। তরস্বিনাং বলবতাম্ ॥২॥

বলিয়াছেন এইরূপ আপনার ধারণার জন্য, সীতাদেবী এই উপাখ্যানটীও আমার নিকট বলিয়া দিয়াছেন যে, আপনি চিত্রকূটপর্ব্বতে একটা কাকের উপরে একটা ঈষীকা (তৃণবিশেষ) নিক্ষেপ করিয়াছিলেন ॥৬৮॥

তাহার পর আমি রাক্ষসগণের নিকট আপনাকে ধরা দিয়া এবং সেই লঙ্কাপুরীটাকে দগ্ধ করিয়া আসিয়াছি'। ইহার পর রাম সেই প্রিয়বাদী হনূমানের যথেষ্ট আদর করিলেন' ॥৬৯॥

—ঃ(০)ঃ—

মার্কণ্ডেয় বলিলেন—'তাহার পর লক্ষ্মণপ্রভৃতির সহিত রাম যখন সেই মাল্যবান্‌পর্ব্বতেই অবস্থান করিতেছিলেন, তখন সুগ্রীবের আদেশ অনুসারে প্রধান প্রধান বহুতর বানর আগমন করিল ॥১॥

বালীর শ্বশুর উজ্জ্বলবেশধারী সুষেণ বলবান্ বহুতর বানরে পরিবেষ্টিত হইয়া রামের নিকট আগমন করিল ॥২॥

(৩)…গজো গবয় এব চ…বা ব কা নি।

ষষ্টিকোটীসহস্রাণি প্রকর্ষন্ প্রত্যদৃশ্যত।
গোলাঙ্গূলো মহারাজ! গবাক্ষো ভীমদর্শনঃ ॥৪॥
গন্ধমাদনবাসী তু প্রথিতো গন্ধমাদনঃ।
কোটীশতসহস্রাণি হরীণাং সমকর্ষত ॥৫॥
পনসো নাম মেধাবী বানরঃ সুমহাবলঃ।
কোটীর্দশ দ্বাদশ চ ত্রিংশৎ পঞ্চ প্রকর্ষতি ॥৬॥
শ্রীমান্ দধিমুখো নাম হরিবৃদ্ধোঽতিবীর্য্যবান্।
প্রচকর্ষ মহাসৈন্যং হরীণাং ভীমতেজসাম্ ॥৭॥
কৃষ্ণাণাং মুখপুণ্ড্রাণামৃক্ষাণাং ভীমকর্ম্মণাম্।
কোটীশতসহস্রেণ জাম্ববান্ প্রত্যদৃশ্যত ॥৮॥

ভারতকৌমুদী

কোটীতি। অদৃশ্যতাম্ অদৃশ্যেতাম্, তত্রত্যৈরন্যৈরিতি শেষঃ ॥৩॥

ষষ্টীতি। ষষ্টিকোটীসহস্রাণি বানরাণামেব। গোলাঙ্গূলস্তজ্জাতীয়ঃ ॥৪॥

গন্ধেতি। গন্ধমাদনঃ পর্বতস্তদ্বাসী। হরীণাং বানরাণাম্ ॥৫॥

পনস ইতি। প্রকর্ষতি প্রকৃষ্যানয়তি স্ম ॥৬॥

শ্রীমানিতি। হরিবৃদ্ধো বৃদ্ধো বানরঃ। মহাসৈন্যং বিশালাং চমূম্ ॥৭॥

কৃষ্ণানামিতি। মুখে মুখৈকদেশে ললাটে পুণ্ড্রাণি পুণ্ড্রাকারশ্বেতলোমানি যেষাং তেষাম্ ॥৮॥

বানরশ্রেষ্ঠ ও মহাবল গয় এবং গবয়কে পৃথক্ পৃথক্ বহুসংখ্যক বানরে পরিবৃত অবস্থায় উপস্থিত হইতে দেখা গেল ॥৩॥

মহারাজ! তৎপরে গোলাঙ্গূল ও ভয়ঙ্করমূর্ত্তি গবাক্ষকে অসংখ্য বানর লইয়া আসিতে দেখা গেল ॥৪॥

গন্ধমাদনপর্ব্বতবাসী বিখ্যাত গন্ধমাদন বহুতর বানরসৈন্য লইয়া উপস্থিত হইল ॥৫॥

বুদ্ধিমান্ ও অত্যন্ত বলবান্ 'পনস'—নামক বানর প্রচুর বানরসৈনিক লইয়া আগমন করিল ॥৬॥

উজ্জ্বলবেশধারী, অত্যন্ত বলবান্ ও বৃদ্ধ দধিমুখ মহাবল বিশাল বানর-সৈন্যের সহিত উপস্থিত হইল ॥৭॥

কৃষ্ণবর্ণ, ললাটে শ্বেতচিহ্নশালী ও ভীমকর্ম্মা অসংখ্য ভল্লুকের সহিত জাম্ববান্‌কেও দেখা গেল ॥৮॥

---

(৮) কৃষ্ণানাং তীক্ষ্ণতুণ্ডানাম্…পি।

এতে চান্যে চ বহবো হরিযূথপযূথপাঃ।
অসংখ্যেয়া মহারাজ! সমীয়ূ রামকারণাৎ ॥৯॥
গিরিকূটনিভাঙ্গানাং সিংহানামিব গর্জ্জতাম্।
শ্রূয়তে তুমুলঃ শব্দস্তত্র তত্র প্রধাবতাম্ ॥১০॥
গিরিকূটনিভাঃ কেচিৎ কেচিন্মহিষসন্নিভাঃ।
শরদভ্রপ্রতীকাশাঃ কেচিদ্ধিঙ্গুলকাননাঃ ॥১১॥
উৎপতন্তঃ পতন্তশ্চ প্লবমানাশ্চ বানরাঃ।
উদ্ধূন্বন্তোঽপরে রেণূন্ সমাজগ্মুঃ সমন্ততঃ ॥১২॥
স বানরমহাসৈন্যঃ পূর্ণসাগরসন্নিভঃ।
নিবেশমকরোত্তত্র সুগ্রীবানুমতে তদা ॥১৩॥

ভারতকৌমুদী

এত ইতি। হরীণাং বানরাণাং যূথং সমূহং পান্তি রক্ষন্তীতি তেষামপি যূথপাঃ ॥৯॥

গিরীতি। গিরিকূটনিভাঙ্গানাং পর্ব্বতশৃঙ্গসদৃশদৃঢ়গাত্রাণাম্। শব্দঃ কোলাহলঃ ॥১০॥

গিরীতি। গিরিকূটনিভাঃ পর্ব্বতশৃঙ্গতুল্যা বৃহন্তঃ। শরদভ্রপ্রতীকাশাঃ শরন্মেঘতুল্যশুভ্রবর্ণাঃ, হিঙ্গুলকবৎ আননং রক্তবর্ণং মুখং যেষাং তে ॥১১॥

উদিতি। উদ্ধূন্বন্ত উৎক্ষিপন্তঃ, রেণূন্ ধূলীঃ ॥১২॥

স ইতি। পূর্ণসাগরসন্নিভো বিশালতায়ামিতি ভাবঃ ॥১৩॥

মহারাজ! ইহারা এবং অন্যান্য বহুতর বানরশ্রেষ্ঠ রামের জন্য সেখানে উপস্থিত হইল ॥৯॥

ক্রমে পর্ব্বতশৃঙ্গের ন্যায় দৃঢ়শরীর ও সিংহের ন্যায় গর্জনকারী বানরগণ দৌড়াইতে লাগিল; তখন সেই সেই স্থানে তাহাদের তুমুল কোলাহল শুনা যাইতে থাকিল ॥১০॥

সেই বানরদের মধ্যে কতকগুলি পর্ব্বতশৃঙ্গের ন্যায় বিশাল, কতকগুলি মহিষের ন্যায় ধূসরবর্ণ, কতকগুলি শরৎকালের মেঘের ন্যায় শুভ্রবর্ণ এবং কতকগুলি হিঙ্গুলের ন্যায় রক্তমুখ ছিল ॥১১॥

কতকগুলি বানর উল্লম্ফন-প্রলম্ফন করিতে করিতে এবং অপর কতকগুলি বানর ধূলি উড়াইতে উড়াইতে সকল দিক্ হইতে আগমন করিল ॥১২॥

পূর্ণ সাগরের তুল্য সেই বিশাল বানরসৈন্য আসিয়া তখন সুগ্রীবের অনুমতি অনুসারে সেই খানেই শিবির সন্নিবেশ করিল ॥১৩॥

(১০) শিরীষকুসুমাভানাম্···পি।

ততস্তেষু হরীন্দ্রেষু সমাবৃত্তেষু সর্বশঃ।
তিথৌ প্রশস্তে নক্ষত্রে মুহূর্ত্তে চাভিপূজিতে ॥১৪॥
তেন ব্যূঢ়েন সৈন্যেন লোকানুদ্বর্ত্তয়ন্নিব।
প্রযযৌ রাঘবঃ শ্রীমান্ সুগ্রীবসহিতস্তদা ॥১৫॥ (যুগ্মকম্)
মুখমাসীত্তু সৈন্যস্য হনূমান্ মারুতাত্মজঃ।
জঘনং পালয়ামাস সৌমিত্রিরকুতোভয়ঃ ॥১৬॥
বদ্ধগোধাঙ্গুলিত্রাণৌ রাঘবৌ তত্র জগ্মতুঃ।
বৃতৌ হরিমহামাত্রৈশ্চন্দ্রসূর্য্যৌ গ্রহৈরিব ॥১৭॥
প্রবভৌ হরিসৈন্যং তৎ সালতালশিলায়ুধম্।
সুমহচ্ছালিভবনং যথা সূর্য্যোদয়ং প্রতি ॥১৮॥
নলনীলাঙ্গদক্রাথ-মৈন্দদ্বিবিদপালিতা।
যযৌ সুমহতী সেনা রাঘবস্যার্থসিদ্ধয়ে ॥১৯॥

ভারতকৌমুদী

তত ইতি। হরীন্দ্রেষু বানরশ্রেষ্ঠেষু, সর্ব্বশঃ সর্বাভ্যো দিগ্ভ্যঃ, সমাবৃত্তেষু আগতেষু সৎসু। ব্যূঢ়েন রচিতব্যূহেন, উদ্বর্ত্তয়ন্ অধিকীকুর্ব্বন্ ॥১৪—১৫॥

মুখমিতি। মুখং সর্ব্বাগ্রবর্ত্তী। জঘনং পশ্চাদ্ভাগম্ ॥১৬॥

বদ্ধেতি। বদ্ধে ধৃতে গোধা জ্যাঘাতবারণমঙ্গুলিত্রাণঞ্চ তে যাভ্যাং তৌ। হরিমহামাত্রৈর্বানরপ্রধানৈঃ। "গোধা প্রাণিবিশেষে স্যাৎ জ্যাঘাতস্য চ বারণে" ইতি হেমচন্দ্রঃ ॥১৭॥

প্রেতি। শালিভবনং শীতকালে শোষণায় নিরাবরণীকৃতং পক্বধান্যগৃহম্ ॥১৮॥

নলেতি। নলাদয়ঃ প্রধানবানরাঃ। অর্থসিদ্ধয়ে প্রয়োজননিষ্পত্তয়ে ॥১৯॥

সকল দিক্ হইতে সেই সমস্ত প্রধান বানর উপস্থিত হইলে, তাহার পর শ্রীমান্ রামচন্দ্র সুগ্রীবের সহিত মিলিত হইয়া সেই ব্যূহবদ্ধ সৈন্যদ্বারা আরও কতকগুলি ভুবন উদ্বৃত্ত (অতিরিক্ত) করিতে থাকিয়াই যেন প্রশস্ত তিথিতে, শুভ নক্ষত্রে ও উত্তম লগ্নে যুদ্ধযাত্রা করিলেন ॥১৪—১৫॥

পবননন্দন হনূমান্ সেই সৈন্যের সম্মুখভাগে রহিলেন এবং নির্ভয়চিত্ত লক্ষ্মণ তাহার পশ্চাদ্ভাগ রক্ষা করিতে লাগিলেন ॥১৬॥

রাম ও লক্ষ্মণ জ্যাঘাতবারণ ও অঙ্গুলিত্র ধারণ করিয়া এবং প্রধান প্রধান বানরে পরিবেষ্টিত হইয়া, গ্রহগণপরিবেষ্টিত চন্দ্র ও সূর্য্যের ন্যায় গমন করিতে লাগিলেন ॥১৭॥

সাল, তাল ও শিলারূপ অস্ত্রধারী সেই বানরসৈন্য, সূর্য্যোদয়ের সময়ে আচ্ছাদনশূন্য অতিবৃহৎ পক্বধান্যের গৃহের ন্যায় শোভা পাইতে থাকিল ॥১৮॥

বিবিধেষু প্রশস্তেষু বহুমূলফলেষু চ।
প্রভূতমধুমাংসেষু বারিমৎসু শিবেষু চ ॥২০॥
নিবসন্তী নিরাবাধা তথৈব গিরিসানুষু।
উপায়াদ্ধরিসেনা সা ক্ষারোদমথ সাগরম্ ॥২১॥ (যুগ্মকম্)
দ্বিতীয়সাগরনিভং তদ্বলং বহুলধ্বজম্।
বেলাবনং সমাসাদ্য নিবাসমকরোত্তদা ॥২২॥
ততো দাশরথিঃ শ্রীমান্ সুগ্রীবং প্রত্যভাষত।
মধ্যে বানরমুখ্যানাং প্রাপ্তকালমিদং বচঃ ॥২৩॥
উপায়ঃ কো নু ভবতাং মতঃ সাগরলঙ্ঘনে।
ইয়ং হি মহতী সেনা সাগরশ্চাতিদুস্তরঃ ॥২৪॥
তত্রান্যে ব্যাহরন্তি স্ম বানরাঃ পটুমানিনঃ।
সমর্থা লঙ্ঘনে সিন্ধোর্ন তু তৎ কৃৎস্নকারকম্ ॥২৫॥

ভারতকৌমুদী

বিবিধেষ্বিতি। বহূনি মূলফলানি যেষু তেষু, প্রভূতানি প্রচুরাণি মধূনি পুষ্পরসা মাংসানি চ যেষু তেষু, শিবেষু মঙ্গলময়েষু স্থানেষু। ক্ষারোদং লবণজলম্ ॥২০—২১॥

দ্বিতীয়েতি। বেলাবনং লবণসমুদ্রতীরস্থমরণ্যম্ ॥২২॥

তত ইতি। দাশরথিঃ রামঃ। প্রাপ্ত উপস্থিতঃ কালো যস্য তৎ ॥২৩॥

উপায় ইতি। মহতী অতিবহুলজনঘটিতা ॥২৪॥

নল, নীল, অঙ্গদ, ক্রাথ, মৈন্দ ও দ্বিবিদ-রক্ষিত সেই বিশাল বানরবাহিনী রামচন্দ্রের কার্য্যসিদ্ধির জন্য গমন করিতে লাগিল ॥১৯॥

যে যে স্থানে প্রচুর ফল, মূল, মধু, মাংস ও জল ছিল, সেই সকল প্রশস্ত ও মঙ্গলময় নানাবিধ স্থানে এবং পর্ব্বতের সমতল ভূমিতে বাস করিতে থাকিয়া ক্রমে সেই বানরসেনা নির্বিঘ্নে লবণসমুদ্রের তীরে যাইয়া উপস্থিত হইল ॥২০—২১॥

পরে দ্বিতীয়সমুদ্রতুল্য ও বহুতরধ্বজসমন্বিত সেই সৈন্য সমুদ্রের তীরবর্ত্তী বনে যাইয়া তখন অবস্থান করিল ॥২২॥

তাহার পর শ্রীমান্ রামচন্দ্র প্রধান প্রধান বানরগণের মধ্যে সুগ্রীবের নিকট তৎকালোচিত এই কথা বলিলেন—॥২৩॥

'বীরগণ! সমুদ্রলঙ্ঘনের বিষয়ে কোন্ উপায় তোমাদের অভিমত? এই বাহিনীও বিশাল, সমুদ্রও অতিদুস্তর ॥২৪॥

(২১)···ক্ষীরোদ ইব সাগরঃ—পি। (২৫)···বানরা বহুমানিনঃ···বা ব কা।

কেচিন্নৌভির্ব্যবস্যন্তি কেচিচ্চ বিবিধৈঃ প্লবৈঃ।
নেতি রামস্তু তান্ সর্ব্বান্ সান্ত্বয়ন্ প্রত্যভাষত ॥২৬॥
শতযোজনবিস্তারং ন শক্তাঃ সর্ব্ববানরাঃ।
ক্রান্তুং তোয়নিধিং বীরাঃ! নৈষা বো নৈষ্ঠিকী মতিঃ ॥২৭॥
নাবো ন সন্তি সেনায়া বহ্ব্যস্তারয়িতুং তথা।
বণিজামুপঘাতঞ্চ কথমস্মদ্বিধশ্চরেৎ ॥২৮॥
বিস্তীর্ণঞ্চৈব নঃ সৈন্যং হন্যাচ্ছিদ্রেণ বৈ পরঃ।
প্লবোড়ুপপ্রতারশ্চ নৈবাত্র মম রোচতে ॥২৯॥
অহং ত্বিমং জলনিধিং সমারপ্স্যাম্যুপায়তঃ।
প্রতিশেষ্যাম্যুপবসন্ দর্শয়িষ্যতি মাং ততঃ ॥৩০॥

ভারতকৌমুদী

তত্রেতি। পটূন্ প্লবননিপুণান্ আত্মনো মন্যন্ত ইতি পটুমানিনঃ, অন্যে বানরাঃ, ব্যাহরন্তি ব্রুবন্তি স্ম; বয়ং সিন্ধোর্লঙ্ঘনে সমর্থাঃ; কিন্তু তদস্মাকং লঙ্ঘনম্, ন কৃৎস্নস্য সর্বসৈন্যলঙ্ঘনস্য কারকম্। তদস্মাকং লঙ্ঘনং নিরর্থকমিতি ভাবঃ ॥২৫॥

কেচিদিতি। ব্যবস্যন্তি তরীতুং যতন্তে স্ম। প্লবৈঃ উড়ুপৈঃ ॥২৬॥

শতেতি। ক্রান্তুং নৌভিঃ প্লবৈর্বা লঙ্ঘয়িতুম্। নৈষ্ঠিকী সম্পূর্ণকার্য্যনির্বাহিকা ॥২৭॥

নাব ইতি। নাবঃ প্লবাশ্চ। অথ বণিজাং নাব আচ্ছিদ্য লঙ্ঘ্যতামিত্যাহ বণিজামিতি ॥২৮॥

বিস্তীর্ণমিতি। ছিদ্রেণ প্লবোড়ুপাভ্যাং তরণরূপরন্ধ্রেণ। কদলীস্তম্ভাদিরচিতং তরণসাধনং প্লবঃ, ক্ষুদ্রনৌকা চোড়ুপং তাভ্যাং প্রতারঃ সমুদ্রতরণম্ ॥২৯॥

তখন আত্মনৈপুণ্যাভিমানী কতকগুলি বানর বলিল—'আমরা সমুদ্রলঙ্ঘনে সমর্থ বটি; কিন্তু তাহা ত সকলের লঙ্ঘননির্বাহক হইবে না' ॥২৫॥

কেহ কেহ নৌকাদ্বারা লঙ্ঘনের কথা বলিল; অপর কেহ কেহ নানাবিধ ভেলাদ্বারা পার হইবার কথা জানাইল। কিন্তু রাম কোমল বাক্য দ্বারা তাহাদের সকলকেই বলিলেন যে, 'উহার কোনটাই হইতে পারে না ॥২৬॥

কারণ, সকল বানর নৌকা বা ভেলাদ্বারা শতযোজনবিস্তীর্ণ সমুদ্র পার হইতে পারে না। সুতরাং তোমাদের এ বুদ্ধি সম্পূর্ণকার্য্যনির্বাহক নহে ॥২৭॥

তা'র পর, আমাদের সৈন্যদের পার হইবার উপযোগী বহুতর নৌকা বা ভেলাও নাই; আবার আমাদের মত লোক কিপ্রকারেই বা বণিক্‌দিগের কার্য্যের ব্যাঘাত করিতে পারে? ॥২৮॥

বিশেষতঃ শত্রুপক্ষ কোন ফাঁক পাইলেই তখন আমাদের বিস্তৃত সৈন্য নষ্ট করিয়া ফেলিবে। এই জন্যই ভেলা বা ক্ষুদ্র ক্ষুদ্র নৌকাদ্বারা সমুদ্রতরণের চেষ্টা করা আমার অভিপ্রেত নহে ॥২৯॥

ন চেদ্দর্শয়িতা মার্গং ধক্ষ্যাম্যেনমহং ততঃ।
মহাস্ত্রৈরপ্রতিহতৈরত্যগ্নিপবনোজ্জ্বলৈঃ ॥৩১॥
ইত্যুক্ত্বা সহসৌমিত্রিরুপস্পৃশ্যাথ রাঘবঃ।
প্রতিশিশ্যে জলনিধিং বিধিবৎ কুশসংস্তরে ॥৩২॥
সাগরস্তু ততঃ স্বপ্নে দর্শয়ামাস রাঘবম্।
দেবো নদনদীভর্ত্তা শ্রীমান্ যাদোগণৈর্বৃতঃ ॥৩৩॥
কৌশল্যামাতরিত্যেবমাভাষ্য মধুরং বচঃ।
ইদমিত্যাহ রত্নানামাকরৈঃ শতশো বৃতঃ ॥৩৪॥

ভারতকৌমুদী

অহমিতি। উপায়তঃ অন্যেনোপায়েন, সমারপ্স্যামি আরাদ্ধুমারপ্স্যে। প্রতি সমুদ্রং লক্ষ্যীকৃত্য শেষ্যামি শয়িষ্যে, দর্শয়িষ্যতি মার্গমিতি শেষঃ ॥৩০॥

নেতি। অগ্নিপবনাবতিক্রান্তানীতি অত্যগ্নিপবনানি তানি চ তানি উজ্জ্বলানি চেতি তৈঃ ॥৩১॥

ইতীতি। উপস্পৃশ্য আচম্য। জলনিধিং প্রতি লক্ষ্যীকৃত্য শিশ্যে ॥৩২॥

সাগর ইতি। দর্শয়ামাস আত্মানমিতি শেষঃ। যাদোগণৈর্জলজন্তুগণৈঃ ॥৩৩॥

কৌশল্যেতি। কৌশল্যা মাতা যস্য তৎসম্বোধনম্। আকরৈঃ খনিভিঃ ॥৩৪॥

ভারতভাবদীপঃ

ততস্তত্রৈবেতি ॥১—৭॥ মুখে পুণ্ড্রস্তিলকং যেষাং তে ললাটে ঊর্দ্ধপুণ্ড্রাকারেণ চিহ্নেন চিহ্নিতানাম্ ॥৮—১৭॥ শালিভির্ভাতীতি শালিভং তচ্ছ তদ্বনং পক্বশালিভবনং তদ্বৎপীতবর্ণমিত্যর্থঃ ॥১৮—২৮॥ প্লবঃ অলাবুঘটাদিময়ং তরণসাধনম্, উড়ুপং ক্ষুদ্রনৌকা, তাভ্যাং প্রতারস্তরণম্ ॥২৯॥ সমারপ্স্যামি আরাধয়িষ্যামি ॥৩০—৩৩॥ মধুরং বচ ইদং শৃণ্বিত্যাহেতি

তবে, আমি অন্য কোন উপায়ে সমুদ্রের আরাধনা আরম্ভ করিব। আমি উপবাসী থাকিয়া সমুদ্রকে লক্ষ্য করিয়া শয়ন করিব (ধন্না দিব); তাহা হইলেই সমুদ্র আমাকে পথ দেখাইয়া দিবেন ॥৩০॥

যদি পথ দেখাইয়া না দেন, তবে অগ্নি ও বায়ু অপেক্ষাও প্রবল এবং উজ্জ্বল ও অপ্রতিহত মহাস্ত্রদ্বারা সমুদ্রকে আমি দগ্ধ করিয়া ফেলিব' ॥৩১॥

এই কথা বলিয়া রামচন্দ্র লক্ষ্মণের সহিত মিলিত হইয়া সমুদ্রকে লক্ষ্য করিয়া আচমনপূর্ব্বক যথাবিধানে কুশশয্যায় শয়ন করিলেন ॥৩২॥

তাহার পর নদ ও নদীগণের ভর্ত্তা এবং উজ্জ্বলমূর্ত্তি সমুদ্রদেব জলজন্তুগণে পরিবেষ্টিত হইয়া আসিয়া স্বপ্নে রামচন্দ্রকে দর্শন দান করিলেন ॥৩৩॥

এবং 'কৌশল্যানন্দন!' এইরূপ মধুর বাক্য বলিয়া শত শত রত্নখনিকর্ত্তৃক পরিবেষ্টিত থাকিয়া এইভাবে এই কথা বলিলেন—॥৩৪॥

ব্রূহি কিং তে করোম্যত্র সাহায্যং পুরুষর্ষভ !।
ঐক্ষ্বাকো হ্যস্মি তে জ্ঞাতিরিতি রামস্তমব্রবীৎ ॥৩৫॥
মার্গমিচ্ছামি সৈন্যস্য দত্তং নদনদীপতে !।
যেন গত্বা দশগ্রীবং হন্যাং পৌলস্ত্যপাংসনম্ ॥৩৬॥
যদ্যেবং যাচতো মার্গং ন প্রদাস্যতি মে ভবান্।
শরৈস্ত্বাং শোষয়িষ্যামি দিব্যাস্ত্রপ্রতিমন্ত্রিতৈঃ ॥৩৭॥
ইত্যেবং ব্রুবতঃ শ্রুত্বা রামস্য বরুণালয়ঃ।
উবাচ ব্যথিতো বাক্যমিতি বদ্ধাঞ্জলিঃ স্থিতঃ ॥৩৮॥
নেচ্ছামি প্রতিঘাতং তে নাস্মি বিঘ্নকরস্তব।
শৃণু চেদং বচো রাম ! শ্রুত্বা কর্ত্তব্যমাচর ॥৩৯॥

ভারতকৌমুদী

ব্রূহীতি। জ্ঞাতিরস্মি সগরপুত্রৈর্নির্ম্মিতত্বাদিত্যাশয়ঃ ॥৩৫॥
মার্গমিতি। দত্তং ভবতেতি শেষঃ। পৌলস্ত্যপাংসনং পুলস্ত্যকুলদূষকম্ ॥৩৬॥
যদীতি। দিব্যাস্ত্রপ্রতিমন্ত্রিতৈঃ স্বর্গীয়াস্ত্রমন্ত্রেণাভিমন্ত্রিতৈঃ ॥৩৭॥
ইতীতি। বরুণালয়ঃ সমুদ্রঃ। ব্যথিতঃ, পক্ষান্তরে শাসনশ্রবণাৎ ॥৩৮॥
নেতি। প্রতিঘাতমনিষ্টং কর্ত্তুম্। কর্ত্তব্যম্ আচর কুরু ॥৩৯॥

'পুরুষশ্রেষ্ঠ ! আমি ইক্ষ্বাকুবংশীয়; সুতরাং আপনার জ্ঞাতি। অতএব বলুন—আমি এখন আপনার কি সাহায্য করিব'। রাম তখন তাঁহাকে বলিলেন—॥৩৫॥

'সমুদ্র ! আপনি আমার সৈন্যের পথ দান করেন, ইহা আমি ইচ্ছা করি, যাহার উপর দিয়া যাইয়া আমি পুলস্ত্যকুলদূষক রাবণকে বধ করিতে পারি ॥৩৬॥

আমি এইরূপ প্রার্থনা করায়ও আপনি যদি পথ প্রদান না করেন, তবে আমি দিব্যাস্ত্রমন্ত্রে অভিমন্ত্রিত বাণদ্বারা আপনাকে শুষ্ক করিব' ॥৩৭॥

রাম এইরূপ বলিলে, সমুদ্র তাহা শুনিয়া কৃতাঞ্জলি হইয়া দাঁড়াইয়া দুঃখিতচিত্তে এই কথা বলিলেন—॥৩৮॥

'রাম ! আমি আপনার অনিষ্ট করিতে ইচ্ছা করি না এবং আপনার বিঘ্নকারীও নহি। সুতরাং এই বাক্য শ্রবণ করুন এবং শ্রবণ করিয়া কর্ত্তব্য কার্য্য করুন ॥৩৯॥

(৩৫)⋯ ঐক্ষ্বাকুর্হ্যস্মি⋯বা কা,⋯ইক্ষ্বাকুরস্মি ⋯পি।

যদি দাস্যামি তে মার্গং সৈন্যস্য ব্রজতো জ্ঞয়া।
অন্যেঽপ্যাজ্ঞাপয়িষ্যন্তি মামেবং ধনুষো বলাৎ ॥৪০॥
অস্তি ত্বত্র নলো নাম বানরঃ শিল্পিসম্মতঃ।
ত্বষ্টুর্দেবস্য তনয়ো বলবান্ বিশ্বকর্ম্মণঃ ॥৪১॥
স যৎ কাষ্ঠং তৃণং বাপি শিলাং বা ক্ষেপ্স্যতে ময়ি।
সর্বং তদ্ধারয়িষ্যামি স তে সেতুর্ভবিষ্যতি ॥৪২॥
ইত্যুক্ত্বান্তর্হিতে তস্মিন্ রামো নলমুবাচ হ।
কুরু সেতুং সমুদ্রে ত্বং শক্তো হ্যসি মতো মম ॥৪৩॥
তেনোপায়েন কাকুৎস্থঃ সেতুবন্ধমকারয়ৎ।
দশযোজনবিস্তারমায়তং শতযোজনম্ ॥৪৪॥
নলসেতুরিতি খ্যাতো যোঽদ্যাপি প্রথিতো ভুবি।
রামস্যাজ্ঞাং পুরস্কৃত্য নির্ম্মিতো গিরিসন্নিভঃ ॥৪৫॥

ভারতকৌমুদী

যদীতি। জ্ঞয়া আজ্ঞয়া। অন্যেঽপি ধনুষ্মন্তঃ ॥৪০॥
অস্তীতি। অত্র তব সেনায়াম্। ত্বষ্টুর্বর্দ্ধকিভূতস্য ॥৪১॥
স ইতি। ধারয়িষ্যামি, ন তু স্রোতসা হরিষ্যামি নবা তলং নেষ্যামীতি ভাবঃ ॥৪২॥
ইতীতি। তস্মিন্ সমুদ্রপুরুষে। শক্তঃ, বিশ্বকর্ম্মণঃ পুত্রত্বাদিত্যাশয়ঃ ॥৪৩॥
তেনেতি। তেন শিলাকাষ্ঠাদিনিক্ষেপরূপেণ। আয়তং দীর্ঘম্ ॥৪৪॥
নলেতি। স চ নলসেতুরিতি খ্যাতোঽভূৎ, নলেন নির্ম্মাণাৎ ॥৪৫॥

আমি যদি আপনার আদেশেই আপনার সৈন্যের পথ প্রদান করি, তবে অন্য ধনুর্দ্ধরেরাও ধনুর বলে আমাকে এইরূপ আদেশ করিবেন ॥৪০॥

তবে, আপনার এই সৈন্যের মধ্যে দেবশিল্পী বিশ্বকর্ম্মদেবের পুত্র বলবান্ ও বিশেষশিল্পী 'নল'—নামে এক বানর আছেন ॥৪১॥

তিনি যে কাষ্ঠ, তৃণ বা শিলা আমার উপরে নিক্ষেপ করিবেন, সে সমস্তই আমি ধারণ করিব। সুতরাং তাহাই আপনার সেতু হইবে' ॥৪২॥

এই কথা বলিয়া সমুদ্র অন্তর্হিত হইলে, রাম নলকে বলিলেন—'নল! তুমি সমুদ্রবন্ধনে সমর্থ ইহাই আমার ধারণা। অতএব তুমি সমুদ্রে সেতুবন্ধন কর' ॥৪৩॥

তাহার পর রাম নলদ্বারা সমুদ্রনির্দ্দিষ্ট উপায়ে দশযোজনবিস্তৃত এবং শতযোজনদীর্ঘ সেতু বন্ধন করাইলেন ॥৪৪॥

(৪৫)···নির্য্যাতো গিরিসন্নিভঃ—বা ব কা,···ধার্য্যতে গিরিসন্নিভঃ—নি।

তত্রস্থং স তু ধর্ম্মাত্মা সমাগচ্ছদ্বিভীষণঃ।
ভ্রাতা বৈ রাক্ষসেন্দ্রস্য চতুর্ভিঃ সচিবৈঃ সহ ॥৪৬॥
প্রতিজগ্রাহ রামস্তং স্বাগতেন মহামনাঃ।
সুগ্রীবস্য তু শঙ্কাভূৎ প্রণিধিঃ স্যাদিতি স্ম হ ॥৪৭॥
রাঘবঃ সত্যচেষ্টাভিঃ সম্যক্‌সুচরিতেঙ্গিতৈঃ।
যদা তত্ত্বেন তুষ্টোঽভূত্তত এনমপূজয়ৎ ॥৪৮॥
সর্ব্বরাক্ষসরাজ্যে চাপ্যভ্যষিঞ্চদ্বিভীষণম্।
চক্রে চ মন্ত্রসচিবং সুহৃদং লক্ষ্মণস্য চ ॥৪৯॥
বিভীষণমতেনৈব সোঽত্যক্রামন্মহার্ণবম্।
সসৈন্যঃ সেতুনা তেন মাসেনৈব নরাধিপ। ॥৫০॥

ভারতকৌমুদী

তত্রেতি। তত্রস্থং সমুদ্রোত্তরতীরস্থমেব রামম্। রাক্ষসেন্দ্রস্য রাবণস্য ॥৪৬॥
প্রতীতি। শঙ্কা সন্দেহঃ। প্রণিধিঃ, রাবণস্যৈব চরঃ ॥৪৭॥
রাঘব ইতি। তত্ত্বেন যাথার্থ্যেন। এনং বিভীষণম্, অপূজয়ৎ সুগ্রীবঃ ॥৪৮॥
সর্ব্বেতি। অভ্যষিঞ্চৎ, রাম ইতি শেষঃ ॥৪৯॥

ভারতভাবদীপঃ

শেষেণ যোজ্যম্ ॥৩৪—৩৯॥ আজ্ঞয়েতি চ্ছেদঃ, পূর্ব্বরূপমার্ষম্ ॥৪০—৪৬॥ প্রণিধিশ্ছল-

নল রামের আদেশ অনুসারে পর্বতপ্রমাণ সেতু নির্ম্মাণ করিয়াছিলেন; তাই তাহা ‘নলসেতু’—নামে বিখ্যাত হইয়াছিল; যাহা অদ্যাপি পৃথিবীতে প্রসিদ্ধ রহিয়াছে ॥৪৫॥

তদনন্তর রাবণের ভ্রাতা ও ধর্ম্মাত্মা বিভীষণ চারি জন মন্ত্রীর সহিত সেই খানেই রামের নিকট উপস্থিত হইলেন ॥৪৬॥

মহামনা রাম তখন স্বাগতসম্ভাষণপূর্বক তাঁহাকে গ্রহণ করিলেন। কিন্তু রাবণের চর বলিয়া বিভীষণের উপরে সুগ্রীবের আশঙ্কা জন্মিল ॥৪৭॥

তা’র পর বিভীষণের সত্য ব্যবহার এবং ন্যায়সঙ্গত কার্য্য ও ইঙ্গিত দেখিয়া রাম যখন তাঁহার উপরে যথার্থই সন্তুষ্ট হইলেন, তদবধি সুগ্রীবও তাঁহার সম্মান করিতে থাকিলেন ॥৪৮॥

ক্রমে রাম বিভীষণকে সমগ্র রাক্ষসরাজ্যে অভিষিক্ত করিলেন এবং তাঁহাকে লক্ষ্মণের মন্ত্রণাসচিব ও সখা করিয়া দিলেন ॥৪৯॥

রাজা! রামচন্দ্র বিভীষণের মত অনুসারেই সৈন্যগণের সহিত সেই সেতুপথে একমাসে মহাসমুদ্র অতিক্রম করিলেন ॥৫০॥

ততো গত্বা সমাসাদ্য লঙ্কোদ্যানানি ভাগশঃ
ভেদয়ামাস কপিভির্মহান্তি চ বহূনি চ ॥৫১॥
তত্রস্থৌ রাবণামাত্যৌ রাক্ষসৌ শুকসারণৌ।
চরৌ বানররূপেণ তৌ জগ্রাহ বিভীষণঃ ॥৫২॥
প্রতিপন্নৌ যদা রূপং রাক্ষসং তৌ নিশাচরৌ।
দর্শয়িত্বা ততঃ সৈন্যং রামঃ পশ্চাদবাসৃজৎ ॥৫৩॥
নিবেশ্যোপবনে সৈন্যং তৎ পুরঃ প্রাজ্ঞবানরম্।
প্রেষয়ামাস দৌত্যেন রাবণস্য ততোঽঙ্গদম্ ॥৫৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে রামোপাখ্যানে সেতুবন্ধনে সপ্তত্রিংশদধিক-দ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

বিভীষণেতি। স রামঃ, মাসেনৈব অত্যক্রামদিতি সম্বন্ধঃ ॥৫০॥
তত ইতি। ভাগশো ভাগে ভাগে স্থিতানি। ভেদয়ামাস ভঞ্জয়ামাস ॥৫১॥
তত্রেতি। তত্র রামসেনায়াং তিষ্ঠত ইতি তত্রস্থৌ আস্তামিতি শেষঃ ॥৫২॥
প্রতীতি। প্রতিপন্নৌ প্রাপ্তৌ। ততস্তদা। অবাসৃজৎ চরত্বেনামুঞ্চৎ ॥৫৩॥
নিবেশ্যেতি। পুরো লঙ্কায়াঃ। দৌত্যেন হেতুনা, রাবণস্য সমীপে ॥৫৪॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্বণি দ্রৌপদীহরণে সপ্তত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

ছদ্মগুপ্তচারো বা, "প্রণিধির্না খলে চরে" ইতি মেদিনী ॥৪৭—৫৩॥ দৌত্যেন হেতুনা ॥৫৪॥
ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৩৭॥

তাহার পর রাম লঙ্কায় উপস্থিত হইয়া তাহার ভাগে ভাগে অবস্থিত বৃহৎ ও বহুতর উদ্যানসমূহকে বানরগণদ্বারা ভগ্ন করাইলেন ॥৫১॥

তখন রাবণের মন্ত্রী রাক্ষস শুক ও সারণ বানররূপ ধারণ করিয়া চররূপে রামের সৈন্যমধ্যে অবস্থান করিতেছিল; কিন্তু বিভীষণ তাহাদিগকে ধরিয়া ফেলিলেন ॥৫২॥

সেই রাক্ষস শুক ও সারণ যখন রাক্ষসরূপই ধারণ করিল, তখন রাম তাহাদিগকে নিজের সৈন্য দেখাইয়া পরে ছাড়িয়া দিলেন ॥৫৩॥

---

(৫১)···লঙ্কোদ্যানান্যনেকশঃ···বা ব কা নি। (৫২)···মন্ত্রিণৌ শুকসারণৌ···বা ব কা পি। * '···ঊনসপ্তত্যধিকদ্বিশততমঃ···' পি, '··দ্ব্যশীত্যধিকদ্বি···' বা ব, '···ত্র্যশীত্যধিকদ্বি···' কা, '···চতুরশীত্যধিকদ্বি···' নি।

অষ্টত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

—০ঃ(*)ঃ০—

মার্কণ্ডেয় উবাচ।

প্রভূতান্নোদকে তস্মিন্ বহুমূলফলে বনে।
সেনাং নিবেশ্য কাকুৎস্থো বিধিবৎ পর্য্যরক্ষত ॥১॥
রাবণশ্চ বিধিং চক্রে লঙ্কায়াং শস্ত্রনির্ম্মিতম্।
প্রকৃত্যৈব দুরাধর্ষা দৃঢ়প্রাকারতোরণা ॥২॥
অগাধতোয়াঃ পরিখা মীননক্রসমাকুলাঃ।
বভূবুঃ সপ্ত দুর্দ্ধর্ষাঃ খাদিরৈঃ শঙ্কুভিশ্চিতাঃ ॥৩॥
কপাটযন্ত্রদুর্দ্ধর্ষা বভূবুঃ সগুড়োপলাঃ।
সাশীবিষঘটাযোধাঃ সসর্জ্জরসপাংশবঃ ॥৪॥

ভারতকৌমুদী

প্রভূতেতি। প্রভূতানি অন্নানি খাদ্যানি উদকানি চ যত্র তস্মিন্ ॥১॥

রাবণ ইতি। বিধিং রক্ষাবিধানম্। লঙ্কা কীদৃশীত্যাহ প্রকৃত্যেতি। প্রকৃত্যা স্বভাবেনৈব, দুরাধর্ষা শত্রূণাং দুরাক্রমা। তত্র হেতুমাহ দৃঢ়েতি ॥২॥

অগাধেতি। অগাধতোয়তয়া পদ্ভ্যাং তরণাশক্যত্বম্, মীননক্রসমাকুলতয়া প্লবনাসম্ভবত্বম্, খাদিরৈঃ শঙ্কুভির্ব্যাপ্ততয়া চ দেহবিদারণাবশ্যকত্বং দর্শিতম্ ॥৩॥

তাহার পর রাম লঙ্কার উদ্যানসমূহে নিজের সেই সৈন্য স্থাপন করিয়া রাবণের নিকটে দূতরূপে বুদ্ধিমান্ বানর অঙ্গদকে পাঠাইয়া দিলেন' ॥৫৪॥

———ঃ(০)ঃ———

মার্কণ্ডেয় বলিলেন—'এদিকে প্রচুর খাদ্য, পেয়, ফল ও মূলসমন্বিত সেই বনে সেনা সন্নিবেশিত করিয়া রামচন্দ্রই যথাবিধানে তাহা রক্ষা করিতে লাগিলেন ॥১॥

ওদিকে রাবণও অস্ত্রদ্বারা লঙ্কানগরীর রক্ষাবিধান করিলেন। লঙ্কানগরী স্বভাবতই দুর্দ্ধর্ষ ছিল। কারণ, তাহার সকল দিকেই দৃঢ় প্রাচীর ও তোরণ ছিল ॥২॥

এবং সেই লঙ্কানগরীর সকলদিকেই দুর্দ্ধর্ষ সাতটা করিয়া পরিখা ছিল; সেই পরিখাগুলির জল অতলস্পর্শ, ভীষণ মৎস্য ও কুম্ভীরে পরিপূর্ণ এবং খদিরকাষ্ঠনির্ম্মিত শঙ্কু (পেরেক) দ্বারা ব্যাপ্ত ছিল ॥৩॥

---

(২) রাবণঃ সংবিধিং চক্রে…বা ব কা, রাবণঃ সংবিধং চক্রে…নি। (৪)…সুহুড়োপলাঃ…বা ব কা নি।

মুষলালাতনারাচ-তোমরাসিপরশ্বধৈঃ।
অন্বিতাশ্চ শতঘ্নীভিঃ সমধূচ্ছিষ্টমুদ্গরাঃ ॥৫॥ (যুগ্মকম্)
পুরদ্বারেষু সর্ব্বেষু গুল্মাঃ স্থাবরজঙ্গমাঃ।
বভূবুঃ পত্তিবহুলাঃ প্রভূতগজবাজিনঃ ॥৬॥
অঙ্গদস্ত্বথ লঙ্কায়া দ্বারদেশমুপাগতঃ।
বিদিতো রাক্ষসেন্দ্রস্য প্রবিবেশ গতব্যথঃ ॥৭॥
মধ্যে রাক্ষসকোটীনাং বহ্বীনাং সুমহাবলঃ।
শুশুভে মেঘমালাভিরাদিত্য ইব সংবৃতঃ ॥৮॥

ভারতকৌমুদী

প্রত্যেকপরিখাতীরস্থৈবাবস্থামাহ পরিখাবর্ণনাপদেশেন দ্বাভ্যাং কপাটেতি। কপাটৈঃ প্রত্যেকপরিখাতীরস্থপ্রাচীরদ্বারস্থিতৈর্লৌহময়ৈঃ কবাটৈঃ যন্ত্রৈর্বৃহদ্গোলকনিক্ষেপসাধনৈশ্চ দুর্দ্ধর্ষা দুরাক্রমাঃ। গুড়োপলৈঃ তত্তদ্‌যন্ত্রনিক্ষেপ্যৈঃ পাষাণগোলকৈঃ সহেতি সগুড়োপলাঃ। আশীবিষঘটাভিঃ তীক্ষ্ণবিষসর্পসমূহৈঃ যোধৈর্ভটৈশ্চ সহেতি তাঃ। সর্জ্জরসপাংশুভির্ধূপ-চূর্ণরাশিভিঃ সহেতি তাঃ। যেনাগ্নিপ্রদানমাত্রেণৈব সমাগতশত্রুনাশঃ স্যাদিতি ভাবঃ। শতঘ্নীভিঃ বৃহদ্গোলকক্ষেপকযন্ত্রৈঃ। সমধূচ্ছিষ্টা ধারণসৌকর্য্যার্থং সিক্থকলিপ্তমুষ্টিদেশা মুদ্গরা যাসু তাশ্চ ॥৪—৫॥

পুরেতি। স্থাবরা গুল্মাঃ প্রাগুক্তবৃহদ্গোলকক্ষেপকযন্ত্রস্থাপনায় উচ্চমৃৎস্তূপাঃ, জঙ্গমা গুল্মাশ্চ সৈন্যাঃ, "গুল্মঃ সেনা ঘট্টভিদোঃ সৈন্যরক্ষণরুগ্‌ভিদোঃ" ইত্যাদি মেদিনী। জঙ্গম-গুল্মান্ বিশিনষ্টি পত্তীত্যাদি ॥৬॥

অঙ্গদ ইতি। বিদিতো দৌবারিকৈর্জ্ঞাপনাৎ। গতব্যথো ভয়াভাবান্মনোবেদনাশূন্যঃ ॥৭॥

আর তীরস্থিত প্রাচীরের দ্বারসংলগ্ন লৌহময়কপাট এবং যন্ত্র (কামান) দ্বারা সেই পরিখাগুলি দুর্দ্ধর্ষ ছিল, প্রত্যেক যন্ত্রের নিকটে রাশীকৃত পাথরের গোলা ছিল এবং যথাস্থানে তীক্ষ্ণবিষ সর্প, যোদ্ধা ও রাশীকৃত ধূপচূর্ণ ছিল। আর মুষল, অলাত, নারাচ, তোমর, তরবারি, পরশু, বৃহৎ কামান ও মুষ্টিদেশে মোম মাখান মুদ্গর ছিল ॥৪—৫॥

আর নগরের সকল দ্বারেই কামান রাখিবার উপযোগী মৃত্তিকার স্তূপ ছিল এবং প্রচুর পদাতি, হস্তী ও অশ্বসৈন্যের নিবাস ছিল ॥৬॥

তৎপরে অঙ্গদ যাইয়া লঙ্কার দ্বারদেশে উপস্থিত হইলে, দৌবারিকেরা সে বিষয় রাবণকে জানাইল; তখন রাবণের অনুমতিক্রমে অঙ্গদ নির্ভয়চিত্তে প্রবেশ করিলেন ॥৭॥

তৎকালে অতিমহাবল রাবণ—মেঘমালাপরিবেষ্টিত সূর্য্যের ন্যায় বহুকোটি রাক্ষসের মধ্যে বিরাজ করিতেছিলেন ॥৮॥

স সমাসাদ্য পৌলস্ত্যমমাত্যৈরভিসংবৃতম্।
রামসন্দেশমামন্ত্র্য বাগ্মী বক্তুং প্রচক্রমে ॥৯॥
আহ ত্বাং রাঘবো রাজন্! কোশলেন্দ্রো মহাযশাঃ
প্রাপ্তকালমিদং বাক্যং তদাদৎস্ব কুরুষ্ব চ ॥১০॥
অকৃতাত্মানমাসাদ্য রাজানমনয়ে রতম্।
বিনশ্যন্ত্যনয়াবিষ্টা দেশাশ্চ নগরাণি চ ॥১১॥
ত্বয়ৈকেনাপরাদ্ধং মে সীতামাহরতা বলাৎ।
বধায়ানপরাদ্ধানামন্যেষাং তদ্ভবিষ্যতি ॥১২॥
যে ত্বয়া বলদর্পাভ্যামাবিষ্টেন বনেচরাঃ।
ঋষয়ো হিংসিতাঃ পূর্ব্বং দেবাশ্চাপ্যবমানিতাঃ ॥১৩॥

ভারতকৌমুদী

মধ্য ইতি। সুমহাবলো রাবণঃ। সংবৃতঃ পরিবেষ্টিতঃ ॥৮॥
স ইতি। সঃ অঙ্গদঃ, পৌলস্ত্যং রাবণম্। রামস্য সন্দেশং বাচিকম্ ॥৯॥
আহেতি। প্রাপ্তকালং কালোচিতম্, আদৎস্ব গৃহাণ শৃণ্বিত্যর্থঃ ॥১০॥
অকৃতেতি। অকৃতাত্মানমশিক্ষিতচিত্তম্, অনয়ে অন্যায্যকার্য্যে ॥১১॥
ত্বয়েতি। আহরতা অপহরতা। তৎ আহরণম্ ॥১২॥

ভারতভাবদীপঃ

প্রভৃতেতি ॥১॥ সংবিধং সম্যগ্‌বিধ্যন্ত্যনয়া তাং যাত্রাদিসম্পত্তিম্ ॥২—৩॥ কপাটৈর্যন্ত্রৈশ্চ গোলাদ্যুৎক্ষেপণসাধনৈশ্চ্ছর্দ্দ্বাঃ, পরিখাঃ সহুড়াঃ সোপলাশ্চ, হুড়ং মূত্রাদ্যুৎসর্জনার্থং শৃঙ্গম্, উপলাঃ প্রক্ষেপ্যা গোলকাঃ ॥৪॥ সমধূচ্ছিষ্টমুদ্গরাঃ মধূচ্ছিষ্টং ক্ষৌদ্রং মধু, মদ্যাদি-ব্যাবৃত্ত্যর্থমুচ্ছিষ্টপদম্ ॥৫॥ গুল্মা গুপ্তোপবেশনস্থানানি বুরুজাখ্যা মহান্তস্তাঃ, স্থাবরগুল্মাঃ জঙ্গমাঃ, গুল্মাঃ সেনাখ্যাঃ অলঙ্ক ইত্যভিহিতাঃ ॥৬॥ গতব্যথো নির্ভয়ঃ ॥৭—৮॥ আমন্ত্র্য

এই সময়ে বাগ্মী অঙ্গদ যাইয়া, মন্ত্রিপরিবেষ্টিত রাবণের নিকট উপস্থিত হইয়া, তাঁহাকে সম্বোধন করিয়া রামের কথা বলিতে আরম্ভ করিলেন—॥৯॥

'রাক্ষসরাজ। অযোধ্যাধিপতি মহাযশা রাম আপনাকে বলিতেছেন; আপনি তাঁহার এই কালোচিত বাক্য শ্রবণ করুন এবং তদনুসারে কার্য্য করুন ॥১০॥

দেশবাসী ও পুরবাসী লোকেরা, অশিক্ষিত এবং অন্যায়নিরত রাজাকে পাইয়া নিজেরাও অন্যায়পরায়ণ হইয়া বিনষ্ট হয় ॥১১॥

বলপূর্বক সীতাকে হরণ করিয়া এক তুমিই আমার নিকট অপরাধী হইয়াছ। কিন্তু সেই সীতাহরণই অন্য নিরপরাধ লোকদিগেরও বধের কারণ হইবে ॥১২॥

রাজর্ষয়শ্চ নিহতা রুদত্যশ্চ হৃতাঃ স্ত্রিয়ঃ।
তদিদং সমনুপ্রাপ্তং ফলং তস্যানয়স্য তে ॥১৪॥ (যুগ্মকম্)
হন্তাস্মি ত্বাং সহামাত্যৈর্যুধ্যস্ব পুরুষো ভব।
পশ্য মে ধনুষো বীর্য্যং মানুষস্য নিশাচর! ॥১৫॥
মুচ্যতাং জানকী সীতা ন মে মোক্ষ্যসি কর্হিচিৎ।
অরাক্ষসমিমং লোকং কর্ত্তাস্মি নিশিতৈঃ শরৈঃ ॥১৬॥
ইতি তস্য ব্রুবাণস্য দূতস্য পরুষং বচঃ।
শ্রুত্বা ন মমৃষে রাজা রাবণঃ ক্রোধমূর্চ্ছিতঃ ॥১৭॥
ইঙ্গিতজ্ঞাস্ততো ভর্ত্তুশ্চত্বারো রজনীচরাঃ।
চতুর্ষ্বঙ্গেষু জগৃহুঃ শার্দ্দূলমিব পক্ষিণঃ ॥১৮॥

ভারতকৌমুদী

য ইতি। বনেচরা ইত্যনেন ঋষীণাং নিরপরাধত্বং সূচিতম্। তৎ প্রসিদ্ধম্ ॥১৩—১৪॥

কিং তৎ ফলমিত্যাহ হন্তেতি। হন্তাস্মি হনিষ্যামি। এতদ্ধননমেব তৎ ফলমিতি ভাবঃ ॥১৫॥

অতএব ব্রবীমীত্যাহ মুচ্যতামিতি। মোচনাভাবে ফলমাহ নেত্যাদি ॥১৬॥

ইতীতি। দূতস্য দূতীভূতস্য অঙ্গদস্য। ন মমৃষে ন চক্ষমে ॥১৭॥

ইঙ্গিতেতি। ভর্ত্তুঃ রাবণস্য। চতুর্ষ্বঙ্গেষু হস্তদ্বয়ে পাদদ্বয়ে চ ॥১৮॥

তুমি বলদর্পিত হইয়া পূর্ব্বে যে সকল বনবাসী ঋষির হিংসা করিয়াছ, দেবগণের অপমান করিয়াছ, রাজর্ষিগণকে বধ করিয়াছ এবং রোরুদ্যমানা নারীদিগকে হরণ করিয়াছ, তোমার সেই সকল অন্যায়কার্য্যের এই ফল হইবার সময় উপস্থিত হইয়াছে ॥১৩—১৪॥

রাক্ষস! আমি তোমাকে তোমার মন্ত্রিবর্গের সহিত বধ করিব, যুদ্ধ কর, পুরুষ হও। আমি মানুষ, আমার ধনুর শক্তি দেখ ॥১৫॥

অথবা জনকনন্দিনী সীতাকে ছাড়িয়া দাও; না হইলে, আমার হাত হইতে কখনও মুক্তি পাইবে না। আমি নিশিত বাণদ্বারা এই জগৎটাকেই রাক্ষসশূন্য করিব' ॥১৬॥

অঙ্গদ এইরূপ নিষ্ঠুর কথা বলিতেছিলেন, তাহা শুনিয়া রাবণ অত্যন্ত ক্রুদ্ধ হইয়া আর সহ্য করিলেন না ॥১৭॥

তাহার পর পক্ষীরা যেমন ব্যাঘ্রকে ধারণ করে, সেইরূপ রাবণের ইঙ্গিত অনুসারে চারিটা রাক্ষস আসিয়া অঙ্গদের হস্তদ্বয় ও পদদ্বয় ধারণ করিল ॥১৮॥

তাংস্তথাঙ্গেষু সংসক্তানঙ্গদো রজনীচরান্।
আদায়ৈব খমুৎপত্য প্রাসাদতলমাবিশৎ ॥১৯॥
বেগেনোৎপততস্তস্য পেতুস্তে রজনীচরাঃ।
ভুবি সংভিন্নহৃদয়াঃ প্রহারবরপীড়িতাঃ ॥২০॥
স মুক্তো হর্ম্ম্যশিখরাত্তস্মাৎ পুনরবাপতৎ।
লঙ্ঘয়িত্বা পুরীং লঙ্কাং স্ববলস্য সমীপতঃ ॥২১॥
কোশলেন্দ্রমথাগম্য সর্ব্বমাবেদ্য বানরঃ।
বিশশ্রাম স তেজস্বী রাঘবেণাভিনন্দিতঃ ॥২২॥
ততঃ সর্ব্বাভিসারেণ হরীণাং বাতরংহসাম্।
ভেদয়ামাস লঙ্কায়াঃ প্রাকারং রঘুনন্দনঃ ॥২৩॥
বিভীষণর্ক্ষাধিপতী পুরস্কৃত্যাথ লক্ষ্মণঃ।
দক্ষিণং নগরদ্বারমবামৃদ্নাদ্দুরাসদম্ ॥২৪॥

ভারতকৌমুদী

তানিতি। প্রাসাদস্য তলমুপরিদেশম্, আবিশৎ অধ্যতিষ্ঠৎ ॥১৯॥
বেগেনেতি। প্রহারবরৈরঙ্গদস্য মুষ্টিভিঃ পীড়িতাঃ অতএব সংভিন্নহৃদয়াঃ ॥২০॥
স ইতি। সঃ অঙ্গদঃ। স্ববলস্য সমীপতঃ পুনরবাপতদিতি সম্বন্ধঃ ॥২১॥
কোশলেতি। কোশলেন্দ্রং রামম্। বানরঃ অঙ্গদঃ। অভিনন্দিতঃ স্তুতঃ ॥২২॥
তত ইতি। সর্ব্বাসু দিক্ষু অভিসারেণ প্রেরণেন, হরীণাং বানরাণাম্ ॥২৩॥
বীতি। বিভীষণশ্চ ঋক্ষাধিপতির্জাম্ববাংশ্চ তৌ। অবামৃদ্নাৎ ভগ্নবান্ ॥২৪॥

তখন অঙ্গদ গাত্রসংলগ্ন সেই চারিটা রাক্ষসকে লইয়াই লাফ দিয়া আকাশে উঠিয়া অট্টালিকার ছাদের উপরে পড়িলেন ॥১৯॥

অঙ্গদ যখন বেগে উঠিতেছিলেন, সেই সময়েই তিনি সেই রাক্ষসদের প্রত্যেকের বুকের উপরে দারুণ মুষ্টিপ্রহার করিলেন; তাহাতে সেই রাক্ষসেরা বিদীর্ণহৃদয় হইয়া ভূতলে পতিত হইল ॥২০॥

তখন অঙ্গদ মুক্ত হইয়া সেই অট্টালিকার ছাদ হইতে লঙ্কাপুরী লঙ্ঘন করিয়া আসিয়া আবার আপন সৈন্যগণের নিকটে পতিত হইলেন ॥২১॥

তাহার পর তেজস্বী অঙ্গদ রামচন্দ্রের নিকট যাইয়া সমস্ত বৃত্তান্ত জানাইয়া এবং তৎকর্ত্তৃক অভিনন্দিত হইয়া বিশ্রাম করিতে লাগিলেন ॥২২॥

তদনন্তর রাম, বায়ুর ন্যায় বেগবান্ বানরগণকে সকল দিকে প্রেরণ করিয়া লঙ্কার প্রাচীর ভগ্ন করাইলেন ॥২৩॥

---

(২১) সংসক্তো হর্ম্ম্য⋯বা ব কা নি⋯সুবেলস্য সমীপতঃ—বা নি।

ঘোরদংষ্ট্রারুণাক্ষাণাং হরীণাং যুদ্ধশালিনাম্।
কোটীশতসহস্রেণ লঙ্কামভ্যপতত্তদা ॥২৫॥
প্রলম্ববাহুরুকর-জঙ্ঘান্তরবিলম্বিনাম্।
ঋক্ষাণাং ধূম্রবর্ণানাং তিস্রঃ কোট্যো ব্যবস্থিতাঃ ॥২৬॥
উৎপতদ্ভিঃ পতদ্ভিশ্চ নিপতদ্ভিশ্চ বানরৈঃ।
নাদৃশ্যত তদা সূর্য্যো রজসা নাশিতপ্রভঃ ॥২৭॥
শালিপ্রসূনসদৃশৈঃ শিরীষকুসুমপ্রভৈঃ।
তরুণাদিত্যসদৃশৈঃ শশিগৌরৈশ্চ বানরৈঃ ॥২৮॥
প্রাকারং দদৃশুস্তে তু সমন্তাৎ কপিলীকৃতম্।
রাক্ষসা বিস্মিতা রাজন্! সস্ত্রীবৃদ্ধাঃ সমন্ততঃ ॥২৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ঘোরেতি। যুদ্ধশালিনাং যুদ্ধোৎসুক্যযুক্তানাম্। অভ্যপতৎ রাম ইতি শেষঃ ॥২৫॥

প্রেতি। প্রলম্বা দীর্ঘা বাহূরুকরা যেষাং তে চ তে জঙ্ঘান্তরাণি বিলম্বীনি দীর্ঘাণি যেষাং তে চেতি তেষাম্। ঋক্ষাণাং ভল্লূকানাম্। ব্যবস্থিতা যুদ্ধায় ॥২৬॥

উদিতি। পতদ্ভিঃ অবপতদ্ভিঃ, নিপতদ্ভিস্তির্য্যগ্‌গচ্ছদ্ভিঃ। রজসা ধূলিজালেন ॥২৭॥

শালীতি। তরুণাদিত্যসদৃশৈঃ উদয়মানসূর্য্যবদরুণৈঃ। সমন্তাৎ সর্বতঃ ॥২৮—২৯॥

ভারতভাবদীপঃ

হে রাবণ! ইতি সম্বোধ্য ॥১—২২॥ সর্ব্বাভিসারো যুগপৎসর্ব্বেষামভিসারো যত্নস্তেন। সুলতানঢবা ইতি ম্লেচ্ছপ্রসিদ্ধেন ॥২৩॥ ঋক্ষাধিপতির্জাম্ববান্ ॥২৪॥ করভো মণিবন্ধাদিক-নিষ্ঠান্তং হস্তপ্রদেশস্তদ্বদরুণপাণ্ডবঃ শ্বেতারুণাঃ ॥২৫—২৭॥ শণো গোণীসূত্রোপাদান-

তৎপরে লক্ষ্মণ, বিভীষণ ও জাম্ববান্‌কে অগ্রবর্ত্তী করিয়া যাইয়া লঙ্কা-নগরীর দুর্দ্ধর্ষ দক্ষিণদ্বার ভগ্ন করিলেন ॥২৪॥

সেই সময়ে রামও, ভীষণদন্ত, রক্তনয়ন ও সমরোৎসুক অসংখ্য বানরের সহিত লঙ্কার দিকে ধাবিত হইলেন ॥২৫॥

আর যাহাদের বাহু, উরু, হস্ত ও জঙ্ঘা দীর্ঘ, সেই ধূম্রবর্ণ তিন কোটি ভল্লুক যুদ্ধের জন্য প্রস্তুত হইল ॥২৬॥

তখন বানরগণের উত্তরণ, অবতরণ ও তির্য্যক্ গমনে ধূলি উত্থিত হইতে থাকায় সূর্য্যের কিরণ তিরোহিত হইয়া গেল এবং সূর্য্যকে দেখা যাইতে লাগিল না ॥২৭॥

রাজা! ধান্যপুষ্পের ন্যায় পীতবর্ণ, শিরীষপুষ্পের ন্যায় পাণ্ডুবর্ণ, উদয়মান

(২৫) করভারুণপাণ্ডূনাং হরীণাম্···বা ব কা। (২৮)···শণগৌরৈশ্চ বানরৈঃ—বা ব কা মি।

বিভিদুস্তে মণিস্তম্ভান্ কর্ণাট্টশিখরাণি চ।
ভগ্নোন্মথিতশৃঙ্গাণি যন্ত্রাণি চ বিচিক্ষিপুঃ ॥৩০॥
পরিগৃহ্য শতঘ্নীশ্চ সচক্রাঃ সগুড়োপলাঃ।
চিক্ষিপুর্ভুজবেগেন লঙ্কামধ্যে মহাস্বনাঃ ॥৩১॥
প্রাকারস্থাশ্চ যে কেচিন্নিশাচরগণাস্তথা।
প্রদুদ্রুবুস্তে শতশঃ কপিভিঃ সমভিদ্রুতাঃ ॥৩২॥
ততস্তু রাজবচনাদ্রাক্ষসাঃ কামরূপিণঃ।
নির্যযুর্বিকৃতাকারাঃ সহস্রশতসংঘশঃ ॥৩৩॥

ভারতকৌমুদী

বিভিদুরিতি। তে বানরাঃ, মণিস্তম্ভান্ দেশজয়াদিসূচকান্ মণিনির্ম্মিতস্তম্ভান্, কর্ণাট্টা দূরদর্শনার্থং নির্ম্মিতা অত্যুচ্চগৃহাস্তেষাং শিখরাণি চূড়াশ্চ বিভিদুর্বভঞ্জুঃ। তথা আদৌ ভগ্নানি পশ্চাদুন্মথিতানি চূর্ণীকৃতানি শৃঙ্গাণি গোলকক্ষেপকনালানি যেষাং তানি যন্ত্রাণি প্রাগুক্ত-পরিখাতীরাদিস্থাপিতগোলকক্ষেপসাধনাস্ত্রাণি চ বিচিক্ষিপুঃ ॥৩০॥

পরীতি। চক্রৈঃ বৃহত্তয়া বহনাশক্যত্বাৎ স্থানান্তরপ্রাপণার্থৈর্নিম্নলগ্নৈ রথাঙ্গৈঃ সহেতি সচক্রাঃ, গুড়োপলৈর্নালাভ্যন্তরপ্রবেশিতপাষাণগোলকৈঃ পার্শ্বস্তূপীকৃতপাষাণগোলকৈর্বা সহেতি সগুড়োপলাঃ, মহাস্বনা গোলকক্ষেপকালে মহাশব্দকারিণীশ্চ, শতঘ্নীঃ বৃহদ্‌যন্ত্রাণি চ, পরিগৃহ্য ধৃত্বা ধৃত্বা, ভুজবেগেন, লঙ্কামধ্যে, চিক্ষিপুঃ প্রাচীরাদিভ্যো নিপাতয়ামাসুঃ, তে বানরা ইত্যনুবৃত্তিঃ। অহো! ইদানীন্তনবৈজ্ঞানিকাস্ত্রাণি তদানীং নাসন্নিতি যে স্বজাতি-দেশদ্বেষিণো বদন্তি, তেষাং মুখপিধানমেতদ্বর্ণনম্ ॥৩১॥

প্রাকারেতি। প্রদুদ্রুবুঃ পলায়াঞ্চক্রিরে, সমভিদ্রুতাঃ সর্ব্বথাক্রান্তাঃ ॥৩২॥

তত ইতি। রাজ্ঞো রাবণস্য বচনাদাদেশাৎ। নির্যযুর্বানরতাড়নার্থম্ ॥৩৩॥

সূর্য্যের ন্যায় অরুণবর্ণ এবং চন্দ্রের ন্যায় শুভ্রবর্ণ বানরগণ যাইয়া প্রাচীরের উপরে উত্থিত হওয়ায় সকল দিকের প্রাচীরই কপিলবর্ণ হইয়া গেল; তখন স্ত্রী ও বৃদ্ধদের সহিত রাক্ষসেরা বিস্মিত হইয়া সকল দিক্ হইতে তাহা দেখিতে লাগিল ॥২৮—২৯॥

ক্রমে সেই বানরেরা মণিস্তম্ভগুলিকে ও অত্যুচ্চ গৃহ (মনুমেণ্ট) সমূহের চূড়াগুলিকে ভগ্ন করিল এবং কামানসমূহের নালগুলিকে ভাঙ্গিয়া ও চূর্ণ-বিচূর্ণ করিয়া সে কামানগুলিকে দূরে নিক্ষেপ করিল ॥৩০॥

এবং চক্রসংযুক্ত, গোলকপূর্ণ ও মহাশব্দকারী বৃহৎ কামানগুলিকে ধরিয়া ধরিয়া বানরেরা বাহুবেগে লঙ্কার মধ্যে নিক্ষেপ করিল ॥৩১॥

যে সকল রাক্ষস প্রাচীরের উপরে ছিল, তাহারা বানরগণকর্ত্তৃক আক্রান্ত হইয়া পলায়ন করিল ॥৩২॥

শস্ত্রবর্ষাণি বর্ষন্তো দ্রাবয়ন্তো বনৌকসঃ।
প্রাকারং শোভয়ন্তস্তে পরং বিক্রমমাশ্রিতাঃ ॥৩৪॥
স মাষরাশিসদৃশৈর্বভূব ক্ষণদাচরৈঃ।
কৃতো নির্বানরো ভূয়ঃ প্রাকারো ভীমদর্শনৈঃ ॥৩৫॥
পেতুঃ শূলবিভিন্নাঙ্গা বহবো বানরর্ষভাঃ।
স্তম্ভতোরণভগ্নাশ্চ পেতুস্তত্র নিশাচরাঃ ॥৩৬॥
কেশাকেশ্যভবদ্‌যুদ্ধং রক্ষসাং বানরৈঃ সহ।
নখৈর্দন্তৈশ্চ বীরাণাং খাদতাং বৈ পরস্পরম্ ॥৩৭॥

ভারতকৌমুদী

শস্ত্রেতি। দ্রাবয়ন্তঃ অপসারয়ন্তঃ, বনৌকসো বানরান্। আশ্রিতা আশ্রিতাঃ ॥৩৪॥
স ইতি। মাষরাশিসদৃশৈর্ধূসরবর্ণৈরিত্যর্থঃ, ক্ষণদাচরৈ রাক্ষসৈঃ ॥৩৫॥
পেতুরিতি। স্তম্ভত আশ্রিতস্তম্ভোপরিদেশেভ্যঃ, রণভগ্না যুদ্ধে পরাজিতাঃ ॥৩৬॥
কেশেতি। কেশেষু কেশেষু চ গৃহীত্বা বৃত্তমিতি কেশাকেশি ॥৩৭॥

ভারতভাবদীপঃ

বীক্ষ্য ॥২৮—২৯॥ যা তৈর্দুর্গরক্ষণার্থং সামগ্রী কৃতা সৈব তেষাং নগরনাশায়াভূদিত্যাহ—বিভিদুস্তে ইত্যাদিনা। কর্ণস্তির্য্যগ্‌যানং তেন প্রকারেণ যৎপাষাণাদিবিস্তরেণ ক্রিয়তে তত্তদ্‌গৃহবিশেষং কর্ণাট্টমিতি বদন্তি, তদ্ধি দিক্কোণস্থ চতুরস্রস্থোপরি বিদিক্কোণং চতুরস্রং তদুপরি দিক্কোণং তদুপরি পুনর্বিদিকোণমিত্যেবং ক্রমেণোত্তরমল্প-প্রমাণৈশ্চতুরস্রৈঃ সমাপ্যত ইতি প্রসিদ্ধম্ ॥৩০—৩৫॥ স্তম্ভতঃ স্তম্ভৈর্বানরোপাত্তৈঃ,

---

তাহার পর রাবণের আদেশে কামরূপী ও বিকৃতাকার রাক্ষসেরা শত-সহস্র দলে নির্গত হইল ॥৩৩॥

সেই রাক্ষসেরা অত্যন্ত বিক্রম অবলম্বনপূর্ব্বক অস্ত্র বর্ষণ করিতে থাকিয়া বানরগণকে তাড়াইয়া দিয়া পূর্ব্বের ন্যায় প্রাচীরের শোভা জন্মাইল ॥৩৪॥

এবং মাষরাশির ন্যায় ধূসরবর্ণ ও ভীষণমূর্ত্তি সেই রাক্ষসেরা এই ভাবে পুনরায় সেই প্রাচীরটাকে বানরশূন্য করিল ॥৩৫॥

তখন বহুতর শ্রেষ্ঠ বানর শূলবিদীর্ণ হইয়া পতিত হইল এবং অনেক রাক্ষসও যুদ্ধে পরাজিত হইয়া স্তম্ভ হইতে পড়িয়া গেল ॥৩৬॥

কোন স্থানে বানরগণের সহিত রাক্ষসগণের কেশাকেশি, নখানখি ও দন্তাদন্তি যুদ্ধ হইতে লাগিল এবং সেই বীরেরা পরস্পর পরস্পরকে ভক্ষণ করিতে থাকিল ॥৩৭॥

---

(৩৫) স মাংসরাশিসদৃশৈঃ···বা ব কা।

নিষ্টনন্তো হ্যভয়তস্তত্র বানররাক্ষসাঃ।
হতা নিপতিতা ভূমৌ ন মুঞ্চন্তি পরস্পরম্ ॥৩৮॥
রামস্তু শরজালানি ববর্ষ জলদো যথা।
তানি লঙ্কাং সমাসাদ্য জঘ্নুস্তান্ রজনীচরান্ ॥৩৯॥
সৌমিত্রিরপি নারাচৈর্দৃঢ়ধন্বা জিতক্লমঃ।
আদিশ্যাদিশ্য দুর্গস্থান্ পাতয়ামাস রাক্ষসান্ ॥৪০॥
ততঃ প্রত্যবহারোঽভূৎ সৈন্যানাং রাঘবাজ্ঞয়া।
কৃতে বিমর্দ্দে লঙ্কায়াং লব্ধলক্ষ্যো জয়োত্তরঃ ॥৪১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে রামোপাখ্যানে রামলঙ্কাপ্রবেশে অষ্টত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

নীতি। নিষ্টনন্তঃ শব্দায়মানাঃ। ভূমৌ নিপতিতা হতাশ্চাপি পরস্পরং ন মুঞ্চন্তি স্ম ॥৩৮॥
রাম ইতি। তানি শরজালানি, সমাসাদ্য গত্বা ॥৩৯॥
সৌমিত্রিরিতি। আদিশ্যাদিশ্য স্বনাম উল্লিখ্য উল্লিখ্য ॥৪০॥

ভারতভাবদীপঃ

রণে ভগ্না রণভগ্নাঃ ॥৩৬॥ কেশাকেশি অন্যোন্যং কেশেষু গৃহীত্বা ॥৩৭॥ নিষ্টনন্তঃ শব্দং কুর্ব্বন্তঃ ॥৩৮—৩৯॥ আদিশ্য সম্মুখীকৃত্যেত্যর্থঃ ॥৪০॥ প্রত্যবহারঃ শিবিরং প্রতি গমনং লব্ধা আয়ুধৈঃ প্রাপ্তা লক্ষ্যা বেধ্যা যস্মিন্নবন্ধ্যপ্রহার ইতি যাবৎ, জয়োত্তরো জয়োৎকর্ষবান্ ॥৪১॥
ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৩৮॥

তখন বানরগণ ও রাক্ষসগণ দুই পক্ষেই শব্দ করিতে থাকিয়া ভূতলে পতিত এবং নিহত হইয়াও পরস্পর পরস্পরকে ছাড়িল না ॥৩৮॥

এই সময়ে মেঘ যেমন বারি বর্ষণ করে, রামও সেইরূপ বাণ বর্ষণ করিতে লাগিলেন। সুতরাং সেই বাণগুলি লঙ্কায় যাইয়া সেই রাক্ষসগণকে বধ করিতে থাকিল ॥৩৯॥

দৃঢ়ধন্বা এবং শ্রমশূন্য লক্ষ্মণও নিজের নাম শুনাইয়া শুনাইয়া নারাচদ্বারা দুর্গস্থিত রাক্ষসগণকে নিপাত করিলেন ॥৪০॥

এইভাবে লঙ্কার বিশেষ মর্দ্দন হইলে, তাহার পর রামচন্দ্রের আদেশে

---

(৪১)…কৃতে বিমর্দ্দে লঙ্কায়াম্…বা ব কা নি। * '…সপ্তত্যধিকদ্বিশততমঃ…' পি, '…ত্র্যশীত্যধিকদ্বি…' বা ব, '…চতুরশীত্যধিকদ্বি…' কা, '…পঞ্চাশীত্যধিকদ্বি…' নি।

ঊনচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

——০ঃ(*)ঃ০——

মার্কণ্ডেয় উবাচ।

ততো নিবিশমানাংস্তান্ সৈনিকান্ রাবণানুগাঃ।
অভিজগ্মুর্গণা নৈকে পিশাচক্ষুদ্ররক্ষসাম্ ॥১॥
পর্ব্বণঃ পতনো জম্ভঃ খরঃ ক্রোধবশো হরিঃ।
প্ররুজশ্চারুজশ্চৈব প্রঘসশ্চৈবমাদয়ঃ ॥২॥ (যুগ্মকম্)
ততোঽভিপততাং তেষামদৃশ্যানাং দুরাত্মনাম্।
অন্তর্দ্ধানবধং তজ্জ্ঞশ্চকার স বিভীষণঃ ॥৩॥

ভারতকৌমুদী

তত ইতি। বিমর্দ্দে বিশেষমথনে। লব্ধানি লক্ষ্যাণি যত্র সঃ, জয় উত্তরঃ পরিণামফলং যস্য স তাদৃশশ্চ প্রত্যবহারঃ তদ্দিবসীয়যুদ্ধসমাপ্তিরভূৎ ॥৪১॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্বণি দ্রৌপদীহরণে অষ্টত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(ঃ*ঃ)——

তত ইতি। নিবিশমানান্ লঙ্কাভ্যন্তরে প্রবিশতঃ, সৈনিকান্ বানরসৈন্যান্। নৈকে অনেকে। অথ কানি তেষাং গণানাং নামানীত্যাহ পর্ব্বণ ইত্যাদি ॥১—২॥

তত ইতি। অন্তর্দ্ধানবধম্ অদৃশ্যতাশক্তের্নাশম্, তজ্জ্ঞঃ অন্তর্দ্ধানবধজ্ঞঃ ॥৩॥

সে দিনের যুদ্ধ সমাপ্ত হইল। সে দিনের যুদ্ধে রামের পক্ষ লক্ষ্য পাইয়াছিল এবং পরিণামে জয়লাভ করিয়াছিল ॥৪১॥

——ঃ(০)ঃ——

মার্কণ্ডেয় বলিলেন—'তাহার পর সেই বানরসৈন্যেরা লঙ্কার ভিতরে প্রবেশ করিতে লাগিলে, রাবণের অনুচর পর্ব্বণ, পতন, জম্ভ, খর, ক্রোধবশ, হরি, প্ররুজ, অরুজ এবং প্রঘসপ্রভৃতি পিশাচ ও ক্ষুদ্ররাক্ষসদের অনেক দল আসিয়া সেই বানরগণের অভিমুখে ধাবিত হইল ॥১—২॥

তৎপরে সেই দুরাত্মারা অদৃশ্য থাকিয়া আক্রমণ করিতে আসিতে লাগিল; কিন্তু বিভীষণ তাহাদের সেই অদৃশ্য থাকার বিষয় জানিতেন; তাই তিনি তাহাদের সে শক্তি নষ্ট করিয়া দিলেন ॥৩॥

---

(২) পর্ব্বণঃ পূতনো জম্ভঃ…পি।

তে দৃশ্যমানা হরিভির্বলিভির্দূরপাতিভিঃ।
নিহতাঃ সর্ব্বশো রাজন্! মহীং জগ্মুর্গতাসবঃ ॥৪॥
অমৃষ্যমাণঃ সবলো রাবণো নির্যযাবথ।
রাক্ষসানাং বলৈর্ঘোরৈঃ পিশাচানাঞ্চ সংবৃতঃ ॥৫॥
যুদ্ধশাস্ত্রবিধানজ্ঞ উশনা ইব চাপরঃ।
ব্যূহ্য চৌশনসং ব্যূহং হরীন্ সর্ব্বানহারয়ৎ ॥৬॥
রাঘবস্তু বিনির্যান্তং ব্যূঢ়ানীকং দশাননম্।
বার্হস্পত্যং বিধিং কৃত্বা প্রত্যব্যূহন্নিশাচরম্ ॥৭॥
সমেত্য যুযুধে তত্র ততো রামেণ রাবণঃ।
যুযুধে লক্ষ্মণশ্চাপি তথৈবেন্দ্রজিতা সহ ॥৮॥
বিরূপাক্ষেণ সুগ্রীবশ্চারেণ চ নিখর্বটঃ।
কুণ্ডেন চ নলস্তত্র পটুশঃ পনসেন চ ॥৯॥

ভারতকৌমুদী

ত ইতি। দৃশ্যমানা অনন্তর্হিতাশ্চ তে গণাঃ, হরিভির্বানরৈঃ। গতাসবো মৃতাঃ ॥৪॥
অমৃষ্যেতি। অমৃষ্যমাণো রাক্ষসবধমসহমানঃ, সবলঃ শক্তিমান্ ॥৫॥
যুদ্ধেতি। উশনা শুক্রঃ। ব্যূহ্য বিধায়। অহারয়ৎ বেষ্টিতুমৈচ্ছৎ ॥৬॥
রাঘব ইতি। ব্যূঢ়ং ব্যূহভাবেন রচিতম্ অনীকং সৈন্যং যেন তম্ ॥৭॥
সমেত্যেতি। রামেণ সহেতি পরেণান্বয়ঃ ॥৮॥

রাজা! তখন তাহারা দৃষ্টিগোচর হইয়া পড়িল; অমনি দূরগামী বলবান্ বানরেরা যাইয়া তাহাদের সকলকেই সংহার করিল; তাই তাহারা ধরাশায়ী হইল ॥৪॥

অনন্তর শক্তিশালী রাবণ অনুচরগণের বধ সহ্য করিতে না পারিয়া ভয়ঙ্কর রাক্ষস ও পিশাচগণে পরিবেষ্টিত হইয়া নির্গত হইলেন ॥৫॥

রাবণ, অপর শুক্রাচার্য্যের তুল্যই যুদ্ধশাস্ত্র জানিতেন। তাই তিনি শুক্রাচার্য্যের প্রণালী অনুসারে ব্যূহ রচনা করিয়া সমস্ত বানরকে বেষ্টন করিবার ইচ্ছা করিলেন ॥৬॥

রাবণকে ব্যূহরচনাপূর্ব্বক নির্গত হইতে দেখিয়া রামও বৃহস্পতির প্রণালী অনুসারে প্রতিব্যূহ রচনা করিলেন ॥৭॥

তাহার পর রাবণ আসিয়া রামের সহিত এবং ইন্দ্রজিৎ আসিয়া লক্ষ্মণের সহিত যুদ্ধ করিতে আরম্ভ করিলেন ॥৮॥

(৯)···তুণ্ডেন চ নলস্তত্র···বা ব কা।

বিসহ্যং যং হি যো মেনে স তেনৈব সমেয়িবান্।
যুযুধে যুদ্ধবেলায়াং স্ববাহুবলমাশ্রিতঃ ॥১০॥
স সম্প্রহারো ববৃধে ভীরূণাং ভয়বর্দ্ধনঃ।
লোমসংহর্ষণো ঘোরঃ পুরা দেবাসুরে যথা ॥১১॥
রাবণো রামমানচ্ছ´ শক্তিশূলাসিবৃষ্টিভিঃ।
নিশিতৈরায়সৈস্তীক্ষ্ণৈ রাবণঞ্চাপি রাঘবঃ ॥১২॥
তথৈবেন্দ্রজিতং যত্তং লক্ষ্মণো মর্ম্মভেদিভিঃ।
ইন্দ্রজিচ্চাপি সৌমিত্রিং বিভেদ বহুভিঃ শরৈঃ ॥১৩॥

ভারতকৌমুদী

বিরূপেতি। সহ যুযুধে ইতি পূর্বস্মাদনুবৃত্তিঃ ॥৯॥
বীতি। বিসহ্যং যোদ্ধুং শক্যম্। সমেয়িবান্ সম্মিলিতঃ সন্ ॥১০॥
স ইতি। সম্প্রহারঃ সম্যক্ পীড়নম্। দেবাসুরে দেবাসুরসম্বন্ধিনি যুদ্ধে ॥১১॥
রাবণ ইতি। আনর্চ্ছ আচ্ছাদয়ামাস। আয়সৈর্লৌহময়ৈঃ শরাদিভিঃ ॥১২॥
তথেতি। যত্তং জয়ায় যত্নবন্তম্। শরৈরিত্যস্য উভয়ত্রাপি সম্বন্ধঃ ॥১৩॥

ভারতভাবদীপঃ

তত ইতি। গণা অনেকে ইতি চ্ছেদঃ ॥১—২॥ অন্তর্দ্ধানবধমন্তর্দ্ধানশক্তের্নাশম্ ॥৩—৫॥ হরীন্ বানরান্। অভ্যবহারয়দাবেষ্টিতবান্ ॥৬—১১॥ আনর্চ্ছদপীড়য়ৎ ॥১২—১৫॥
ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে উনচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৩৯॥

সুগ্রীব বিরূপাক্ষের সহিত, নিখর্ব্বট (বানর) চারের সহিত, নল কুণ্ডের সহিত এবং পনস পটুশের সহিত যুদ্ধ করিতে লাগিল ॥৯॥

যে যাহাকে আপনার সমকক্ষ মনে করিল, সে তাহার সহিত মিলিত হইয়া আপন বাহুবল অবলম্বন করিয়া যুদ্ধের সময় যুদ্ধ করিতে থাকিল ॥১০॥

পূর্ব্বে দেবাসুরযুদ্ধে সম্প্রহার যেরূপ বৃদ্ধি পাইয়াছিল, সেইরূপ সেই ভীরুগণের ভয়বর্দ্ধক ও লোমহর্ষণ ভয়ঙ্কর সম্প্রহার ক্রমে বৃদ্ধি পাইতে লাগিল ॥১১॥

রাবণ শক্তি, শূল ও অসি বৃষ্টিদ্বারা রামকে আচ্ছাদন করিলেন; আবার রামও নিশিত ও তীক্ষ্ণ লৌহময় বাণপ্রভৃতিদ্বারা রাবণকে আবৃত করিলেন ॥১২॥

আর, লক্ষ্মণ মর্ম্মভেদী বাণদ্বারা যত্নবান্ ইন্দ্রজিৎকে এবং ইন্দ্রজিৎও বহুতর বাণদ্বারা লক্ষ্মণকে বিদীর্ণ করিতে থাকিলেন ॥১৩॥

---

(১২) রাবণো রামমানর্চ্ছৎ…বা ব কা নি।

বিভীষণঃ প্রহস্তঞ্চ প্রহস্তস্তু বিভীষণম্।
খগপত্রৈঃ শরৈস্তীক্ষ্ণৈরভ্যবর্ষদ্গতব্যথঃ ॥১৪॥
তেষাং বলবতামাসীন্মহাস্ত্রাণাং সমাগমঃ।
বিব্যথুঃ সকলা যেন ত্রয়ো লোকাশ্চরাচরাঃ ॥১৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্বণি দ্রৌপদীহরণে রামোপাখ্যানে রামরাবণদ্বন্দ্বযুদ্ধে ঊনচত্বারিংশ-দধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:(*):——

চত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

——:*:——

মার্কণ্ডেয় উবাচ।
ততঃ প্রহস্তঃ সহসা সমভ্যেত্য বিভীষণম্।
গদয়া তাড়য়ামাস বিনদ্য রণকর্কশঃ ॥১॥

ভারতকৌমুদী

বিভীষণ ইতি। খগানাং পক্ষিণাং পত্রাণি যেষু তৈঃ। গতব্যথো নির্ভয়ঃ ॥১৪॥
তেষামিতি। মহান্তি অস্ত্রাণি যেষাং তেষাম্, সমাগমো যুদ্ধে মেলনম্ ॥১৫॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে ঊনচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(:*:)——

তত ইতি। বিনদ্য সিংহনাদং কৃত্বা, রণকর্কশো যুদ্ধে নিষ্ঠুরঃ ॥১॥

নির্ভয়চিত্ত বিভীষণ প্রহস্তের উপরে এবং নির্ভয়চিত্ত প্রহস্তও বিভীষণের উপরে কঙ্কপত্রযুক্ত তীক্ষ্ণ বাণ সকল বর্ষণ করিতে লাগিলেন ॥১৪॥

ক্রমে বলবান্ ও মহাস্ত্রধারী দুই পক্ষেরই এমন যুদ্ধসম্মেলন হইল, যাহাতে স্থাবরজঙ্গম সমস্ত ত্রিভুবনই ব্যথিত হইয়া পড়িল' ॥১৫॥

——:(০):——

মার্কণ্ডেয় বলিলেন—'তাহার পর রণকর্কশ প্রহস্ত নিকটবর্ত্তী হইয়া সিংহনাদ করিয়া গদাদ্বারা বিভীষণকে আঘাত করিল ॥১॥

---

* '...একসপ্তত্যধিকদ্বিশততমঃ...' পি, '...চতুরশীত্যধিকদ্বি...' বা ব, '...পঞ্চাশীত্যধিকদ্বি...' কা, '...ষড়শীত্যধিকদ্বি...' নি।

স তথাভিহতো ধীমান্ গদয়া ভীমবেগয়া।
নাকম্পত মহাবাহুর্হিমবানিব সুস্থিরঃ ॥২॥
ততঃ প্রগৃহ্য বিপুলাং শতঘণ্টাং বিভীষণঃ।
অনুমন্ত্র্য মহাশক্তিং চিক্ষেপাস্য শিরঃ প্রতি ॥৩॥
পতন্ত্যা স তয়া বেগাদ্রাক্ষসোঽশনিবেগয়া।
হৃতোত্তমাঙ্গো দদৃশে বাতরুগ্ন ইব দ্রুমঃ ॥৪॥
তং দৃষ্ট্বা নিহতং সংখ্যে প্রহস্তং ক্ষণদাচরম্।
অভিদুদ্রাব ধূম্রাক্ষো বেগেন মহতা কপীন্ ॥৫॥
তস্য মেঘোপমং সৈন্যমাপতদ্ভীমদর্শনম্।
দৃষ্ট্বৈব সহসা দীর্ণা রণে বানরপুঙ্গবাঃ ॥৬॥
ততস্তান্ সহসা দীর্ণান্ দৃষ্ট্বা বানরপুঙ্গবান্।
নিবার্য্য কপিশার্দ্দূলো হনূমান্ পর্য্যবস্থিতঃ ॥৭॥

ভারতকৌমুদী

স ইতি। স বিভীষণঃ। অপি তু হিমবান্ পর্বত ইব সুস্থির এবাসীৎ ॥২॥
তত ইতি। অনুমন্ত্র্য মহাস্ত্রমন্ত্রেণাভিমন্ত্র্য। অস্য প্রহস্তস্য ॥৩॥
পতন্ত্যেতি। হৃতম্ উত্তমাঙ্গং মস্তকং যস্য সঃ, বাতরুগ্নো বায়ুভগ্নঃ ॥৪॥
তমিতি। সংখ্যে যুদ্ধে, ক্ষণদাচরং রাক্ষসম্। ধূম্রাক্ষো নাম রাক্ষসঃ ॥৫॥
তস্যেতি। আপতৎ আগচ্ছৎ। দীর্ণা ভগ্নাঃ পলায়িতা ইত্যর্থঃ ॥৬॥

বুদ্ধিমান্ ও মহাবাহু বিভীষণ ভয়ঙ্করবেগশালী গদাদ্বারা সেইরূপ আহত হইয়াও কম্পিত হইলেন না, কিন্তু হিমালয়পর্ব্বতের তুল্যই সুস্থির থাকিলেন ॥২॥

তদনন্তর বিভীষণ শতঘণ্টাযুক্ত বিশাল মহাশক্তি গ্রহণপূর্ব্বক অভিমন্ত্রিত করিয়া তাহা প্রহস্তের মস্তকের প্রতি নিক্ষেপ করিলেন ॥৩॥

তখন দেখা গেল—বজ্রের তুল্য বেগশালী সেই মহাশক্তি যাইয়া প্রহস্তের মস্তক ছেদন করিল এবং বায়ুভগ্ন বৃক্ষের ন্যায় প্রহস্ত ভূতলে পতিত হইল ॥৪॥

যুদ্ধে প্রহস্তরাক্ষসকে নিহত দেখিয়া ধূম্রাক্ষ মহাবেগে বানরগণের দিকে ধাবিত হইল ॥৫॥

তখন বানরশ্রেষ্ঠেরা মেঘের তুল্য ভয়ঙ্করমূর্ত্তি ধূম্রাক্ষের সৈন্যগণকে আসিতে দেখিয়াই তৎক্ষণাৎ যুদ্ধ হইতে পলায়ন করিতে লাগিল ॥৬॥

তখন বানরপুঙ্গবদিগকে হঠাৎ পলায়ন করিতে দেখিয়া তাহাদিগকে বারণ করিয়া বানরশ্রেষ্ঠ হনূমান্ যুদ্ধের জন্য অবস্থান করিতে লাগিলেন ॥৭॥

তং দৃষ্ট্বা ব্যবস্থিতং সংখ্যে হরয়ঃ পবনাত্মজম্ ।
মহত্যা ত্বরয়া রাজন্ ! সন্ন্যবর্ত্তন্ত সর্ব্বশঃ ॥৮॥
ততঃ শব্দো মহানাসীত্তুমুলো লোমহর্ষণঃ ।
রামরাবণসৈন্যানামন্যোন্যমভিধাবতাম্ ॥৯॥
তস্মিন্ প্রবৃত্তে সংগ্রামে ঘোরে রুধিরকর্দ্দমে ।
ধূম্রাক্ষঃ কপিসৈন্যং তদ্দ্রাবয়ামাস পত্রিভিঃ ॥১০॥
তং রাক্ষসমহামাত্রমাপতন্তং সপত্নজিৎ ।
প্রতিজগ্রাহ হনুমাংস্তরসা পবনাত্মজঃ ॥১১॥
তয়োর্যুদ্ধমভূদ্ঘোরং হরিরাক্ষসবীরয়োঃ ।
জিগীষতোর্যুধান্যোন্যমিন্দ্রপ্রহ্লাদয়োরিব ॥১২॥
গদাভিঃ পরিঘৈশ্চৈব রাক্ষসো জঘ্নিবান্ কপিম্ ।
কপিশ্চ জঘ্নিবান্ রক্ষঃ সস্কন্ধবিটপৈর্দ্রুমৈঃ ॥১৩॥

ভারতকৌমুদী

তত ইতি। নিবার্য্য পলায়নে নিষিধ্য। পর্য্যবস্থিতো যোদ্ধুমিতি শেষঃ ॥৭॥
তমিতি। হরয়ঃ পলায়মানা বানরাঃ। সন্ন্যবর্ত্তন্ত যোদ্ধুমেব প্রত্যাবর্ত্তন্ত ॥৮॥
তত ইতি। অন্যোন্যং পরস্পরম্, অভি লক্ষ্যীকৃত্য ধাবতাম্ ॥৯॥
তস্মিন্নিতি। রুধিরৈঃ কর্দ্দমো যত্র তস্মিন্। দ্রাবয়ামাস পীড়য়ামাস ॥১০॥
তমিতি। রাক্ষসমহামাত্রং রাক্ষসশ্রেষ্ঠম্। সপত্নজিৎ শত্রুবিজয়ী। তরসা বেগেন ॥১১॥
তয়োরিতি। যুধা যুদ্ধেন, অন্যোন্যম্, জিগীষতোর্জেতুমিচ্ছতোঃ ॥১২॥
গদাভিরিতি। রাক্ষসো ধূম্রাক্ষঃ, কপিং হনুমন্তম্। রক্ষো ধূম্রাক্ষং রাক্ষসম্ ॥১৩॥

রাজা! পবননন্দন হনুমান্‌কে যুদ্ধে অবস্থিত দেখিয়া বানরেরা সকল দিক্ হইতে অতিসত্বর প্রত্যাবর্ত্তন করিল ॥৮॥

তাহার পর রাম ও রাবণের সৈন্যেরা পরস্পর পরস্পরের প্রতি ধাবিত হইল; তখন তুমুল ও লোমহর্ষণ মহাকোলাহল উত্থিত হইল ॥৯॥

সেই ভয়ঙ্কর যুদ্ধ আরম্ভ হইলে, রক্তের স্রোতে মৃত্তিকা কর্দ্দমে পরিণত হইল এবং ধূম্রাক্ষ বাণদ্বারা বানরসৈন্যদিগকে মর্দ্দন করিতে লাগিল ॥১০॥

তখন শত্রুবিজয়ী পবননন্দন হনুমান্ বেগে যাইয়া আগমনশীল মহারাক্ষস ধূম্রাক্ষকে গ্রহণ করিলেন ॥১১॥

তদনন্তর ইন্দ্র ও প্রহ্লাদের ন্যায় পরস্পর যুদ্ধজয়াভিলাষী বানরবীর হনুমান্ ও রাক্ষসবীর ধূম্রাক্ষের ভয়ঙ্কর যুদ্ধ হইতে লাগিল ॥১২॥

---

(১১) তং স রক্ষোমহামাত্রম্·· পি সি।

ততস্তমতিকোপেন সাশ্বং সরথসারথিম্ ।
ধূম্রাক্ষমবধীৎ ক্রুদ্ধো হনূমান্ মারুতাত্মজঃ ॥১৪॥
ততস্তং নিহতং দৃষ্ট্বা ধূম্রাক্ষং রাক্ষসোত্তমম্ ।
হরয়ো জাতবিশ্রম্ভা জঘ্নুরন্যে চ সৈনিকান্ ॥১৫॥
তে বধ্যমানা হরিভির্বলিভির্জ্জিতকাশিভিঃ ।
রাক্ষসা ভগ্নসঙ্কল্পা লঙ্কামভ্যপতন্ ভয়াৎ ॥১৬॥
তেঽভিপত্য পুরং ভগ্না হতশেষা নিশাচরাঃ ।
সর্ব্বং রাজ্ঞে যথাবৃত্তং রাবণায় ন্যবেদয়ন্ ॥১৭॥
শ্রুত্বা তু রাবণস্তেভ্যঃ প্রহস্তং নিহতং যুধি ।
ধূম্রাক্ষঞ্চ মহেষ্বাসং সসৈন্যং বানরর্ষভৈঃ ॥১৮॥
সুদীর্ঘমিব নিশ্বস্য সমুৎপত্য বরাসনাৎ ।
উবাচ কুম্ভকর্ণস্য কর্ম্মকালোঽয়মাগতঃ ॥১৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। পূর্ব্বত এব ক্রুদ্ধঃ, তদানীমতিকোপেনেত্যপৌনরুক্ত্যম্ ॥১৪॥
তত ইতি। জাতবিশ্রম্ভা হনূমতো বলে জাতবিশ্বাসাঃ। সৈনিকান্ রাক্ষসসৈন্যান্ ॥১৫॥
ত ইতি। জিতেন ধূম্রাক্ষজয়েন কাশন্তে দীপ্যন্ত ইতি জিতকাশিনস্তৈঃ ॥১৬॥
ত ইতি। অভিপত্য গত্বা, ভগ্নাঃ পরাজিতাঃ ॥১৭॥
শ্রুত্বেতি। বানরর্ষভৈর্নিহতং ধূম্রাক্ষম্। সমুৎপত্য উত্থায় ॥১৮—১৯॥

তখন ধূম্রাক্ষ গদা ও পরিঘদ্বারা হনূমান্‌কে আঘাত করিতে থাকিল; আবার হনূমান্‌ও স্কন্ধ ও শাখাযুক্ত বৃক্ষদ্বারা ধূম্রাক্ষকে প্রহার করিতে লাগিলেন ॥১৩॥

তৎপরে ক্রুদ্ধ পবননন্দন হনূমান্ অতিক্রুদ্ধ হইয়া অশ্ব, রথ ও সারথির সহিত ধূম্রাক্ষকে বধ করিলেন ॥১৪॥

তাহার পর অন্যান্য বানরেরা রাক্ষসশ্রেষ্ঠ ধূম্রাক্ষকে নিহত দেখিয়া হনূমানের বলে বিশ্বাস করিয়া রাক্ষসসৈন্য সংহার করিতে লাগিল ॥১৫॥

বলবান্ ও বিজয়শোভী বানরেরা বধ করিতে লাগিলে, সেই রাক্ষসেরা ভগ্নসঙ্কল্প হইয়া ভয়ে লঙ্কার ভিতরে প্রবেশ করিল ॥১৬॥

পরাজিত ও হতাবশিষ্ট সেই রাক্ষসেরা লঙ্কার ভিতরে যাইয়া রাজা রাবণের নিকট যথাবদ্বৃত্তান্ত সমস্ত জানাইল ॥১৭॥

যুদ্ধে প্রহস্ত নিহত হইয়াছে এবং প্রধান বানরেরা সৈন্যগণের সহিত মহাধনুর্দ্ধর ধূম্রাক্ষকেও বধ করিয়াছে ইহা তাহাদের নিকট শুনিয়া রাবণ

ইত্যেবমুক্ত্বা বিবিধৈর্বাদিত্রৈঃ সুমহাস্বনৈঃ।
শয়ানমতিনিদ্রান্ধং কুম্ভকর্ণমবোধয়ৎ ॥২০॥
প্রবোধ্য মহতা চৈনং যত্নেনাগতসাধ্বসঃ।
স্বস্থমাসীনমব্যগ্রং বিনিদ্রং রাক্ষসাধিপঃ।
ততোঽব্রবীদ্দশগ্রীবঃ কুম্ভকর্ণং মহাবলম্ ॥২১॥
ধন্যোঽসি যস্য তে নিদ্রা কুম্ভকর্ণেয়মীদৃশী।
য ইদং দারুণাকারং ন জানীষে মহাভয়ম্ ॥২২॥
এষ তীর্ত্বার্ণবং রামঃ সেতুনা হরিভিঃ সহ।
অবমন্যেহ নঃ সর্ব্বান্ করোতি কদনং মহৎ ॥২৩॥
ময়া হ্যপহৃতা ভার্য্যা সীতা নামাস্য জানকী।
তাং নেতুং স ইহায়াতো বদ্ধা সেতুং মহার্ণবে ॥২৪॥

ভারতকৌমুদী

ইতীতি। অবোধয়ৎ জাগরিতবান্ রাবণ ইত্যনুবৃত্তঃ ॥২০॥

প্রবোধ্যেতি। আগতসাধ্বস উপস্থিতলজ্জঃ, কুম্ভকর্ণং বিনা জয়ালাভাৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥

ধন্য ইতি। ধন্যোঽসীতি সোল্লুণ্ঠনোক্তিঃ। তৎকারণমাহ যস্যেত্যাদি ॥২২॥

এষ ইতি। হরিভির্বানরৈঃ। নঃ অস্মান্। কদনং মর্দ্দনম্ ॥২৩॥

রামঃ কথং কদনং করোতীত্যাহ ময়েতি। জানকী জনকরাজতনয়া ॥২৪॥

ভারতভাবদীপঃ

ততঃ প্রহস্ত ইতি ॥১—১০॥ রক্ষোমহামাত্রং রক্ষঃশ্রেষ্ঠম্ ॥১১—২০॥ আগতসাধ্বসো জাতভয়ঃ ॥২১—২৭॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৪০॥

সুদীর্ঘ নিশ্বাসই যেন ত্যাগ করিয়া উত্তম আসন হইতে উত্থিত হইয়া বলিলেন—'কুম্ভকর্ণের কার্য্যকাল এই উপস্থিত হইয়াছে' ॥১৮—১৯॥

এইরূপ বলিয়া যাইয়া রাবণ, মহাশব্দকারী নানাবিধ বাদ্যদ্বারা শয়িত এবং অতিনিদ্রান্ধ কুম্ভকর্ণকে জাগরিত করিলেন ॥২০॥

গুরুতর চেষ্টা করিয়া কুম্ভকর্ণের নিদ্রাভঙ্গ করার পরে রাবণের লজ্জা উপস্থিত হইল; এদিকে মহাবল কুম্ভকর্ণও সচেতন এবং সুস্থ হইয়া উপবেশন করিলেন; তাহার পর রাক্ষসরাজ রাবণ তাঁহাকে বলিতে লাগিলেন—॥২১॥

'কুম্ভকর্ণ! তুমি ধন্য বট! যে তোমার নিদ্রা এইরূপ এবং যে তুমি এখনও এই দারুণাকার মহাভয়ের বিবরণ জান না ॥২২॥

এই রাম বানরগণের সহিত সেতুপথে সমুদ্র পার হইয়া আসিয়া আমাদের সকলকে অবজ্ঞা করিয়া লঙ্কানগরীর গুরুতর ক্ষতি করিতেছে ॥২৩॥

তেন চৈব প্রহস্তাদির্মহান্ নঃ স্বজনো হতঃ।
তস্য নান্যো নিহন্তাস্তি ত্বদৃতে শত্রুকর্ষণ ! ॥২৫॥
স দংশিতোঽভিনির্যায় ত্বমদ্য বলিনাং বর ! ।
রামাদীন্ সমরে সর্ব্বান্ জহি শত্রূনরিন্দম ! ॥২৬॥
দূষণাবরজৌ চৈব বজ্রবেগপ্রমাথিনৌ।
তৌ ত্বাং বলেন মহতা সহিতাবনুযাস্যতঃ ॥২৭॥
ইত্যুক্ত্বা রাক্ষসপতিঃ কুম্ভকর্ণং তরস্বিনম্।
সন্দিদেশেতিকর্ত্তব্যং বজ্রবেগপ্রমাথিনৌ ॥২৮॥
তথেত্যুক্ত্বা তু তৌ ধীরৌ রাবণং দূষণানুজৌ।
কুম্ভকর্ণং পুরস্কৃত্য তূর্ণং নির্যযতুঃ পুরাৎ ॥২৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্বণি দ্রৌপদীহরণে রামোপাখ্যানে কুম্ভকর্ণরণগমনে চত্বারিংশদধিক-দ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তেনেতি। মহান্ প্রধানঃ। ত্বদৃতে ত্বাং বিনা ॥২৫॥

স ইতি। দংশিতো যুদ্ধায় সন্নদ্ধঃ ॥২৬॥

দূষণেতি। দূষণস্য প্রাগুক্তস্য রাক্ষসস্য অবরজৌ কনিষ্ঠভ্রাতরৌ ॥২৭॥

ইতীতি। তরস্বিনং বলবন্তম্। সন্দিদেশ উপদিদেশ, ইতিকর্ত্তব্যং যুদ্ধপরিপাটীম্ ॥২৮॥

আমি, উহার ভার্য্যা জনকনন্দিনী সীতাকে অপহরণ করিয়াছি। তাই সে, সীতাকে লইয়া যাইবার জন্য মহাসমুদ্রে সেতু বন্ধন করিয়া এখানে আসিয়াছে ॥২৪॥

এবং সেই রাম, আমাদের স্বজন প্রহস্তপ্রভৃতি প্রধান ব্যক্তিদিগকে বধ করিয়াছে। অতএব শত্রুকর্ষণ ! তুমি ভিন্ন তাহার নিহন্তা অন্য কেহ নাই ॥২৫॥

অতএব বলিশ্রেষ্ঠ অরিন্দম! তুমি আজ সুসজ্জিত ও নির্গত হইয়া যুদ্ধে রামপ্রভৃতি সকল শত্রুকে সংহার কর ॥২৬॥

দূষণের কনিষ্ঠভ্রাতা সেই বজ্রবেগ ও প্রমাথী বিশাল বাহিনীর সহিত তোমার অনুগমন করিবে' ॥২৭॥

রাবণ, বলবান্ কুম্ভকর্ণকে এইরূপ বলিয়া বজ্রবেগ ও প্রমাথীকে যুদ্ধের ইতিকর্ত্তব্য বলিয়া দিলেন ॥২৮॥

---

* '...দ্বিসপ্তত্যধিকদ্বিশততমঃ...' পি, '...পঞ্চাশীত্যধিকদ্বি...' বা ব, '...ষড়শীত্য-ধিকদ্বি...' কা, '...সপ্তাশীত্যধিকদ্বি...' নি।

একচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

——:*:——

মার্কণ্ডেয় উবাচ।

ততো নির্যায় স্বপুরাৎ কুম্ভকর্ণঃ সহানুগঃ।
অপশ্যৎ কপিসৈন্যং তজ্জিতকাশ্যগ্রতঃ স্থিতম্ ॥১॥
স বীক্ষমাণস্তৎ সৈন্যং রামদর্শনকাঙ্ক্ষয়া।
অপশ্যচ্চাপি সৌমিত্রিং ধনুষ্পাণিং ব্যবস্থিতম্ ॥২॥
তমভ্যেত্যাশু হরয়ঃ পরিবব্রুঃ সমন্ততঃ।
অভ্যঘ্নংশ্চ মহাকায়ৈর্বহুভির্জগতীরুহৈঃ।
করজৈরতুদংশ্চান্যে বিহায় ভয়মুত্তমম্ ॥৩॥

ভারতকৌমুদী

তথেতি। তৌ বজ্রবেগপ্রমাথিনৌ। পুরস্কৃত্য অগ্রবর্ত্তীকৃত্য ॥২৯॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্বণি দ্রৌপদীহরণে চত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(:*:)———

তত ইতি। জিতেন প্রহস্তাদীনাং জয়েন কাশতে দীপ্যত ইতি জিতকাশি ॥১॥

স ইতি। রামদর্শনকাঙ্ক্ষয়া তদাক্রমণেচ্ছয়ৈবেতি ভাবঃ ॥২॥

তমিতি। জগতীরুহৈর্বৃক্ষৈঃ। করজৈর্নখৈঃ, অতুদন্ অব্যথয়ন্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩॥

দূষণের কনিষ্ঠ ভ্রাতা বীর বজ্রবেগ ও প্রমাথী 'তাহাই হইবে' এই কথা রাবণকে বলিয়া কুম্ভকর্ণকে অগ্রবর্ত্তী করিয়া সত্বর লঙ্কা হইতে নির্গত হইল' ॥২৯॥

——:(০):——

মার্কণ্ডেয় বলিলেন—'তাহার পর কুম্ভকর্ণ অনুচরবর্গের সহিত লঙ্কা হইতে নির্গত হইয়া সম্মুখস্থিত বিজয়শোভী সেই বানরসৈন্য দর্শন করিলেন ॥১॥

তিনি রামকে দেখিবার ইচ্ছায় সেই সৈন্য পর্য্যবেক্ষণ করিতে থাকিয়া ধনুর্হস্তে অবস্থিত লক্ষ্মণকে দর্শন করিলেন ॥২॥

তখন বানরগণ সত্বর যাইয়া সকল দিক্ হইতে কুম্ভকর্ণকে পরিবেষ্টন করিল এবং বিশালাকৃতি বহুতর বৃক্ষদ্বারা আঘাত করিতে থাকিল; আর অন্য বানরেরা ভয় পরিত্যাগ করিয়া নখদ্বারা গুরুতর প্রহার করিতে লাগিল ॥৩॥

বহুধা যুধ্যমানাস্তে যুদ্ধমার্গৈঃ প্লবঙ্গমাঃ।
নানাপ্রহরণৈর্ভীমৈ রাক্ষসেন্দ্রমতাড়য়ন্ ॥৪॥
স তাড্যমানঃ প্রহসন্ ভক্ষয়ামাস বানরান্।
বলং চণ্ডবলাখ্যঞ্চ বজ্রবাহুঞ্চ বানরম্ ॥৫॥
তদ্দৃষ্ট্বা ব্যথনং কর্ম্ম কুম্ভকর্ণস্য রক্ষসঃ।
উদক্রোশন্ পরিত্রস্তাস্তারপ্রভৃতয়স্তদা ॥৬॥
তানুচ্চৈঃ ক্রোশতঃ সৈন্যান্ শ্রুত্বা স হরিযূথপান্।
অভিদুদ্রাব সুগ্রীবঃ কুম্ভকর্ণমপেতভীঃ ॥৭॥
ততোঽভিপত্য বেগেন কুম্ভকর্ণং মহামনাঃ।
শালেনাজঘ্নিবান্ মূর্দ্ধ্নি বলেন কপিকুঞ্জরঃ ॥৮॥
স মহাত্মা মহাবেগঃ কুম্ভকর্ণস্য মূর্দ্ধনি।
বিভেদ শালং সুগ্রীবো নচৈবাব্যথয়ৎ কপিঃ ॥৯॥

ভারতকৌমুদী

বহুধেতি। বহুধা যুদ্ধমার্গৈর্যুদ্ধপদ্ধতিভিঃ। রাক্ষসেন্দ্রং কুম্ভকর্ণম্ ॥৪॥
স ইতি। বলাদিনামকং প্রধানং বানরঞ্চ ভক্ষয়ামাসেতি সম্বন্ধঃ ॥৫॥
তদিতি। ব্যথনং স্বপক্ষপীড়াজনকম্। তারপ্রভৃতয়ো বানরাঃ ॥৬॥
তানিতি। হরিযূথপান্ বানরসমূহশ্রেষ্ঠান্। অপেতভীর্নির্ভয়ঃ ॥৭॥
তত ইতি। শালেন বৃক্ষেণ। কপিকুঞ্জরঃ সুগ্রীবঃ ॥৮॥

ক্রমে সেই বানরেরা নানাবিধ প্রণালীতে যুদ্ধ করিতে থাকিয়া নানাবিধ ভয়ঙ্কর অস্ত্রদ্বারা কুম্ভকর্ণকে তাড়ন করিতে থাকিল ॥৪॥

তখন কুম্ভকর্ণ প্রহৃত হইতে থাকিয়াও হাস্য করতঃ বহুতর ক্ষুদ্র বানরকে এবং বল, চণ্ডবল ও বজ্রবাহুনামক প্রধান তিনটা বানরকে ভক্ষণ করিয়া ফেলিলেন ॥৫॥

তখন কুম্ভকর্ণের সেই দারুণ কার্য্য দেখিয়া তারপ্রভৃতি বানরেরা অত্যন্ত-ভীত হইয়া উচ্চস্বরে আর্ত্তনাদ করিয়া উঠিল ॥৬॥

প্রধান বানরসৈন্যগণের সেই উচ্চ আর্ত্তনাদ শুনিয়া সুগ্রীব নির্ভয়চিত্তে কুম্ভকর্ণের দিকে ধাবিত হইলেন ॥৭॥

তাহার পর মহামনা বানরশ্রেষ্ঠ সুগ্রীব বেগে যাইয়া শালবৃক্ষদ্বারা বল-পূর্ব্বক কুম্ভকর্ণের মস্তকে আঘাত করিলেন ॥৮॥

মহাত্মা ও মহাবেগশালী সুগ্রীব কুম্ভকর্ণের মস্তকে সেই শালবৃক্ষটাকে ভাঙ্গিয়া ফেলিলেন, তথাপি তাঁহাকে ব্যথিত করিতে পারিলেন না ॥৯॥

ততো বিনদ্য সহসা শালস্পর্শবিবোধিতঃ।
দোর্ভ্যামাদায় সুগ্রীবং কুম্ভকর্ণোঽহরদ্বলাৎ ॥১০॥
হ্রিয়মাণন্তু সুগ্রীবং কুম্ভকর্ণেন রক্ষসা।
অবেক্ষ্যাভ্যদ্রবদ্বীরঃ সৌমিত্রির্মিত্রনন্দনঃ ॥১১॥
সোঽভিপত্য মহাবেগং রুক্মপুঙ্খং মহাশরম্।
প্রাহিণোৎ কুম্ভকর্ণায় লক্ষ্মণঃ পরবীরহা ॥১২॥
স তস্য দেহাবরণং ভিত্ত্বা দেহঞ্চ সায়কঃ।
জগাম দারয়ন্ ভূমিং রুধিরেণ সমুক্ষিতঃ ॥১৩॥
তথা স ভিন্নহৃদয়ঃ সমুৎসৃজ্য কপীশ্বরম্।
কুম্ভকর্ণো মহেষ্বাসঃ প্রগৃহীতশিলায়ুধঃ।
অভিদুদ্রাব সৌমিত্রিমুদ্যম্য মহতীং শিলাম্ ॥১৪॥
তস্যাভিপততস্তূর্ণং ক্ষুরাভ্যামুচ্ছ্রিতৌ করৌ।
চিচ্ছেদ নিশিতাগ্রাভ্যাং স বভূব চতুর্ভুজঃ ॥১৫॥

ভারতকৌমুদী

স ইতি। বিভেদ বভঞ্জ। কিন্তু তথাপি নচ অব্যথয়ৎ কুম্ভকর্ণং ব্যথয়িতুমশক্নোৎ ॥৯॥
তত ইতি। শালস্পর্শেন বিবোধিতঃ প্রহরতীতি জ্ঞাপিতঃ। দৃঢ়াঙ্গত্বং সুচিতম্ ॥১০॥
হ্রিয়মাণমিতি। অভ্যদ্রবৎ কুম্ভকর্ণং প্রত্যধাবৎ। মিত্রাণাং নন্দন আনন্দকরঃ ॥১১॥
স ইতি। রুক্মপুঙ্খং স্বর্ণখচিতমুখম্। পরবীরহা শক্রবীরহন্তা ॥১২॥
স ইতি। দেহাবরণং বর্ম্ম। সমুক্ষিতঃ সংসিক্তঃ ॥১৩॥
তথেতি। কপীশ্বরং সুগ্রীবম্। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥

তদনন্তর কুম্ভকর্ণ সেই শালবৃক্ষস্পর্শে সচেতন হইয়া, সিংহনাদ করিয়া, বাহুযুগলদ্বারা বলপূর্ব্বক তৎক্ষণাৎ সুগ্রীবকে উঠাইয়া লইয়া হরণ করিতে লাগিলেন ॥১০॥

কুম্ভকর্ণ সুগ্রীবকে হরণ করিয়া লইয়া যাইতেছেন দেখিয়া মহাবীর ও বন্ধুজনের আনন্দজনক লক্ষ্মণ তাঁহার দিকে ধাবিত হইলেন ॥১১॥

এবং শক্রবীরহন্তা লক্ষ্মণ উপস্থিত হইয়া মহাবেগশালী ও স্বর্ণখচিত একটা ভয়ঙ্কর বাণ কুম্ভকর্ণের প্রতি নিক্ষেপ করিলেন ॥১২॥

সেই বাণ কুম্ভকর্ণের বর্ম্ম ও দেহ ভেদ করিয়া রুধিরসিক্ত হইয়া ভূমি বিদারণপূর্ব্বক চলিয়া গেল ॥১৩॥

তখন মহাধনুর্দ্ধর ও শিলায়ুধধারী কুম্ভকর্ণ সেই ভাবে বিদীর্ণহৃদয় হইয়া, সুগ্রীবকে ছাড়িয়া দিয়া, একটা বিশাল শিলা উত্তোলন করিয়া লক্ষ্মণের দিকে ধাবিত হইলেন ॥১৪॥

তানপ্যস্য ভুজান্ সর্ব্বান্ প্রগৃহীতশিলায়ুধান্ ।
ক্ষুরৈশ্চিচ্ছেদ লঘ্বস্ত্রং সৌমিত্রিঃ প্রতিদর্শয়ন্ ॥১৬॥
স বভূবাতিকায়শ্চ বহুপাদশিরোভুজঃ ।
তং ব্রহ্মাস্ত্রেণ সৌমিত্রির্দদারাদ্রিচয়োপমম্ ॥১৭॥
স পপাত মহাবীর্য্যো দিব্যাস্ত্রাভিহতো রণে ।
মহাশনিবিনির্দগ্ধঃ পাদপোঽঙ্কুরবানিব ॥১৮॥
তং দৃষ্ট্বা বৃত্রসঙ্কাশং কুম্ভকর্ণং তরস্বিনম্ ।
গতাসুং পতিতং ভূমৌ রাক্ষসাঃ প্রাদ্রবন্ ভয়াৎ ॥১৯॥
তথা তান্ দ্রবতো যোধান্ দৃষ্ট্বা তৌ দূষণানুজৌ ।
অবস্থাপ্যাথ সৌমিত্রিং সংক্রুদ্ধাবভ্যধাবতাম্ ॥২০॥

ভারতকৌমুদী

তস্যেতি । উচ্ছ্রিতৌ উন্নতৌ । তদা স কুম্ভকর্ণশ্চতুর্ভুজো বভূব, কামরূপত্বাৎ ॥১৫॥
তানিতি । অস্য কুম্ভকর্ণস্য । লঘ্বস্ত্রম্ অস্ত্রনিক্ষেপে লঘুহস্ততাম্ ॥১৬॥
স ইতি । অতিকায়ো বিশালদেহঃ । অদ্রিচয়োপমং মিলিতপর্বতসমূহতুল্যম্ ॥১৭॥
স ইতি । অঙ্কুরবান্ অঙ্গগতশাখানামিত্যর্থঃ । বহুভুজাদিসাদৃশ্যার্থমিদম্ ॥১৮॥
তমিতি । তরস্বিনং বলবন্তম্ । রামায়ণে রামেণ নিহতঃ কুম্ভকর্ণঃ, অত্র তু লক্ষ্মণেনেতি বিরোধস্তু কল্পভেদে কর্তৃভেদাঙ্গীকারেণ পরিহার্য্যঃ । অন্যত্রাপ্যেবম্ ॥১৯॥
তথেতি । অবস্থাপ্য তিষ্ঠ তিষ্ঠেত্যুক্ত্বা পলায়নং নিষিধ্যেত্যর্থঃ ॥২০॥

কুম্ভকর্ণ হস্তযুগল উত্তোলন করিয়া আসিতেছিলেন ; এই সময়ে লক্ষ্মণ নিশিত দুইটা ক্ষুরাস্ত্রদ্বারা তাঁহার বাহুযুগল ছেদন করিলেন ; কুম্ভকর্ণ তৎক্ষণাৎ চতুর্ভুজ হইলেন ॥১৫॥

তখন লক্ষ্মণ লঘুহস্ততা দেখাইতে থাকিয়া ক্ষুরাস্ত্রদ্বারা তাঁহার সেই সকল শিলাধারী বাহুগুলিকেও ছেদন করিলেন ॥১৬॥

কুম্ভকর্ণও তৎক্ষণাৎ বিশালদেহ, বহুচরণ, বহুমস্তক ও বহুবাহু হইলেন ; লক্ষ্মণও অমনি ব্রহ্মাস্ত্রদ্বারা পর্ব্বতসমূহতুল্য সেই কুম্ভকর্ণকে বিদীর্ণ করিলেন ॥১৭॥

তখন মহাবজ্রদগ্ধ শাখাসমন্বিত বৃক্ষের ন্যায় মহাবীর কুম্ভকর্ণ ব্রহ্মাস্ত্রে আহত হইয়া যুদ্ধে নিপতিত হইলেন ॥১৮॥

বৃত্রাসুরের ন্যায় মহাবীর কুম্ভকর্ণকে গতাসু ও ভূপতিত দেখিয়া রাক্ষসেরা ভয়ে পলায়ন করিতে লাগিল ॥১৯॥

(২০) ততস্তান্ দ্রবতঃ···বা ব কা ।

তাবাদ্রবন্তৌ সংক্রুদ্ধৌ বজ্রবেগপ্রমাথিনৌ।
প্রতিজগ্রাহ সৌমিত্রির্বিনদ্যোভৌ পতত্রিভিঃ ॥২১॥
ততঃ সুতুমুলং যুদ্ধমভবল্লোমহর্ষণম্।
দূষণানুজয়োঃ পার্থ! লক্ষ্মণস্য চ ধীমতঃ ॥২২॥
মহতা শরবর্ষেণ রাক্ষসৌ সোঽভ্যবর্ষত।
তৌ চাপি বীরৌ সংক্রুদ্ধাবুভৌ তং সমবর্ষতাম্ ॥২৩॥
মুহূর্ত্তমেবমভবদ্বজ্রবেগপ্রমাথিনোঃ।
সৌমিত্রেশ্চ মহাবাহোঃ সম্প্রহারঃ সুদারুণঃ ॥২৪॥
অথাদ্রিশৃঙ্গমাদায় হনূমান্ মারুতাত্মজঃ।
অভিদ্রুত্যাদদে প্রাণান্ বজ্রবেগস্য রক্ষসঃ ॥২৫॥

ভারতকৌমুদী

তাবিতি। আদ্রবন্তৌ অভিধাবন্তৌ। বিনদ্য সিংহনাদং কৃত্বা, পতত্রিভির্বাণৈঃ ॥২১॥
তত ইতি। দূষণানুজয়োর্বজ্রবেগপ্রমাথিনোঃ। পার্থেতি যুধিষ্ঠিরসম্বোধনম্ ॥২২॥
মহতেতি। স লক্ষ্মণঃ। তৌ বজ্রবেগপ্রমাথিনৌ। তং লক্ষ্মণম্ ॥২৩॥
মুহূর্ত্তমিতি। মুহূর্ত্তং কিয়ন্তং কালমিত্যর্থঃ। সম্প্রহারঃ সমরঃ ॥২৪॥
অথেতি। প্রাণান্ আদদে, তদদ্রিশৃঙ্গাঘাতেনেতি শেষঃ ॥২৫॥

সেই যোদ্ধাদিগকে পলায়ন করিতে দেখিয়া দূষণের কনিষ্ঠভ্রাতা বজ্রবেগ ও প্রমাথী অত্যন্ত ক্রুদ্ধ হইয়া থাক্ থাক্ বলিয়া লক্ষ্মণের দিকে ধাবিত হইল ॥২০॥

অত্যন্তক্রুদ্ধ অবস্থায় বজ্রবেগ ও প্রমাথীকে আসিতে দেখিয়া লক্ষ্মণ সিংহনাদ করিয়া বাণদ্বারা তাহাদিগকে গ্রহণ করিলেন ॥২১॥

যুধিষ্ঠির! তাহার পর বজ্রবেগ ও প্রমাথীর এবং বুদ্ধিমান্ লক্ষ্মণের অতি-তুমুল ও লোমহর্ষণ যুদ্ধ হইতে লাগিল ॥২২॥

তখন লক্ষ্মণ, বজ্রবেগ ও প্রমাথীর উপরে বিশাল শরবর্ষণ করিতে লাগিলেন; সেই বীরেরা দুই জনও ক্রুদ্ধ হইয়া লক্ষ্মণের উপরে শরবর্ষণ করিতে থাকিল ॥২৩॥

এইভাবে কিছু কাল বজ্রবেগ ও প্রমাথীর এবং মহাবাহু লক্ষ্মণের অতিদারুণ যুদ্ধ হইল ॥২৪॥

তাহার পর পবননন্দন হনূমান্ একটা পর্বতশৃঙ্গ লইয়া দ্রুত যাইয়া তাহার আঘাতে রাক্ষস বজ্রবেগের প্রাণ গ্রহণ করিলেন ॥২৫॥

নীলশ্চ মহতা গ্রাব্ণা দূষণাবরজং হরিঃ।
প্রমাথিনমভিক্রুত্য প্রমমাথ মহাবলঃ ॥২৬॥
ততঃ প্রাবর্ত্তত পুনঃ সংগ্রামঃ কটুকোদয়ঃ।
রামরাবণসৈন্যানামন্যোন্যমভিধাবতাম্ ॥২৭॥
শতশো নৈঋতান্ বন্যা জঘ্নুর্বন্যাংশ্চ নৈঋতাঃ।
নৈঋতাস্তত্র বধ্যন্তে প্রায়েণ ন তু বানরাঃ ॥২৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে রামোপাখ্যানে কুম্ভকর্ণাদিবধে একচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——০ঃ(*)ঃ০——

ভারতকৌমুদী

নীল ইতি। নীলো নাম হরির্বানরঃ, গ্রাব্ণা প্রস্তরেণ ॥২৬॥

তত ইতি। কটুকো দুঃখকর উদয় আবির্ভাবো যস্য সঃ, বহুপ্রাণিনাশাৎ ॥২৭॥

শতশ ইতি। নৈঋতান্ রাক্ষসান্, বন্যা বানরাঃ। প্রায়েণ বাহুল্যেন ॥২৮॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে একচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(০ঃ*ঃ০)——

ভারতভাবদীপঃ

তত ইতি। জিতকাশি দৃঢ়মুষ্টি। "কাশির্মুষ্টিঃ প্রকাশনাৎ" ইতি যাস্কঃ ॥১—২৭॥ বন্যা বনেচরা বানরাঃ ॥২৮॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৪১॥

——০ঃ*ঃ০——

এবং মহাবল নীলও দ্রুত যাইয়া বিশাল প্রস্তরের আঘাতে দূষণের কনিষ্ঠ ভ্রাতা প্রমাথীকে মথিত করিলেন ॥২৬॥

তদনন্তর রামের সৈন্য ও রাবণের সৈন্যেরা পরস্পর পরস্পরের প্রতি ধাবিত হইল; তখন পুনরায় দারুণ যুদ্ধ চলিতে লাগিল ॥২৭॥

সেই যুদ্ধে বানরেরা শত শত রাক্ষসকে এবং রাক্ষসেরাও শত শত বানরকে বধ করিল। তবে তাহাতে রাক্ষসেরাই অধিক নিহত হইল, কিন্তু বানরেরা নহে' ॥২৮॥

——ঃ০ঃ——

* '…ত্রিসপ্তত্যধিকদ্বিশততমঃ…' পি, '…ষড়শীত্যধিকদ্বি…' বা ব, '… সপ্তাশীত্য-ধিকদ্বি…' কা, '…অষ্টাশীত্যধিকদ্বি…' নি।

দ্বিচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

——:*:——

মার্কণ্ডেয় উবাচ।

ততঃ শ্রুত্বা হতং সংখ্যে কুম্ভকর্ণং সহানুগম্।
প্রহস্তঞ্চ মহেষ্বাসং ধূম্রাক্ষঞ্চাতিতেজসম্।
পুত্রমিন্দ্রজিতং বীরং রাবণঃ প্রত্যভাষত ॥১॥
জহি রামমমিত্রঘ্ন! সুগ্রীবঞ্চ সলক্ষ্মণম্।
ত্বয়া হি মম সৎপুত্র! যশো দীপ্তমুপার্জিতম্।
জিত্বা বজ্রধরং সংখ্যে সহস্রাক্ষং শচীপতিম্ ॥২॥
অন্তর্হিতঃ প্রকাশো বা দিব্যৈর্দত্তবরৈঃ শরৈঃ।
জহি শত্রূনমিত্রঘ্ন! মম শস্ত্রভৃতাং বর! ॥৩॥
রামলক্ষ্মণসুগ্রীবাঃ শরস্পর্শং ন তেঽনঘ!।
সমর্থাঃ প্রতিসোঢ়ুঞ্চ কুতস্তদনুযায়িনঃ ॥৪॥

ভারতকৌমুদী

তত ইতি। সংখ্যে যুদ্ধে। সহানুগং সানুচরম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১॥
জহীতি। হে অমিত্রঘ্ন! শত্রুহন্তঃ!। দীপ্তমুজ্জ্বলম্। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥২॥
অন্তরিতি। দিব্যৈঃ স্বর্গীয়ৈর্দত্তো বরো যেষু তৈঃ। মম শত্রূনিতি সম্বন্ধঃ ॥৩॥
রামেতি। তদনুযায়িনো হনূমদাদয়ঃ, কুতঃ কুতোঽপি ন সমর্থা ইত্যর্থঃ ॥৪॥

মার্কণ্ডেয় কহিলেন—'তাহার পর অনুচরগণের সহিত কুম্ভকর্ণ, মহাধনুর্দ্ধর প্রহস্ত ও অতিতেজা ধূম্রাক্ষকে যুদ্ধে নিহত শুনিয়া রাবণ, বীরপুত্র ইন্দ্রজিৎকে বলিলেন ॥১॥

শত্রুনাশক সৎপুত্র! তুমি, লক্ষ্মণের সহিত রামকে এবং সুগ্রীবকে বধ কর। কারণ, তুমি যুদ্ধে বজ্রধারী ও সহস্রনয়ন ইন্দ্রকে জয় করিয়া আমার উজ্জ্বল যশ উৎপাদন করিয়াছ ॥২॥

শত্রুনাশক শস্ত্রধারিশ্রেষ্ঠ! তুমি গুপ্ত বা প্রকাশিত থাকিয়া দেবতাদের বরলব্ধ বাণদ্বারা শত্রুগণকে সংহার কর ॥৩॥

হে নিষ্পাপ! রাম, লক্ষ্মণ ও সুগ্রীব ইহারাই তোমার শরাঘাত সহ্য করিতে সমর্থ হইবে না; তাহাদের অনুচরেরা আর সমর্থ হইবে কিরূপে? ॥৪॥

ন গতা যা প্রহস্তেন কুম্ভকর্ণেন চানঘ !।
বৈরস্যাপচিতিঃ সংখ্যে তাং গচ্ছ ত্বং মহাভুজ ! ॥৫॥
ত্বমদ্য নিশিতৈর্বাণৈর্হত্বা শত্রূন্ সসৈনিকান্।
প্রতিনন্দয় মাং পুত্র ! পুরা জিত্বেব বাসবম্ ॥৬॥
ইত্যুক্তঃ স তথেত্যুক্ত্বা রথমাস্থায় দংশিতঃ।
প্রযযাবিন্দ্রজিদ্রাজন্ ! তূর্ণমায়োধনং প্রতি ॥৭॥
ততো বিশ্রাব্য বিস্পষ্টং নাম রাক্ষসপুঙ্গবঃ।
আহ্বয়ামাস সমরে লক্ষ্মণং শুভলক্ষণম্ ॥৮॥
তং লক্ষ্মণোঽপ্যধাবচ্চ প্রগৃহ্য সশরং ধনুঃ।
ত্রাসয়ংস্তলঘোষেণ সিংহঃ ক্ষুদ্রমৃগং যথা ॥৯॥
তয়োঃ সমভবদ্‌যুদ্ধং সুমহজ্জয়গৃদ্ধিনোঃ।
দিব্যাস্ত্রবিদুষোস্তীব্রমন্যোন্যস্পর্দ্ধিনোস্তদা ॥১০॥

ভারতকৌমুদী

নেতি। অপচিতির্নিষ্কৃতিঃ, "ভবেদপচিতিঃ পূজাক্ষয়হানিষু নিষ্কৃতৌ" ইতি বিশ্বঃ ॥৫॥
ত্বমিতি। প্রতিনন্দয় আনন্দয়। বাসবমিন্দ্রম্ ॥৬॥
ইতীতি। আস্থায় আরুহ্য, দংশিতঃ সন্নদ্ধঃ। আয়োধনং যুদ্ধস্থানম্ ॥৭॥
তত ইতি। নাম আত্মনো নামধেয়ম্। আহ্বয়ামাস আজুহাব ॥৮॥
তমিতি। তলঘোষেণ জ্যাঘাতবারণশব্দেন ॥৯॥
তয়োরিতি। জয়গৃদ্ধিনোর্জয়াভিলাষিণোঃ ॥১০॥

নিষ্পাপ মহাবাহু! প্রহস্ত ও কুম্ভকর্ণ যে শত্রুতার প্রতিশোধ লইতে পারেন নাই, তুমি যুদ্ধে যাইয়া সেই শত্রুতার প্রতিশোধ লও ॥৫॥

পুত্র! তুমি পূর্ব্বে যেমন ইন্দ্রকে জয় করিয়া আমাকে আনন্দিত করিয়াছিলে, তেমন আজ নিশিতবাণদ্বারা সৈন্যগণের সহিত শত্রুগণকে সংহার করিয়া আমাকে আনন্দিত কর' ॥৬॥

রাজা! রাবণ এইরূপ বলিলে, 'তাহাই হইবে' এই কথা বলিয়া যুদ্ধসজ্জা করিয়া ইন্দ্রজিৎ রথে আরোহণপূর্ব্বক সত্বর যুদ্ধস্থানে গমন করিলেন ॥৭॥

তাহার পর রাক্ষসশ্রেষ্ঠ ইন্দ্রজিৎ সুস্পষ্টরূপে নিজের নাম শুনাইয়া শুভলক্ষণযুক্ত লক্ষ্মণকে যুদ্ধে আহ্বান করিলেন ॥৮॥

তখন লক্ষ্মণও ধনু এবং বাণ ধারণ করিয়া তলশব্দে ভয় জন্মাইতে থাকিয়া—সিংহ যেমন ক্ষুদ্রমৃগের প্রতি ধাবিত হয়, সেইরূপ ইন্দ্রজিতের প্রতি ধাবিত হইলেন ॥৯॥

রাবণিস্তু যদা নৈনং বিশেষয়তি সায়কৈঃ।
ততো গুরুতরং যত্নমাতিষ্ঠদ্বলিনাং বরঃ ॥১১॥
তত এনং মহাবেগৈরর্দ্দয়ামাস তোমরৈঃ।
তানাগতান্ স চিচ্ছেদ সৌমিত্রির্নিশিতৈঃ শরৈঃ।
তে নিকৃত্তাঃ শরৈস্তীক্ষ্ণৈন্যপতন্ বসুধাতলে ॥১২॥
তমঙ্গদো বালিসুতঃ শ্রীমানুদ্যম্য পাদপম্।
অভিদ্রুত্য মহাবেগস্তাড়য়ামাস মূর্দ্ধনি ॥১৩॥
তস্যেন্দ্রজিদসংভ্রান্তঃ প্রাসেনোরসি বীর্য্যবান্।
প্রহর্ত্তুমৈচ্ছত্তঞ্চাস্য প্রাসং চিচ্ছেদ লক্ষ্মণঃ ॥১৪॥
তমভ্যাসগতং বীরমঙ্গদং রাবণাত্মজঃ।
গদয়াঽতাড়য়ৎ সব্যে পার্শ্বে বানরপুঙ্গবম্ ॥১৫॥

ভারতকৌমুদী

রাবণিরিতি। রাবণিরিন্দ্রজিৎ, বিশেষয়তি অতিক্রামতি ॥১১॥
তত ইতি। অর্দ্দয়ামাস রাবণিরিত্যনুবর্ত্ততে। তান্ তোমরান্ ॥১২॥
তমিতি। তং রাবণিম্। তাড়য়ামাস তেন পাদপেনেতি শেষঃ ॥১৩॥
তস্যেতি। অসংভ্রান্তঃ পাদপতাড়নেনাপি অনাকুলঃ, উরসি বক্ষসি ॥১৪॥

তখন জয়াভিলাষী, দিব্যাস্ত্রবেত্তা ও পরস্পরস্পর্দ্ধাকারী লক্ষ্মণ ও ইন্দ্রজিতের অতিগুরুতর যুদ্ধ হইতে লাগিল ॥১০॥

যখন বলিশ্রেষ্ঠ ইন্দ্রজিৎ বাণদ্বারা লক্ষ্মণকে অতিক্রম করিতে পারিলেন না, তখন তিনি জয়ের জন্য গুরুতর যত্ন অবলম্বন করিলেন ॥১১॥

তাহার পর ইন্দ্রজিৎ মহাবেগশালী তোমরদ্বারা লক্ষ্মণকে পীড়ন করিবার উপক্রম করিলেন; লক্ষ্মণও নিশিত বাণদ্বারা আগমনমাত্রেই সে তোমরগুলিকে ছেদন করিলেন। তখন তীক্ষ্ণবাণে ছিন্ন হইয়া সে তোমরগুলি ভূতলে পতিত হইল ॥১২॥

তদনন্তর বালীর পুত্র শ্রীমান্ অঙ্গদ একটা বৃক্ষ উত্তোলন করিয়া মহাবেগে যাইয়া ইন্দ্রজিতের মস্তকে আঘাত করিলেন ॥১৩॥

বলবান্ ইন্দ্রজিৎ সে আঘাতে বিহ্বল না হইয়া প্রাসদ্বারা অঙ্গদের বক্ষে প্রহার করিবার ইচ্ছা করিলেন; অমনি লক্ষ্মণ তাঁহার সেই প্রাস ছেদন করিয়া ফেলিলেন ॥১৪॥

তখন ইন্দ্রজিৎ, নিকটবর্ত্তী বানরশ্রেষ্ঠ বীর অঙ্গদের বামপার্শ্বে গদাদ্বারা আঘাত করিলেন ॥১৫॥

তমচিন্ত্য প্রহারং স বলবান্ বালিনঃ সুতঃ।
সসর্জ্জেন্দ্রজিতঃ ক্রোধাৎ শালস্কন্ধং তথাঙ্গদঃ ॥১৬॥
সোঽঙ্গদেন রুষোৎসৃষ্টো বধায়েন্দ্রজিতস্তরুঃ।
জঘানেন্দ্রজিতঃ পার্থ! রথং সাশ্বং সসারথিম্ ॥১৭॥
ততো হতাশ্বাৎ প্রস্কন্দ্য রথাৎ স হতসারথিঃ।
তত্রৈবান্তর্দধে রাজন্! মায়য়া রাবণাত্মজঃ ॥১৮॥
অন্তর্হিতং বিদিত্বা তং বহুমায়ঞ্চ রাক্ষসম্।
রামস্তং দেশমাগত্য তৎ সৈন্যং পর্য্যরক্ষত ॥১৯॥
স রামমুদ্দিশ্য শরৈস্ততো দত্তবরৈস্তদা।
বিব্যাধ সর্ব্বগাত্রেষু লক্ষ্মণঞ্চ মহাবলম্ ॥২০॥
তমদৃশ্যং শরৈঃ শূরৌ মায়য়ান্তর্হিতং তদা।
যোধয়ামাসতুরুভৌ রাবণিং রামলক্ষ্মণৌ ॥২১॥

ভারতকৌমুদী

তমিতি। অভ্যাসগতং নিকটস্থিতম্। সব্যে বামে ॥১৫॥
তমিতি। অচিন্ত্য অবজ্ঞায়। সসর্জ্জ চিক্ষেপ, ইন্দ্রজিত উপরি ॥১৬॥
স ইতি। রুষা ক্রোধেন, উৎসৃষ্টো নিক্ষিপ্তঃ স তরুঃ ॥১৭॥
তত ইতি। প্রস্কন্দ্য অবতীর্য্য ॥১৮॥
অন্তরিতি। বহ্বী মায়া কূটকৌশলং যস্য তম্, রাক্ষসমিন্দ্রজিতম্ ॥১৯॥
স ইতি। স ইন্দ্রজিৎ। দত্তো বরো যেষু তৈর্দেববরলব্ধৈরিত্যর্থঃ ॥২০॥
তমিতি। অন্তর্হিতম্, অতএবাদৃশ্যম্। যোধয়ামাসতুঃ প্রজহ্রতুঃ ॥২১॥

বলবান্ বালিনন্দন অঙ্গদ সে গদাঘাত অগ্রাহ্য করিয়া ক্রোধবশতঃ ইন্দ্রজিতের উপরে একটা শালবৃক্ষ নিক্ষেপ করিলেন ॥১৬॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে ষট্চত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(০:*:০)——

নিঃসহায় রাম যুদ্ধে ভীমবিক্রম রাক্ষস রাবণকে বধ করিয়া আবার সীতাকে আনয়ন করিয়াছিলেন ॥১১॥

ভিন্নপ্রাণী বানরগণ এবং কালমুখ ভল্লুকগণ মাত্র যাঁহার সহায় হইয়াছিল। রাজা! তুমি বুদ্ধিদ্বারা এই বিষয়টা চিন্তা কর ॥১২॥

অতএব কৌরবশ্রেষ্ঠ ভরতবংশপ্রধান পরন্তপ যুধিষ্ঠির! তুমি শোক করিও না। কারণ, তোমার মত মহাত্মারা শোক করেন না' ॥১৩॥

বৈশম্পায়ন বলিলেন—জ্ঞানী মার্কণ্ডেয় এইরূপ আশ্বস্ত করিলে, যুধিষ্ঠির দুঃখ ত্যাগ করিয়া অকাতরচিত্ত হইয়া পুনরায় মার্কণ্ডেয়কে বলিলেন—॥১৪॥

——:(০):——

(১৩) তস্মাৎ সর্ব্বং কুরুশ্রেষ্ঠ!...বা ব কা নি। * '...অষ্টসপ্তত্যধিকদ্বিশততমঃ...' পি, '...একনবত্যধিকদ্বি...' বা ব, '...দ্বিনবত্যধিকদ্বি...' কা, '...ত্রিনবত্যধিকদ্বি...' নি।

সপ্তচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ।

———:*:———

যুধিষ্ঠির উবাচ ।

নাত্মানমনুশোচামি নেমান্ ভ্রাতৄন্ মহামুনে ! ।
হরণঞ্চাপি রাজ্যস্য যথেমাং দ্রুপদাত্মজাম্ ॥১॥
দ্যূতে দুরাত্মভিঃ ক্লিষ্টাঃ কৃষ্ণয়া তারিতা বয়ম্ ।
জয়দ্রথেন চ পুনর্বনাচ্চাপহৃতা বলাৎ ॥২॥
অস্তি সীমন্তিনী কাচিদ্দৃষ্টপূর্বাথবা শ্রুতা ।
পতিব্রতা মহাভাগা যথেয়ং দ্রুপদাত্মজা ॥৩॥

মার্কণ্ডেয় উবাচ ।

শৃণু রাজন্ ! কুলস্ত্রীণাং মহাভাগ্যং যুধিষ্ঠির ! ।
সর্ব্বমেতদ্‌যথা প্রাপ্তং সাবিত্র্যা রাজকন্যয়া ॥৪॥

ভারতকৌমুদী

নেতি। ইমাং দ্রুপদাত্মজাং যথানুশোচামি, তথাত্মাদীন্ নানুশোচামীত্যর্থঃ ॥১॥
দ্যূত ইতি। দুরাত্মভির্দুর্য্যোধনাদিভিঃ। অপহৃতা কৃষ্ণা। তদেব হি শোককারণম্ ॥২॥
অস্তীতি। সীমন্তিনী স্ত্রী। মহাভাগা অতীবোদারহৃদয়া ॥৩॥
শৃণ্বিতি। মহাভাগ্যং পরমৌদার্য্যম্। সাবিত্র্যা তদাখ্যয়া ॥৪॥

যুধিষ্ঠির বলিলেন—'মহর্ষি ! এই দ্রৌপদীর বিষয়ে আমার যেরূপ শোক হয়, সেরূপ শোক নিজের বিষয়ে, এই ভ্রাতাদের বিষয়ে, কিংবা রাজ্যনাশের বিষয়ে হয় না ॥১॥

দুরাত্মারা দ্যূতক্রীড়ার সময়ে আমাদিগকে কষ্ট দিয়াছিল ; কিন্তু দ্রৌপদীই তাহা হইতে আমাদিগকে উদ্ধার করিয়াছিলেন ; তা'র পরে সেই দ্রৌপদীকেই আবার জয়দ্রথ বলপূর্বক বন হইতে অপহরণ করিয়াছিল। ॥২॥

(অতএব জিজ্ঞাসা করি—) এই দ্রৌপদীর তুল্য পতিব্রতা ও মহাভাগা কোন নারীকে কি আপনি পূর্ব্বে দেখিয়াছেন বা শুনিয়াছেন ?' ॥৩॥

মার্কণ্ডেয় বলিলেন—'রাজা যুধিষ্ঠির ! রাজকন্যা সাবিত্রী কুলবধূগণের এই সমস্ত সৌভাগ্যই যে লাভ করিয়াছিলেন, তাহা তুমি শ্রবণ কর ॥৪॥

---

* ইতঃ পূর্বম্ 'অথ পতিব্রতামাহাত্ম্যপর্ব' ইতি ক্বা নি লিখিতম্। তচ্চান্যায্যম্, তৎকারণন্তু পূর্বমেবোক্তম্।

আসীন্মদ্রেষু ধর্ম্মাত্মা রাজা পরমধার্ম্মিকঃ।
ব্রহ্মণ্যশ্চ শরণ্যশ্চ সত্যসন্ধো জিতেন্দ্রিয়ঃ ॥৫॥
যজ্বা দানপতির্দক্ষঃ পৌরজানপদপ্রিয়ঃ।
পার্থিবোঽশ্বপতির্নাম সর্ব্বভূতহিতে রতঃ ॥৬॥ (যুগ্মকম্)
ক্ষমাবাননপত্যশ্চ সত্যবাগ্বিজিতেন্দ্রিয়ঃ।
অতিক্রান্তেন বয়সা সন্তাপমুপজগ্মিবান্ ॥৭॥
অপত্যোৎপাদনার্থঞ্চ তীব্রং নিয়মমাস্থিতঃ।
কালে নিয়মিতাহারো ব্রহ্মচারী জিতেন্দ্রিয়ঃ ॥৮॥
হুত্বা শতসহস্রং স সাবিত্র্যা রাজসত্তমঃ।
ষষ্ঠে ষষ্ঠে তদা কালে বভূব মিতভোজনঃ।
এতেন নিয়মেনাসীদ্বর্ষাণ্যষ্টাদশৈব তু ॥৯॥
পূর্ণে ত্বষ্টাদশে বর্ষে সাবিত্রী তুষ্টিমভ্যগাৎ।
রূপিণী তু তদা রাজন্! দর্শয়ামাস তং নৃপম্ ॥১০॥

ভারতকৌমুদী

আসীদিতি। ব্রহ্মণ্যো বেদহিতঃ। যজ্বা যাজ্ঞিকঃ, দানপতির্দানশৌণ্ডঃ ॥৫—৬॥

ক্ষমেতি। অতিক্রান্তেন, বয়সা যৌবনেন হেতুনা, সন্তাপমপত্যাভাবপ্রযুক্তম্ ॥৭॥

অপত্যেতি। তীব্রং কঠিনম্। নিয়মিতাহারো হবিষ্যান্নভোজী, ব্রহ্মচারী স্মরণাদ্যষ্টবিধমৈথুনত্যাগী, জিতেন্দ্রিয়ঃ শব্দাদিগ্রহণস্পৃহাহীনঃ ॥৮॥

হুত্বেতি। শতসহস্রং লক্ষম্। তৎ পুনরষ্টাদশবর্ষব্যাপীতি জ্ঞেয়ম্। সাবিত্র্যাঃ সবিতৃতনয়ায়া ব্রহ্মপত্ন্যাঃ সম্বন্ধে। কালে যামার্দ্ধে। আসীদতিষ্ঠৎ। ষট্পাদঃ শ্লোকঃ ॥৯॥

মদ্রদেশে ধর্ম্মাত্মা, ন্যায়পরায়ণ, বেদহিতৈষী, শরণাগতরক্ষক, সত্যপ্রতিজ্ঞ, জিতেন্দ্রিয়, যাজ্ঞিক, দাতা, কার্য্যদক্ষ, পৌর-জানপদপ্রিয় এবং সর্ব্বভূতের হিতে নিরত 'অশ্বপতি'—নামে এক রাজা ছিলেন ॥৫—৬॥

যৌবন অতীত হইল, অথচ সন্তান হইল না বলিয়া সেই ক্ষমাবান্, সত্যবাদী ও জিতেন্দ্রিয় রাজা সন্তাপ ভোগ করিতে লাগিলেন ॥৭॥

তাহার পর তিনি সন্তান উৎপাদনের জন্য যথাকালে হবিষ্যান্নভোজী, ব্রহ্মচারী ও জিতেন্দ্রিয় হইয়া কঠোর নিয়ম অবলম্বন করিলেন ॥৮॥

রাজশ্রেষ্ঠ অশ্বপতি তখন সাবিত্রীদেবীর উদ্দেশে লক্ষহোমের সঙ্কল্প করিয়া প্রতিদিন যথাসম্ভব হোম করিতেন এবং প্রত্যহ ষষ্ঠ যামার্দ্ধে পরিমিত ভোজন করিতেন। এই নিয়মে তিনি আঠার বৎসর থাকিলেন ॥৯॥

---

(৫)···ব্রহ্মণ্যশ্চ মহাত্মা চ···বা ব কা নি। (৮)···কালে পরিমিতাহারঃ···পি নি।

অগ্নিহোত্রাৎ সমুত্থায় হর্ষেণ মহতান্বিতা।
উবাচ চৈনং বরদা বচনং পার্থিবং তদা ॥১১॥

সাবিত্র্যুবাচ।

ব্রহ্মচর্য্যেণ শুদ্ধেন দমেন নিয়মেন চ।
সর্ব্বাত্মনা চ ভক্ত্যা চ তুষ্টাস্মি তব পার্থিব ! ॥১২॥
বরং বৃণীষ্বাশ্বপতে ! মদ্ররাজ ! যদীপ্সিতম্।
ন প্রমাদশ্চ ধর্ম্মেষু কর্ত্তব্যস্তে কথঞ্চন ॥১৩॥

অশ্বপতিরুবাচ।

অপত্যার্থঃ সমারম্ভঃ কৃতো ধর্ম্মেপ্সয়া ময়া।
পুত্রা মে বহবো দেবি ! ভবেয়ুঃ কুলভাবনাঃ ॥১৪॥
তুষ্টাসি যদি মে দেবি ! বরমেতং বৃণোম্যহম্।
সন্তানঃ পরমো ধর্ম্ম ইত্যাহুর্মাং দ্বিজাতয়ঃ ॥১৫॥

ভারতকৌমুদী

পূর্ণ ইতি। রূপিণী মূর্ত্তিমতী সতী, দর্শয়ামাস আত্মানমিতি শেষঃ ॥১০॥
অগ্নীতি। অগ্নিহোত্রাদগ্নিহোত্রহোমকুণ্ডাৎ। এনং পার্থিবমশ্বপতিম্ ॥১১॥
ব্রহ্মেতি। দমেন ইন্দ্রিয়দমনেন। সর্ব্বাত্মনা সর্ব্বপ্রযত্নেন ॥১২॥
বরমিতি। প্রমাদঃ অনবধানতা। তে ত্বয়া ॥১৩॥
অপত্যেতি। ধর্ম্মমেব মুখ্যমুদ্দেশ্যম্ অপত্যন্তু তদুৎপাদকতয়া গৌণমিতি ভাবঃ ॥১৪॥
তুষ্টেতি। এতং পূর্ব্ববচনোক্তম্। ধর্ম্মস্তৎকারণম্। দ্বিজাতয়ো ব্রাহ্মণাঃ ॥১৫॥

যুধিষ্ঠির! আঠার বৎসর পূর্ণ হইলে, সাবিত্রীদেবী সন্তুষ্ট হইলেন এবং তিনি মূর্ত্তিমতী হইয়া রাজাকে দেখা দিলেন ॥১০॥

এবং বরদা সাবিত্রীদেবী তখনই অত্যন্ত আনন্দিত হইয়া হোমকুণ্ড হইতে উঠিয়া রাজাকে এই কথা বলিলেন ॥১১॥

সাবিত্রী বলিলেন—'রাজা! আপনার নির্দ্দোষ ব্রহ্মচর্য্য, ইন্দ্রিয়দমন, নিয়ম এবং সর্ব্বপ্রকার ভক্তির জন্য আমি আপনার উপরে সন্তুষ্ট হইয়াছি ॥১২॥

মদ্ররাজ অশ্বপতি! আপনার যাহা অভীষ্ট, সেইরূপ বর গ্রহণ করুন। আপনি কোন প্রকারেই ধর্ম্মের প্রতি অনবধানতা করিবেন না' ॥১৩॥

অশ্বপতি বলিলেন—'দেবি! আমি ধর্ম্মের জন্যই সন্তানোদ্দেশে এই কার্য্য আরম্ভ করিয়াছিলাম। অতএব আমার বংশরক্ষক বহুতর পুত্র হউক ॥১৪॥

দেবি! আপনি যদি আমার প্রতি সন্তুষ্ট হইয়া থাকেন, তবে আমি এই

সাবিত্র্যুবাচ।

'পূর্ব্বমেব ময়া রাজন্নভিপ্রায়মিমং তব।
জ্ঞাত্বা পুত্রার্থমুক্তো বৈ ভগবাংস্তে পিতামহঃ ॥১৬॥
প্রসাদাচ্চৈব তস্মাত্তে স্বয়ম্ভুবিহিতাদ্ভুবি।
কন্যা তেজস্বিনী সৌম্য! ক্ষিপ্রমেব ভবিষ্যতি ॥১৭॥
উত্তরঞ্চ ন তে কিঞ্চিদ্ব্যাহর্ত্তব্যং কথঞ্চন।
পিতামহনিয়োগেন তুষ্টা হ্যেতদ্ব্রবীমি তে ॥১৮॥

মার্কণ্ডেয় উবাচ।

স তথেতি প্রতিজ্ঞায় সাবিত্র্যা বচনং নৃপঃ।
প্রসাদয়ামাস পুনঃ ক্ষিপ্রমেতদ্ভবিষ্যতি ॥১৯॥

ভারতকৌমুদী

পূর্ব্বমিতি। তে তব পুত্রার্থম্। পিতামহো ব্রহ্মা ॥১৬॥
প্রসাদাদিতি। স্বয়ম্ভুবিহিতাৎ ব্রহ্মণা কৃতাৎ। তেজস্বিনী সতীত্বপ্রভাববতী ॥১৭॥
উত্তরমিতি। উত্তরমিতঃ পরম্। ব্যাহর্ত্তব্যং বক্তব্যম্ ॥১৮॥
স ইতি। প্রতিজ্ঞায় অঙ্গীকৃত্য। প্রসাদয়ামাস সাবিত্রীম্, এতৎ কন্যাজন্ম ॥১৯॥

ভারতভাবদীপঃ

নাত্মানমিতি ॥১—৮॥ সাবিত্র্যা সাবিত্রী সবিতৃকন্যা তদ্দেবতয়া ঋচা, সা চ। সোমো বধূযুরভবদশ্বিনাস্তামুভা বরা সূর্য্যাং যৎপত্যে শংসন্তীং মনসা সবিতাদদাদিতি যদা সবিত্রা ত্বষ্ট্রা সাবিত্রী স্বকন্যা সূর্য্যা সূর্য্যস্য স্ত্রী সূর্য্যায় দত্তা তদা সোমোঽস্যা বধূযুর্বধ্বা অনুচরোঽভূৎ সবিতা চ সূর্য্যাং পত্যো পত্যুঃ কল্যাণার্থং শংসন্তীং কথয়ন্তীং মনসা উভৌ বরৌ পুত্ররূপাবশ্বিনৌ অদদাদিতি মন্ত্রার্থঃ; ইত এব বাক্যাদেতস্য মন্ত্রস্য লক্ষহোমাদপত্য-প্রাপ্তির্ভবতীতি গম্যতে। ষষ্ঠে কালেঽষ্টধা বিভক্তস্যাহ্নঃ ষষ্ঠেঽংশে ॥৯—১৭॥ উত্তরং

বরই প্রার্থনা করি। কারণ, ব্রাহ্মণেরা আমাকে বলিয়া থাকেন যে, সন্তানই ধর্ম্মের প্রধান হেতু' ॥১৫॥

সাবিত্রী বলিলেন—'রাজা! আমি পূর্ব্বেই আপনার এই অভিপ্রায় জানিয়া আপনার পুত্রের জন্য ভগবান্ ব্রহ্মার নিকট বলিয়াছিলাম ॥১৬॥

তখন ব্রহ্মা আপনার প্রতি অনুগ্রহ করিলেন; সেই অনুগ্রহে সত্বরই আপনার একটী তেজস্বিনী কন্যা জন্মগ্রহণ করিবে ॥১৭॥

আমি সন্তুষ্ট হইয়া ব্রহ্মার আদেশ অনুসারে আপনাকে বলিতেছি যে, আপনি ইহার পরে কোনপ্রকারেই আর কিছু বলিবেন না' ॥১৮॥

---

(১৬)…জ্ঞাত্বা পুত্রার্থমুক্তোঽসৌ তব হেতোঃ পিতামহঃ—পি। (১৭)…স্বয়ম্ভুবিহিতানঘ! …পি। (১৮)… পিতামহনিসর্গেণ…বা ব কা পি।

অন্তর্হিতায়াং সাবিত্র্যাং জগাম স্বপুরং নৃপঃ।
স্বরাজ্যে চাবসদ্বীরঃ প্রজা ধর্ম্মেণ পলায়ন্ ॥২০॥
কস্মিংশ্চিত্তু গতে কালে স রাজা নিয়তব্রতঃ।
জ্যেষ্ঠায়াং ধর্ম্মচারিণ্যাং মহিষ্যাং গর্ভমাদধে ॥২১॥
রাজপুত্র্যাস্তু গর্ভঃ স মালব্যাং ভরতর্ষভ!।
ব্যবর্দ্ধত তদা শুক্লে তারাপতিরিবাম্বরে ॥২২॥
প্রাপ্তে কালে তু সুষুবে কন্যাং রাজীবলোচনাম্।
ক্রিয়াশ্চ তস্যা মুদিতশ্চক্রে স নৃপসত্তমঃ ॥২৩॥
সাবিত্র্যা প্রীতয়া দত্তা সাবিত্র্যা হুতয়া হ্যপি।
সাবিত্রীত্যেব নামাস্যাশ্চক্রুর্বিপ্রাস্তথা পিতা ॥২৪॥

ভারতকৌমুদী

অন্তরিতি। এতেন স্থানান্তর এব পূর্ব্বোক্তং তপশ্চরিতমিতি সূচিতম্ ॥২০॥
কস্মিন্নিতি। নিয়তব্রতঃ সাবিত্র্যুপাসনারূপনিয়মবান্। আদধে জনয়ামাস ॥২১॥
রাজেতি। মালব্যাং মালবদেশজাতায়াম্। শুক্লে পক্ষে, তারাপতিশ্চন্দ্রঃ ॥২২॥
প্রাপ্ত ইতি। রাজীবলোচনাং পদ্মনয়নাম্। ক্রিয়া জাতকর্ম্মাদিকাঃ ॥২৩॥

মার্কণ্ডেয় বলিলেন—তখন 'তাহাই হউক' এই ভাবে সাবিত্রীর বাক্য স্বীকার করিয়া রাজা, সত্বর কন্যা হওয়ার জন্য পুনরায় সাবিত্রীকে প্রসন্ন করিলেন ॥১৯॥

তাহার পর সাবিত্রী অন্তর্হিত হইলে, রাজা আপন রাজধানীতে গমন করিলেন এবং ন্যায় অনুসারে প্রজা পালন করিতে থাকিয়া আপন রাজ্যেই বাস করিতে থাকিলেন ॥২০॥

কিছু কাল অতীত হইলে, নিয়তব্রতধারী সেই রাজা জ্যেষ্ঠা ধর্ম্মমহিষীরু গর্ভ উৎপাদন করিলেন ॥২১॥

ভরতশ্রেষ্ঠ! শুক্লপক্ষে আকাশে চন্দ্র যেমন বৃদ্ধি পায়, সেইরূপ মালব-রাজনন্দিনীর সেই গর্ভ ক্রমে বৃদ্ধি পাইতে লাগিল ॥২২॥

তাহার পর যথাসময়ে রাজমহিষী, পদ্মনয়না একটী কন্যা প্রসব করিলেন। তখন রাজশ্রেষ্ঠ অশ্বপতি আনন্দিত হইয়া সেই কন্যাটীর জাতকর্ম্মাদি কার্য্য সম্পাদন করিলেন ॥২৩॥

সাবিত্রীমন্ত্রে হোম করায় সাবিত্রীদেবী প্রসন্ন হইয়া সেই কন্যাটী দান করিয়াছিলেন বলিয়া পিতা ও ব্রাহ্মণেরা তাহার নাম করিলেন--'সাবিত্রী' ॥২৪॥

(২২) রাজপুত্র্যাস্তু গর্ভঃ স মানব্যা ভরতর্ষভ!...বা ব কা নি।

সা বিগ্রহবতীব শ্রীর্ব্যবর্দ্ধত নৃপাত্মজা।
কালেন চাপি সা কন্যা যৌবনস্থা বভূব হ ॥২৫॥
তাং সুমধ্যাং পৃথুশ্রোণীং প্রতিমাং কাঞ্চনীমিব।
প্রাপ্তেয়ং দেবকন্যেতি দৃষ্ট্বা সংমেনিরে জনাঃ ॥২৬॥
তাং তু পদ্মপলাশাক্ষীং জ্বলন্তীমিব তেজসা।
ন কশ্চিদ্বরয়ামাস তেজসা প্রতিবাধিতঃ ॥২৭॥
অথোপোষ্য শিরঃস্নাতা দেবতামভিগম্য সা।
হুত্বাগ্নিং বিধিবদ্বিপ্রান্ বাচয়ামাস পর্ব্বণি ॥২৮॥
ততঃ সুমনসঃ শেষাঃ প্রতিগৃহ্য মহাত্মনঃ।
পিতুঃ সমীপমগমদ্দেবী শ্রীরিব রূপিণী ॥২৯॥
সাভিবাদ্য পিতুঃ পাদৌ শেষাঃ পূর্ব্বং নিবেদ্য চ।
কৃতাঞ্জলির্বরারোহা নৃপতেঃ পার্শ্বমাস্থিতা ॥৩০॥

ভারতকৌমুদী

সাবিত্র্যেতি। সাবিত্র্যা দেব্যা, সাবিত্র্যা সাবিত্রীমন্ত্রেণ ॥২৪॥
সেতি। বিগ্রহবতী মূর্ত্তিমতী, শ্রীর্লক্ষ্মীঃ ॥২৫॥
তামিতি। পৃথুশ্রোণীং বিশালনিতম্বাম্, কাঞ্চনীং স্বর্ণময়ীম্ ॥২৬॥
তামিতি। বরয়ামাস স্বয়ং প্রার্থয়ামাস, প্রতিবাধিতঃ অভিভূতঃ ॥২৭॥
অথেতি। শিরঃস্নাতা সশিরোমগ্না। বাচয়ামাস স্বস্তিবচনমিতি শেষঃ ॥২৮॥
তত ইতি। সুমনস ইষ্টদেবতায়াঃ, "সুমনাঃ পুষ্পমালত্যোঃ স্ত্রিয়াং না ধীরদেবয়োঃ" ইতি মেদিনী। শেষা দত্তনির্ম্মাল্যানি, "শেষা নির্ম্মাল্যদানে স্যাৎ" ইতি হেমচন্দ্রঃ ॥২৯॥

মূর্ত্তিমতী লক্ষ্মীর ন্যায় সেই রাজকন্যাটী ক্রমে বৃদ্ধি পাইতে লাগিল, পরে যথাকালে সে যৌবনে পদার্পণ করিল ॥২৫॥

তখন স্বর্ণময়ী প্রতিমার ন্যায় সেই সুমধ্যমা ও বিশালনিতম্বা রাজকন্যাকে দেখিয়া 'ইনি দেবকন্যাই আসিয়াছেন' এইরূপ লোকেরা মনে করিতে লাগিল ॥২৬॥

কিন্তু তাহার তেজে অভিভূত হইয়া কোন যুবাই সেই পদ্মপলাশাক্ষী ও তেজস্বিনী কন্যাটীকে প্রার্থনা করিল না ॥২৭॥

তাহার পর সাবিত্রী কোন পর্ব্বতিথিতে মজ্জনস্নান করিয়া ইষ্টদেবতার গৃহে যাইয়া যথাবিধানে হোম করিয়া ব্রাহ্মণগণদ্বারা স্বস্তিপাঠ করাইলেন ॥২৮॥

তাহার পর মূর্ত্তিমতী লক্ষ্মীর ন্যায় পরমসুন্দরী সাবিত্রী ইষ্টদেবতার নির্ম্মাল্য লইয়া মহাত্মা পিতার নিকট গমন করিলেন ॥২৯॥

যৌবনস্থাং তু তাং দৃষ্ট্বা স্বাং সুতাং দেবরূপিণীম্।
অযাচ্যমানাঞ্চ বরৈর্নৃপতিঃ দুঃখিতোঽভবৎ ॥৩১॥

রাজোবাচ।

পুত্রি! প্রদানকালস্তে ন চ কশ্চিদ্‌বৃণোতি মাম্।
স্বয়মন্বিচ্ছ ভর্ত্তারং গুণৈঃ সদৃশমাত্মনঃ ॥৩২॥
প্রার্থিতঃ পুরুষো যশ্চ স নিবেদ্যস্ত্বয়া মম।
বিমৃশ্যাহং প্রদাস্যামি বরয় ত্বং যথেপ্সিতম্ ॥৩৩॥
শ্রুতং হি ধর্ম্মশাস্ত্রেষু পঠ্যমানং দ্বিজাতিভিঃ।
তথা ত্বমপি কল্যাণি! গদতো মে বচঃ শৃণু ॥৩৪॥

ভারতকৌমুদী

সেতি। শেষা নির্ম্মাল্যানি। বরারোহা সুন্দরনিতম্বা সাবিত্রী ॥৩০॥
যৌবনেতি। দেবরূপিণীং দেবীবৎ সুন্দরীম্ ॥৩১॥
পুত্রীতি। বৃণোতি ত্বাং প্রার্থয়তে। অন্বিচ্ছ মার্গয়, গুণৈর্বিদ্যাশীলাদিভিঃ ॥৩২॥
প্রেতি। প্রার্থিতঃ অভিমতঃ। বিমৃশ্য বিবিচ্য। বরয় বরত্বেন নিরূপয় ॥৩৩॥
শ্রুতমিতি। দ্বিজাতিভির্ব্রাহ্মণৈঃ। গদতস্ত্বদতঃ ॥৩৪॥

ভারতভাবদীপঃ

পুত্রার্থং প্রার্থনাবচনং নিসর্গেণাজ্ঞয়া ॥১৮॥ প্রতিজ্ঞায়াঙ্গীকৃত্য ॥১৯—২১॥ মানব্যা মনুপুত্র্যাঃ ॥২২—২৬॥ প্রতিবারিতোঽভিভূতঃ ॥২৭—২৮॥ সুমনস ইষ্টদেবতায়াঃ। "সুপর্ব্বাণঃ সুমনসস্ত্রিদিবেশাঃ" ইত্যমরঃ। শেষাঃ প্রসাদপূর্ব্বকং দত্তানি মাল্যানি প্রসাদভূতা মালা ইত্যর্থঃ। "প্রসাদান্নিজনির্ম্মাল্যদানে শেষানুকীর্ত্তিতা" ইতি বিশ্বঃ ॥২৯—৩২॥ প্রার্থিত

সুন্দরনিতম্বা সাবিত্রী প্রথমে নির্ম্মাল্য দান করিয়া পরে পিতার চরণযুগলে নমস্কার করিয়া তৎপরে কৃতাঞ্জলি হইয়া তাঁহার পার্শ্বে দাঁড়াইলেন ॥৩০॥

তখন রাজা দেবরূপিণী নিজ কন্যাকে যুবতি দেখিয়া এবং বরগণ তাঁহাকে প্রার্থনা করিতেছে না জানিয়া দুঃখিত হইলেন ॥৩১॥

পরে রাজা বলিলেন—'পুত্রি! তোমার সম্প্রদানকাল উপস্থিত হইয়াছে; অথচ কোন ব্যক্তিই আমার নিকট তোমাকে প্রার্থনা করিতেছে না। অতএব তুমি নিজেই নিজের উপযুক্ত গুণবান্ পতির অন্বেষণ কর ॥৩২॥

তুমি যে পুরুষকে মনোনীত করিবে, তাহার বিষয় আমাকে জানাইবে। তা'র পর আমি বিবেচনা করিয়া তোমাকে দান করিব। অতএব তুমি অভীষ্ট বর নিরূপণ কর ॥৩৩॥

কল্যাণি! ব্রাহ্মণেরা ধর্ম্মশাস্ত্রের বচন পড়িবার সময়ে আমি যেমন শুনিয়াছি, তেমনই তাহা বলিতেছি, তুমিও শ্রবণ কর ॥৩৪॥

অপ্রদাতা পিতা বাচ্যো বাচ্যশ্চানুপযন্ পতিঃ।
মৃতে ভর্ত্তরি পুত্রশ্চ বাচ্যো মাতুররক্ষিতা ॥৩৫॥
ইদং মে বচনং শ্রুত্বা ভর্ত্তুরন্বেষণে ত্বর।
দেবতানাং যথা বাচ্যো ন ভবেয়ং তথা কুরু ॥৩৬॥

মার্কণ্ডেয় উবাচ।

এবমুক্ত্বা দুহিতরং তথা বৃদ্ধাংশ্চ মন্ত্রিণঃ।
ব্যাদিদেশানুযাত্রঞ্চ গম্যতাঞ্চেত্যচোদয়ৎ ॥৩৭॥
সাভিবাদ্য পিতুঃ পাদৌ ব্রীড়িতেব মনস্বিনী।
পিতুর্ব্বচনমাজ্ঞায় নির্জগামাবিচারিতম্ ॥৩৮॥
সা হৈমং রথমাস্থায় স্থবিরৈঃ সচিবৈর্বৃতা।
তপোবনানি রম্যাণি রাজর্ষীণাং জগাম হ ॥৩৯॥

ভারতকৌমুদী

অপ্রেতি। অপ্রদাতা কন্যায়াঃ, বাচ্যো নিন্দনীয়ঃ, অনুপযন্ ঋতৌ ভার্য্যামগচ্ছন্ ॥৩৫॥
ইদমিতি। ত্বর ত্বরস্ব। বাচ্যো নিন্দনীয়ঃ, যথাকালং কন্যায়া অদানাদিত্যাশয়ঃ ॥৩৬॥
এবমিতি। অনুযাত্রং যানবাহনাদিকম্। অচোদয়ৎ প্রেরিতবান্ ॥৩৭॥
সেতি। আজ্ঞায় শ্রুত্বা। অবিচারিতং যথা স্যাত্তথা, পিতুরাদেশগৌরবাৎ ॥৩৮॥

ভারতভাবদীপঃ

ইচ্ছিতঃ ॥৩৩—৩৪॥ বাচ্যো নিন্দ্যঃ, অনুপযন্ ঋতাবগচ্ছন্ ॥৩৫—৩৬॥ অনুযাত্রং যাত্রোপকরণং বাহনাদি ॥৩৭—৪১॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৪৭॥

যে পিতা কন্যাদান না করেন, তিনি নিন্দনীয় পিতা; যে ভর্ত্তা ঋতুকালে ভার্য্যাগমন না করেন, তিনি নিন্দনীয় ভর্ত্তা এবং পিতার মৃত্যু হইলে যে পুত্র মাতাকে রক্ষা না করে সেও নিন্দনীয় পুত্র ॥৩৫॥

আমার এই কথা শুনিয়া সত্বর ভর্ত্তার অন্বেষণ কর; যাহাতে দেবতারা আমার নিন্দা না করেন, তাহা কর' ॥৩৬॥

মার্কণ্ডেয় বলিলেন—'রাজা এইরূপ বলিয়া সাবিত্রীকে ও বৃদ্ধমন্ত্রিগণকে যাইবার আদেশ করিলেন, যানবাহনাদির ব্যবস্থা করিলেন এবং 'যাও' বলিয়া অনুমতি করিলেন ॥৩৭॥

তখন মনস্বিনী সাবিত্রী পিতার বাক্য শুনিয়া যেন লজ্জিত হইয়া তাঁহার চরণযুগলে নমস্কার করিয়া অবিচারিতভাবে নির্গত হইলেন ॥৩৮॥

---

(৩৮)...ব্রীড়িতেব তপস্বিনী...বা ব কা।

মান্যানাং তত্র বৃদ্ধানাং কৃত্বা পাদাভিবন্দনম্।
বনানি ক্রমশস্তাত! সর্ব্বাণ্যেবাভ্যগচ্ছত ॥৪০॥
এবং তীর্থেষু সর্ব্বেষু ধনোৎসর্গং নৃপাত্মজা।
কুর্ব্বতী দ্বিজমুখ্যানাং তং তং দেশং জগাম হ ॥৪১॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
দ্রৌপদীহরণে সাবিত্র্যুপাখ্যানে সপ্তচত্বারিংশ-
দধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:(*):——

ভারতকৌমুদী

সেতি। হৈমং স্বর্ণময়ম্। রাজর্ষীণাং সবর্ণত্বাত্তত্র গমনস্যৈবৌচিত্যাৎ ॥৩৯॥
মান্যানামিতি। তাতেতি যুধিষ্ঠিরসম্বোধনম্। অভ্যগচ্ছত অভ্যগচ্ছৎ ॥৪০॥
এবমিতি। ধনোৎসর্গং ধনদানম্। দ্বিজমুখ্যানাং ব্রাহ্মণেভ্যঃ ॥৪১॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-
সমাখ্যায়াং বনপর্বণি দ্রৌপদীহরণে সপ্তচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

——০:*:০——

তিনি স্বর্ণময় রথে আরোহণ করিয়া বৃদ্ধমন্ত্রিগণে পরিবেষ্টিত হইয়া প্রথমে রাজর্ষিগণের মনোহর তপোবনগুলিতে গমন করিলেন ॥৩৯॥

বৎস যুধিষ্ঠির! সাবিত্রী সেখানে মাননীয় বৃদ্ধগণের চরণে নমস্কার করিয়া ক্রমশঃ সকল বনে গমন করিলেন ॥৪০॥

এইভাবে রাজনন্দিনী সাবিত্রী সমস্ত তীর্থে যাইয়া ব্রাহ্মণগণকে ধনদান করিতে থাকিয়া সেই সেই দেশে গমন করিলেন' ॥৪১॥

——:০:——

* '…ঊনাশীত্যধিকদ্বিশততমঃ' পি, '…দ্বিনবত্যধিকদ্বি…' বা ব, '…ত্রিনবত্যধিকদ্বি…' কা, '…চতুর্নবত্যধিকদ্বি…' নি।

অষ্টচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

—— :*: ——

মার্কণ্ডেয় উবাচ।

অথ মদ্রাধিপো রাজা নারদেন সমাগতঃ।
উপবিষ্টঃ সভামধ্যে কথাযোগেন ভারত! ॥১॥
ততোঽভিগম্য তীর্থানি সর্বাণি চাশ্রমাংশ্চ সা।
আজগাম পিতুর্ব্বেশ্ম সাবিত্রী সহ মন্ত্রিভিঃ ॥২॥
নারদেন সহাসীনং সা দৃষ্ট্বা পিতরং শুভা।
উভয়োরেব শিরসা চক্রে পাদাভিবন্দনম্ ॥৩॥

নারদ উবাচ।

ক গতাভূৎ সুতেয়ং তে কুতশ্চৈবাগতা নৃপ!।
কিমর্থং যুবতীং ভর্ত্রে ন চৈনাং সম্প্রযচ্ছসি ॥৪॥

অশ্বপতিরুবাচ।

কার্য্যেণ খল্বনেনৈব প্রেষিতাদ্যৈব চাগতা।
তদস্যাঃ শৃণু দেবর্ষে! ভর্ত্তা বৈ যোঽনয়া বৃতঃ ॥৫॥

ভারতকৌমুদী

অথেতি। সমাগতঃ সম্মিলিতঃ সন্। কথাযোগেন নানাকথাপ্রসঙ্গেন ॥১॥
তত ইতি। ততস্তদা। আশ্রমাংশ্চ সর্ব্বানিতি লিঙ্গবিপরিণামেনান্বয়ঃ ॥২॥
নারদেনেতি। আসীনমুপবিষ্টম্। উভয়োর্নারদপিত্রোঃ ॥৩॥
কেতি। যুবত্যবস্থায়ামপি কন্যায়া অদানং বিশেষকারণং বিনা ন সম্ভবতীতি ভাবঃ ॥৪॥

মার্কণ্ডেয় বলিলেন—'ভরতনন্দন! তাহার পর একদা মদ্ররাজ অশ্বপতি নারদের সহিত মিলিত হইয়া নানাকথার প্রসঙ্গে সভামধ্যে উপবিষ্ট ছিলেন ॥১॥

সেই সময়ে সাবিত্রী সমস্ত তীর্থ ও আশ্রম বিচরণ করিয়া মন্ত্রিগণের সহিত পিতৃভবনে আগমন করিলেন ॥২॥

তখন কল্যাণী সাবিত্রী, নারদের সহিত পিতাকে উপবিষ্ট দেখিয়া মস্তকদ্বারা উভয়ের চরণেই নমস্কার করিলেন' ॥৩॥

নারদ বলিলেন—'রাজা! আপনার এই কন্যাটী কোথায় গিয়াছিল? কোথা হইতেই বা আসিয়াছে? এবং কি জন্যই বা আপনি এই যুবতি কন্যাকে পতিহস্তে দান করিতেছেন না? ॥৪॥

---

(৫)···এতস্যাঃ শৃণু দেবর্ষে! ভর্ত্তারং যোঽনয়া বৃতঃ—বা ব কা নি।

মার্কণ্ডেয় উবাচ।

সা ব্রূহি বিস্তরেণেতি পিত্রা সঞ্চোদিতা শুভা।
দৈবতস্যেব বচনং প্রতিগৃহ্যেদমব্রবীৎ ॥৬॥

সাবিত্র্যুবাচ।

আসীচ্ছাল্বেষু ধর্ম্মাত্মা ক্ষত্রিয়ঃ পৃথিবীপতিঃ।
দ্যুমৎসেন ইতি খ্যাতঃ পশ্চাচ্চান্ধো বভূব সঃ ॥৭॥
বিনষ্টচক্ষুষস্তস্য বালপুত্রস্য ধীমতঃ।
সামীপ্যেন হৃতং রাজ্যং ছিদ্রেঽস্মিন্ পূর্ব্ববৈরিণা ॥৮॥
স বালবৎসয়া সার্দ্ধং ভার্য্যয়া প্রস্থিতো বনম্।
মহারণ্যগতশ্চাপি তপস্তেপে মহাব্রতঃ ॥৯॥
তস্য পুত্রঃ পুরে জাতঃ সংবৃদ্ধশ্চ তপোবনে।
সত্যবাননুরূপো মে ভর্ত্তেতি মনসা বৃতঃ ॥১০॥

ভারতকৌমুদী

কার্য্যেণেতি। কার্য্যেণ প্রয়োজনেন। অস্যাঃ সাবিত্র্যাঃ সকাশাৎ ॥৫॥
সেতি। সঞ্চোদিতা বক্তুং প্রণোদিতা। দৈবতস্যেবেত্যাদরাতিশয়ার্থমুক্তম্ ॥৬॥
আসীদিতি। শাল্বেষু শাল্বদেশে। পৃথিবীপতিঃ রাজা ॥৭॥
বিনষ্টেতি। বালঃ পুত্রো যস্য তস্য। ছিদ্রে অন্ধত্বরূপেঽবকাশে ॥৮॥
স ইতি। বালো বৎসঃ পুত্রো যস্যাস্তয়া। মহাব্রতো বিশেষনিয়মবান্ ॥৯॥

অশ্বপতি বলিলেন—'দেবর্ষি! এই প্রয়োজনেই উহাকে পাঠাইয়াছিলাম এবং অদ্যই আসিয়াছে; আর এ, যাহাকে পতিত্বে বরণ করিয়াছে, তাহার বিষয় উহার নিকটই শুনুন' ॥৫॥

মার্কণ্ডেয় বলিলেন—'বিস্তরক্রমে বল' এইরূপ পিতা আদেশ করিলে, কল্যাণী সাবিত্রী দেবতার বাক্যের ন্যায় পিতার বাক্য গ্রহণ করিয়া বলিতে লাগিলেন' ॥৬॥

সাবিত্রী বলিলেন—'শাল্বদেশে 'দ্যুমৎসেন'—নামে এক ধর্ম্মাত্মা ক্ষত্রিয় রাজা ছিলেন; তিনি পরে অন্ধ হইয়া গিয়াছেন ॥৭॥

সে রাজা বুদ্ধিমান্ বটেন, তবে তাঁহার চক্ষু নষ্ট হইয়াছিল এবং পুত্রও বালক ছিল বলিয়া সেই ফাঁকে নিকটবর্ত্তী পূর্ব্বশত্রু তাঁহার রাজ্য হরণ করিয়া নিয়াছে ॥৮॥

তাই তিনি বালপুত্রা ভার্য্যার সহিতই বনে গিয়াছেন এবং সে মহাবনে যাইয়াও বিশেষ নিয়ম অবলম্বন করিয়া তপস্যা করিয়াছেন ॥৯॥

নারদ উবাচ

অহোবত মহৎপাপং সাবিত্র্যা নৃপতে! কৃতম্।
অজানন্ত্যা যদনয়া গুণবান্ সত্যবান্ বৃতঃ ॥১১॥
সত্যং বদত্যস্য পিতা সত্যং মাতা প্রভাষতে।
ততোঽস্য ব্রাহ্মণাশ্চক্রুর্নামৈতৎ সত্যবানিতি ॥১২॥
বালস্যাশ্বাঃ প্রিয়াশ্চাস্য করোত্যশ্বাংশ্চ মৃন্ময়ান্।
চিত্রেঽপি বিলিখত্যশ্বাংশ্চিত্রাশ্ব ইতি চোচ্যতে ॥১৩॥

রাজোবাচ।

অপীদানীং স তেজস্বী বুদ্ধিমান্ বা নৃপাত্মজঃ।
ক্ষমাবানপি বা শূরঃ সত্যবান্ পিতৃবৎসলঃ ॥১৪॥

নারদ উবাচ।

বিবস্বানিব তেজস্বী বৃহস্পতিসমো মতৌ।
মহেন্দ্র ইব শূরশ্চ বসুধেব ক্ষমান্বিতঃ ॥১৫॥

ভারতকৌমুদী

তস্যেতি। সংবৃদ্ধঃ সম্যগ্ বৃদ্ধিং প্রাপ্তঃ। সত্যবান্ নাম ॥১০॥
অহো ইতি। পাপং পাপঘটিতমাত্মনোঽনিষ্টম্। অজানন্ত্যেতি নলোপাভাব আর্ষঃ ॥১১॥
নামকারণং নির্ব্বক্তি সত্যমিতি। স্বাশ্রয়জন্যত্বসম্বন্ধেন সত্যবত্ত্বাদিতি ভাবঃ ॥১২॥
নামান্তরকারণমাহ বালস্যেতি। বিলিখতি বাহুল্যেন চিত্রয়তি স্ম ॥১৩॥
অপীতি। অপিশব্দঃ প্রশ্নে। পিতৃবৎসলঃ পিতৃভক্তঃ ॥১৪॥

তাঁহার পুত্র রাজধানীতেই জন্মিয়াছিলেন, কিন্তু তপোবনে আসিয়া বৃদ্ধি পাইয়াছেন; তাঁহার নাম—'সত্যবান্'। তিনি আমার সম্পূর্ণ অনুরূপ; তাই আমি মনে মনে তাঁহাকেই পতিত্বে বরণ করিয়াছি' ॥১০॥

নারদ বলিলেন—'হায় রাজা! সাবিত্রী নিজের গুরুতর অনিষ্ট করিয়াছে। যে হেতু এ, না জানিয়া গুণবান্ হইলেও সত্যবান্‌কে বরণ করিয়াছে ॥১১॥

উহার পিতা সত্য বলেন, মাতাও সত্য বলেন; সেই জন্যই ব্রাহ্মণেরা উহার নাম করিয়াছেন—'সত্যবান্' ॥১২॥

আর শৈশব অবস্থায় অশ্ব উহার প্রিয় ছিল, মৃন্ময় অশ্ব নির্ম্মাণ করিত এবং চিত্রেও বিশেষরূপে অশ্ব চিত্রিত করিত; এই কারণে উহাকে 'চিত্রাশ্ব' ও বলে' ॥১৩॥

রাজা অশ্বপতি বলিলেন—'রাজপুত্র সত্যবান্ এখন তেজস্বী, বুদ্ধিমান্, ক্ষমাবান্, বীর ও পিতৃভক্ত হইয়াছেন ত?' ॥১৪॥

অশ্বপতিরুবাচ।

অপি রাজাত্মজো দাতা ব্রহ্মণ্যশ্চাপি সত্যবান্।
রূপবানপ্যুদারো বাঽপ্যথবা প্রিয়দর্শনঃ ॥১৬॥

নারদ উবাচ।

সাঙ্কৃতে রন্তিদেবস্য স্বশক্ত্যা দানতঃ সমঃ।
ব্রহ্মণ্যঃ সত্যবাদী চ শিবিরৌশীনরো যথা ॥১৭॥
যযাতিরিব চোদারঃ সোমবৎ প্রিয়দর্শনঃ।
রূপেণান্যতমোঽশ্বিভ্যাং দ্যুমৎসেনসুতো বলী ॥১৮॥
স দান্তঃ স মৃদুঃ শূরঃ স সত্যঃ সংযতেন্দ্রিয়ঃ।
স মৈত্রঃ সোঽনসূয়শ্চ স হ্রীমান্ দ্যুতিমাংশ্চ সঃ ॥১৯॥
নিত্যশশ্চার্জবং তস্মিন্ স্থিতিস্তস্যৈব চ ধ্রুবা।
সংক্ষেপতস্তপোবৃদ্ধৈঃ শীলবৃদ্ধৈশ্চ কথ্যতে ॥২০॥

ভারতকৌমুদী

বিবস্বানিতি। তেজস্বী অনভিভবনীয়স্বভাবঃ। মতৌ বুদ্ধৌ ॥১৫॥

অপীতি। ব্রহ্মণ্যো ব্রাহ্মণহিতঃ, সত্যবান্ সত্যপরায়ণঃ, "সত্যবাদী" ইতি পরোক্তেঃ ॥১৬॥

সাঙ্কৃতেরিতি। সঙ্কৃতেরপত্যং সাঙ্কৃতিস্তস্য। স্বশক্ত্যা স্বেচ্ছয়ৈব, ন তু পরপ্রয়োগেণ ॥১৭॥

যযাতিরিতি। রূপেণাশ্বিভ্যামন্যতমঃ অশ্বিনীকুমারতুল্যরূপবানিত্যর্থঃ ॥১৮॥

স ইতি। দান্তো বহিরিন্দ্রিয়দমনশীলঃ। সত্যঃ সত্যব্যবহারী, সংযতেন্দ্রিয়ো জিতচিত্তঃ। মৈত্রো মিত্রহিতৈষী, হ্রীমান্ লজ্জাশীলঃ, দ্যুতিমান্ কান্তিমান্ ॥১৯॥

নিত্যশ ইতি। আর্জবং সরলতা, স্থিতিঃ মান্যজনমাননাদিরূপা মর্য্যাদা ॥২০॥

নারদ বলিলেন—'সত্যবান্ এখন সূর্য্যের ন্যায় তেজস্বী, বৃহস্পতির ন্যায় বুদ্ধিমান্, ইন্দ্রের ন্যায় বীর এবং পৃথিবীর ন্যায় ক্ষমাবান্ হইয়াছেন' ॥১৫॥

অশ্বপতি বলিলেন—'সে রাজপুত্র—দাতা, ব্রাহ্মণহিতৈষী, সত্যপরায়ণ, রূপবান্, উদারস্বভাব এবং প্রিয়দর্শন হইয়াছেন কি না?' ॥১৬॥

নারদ বলিলেন—'সত্যবান্ আপন ইচ্ছাকৃত দানে সঙ্কৃতিপুত্র রন্তিদেবের তুল্য এবং উশীনরপুত্র শিবির ন্যায় ব্রাহ্মণহিতৈষী ও সত্যবাদী হইয়াছেন ॥১৭॥

আর তিনি—যযাতির ন্যায় উদারস্বভাব, চন্দ্রের ন্যায় প্রিয়দর্শন এবং অশ্বিনীকুমারদের ন্যায় রূপবান্ হইয়াছেন ॥১৮॥

এবং তিনি—দান্ত, কোমল, বীর, সত্যব্যবহারী, সংযতচিত্ত, বন্ধুহিতৈষী, অসূয়াশূন্য, লজ্জাশীল ও লাবণ্যশালী হইয়াছেন ॥১৯॥

(১৬)···ব্রহ্মণ্যশ্চাপি বীর্য্যবান্···পি।

অশ্বপতিরুবাচ।

গুণৈরুপেতং সর্বৈস্তং ভগবান্ প্রব্রবীতি মে।
দোষানপ্যস্য মে ব্রূহি যদি সন্তীহ কেচন ॥২১॥

নারদ উবাচ।

এক এবাস্য দোষো হি গুণানাক্রম্য তিষ্ঠতি।
স চ দোষঃ প্রযত্নেন ন শক্যঃ পরিবর্ত্তিতুম্ ॥২২॥
একো দোষোঽস্তি নান্যোঽস্য সোঽদ্যপ্রভৃতি সত্যবান্।
সংবৎসরেণ ক্ষীণায়ুর্দেহন্যাসং করিষ্যতি ॥২৩॥

রাজোবাচ।

এহি সাবিত্রি! গচ্ছস্ব অন্যং বরয় শোভনে!।
তস্য দোষো মহানেকো গুণানাক্রম্য তিষ্ঠতি ॥২৪॥

ভারতকৌমুদী

গুণৈরিতি। দোষানপি ব্রূহি, অন্যথা "অহোবত মহৎ পাপম্" ইতি স্বোক্তির্নযুজ্যতে॥২১॥
এক ইতি। আক্রম্য অভিভূয়। পরিবর্ত্তিতুং পরিবর্ত্তয়িতুম্ ॥২২॥
এক ইতি। দেহন্যাসং দেহত্যাগম্। দেহন্যাসকরণমেব স দোষ ইত্যর্থঃ ॥২৩॥
এহীতি। দোষঃ অল্পায়ুষ্ট্বম্,। মরণেনৈব সর্বগুণাবসানাদিতি ভাবঃ ॥২৪॥

আর তপোবৃদ্ধ ও স্বভাববৃদ্ধেরা সংক্ষেপে বলিয়া থাকেন যে, সত্যবানে সর্ব্বদাই সরলতা ও মর্য্যাদাজ্ঞান রহিয়াছে' ॥২০॥

অশ্বপতি বলিলেন—'আপনি আমার নিকট সত্যবান্‌কে সর্ব্বগুণসম্পন্ন বলিতেছেন; কিন্তু উহার যদি কোন দোষ থাকে, তাহাও আমার নিকট বলুন' ॥২১॥

নারদ বলিলেন—'সত্যবানের একটা দোষই সমস্ত গুণকে অভিভূত করিয়া রহিয়াছে। সে দোষকে কেহ বিশেষ চেষ্টা করিয়াও পরিবর্ত্তন করিতে সমর্থহইবে না ॥২২॥

সত্যবানের একটা দোষই আছে, অন্য দোষ নাই। সে দোষ এই—যে, আজ হইতে একবৎসরের সময়ে সত্যবানের আয়ুঃশেষ হইবে এবং সে তখন দেহত্যাগ করিবে' ॥২৩॥

অশ্বপতি বলিলেন—'আয় সাবিত্রি! তুই যা, যেয়ে অন্য বর পছন্দ কর্। কারণ, সত্যবানের সেই একটা গুরুতর দোষই সমস্ত গুণকে অভিভূত করিয়া রহিয়াছে ॥২৪॥

(২১)…ভগবন্! প্রব্রবীতি মে…বা ব কা। (২২)…ন শক্যস্তাতিবর্ত্তিতুম্—বা ব কা দি।

যথা মে ভগবানাহ নারদো দেবসৎকৃতঃ।
সংবৎসরেণ সোঽল্পায়ুর্দেহন্যাসং করিষ্যতি ॥২৫॥

সাবিত্র্যুবাচ।

সকৃদংশো নিপততি সকৃৎ কন্যা প্রদীয়তে।
সকৃদাহ দদানীতি ত্রীণ্যেতানি সকৃৎ সকৃৎ ॥২৬॥
দীর্ঘায়ুরথবাল্পায়ুঃ সগুণো নিগুর্ণোঽপি বা।
সকৃদ্বৃতো ময়া ভর্ত্তা ন দ্বিতীয়ং বৃণোম্যহম্ ॥২৭॥

ভারতকৌমুদী

যথেতি। দেবৈরপি সৎকৃতঃ সর্বজ্ঞত্বাদাদৃতঃ। নারদবচনং মিথ্যা ভবিতুং নার্হতীত্যাশয়ঃ ॥২৫॥

সকৃদিতি। অংশিভিঃ সোদরাদিভিঃ সম্যক্ ক্রিয়মাণঃ অংশঃ পৈতৃকাদিধনভাগঃ, সকৃৎ একবারমেব, নিপততি অংশিবিশেষে বর্ত্ততে, ন দ্বিতীয়বারম্, স্বব্যবস্থয়া অংশিবিশেষে সকৃন্নিপাতেনৈব অংশান্তরস্য স্বত্বনাশাৎ বিভাগস্য চ স্বত্বমূলকত্বাদিতি ভাবঃ। কন্যা সকৃদেব প্রদীয়তে, পিত্রাদিনা কন্যয়া আত্মনা বা, ন দ্বিতীয়বারম্। দ্রব্যান্তরদানেঽপি দাতা সকৃদেব দদানীত্যাহ, ন দ্বিতীয়বারম্, সকৃদ্দানেন দানবচনেন চ দাতুঃ স্বত্বনাশাৎ দানস্যাপি স্বত্বমূলকত্বাদিত্যাশয়ঃ। ত্রীণ্যেতানি ত্রয়াণামেতেষাং প্রত্যেকমেব সকৃৎ সকৃদেব ভবতি, ন পুনর্দ্বিরাদি। তথা চ ময়া মনসা সত্যবত এব সকৃদাত্মদানেন বরান্তরায় তদ্দানং ন সম্ভবতি তেনৈব ময়ি মৎস্বত্বনাশাদিতি সমুদায়াশয়ঃ। নবমাধ্যায়ে মনুবচনমপ্যবিকলমীদৃশমেব। উদ্বাহতত্ত্বাদৌ স্মার্ত্তাদিনাপীদং ধৃতম্ ॥২৬॥

ফলিতার্থমাহ দীর্ঘেতি। বৃতো মনসা, ভর্ত্তা সত্যবান্ ॥২৭॥

ভারতভাবদীপঃ

অথেতি। কথাযোগেন কথাপ্রসঙ্গেন ॥১—৭॥ সামীপ্যেন সমীপবাসিনা, ছিদ্রে অন্ধত্বে সতি ॥৮—৯॥ সত্যবান্নামতঃ ॥১০—১৩॥ তেজস্বী প্রতাপবান্ বুদ্ধিমান্ বা, বা শব্দশ্চার্থে ॥১৪—১৬॥ সাংকৃতেঃ সংকৃতিপুত্রস্য ॥১৭—২১॥ আক্রম্যাভিভূয় ॥২২—২৫॥ অংশঃ কাষ্ঠ-

দেবগণেরও সম্মানিত ভগবান্ নারদ আমাকে যাহা বলিলেন, তাহাতে অল্পায়ু সেই সত্যবান্ একবৎসর পূর্ণ হইলেই দেহত্যাগ করিবে' ॥২৫॥

সাবিত্রী বলিলেন—'অংশীর অংশে একবারমাত্রই ধনের ভাগ পড়ে, একবারমাত্রই কন্যাদান করা হয় এবং অন্যবস্তুদানের সময়েও একবারমাত্রই 'দদানি' শব্দ বলা হয়। সুতরাং এই তিনটা কার্য্যের প্রত্যেকটাই এক একবারমাত্রই হইয়া থাকে ॥২৬॥

অতএব সত্যবান্ দীর্ঘায়ুই হউন বা অল্পায়ুই হউন, কিংবা সগুণই হউন বা নিগুর্ণই হউন ; আমি একবার তাঁহাকে পতিরূপে বরণ করিয়াছি বলিয়া অন্য পুরুষকে আর বরণ করিতে পারি না ॥২৭॥

মনসা নিশ্চয়ং কৃত্বা ততো বাচাভিধীয়তে।
ক্রিয়তে কর্ম্মণা পশ্চাৎ প্রমাণং মে মনস্ততঃ ॥২৮॥

নারদ উবাচ।

স্থিরা বুদ্ধির্নরশ্রেষ্ঠ! সাবিত্র্যা দুহিতুস্তব।
নৈষা বারয়িতুং শক্যা ধর্ম্মাদস্মাৎ কথঞ্চন ॥২৯॥
নান্যস্মিন্ পুরুষে সন্তি যে সত্যবতি বৈ গুণাঃ।
প্রদানমেব তস্মাম্মে রোচতে দুহিতুস্তব ॥৩০॥

রাজোবাচ।

অবিচার্য্যমেতদুক্তং তথ্যঞ্চ ভবতা বচঃ।
করিষ্যাম্যেতদেবঞ্চ গুরুর্হি ভগবান্ মম ॥৩১॥

নারদ উবাচ।

অবিঘ্নমস্তু সাবিত্র্যাঃ প্রদানে দুহিতুস্তব।
সাধয়িষ্যাম্যহং তাবৎ সর্ব্বেষাং ভদ্রমস্তু বঃ ॥৩২॥

ভারতকৌমুদী

অথ মনসা বরণমকিঞ্চিৎকরমিত্যাহ মনসেতি। মনসা বরণস্যৈব মূলত্বমিতি ভাবঃ ॥২৮॥
স্থিরেতি। স্থিরা সত্যবতো বরণ এব নিশ্চলা। তৎফলমাহ নেতি ॥২৯॥
নেতি। প্রদানমেব সত্যবতে ইতি শেষঃ ॥৩০॥
অবীতি। অবিচার্য্যং ন্যায্যান্যায্যতয়া ন বিচারণীয়ম্, তথ্যং সত্যঞ্চ ॥৩১॥
অবিঘ্নমিতি। বিঘ্নস্যাভাবঃ অবিঘ্নম্। সাধয়িষ্যামি গমিষ্যামি, "প্রায়েণ ণ্যন্তকঃ সাধির্গমেঃ স্থানে প্রযুজ্যতে" ইতি সাহিত্যদর্পণাৎ। ভদ্রং মঙ্গলম্ ॥৩২॥

মানুষ প্রথমে মনে মনে কার্য্য স্থির করিয়া পরে মুখে বলে এবং তাহার পর সে কার্য্য করে। সুতরাং আমার মনই এবিষয়ে প্রমাণ ॥২৮॥

নারদ বলিলেন—'নরশ্রেষ্ঠ! আপনার কন্যা সাবিত্রীর বুদ্ধি স্থির হইয়াছে। সুতরাং ইহাকে কোন প্রকারেই এ ধর্ম্ম হইতে নিবারণ করিতে পারা যাইবে না ॥২৯॥

বস্তুতও সত্যবানের যে সকল গুণ আছে, তাহা অন্য পুরুষের নাই। অতএব আপনার কন্যাকে সত্যবানের হস্তে দান করাই আমার অভিপ্রেত ॥৩০॥

রাজা বলিলেন—'আপনি এটা অবিচার্য্য সত্য কথাই বলিয়াছেন। অতএব আমি এইরূপই ইহা করিব। কারণ, আপনি আমার গুরু' ॥৩১॥

নারদ বলিলেন—'কন্যা সাবিত্রীর প্রদানে যেন আপনার কোন বিঘ্ন হয় না; আমি যাইব, আপনাদের সকলের মঙ্গল হউক' ॥৩২॥

(৩১) অবিচাল্যমেতদুক্তম্...বা ব কা নি।

যথা মে ভগবানাহ নারদো দেবসংকৃতঃ।
সংবৎসরেণ সোঽল্পায়ুর্দেহন্যাসং করিষ্যতি ॥২৫॥

সাবিত্র্যুবাচ।

সকৃদংশো নিপততি সকৃৎ কন্যা প্রদীয়তে।
সকৃদাহ দদানীতি ত্রীণ্যেতানি সকৃৎ সকৃৎ ॥২৬॥
দীর্ঘায়ুরথবাল্পায়ুঃ সগুণো নির্গুণোঽপি বা।
সকৃদ্‌বৃতো ময়া ভর্ত্তা ন দ্বিতীয়ং বৃণোম্যহম্ ॥২৭॥

ভারতকৌমুদী

যথেতি। দেবৈরপি সংকৃতঃ সর্বজ্ঞত্বাদাদৃতঃ। নারদবচনং মিথ্যা ভবিতুং নার্হতীত্যাশয়ঃ ॥২৫॥

সকৃদিতি। অংশিভিঃ সোদরাদিভিঃ সম্যক্ ক্রিয়মাণঃ অংশঃ পৈতৃকাদিধনভাগঃ, সকৃৎ একবারমেব, নিপততি অংশিবিশেষে বর্ত্ততে, ন দ্বিতীয়বারম্, সুব্যবস্থয়া অংশিবিশেষে সকৃন্নিপাতেনৈব অংশান্তরস্য স্বত্বনাশাৎ বিভাগস্য চ স্বত্বমূলকত্বাদিতি ভাবঃ। কন্যা সকৃদেব প্রদীয়তে, পিত্রাদিনা কন্যয়া আত্মনা বা, ন দ্বিতীয়বারম্। দ্রব্যান্তরদানেঽপি দাতা সকৃদেব দদানীত্যাহ, ন দ্বিতীয়বারম্, সকৃদ্দানেন দানবচনেন চ দাতুঃ স্বত্বনাশাৎ দানস্যাপি স্বত্বমূলকত্বাদিত্যাশয়ঃ। ত্রীণ্যেতানি ত্রয়াণামেতেষাং প্রত্যেকমেব সকৃৎ সকৃদেব ভবতি, ন পুনর্বারাদি। তথা চ ময়া মনসা সত্যবত এব সকৃদাত্মদানেন বরান্তরায় তদ্দানং ন সম্ভবতি তেনৈব ময়ি মৎস্বত্বনাশাদিতি সমুদায়াশয়ঃ। নবমাধ্যায়ে মনুবচনমপ্যবিকলমীদৃশমেব। উদ্বাহতত্ত্বাদৌ স্মার্ত্তাদিনাপীদং ধৃতম্ ॥২৬॥

ফলিতার্থমাহ দীর্ঘেতি। বৃতো মনসা, ভর্ত্তা সত্যবান্ ॥২৭॥

ভারতভাবদীপঃ

অথেতি। কথাযোগেন কথাপ্রসঙ্গেন ॥১—৭॥ সামীপ্যেন সমীপবাসিনা, ছিদ্রে অন্ধত্বে সতি ॥৮—৯॥ সত্যবান্নামতঃ ॥১০—১৩॥ তেজস্বী প্রতাপবান্ বুদ্ধিমান্ বা, বা শব্দশ্চার্থে ॥১৪—১৬॥ সাংকৃতেঃ সংকৃতিপুত্রস্য ॥১৭—২১॥ আক্রম্যাভিভূয় ॥২২—২৫॥ অংশঃ কাষ্ঠ-

দেবগণেরও সম্মানিত ভগবান্ নারদ আমাকে যাহা বলিলেন, তাহাতে অল্পায়ু সেই সত্যবান্ একবৎসর পূর্ণ হইলেই দেহত্যাগ করিবে' ॥২৫॥

সাবিত্রী বলিলেন—'অংশীর অংশে একবারমাত্রই ধনের ভাগ পড়ে, একবারমাত্রই কন্যাদান করা হয় এবং অন্যবস্তুদানের সময়েও একবারমাত্রই 'দদানি' শব্দ বলা হয়। সুতরাং এই তিনটী কার্য্যের প্রত্যেকটাই এক একবারমাত্রই হইয়া থাকে ॥২৬॥

অতএব সত্যবান্ দীর্ঘায়ুই হউন বা অল্পায়ুই হউন, কিংবা সগুণই হউন বা নির্গুণই হউন; আমি একবার তাঁহাকে পতিরূপে বরণ করিয়াছি বলিয়া অন্য পুরুষকে আর বরণ করিতে পারি না ॥২৭॥

মনসা নিশ্চয়ং কৃত্বা ততো বাচাভিধীয়তে।
ক্রিয়তে কর্ম্মণা পশ্চাৎ প্রমাণং মে মনস্ততঃ ॥২৮॥

নারদ উবাচ।

স্থিরা বুদ্ধির্নরশ্রেষ্ঠ! সাবিত্র্যা দুহিতুস্তব।
নৈষা বারয়িতুং শক্যা ধর্ম্মাদস্মাৎ কথঞ্চন ॥২৯॥
নান্যস্মিন্ পুরুষে সন্তি যে সত্যবতি বৈ গুণাঃ।
প্রদানমেব তস্মান্মে রোচতে দুহিতুস্তব ॥৩০॥

রাজোবাচ।

অবিচার্য্যমেতদুক্তং তথ্যঞ্চ ভবতা বচঃ।
করিষ্যাম্যেতদেবঞ্চ গুরুর্হি ভগবান্ মম ॥৩১॥

নারদ উবাচ।

অবিঘ্নমস্তু সাবিত্র্যাঃ প্রদানে দুহিতুস্তব।
সাধয়িষ্যাম্যহং তাবৎ সর্ব্বেষাং ভদ্রমস্তু বঃ ॥৩২॥

ভারতকৌমুদী

অথ মনসা বরণমকিঞ্চিৎকরমিত্যাহ মনসেতি। মনসা বরণস্যৈব মূলত্বমিতি ভাবঃ ॥২৮॥

স্থিরেতি। স্থিরা সত্যবতো বরণ এব নিশ্চলা। তৎফলমাহ নেতি ॥২৯॥

নেতি। প্রদানমেব সত্যবতে ইতি শেষঃ ॥৩০॥

অবীতি। অবিচার্য্যং ন্যায়ান্যায্যতয়া ন বিচারণীয়ম্, তথ্যং সত্যঞ্চ ॥৩১॥

অবিঘ্নমিতি। বিঘ্নস্যাভাবঃ অবিঘ্নম্। সাধয়িষ্যামি গমিষ্যামি, "প্রায়েণ ণ্যন্তকঃ সাধির্গমেঃ স্থানে প্রযুজ্যতে" ইতি সাহিত্যদর্পণাৎ। ভদ্রং মঙ্গলম্ ॥৩২॥

মানুষ প্রথমে মনে মনে কার্য্য স্থির করিয়া পরে মুখে বলে এবং তাহার পর সে কার্য্য করে। সুতরাং আমার মনই এবিষয়ে প্রমাণ ॥২৮॥

নারদ বলিলেন—'নরশ্রেষ্ঠ! আপনার কন্যা সাবিত্রীর বুদ্ধি স্থির হইয়াছে। সুতরাং ইহাকে কোন প্রকারেই এ ধর্ম্ম হইতে নিবারণ করিতে পারা যাইবে না ॥২৯॥

বস্তুতও সত্যবানের যে সকল গুণ আছে, তাহা অন্য পুরুষের নাই। অতএব আপনার কন্যাকে সত্যবানের হস্তে দান করাই আমার অভিপ্রেত ॥৩০॥

রাজা বলিলেন—'আপনি এটা অবিচার্য্য সত্য কথাই বলিয়াছেন। অতএব আমি এইরূপই ইহা করিব। কারণ, আপনি আমার গুরু' ॥৩১॥

নারদ বলিলেন—'কন্যা সাবিত্রীর প্রদানে যেন আপনার কোন বিঘ্ন হয় না; আমি যাইব, আপনাদের সকলের মঙ্গল হউক' ॥৩২॥

(৩১) অবিচাল্যমেতদুক্তম্...বা ব কা নি।

মার্কণ্ডেয় উবাচ।

এবমুক্ত্বা খমুৎপত্য নারদাস্ত্রিদিবং গতঃ।
রাজাপি দুহিতুঃ সজ্জং বৈবাহিকমকারয়ৎ ॥৩৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি দ্রৌপদী-হরণে সাবিত্র্যুপাখ্যানে অষ্টচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:(*):——

ঊনপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

——:*:——

মার্কণ্ডেয় উবাচ।

অথ কন্যাপ্রদানে স তমেবার্থং বিচিন্তয়ন্।
সমানিন্যে চ তৎ সর্ব্বং ভাণ্ডং বৈবাহিকং নৃপঃ ॥১॥

ভারতকৌমুদী

এবমিতি। সজ্জং সংগৃহীতম্, বৈবাহিকং বিবাহোপকরণম্ ॥৩৩॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্বণি দ্রৌপদীহরণে অষ্টচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

——০:*:০——

অথেতি। তমেবার্থং নারদোক্তমেব বিষয়ং সত্যবতোঽল্পায়ুষ্ট্বম্। ভাণ্ডমুপকরণম্ ॥১॥

ভারতভাবদীপঃ

পাষাণাদেঃ শকলঃ, শকৃন্নিপততি কৃতস্য করণং নাস্তীত্যর্থঃ ॥২৬—৩০॥ যত্তৎ সাবিত্র্যা বচনমবিচাল্যং ভবতা চ তথ্যমুক্তম্ ॥৩১॥ সাধয়িষ্যামি গমিষ্যামি, ধাতূনামনেকার্থত্বাদ্-গত্যর্থোঽয়ম্ ॥৩২—৩৩॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৪৮॥

মার্কণ্ডেয় বলিলেন—'এইরূপ বলিয়া নারদ আকাশে উঠিয়া স্বর্গে চলিয়া গেলেন; রাজাও কন্যাবিবাহের সমস্ত উপকরণ সংগ্রহ করাইলেন' ॥৩৩॥

————:০:————

মার্কণ্ডেয় বলিলেন—'তাহার পর রাজা অশ্বপতি কন্যাদানের বিষয়ে সত্যবানের অল্প আয়ুর বিষয়ই চিন্তা করিতে থাকিয়া বিবাহের সমস্ত দ্রব্য সংগ্রহ করিলেন ॥১॥

---

* '...অশীত্যধিকদ্বিশততমঃ...' পি, '...ত্রিনবত্যধিকদ্বি...' বা ব, '...চতুর্নবত্য-ধিকদ্বি...' কা, '...পঞ্চনবত্যধিকদ্বি...' নি।

ততো বৃদ্ধান্ দ্বিজান্ সর্বানৃত্বিজঃ সপুরোহিতান্।
সমাহূয় দিনে পুণ্যে প্রযযৌ সহ কন্যয়া ॥২॥
মেধ্যারণ্যং স গত্বা চ দ্যুমৎসেনাশ্রমং নৃপঃ।
পদ্ভ্যামেব দ্বিজৈঃ সার্দ্ধং রাজর্ষিং তমুপাগমৎ ॥৩॥
তত্রাপশ্যন্মহাভাগং শালবৃক্ষমুপাশ্রিতম্।
কৌশ্যাং বৃষ্যাং সমাসীনং চক্ষুর্হীনং নৃপং তদা ॥৪॥
স রাজা তস্য রাজর্ষেঃ কৃত্বা পূজাং যথার্হতঃ।
বাচা সুনিয়তো ভূত্বা চকারাত্মনিবেদনম্ ॥৫॥
তস্যার্ঘমাসনঞ্চৈব গাঞ্চাবেদ্য স ধর্ম্মবিৎ।
কিমাগমনমিত্যেবং রাজা রাজানমব্রবীৎ ॥৬॥

অশ্বপতিরুবাচ।

সাবিত্রী নাম রাজর্ষে! কন্যেয়ং মম শোভনা।
তাং স্বধর্ম্মেণ ধর্ম্মজ্ঞ! স্নুষার্থে ত্বং গৃহাণ মে ॥৭॥

ভারতকৌমুদী

তত ইতি। ঋত্বিজঃ শ্রৌতকর্ম্মকরাঃ, পুরোহিতাশ্চ স্মার্ত্তাদিকর্ম্মকরাঃ ॥২॥
মেধ্যেতি। মেধ্যং পবিত্রমরণ্যং যত্র তম্। নৃপঃ অশ্বপতিঃ ॥৩॥
তত্রেতি। শালবৃক্ষং তত্তলম্। কৌশ্যাং কুশময্যাম্, বৃষ্যাম্ ঋষ্যাসনে ॥৪॥
স ইতি। রাজা অশ্বপতিঃ, রাজর্ষের্দ্যুমৎসেনস্য। সুনিয়তোঽতীববিনয়ী ॥৫॥
তস্যেতি। তস্য অশ্বপতেঃ। রাজা দ্যুমৎসেনঃ, রাজানমশ্বপতিম্ ॥৬॥

তদনন্তর তিনি সকল বৃদ্ধ ব্রাহ্মণ, ঋত্বিক্ ও পুরোহিতকে নিমন্ত্রণ করিয়া কন্যা সাবিত্রীর সহিত শুভ দিনে দ্যুমৎসেনের আশ্রমে প্রস্থান করিলেন ॥২॥

ক্রমে রাজা অশ্বপতি পবিত্র তপোবনে দ্যুমৎসেনের আশ্রমে যাইয়া ব্রাহ্মণদের সহিত পাদচারেই রাজর্ষি দ্যুমৎসেনের নিকট উপস্থিত হইলেন ॥৩॥

সেখানে উপস্থিত হইয়া তিনি দেখিলেন—অন্ধ মহাত্মা দ্যুমৎসেন রাজা তখন একটা শালবৃক্ষের তলে ঋষিযোগ্য কুশময় আসনে উপবেশন করিয়া রহিয়াছেন ॥৪॥

তখন অশ্বপতি রাজা, রাজর্ষি দ্যুমৎসেনের যথাযোগ্য পূজা করিয়া বাক্-সংযত হইয়া আত্মপরিচয় দিলেন ॥৫॥

তখন ধর্ম্মবিৎ দ্যুমৎসেনরাজা অশ্বপতিরাজাকে আসন, অর্ঘ ও একটী গো নিবেদন করিয়া আগমনের কারণ জিজ্ঞাসা করিলেন ॥৬॥

---

(৬) শ্লোকাৎ পরং কতিপয়পুস্তকে অয়মধিকঃ শ্লোকো দৃশ্যতে। যথা—তস্য সর্বমভিপ্রায়মিতিকর্ত্তব্যতাঞ্চ তাম্। সত্যবন্তং সমুদ্দিশ্য সর্বমেব ন্যবেদয়ৎ।

দ্যুমৎসেন উবাচ।

চ্যুতাঃ স্ম রাজ্যাদ্বনবাসমাশ্রিতাশ্চরাম ধর্ম্মং নিয়তাস্তপস্বিনঃ।
কথং ত্বনর্হা বনবাসমাশ্রমে সহিষ্যতি ক্লেশমিমং সুতা তব ॥৮॥

অশ্বপতিরুবাচ।

সুখঞ্চ দুঃখঞ্চ ভবাভবাত্মকং যদা বিজানাতি সুতাহমেব চ।
ন মদ্বিধে যুজ্যতি বাক্যমীদৃশং বিনিশ্চয়েনাভিগতোঽস্মি তে নৃপ! ॥৯॥
আশাং নার্হসি মে হন্তুং সৌহৃদাৎ প্রণতস্য চ।
অভিতশ্চাগতং প্রেম্ণা প্রত্যাখ্যাতুং ন মার্হসি ॥১০॥

ভারতকৌমুদী

সাবিত্রীতি। স্নুষার্থে পুত্রবধূত্বনিমিত্তে। মে মম সকাশাৎ ॥৭॥

চ্যুতা ইতি। অনর্হা ক্লেশসহনাযোগ্যা, বনবাসং বনবাসজনিতম্ ॥৮॥

সুখমিতি। ভবাভবাত্মকম্ উৎপদ্যমানানুৎপদ্যমানস্বরূপম্, কদাচিদুৎপদ্যতে কদাচিচ্চ নোৎপদ্যত ইত্যর্থঃ। বিনিশ্চয়েন ত্বমবশ্যমেবৈনাং গ্রহীষ্যসীতি বিশেষনির্ণয়েন ॥৯॥

আশামিতি। অভিতো ভবৎসমীপে, আগতং মা মাম্ ॥১০॥

অশ্বপতি বলিলেন—'ধর্ম্মজ্ঞ রাজর্ষি! সাবিত্রীনাম্নী এই সুন্দরী কন্যাটী আমার; আপনি ইহাকে আপন ধর্ম্ম অনুসারে পুত্রবধূরূপে গ্রহণ করুন' ॥৭॥

দ্যুমৎসেন বলিলেন—'রাজা! আমরা রাজ্যচ্যুত হইয়া, বনবাস অবলম্বন করিয়া, তপস্বীর নিয়মে ধর্ম্মাচরণ করিতেছি। ওদিকে আপনার কন্যা কষ্টভোগের অযোগ্যা; সুতরাং সে, আশ্রমে থাকিয়া এই বনবাসের কষ্ট কি করিয়া সহ্য করিবে? ॥৮॥

অশ্বপতি বলিলেন—'রাজর্ষি! সুখ ও দুঃখ কখনও উৎপন্ন হয় এবং কখনও উৎপন্ন হয় না; ইহা যখন আমার কন্যা জানে এবং আমিও জানি, তখন আমার মত লোকের নিকট এইরূপ বাক্য বলা আপনার সঙ্গত নহে। বিশেষতঃ, আপনি অবশ্যই আমার কন্যা গ্রহণ করিবেন এইরূপ নিশ্চয় করিয়াই আমি আপনার নিকট আসিয়াছি' ॥৯॥

তা'র পর আমি সৌহার্দ্দবশতই আপনার নিকট প্রণত হইয়াছি; এ অবস্থায় আপনি আমার আশাভঙ্গ করিতে পারেন না এবং প্রণয়বশতই আমি আপনার নিকট আসিয়াছি। সুতরাং আমাকে আপনি প্রত্যাখ্যান করিতেও পারেন না ॥১০॥

(৮)···নিবৎস্যতে ক্লেশমিমম্···বা ব বা,···নিবৎস্যতি ক্লেশমিমম্···পি।

অনুরূপো হি যুক্তশ্চ ত্বং মমাহং তবাপি চ।
স্নুষাং প্রতীচ্ছ মে কন্যাং ভার্য্যাং সত্যবতঃ সতঃ ॥১১॥

দ্যুমৎসেন উবাচ।

পূর্ব্বমেবাভিলষিতঃ সম্বন্ধো মে ত্বয়া সহ।
ভ্রষ্টরাজ্যস্ত্বহমিতি তত এতদ্বিচারিতম্ ॥১২॥
অভিপ্রায়স্ত্বয়ং যো মে পূর্ব্বমেবাভিকাঙ্ক্ষিতঃ।
স নির্বর্ত্ততু মেঽদ্যৈব কাঙ্ক্ষিতো হ্যসি মেঽতিথিঃ ॥১৩॥
ততঃ সর্বান্ সমানায্য দ্বিজানাশ্রমবাসিনঃ।
যথাবিধি সমুদ্বাহং কারয়ামাসতুর্নৃপৌ ॥১৪॥
দত্ত্বা সোঽশ্বপতিঃ কন্যাং যথার্হঞ্চ পরিচ্ছদম্।
যযৌ স্বমেব ভবনং যুক্তঃ পরময়া মুদা ॥১৫॥

ভারতকৌমুদী

অন্বিতি। অনুরূপঃ কুলাদিনা সমানঃ, অতএব যুক্তঃ অস্মিন্ সম্বন্ধে যোগ্যঃ ॥১১॥
পূর্বমিতি। ইতি ইদানীং ভ্রষ্টরাজ্যঃ। বিচারিতং বিচার্য্যোক্তম্ ॥১২॥
অভীতি। অভিপ্রেয়ত ইত্যভিপ্রায়ঃ সম্বন্ধঃ। নির্বর্ত্ততু নিষ্পদ্যতাম্ ॥১৩॥
তত ইতি। সমুদ্বাহং সাবিত্রীসত্যবতোর্বিবাহম্ ॥১৪॥
দত্ত্বেতি। যথার্হং যথাযোগ্যম্ ॥১৫॥

ভারতভাবদীপঃ

অথেতি। ভাণ্ডং বৈবাহিকমুপকরণং বিবাহোচিতম্ ॥১—৩॥ কৌশ্যাং কুশময্যাম্, বৃষ্যামাসনে ॥৪॥ আত্মনিবেদনমশ্বপতিরহমিতি জ্ঞাপনম্ ॥৫—৮॥ ভবাভবাত্মকমুৎপত্তি-বিনাশাত্মকম্, তে ত্বাং প্রতি ॥৯॥ মা মাম্ ॥১০—১২॥ নির্ব্বর্ত্ততু নিষ্পদ্যতাম্ ॥১৩—১৪॥

আপনি আমার অনুরূপ ও যোগ্য এবং আমিও আপনার অনুরূপ ও যোগ্য। অতএব আপনি আমার এই কন্যাটীকে নিজের পুত্রবধূ এবং সাধু সত্যবানের ভার্য্যারূপে গ্রহণ করুন' ॥১১॥

দ্যুমৎসেন বলিলেন—'রাজা! আমি পূর্ব্বে আপনার সহিত সম্বন্ধের ইচ্ছা করিয়াছিলাম বটে; কিন্তু এখন আমি রাজ্যভ্রষ্ট; সেই জন্যই এইরূপ বলিয়াছি ॥১২॥

আমি পূর্ব্বেই যাহা কামনা করিয়াছিলাম, সে সম্বন্ধ অদ্যই নিষ্পন্ন হউক। আপনি ত আমার বাঞ্ছিত অতিথি' ॥১৩॥

তাহার পর রাজারা দুই জনে মিলিত হইয়া, আশ্রমবাসী সকল ব্রাহ্মণকে আনাইয়া যথাবিধানে সাবিত্রী ও সত্যবানের বিবাহ সম্পন্ন করাইলেন ॥১৪॥

সত্যবানপি তাং ভার্য্যাং লব্ধ্বা সর্ব্বগুণান্বিতাম্ ।
মুমুদে সা চ তং লব্ধ্বা ভর্ত্তারং মনসেপ্সিতম্ ॥১৬॥
গতে পিতরি সর্ব্বাণি সংন্যস্যাভরণানি সা ।
জগৃহে বল্কলান্যেব বস্ত্রং কাষায়মেব চ ॥১৭॥
পরিচারৈর্গুণৈশ্চৈব প্রশ্রয়েণ দমেন চ ।
সর্বকামক্রিয়াভিশ্চ সর্ব্বেষাং তুষ্টিমাদদে ॥১৮॥
শ্বশ্রূং শরীরসংস্কারৈঃ সর্ব্বৈরাচ্ছাদনাদিভিঃ ।
শ্বশুরং দেবসৎকারৈর্ব্বাচাং সংযমনেন চ ॥১৯॥
তথৈব প্রিয়বাদেন নৈপুণ্যেন শমেন চ ।
রহশ্চৈবোপচারেণ ভর্ত্তারং পর্য্যতোষয়ৎ ॥২০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সত্যবানিতি । মুমুদে আননন্দ, সা সাবিত্রী চ ॥১৬॥
গত ইতি । সংন্যস্য পরিত্যজ্য । জগৃহে, বনবাসোপযোগিত্বাৎ ॥১৭॥
পরীতি । পরিচারৈঃ শুশ্রূষাভিঃ, প্রশ্রয়েণ প্রণয়েন ॥১৮॥
শ্বশ্রূমিতি । আচ্ছাদনাদিভির্বসনার্পণাদিভিঃ । দেবসৎকারৈর্দেবপূজাদ্রব্যায়োজনাদিভিঃ । শমেন চিত্তসংযমেন । রহো নির্জনে উপচারেণ পরিচর্য্যয়া ॥১৯—২০॥

ভারতভাবদীপঃ

সপরিচ্ছদং পারিবর্হসহিতম্ ॥১৫—১৭॥ পরিচারৈঃ সেবনৈঃ, গুণৈঃ শীলসত্যাদিভিঃ, প্রশ্রয়েণ স্নেহেন, দমেন জিতেন্দ্রিয়তয়া, সর্ব্বকামক্রিয়াভিঃ সর্বেষামিষ্টসম্পাদনেন ॥১৮—২২॥
ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে উনপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৪৯॥

রাজা অশ্বপতি কন্যা ও যথাযোগ্য পরিচ্ছদ দান করিয়া পরম আনন্দিত হইয়া আপন ভবনেই চলিয়া গেলেন ॥১৫॥

সত্যবান্‌ও সর্ব্বগুণান্বিত সাবিত্রীকে ভার্য্যা লাভ করিয়া আনন্দিত হইলেন; সাবিত্রীও মনোঽভীষ্ট সত্যবান্‌কে পতি লাভ করিয়া সন্তুষ্ট হইলেন ॥১৬॥

পিতা অশ্বপতি চলিয়া গেলে সাবিত্রী সমস্ত অলঙ্কার পরিত্যাগ করিয়া বল্কল ও গৈরিক বস্ত্রই ধারণ করিলেন ॥১৭॥

ক্রমে সাবিত্রী—পরিচর্য্যা, গুণ, বিনয়, ইন্দ্রিয়দমন এবং সকলের মনোমত কার্য্যদ্বারা সকলেরই সন্তোষ আকর্ষণ করিলেন ॥১৮॥

শরীরসম্মার্জন ও বস্ত্র সমর্পণপ্রভৃতি সর্ব্বপ্রকার শুশ্রূষাদ্বারা শ্বশ্রূদেবীকে, দেবপূজার দ্রব্য আয়োজন ও মধুরবাক্যপ্রভৃতিদ্বারা শ্বশুরকে এবং নির্জনে প্রিয়বাক্য, কার্য্যনৈপুণ্য, চিত্তসংযম ও শুশ্রূষাদ্বারা ভর্ত্তাকে সাবিত্রী সন্তুষ্ট করিতে লাগিলেন ॥১৯—২০॥

এবং তত্রাশ্রমে তেষাং তদা নিবসতাং সতাম্।
কালস্তপস্যতাং কশ্চিদপাক্রামত ভারত! ॥২১॥
সাবিত্র্যাস্তু শয়ানায়াস্তিষ্ঠন্ত্যাশ্চ দিবানিশম্।
নারদেন যদুক্তং তদ্বাক্যং মনসি বর্ত্ততে ॥২২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্বণি দ্রৌপদী-হরণে সাবিত্র্যুপাখ্যানে ঊনপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—০:(*):০—

পঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

—:*:—

মার্কণ্ডেয় উবাচ।

ততঃ কালে বহুতিথে ব্যতিক্রান্তে কদাচন।
প্রাপ্তঃ স কালো মর্ত্তব্যং যত্র সত্যবতা নৃপ! ॥১॥
গণয়ন্ত্যাশ্চ সাবিত্র্যা দিবসে দিবসে গতে।
যদ্বাক্যং নারদেনোক্তং বর্ত্ততে হৃদি নিত্যশঃ ॥২॥

ভারতকৌমুদী

এবমিতি। অপাক্রামত অতীতবান্ ॥২১॥

সাবিত্র্যা ইতি। তদ্বাক্যং "সংবৎসরেণ ক্ষীণায়ুর্দেহন্যাসং করিষ্যতি" ইতি বাক্যম্ ॥২২॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে ঊনপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:(০):—

তত ইতি। কালে দিনমাসাত্মকে, অন্যথা সংবৎসরাধিক্যে নারদোক্তির্মিথ্যা স্যাৎ ॥১॥

ভরতনন্দন! এইভাবে সেই আশ্রমে বাস ও তপস্যা করিবার সময়ে সেই সাধুগণের কিছুকাল অতীত হইল ॥২১॥

কিন্তু সাবিত্রী শয়নই করুন বা বসিয়াই থাকুন, নারদ যাহা বলিয়াছিলেন, সেই কথা দিবারাত্রিই তাঁহার মনে পড়িত' ॥২২॥

—(:০:)—

মার্কণ্ডেয় বলিলেন—'রাজা! তাহার পর বহুদিন অতীত হইলে, সত্যবান্ যে দিন মরিবেন, সেই দিন প্রায় উপস্থিত হইয়া আসিল ॥১॥

* একাশীত্যধিকদ্বিশততমঃ...' পি, '...চতুর্নবত্যধিকদ্বি...' বা ব, '...পঞ্চনবত্য-ধিকদ্বি...' কা, '...ষন্নবত্যধিকদ্বি...' নি।

চতুর্থেঽহনি মর্ত্তব্যমিতি সঞ্চিন্ত্য ভাবিনী।
ব্রতং ত্রিরাত্রমুদ্দিশ্য দিবারাত্রং স্থিতাঽভবৎ ॥৩॥
তং শ্রুত্বা নিয়মং তস্যা ভৃশং দুঃখান্বিতো নৃপঃ।
উত্থায় বাক্যং সাবিত্রীমব্রবীৎ পরিসান্ত্বয়ন্ ॥৪॥
অতিতীব্রোঽয়মারম্ভস্ত্বয়ারব্ধো নৃপাত্মজে!।
তিসৃণাং বসতীনাং হি স্থানং পরমদুশ্চরম্ ॥৫॥
সাবিত্র্যুবাচ।
ন কার্য্যস্তাত! সন্তাপঃ পারয়িষ্যাম্যহং ব্রতম্।
ব্যবসায়কৃতং হীদং ব্যবসায়শ্চ কারণম্ ॥৬॥

ভারতকৌমুদী

গণয়ন্ত্যা ইতি। বাক্যং "সংবৎসরেণ ক্ষীণায়ুর্দেহন্যাসং করিষ্যতি" ইতি প্রাগুক্তম্ ॥২॥
চতুর্থ ইতি। ভাবিনী সত্যবতো মরণনিবারণচেষ্টাশালিনী, "ভাবঃ সত্তাস্বভাবাভিপ্রায়চেষ্টাত্মজন্মসু" ইত্যমরঃ। ব্রতমুপবাসরূপম্। একং দিবারাত্রং স্থিতা প্রায়েণাতিক্রান্তা ॥৩॥
তমিতি। নিয়মং ব্রতম্। নৃপো দ্যুমৎসেনঃ। পরিসান্ত্বয়ন্ কোমলবাক্যং প্রযুঞ্জানঃ ॥৪॥
অতীতি। আরভ্যত ইত্যারম্ভো ব্রতম্। বসতীনাং রাত্রীণাম্, "বসতী রাত্রিবেশ্মনোঃ" ইত্যমরঃ, স্থানম্ উপবাসেনাবস্থিতিঃ, পরমদুশ্চরং ত্বৎপক্ষে অতীবদুষ্করম্ ॥৫॥
নেতি। পারয়িষ্যামি সমাপয়িতুং শক্ষ্যামি। ব্যবসায় উদ্যমঃ, কারণং কার্য্যমাত্রস্য ॥৬॥

ওদিকে এক একটী দিন অতীত হইত, আর সাবিত্রী তাহা গণনা করিতেন। কারণ, নারদ যাহা বলিয়াছিলেন, সেই বাক্য সর্বদাই সাবিত্রীর মনে পড়িত ॥২॥

তা'র পর চতুর্থদিনে সত্যবান্ মরিবেন ইহা ভাবিয়া ভাবিনী সাবিত্রী ত্রিরাত্র উপবাস ব্রতের সঙ্কল্প করিয়া এক দিবারাত্র উপবাসিনী থাকিলেন ॥৩॥

তাহার পর সাবিত্রীর সেই ব্রতারম্ভের কথা শুনিয়া দ্যুমৎসেনরাজা অত্যন্ত দুঃখিত হইয়া উঠিয়া যাইয়া কোমলবাক্যে সাবিত্রীকে বলিলেন—॥৪॥

'রাজকন্যা! তুমি অতিদারুণ এই ব্রত আরম্ভ করিয়াছ। কারণ, তিন রাত্রি উপবাস করিয়া থাকা তোমার পক্ষে অতিদুষ্কর হইবে' ॥৫॥

সাবিত্রী বলিলেন—'পিতা! আপনি দুঃখ করিবেন না, আমি এ ব্রত সমাপ্ত করিতে পারিব। কেন না, উদ্যমই কার্য্যমাত্রের কারণ। সুতরাং আমি উদ্যম করিয়াই এই ব্রত আরম্ভ করিয়াছি' ॥৬॥

(৪) শ্লোকাৎ পরম্ 'দ্যুমৎসেন উবাচ' বা ব কা পি।

দ্যুমৎসেন উবাচ।

ব্রতং ভিন্ধীতি বক্তুং ত্বাং নাস্মি শক্তঃ কথঞ্চন।
পারয়স্বেতি বচনং যুক্তমস্মদ্বিধো বদেৎ ॥৭॥

মার্কণ্ডেয় উবাচ।

এবমুক্ত্বা দ্যুমৎসেনো বিররাম মহামনাঃ।
তিষ্ঠন্তী চৈব সাবিত্রী কাষ্ঠভূতেব লক্ষ্যতে ॥৮॥
শ্বো ভূতে ভর্ত্তৃমরণে সাবিত্র্যা ভরতর্ষভ!।
দুঃখান্বিতায়াস্তিষ্ঠন্ত্যাঃ সা রাত্রির্ব্যত্যবর্ত্তত ॥৯॥
অদ্য তদ্দিবসঞ্চেতি হুত্বা দীপ্তং হুতাশনম্।
যুগমাত্রোদিতে সূর্য্যে কৃত্বা পৌর্বাহ্নিকীঃ ক্রিয়াঃ ॥১০॥
ততঃ সর্ব্বান্ দ্বিজান্ বৃদ্ধান্ শ্বশ্রূং শ্বশুরমেব চ।
অভিবাদ্যানুপূর্ব্ব্যেণ প্রাঞ্জলির্নিয়তা স্থিতা ॥১১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ব্রতমিতি। ভিন্ধি পরিত্যজ। ন শক্তঃ, ধর্ম্মব্যাঘাতাৎ। পারয়স্ব পারণাং কুরু ॥৭॥
এবমিতি। তিষ্ঠন্তী দণ্ডায়মানা, কাষ্ঠভূতেব নিশ্চলা, লক্ষ্যতে স্ম জনৈঃ ॥৮॥
শ্ব ইতি। শ্বঃ পরদিনে ভূতে সতি। ব্যত্যবর্ত্তত অতীতাভবৎ ॥৯॥
অদ্যেতি। যুগমাত্রোদিতে আকাশস্য হস্তচতুষ্টয়মাত্রোত্থিতে। "যুগং হস্তচতুষ্কেঽপি" ইত্যাদিবিশ্বঃ। আনুপূর্ব্ব্যেণ বয়োবৃদ্ধ্যাদিক্রমেণ, নিয়তা স্থিরা ॥১০—১১॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৪॥ বসতীনাং স্থানং ভোজনত্রয়নিরোধঃ, উপবসতীত্যাদৌ বসতেস্তাদর্থ্যদর্শনাৎ ॥৫॥ পারয়িষ্যামি সমাপয়িষ্যামি, ব্যবসায়কৃতমুদ্যোগকৃতম্ ॥৬—৯॥ যুগং হস্তচতুষ্কম্, তাবদুদিতে উপরি যাতে ॥১০—৩৩॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৫০॥

দ্যুমৎসেনরাজা বলিলেন—'তুমি ব্রত পরিত্যাগ কর' একথা আমি কোন প্রকারেই তোমাকে বলিতে পারি না। তবে, আমার মত লোক এই সঙ্গত কথা বলিতে পারেন যে, 'তুমি পারণা কর' ॥৭॥

মার্কণ্ডেয় বলিলেন—'এইরূপ বলিয়া মহামনা দ্যুমৎসেন বিরত হইলেন। আর তত্রত্য লোকেরা দেখিতে লাগিল—সাবিত্রী একখানা কাষ্ঠের ন্যায় দাঁড়াইয়া আছেন ॥৮॥

ভরতশ্রেষ্ঠ! পরদিনে ভর্ত্তার মৃত্যু হইবে ইহা ভাবিয়া দুঃখিতা ও দণ্ডায়মানা সাবিত্রীর সে রাত্রি অতীত হইল ॥৯॥

'আজ সেই দিন' ইহা ভাবিয়া সাবিত্রী প্রজ্বলিত অগ্নিতে আহুতি দিয়া

অবৈধব্যাশিষস্তে তু সাবিত্র্যর্থে হিতাঃ শুভাঃ।
ঊচুস্তপস্বিনঃ সর্ব্বে তপোবননিবাসিনঃ ॥১২॥
এবমস্ত্বিতি সাবিত্রী ধ্যানযোগপরায়ণা।
মনসা তা গিরঃ সর্ব্বাঃ প্রত্যগৃহ্লাত্তপস্বিনাম্ ॥১৩॥
তং কালং তং মুহূর্ত্তঞ্চ প্রতীক্ষন্তী নৃপাত্মজা।
যথোক্তং নারদবচশ্চিন্তয়ন্তী সুদুঃখিতা ॥১৪॥
ততস্তু শ্বশ্রূশ্বশুরাবূচতুস্তাং নৃপাত্মজাম্।
একান্তমাস্থিতাং বাক্যং প্রীত্যা ভরতসত্তম। ॥১৫॥
ব্রতং যথোপদিষ্টং তে তথা তৎ পারিতং ত্বয়া।
আহারকালঃ সংপ্রাপ্তঃ ক্রিয়তাং যদনন্তরম্ ॥১৬॥

ভারতকৌমুদী

অবৈধব্যেতি। অবৈধব্যস্য আশিষ আশীর্ব্বাদান্ ॥১২॥
এবমিতি। ধ্যানযোগ ইষ্টদেবতায়াশ্চিন্তাধারাসম্বন্ধস্তৎপরায়ণা ॥১৩॥
তমিতি। কালং বেলাম্, মুহূর্ত্তং ক্ষণম্, প্রতীক্ষন্তী প্রতীক্ষমাণা আসীৎ ॥১৪॥
তত ইতি। তাং সাবিত্রীম্। একান্তমেকদেশম্, আস্থিতামাশ্রিতাম্ ॥১৫॥
ব্রতমিতি। পারিতং সমাপয়িতুং শক্তম্। সংপ্রাপ্ত উপস্থিতঃ ॥১৬॥

এবং পূর্ব্বাহ্নবিহিত কার্য্য করিয়া, সূর্য্য আকাশের চারি হাতমাত্র উঠিলে, তখন সমস্ত বৃদ্ধ ব্রাহ্মণ, শাশুরী ও শ্বশুরকে যথাক্রমে নমস্কার করিয়া কৃতাঞ্জলি ও স্থির হইয়া দাঁড়াইয়া রহিলেন ॥১০—১১॥

তখন তপোবনবাসী সেই সকল তপস্বী সাবিত্রীর বিষয়ে হিত ও মঙ্গলকারী অবৈধব্যের আশীর্বাদ করিলেন ॥১২॥

ইষ্টদেবতার ধ্যানপরায়ণা সাবিত্রীও 'ইহাই হউক' এইরূপ মনে মনে বলিয়া তপস্বিগণের সেই সকল আশীর্ব্বাদ গ্রহণ করিলেন ॥১৩॥

তাহার পর রাজনন্দিনী সাবিত্রী পূর্ব্বোক্ত নারদবাক্য স্মরণ করিয়া অত্যন্ত-দুঃখিত হইয়া সেই বেলা ও সেই মুহূর্ত্তের প্রতীক্ষা করিতে লাগিলেন ॥১৪॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর শ্বশুর ও শাশুরী স্নেহবশতঃ একান্তবর্ত্তিনী রাজনন্দিনী সাবিত্রীকে এই কথা বলিলেন—॥১৫॥

'কল্যাণি! তোমার নিকট যেভাবে ব্রতের উপদেশ দেওয়া হইয়াছিল, তুমি সেই ভাবেই সে ব্রত সমাপ্ত করিতে সমর্থ হইয়াছ; এখন আহারের সময় উপস্থিত হইয়াছে। সুতরাং পরে যাহা কর্ত্তব্য, তাহা কর' ॥১৬॥

(১৫) শ্লোকাৎ পরম্ 'শ্বশুরাবূচতুঃ' বা ব কা পি।

সাবিত্র্যুবাচ।

অস্তং গতে ময়াদিত্যে ভোক্তব্যং কৃতকার্য্যয়া।
এষ মে হৃদি সঙ্কল্পঃ সময়শ্চ কৃতো ময়া ॥১৭॥

মার্কণ্ডেয় উবাচ।

এবং সম্ভাষমাণায়াং সাবিত্র্যাং ভোজনং প্রতি।
স্কন্ধে পরশুমাদায় সত্যবান্ প্রস্থিতো বনম্ ॥১৮॥
সাবিত্রী ত্বাহ ভর্ত্তারং নৈকস্ত্বং গন্তুমর্হসি।
সহ ত্বয়া গমিষ্যামি নহি ত্বাং হাতুমুৎসহে ॥১৯॥

সত্যবানুবাচ।

বনং ন গতপূর্ব্বং তে দুঃখঃ পন্থাশ্চ ভাবিনি!।
ব্রতোপবাসক্ষামা চ কথং পদ্ভ্যাং গমিষ্যসি ॥২০॥

সাবিত্র্যুবাচ।

উপবাসান্ন মে গ্লানির্নাস্তি চাপি পরিশ্রমঃ।
গমনে চ কৃতোৎসাহাং প্রতিষেদ্ধুং ন মার্হসি ॥২১॥

ভারতকৌমুদী

অস্তমিতি। কৃতং কার্য্যমবশিষ্টং কর্ত্তব্যং যয়া তয়া সত্যা। সময়ো নিয়মঃ ॥১৭॥
এবমিতি। সম্ভাষমাণায়াং বদন্ত্যাম্। প্রস্থিতঃ কাষ্ঠমানেতুমিতি শেষঃ ॥১৮॥
সাবিত্রীতি। আহ ব্রবীতি স্ম। হাতুং ত্যক্তুম্ ॥১৯॥
বনমিতি। তে ত্বয়া, দুঃখো দুঃখকরঃ। ব্রতোপবাসেন ক্ষামা ক্ষীণবলা ॥২০॥

সাবিত্রী বলিলেন—'সূর্য্য অস্ত গেলে, আমি অবশিষ্ট কার্য্য করিয়া পরে ভোজন করিব; ইহাই আমার মনের সঙ্কল্প এবং এইরূপ নিয়মই আমি করিয়াছিলাম' ॥১৭॥

মার্কণ্ডেয় বলিলেন—'সাবিত্রী ভোজনের বিষয়ে এইরূপ বলিতেছিলেন, এমন সময়ে সত্যবান্ স্কন্ধে কুঠার লইয়া বনে যাইতে লাগিলেন ॥১৮॥

তখন সাবিত্রী তাঁহাকে বলিলেন—'আপনি একাকী যাইতে পারিবেন না, আমি আপনার সহিত যাইব; আমি আপনাকে ছাড়িতে ইচ্ছা করি না' ॥১৯॥

সত্যবান্ বলিলেন—'ভাবিনি! তুমি পূর্ব্বে বনে যাও নাই, পথও কষ্ট-জনক এবং উপবাসে তোমার শক্তিও ক্ষীণ হইয়াছে। সুতরাং তুমি কি করিয়া পদব্রজে গমন করিবে?' ॥২০॥

---

(১৭)···ভোক্তব্যং কৃতকাময়া···বা ব কা নি। (১৮) এবং সম্ভাষমাণায়াঃ সাবিত্র্যাঃ···বা ব কা নি। (২০)···দুঃখপন্থাশ্চ ভাবিনি!··· বা ব কা পি।

সত্যবানুবাচ।

যদি তে গমনোৎসাহঃ করিষ্যামি তব প্রিয়ম্।
মম ত্বামন্ত্রয় গুরূন্ ন মাং দোষঃ স্পৃশেদয়ম্ ॥২২॥

মার্কণ্ডেয় উবাচ।

সাভিবাদ্যাব্রবীচ্ছ্বশ্রূং শ্বশুরঞ্চ মহাব্রতা।
অয়ং গচ্ছতি মে ভর্ত্তা ফলাহারো মহাবনম্ ॥২৩॥
ইচ্ছেয়মভ্যনুজ্ঞাতা আর্য্যয়া শ্বশুরেণ চ।
অনেন সহ নির্গন্তুং ন মেঽস্য বিরহঃ ক্ষমঃ ॥২৪॥
গুর্ব্বগ্নিহোত্রার্থকৃতে প্রস্থিতশ্চ সুতস্তব।
ন নিবার্য্যো নিবার্য্যঃ স্যাদন্যথা প্রস্থিতো বনম্ ॥২৫॥

ভারতকৌমুদী

উপেতি। গ্লানিঃ কষ্টম্। কৃতোৎসাহাং মা মাম্ ॥২১॥

যদীতি। আমন্ত্রয় আমন্ত্র্যানুমতিং গৃহাণ, গুরূন্ মাতাপিতরৌ। দোষঃ স্বেচ্ছাচারঃ ॥২২॥

সেতি। ফলান্যাহরতীতি ফলাহারঃ কর্ম্মণ্যণ্। ফলানি কাষ্ঠানি চাহর্ত্তুমিত্যর্থঃ ॥২৩॥

ইচ্ছেয়মিতি। আর্য্যয়া মান্যয়া শ্বশ্র্বা। ক্ষমঃ সহ্যঃ, উচিত ইতি তু ধ্বন্যতে ॥২৪॥

তর্হি কথং সত্যবানেব ন নিবার্য্যত ইত্যাহ গুর্বিতি। গুরূ মাতাপিতরৌ অগ্নিহোত্রঞ্চ তেষামর্থাঃ প্রয়োজনানি ফলানি কাষ্ঠানি চ তৎকৃতে তদাহরণনিমিত্তে। অন্যথা প্রয়োজনান্তরে ॥২৫॥

সাবিত্রী বলিলেন—'উপবাসে আমার কষ্ট বা পরিশ্রম হয় নাই এবং আমি যাইবার জন্যও উৎসাহী হইয়াছি। এ অবস্থায় আপনি আমাকে নিষেধ করিতে পারেন না' ॥২১॥

সত্যবান্ বলিলেন—'যদি তোমার যাইবার উৎসাহই হইয়া থাকে, তবে আমি তোমার সে প্রিয়কার্য্য করিব; কিন্তু আমার পিতা-মাতাকে ডাকিয়া তাঁহাদের অনুমতি গ্রহণ কর। তাহা হইলে আর এ বিষয়ে আমার কোন দোষ হইবে না' ॥২২॥

মার্কণ্ডেয় বলিলেন—'তখন মহাব্রতা সাবিত্রী যাইয়া শ্বশুর ও শাশুরীকে নমস্কার করিয়া বলিলেন—'আমার স্বামী ফল ও কাষ্ঠ আহরণ করিতে এই মহাবনে যাইতেছেন ॥২৩॥

আপনাদের অনুমতিক্রমে আমি ইঁহার সহিত যাইতে ইচ্ছা করি। কারণ, আজ আমি উঁহার বিচ্ছেদ সহ্য করিতে পারিব না ॥২৪॥

সংবৎসরঃ কিঞ্চিদূনো ন নিষ্ক্রান্তাহমাশ্রমাৎ।
বনং কুসুমিতং দ্রষ্টুং পরং কৌতূহলং হি মে ॥২৬॥

দ্যুমৎসেন উবাচ।

যতঃ প্রভৃতি সাবিত্রী পিত্রা দত্তা স্নুষা মম।
নানয়াভ্যর্থনাযুক্তমুক্তপূর্ব্বং স্মরাম্যহম্ ॥২৭॥
তদেষা লভতাং কামং যথাভিলষিতং বধূঃ।
অপ্রমাদশ্চ কর্ত্তব্যঃ পুত্রি! সত্যবতঃ পথি ॥২৮॥

মার্কণ্ডেয় উবাচ।

উভাভ্যামভ্যনুজ্ঞাতা সা জগাম যশস্বিনী।
সহ ভর্ত্রা হসন্তীব হৃদয়েন বিদূয়তা ॥২৯॥
সা বনানি বিচিত্রাণি রমণীয়ানি সর্ব্বশঃ।
ময়ূরগণজুষ্টানি দদর্শ বিপুলেক্ষণা ॥৩০॥

ভারতকৌমুদী

স্বমেব বা কিমর্থং গন্তুমিচ্ছসীত্যাহ সংবৎসর ইতি। কুসুমিতং সঞ্জাতকুসুমম্ ॥২৬॥
যত ইতি। স্নুষা পুত্রবধূরূপা। অভ্যর্থনাযুক্তং প্রার্থনান্বিতম্ ॥২৭॥
তদিতি। কাম্যত ইতি কামো বিষয়স্তম্। অপ্রমাদঃ সর্ববিষয়ে সাবধানতা ॥২৮॥
উভাভ্যামিতি। উভাভ্যাং শ্বশ্রূশ্বশুরাভ্যাম্। বিদূয়তা সন্তপ্যমানেন ॥২৯॥
সেতি। ময়ূরগণৈর্জুষ্টানি সেবিতানি। বিপুলেক্ষণা বিশালনয়না ॥৩০॥

তা'র পর আপনাদের পুত্র, গুরুজনের জন্য ফল ও অগ্নিহোত্রের জন্য কাষ্ঠ আনয়ন করিতে যাইতেছেন; এ অবস্থায় উঁহাকে বারণ করাও যায় না; অন্য প্রয়োজনে হইলে বারণ করা যাইত ॥২৫॥

কিঞ্চিৎ ন্যূন একবৎসর হইল, আমি আশ্রম হইতে বাহির হই নাই; কিন্তু আজ পুষ্পিত বন দেখিবার জন্য আমার অত্যন্ত কৌতুক জন্মিয়াছে' ॥২৬॥

দ্যুমৎসেন বলিলেন—'যদবধি সাবিত্রীকে উহার পিতা আমার পুত্রবধূরূপে দান করিয়াছেন, তদবধি সাবিত্রী কোন প্রার্থনার কথা বলিয়াছে বলিয়া আমার স্মরণ হয় না ॥২৭॥

এইখানে পলাশবন থাকায় পথটা দুইভাগে বিভক্ত হইয়া গিয়াছে। সুতরাং এই পলাশবনের উত্তরদিক্ দিয়া যে পথটা গিয়াছে, সেই পথে চল এবং দ্রুত চল ॥১০২॥

আমি সুস্থ হইয়াছি, সবলও হইয়াছি এবং পিতা ও মাতা উভয়কেই দেখিতে ইচ্ছা করিতেছি'। এইরূপ বলিতে বলিতে সত্যবান্ সত্বর আশ্রমের দিকে গমন করিতে লাগিলেন' ॥১০৩॥

(১০২) পলাশখণ্ডে চৈতস্মিন্...বা ব কা নি। (১০৩) স্বস্থোঽস্মি বলবানস্মি...বা ব কা নি। * '...চতুরশীত্যধিকদ্বিশততমঃ...' পি, '...ষণ্নবত্যধিকদ্বি...' বা ব, '...সপ্তনবত্যধিকদ্বি...' কা, '...অষ্টনবত্যধিকদ্বি...' নি।

(১)...দ্যুমৎসেনো মহাবনে...পি।

স সর্ব্বানাশ্রমান্ গত্বা শৈব্যয়া সহ ভার্য্যয়া।
পুত্রহেতোঃ পরামার্ত্তিং জগাম ভরতর্ষভ! ॥২॥
তাবাশ্রমান্ নদীশ্চৈব বনানি চ সরাংসি চ।
তস্যাং দিশি বিচিন্বন্তৌ দম্পতী পরিজগ্মতুঃ ॥৩॥
শ্রুত্বা শব্দন্তু যং কঞ্চিদুন্মুখৌ সুতশঙ্কয়া।
সাবিত্রীসহিতোঽভ্যেতি সত্যবানিত্যভাষতাম্ ॥৪॥
ভিন্নৈশ্চ পরুষৈঃ পাদৈঃ সব্রণৈঃ শোণিতোক্ষিতৈঃ।
কুশকণ্টকবিদ্ধাঙ্গাবুন্মত্তাবিব ধাবতঃ ॥৫॥
ততোঽভিসৃত্য তৈর্বিপ্রৈঃ সর্ব্বৈরাশ্রমবাসিভিঃ।
পরিবার্য্য সমাশ্বাস্য তাবানীতৌ স্বমাশ্রমম্ ॥৬॥

ভারতকৌমুদী

এতস্মিন্নিতি। দৃষ্ট্যাং চক্ষুষি, প্রসন্নায়াং নির্ম্মলতয়া কার্য্যক্ষমায়াং সত্যাম্ ॥১॥
স ইতি। সর্ব্বানাশ্রমান্ গত্বাপি পুত্রমপ্রাপ্যেত্যর্থঃ, শৈব্যয়া তদাখ্যয়া ॥২॥
তাবিতি। বিচিন্বন্তৌ অন্বিষ্যন্তৌ, দম্পতী শৈব্যাদ্যুমৎসেনৌ ॥৩॥
শ্রুত্বেতি। সুতশঙ্কয়া সুতস্য পদশব্দোঽয়মিতি সম্ভাবনয়া ॥৪॥
ভিন্নৈরিতি। ভিন্নৈঃ কণ্টকাদিবিদীর্ণৈঃ, পরুষৈর্ধূলিরূক্ষৈঃ। ধাবতস্তৌ ॥৫॥
তত ইতি। অভিসৃত্য উপগম্য। পরিবার্য্য পরিবেষ্ট্য ॥৬॥

মার্কণ্ডেয় বলিলেন—'এই সময়েই মহাবল দ্যুমৎসেন চক্ষু লাভ করিলেন এবং সে চক্ষু প্রসন্ন হওয়ায় সমস্তই দেখিতে লাগিলেন ॥১॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর তিনি ভার্য্যা শৈব্যার সহিত সকল আশ্রমে যাইয়াও পুত্রকে না পাইয়া পুত্রের জন্য অত্যন্ত উদ্বেগ ভোগ করিতে লাগিলেন ॥২॥

ক্রমে তাঁহারা সাবিত্রী ও সত্যবান্‌কে অন্বেষণ করিতে থাকিয়া সেই দিকের আশ্রম, নদী, বন ও সরোবরগুলিতে বিচরণ করিতে থাকিলেন ॥৩॥

তাঁহারা যে কোন শব্দ শুনিয়া উদ্‌গ্রীব হইয়া পুত্রের পদশব্দ মনে করিয়া 'সাবিত্রীর সহিত সত্যবান্ আসিতেছে' এইরূপ বলিতে লাগিলেন ॥৪॥

ক্রমে তাঁহারা—বিদীর্ণ, ক্ষত-বিক্ষত, রক্তাক্ত ও ধূলিপূর্ণ চরণে এবং কুশ ও কণ্টক-বিদ্ধ দেহে উন্মত্তের ন্যায় দৌড়াইতে থাকিলেন ॥৫॥

তাহার পর আশ্রমবাসী সেই সকল ব্রাহ্মণেরা যাইয়া পরিবেষ্টনপূর্ব্বক আশ্বস্ত করিয়া তাঁহাদিগকে আপন আশ্রমে আনয়ন করিলেন ॥৬॥

তত্র ভার্য্যাসহায়ঃ স বৃতো বৃদ্ধৈস্তপোধনৈঃ।
আশ্বাসিতো বিচিত্রার্থৈঃ পূর্ব্বরাজ্ঞাং কথাশ্রয়ৈঃ ॥৭॥
ততস্তৌ পুনরাশ্বস্তৌ বৃদ্ধৌ পুত্রদিদৃক্ষয়া।
বাল্যবৃত্তানি পুত্রস্য স্মরন্তৌ ভৃশদুঃখিতৌ ॥৮॥
পুনরুক্ত্বা চ করুণাং বাচং তৌ শোককর্ষিতৌ।
হা পুত্র! হা সাধ্বি! বধূ! ক্বাসি ক্বাসীত্যরোদতাম্ ॥৯॥

সুবর্চ্চা উবাচ।

যথাস্য ভার্য্যা সাবিত্রী তপসা চ দমেন চ।
আচারেণ চ সংযুক্তা তথা জীবতি সত্যবান্ ॥১০॥

গৌতম উবাচ।

বেদাঃ সাঙ্গা ময়াধীতাস্তপো মে সঞ্চিতং মহৎ।
কৌমারং ব্রহ্মচর্য্যঞ্চ গুরবোঽগ্নিশ্চ তোষিতাঃ ॥১১॥

ভারতকৌমুদী

তত্রেতি। ভার্য্যাসহায়ঃ শৈব্যয়া সহিতঃ, স দ্যুমৎসেনঃ ॥৭॥

তত ইতি। পুত্রস্য দিদৃক্ষয়া দ্রষ্টুমিচ্ছয়া পুনর্ভৃশদুঃখিতৌ অভবতামিতি শেষঃ ॥৮॥

পুনরিতি। হা পুত্র! ক্বাসি, হা সাধ্বি! বধূ! ক্বাসীত্যন্বয়ঃ ॥৯॥

যথেতি। যথা যতঃ, তথা ততঃ। ঈদৃশী ধর্ম্মচারিণী বিধবা ন ভবতীতি ভাবঃ ॥১০॥

বেদা ইতি। অঙ্গৈর্ব্যাকরণাদিভিঃ সহেতি সাঙ্গাঃ। ব্রহ্মচর্য্যঞ্চ কৃতমিতি শেষঃ ॥১১॥

তখন বৃদ্ধ তপস্বীরা ভার্য্যার সহিত দ্যুমৎসেন রাজাকে পরিবেষ্টন করিয়া প্রাচীন রাজাদের বিচিত্র উপাখ্যান বলিয়া আশ্বস্ত করিতে লাগিলেন ॥৭॥

তাহার পর সেই বৃদ্ধ রাজদম্পতি আশ্বস্ত হইয়াও পুত্রকে দেখিবার ইচ্ছায় এবং তাহার শৈশবের বৃত্তান্ত স্মরণ করিয়া আবার অত্যন্তদুঃখিত হইয়া পড়িলেন ॥৮॥

তাঁহারা করুণ বাক্য বলিয়া পুনরায় শোকে অধীর হইলেন এবং 'হা পুত্র! তুমি কোথায়? হা সাধ্বি! বধূ! তুমি কোথায়?' এই ভাবে রোদন করিতে লাগিলেন ॥৯॥

তখন 'সুবর্চ্চা'—নামে এক ব্রাহ্মণ বলিলেন—'ইহার ভার্য্যা সাবিত্রী যখন তপস্যা, ইন্দ্রিয়দমন ও আচারশালিনী, তখন সত্যবান্ জীবিত আছে' ॥১০॥

গৌতম বলিলেন—'আমি সাঙ্গ বেদ অধ্যয়ন করিয়াছি, গুরুতর তপস্যা করিয়াছি, কৌমারবয়সে ব্রহ্মচর্য্য করিয়াছি এবং গুরুগণ ও অগ্নির সন্তোষ-বিধান করিয়াছি ॥১১॥

---

(৯) শ্লোকাৎ পরম্ 'ব্রাহ্মণঃ সত্যবাক্ তেষামুবাচেদং তয়োর্বচঃ···' বা ব কা নি।

সমাহিতেন চীর্ণানি সর্বাণ্যেব ব্রতানি মে।
বায়ুভক্ষোপবাসশ্চ কৃতো মে বিধিবৎ সদা ॥১২॥
অনেন তপসা বেদ্মি সর্ব্বং পরচিকীর্ষিতম্।
সত্যমেতন্নিবোধ ত্বং ধ্রিয়তে সত্যবানিতি ॥১৩॥

শিষ্য উবাচ।

উপাধ্যায়স্য মে বক্ত্রাদ্‌যথা বাক্যং বিনিঃসৃতম্।
নৈব জাতু ভবেন্মিথ্যা তথা জীবতি সত্যবান্ ॥১৪॥

ঋষয় ঊচুঃ।

যথাস্য ভার্য্যা সাবিত্রী সর্বৈরেব সুলক্ষণৈঃ।
অবৈধব্যকরৈর্যুক্তা তথা জীবতি সত্যবান্ ॥১৫॥

দাল্‌ভ্য উবাচ। *

যথা দৃষ্টিঃ প্রবৃত্তা তে সাবিত্র্যাশ্চ যথা ব্রতম্।
গতাহারমকৃত্বা তু তথা জীবতি সত্যবান্ ॥১৬॥

ভারতকৌমুদী

সমিতি। মে ময়া। বায়োরেব ভক্ষো ভক্ষণং যস্মিন্ স তাদৃশ উপবাসঃ ॥১২॥
অনেনেতি। পরেণ চিকীর্ষিতং কর্ত্তুমিষ্টম্। ধ্রিয়তে 'অবতিষ্ঠতে জীবতীত্যর্থঃ ॥১৩॥
উপেতি। উপাধ্যায়স্য গৌতমস্য। জাতু কদাচিৎ ॥১৪॥
যথেতি। যথা যতঃ। অবৈধব্যকরৈঃ অবৈধব্যসূচকৈঃ। তথা ততঃ ॥১৫॥

আর আমি সমাহিত চিত্তে সকল ব্রত এবং সর্বদা যথাবিধানে বায়ুমাত্র ভোজনে উপবাস করিয়াছি ॥১২॥

এই তপস্যার বলে আমি পরের সমস্ত অভিপ্রেত বিষয় জানিতে পারি। অতএব রাজা! আপনি এই ঘটনা সত্য জানুন যে, সত্যবান্ জীবিত আছে' ॥১৩॥

গৌতমের শিষ্য বলিল—'আমার অধ্যাপকের মুখ হইতে যখন এইরূপ বাক্য নির্গত হইয়াছে, তখন কখনও উহা মিথ্যা হইবে না। সুতরাং সত্যবান্ নিশ্চয়ই জীবিত আছেন' ॥১৪॥

অন্যান্য ঋষিরা বলিলেন—'সত্যবানের ভার্য্যা সাবিত্রী যখন অবৈধব্যসূচক সমস্ত সুলক্ষণসম্পন্ন, তখন সত্যবান্ জীবিত আছে' ॥১৫॥

(১৫) শ্লোকাৎ পরম্ 'ভারদ্বাজ উবাচ। যথাস্য ভার্য্যা সাবিত্রী তপসা চ দমেন চ। আচারেণ চ সংযুক্তা তথা জীবতি সত্যবান্ ॥' ইতি সুবর্চ্চ উক্তশ্লোকস্য অনুরূপঃ শ্লোকঃ পুনঃ বা ব কা নি। * দাল্ভ্য উবাচ—পি।

আপস্তম্ব উবাচ। ক

যথা নদন্তি শান্তায়াং দিশি বৈ মৃগপক্ষিণঃ।
পার্থিবৈষা প্রবৃদ্ধিস্তে তথা জীবতি সত্যবান্ ॥১৭॥

ধৌম্য উবাচ।

সর্বৈর্গুণৈরুপেতস্তে যথা পুত্রো জনপ্রিয়ঃ।
দীর্ঘায়ুর্লক্ষণোপেতস্তথা জীবতি সত্যবান্ ॥১৮॥

মার্কণ্ডেয় উবাচ।

এবমাশ্বাসিতস্তৈস্তু সত্যবাগ্‌ভিস্তপস্বিভিঃ।
তাংস্তান্ বিগণয়ন্ সর্ব্বাংস্ততঃ স্থির ইবাভবৎ ॥১৯॥
ততো মুহূর্ত্তাৎ সাবিত্রী ভর্ত্রা সত্যবতা সহ।
আজগামাশ্রমং রাত্রৌ প্রহৃষ্টা প্রবিবেশ হ ॥২০॥

ভারতকৌমুদী

যথেতি। প্রবৃত্তা সঞ্জাতা। আহারমকৃত্বা গতা সা সাবিত্রীতি শেষঃ ॥১৬॥
যথেতি। শান্তায়াং দাহশূন্যায়াম্। প্রবৃদ্ধিঃ নয়নলাভেনোন্নতিঃ ॥১৭॥
সর্ব্বৈরিতি। দীর্ঘায়ুষো লক্ষণৈঃ সামুদ্রিকোক্তচিহ্নবিশেষৈরুপেতঃ ॥১৮॥
এবমিতি। বিগণয়ন্ মনসা চিন্তয়ন্, অভবৎ দ্যুমৎসেন ইতি শেষঃ ॥১৯॥
তত ইতি। মুহূর্ত্তাৎ অত্যল্পকালাৎ পরমেব ॥২০॥

দাল্‌ভ্যমুনি কহিলেন—'রাজা! আপনার যখন দৃষ্টিশক্তি জন্মিয়াছে, সাবিত্রী যখন ব্রত করিয়াছেন এবং আহার না করিয়া গিয়াছেন, তখন সত্যবান্ জীবিত আছে' ॥১৬॥

আপস্তম্ব বলিলেন—'রাজা! দাহশূন্য দিকে যখন পশু-পক্ষীরা রব করিতেছে এবং আপনার দৃষ্টিশক্তি ফিরিয়া আসিয়াছে, তখন সত্যবান্ জীবিত আছে' ॥১৭॥

ধৌম্য কহিলেন—'আপনার পুত্র সত্যবান্ যখন সর্ব্বগুণসম্পন্ন, লোকপ্রিয় এবং দীর্ঘায়ুর লক্ষণযুক্ত, তখন সে নিশ্চয়ই জীবিত আছে' ॥১৮॥

মার্কণ্ডেয় বলিলেন—সেই সত্যবাদী তপস্বীরা এইরূপে আশ্বস্ত করিলে, দ্যুমৎসেন সেই সমস্ত বিষয় চিন্তা করিয়া স্থিরের ন্যায় হইলেন ॥১৯॥

তাহার পর মুহূর্ত্ত পরেই সাবিত্রী—স্বামী সত্যবানের সহিত রাত্রিতে আশ্রমে আসিলেন এবং হৃষ্টচিত্তে তথায় প্রবেশ করিলেন' ॥২০॥

ক মাণ্ডব্য উবাচ—কা। (১৭) যথা বদন্তি শান্তায়াম্...পার্থিবী চ প্রবৃত্তিস্তে... বা ব কা।

ব্রাহ্মণা ঊচুঃ।

পুত্রেণ সঙ্গতং ত্বাদ্য চক্ষুষ্মন্তং নিরীক্ষ্য চ।
সর্ব্বে বয়ং বৈ পৃচ্ছামো বৃদ্ধিং তে পৃথিবীপতে! ॥২১॥
সমাগমেন পুত্রস্য সাবিত্র্যা দর্শনেন চ।
সর্বৈরস্মাভিরুক্তং যত্তথা তন্নাত্র সংশয়ঃ।
ভূয়ো ভূয়ঃ সমৃদ্ধিস্তে ক্ষিপ্রমেব ভবিষ্যতি ॥২২॥

মার্কণ্ডেয় উবাচ।

অথাগ্নিং তত্র সংজ্বাল্য দ্বিজাস্তে সর্ব্ব এব হি।
উপাসাঞ্চক্রিরে পার্থ! দ্যুমৎসেনং মহীপতিম্ ॥২৩॥
শৈব্যা চ সত্যবাংশ্চৈব সাবিত্রী চৈকতঃ স্থিতাঃ।
সর্বৈস্তৈরভ্যনুজ্ঞাতা বিশোকাঃ সমুপাবিশন্ ॥২৪॥

ভারতকৌমুদী

পুত্রেণেতি। সঙ্গতং সম্মিলিতম্, ত্বা ত্বাম্। বৃদ্ধিমুন্নতিম্ ॥২১॥

সমিতি। সমাগমেন সম্মেলনেন। তত্তথা সত্যমেব জাতমিত্যর্থঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২২॥

অথেতি। অগ্নিসংজ্বালনমন্ধকারে সর্বেষাং দর্শনার্থম্। উপাসাঞ্চক্রিরে উপবিবিশুঃ ॥২৩॥

শৈব্যেতি। শৈব্যা দ্যুমৎসেনভার্য্যা। বিশোকাঃ সর্ব্বসম্মেলনান্নিরুদ্বেগাঃ ॥২৪॥

তখন ব্রাহ্মণেরা বলিলেন—'রাজা! আমরা সকলে আজ আপনাকে পুত্রের সহিত মিলিত এবং চক্ষুষ্মান্ দেখিয়া জিজ্ঞাসা করিতেছি—আপনি উন্নতি লাভ করিয়াছেন ত?' ॥২১॥

পুত্রের সম্মেলনে এবং সাবিত্রীর দর্শনে আমরা সকলে যাহা বলিয়াছিলাম, তাহা হইয়াছে; এ বিষয়ে কোন সন্দেহ নাই। তা'র পর শীঘ্রই আপনার অতিপ্রচুর সমৃদ্ধি হইবে' ॥২২॥

মার্কণ্ডেয় বলিলেন—যুধিষ্ঠির! তাহার পর সেই ব্রাহ্মণেরা সকলেই সেই স্থানে অগ্নি প্রজ্বালিত করিয়া দ্যুমৎসেন রাজার নিকটে উপবেশন করিলেন ॥২৩॥

আর শৈব্যা, সত্যবান্ ও সাবিত্রী একদিকে দাঁড়াইয়াছিলেন; তাঁহারাও সেই সকলের অনুমতিক্রমে নিরুদ্বেগ হইয়া উপবেশন করিলেন ॥২৪॥

---

(২১) পুত্রেণ সঙ্গতং স্বাস্ত···বা ব কা, বৃদ্ধিং বৈ পৃথিবীপতেঃ—পি। (২২) প্রথম-চরণদ্বয়াৎ পরম্ 'চক্ষুষশ্চাত্মনো লাভাত্ত্রিভির্দিষ্ট্যা বিবর্দ্ধসে' ইতি চরণদ্বয়মধিকং বা ব কা নি। (২৩) ততোঽগ্নিম্···বা ব কা নি।

ততো রাজ্ঞা সহাসীনাঃ সর্ব্বে তে বনবাসিনঃ।
জাতকৌতূহলাঃ পার্থ! পপ্রচ্ছুর্নৃপতেঃ সুতম্ ॥২৫॥

ঋষয় ঊচুঃ।

প্রাগেব নাগতং কস্মাৎ সভার্য্যেণ ত্বয়া বিভো!।
বিরাত্রে চাগতং কস্মাৎ কোঽনুবন্ধস্তবাভবৎ ॥২৬॥
সন্তাপিতঃ পিতা মাতা বয়ঞ্চৈব নৃপাত্মজ!।
কস্মাদিতি ন জানীমস্তৎ সর্ব্বং বক্তুমর্হসি ॥২৭॥

সত্যবানুবাচ।

পিত্রাহমভ্যনুজ্ঞাতঃ সাবিত্রীসহিতো গতঃ।
অথ মেঽভূচ্ছিরোদুঃখং বনে কাষ্ঠানি ভিন্দতঃ ॥২৮॥
সুপ্তশ্চাহং বেদনয়া চিরমিত্যুপলক্ষয়ে।
তাবৎ কালং ন চ ময়া সুপ্তপূর্ব্বং কদাচন ॥২৯॥

ভারতকৌমুদী

তত ইতি। আসীনা উপবিষ্টাঃ। নৃপতেঃ সুতং সত্যবন্তম্ ॥২৫॥

প্রাগিতি। বিরাত্রে বিশেষেণাধিকোন রাত্রৌ ভূতায়াম্, অনুবন্ধো বিঘ্নঃ ॥২৬॥

সমিতি। কস্মাৎ কারণাৎ সন্তাপিতস্ত্বয়া উদ্বেজিতঃ ॥২৭॥

পিত্রেতি। গতো বনমিতি শেষঃ। শিরসো দুঃখং পীড়া, ভিন্দতঃ পাটয়তঃ ॥২৮॥

ভারতভাবদীপঃ

এতস্মিন্নেবেতি ॥১—৪॥ ভিন্নৈর্বিদীর্ণৈঃ, পরুষৈঃ কর্কশৈঃ ॥৫—১৬॥ শান্তায়াং প্রসন্নায়াম্, পার্থিবী পার্থিবত্বযোগ্যা, প্রবৃত্তির্ধর্ম্মঃ ॥১৭—২৫॥ বিরাত্রে বহুরাত্রে কালে, আগতমাগমনম্ ॥২৬—৪২॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৫২॥

যুধিষ্ঠির! তদনন্তর রাজার সহিত উপবিষ্ট সেই বনবাসীরা সকলে কৌতুকাবিষ্ট হইয়া সত্যবানের নিকট জিজ্ঞাসা করিলেন ॥২৫॥

ঋষিরা বলিলেন—'সত্যবান্! তুমি তোমার ভার্য্যার সহিত পূর্ব্বেই কেন আগমন কর নাই? অধিক রাত্রিতেই বা কেন আগমন করিলে? এবং তোমার কি প্রতিবন্ধকই বা হইয়াছিল? ॥২৬॥

রাজপুত্র! তুমি কি জন্য পিতাকে, মাতাকে এবং আমাদিগকে উদ্বিগ্ন করিলে, তাহা আমরা জানি না। অতএব তুমি সেই সকল বল' ॥২৭॥

সত্যবান্ বলিলেন—'আমি পিতার অনুমতিক্রমে সাবিত্রীর সহিত বনে গিয়াছিলাম; পরে কাঠ ফাঁড়িবার সময়ে আমার শিরঃপীড়া হইয়াছিল ॥২৮॥

---

(২৬) ··চিরাত্তবাগতং কস্মাৎ—পি। (২৭)···নাকস্মাদিব জানীমঃ···পি।

সর্ব্বেষামেব ভবতাং সন্তাপো মা ভবেদিতি।
অতো বিরাত্রাগমনং নান্যদস্তীহ কারণম্ ॥৩০॥
গৌতম উবাচ।
অকস্মাচ্চক্ষুষঃ প্রাপ্তির্দ্যুমৎসেনস্য তে পিতুঃ।
নাস্য ত্বং কারণং বেৎসি সাবিত্রী বক্তুমর্হতি ॥৩১॥
শ্রোতুমিচ্ছামি সাবিত্রি! ত্বং হি বেত্থ পরাবরম্।
ত্বাং হি জানামি সাবিত্রি! সাবিত্রীমিব তেজসা ॥৩২॥
ত্বমত্র হেতুং জানীষে তস্মাৎ সত্যং নিরুচ্যতাম্।
রহস্যং যদি তে নাস্তি কিঞ্চিদেব বদস্ব নঃ ॥৩৩॥
সাবিত্র্যুবাচ।
এবমেতদ্যথৈবাত্থ সঙ্কল্পো নান্যথা হি বঃ।
নহি কিঞ্চিদ্রহস্যং মে শ্রূয়তাং তথ্যমত্র যৎ ॥৩৪॥

ভারতকৌমুদী

সুপ্ত ইতি। সুপ্তো নিদ্রিতঃ, বেদনয়া শিরঃপীড়য়া, উপলক্ষয়ে মন্যে ॥২৯॥
তর্হি কথমাগত ইত্যাহ সর্ব্বেষামিতি। বিরাত্রে অধিকরাত্রে আগমনম্ ॥৩০॥
অকস্মাদিতি। নাস্য ত্বং কারণং বেৎসীত্যনুবাদঃ সাবিত্রী বক্তুমর্হতীতি চ সম্ভাবনা ॥৩১॥
শ্রোতুমিতি। পরাবরম্ উত্তমাধমং সর্ব্বং বিষয়ম্। সাবিত্রীং ব্রহ্মণঃ পত্নীম্ ॥৩২॥
ত্বমিতি। রহস্যং গোপনীয়ম্। কিঞ্চিদেবেতি সাকল্যাসম্ভবপক্ষে ॥৩৩॥
এবমিতি। যথৈব সত্যমেব আত্থ ব্রবীষি, সঙ্কল্পঃ সম্ভাবনা ॥৩৪॥

সেই শিরঃপীড়াবশতঃ আমি দীর্ঘকাল নিদ্রিত ছিলাম; ইহাই আমি ধারণা করি। কিন্তু পূর্ব্বে কখনও আমি ততকাল নিদ্রা যাই নাই ॥২৯॥

তা'র পর আপনাদের সকলের উদ্বেগ না হয়, এই জন্যই অধিক রাত্রিতে আসিয়াছি; কিন্তু এতদ্ভিন্ন এবিষয়ে অন্য কোন কারণ নাই' ॥৩০॥

গৌতম বলিলেন—'তোমার পিতা দ্যুমৎসেনের অকস্মাৎ চক্ষুলাভ হইয়াছে; ইহার কারণ তুমি জান না, সম্ভবতঃ সাবিত্রী বলিতে পারেন ॥৩১॥

সাবিত্রি! আমি তোমার নিকট ইহার কারণ শুনিতে ইচ্ছা করি। কেন না, তুমি উত্তমাধম সমস্ত বিষয়ই জান। যে হেতু, সাবিত্রি! তোমাকে আমি তেজে সাবিত্রীদেবীর তুল্যই মনে করি ॥৩২॥

সুতরাং তুমি এ বিষয়ের হেতু জান। অতএব সত্য বল। তোমার যদি গোপনীয় না হয়, তবে আমাদের নিকট কিছু বল' ॥৩৩॥

(৩০)···অতো চিরান্নাগমনম্···পি। (৩৪) এবমেতদ্যথা বেত্থ···বা ব কা নি।

মৃত্যুর্মে পত্যুরাখ্যাতো নারদেন মহাত্মনা।
স চাদ্য দিবসঃ প্রাপ্তস্ততো নৈনং জহাম্যহম্ ॥৩৫॥
সুপ্তঞ্চৈনং যমঃ সাক্ষাদুপাগচ্ছৎ সকিঙ্করঃ।
স এনমনয়দ্বদ্ধা দিশং পিতৃনিষেবিতাম্ ॥৩৬॥
অস্তৌষং তমহং দেবং সত্যেন বচসা বিভুম্।
পঞ্চ বৈ তেন মে দত্তা বরাঃ শৃণুত তান্ মম ॥৩৭॥
চক্ষুষী চ স্বরাজ্যঞ্চ দ্বৌ বরৌ শ্বশুরস্য মে।
লব্ধং পিতুঃ পুত্রশতং পুত্রাণাঞ্চাত্মনঃ শতম্ ॥৩৮॥
চতুর্ব্বর্ষশতায়ুর্মে ভর্ত্তা লব্ধশ্চ সত্যবান্।
ভর্ত্তুর্হি জীবিতার্থন্তু ময়া চীর্ণন্ত্বিদং ব্রতম্ ॥৩৯॥

ভারতকৌমুদী

মৃত্যুরিতি। আখ্যাতঃ পরিণয়াৎ প্রাগেবোক্তঃ। প্রাপ্ত উপস্থিতঃ, এনং পতিম্ ॥৩৫॥
সুপ্তমিতি। এনম্ এতস্য সত্যবতো লিঙ্গদেহম্। পিতৃনিষেবিতাং দক্ষিণাম্ ॥৩৬॥
অস্তৌষমিতি। অস্তৌষং স্তুতবতী। তেন যমেন ॥৩৭॥
চক্ষুষী ইতি। পিতুরশ্বপতেঃ। আত্মনো মম ॥৩৮॥
চতুরিতি। ইদং ত্রিরাত্রোপবাসাত্মকং ব্রতং ময়া চীর্ণমাচরিতম্ ॥৩৯॥

সাবিত্রী বলিলেন—'আপনি যাহা বলিলেন, তাহা এইরূপই বটে। কেন না, আপনাদের ধারণা অন্যরূপ হয় না। সে যাহা হউক, এ বিষয়ে আমার গোপনীয় কিছু নাই। সুতরাং যাহা সত্য, তাহা শ্রবণ করুন ॥৩৪॥

মহাত্মা নারদ আমার পতির মৃত্যুর কথা বলিয়াছিলেন, সে দিন আজ ছিল। সেই জন্যই আমি ইঁহাকে পরিত্যাগ করি নাই ॥৩৫॥

ইনি নিদ্রিত হইলে, সাক্ষাৎ যম তাঁহার ভৃত্যগণের সহিত উপস্থিত হইলেন এবং তিনি ইঁহাকে বন্ধন করিয়া দক্ষিণদিকে লইয়া চলিলেন ॥৩৬॥

তখন আমি সত্যবাক্যে সেই প্রভাবশালী দেবতার স্তব করিতে লাগিলাম; পরে তিনি আমাকে পাঁচটী বর দিলেন; তাহা আমার নিকট শ্রবণ করুন ॥৩৭॥

প্রথম দুই বরে আমার শ্বশুরের চক্ষু দুইটী ও আপন রাজ্যলাভ, তৃতীয় বরে আমার পিতার একশত পুত্র লাভ এবং চতুর্থ বরে আমার নিজের একশত পুত্র লাভ ॥৩৮॥

আর পঞ্চম বরে আমার স্বামী চারিশত বৎসর আয়ু লাভ করিয়াছেন এবং আমি স্বামীর জীবনের জন্যই এই ব্রত করিয়াছিলাম ॥৩৯॥

এতৎ সর্ব্বং ময়াখ্যাতং কারণং বিস্তরেণ বঃ।
যথা বৃত্তং সুখোদর্কমিদং দুঃখং মহন্মম ॥৪০॥
ঋষয় উচুঃ।
নিমজ্জমানং ব্যসনৈরভিদ্রুতং কুলং নরেন্দ্রস্য তমোময়ে হ্রদে।
ত্বয়া সুশীলব্রতপুণ্যযুক্তয়া সমুদ্ধৃতং সাধ্বি! পুনঃ কুলীনয়া ॥৪১॥
মার্কণ্ডেয় উবাচ।
তথা প্রশস্য হ্যভিপূজ্য চৈব বরস্ত্রিয়ং তামৃষয়ঃ সমাগতাঃ।
নরেন্দ্রমামন্ত্র্য সপুত্রমঞ্জসা শিবেন জগ্মুর্মুদিতাঃ স্বমালয়ম্ ॥৪২॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
দ্রৌপদীহরণে সাবিত্র্যুপাখ্যানে সাবিত্রীকথায়াং
দ্বিপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

এতদিতি। কারণং শ্বশুরস্য চক্ষুর্লাভস্য। সুখোদর্কং সুখোত্তরফলকম্ ॥৪০॥

নিমজ্জেতি। হে সাধ্বি! সাবিত্রি! সুশীলব্রতপুণ্যযুক্তয়া কুলীনয়া চ ত্বয়া, ব্যসনৈঃ পুত্রাভাবরূপাদিভির্বিপদ্ভিঃ, অভিদ্রুতম্ আক্রান্তম্, অতএব তমোময়ে হ্রদে নিমজ্জমানম্, পিণ্ডলোপাদিত্যাশয়ঃ, নরেন্দ্রস্য দ্যুমৎসেনস্য অশ্বপতেশ্চ রাজ্ঞঃ কুলম্, সমুদ্ধৃতম্ ঈদৃশবর-গ্রহণেন উত্তোলিতম্ ॥৪১॥

তথেতি। তাং সাবিত্রীম্। অঞ্জসা দ্রুতম্, শিবেন মঙ্গলেন ॥৪২॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে দ্বিপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

আমি বিস্তরক্রমে আপনাদের নিকট এই সকল কারণ বলিলাম; যাহাতে আমার এই গুরুতর কষ্টের সুখজনক ফল হইতে আরম্ভ করিয়াছে' ॥৪০॥

ঋষিরা বলিলেন—'সাধ্বি! তুমি—সচ্চরিত্র ও ব্রতপুণ্যশালিনী এবং সদ্বংশজাতা; তাই তুমি—বিপদাক্রান্ত ও অন্ধকারময় হ্রদে নিমগ্নপ্রায় রাজকুল উদ্ধার করিয়াছ' ॥৪১॥

মার্কণ্ডেয় বলিলেন—'সমাগত ঋষিরা উত্তমস্ত্রী সাবিত্রীর সেইভাবে প্রশংসা ও গৌরব করিয়া, সত্যবানের সহিত দ্যুমৎসেনরাজার অনুমতি লইয়া, আনন্দিত হইয়া কুশলে আপন আপন ভবনে সত্বর গমন করিলেন' ॥৪২॥

---

(৪০)…ইদং দুঃখতমং মম—পি। * '…পঞ্চাশীত্যধিকদ্বিশততমঃ…' পি, '…সপ্তনবত্যধিকদ্বি…' বা, ব, '…অষ্টনবত্যধিকদ্বি…' কা, '…একোননবত্যধিকদ্বি…' নি।

ত্রিপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

---:*:---

মার্কণ্ডেয় উবাচ।

তস্যাং রাত্র্যাং ব্যতীতায়ামুদিতে সূর্য্যমণ্ডলে।
কৃতপূর্ব্বাহ্নিকাঃ সর্বে সমীয়ুস্তে তপোধনাঃ ॥১॥
তদেব সর্ব্বং সাবিত্র্যা মহাভাগ্যং মহর্ষয়ঃ।
দ্যুমৎসেনায় নাতৃপ্যন্ কথয়ন্তঃ পুনঃ পুনঃ ॥২॥
ততঃ প্রকৃতয়ঃ সর্বাঃ শাল্বেভ্যোঽভ্যাগতা নৃপ !।
আচখ্যুর্নিহতঞ্চৈব স্বেনামাত্যেন তং দ্বিষম্ ॥৩॥
তং মন্ত্রিণা হতং শ্রুত্বা সসহায়ং সবান্ধবম্।
ন্যবেদয়ন্ যথা বৃত্তং বিদ্রুতঞ্চ দ্বিষদ্বলম্ ॥৪॥
ঐকমত্যঞ্চ সর্ব্বস্য জনস্যাথ নৃপং প্রতি।
সচক্ষুর্ব্বাপ্যচক্ষুর্বা স নো রাজা ভবত্বিতি ॥৫॥

ভারতকৌমুদী

তস্যামিতি। কৃতানি পূর্বাহ্নিকানি পূর্ব্বাহ্নবিহিতানি দেবপূজাদীনি যৈস্তে ॥১॥
তদিতি। মহাভাগ্যং পূর্ববদ্ব্যাখ্যানাৎ মাহাত্ম্যম্ ॥২॥
তত ইতি। প্রকৃতয়ঃ প্রজাঃ, শাল্বেভ্যঃ দ্যুমৎসেনপূর্বাধিকৃতশাল্বদেশাৎ ॥৩॥
তমিতি। ন্যবেদয়ন্ প্রকৃতয় ইত্যনুবৃত্তিঃ। বিদ্রুতং পলায়িতম্ ॥৪॥
ঐকেতি। নৃপং দ্যুমৎসেনম্। স দ্যুমৎসেনঃ, নঃ অস্মাকম্ ॥৫॥

মার্কণ্ডেয় বলিলেন—'সেই রাত্রি অতীত হইলে এবং সূর্য্য উঠিলে, সেই তপস্বীরা সকলে পূর্ব্বাহ্নবিহিত কার্য্য করিয়া উপস্থিত হইলেন ॥১॥

এবং সেই মহর্ষিরা দ্যুমৎসেনের নিকট সাবিত্রীর সেই সকল মাহাত্ম্যের কথা বার বার বলিয়াও তৃপ্তিলাভ করিলেন না ॥২॥

রাজা যুধিষ্ঠির! তা'র পর প্রজারা সকলে শাল্বদেশ হইতে আসিয়া দ্যুমৎসেনের নিকট বলিল যে, তাঁহার মন্ত্রী সেই শত্রুকে বধ করিয়াছেন ॥৩॥

তাহারা আরও এই যথাবৎ বৃত্তান্ত জানাইল যে, 'মন্ত্রী—সহায় ও বন্ধুগণের সহিত শত্রুকে বধ করিয়াছেন শুনিয়া সেই শত্রুসৈন্যেরা পলায়ন করিয়াছে ॥৪॥

---

(১)···সমেয়ুস্তে তপোধনাঃ—বা ব কা নি।

অনেন নিশ্চয়েনেহ বয়ং প্রস্থাপিতা নৃপ ! ।
প্রাপ্তানীমানি যানানি চতুরঙ্গঞ্চ তে বলম্ ॥৬॥
প্রয়াহি রাজন্ ! ভদ্রং তে ঘুষ্টস্তে নগরে জয়ঃ ।
অধ্যাস্স্ব চিররাত্রায় পিতৃপৈতামহং পদম্ ॥৭॥

মার্কণ্ডেয় উবাচ । ৭

চক্ষুষ্মন্তঞ্চ তং দৃষ্ট্বা রাজানং বপুষান্বিতম্ ।
মূর্দ্ধ্না নিপতিতাঃ সর্ব্বে বিস্ময়োৎফুল্ললোচনাঃ ॥৮॥
ততোঽভিবাদ্য তান্ বৃদ্ধান্ দ্বিজানাশ্রমবাসিনঃ ।
তৈশ্চাভিপূজিতঃ সর্বৈঃ প্রযযৌ নগরং প্রতি ॥৯॥

ভারতকৌমুদী

অনেনেতি । প্রস্থাপিতাঃ প্রকৃতিভিরেব প্রেরিতাঃ । প্রাপ্তানি উপস্থিতানি ॥৬॥

প্রয়াহীতি । ভদ্রং তে ভবিষ্যতীতি শেষঃ, ঘুষ্টঃ প্রচারিতঃ । অধ্যাস্স্ব অধিতিষ্ঠ, চিররাত্রায় চিরায়, "চিরায় চিররাত্রায় চিরস্যাদ্যাশ্চিরার্থকাঃ" ইত্যমরঃ ॥৭॥

চক্ষুষ্মন্তমিতি । বপুষা প্রশস্তয়া আকৃত্যা, "বপুঃ শস্তাকৃতৌ দেহে" ইতি হেমচন্দ্রঃ ॥৮॥

ভারতভাবদীপঃ

তস্যামিতি ॥১—৬॥ চিররাত্রায় বহুকালম্ ॥৭—১৭॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৫৩॥

এবং দ্যুমৎসেনরাজার প্রতি সকল লোকেরই এইরূপ একমত হইয়াছে যে, দ্যুমৎসেনরাজা চক্ষুষ্মান্ই হউন বা অন্ধই হউন, তিনিই আমাদের রাজা হউন ॥৫॥

রাজা ! এইরূপ নিশ্চয় করিয়াই সেই প্রজারা আমাদিগকে পাঠাইয়া দিয়াছে এবং আপনার এই সকল যান ও চতুরঙ্গ বল আসিয়াছে ॥৬॥

রাজা ! আপনার রাজধানীতে আপনার জয়ঘোষণা করা হইয়াছে। অতএব চলুন এবং চিরকালের জন্য পিতৃপৈতামহপদে অধিষ্ঠান করুন; আপনার মঙ্গল হইবে' ॥৭॥

মার্কণ্ডেয় বলিলেন—তাহার পর প্রজারা সকলে রাজাকে চক্ষুষ্মান্ ও সুন্দরাকৃতি দেখিয়া তাঁহার চরণে পতিত ও বিস্ময়ে উৎফুল্লনয়ন হইল ॥৮॥

তদনন্তর দ্যুমৎসেন রাজা, আশ্রমবাসী সেই বৃদ্ধব্রাহ্মণগণকে অভিবাদন করিয়া এবং তাঁহাদের দ্বারা সম্মানিত হইয়া রাজধানীর দিকে প্রস্থান করিলেন ॥৯॥

---

৭ অয়ং পাঠঃ বা ব কা পি নাস্তি।

শৈব্যা চ সহ সাবিত্র্যা স্বাস্তীর্ণেন সুবর্চ্চসা।
নরযুক্তেন যানেন প্রযযৌ সেনয়া বৃতা ॥১০॥
ততোঽভিষিষিচুঃ প্রীত্যা দ্যুমৎসেনং পুরোহিতাঃ।
পুত্রঞ্চাস্য মহাত্মানং যৌবরাজ্যেঽভ্যষেচয়ন্ ॥১১॥
ততঃ কালেন মহতা সাবিত্র্যাঃ কীর্ত্তিবর্দ্ধনম্।
তদ্বৈ পুত্রশতং জজ্ঞে শূরাণামনিবর্ত্তিনাম্ ॥১২॥
ভ্রাতৃণাং সোদরাণাঞ্চ তথৈবাস্যাভবচ্ছতম্।
মদ্রাধিপস্যাশ্বপতের্মালব্যাং সুমহাবলম্ ॥১৩॥ (যুগ্মকম্)
এবমাত্মা পিতা মাতা শ্বশ্রূঃ শ্বশুর এব চ।
ভর্ত্তুঃ কুলঞ্চ সাবিত্র্যা সর্ব্বং কৃচ্ছ্রাৎ সমুদ্ধৃতম্ ॥১৪॥
তথৈবৈষাপি কল্যাণী দ্রৌপদী শীলসম্পদা।
তারয়িষ্যতি বঃ সর্ব্বান্ সাবিত্রীব কুলাঙ্গনা ॥১৫॥

ভারতকৌমুদী

তত ইতি। অভিপূজিতঃ সম্মানিতঃ, দ্যুমৎসেন ইতি শেষঃ ॥৯॥
শৈব্যেতি। শোভনম্ আস্তীর্ণমাস্তরণবস্ত্রং যত্র তেন। যানেন শিবিকয়া ॥১০॥
তত ইতি। অভিষিষিচুঃ, রাজ্যে ইত্যর্থঃ। পুত্রং সত্যবন্তম্ ॥১১॥
তত ইতি। তদ্‌যমবরপ্রাপ্যম্। মালব্যাং তদাখ্যায়াং তদ্ভার্য্যায়াম্ ॥১২—১৩॥
এবমিতি। কৃচ্ছ্রাৎ বৈধব্যরূপাৎ অপুত্রকত্বাদিরূপাচ্চ কষ্টাৎ ॥১৪॥

শৈব্যাও সাবিত্রীর সহিত সুন্দর আস্তরণযুক্ত, উজ্জ্বলকান্তি ও নরযুক্ত যানে আরোহণ করিয়া এবং সৈন্যগণে পরিবেষ্টিত হইয়া গমন করিলেন ॥১০॥

তাহার পর পুরোহিতেরা আনন্দের সহিত দ্যুমৎসেনরাজাকে রাজ্যে অভিষিক্ত করিলেন এবং উঁহার পুত্র মহাত্মা সত্যবান্‌কে যৌবরাজ্যে অভিষিক্ত করাইলেন ॥১১॥

তদনন্তর বহুকালপরে সাবিত্রীর কীর্ত্তিবর্দ্ধক সেই একশত পুত্র জন্মিল এবং মদ্ররাজ অশ্বপতির ঔরসে ও মালবীর গর্ভে সাবিত্রীর একশত সহোদর ভ্রাতা জন্মিল; তাহারা কালক্রমে অতিমহাবল, বীর ও যুদ্ধ হইতে অনিবর্ত্তী হইয়াছিল ॥১২—১৩॥

সাবিত্রী এই ভাবে আপনি, পিতা, মাতা, শ্বশুর, শাশুরী এবং স্বামিকুল এই সমস্তকেই বিপদ্ হইতে উদ্ধার করিয়াছিলেন ॥১৪॥

এই কুলবধূ কল্যাণী দ্রৌপদীও সাবিত্রীর ন্যায় সেই ভাবেই চরিত্রের গুণে তোমাদের সকলকে বিপদ্ হইতে উদ্ধার করিবেন' ॥১৫॥

বৈশম্পায়ন উবাচ।

এবং স পাণ্ডবস্তেন অনুনীতো মহাত্মনা।
বিশোকো বিজ্বরো রাজন্! কাম্যকে ন্যবসত্তদা ॥১৬॥
যশ্চেদং শৃণুয়াদ্ভক্ত্যা সাবিত্র্যাখ্যানমুত্তমম্।
স সুখী সর্ব্বসিদ্ধার্থো ন দুঃখং প্রাপ্নুয়ান্নরঃ ॥১৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে সাবিত্র্যুপাখ্যানে দ্যুমৎসেনরাজ্যলাভে ত্রিপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:(*):——

(১৮। কুণ্ডলাহরণপর্ব্ব।)

চতুঃপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

——:*:——

জনমেজয় উবাচ।

যত্তত্তদা মহাব্রহ্মন্! লোমশো বাক্যমব্রবীৎ।
ইন্দ্রস্য বচনাদেব পাণ্ডুপুত্রং যুধিষ্ঠিরম্ ॥১॥

ভারতকৌমুদী

তথেতি। শীলসম্পদা চরিত্রগুণেন। বো যুষ্মান্ ॥১৫॥

এবমিতি। তেন মার্কণ্ডেয়েন, অনুনীতঃ প্রবোধিতঃ। বিজ্বরো নিঃসন্তাপঃ ॥১৬॥

য ইতি। সর্ব্বে সিদ্ধা নিষ্পন্না অর্থাঃ প্রয়োজনানি যস্য সঃ ॥১৭॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে ত্রিপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা! সেই মহাত্মা মার্কণ্ডেয় এইভাবে প্রবোধ দিলে, তখন পাণ্ডবগণ শোক ও সন্তাপশূন্য হইয়া কাম্যকবনে বাস করিতে লাগিলেন ॥১৬॥

যে লোক ভক্তিপূর্ব্বক এই উত্তম সাবিত্র্যুপাখ্যান শ্রবণ করে, সে লোক সুখী হয়, তাহার সকল উদ্দেশ্য সিদ্ধ হয় এবং সে, কোন দুঃখ পায় না ॥১৭॥

---

* 'ষড়শীত্যধিকদ্বিশততমঃ...পি, 'অষ্টনবত্যধিকদ্বি...' বা ব, '...নবনবত্যধিকদ্বি...' কা, '... ত্রিশততমঃ...' নি।

(১) যত্তত্তদা মহদ্ব্রহ্মন্...বা ব কা নি।

যচ্চাপি তে ভয়ং তীব্রং ন চ কীর্ত্তয়সে কচিৎ।
তচ্চাপ্যপহরিষ্যামি ধনঞ্জয় ইতো গতে ॥২॥
কিন্নু তজ্জপতাং শ্রেষ্ঠ ! কর্ণং প্রতি মহদ্ভয়ম্।
আসীন্ন চ স ধর্ম্মাত্মা কথয়ামাস কস্যচিৎ ॥৩॥ (বিশেষকম্)

বৈশম্পায়ন উবাচ।

অথ তে রাজশার্দ্দূল ! কথয়ামি কথামিমাম্।
পৃচ্ছতো ভরতশ্রেষ্ঠ ! শুশ্রূষস্ব গিরং মম ॥৪॥
দ্বাদশে সমতিক্রান্তে বর্ষে প্রাপ্তে ত্রয়োদশে।
পাণ্ডূনাং হিতকৃচ্ছক্রঃ কর্ণং ভিক্ষিতুমুদ্যতঃ ॥৫॥

ভারতকৌমুদী

যদিতি। হে মহাব্রহ্মন্ ! ব্রাহ্মণশ্রেষ্ঠ !। ন চ "শঙ্খে তৈলে তথা মাংসে বৈদ্যে জ্যোতিষিকে দ্বিজে। যাত্রায়াং পথি নিদ্রায়াং মহচ্ছব্দো ন দীয়তে॥" ইতি বচনান্মহচ্ছব্দপ্রয়োগেণ নিকৃষ্টব্রাহ্মণপ্রতীতিরিতি বাচ্যম্, উদাহৃতশব্দেভ্যঃ পূর্ব্বমেব মহচ্ছব্দপ্রয়োগে তত্তদর্থপ্রতীতেঃ স্বাভাবিকত্বাৎ অত্র তু ব্রহ্মশব্দাৎ পূর্ব্বং মহচ্ছব্দপ্রয়োগে ন নিকৃষ্টব্রাহ্মণপ্রতীতিঃ। অতএব ভট্টাবপি "পুণ্যো মহাব্রহ্মসমূহজুষ্টঃ" ইত্যুক্তম্। তদা যুধিষ্ঠিরাদীনাং তীর্থযাত্রা প্রারম্ভে, লোমশো মুনিঃ, ইন্দ্রস্য বচনাদেব পাণ্ডুপুত্রং যুধিষ্ঠিরম্, তৎ যৎ বাক্যমব্রবীৎ। কিং তদ্বাক্যমিত্যাকাঙ্ক্ষায়াং তদর্থমনুবদতি যচ্চেতি। হে যুধিষ্ঠির ! যচ্চাপি তে মানসিকং তীব্রং ভয়ং কচিদপি ন কীর্ত্তয়সে, ধনঞ্জয়ে ইতঃ স্বর্গাদ্‌গতে সতি, তচ্চাপ্যহমপহরিষ্যামি। তত্রত্যবচনন্তু—"যচ্চাপি তে ভয়ং কর্ণান্মনসিস্থমরিন্দম !। তচ্চাপ্যপহরিষ্যামি সব্যসাচিন্যতো গতে॥" ইতি। হে জপতাং শ্রেষ্ঠ ! বৈশম্পায়ন ! কর্ণং প্রতি যুধিষ্ঠিরস্য কিং নু তন্মহদ্ভয়মাসীৎ। স ধর্ম্মাত্মা যুধিষ্ঠিরঃ, কস্যচিদপি জনস্য সকাশে ন চ তৎ কথয়ামাস। অতএবাশ্রবণাদহং ত্বাং পৃচ্ছামীতি ভাবঃ ॥১—৩॥

অথেতি। পৃচ্ছতস্তে ইতি সম্বন্ধঃ। শুশ্রূষস্ব ঐকাগ্র্যেণ শ্রোতুমিচ্ছ ॥৪॥

জনমেজয় বলিলেন—'ব্রাহ্মণশ্রেষ্ঠ ! সেই সময়ে লোমশমুনি ইন্দ্রের বাক্য অনুসারে পাণ্ডুপুত্র যুধিষ্ঠিরকে সেই যে কথা বলিয়াছিলেন—'যুধিষ্ঠির ! কর্ণের প্রতি তোমার মনে যে তীব্র ভয় রহিয়াছে, যাহা তুমি কোথাও বলিতেছ না ; অর্জ্জুন এ স্থান হইতে চলিয়া গেলে, তাহা আমি দূর করিব'। জপিশ্রেষ্ঠ বৈশম্পায়ন ! কর্ণের প্রতি যুধিষ্ঠিরের সে মহাভয়টা কি ছিল ? সে ধর্ম্মাত্মা ত তাহা কাহারও নিকট বলেন নাই' ॥১—৩॥

বৈশম্পায়ন বলিলেন—রাজশ্রেষ্ঠ ভরতপ্রধান ! আপনি জিজ্ঞাসা করিয়াছেন বলিয়া আপনার নিকট আমি একথা বলিতেছি ; আপনি শ্রবণ করুন ॥৪॥

অভিপ্রায়মথো জ্ঞাত্বা মহেন্দ্রস্য বিভাবসুঃ।
কুণ্ডলার্থে মহারাজ! সূর্য্যঃ কর্ণমুপাগতঃ ॥৬॥
মহার্হে শয়নে বীরং স্পর্দ্ধ্যাস্তরণসংবৃতে।
শয়ানমতিবিশ্বস্তং ব্রহ্মণ্যং সত্যবাদিনম্।
স্বপ্নান্তে নিশি রাজেন্দ্র! দর্শয়ামাস রশ্মিবান্ ॥৭॥
কৃপয়া পরয়াবিষ্টঃ পুত্রস্নেহাচ্চ ভারত!।
ব্রাহ্মণো বেদবিদ্ভূত্বা সূর্য্যো যোগাদ্ধি রূপবান্।
হিতার্থমব্রবীৎ কর্ণং সান্ত্বপূর্ব্বমিদং বচঃ ॥৮॥
কর্ণ! মদ্বচনং তাত! শৃণু সত্যভৃতাং বর!।
ব্রবতোঽদ্য মহাবাহো! সৌহৃদাৎ পরমং হিতম্ ॥৯॥

ভারতকৌমুদী

দ্বাদশ ইতি। প্রাপ্তে উপস্থিতপ্রায়ে। ভিক্ষিতুং কুণ্ডলং যাচিতুম্ ॥৫॥

অভীতি। বিভাবসুঃ কিরণধনঃ। কুণ্ডলার্থে কুণ্ডলরক্ষার্থে ॥৬॥

মহেতি। মহার্হে মহামূল্যে, শয়নে শয্যায়াম্, স্পর্দ্ধিনা উত্তমেন আস্তরণেন বস্ত্রেণ সংবৃতে। ব্রহ্মণ্যং ব্রাহ্মণহিতম্। দর্শয়ামাস আত্মানমিতি শেষঃ, রশ্মিবান্ সূর্য্যঃ, মোপধ-ত্বাদ্বত্বঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥

কৃপয়েতি। যোগাদ্ যোগবলাৎ, রূপবান্ সুন্দরঃ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৮॥

ভারতভাবদীপঃ

যত্তদিতি ॥১—৫॥ বিভাবসুঃ বিশিষ্টা ভাঃ দীপ্তিঃ সৈব বসু ধনং যস্য তাদৃশঃ সূর্য্যঃ ॥৬॥ স্বপ্নান্তে স্বপ্নমধ্যে ॥৭—৩৪॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুঃপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৫৪॥

বনবাসের দ্বাদশ বৎসর প্রায় অতীত এবং ত্রয়োদশ বৎসর প্রায় আগত হইলে, পাণ্ডবগণের হিতকারী ইন্দ্র কর্ণের নিকট তাঁহার কুণ্ডল ভিক্ষা করিতে উদ্যত হইলেন ॥৫॥

মহারাজ! তাঁহার পর বিভাবসু সূর্য্য ইন্দ্রের অভিপ্রায় বুঝিয়া কুণ্ডল-রক্ষার জন্য কর্ণের নিকট উপস্থিত হইলেন ॥৬॥

রাজশ্রেষ্ঠ! বীর, ব্রাহ্মণহিতৈষী ও সত্যবাদী কর্ণ—উত্তম আস্তরণবস্ত্রে আবৃত ও মহামূল্য শয্যার উপরে অতিবিশ্বস্তভাবে রাত্রিতে শয়ন করিয়া-ছিলেন, এমন সময়ে সূর্য্য যাইয়া স্বপ্নে তাঁহাকে দেখা দিলেন ॥৭॥

ভরতনন্দন! সূর্য্য পুত্রস্নেহবশতঃ অত্যন্ত-কৃপাবিষ্ট হইয়া, যোগবলে বেদবিৎ ও রূপবান্ ব্রাহ্মণের রূপ ধারণ করিয়া, হিতের জন্য কর্ণকে এই কোমল বাক্য বলিলেন—॥৮॥

উপায়াস্যতি শক্রস্ত্বাং পাণ্ডবানাং হিতেপ্সয়া।
ব্রাহ্মণচ্ছদ্মনা কর্ণ! কুণ্ডলাপজিহীর্ষয়া ॥১০॥
বিদিতং তেন তে শীলং সর্বস্য জগতস্তথা।
যথা ত্বং ভিক্ষিতঃ সদ্ভির্দদাস্যেব ন যাচসে ॥১১॥
ত্বাস্তু চৈবংবিধং জ্ঞাত্বা স্বয়ং বৈ পাকশাসনঃ।
আগন্তা কুণ্ডলার্থায় কবচঞ্চৈব ভিক্ষিতুম্ ॥১২॥
তস্মৈ প্রযাচমানায় ন দেয়ে কুণ্ডলে ত্বয়া।
অনুনেয়ঃ পরং শক্ত্যা শ্রেয় এতদ্ধি তে পরম্ ॥১৩॥
কুণ্ডলার্থে ব্রুবংস্তাত! কারণৈর্ব্বহুভিস্ত্বয়া।
অন্যৈর্বহুবিধৈর্বিত্তৈঃ স নিবার্য্যঃ পুনঃ পুনঃ ॥১৪॥

ভারতকৌমুদী

কর্ণেতি। সত্যভৃতাং সত্যবাদসত্যব্যবহারশালিনাম্। সৌহৃদাৎ স্নেহাৎ ॥৯॥
উপেতি। তব কুণ্ডলস্য কবচস্য চ পরোক্তেঃ অপজিহীর্ষয়া অপহরণেচ্ছয়া ॥১০॥
বিদিতমিতি। তেন শক্রেণ। দদাস্যেবেত্যেবশব্দেন প্রত্যাখ্যানব্যাবৃত্তিঃ ॥১১॥
ত্বামিতি। আগন্তা আগমিষ্যতি, কুণ্ডলার্থায় কুণ্ডলয়োর্গ্রহণায় ॥১২॥
তস্মা ইতি। কুণ্ডলে কুণ্ডলদ্বয়ম্। শ্রেয়ো মঙ্গলম্ ॥১৩॥

'মহাবাহু সত্যবাদিশ্রেষ্ঠ বৎস কর্ণ! আমি আজ স্নেহবশতঃ তোমার পরম হিতকর বাক্য বলিতেছি; তুমি তাহা শ্রবণ কর ॥৯॥

কর্ণ! দেবরাজ ইন্দ্র পাণ্ডবগণের হিতের জন্য তোমার কুণ্ডল ও কবচ হরণ করিবার ইচ্ছায় ব্রাহ্মণবেশে তোমার নিকট আসিবেন ॥১০॥

তিনি তোমার এবং জগতের সমস্ত লোকের স্বভাব জানেন যে, সজ্জনেরা তোমার নিকট প্রার্থনা করিলে, তুমি দান করিয়াই থাক, কিন্তু প্রত্যাখ্যান কর না, বা কাহারও নিকট কিছু প্রার্থনা কর না ॥১১॥

তোমাকে এইরূপ জানিয়া স্বয়ং ইন্দ্রই তোমার কবচ ও কুণ্ডল ভিক্ষা করিবার জন্য আগমন করিবেন ॥১২॥

তিনি আসিয়া প্রার্থনা করিলে, তুমি কবচ ও কুণ্ডল দিও না, তুমি শক্তি অনুসারে তাঁহার বিশেষ অনুনয় করিও, ইহাই তোমার পক্ষে পরম মঙ্গল ॥১৩॥

(১১) শ্লোকাৎ পরম্ 'ত্বং হি তাত! দদাস্যেব ব্রাহ্মণেভ্যঃ প্রযাচিতম্। বিত্তং যচ্চান্যদপ্যাহুর্ন প্রত্যাখ্যাসি কস্যচিৎ॥' অয়মুক্তার্থকোঽধিকঃ শ্লোকঃ—বা ব কা নি।

(১৪) শ্লোকাৎ পরম্ 'রত্নৈঃ স্ত্রীভিস্তথা গোভির্ধনৈর্ব্বহুবিধৈরপি। নিদর্শনৈশ্চ বহুভিঃ কুণ্ডলেপ্সুঃ পুরন্দরঃ॥' ইতি প্রায়েণ পূর্ব্বশ্লোকৈকার্থকং শ্লোকান্তরম্—বা ব কা নি।

যদি দাস্যসি কর্ণ ! ত্বং সহজে কুণ্ডলে শুভে।
আয়ুষঃ প্রক্ষয়ং গত্বা মৃত্যোর্বশমুপৈষ্যসি ॥১৫॥
কবচেন সমাযুক্তঃ কুণ্ডলাভ্যাঞ্চ মানদ ! ।
অবধ্যস্ত্বং রণেঽরীণামিতি বিদ্ধি বচো মম ॥১৬॥
অমৃতাদুত্থিতং হ্যেতদুভয়ং রত্নসম্ভবম্।
তস্মাদ্রক্ষ্যং ত্বয়া কর্ণ ! জীবিতঞ্চেৎ প্রিয়ং তব ॥১৭॥

কর্ণ উবাচ।

কো মামেবং ভগবান্ প্রাহ দর্শয়ন্ সৌহৃদং পরম্।
কাময়া ভগবন্ ! ব্রূহি কো ভবান্ দ্বিজবেশধৃক্ ॥১৮॥

ব্রাহ্মণ উবাচ।

অহং তাত ! সহস্রাংশুঃ সৌহৃদাত্ত্বাং নিদর্শয়ে।
কুরুষ্বৈতদ্বচো মে ত্বমেতচ্ছ্রেয়ঃ পরং হি তে ॥১৯॥

ভারতকৌমুদী

কুণ্ডলেতি। বিত্তৈর্ধনৈর্ধনদানাঙ্গীকারৈঃ, স শক্রঃ ॥১৪॥
যদীতি। সহজে আজন্মলব্ধে। গত্বা প্রাপ্য ॥১৫॥
কবচকুণ্ডলরক্ষণে কিং ফলমিত্যাহ কবচেনেতি। বিদ্ধি সত্যং জানীহি ॥১৬॥
অমৃতাদিতি। রক্ষ্যম্ ইন্দ্রাদ্রক্ষণীয়ম্ ॥১৭॥
ক ইতি। কাময়া ইচ্ছয়া, অনিচ্ছা চেন্ন ব্রূহীতি ভাবঃ ॥১৮॥

বৎস ! তিনি কুণ্ডলের জন্য বলিতে লাগিলে, তুমি নানাবিধ কারণ দেখাইয়া এবং অন্য বহুবিধ ধনদানের অঙ্গীকার করিয়া তাঁহাকে বার বার নিবারণ করিবে ॥১৪॥

কর্ণ ! যদি তুমি সহজাত কবচ ও কুণ্ডল দান কর, তবে আয়ুঃক্ষয় হওয়ায় তুমি মৃত্যুর অধীন হইবে ॥১৫॥

পক্ষান্তরে তুমি কবচ-কুণ্ডল-যুক্ত থাকিলে, যুদ্ধে শত্রুগণের অবধ্যই থাকিবে ; আমার এই বাক্য সত্য বলিয়াই জানিয়া রাখ ॥১৬॥

কারণ, রত্নসম্ভূত এই কবচ ও কুণ্ডল অমৃত হইতে উঠিয়াছিল। অতএব কর্ণ ! তোমার জীবন যদি তোমার প্রিয় হয়, তবে উহা রক্ষণীয়' ॥১৭॥

কর্ণ বলিলেন—'কে আপনি পরম সৌহার্দ্দ দেখাইতে থাকিয়া আমাকে এইরূপ বলিতেছেন ! । ভগবন্ ! আপনি আপনার ইচ্ছানুসারেই বলুন যে, ব্রাহ্মণবেশধারী আপনি কে ?' ॥১৮॥

---

(১৯)···সৌহৃদাত্ত্বাং নিমন্ত্রয়ে···পি।

কর্ণ উবাচ।

শ্রেয় এব মমাত্যন্তং যস্য মে গোপতিঃ প্রভুঃ।
প্রবক্তাদ্য হিতান্বেষী শৃণু চেদং বচো মম ॥২০॥
প্রসাদয়ে ত্বাং বরদং প্রণয়াচ্চ ব্রবীম্যহম্।
ন নিবার্য্যো ব্রতাদস্মাদহং যদ্যস্মি তে প্রিয়ঃ ॥২১॥
ব্রতং বৈ মম লোকোঽয়ং বেত্তি কৃৎস্নং বিভাবসো!।
যথাহং দ্বিজমুখ্যেভ্যো দদ্যাং প্রাণানপি ধ্রুবম্ ॥২২॥
যদ্যাগচ্ছতি মাং শক্রো ব্রাহ্মণচ্ছদ্মনাবৃতঃ।
হিতার্থং পাণ্ডুপুত্রাণাং খেচরোত্তম! ভিক্ষিতুম্।
দাস্যামি বিবুধশ্রেষ্ঠ! কুণ্ডলে বর্ম্ম চোত্তমম্ ॥২৩॥

ভারতকৌমুদী

অহমিতি। সহস্রাংশুঃ সূর্য্যঃ। সৌহৃদাৎ স্নেহাৎ, নিদর্শয়ে আত্মানং দর্শয়ামি ॥১৯॥

শ্রেয় ইতি। গোপতিঃ কিরণাধিপতিঃ সূর্য্যঃ "ষণ্ডঃ সূর্য্যশ্চ গোপতিঃ" ইতি ত্রিকাণ্ড-শেষঃ ॥২০॥

প্রেতি। প্রসাদয়ে অনুনয়েন প্রসন্নীকরোমি। অস্মাৎ দানরূপাৎ ॥২১॥

ব্রতমিতি। লোকঃ সর্ব্বো জনঃ। দ্বিজমুখ্যেভ্যো ব্রাহ্মণেভ্যঃ ॥২২॥

যদীতি। হে খেচরোত্তম! গ্রহশ্রেষ্ঠ!। দাস্যামি তস্মৈ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৩॥

ব্রাহ্মণরূপী সূর্য্য বলিলেন—'বৎস! আমি সূর্য্য; স্নেহবশতই আমি তোমাকে দেখা দিয়াছি। তুমি আমার এই বাক্য রক্ষা কর, ইহাতে তোমার পরম মঙ্গল হইবে' ॥১৯॥

কর্ণ কহিলেন—'আমার পরম মঙ্গলই হইবে, (এ বিষয়ে কোন সন্দেহ নাই)। কারণ, প্রভাবশালী সূর্য্যদেবই যখন আমার হিতৈষী হইয়া আজ এইরূপ বলিতেছেন। তবে আমার এই বাক্য শ্রবণ করুন ॥২০॥

আপনি বরদাতা; সুতরাং আপনাকে আমি প্রসন্ন করিতেছি এবং প্রণয়-বশতঃ বলিতেছি—আমি যদি আপনার প্রিয় হই, তবে আপনি আমাকে এই ব্রত হইতে নিবারণ করিবেন না ॥২১॥

সূর্য্যদেব! জগতের লোক আমার এই ব্রতের বিষয় জানে যে, আমি নিশ্চয়ই ব্রাহ্মণদিগকে প্রাণও দিয়া থাকি ॥২২॥

গ্রহশ্রেষ্ঠ দেবতাপ্রধান! তাহাতে ইন্দ্র যদি পাণ্ডবগণের হিতের জন্য ব্রাহ্মণবেশে ভিক্ষা করিতে আমার নিকট আগমন করেন, তবে তাঁহাকে আমি কুণ্ডল দুইটী ও উত্তম বর্ম্মটী দান করিব ॥২৩॥

ন মে কীর্ত্তিঃ প্রণশ্যেত ত্রিষু লোকেষু বিশ্রুতা।
মদ্বিধস্যাযশস্যং হি ন যুক্তং প্রাণরক্ষণম্ ॥২৪॥
যুক্তং হি যশসা যুক্তং মরণং লোকসম্মতম্।
সোঽহমিন্দ্রায় দাস্যামি কুণ্ডলে সহ বর্ম্মণা ॥২৫॥
যদি মাং বলবৃত্রঘ্নো ভিক্ষার্থমুপযাস্যতি।
হিতার্থং পাণ্ডুপুত্রাণাং কুণ্ডলে মে প্রযাচিতুম্।
তন্মে কীর্ত্তিকরং লোকে তস্যাকীর্ত্তির্ভবিষ্যতি ॥২৬॥
বৃণোমি কীর্ত্তিং লোকেঽস্মিন্ জীবিতেনাপি ভানুমন্!।
কীর্ত্তিমানশ্নুতে স্বর্গং হীনকীর্ত্তিস্তু নশ্যতি ॥২৭॥
কীর্ত্তির্হি পুরুষং লোকে সঞ্জীবয়তি মাতৃবৎ।
অকীর্ত্তির্জীবিতং হন্তি জীবতোঽপি শরীরিণঃ ॥২৮॥
অয়ং পুরাণঃ শ্লোকো হি স্বয়ং গীতো বিভাবসো!।
ধাত্রা লোকেশ্বর! যথা কীর্ত্তিরায়ুর্নরস্য হ ॥২৯॥

ভারতকৌমুদী

নেতি। বিশ্রুতা বিখ্যাতা। অযশস্যং নিন্দাজনকম্ ॥২৪॥
যুক্তমিতি। যুক্তং সঙ্গতম্, যুক্তমন্বিতম্। কুণ্ডলে কুণ্ডলদ্বয়ম্ ॥২৫॥
যদীতি। বলং বৃত্রঞ্চ নামাসুরং হতবানিতি বলবৃত্রঘ্ন ইন্দ্রঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৬॥
বৃণোমীতি। জীবিতেন জীবনেনাপি, হে ভানুমন্! রশ্মিবন্! সূর্য্য! ॥২৭॥
কীর্ত্তেঃ প্রাধান্যমাহ কীর্ত্তিরিতি। অকীর্ত্তিঃ কীর্ত্তিবিরোধিনী নিন্দা ॥২৮॥
অত্রার্থে মহাপুরুষবচনং প্রমাণয়তি অয়মিতি। কীর্ত্তিরিত্যাদির্ধাতৃবচনার্থোক্তিঃ ॥২৯॥

তাহা হইলে আমার ত্রিভুবনবিখ্যাত কীর্ত্তি নষ্ট হইবে না। কারণ, আমার মত লোকের পক্ষে নিন্দাজনক প্রাণরক্ষা করা সঙ্গত নহে ॥২৪॥

কিন্তু লোকসম্মত যশোযুক্ত মরণই সঙ্গত। অতএব আমি কবচের সহিত কুণ্ডল দুইটী ইন্দ্রকে দান করিব ॥২৫॥

ইন্দ্র যদি ভিক্ষার জন্য—অর্থাৎ পাণ্ডবগণের হিতার্থে আমার কুণ্ডল দুইটী প্রার্থনা করিতে আমার নিকট আগমন করেন, তবে তাহা জগতে আমার কীর্ত্তিজনক এবং তাঁহার অকীর্ত্তিজনক হইবে ॥২৬॥

সূর্য্যদেব! আমি প্রাণ দিয়াও এই জগতে কীর্ত্তি বরণ করি। কারণ, কীর্ত্তিশালী লোক স্বর্গ লাভ করে, আর কীর্ত্তিহীন লোক নষ্ট হয় ॥২৭॥

কীর্ত্তি মাতারই তুল্য জগতে মৃতপ্রায় ব্যক্তিকেও সঞ্জীবিত করে; আর অকীর্ত্তি জীবিত ব্যক্তিরও জীবন নষ্ট করে ॥২৮॥

পুরুষস্য পরে লোকে কীর্ত্তিরেব পরায়ণম্।
ইহলোকে বিশুদ্ধা চ কীর্ত্তিরায়ুর্বিবর্দ্ধনী ॥৩০॥
সোঽহং শরীরজে দত্ত্বা কীর্ত্তিং প্রাপ্স্যামি শাশ্বতীম্।
দত্ত্বা চ বিধিবদ্দানং ব্রাহ্মণেভ্যো যথাবিধি ॥৩১॥
হুত্বা শরীরং সংগ্রামে কৃত্বা কর্ম্ম সুদুষ্করম্।
বিজিত্য চ পরানাজৌ যশঃ প্রাপ্স্যামি কেবলম্ ॥৩২॥ (যুগ্মকম্)
ভীতানামভয়ং দত্ত্বা সংগ্রামে জীবিতার্থিনাম্।
বৃদ্ধান্ বালান্ দ্বিজাতীংশ্চ মোক্ষয়িত্বা মহাভয়াৎ ॥৩৩॥
প্রাপ্স্যামি পরমং লোকে যশঃ স্বর্গমনুত্তমম্।
জীবিতেনাপি মে রক্ষ্যা কীর্ত্তিস্তদ্বিদ্ধি মে ব্রতম্ ॥৩৪॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি কুণ্ডলাহরণে সূর্য্যকর্ণসংবাদে চতুঃপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ধাতৃগীতশ্লোকমুদাহরতি পুরুষস্যেতি। পরায়ণং পরমাশ্রয়ঃ, তস্যা এব তৎস্থাপকত্বাৎ ॥৩০॥

স ইতি। শরীরজে সহজে কবচকুণ্ডলে। শাশ্বতীং চিরস্থায়িনীম্। বিধিবৎ শাস্ত্রোক্তম্। যথাবিধি শাস্ত্রোক্তপরিপাট্যা। পরান্ শত্রূন্, আজৌ যুদ্ধে ॥৩১—৩২॥

ভীতানামিতি। ইহলোকে পরমং যশঃ, পরলোকে চানুত্তমং স্বর্গম্ ॥৩৩—৩৪॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি কুণ্ডলাহরণে চতুঃপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

জগদীশ্বর সূর্য্যদেব! স্বয়ং বিধাতাই এই প্রাচীন শ্লোক গাহিয়াছেন যে, কীর্ত্তিই মানুষের আয়ু; (যথা—) ॥২৯॥

'কীর্ত্তিই পরলোকে মানুষের পরম গতি এবং নির্ম্মল কীর্ত্তি ইহলোকে মানুষের আয়ু বৃদ্ধি করে' ॥৩০॥

অতএব আমি সহজাত কবচ ও কুণ্ডল ইন্দ্রকে দান করিয়া চিরস্থায়ী কীর্ত্তি লাভ করিব। তাহার পর ব্রাহ্মণদিগকে যথানিয়মে শাস্ত্রোক্ত দান করিয়া, যুদ্ধে অতিদুষ্কর কার্য্য এবং শত্রুগণকে পরাভূত করিয়া, তৎপরে যুদ্ধেই দেহত্যাগ করিয়া, অদ্বিতীয় যশ লাভ করিব ॥৩১—৩২॥

---

(৩৪) শ্লোকাৎ পরম্ 'সোঽহং দত্ত্বা মঘবতে ভিক্ষামেতামনুত্তমাম্। ব্রাহ্মণচ্ছদ্মিনে দেবলোকে গন্তা পরাং গতিম্' ॥ ইতি পুনরুক্তার্থকঃ শ্লোকঃ—বা ব পি নি। * '…সপ্তাশীত্যধিকদ্বিশততমঃ…' পি, 'একোনশতাধিকদ্বিশততমঃ…' বা ব, 'ত্রিশততমঃ…' কা, '…একাধিকত্রিশততমঃ…' নি।

পঞ্চপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

———:*:———

সূর্য্য উবাচ।

মাঽহিতং কর্ণ! কার্ষীস্ত্বমাত্মনঃ সুহৃদাং তথা।
পুত্রাণামথ ভার্য্যাণামথো মাতুরথো পিতুঃ ॥১॥
শরীরস্যাবিরোধেন প্রাণিভিঃ প্রাণভৃদ্বর!।
ইষ্যতে যশসঃ প্রাপ্তিঃ কীর্ত্তিশ্চ ত্রিদিবে স্থিরা ॥২॥
যস্ত্বং প্রাণবিরোধেন কীর্ত্তিমিচ্ছসি শাশ্বতীম্।
সা তে প্রাণান্ সমাদায় গমিষ্যতি ন সংশয়ঃ ॥৩॥
জীবতঃ কুরুতে কার্য্যং পিতা মাতা সুতস্তথা।
যে চান্যে বান্ধবাঃ কেচিল্লোকেঽস্মিন্ পুরুষর্ষভ!।
রাজানশ্চ নরব্যাঘ্র! পৌরুষেণ নিবোধ তৎ ॥৪॥

ভারতকৌমুদী

সেতি। হে কর্ণ! ত্বমাত্মাদীনামহিতং কার্য্যং মা কার্ষীরিতি সম্বন্ধঃ ॥১॥
কথমিত্যাহ শরীরস্যেতি। অবিরোধেন হানিমকৃত্বা। ত্রিদিবে স্বর্গে ॥২॥
য ইতি। প্রাণবিরোধেন প্রাণহানিসম্ভাবনয়া। গমিষ্যতি লোপমিতি শেষঃ ॥৩॥

যুদ্ধে ভীত ও জীবনার্থীদিগকে অভয় দান করিয়া এবং বালক, বৃদ্ধ ও ব্রাহ্মণদিগকে মহাভয় হইতে মুক্ত করিয়া ইহলোকে উত্তম যশ এবং পরলোকে উত্তম স্বর্গ লাভ করিব। অতএব আমি প্রাণ দিয়াও কীর্ত্তি রক্ষা করিব। আপনি সেইটাকেই আমার ব্রত বলিয়া জানুন' ॥৩৩—৩৪॥

———:০:———

সূর্য্য বলিলেন—'কর্ণ! তুমি নিজের, বন্ধুবর্গের, পুত্রদের, ভার্য্যাগণের, মাতার এবং পিতার অহিত কার্য্য করিও না ॥১॥

হে প্রাণিশ্রেষ্ঠ! প্রাণীরা শরীরের অবিরোধেই যশ লাভ এবং স্বর্গে চিরস্থায়িনী কীর্ত্তি লাভ করিবার ইচ্ছা করিয়া থাকে ॥২॥

যে তুমি প্রাণের বিরোধেও চিরস্থায়িনী কীর্ত্তি লাভ করিবার ইচ্ছা করিতেছ, সে তোমার প্রাণ লইয়াই সেই কীর্ত্তি লোপ পাইবে; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৩॥

---

(২)···প্রাণিনাং প্রাণভৃদ্বর!···পি। (৪) জীবতাং কুরুতে কার্য্যম্·· বা ব কা নি।

কীর্ত্তিশ্চ জীবতঃ সাধ্বী পুরুষস্য মহাদ্যুতে!।
মৃতস্য কীর্ত্ত্যা কিং কার্য্যং ভস্মীভূতস্য দেহিনঃ ॥৫॥
মৃতঃ কীর্ত্তিং ন জানীতে জীবন্ কীর্ত্তিং সমশ্নুতে।
মৃতস্য কীর্ত্তির্মর্ত্ত্যস্য যথা মালা গতায়ুষঃ ॥৬॥
অহন্তু ত্বাং ব্রবীম্যেতদ্ভক্তোঽসীতি হিতেপ্সয়া।
ভক্তিমন্তো হি মে রক্ষ্যা ইত্যেতেনাপি হেতুনা ॥৭॥
ভক্তোঽয়ং পরয়া ভক্ত্যা মামিত্যেব মহাভুজ!।
মমাপি ভক্তিরুৎপন্না স ত্বং কুরু বচো মম ॥৮॥
অস্তি চাত্র পরং কিঞ্চিদধ্যাত্মং দৈবনির্ম্মিতম্।
অতশ্চ ত্বাং ব্রবীম্যেতৎ ক্রিয়তামবিশঙ্কয়া ॥৯॥

ভারতকৌমুদী

জীবত ইতি। পৌরুষেণ কার্য্যং কুরুতে ইতি সম্বন্ধঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪॥
কীর্ত্তিরিতি। সাধ্বী প্রশস্তা। কার্য্যং প্রয়োজনম্ ॥৫॥
মৃত ইতি। কীর্ত্তিং কীর্ত্তিনিবন্ধনং সুখম্, সমশ্নুতে অনুভবতি ॥৬॥
নন্বপ্রার্থিতো ভবান্ কথমীদৃশমুপদিশতীত্যাহ অহমিতি। রক্ষ্যা রক্ষণীয়াঃ ॥৭॥
ভক্ত ইতি। ভক্ত্যা গৌরবাকর্ষণেন, মাং প্রতি। ভক্তিঃ ত্বয়ি স্নেহঃ ॥৮॥

হে পুরুষশ্রেষ্ঠ। তুমি জান যে, পিতা, মাতা পুত্র এবং এই জগতে যে কিছু বন্ধু আছে, তাহারা ও রাজারা আপন আপন পুরুষকারদ্বারা জীবিত ব্যক্তিরই কার্য্য করিয়া থাকেন ॥৪॥

মহাতেজা! জীবিত পুরুষের কীর্ত্তিই ভাল। কেন না, মৃত ও ভস্মীভূত প্রাণীর কীর্ত্তিদ্বারা কি প্রয়োজন আছে? ॥৫॥

মৃত ব্যক্তি কীর্ত্তির বিষয় জানিতে পারে না, জীবিত ব্যক্তিই কীর্ত্তির সুখ অনুভব করে। সুতরাং মৃত মানুষের মালাও যেমন, কীর্ত্তিও তেমন ॥৬॥

তুমি আমার ভক্ত এই জন্য তোমার হিতৈষিতাবশতঃ এবং ভক্তলোক-দিগকে আমার রক্ষা করা উচিত এই কারণেও তোমাকে আমি এই কথা বলিতেছি ॥৭॥

মহাবাহু! তুমি পরম ভক্তি সহকারে আমার ভক্ত হইয়াছ; এই জন্য আমারও তোমার প্রতি স্নেহ জন্মিয়াছে। সুতরাং সেই তুমি আমার বাক্য রক্ষা কর ॥৮॥

---

(৯)···অধ্যাত্মং দেবনির্ম্মিতম্···পি নি।

দেবগুহ্যং ত্বয়া জ্ঞাতুং ন শক্যং পুরুষর্ষভ ! ।
তস্মান্নাখ্যামি তে গুহ্যং কালে বেৎস্যতি তদ্ভবান্ ॥১০॥
পুনরুক্তঞ্চ বক্ষ্যামি ত্বং রাধেয় ! নিবোধ তৎ ।
মাঽস্মৈ তে কুণ্ডলে দদ্যা ভিক্ষিতে বজ্রপাণিনা ॥১১॥
শোভসে কুণ্ডলাভ্যাঞ্চ রুচিরাভ্যাং মহাদ্যুতে ! ।
বিশাখয়োর্মধ্যগতঃ শশীব বিমলে দিবি ॥১২॥
কীর্ত্তিশ্চ জীবতঃ সাধ্বী পুরুষস্যেতি বিদ্ধি তৎ ।
প্রত্যাখ্যেয়স্ত্বয়া তাত ! কুণ্ডলার্থে সুরেশ্বরঃ ॥১৩॥

ভারতকৌমুদী

উপদেশে কারণান্তরমাহ অস্তীতি। অত্রোপদেশে, কিঞ্চিৎ কারণম্, অধ্যাত্মম্ অধ্যাত্মবিষয়বৎ দুরূহমিতি বাচ্যার্থঃ, আত্মাশ্রিতঃ পিতৃপুত্রত্বসম্বন্ধ ইতি তু ব্যঙ্গ্যার্থঃ ॥৯॥

অথ দুরূহমপি তৎ কারণং ক্রহীত্যাহ দেবেতি। দেবেষ্বপি গুহ্যং তৎ কারণম্ ॥১০॥

পুনরিতি। পুনরুক্তমনর্থকমপি দার্ঢ্যায়েতি ভাবঃ। অস্মৈ বজ্রপাণয়ে ॥১১॥

কুণ্ডলাদানে হেত্বন্তরমাহ শোভস ইতি। বিশাখয়োর্নক্ষত্রয়োঃ ॥১২॥

কীর্ত্তিরিতি। জীবত এব ন মৃতস্যেত্যাশয়ঃ। তত্তস্মাদ্ধেতোঃ ॥১৩॥

ভারতভাবদীপঃ

মাঽহিতমিতি। অহিতমিতি চ্ছেদঃ ॥১—৩॥ জীবতাং পুত্রাদীনাম্, কার্য্যং প্রয়োজনম্, পরিষঙ্গাদিজং সুখং পিত্রাদিঃ কুরুতে লভতে ত্বয়ি মৃতে ত্বৎপিত্রাদীনাং কিং সুখং স্যাদিতি ভাবঃ ॥৪—১১॥ বিশাখয়োঃ বিশাখানক্ষত্রস্য দ্বে ভাস্বরে তারে তয়োর্মধ্যে গতঃ পূর্ণচন্দ্রঃ

বিশেষতঃ এ বিষয়ে দৈববিহিত এবং অধ্যাত্মবিষয়ের ন্যায় দুরূহ অন্য কোন কারণ আছে ; এই জন্যও আমি একথা তোমাকে বলিতেছি। সুতরাং নিঃশঙ্কচিত্তে আমার বাক্য রক্ষা কর ॥৯॥

পুরুষশ্রেষ্ঠ ! সে কারণ দেবগণের নিকটেও গোপনীয়। সুতরাং তুমি তাহা জানিতে পারিবে না। সেই জন্যই আমি তাহা তোমার নিকট বলিতেছি না। তবে তুমি সে গোপনীয় বিষয় কালে জানিতে পারিবে ॥১০॥

রাধানন্দন ! আমি আবারও বলিব, তুমি তাহা শ্রবণ কর। ইন্দ্র আসিয়া প্রার্থনা করিলে, তুমি কুণ্ডল দুইটী তাঁহাকে দিও না ॥১১॥

মহাতেজা ! বিশেষতঃ নির্ম্মল আকাশে বিশাখানক্ষত্রদ্বয়ের মধ্যবর্ত্তী চন্দ্রের ন্যায় তুমি কুণ্ডল দুইটীদ্বারা বড়ই শোভা পাইয়া থাক ॥১২॥

বৎস ! জীবিত ব্যক্তিরই কীর্ত্তি ভাল, মৃত ব্যক্তির নহে। অতএব কুণ্ডলের বিষয়ে তুমি ইন্দ্রকে প্রত্যাখ্যান করিও ॥১৩॥

শক্যা বহুবিধৈর্বাক্যৈঃ কুণ্ডলেপ্সা ত্বয়ানঘ!।
বিহন্তুং দেবরাজস্য হেতুযুক্তৈঃ পুনঃ পুনঃ ॥১৪॥
হেতুমদুপপন্নার্থৈর্মাধুর্য্যকৃতভূষণৈঃ।
পুরন্দরস্য কর্ণ! ত্বং বুদ্ধিমেতামপানুদ ॥১৫॥
ত্বং হি নিত্যং নরব্যাঘ্র! স্পর্দ্ধসে সব্যসাচিনা।
সব্যসাচী ত্বয়া চেহ যুধি শূরঃ সমেষ্যতি ॥১৬॥
নহি ত্বামর্জ্জুনঃ শক্তঃ কুণ্ডলাভ্যাং সমন্বিতম্।
বিজেতুং যুধি যদ্যস্য স্বয়মিন্দ্রঃ সখা ভবেৎ ॥১৭॥
তস্মান্ন দেয়ে শক্রায় ত্বয়ৈতে কুণ্ডলে শুভে।
সংগ্রামে যদি নির্জেতুং কর্ণ! কাময়সেঽর্জ্জুনম্ ॥১৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি কুণ্ডলাহরণে সূর্য্যকর্ণসংবাদে পঞ্চপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

শক্যেতি। হেতুযুক্তৈর্যুক্তিযুক্তৈঃ বহুবিধৈর্বাক্যৈঃ কুণ্ডলেপ্সা বিহন্তুং শক্যা ॥১৪॥
হেতুমদিতি। মাধুর্য্যকৃতভূষণৈঃ কোমলতালঙ্কৃতৈঃ, বাক্যৈরিত্যনুবৃত্তিঃ ॥১৫॥
ত্বমিতি। সব্যসাচিনা অর্জ্জুনেন সহ। ত্বয়া সার্দ্ধম্ ॥১৬॥
নহীতি। অস্য অর্জ্জুনস্য। সখা সহায়ঃ ॥১৭॥

ভারতভাবদীপঃ

॥১২—১৩॥ বিহন্তুং শক্যেতি সম্বন্ধঃ। হেতুর্জীবনাদিপ্রদর্শনং তদ্যুক্তৈঃ ॥১৪॥ হেতুর্যুক্তিস্তদ্বন্তি চ উপপন্নার্থানি হেত্বাভাসরহিতানি চ তৈঃ সর্বত এবাত্মানং গোপায়েৎ। ন সর্পায়াঙ্গুলিং দদ্যাৎ। "শরীরমাদ্যং খলু ধর্মসাধন"মিত্যাদিভির্বাক্যৈঃ ॥১৫—১৮॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৫৫॥

হে নিষ্পাপ! তুমি যুক্তিযুক্ত নানাবিধ বাক্য দ্বারা দেবরাজের কুণ্ডল-গ্রহণের ইচ্ছা বার বারই খণ্ডন করিতে পারিবে ॥১৪॥

অতএব কর্ণ! তুমি—যুক্তিযুক্ত, সঙ্গতার্থ ও কোমলতাভূষিত বাক্যদ্বারা দেবরাজের এই বুদ্ধিটাকে দূর করিয়া দিও ॥১৫॥

নরশ্রেষ্ঠ! তুমি সর্ব্বদাই অর্জ্জুনের সহিত স্পর্দ্ধা করিয়া থাক। সুতরাং বীর অর্জ্জুনও অবশ্যই যুদ্ধে তোমার সহিত সম্মিলিত হইবেন ॥১৬॥

তখন তুমি কুণ্ডলযুক্ত থাকিলে, যদি স্বয়ং ইন্দ্রও অর্জ্জুনের সহায় হন, তথাপি অর্জ্জুন তোমাকে যুদ্ধে জয় করিতে সমর্থ হইবেন না ॥১৭॥

* '...অষ্টাশীত্যধিকদ্বিশততমঃ...' পি, '...ত্রিশততমঃ...' বা ব, '...একাধিকত্রিশততমঃ ..' কা, '...দ্ব্যধিকত্রিশততমঃ...' নি।

ষট্পঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

কর্ণ উবাচ।

ভগবন্তমহং ভক্তো যথা মাং বেত্থ গোপতে!।
তথা পরমতিগ্মাংশো! নাস্ত্যদেয়ং কথঞ্চন ॥১॥
ন মে দারা ন মে পুত্রা ন চাত্মা সুহৃদো ন চ।
তথেষ্টা বৈ সদা ভক্ত্যা যথা ত্বং গোপতে! মম ॥২॥
ইষ্টানাঞ্চ মহাত্মানো ভক্তানাঞ্চ ন সংশয়ঃ।
কুর্ব্বন্তি ভক্তিমিষ্টাঞ্চ জানীষে ত্বঞ্চ ভাস্কর! ॥৩॥

ভারতকৌমুদী

তস্মাদিতি। কুণ্ডলে কুণ্ডলদ্বয়ম্, শুভে জীবনরক্ষকতয়া শুভকরে ॥১৮॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি কুণ্ডলাহরণে পঞ্চপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

———:(০):———

ভগেতি। হে গোপতে! সূর্য্য! অহং ভগবন্তং ভবন্তং প্রতি ভক্ত ইতি ভক্তত্বেন যথা ত্বং মাং বেত্থ, তথা হে পরমতিগ্মাংশো! মম কথঞ্চন কিঞ্চিদপি অদেয়ং নাস্তীত্যপি বেত্থ ॥১॥

নেতি। ইষ্টাঃ প্রিয়াঃ। হে গোপতে! সূর্য্য! "যণ্ডঃ সূর্য্যশ্চ গোপতিঃ" ইতি ত্রিকাণ্ডশেষঃ ॥২॥

ইষ্টানামিতি। ইষ্টানাং প্রিয়াণাম্। ভক্তিং স্নেহম্, ইষ্টাং প্রিয়াম্ ॥৩॥

অতএব কর্ণ! তোমার যদি যুদ্ধে অর্জ্জুনকে জয় করিবার ইচ্ছা থাকে, তবে এই শুভসূচক কুণ্ডল দুইটী কখনও ইন্দ্রকে দিও না' ॥১৮॥

———(ঃ০ঃ)———

কর্ণ বলিলেন—'পরমতীক্ষ্ণকিরণ সূর্য্যদেব! আমি আপনার ভক্ত ইহা যেমন আপনি জানেন, তেমন আপনি ইহাও জানেন যে, আমার অদেয় কিছুই নাই ॥১॥

সূর্য্যদেব! ভক্তিবশতঃ আপনি যেমন আমার সর্ব্বদা প্রিয়, আমার তেমন প্রিয়—ভার্য্যারা নহে, পুত্রেরা নহে, আপন দেহ নহে এবং বন্ধুরাও নহে ॥২॥

---

(১)···নান্যং দেব! কথঞ্চন—পি।

ইষ্টো ভক্তশ্চ মে কর্ণো ন চান্যদ্দৈবতং দিবি।
জানীত ইতি বৈ কৃত্বা ভগবানাহ মদ্ধিতম্ ॥৪॥
ভূয়শ্চ শিরসা যাচে প্রসাদ্য চ পুনঃ পুনঃ।
ইতি ব্রবীমি তিগ্মাংশো! ত্বন্তু মে ক্ষন্তুমর্হসি ॥৫॥
বিভেমি ন তথা মৃত্যোর্যথা বিভ্যেঽনৃতাদহম্।
বিশেষেণ দ্বিজাতীনাং সর্ব্বেষাং সর্বদা সতাম্।
প্রদানে জীবিতস্যাপি ন মেঽত্রাস্তি বিচারণা ॥৬॥
যচ্চ মামাত্থ দেব! ত্বং পাণ্ডবং ফাল্গুনং প্রতি।
ব্যেতু সন্তাপজং দুঃখং তব ভাস্কর! মানসম্।
অর্জ্জুনপ্রতিমঞ্চৈব বিজেষ্যামি রণেঽর্জ্জুনম্ ॥৭॥
তবাপি বিদিতং দেব! মমাপ্যস্ত্রবলং মহৎ।
জামদগ্ন্যাদুপাত্তং তত্তথা দ্রোণান্মহাত্মনঃ ॥৮॥

ভারতকৌমুদী

ইষ্ট ইতি। কর্ণঃ দিবি অন্যদ্দৈবতং ন জানীত ইতি সম্বন্ধঃ। ভগবান্ ভবান্ ॥৪॥

ভূয় ইতি। ভূয়শ্চ পুনশ্চ, শিরসা অবনতেন। ক্ষন্তুমর্হসি ইতি ব্রবীমি ॥৫॥

বিভেমীতি। বিভ্যে বিভেমি। সতাং ব্রাহ্মণীয়গুণবিশিষ্টানাম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥৬॥

যদিতি। ব্যেতু দূরীভবতু। অর্জ্জুনপ্রতিমং কার্ত্তবীর্য্যার্জ্জুনতুল্যমপি। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৭॥

নন্বর্জ্জুনবিজয়ে কথং তব শক্তিরিত্যাহ তবেতি। জামদগ্ন্যাৎ রামাৎ, উপাত্তং লব্ধম্ ॥৮॥

দেব! ভাস্কর! মহাত্মারা প্রিয় ও ভক্তগণের উপরে স্নেহ করিয়া থাকেন, আপনিও সে প্রিয়স্নেহ জানেন ॥৩॥

কর্ণ আমারই প্রিয় ও ভক্ত; সুতরাং সে, স্বর্গে অন্য দেবতা আছেন বলিয়াই জানে না; ইহা ভাবিয়াই আপনি আমার হিত বলিতেছেন ॥৪॥

কিন্তু তীক্ষ্ণকিরণ! আমি বার বার অনুনয় করিয়া অবনত মস্তকে পুনরায় ইহা প্রার্থনা করিতেছি এবং বলিতেছি যে, আপনি আমাকে ক্ষমা করুন ॥৫॥

মিথ্যা হইতে এবং সদ্‌গুণসম্পন্ন সমস্ত ব্রাহ্মণ হইতে সর্ব্বদা আমার যেরূপ ভয় হয়, সেরূপ ভয় মৃত্যু হইতেও হয় না। সেই জন্যই সেই ব্রাহ্মণগণকে দান করিতে আমার কোন বিচার-বিতর্ক নাই ॥৬॥

তা'র পর দেব! ভাস্কর! আপনি অর্জ্জুনের বিষয়ে আমাকে যে কথা বলিলেন, সে বিষয়ে আপনার মানসিক উদ্বেগদুঃখ দূর হউক। কারণ, অর্জ্জুন কার্ত্তবীর্য্যার্জ্জুনের তুল্য হইলেও, আমি নিশ্চয়ই তাহাকে যুদ্ধে জয় করিব ॥৭॥

ইদং ত্বমনুজানীহি সুরশ্রেষ্ঠ ! ব্রতং মম ।
ভিক্ষতে বজ্রিণে দদ্যামপি জীবিতমাত্মনঃ ॥৯॥
সূর্য্য উবাচ ।
দদ্যাস্ত্বং যদি তাতেমে কুণ্ডলে বজ্রিণে শুভে ।
ত্বমপ্যেনমথো ব্রূয়া বিজয়ার্থং মহাবল ! ।
নিয়মেন প্রদদ্যাং তে কুণ্ডলে বৈ শতক্রতো ! ॥১০॥
অবধ্যো হ্যসি ভূতানাং কুণ্ডলাভ্যাং সমন্বিতঃ ।
অর্জ্জুনেন বিনাশং হি তব দানবসূদনঃ ।
প্রার্থয়ানো রণে বৎস ! কুণ্ডলে তে জিহীর্ষতি ॥১১॥
স ত্বমপ্যেনমারাধ্য সূনৃতাভিঃ পুনঃ পুনঃ ।
অভ্যর্থয়েথা দেবেশমমোঘাস্ত্রং পুরন্দরম্ ॥১২॥
অমোঘাং দেহি মে শক্তিমমিত্রবিনিবর্হিণীম্ ।
দাস্যামি তে সহস্রাক্ষ ! কুণ্ডলে বর্ম্ম চোত্তমম্ ॥১৩॥

ভারতকৌমুদী

ইদমিতি। ভিক্ষতে যাচমানায় বজ্রিণে ইন্দ্রায় ॥৯॥
দদ্যা ইতি। এনং বজ্রিণম্। নিয়মেন পণেন। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১০॥
অবধ্য ইতি। প্রার্থয়ান ইচ্ছন্। জিহীর্ষতি হর্ত্তুমিচ্ছতি। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥১১॥
স ইতি। সূনৃতাভিঃ সত্যপ্রিয়াভির্বাগ্‌ভিঃ। অভ্যর্থয়েথা যাচেথাঃ ॥১২॥

দেব ! আপনারও জানা আছে যে, আমারও গুরুতর অস্ত্রবল রহিয়াছে এবং তাহা আমি মহাত্মা পরশুরাম ও দ্রোণাচার্য্য হইতে লাভ করিয়াছি ॥৮॥

দেবশ্রেষ্ঠ ! আপনি আমাকে এই ব্রত করিবার অনুমতি দিন যে, ইন্দ্র আসিয়া প্রার্থনা করিলে, আমি তাঁহাকে নিজের জীবনও দিতে পারি' ॥৯॥

সূর্য্য বলিলেন—'বৎস মহাবল কর্ণ। তুমি যদি অবশ্যই এই শুভসূচক কুণ্ডল দুইটী ইন্দ্রকে দান কর, তবে তুমিও জয়লাভের জন্য ইন্দ্রকে বলিবে যে, দেবরাজ ! কোন নিয়ম অনুসারেই আপনাকে কুণ্ডল দুইটী দিতে পারি ॥১০॥

বৎস ! তুমি কুণ্ডলসমন্বিত থাকিয়া প্রাণিগণের অবধ্য হইয়াছ। এই জন্যই ইন্দ্র অর্জ্জুনকর্ত্তৃক যুদ্ধে তোমার বিনাশ হয় এই ইচ্ছা করিয়াই তোমার কুণ্ডল হরণ করিবার ইচ্ছা করিতেছেন ॥১১॥

অতএব তুমিও সত্য ও প্রিয় বাক্যদ্বারা বার বার এই দেবরাজ ইন্দ্রকে সন্তুষ্ট করিয়া তাঁহার নিকট অব্যর্থ অস্ত্র প্রার্থনা করিবে ॥১২॥

(১২) য ত্বং বাসবমারাধ্য…অমোঘার্থম্…পি। (১৩)… অমিত্রবলনাশিনীম্…পি।

ইত্যেবং নিয়মেন ত্বং দত্থাঃ শক্রায় কুণ্ডলে।
তয়া ত্বং কর্ণ! সংগ্রামে হনিষ্যসি রণে রিপূন্ ॥১৪॥
নাহত্বা হি মহাবাহো! শক্রনেতি করং পুনঃ।
সা শক্তির্দেবরাজস্য শতশোঽথ সহস্রশঃ ॥১৫॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্ত্বা সহস্রাংশুঃ সহসান্তরধীয়ত।
ততঃ সূর্য্যায় জপ্যান্তে কর্ণঃ স্বপ্নং ন্যবেদয়ৎ ॥১৬॥
যথাদৃষ্টং যথাতত্ত্বং যথোক্তমুভয়োর্নিশি।
তৎ সর্ব্বমানুপূর্ব্ব্যেণ শশংসাস্মৈ বৃষস্তদা ॥১৭॥
তচ্ছ্রুত্বা ভগবান্ দেবো ভানুঃ স্বর্ভানুসূদনঃ।
উবাচ তং তথেত্যেব কর্ণং সূর্য্যঃ স্ময়ন্নিব ॥১৮॥

ভারতকৌমুদী

অমোঘামিতি। শক্তিমন্ত্রবিশেষম্, অমিত্রবিনিবর্হিণীং শত্রুনাশিনীম্ ॥১৩॥
ইতীতি। সম্যক্ গ্রামঃ শত্রুসমূহো যত্র তস্মিন্নিত্যপৌনরুক্ত্যম্ ॥১৪॥
নেতি। শতশোঽথ সহস্রশঃ শত্রূনিতি সম্বন্ধঃ। এতেন শক্তেঃ শক্তিরাখ্যাতা ॥১৫॥
এবমিতি। ততো রাত্র্যবসানাৎ পরম্, জপ্যান্তে সূর্য্যমন্ত্রজপাৎ পরম্ ॥১৬॥
যথেতি। যথাতত্ত্বং যথাযথম্। অস্মৈ সূর্য্যায়, বৃষঃ কর্ণঃ ॥১৭॥

(বলিবে যে,) দেবরাজ! আপনি আমাকে শত্রুনাশক অব্যর্থ একটী শক্তি দান করুন, তাহা হইলেই আমি আপনাকে কুণ্ডল দুইটী ও উত্তম কবচটী দান করিব ॥১৩॥

কর্ণ! এইরূপ নিয়মেই তুমি ইন্দ্রকে কুণ্ডল দুইটী দান করিও। তাহা হইলেই সেই শক্তিদ্বারা তুমি শত্রুপূর্ণ যুদ্ধে শত্রুগণকে সংহার করিতে পারিবে ॥১৪॥

মহাবাহু! ইন্দ্রের সেই শক্তি শত শত ও সহস্র সহস্র শত্রু সংহার না করিয়া পুনরায় হস্তে আগমন করে না' ॥১৫॥

বৈশম্পায়ন বলিলেন—এইরূপ বলিয়া সূর্য্যদেব তৎক্ষণাৎ অন্তর্হিত হইলেন। তদনন্তর প্রভাতকালে কর্ণ সূর্য্যমন্ত্র জপের পরে সেই স্বপ্নবৃত্তান্ত সূর্য্যকে জানাইলেন ॥১৬॥

রাত্রিতে যেমন দেখিয়াছিলেন এবং দুই জনে যেমন কথোপকথন করিয়াছিলেন, সে সমস্তই আনুপূর্ব্বীক্রমে ও যথাযথভাবে কর্ণ সূর্য্যকে বলিলেন ॥১৭॥

(১৪)···হনিষ্যসি রণে রিপুম্—পি। (১৫) অহত্বা হি মহাবাহো! শক্রং নৈতি করে পুনঃ···পি।

ততস্তত্ত্বমিতি জ্ঞাত্বা রাধেয়ঃ পরবীরহা।
শক্তিমেবাভিকাঙ্ক্ষন্ বৈ বাসবং প্রত্যপালয়ৎ ॥১৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
কুণ্ডলাহরণে সূর্য্যকর্ণসংবাদে ষট্পঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:(*):——

সপ্তপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

——:*:——

জনমেজয় উবাচ।
কিং তদ্‌গুহ্যং ন চাখ্যাতং কর্ণায়েহোষ্ণরশ্মিনা।
কীদৃশে কুণ্ডলে তে চ কবচঞ্চৈব কীদৃশম্ ॥১॥

ভারতকৌমুদী

তদিতি। স্বর্ভানুসূদনঃ অমৃতপরিবেশনকালে বিষ্ণবে নিবেদনাৎ রাহুদমনঃ ॥১৮॥
তত ইতি। তত্ত্বং স্বপ্নবৃত্তান্তস্য যাথার্থ্যম্। প্রত্যপালয়ৎ প্রতীক্ষিতবান্ ॥১৯॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-
সমাখ্যায়াং বনপর্ব্বণি কুণ্ডলাহরণে ষট্পঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

——০:*:০——

"দেবগুহ্যং ত্বয়া জ্ঞাতুং ন শক্যং পুরুষর্ষভ!" ইতি সূর্য্যেণ কর্ণায় প্রাগুক্তম্, তৎস্মৃত্বা কৌতুকাৎ পৃচ্ছতি কিমিতি। উষ্ণরশ্মিনা সূর্য্যেণ। কীদৃশে ইতি প্রকারপ্রশ্নঃ ॥১॥

ভারতভাবদীপঃ

ভগবন্তমিতি ॥১—১৬॥ অস্মৈ সূর্য্যায়, বৃষঃ কর্ণঃ ॥১৭॥ স্বর্ভানুসূদনো রাহুদমনঃ ॥১৮-১৯॥
ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্পঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৫৬॥

তখন প্রভাশালী, রাহুদমন ও মাহাত্ম্যবান্ সূর্য্যদেব তাহা শুনিয়া ঈষৎ হাস্য করিয়াই যেন কর্ণকে বলিলেন—'তাহাই বটে' ॥১৮॥

তাহার পর বিপক্ষবীরহন্তা কর্ণ স্বপ্নবৃত্তান্ত যথার্থ জানিয়া, সেই শক্তি লাভ করিবারই ইচ্ছা করিয়া ইন্দ্রের প্রতীক্ষা করিতে লাগিলেন ॥১৯॥

———:০:———

জনমেজয় বলিলেন—'সেই গোপনীয় বিষয়টা কি, তাহা এখানে সূর্য্য কর্ণকে বলিলেন না এবং সেই কুণ্ডল দুইটী ও কবচটী কিপ্রকার ছিল?' ॥১॥

* '…ঊননবত্যধিকদ্বিশততমঃ…' পি, '…একাধিকত্রিশত…' বা ব, 'দ্ব্যধিকত্রিশত…' কা, 'ত্র্যধিকত্রিশত…' নি।

কুতশ্চ কবচং তস্য কুণ্ডলে চৈব সত্তম!।
এতদিচ্ছাম্যহং শ্রোতুং তন্মে ব্রূহি তপোধন! ॥২॥
বৈশম্পায়ন উবাচ।
অথ রাজন্! ব্রবীম্যেতত্তস্য গুহ্যং বিভাবসোঃ।
যাদৃশে কুণ্ডলে তে চ কবচঞ্চৈব যাদৃশম্ ॥৩॥
তত ইতি। দশোত্তরে একাদশে, শুক্লে পক্ষে প্রতিপদি চন্দ্র ইব বাল উদ্ভূতঃ মাঘশুক্লপ্রতিপদি কর্ণনিষেকজন্মেত্যর্থঃ ॥১—৪॥ হর্য্যক্ষং সিংহনেত্রম্ ॥৫—৬॥ মধূচ্ছিষ্টং

করিলেন; তাহার গাত্রে কবচ, কর্ণে স্বর্ণকুণ্ডল, সিংহের ন্যায় নয়ন, বৃষের ন্যায় স্কন্ধ এবং উহার পিতা সূর্য্যদেবের ন্যায় আকৃতি হইয়াছিল। এহেন পুত্র প্রসব করিয়াও কুন্তী সূর্য্যদেবের অনুগ্রহে কন্যাই রহিলেন ॥৪—৫॥

পুত্র জন্মিবামাত্রই বুদ্ধিমতী কুন্তী ধাত্রীর সহিত পরামর্শ করিয়া, একটা পেট্‌রার ভিতরে সকল দিকে মোম লেপিয়া ভাল করিয়া পালিস্ করিয়া, তাহার উপরে বেশ করিয়া কাপড় পাতিয়া, তাহাতে সেই বালকটীকে রাখিয়া, সুন্দরভাবে ঢাক্‌নি দিয়া, কাঁদিতে কাঁদিতে নিকটবর্ত্তী অশ্বনদীতে সেই পেট্‌রাটী ভাসাইয়া দিলেন ॥৬—৭॥

রাজশ্রেষ্ঠ! কন্যার গর্ভধারণ করা বা সেই জন্য বিলাপ করা কর্ত্তব্য নহে, ইহা বুঝিয়াও কুন্তী পুত্রস্নেহেই করুণ বিলাপ করিতে লাগিলেন ॥৮॥

কুন্তী অশ্বনদীর জলে পেট্‌রাটী ভাসাইয়া দিবার সময়ে রোদন করিতে থাকিয়া যে সকল বাক্য বলিয়াছিলেন, তাহা আপনি শ্রবণ করুন—॥৯॥

স্বস্তি তেঽস্ত্বান্তরীক্ষেভ্যঃ পার্থিবেভ্যশ্চ পুত্রক!।
দিব্যেভ্যশ্চৈব ভূতেভ্যস্তথা তোয়চরাশ্চ যে ॥১০॥
শিবাস্তে সন্তু পন্থানো মা চ তে পরিপন্থিনঃ।
আগতাশ্চ তথা পুত্র! ভবন্ত্বদ্রোহচেতসঃ ॥১১॥
পাতু ত্বাং বরুণো রাজা সলিলে সলিলেশ্বরঃ।
অন্তরীক্ষেঽন্তরীক্ষস্থঃ পবনঃ সর্বগস্তথা ॥১২॥
পিতা ত্বাং পাতু সর্ব্বত্র তপনস্তপতাং বরঃ।
যেন দত্তোঽসি মে পুত্র! দিব্যেন বিধিনা কিল ॥১৩॥
আদিত্যা বসবো রুদ্রাঃ সাধ্যা বিশ্বে চ দেবতাঃ।
মরুতশ্চ সহেন্দ্রেণ দিশশ্চ সদিগীশ্বরাঃ।
রক্ষন্তু ত্বাং সুরাঃ সর্ব্বে সমেষু বিষমেষু চ ॥১৪॥

ভারতকৌমুদী

স্বস্তীতি। স্বস্তি মঙ্গলম্। পার্থিবেভ্যো ভূচরেভ্যঃ। দিব্যেভ্যঃ স্বর্গীয়েভ্যঃ ॥১০॥
শিবা ইতি। শিবা মঙ্গলময়াঃ। পরিপন্থিনঃ শত্রবঃ ॥১১॥
পাত্বিতি। পাতু রক্ষতু। সর্বগত্বাদেব সর্বত্র তে পবনেন রক্ষণসম্ভবঃ ॥১২॥
পিতেতি। তপনঃ সূর্য্যঃ। দিব্যেন অলৌকিকেন অতিচমৎকারিণেত্যর্থঃ ॥১৩॥
আদিত্যা ইতি। বিশ্বে তদাখ্যাঃ। বিষমেষু সঙ্কটেষু। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥

'পুত্র! স্বর্গচর, আকাশচর, ভূচর ও জলচর যে সকল প্রাণী আছে, তাহাদের নিকট হইতে তোমার মঙ্গল হউক ॥১০॥

পুত্র! সেই সকল প্রাণী আসিয়া তোমার যেন শত্রু বা অপকারী হয় না এবং পথগুলিও তোমার মঙ্গলময় হউক ॥১১॥

জলের রাজা বরুণ তোমাকে জলে রক্ষা করুন এবং আকাশচারী ও সর্ব্বত্রগামী বায়ু তোমাকে আকাশে রক্ষা করুন ॥১২॥

পুত্র! যিনি অলৌকিকবিধানে তোমাকে আমায় দিয়াছেন, তোমার পিতা সেই তেজস্বিশ্রেষ্ঠ সূর্য্যদেব তোমাকে সর্ব্বত্র রক্ষা করুন ॥১৩॥

আদিত্যগণ, বসুগণ, রুদ্রগণ, সাধ্যগণ, বিশ্বেদেবগণ, ইন্দ্রের সহিত বায়ুগণ, দিক্পালদিগের সহিত সকল দিক্ এবং অন্য সকল দেবতা, সম অবস্থায় ও বিষম অবস্থায় তোমাকে রক্ষা করুন ॥১৪॥

(১০) স্বস্তি তে চান্তরীক্ষেভ্যঃ...বা ব কা, স্বস্তি তে ত্বন্তরীক্ষেভ্যঃ...পি।

বেৎস্যামি ত্বাং বিদেশেঽপি কবচেনাভিসূচিতম্ ।
ধন্যস্তে পুত্র ! জনকো দেবো ভানুর্বিভাবসুঃ ।
যস্ত্বাং দ্রক্ষ্যতি দিব্যেন চক্ষুষা বাহিনীগতম্ ॥১৫॥
ধন্যা সা প্রমদা বা ত্বাং পুত্রত্বে কল্পয়িষ্যতি ।
যস্যাস্ত্বং তৃষিতঃ পুত্র ! স্তনং পাস্যসি দেবজ ! ॥১৬॥
কো নু স্বপ্নস্তয়া দৃষ্টো যা ত্বামাদিত্যবর্চ্চসম্ ।
দিব্যবর্ম্মসমাযুক্তং দিব্যকুণ্ডলভূষিতম্ ॥১৭॥
পদ্মায়তবিশালাক্ষং পদ্মতাম্রদলোজ্জ্বলম্ ।
সুললাটং সুকেশান্তং পুত্রত্বে কল্পয়িষ্যতি ॥১৮॥ (যুগ্মকম্)
ধন্যা দ্রক্ষ্যন্তি পুত্র ! ত্বাং ভূমৌ সংসর্পমাণকম্ ।
অব্যক্তকলবাক্যানি বদন্তং রেণুগুণ্ঠিতম্ ॥১৯॥

ভারতকৌমুদী

বেৎস্যামীতি। অভিসূচিতং পরিচায়িতম্। বাহিনীগতং নদীস্থিতম্। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥১৫॥

ধন্যেতি। ধন্যা পুণ্যবতী, প্রমদা স্ত্রী। দেবজঃ সূর্য্যজত্বাৎ ॥১৬॥

ক ইতি। ত্বাদৃশপুত্রলাভে পূর্বং তৎসূচকস্বপ্নদর্শনস্য সম্ভবপরত্বাদিত্যাশয়ঃ। পদ্মতাম্রদলোজ্জ্বলং কান্তৌ, সদ্যোজাতশিশূনাং প্রায়েণৈব তাদৃশত্বাদিতি ভাবঃ ॥১৭—১৮॥

পুত্র। তুমি বিদেশে থাকিলেও এই কবচটীই তোমাকে আমায় পরিচিত করাইয়া দিবে ; সুতরাং সেখানেও তোমাকে আমি চিনিতে পারিব। পুত্র! তোমার পিতা সূর্য্যদেবই ধন্য ; যিনি দিব্য চক্ষুদ্বারা নদীস্থিত অবস্থায় তোমাকে দেখিতে পাইবেন ॥১৫॥

হে দেবজাত পুত্র ! সে নারীই ধন্য, যিনি তোমাকে পুত্র কল্পনা করিবেন এবং তুমি পিপাসার্ত্ত হইয়া যাঁহার স্তন পান করিবে ॥১৬॥

পুত্র। তুমি সূর্য্যের ন্যায় তেজস্বী, দিব্য কবচে আবৃতদেহ ও দিব্যকুণ্ডল ভূষিত হইয়াছ ; আর তোমার নয়ন দুইটী পদ্মদলের ন্যায় বিশাল, দেহের কান্তিও পদ্মদলের ন্যায় তাম্রবর্ণ, ললাটদেশ সুন্দর এবং কেশপাশও সুন্দর হইয়াছে। সুতরাং তোমাকে যিনি পুত্ররূপে কল্পনা করিবেন, সেই নারী কিরূপ সুস্বপ্ন দেখিয়াছেন ? ॥১৭—১৮॥

পুত্র। তুমি যখন জানুযুগলদ্বারা ভূতলে বিচরণ করিবে, অস্পষ্ট-মধুর বাক্য বলিবে এবং ধূলিধূসরিত হইবে, তখন পুণ্যবান্ লোকেরাই তোমাকে দেখিবেন ॥১৯॥

ধন্যা দ্রক্ষ্যন্তি পুত্র ! ত্বাং পুনর্যৌবনগোচরম্ ।
হিমবদ্বনসম্ভূতং সিংহং কেশরিণং যথা ॥২০॥
এবং বহুবিধং রাজন্ ! বিলপ্য করুণং পৃথা ।
অবাসৃজত মঞ্জূষামশ্বনদ্যাং তদা জলে ॥২১॥
রুদতী পুত্রশোকার্ত্তা নিশীথে কমলেক্ষণা ।
ধাত্র্যা সহ পৃথা রাজন্ ! পুত্রদর্শনলালসা ॥২২॥
বিসর্জয়িত্বা মঞ্জূষাং সংবোধনভয়াৎ পিতুঃ ।
বিবেশ রাজভবনং পুনঃ শোকাতুরা ততঃ ॥২৩॥ (যুগ্মকম্)
মঞ্জূষা ত্বশ্বনদ্যাঃ সা যযৌ চর্ম্মণ্বতীং নদীম্ ।
চর্ম্মণ্বত্যাশ্চ যমুনাং ততো গঙ্গাং জগাম হ ॥২৪॥
গঙ্গায়াঃ সূতবিষয়ং চম্পামন্বযযৌ পুরীম্ ।
স মঞ্জূষাগতো গর্ভস্তরঙ্গৈরুহ্যমানকঃ ॥২৫॥

ভারতকৌমুদী

ধন্যা ইতি। সংসর্পমাণকং জানুভ্যাং বিচরন্তম্ ॥১৯॥
ধন্যা ইতি। হিমবতঃ পর্ব্বতস্য বনসম্ভূতম্, কেশরিণং প্রশস্তকেশরযুক্তম্ ॥২০॥
এবমিতি। পৃথা কুন্তী। অবাসৃজত ত্যক্তবতী ॥২১॥
রুদতীতি। নিশীথে অর্দ্ধরাত্রসময়ে। সংবোধনভয়াদবগতিভয়াৎ ॥২২—২৩॥
মঞ্জুষেতি। যযৌ জলস্রোতসা চালিতেত্যাশয়ঃ ॥২৪॥
গঙ্গায়া ইতি। সূতবিষয়ম্ আদাবঙ্গরাজ্যম্। গর্ভঃ শিশুঃ ॥২৫॥

পুত্র! আবার তুমি যখন যৌবনে পদার্পণ করিয়া হিমালয়-বন-সম্ভূত প্রশস্তকেশরধারী সিংহের ন্যায় হইবে, তখনও ধন্য লোকেরাই তোমাকে দেখিবেন ॥২০॥

রাজা! কুন্তী তখন এইরূপ নানাবিধ করুণ বিলাপ করিয়া অশ্বনদীর জলে সেই পেট্রাটীকে ভাসাইয়া দিলেন ॥২১॥

রাজা! তাহার পর পুত্রশোকার্ত্তা ও পুত্রদর্শনার্থিনী পদ্মনয়না পৃথা পেট্রাটী ভাসাইয়া দিয়া পিতার জানার ভয়ে সে স্থান হইতে আবার শোকাতুর অবস্থায় রোদন করিতে করিতে অর্দ্ধরাত্রসময়ে ধাত্রীর সহিত রাজভবনে প্রবেশ করিলেন ॥২২—২৩॥

কিন্তু সেই পেট্রাটী অশ্বনদী হইতে চর্ম্মণ্বতীনদীতে গেল; পরে চর্ম্মণ্বতী-নদী হইতে যমুনায় এবং যমুনা হইতে গঙ্গায় যাইয়া উপস্থিত হইল ॥২৪॥

তৎপরে মঞ্জুষাস্থিত সেই বালকটী তরঙ্গদ্বারা সঞ্চালিত হইয়া গঙ্গা দিয়া

অমৃতাদুত্থিতং দিব্যং তত্র বর্ম্ম সকুণ্ডলম্ ।
ধারয়ামাস তং গর্ভং দৈবঞ্চ বিধিনির্ম্মিতম্ ॥২৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি কুণ্ডলা-
হরণে পৃথামঞ্জূষাক্ষেপণে দ্বিষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—০ঃ(*)ঃ০—

ত্রিষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ ।
এতস্মিন্নেব কালে তু ধৃতরাষ্ট্রস্য বৈ সখা ।
সূতোঽধিরথ ইত্যেব সদারো জাহ্নবীং যযৌ ॥১॥

ভারতকৌমুদী

অথাহারাদ্যভাবে কঃ খলু তং শিশুং জীবয়ামাসেত্যাহ অমৃতাদিতি। তত্র তদানীম্, অমৃতাদুত্থিতং সকুণ্ডলং দিব্যং বর্ম্ম, দৈবমদৃষ্টঞ্চ কর্তৃ, বিধিনির্ম্মিতং বিধাতৃকৃততদবস্থম্, তং গর্ভং শিশুম্, ধারয়ামাস জীবয়ামাস ॥২৬॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-
সমাখ্যায়াং বনপর্ব্বণি কুণ্ডলাহরণে দ্বিষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—(ঃ*ঃ)—

এতস্মিন্নিতি। ইত্যেব নাম, দারৈর্ভার্য্যয়া সহেতি সদারঃ ॥১॥

ভারতভাবদীপঃ

সিক্থকং ময়নমিতি ভাষায়াং তেন স্থিতায়াং সর্ব্বতো লিপ্তায়াং মঞ্জুষায়াং জলপ্রবেশো ন ভবেদিত্যর্থঃ ॥৭—২৫॥ দৈবং দেবজম্, বিধিনা ঈশ্বরেণ নির্ম্মিতম্ ॥২৬॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৬২॥

—ঃ(০)ঃ—

প্রথমে অঙ্গদেশে, তাহার পর তত্রত্য চম্পানগরীর নিকটে যাইয়া উপস্থিত হইল ॥২৫॥

বিধাতাই সেই বালকটীর সেই অবস্থা করিয়াছিলেন; তথাপি অমৃত হইতে উৎপন্ন দিব্য বর্ম্ম ও কুণ্ডল এবং দৈব—ইহারাই তাহাকে জীবিত রাখিয়াছিল ॥২৬॥

(২৬)···তনুবর্ম্ম সকুণ্ডলম্···বা ব কা নি। * '···পঞ্চনবত্যধিকদ্বিশততমঃ···' পি, '···সপ্তাধিকত্রিশততমঃ···' বা ব, 'অষ্টাধিকত্রিশততমঃ···' কা, '···নবাধিকত্রিশততমঃ-' নি।

তস্য ভার্য্যাভবদ্রাজন্! রূপেণাসদৃশী ভুবি।
রাধা নাম মহাভাগা ন সা পুত্রমবিন্দত ॥২॥
অপত্যার্থে পরং যত্নমকরোচ্চ বিশেষতঃ।
সা দদর্শাথ মঞ্জূষামুহ্যমানাং যদৃচ্ছয়া ॥৩॥
দত্তরক্ষাপ্রতিসরামম্বালভনশোভিতাম্।
ঊর্ম্মীতরঙ্গৈর্জাহ্নব্যাঃ সমানীতামুপহ্বরম্ ॥৪॥ (যুগ্মকম্)
সা তাং কৌতূহলাৎ প্রাপ্তাং গ্রাহয়ামাস ভাবিনী।
ততো নিবেদয়ামাস সূতস্যাধিরথস্য বৈ ॥৫॥
স তামুদ্ধৃত্য মঞ্জূষামুৎসার্য্য জলমন্তিকাৎ।
যন্ত্রৈরুদ্‌ঘাটয়ামাস সোঽপশ্যত্তত্র বালকম্ ॥৬॥
তরুণাদিত্যসঙ্কাশং হৈমবর্ম্মধরং তথা।
মৃষ্টকুণ্ডলযুক্তেন বদনেন বিরাজতা ॥৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তস্যেতি। অসদৃশী অতুলনীয়া। অবিন্দত অলভত ॥২॥

অপত্যেতি। সা রাধা, বিশেষতো বাহুল্যেন দেবপূজাদিভিঃ, অপত্যার্থে পুত্রলাভবিষয়ে পরং যত্নমকরোচ্চ। অথ যদৃচ্ছয়া ঈশ্বরেচ্ছয়া, স্রোতসা উহ্যমানাম্, দত্তো রক্ষায়ৈ প্রতিসরো লতাবিশেষমালা যস্যাং তাম্, অম্বালভনেন রক্ষার্থমেব সিন্দূরলেপনেন শোভিতাম্, জাহ্নব্যা ঊর্ম্মীতরঙ্গৈঃ প্রবলস্রোতোরেখাগততরঙ্গৈঃ, উপহ্বরং সমীপম্, সমানীতাং তাং মঞ্জূষাং দদর্শ। অভিধানমূহ্যম্ ॥৩—৪॥

সেতি। গ্রাহয়ামাস হস্তেন জগ্রাহ। স্বার্থে ইন্‌প্রত্যয় আর্ষঃ ॥৫॥

স ইতি। অন্তিকাজ্জলমুৎসার্য্য তদধো হস্তচালনার্থমপসার্য্য। যন্ত্রৈঃ পিধানোদ্‌ঘাটন-লৌহশলাকাবিশেষৈঃ। বদনেনোপলক্ষিতমিতি বিশেষণে তৃতীয়া ॥৬—৭॥

বৈশম্পায়ন বলিলেন—এই সময়েই ধৃতরাষ্ট্রের সখা 'অধিরথ—' নামে এক সারথি আপন ভার্য্যার সহিত গঙ্গায় গিয়াছিল ॥১॥

রাজা! তাহার সেই ভার্য্যাটীর রূপ ভূতলে অতুলনীয় ছিল এবং তাহার নাম ছিল—'রাধা'। সেই রাধার পুত্র ছিল না ॥২॥

অতএব রাধা বিশেষরূপে দেবার্চ্চনাপ্রভৃতিদ্বারা পুত্রলাভের জন্য গুরুতর যত্ন করিত। সেই রাধা দেখিল—ঈশ্বরেচ্ছাক্রমে গঙ্গার তরঙ্গ একটী পেটরাকে নিকটে আনিয়াছে; রক্ষার জন্য তাহাতে কুমুরিয়ালতা জড়ান আছে এবং সিন্দূর লেপা রহিয়াছে ॥৩—৪॥

তখন রাধা কৌতুকবশতঃ সেই পেটরাটীকে ধরিল এবং তাহা অধিরথকে জানাইল ॥৫॥

স সূতো ভার্য্যয়া সার্দ্ধং বিস্ময়োৎফুল্ললোচনঃ।
অঙ্কমারোপ্য তং বালং ভার্য্যাং বচনমব্রবীৎ ॥৮॥
ইদমত্যদ্ভুতং ভীরু! যতো জাতোঽস্মি ভাবিনি!।
দৃষ্টবান্ দেবগর্ভোঽয়ং মন্যেঽস্মাকমুপাগতঃ ॥৯॥
অনপত্যস্য পুত্রোঽয়ং দেবৈর্দত্তো ধ্রুবং মম।
ইত্যুক্ত্বা তং দদৌ পুত্রং রাধায়ৈ স মহীপতে! ॥১০॥
প্রতিজগ্রাহ তং রাধা বিধিবদ্দিব্যরূপিণম্।
পুত্রং কমলগর্ভাভং দেবগর্ভং শ্রিয়াবৃতম্ ॥১১॥
পুপোষ চৈনং বিধিবদ্ববৃধে স চ বীর্য্যবান্।
ততঃ প্রভৃতি চাপ্যন্যে প্রাভবন্নৌরসাঃ সুতাঃ ॥১২॥

ভারতকৌমুদী

স ইতি। সূতঃ অধিরথঃ, বিস্ময়েন উৎফুল্ললোচনো বিস্ফারিতনেত্রঃ ॥৮॥
ইদমিতি। যতঃ কালাৎ। তৎকালমধ্যে ইদমত্যদ্ভুতং দৃষ্টবান্। গর্ভঃ শিশুঃ ॥৯॥
অনেতি। অনপত্যস্য নিঃসন্তানস্য। ধ্রুবং নিশ্চিতম্ ॥১০॥
প্রতীতি। বিধিবৎ জননীনিয়মেন। দেবগর্ভং দেবশিশুমিব ॥১১॥

ভারতভাবদীপঃ

এতস্মিন্নিতি ॥১—৩॥ দত্তো রক্ষার্থং প্রতিসরো দূর্বাকঙ্কণাদিরূপো যস্যাং তাম্, অম্বালম্ভনং কুঙ্কুমহস্তদানম্, উপহ্বরং সমীপম্ ॥৪—৫॥ উৎসার্য্য পরতো নীত্বা ॥৬—৮॥ যতো

তখন অধিরথ নিকটের জল সরাইয়া, সেই পেট্‌রাটীকে তুলিয়া, লোহার শলা দিয়া তাহার ঢাক্‌নি খুলিল, পরে তাহার ভিতরে দেখিল—নবীন সূর্য্যের ন্যায় তাম্রবর্ণ একটী বালক রহিয়াছে, তাহার গাত্রে স্বর্ণময় বর্ম্ম এবং সুন্দর মুখমণ্ডলে দুইটী মার্জিত কুণ্ডল শোভা পাইতেছে ॥৬—৭॥

অধিরথ তখন ভার্য্যার সহিত বিস্ময়ে বিস্ফারিতনেত্র হইয়া সেই বালকটীকে কোলে লইয়া ভার্য্যাকে এই কথা বলিল—॥৮॥

ভীরু! ভাবিনি! আমার জন্ম হইতে এই একটীই অত্যাশ্চর্য্য ঘটনা দেখিলাম। আমি মনে করি—এটী দেববালক আমাদের নিকট আসিয়াছে ॥৯॥

আমি নিঃসন্তান কি না; তাই নিশ্চয়ই দেবতারা এই পুত্রটী আমাকে দিয়াছেন'। রাজা! এই কথা বলিয়া অধিরথ সেই পুত্রটী রাধার নিকট সমর্পণ করিল ॥১০॥

রাধাও পদ্মগর্ভসদৃশবর্ণ এবং দেবশিশুর ন্যায় কান্তিসম্পন্ন ও অলৌকিক-রূপশালী সেই পুত্রটীকে যথানিয়মে গ্রহণ করিল ॥১১॥

বসুবর্ম্মধরং দৃষ্ট্বা তং বালং হেমকুণ্ডলম্।
নামাস্য বসুষেণেতি ততশ্চক্রুর্দ্বিজাতয়ঃ ॥১৩॥
এবং স সূতপুত্রত্বং জগামামিতবিক্রমঃ।
বসুষেণ ইতি খ্যাতো বৃষ ইত্যেব চ প্রভুঃ ॥১৪॥
সূতস্য ববৃধেঽঙ্গেষু জ্যেষ্ঠঃ পুত্রঃ স বীর্য্যবান্।
চারেণ বিদিতশ্চাসীৎ পৃথায়া দিব্যবর্ম্মভৃৎ ॥১৫॥
সূতস্ত্বধিরথঃ পুত্রং বিবৃদ্ধং সময়েন তম্।
দৃষ্ট্বা প্রস্থাপয়ামাস পুরং বারণসাহ্বয়ম্ ॥১৬॥
তত্রোপসদনং চক্রে দ্রোণস্যেষ্বস্ত্রকর্ম্মণি।
সখ্যং দুর্য্যোধনেনৈবমগমৎ স চ বীর্য্যবান্ ॥১৭॥

ভারতকৌমুদী

পুপোষেতি। অন্যে ঔরসাঃ সুতা অপি তয়োঃ প্রাভবন্নিতি সম্বন্ধঃ ॥১২॥

বস্বিতি। বসুবর্ম্মধরং স্বর্ণকবচধারিণম্, "বসু হাটকে চ" ইতি বিশ্বঃ ॥১৩॥

এবমিতি। বৃষ ইত্যেব চ নাম, বাল্যাদেব ধার্ম্মিকত্বাৎ। প্রভুর্বলপ্রভাববান্ ॥১৪॥

সূতস্যেতি। সূতস্য অধিরথস্য, অঙ্গেষু অঙ্গদেশে। চারেণ গুপ্তচরেণ ॥১৫॥

সূত ইতি। প্রস্থাপয়ামাস ধনুর্বেদশিক্ষার্থং প্রেরয়ামাস, বারণসাহ্বয়ং হস্তিনাম্ ॥১৬॥

তত্রেতি। উপসদনম্ অন্তেবাসিত্বম্, ইষ্বস্ত্রকর্ম্মণি ধনুর্ব্বেদশিক্ষায়াম্ ॥১৭॥

এবং (বাড়ীতে নিয়া) যথানিয়মে তাহাকে পোষণ করিতে লাগিল; ক্রমে বালকটীও বৃদ্ধি পাইল এবং বলবান্ হইয়া উঠিল। আর তদবধি রাধা ও অধিরথের আরও কতকগুলি ঔরস পুত্র জন্মিল ॥১২॥

তাহার পর ব্রাহ্মণেরা সেই বালকটীর স্বর্ণময় কবচ ও কুণ্ডল দেখিয়া উহার নাম করিলেন—'বসুষেণ' ॥১৩॥

এইভাবে অমিতবিক্রম ও প্রভাবশালী কর্ণ সূতপুত্র হইয়াছিলেন এবং 'বসুষেণ—' ও 'বৃষ—' নামে প্রসিদ্ধি লাভ করিয়াছিলেন ॥১৪॥

দিব্যবর্ম্মধারী কর্ণ অঙ্গদেশে অধিরথের জ্যেষ্ঠপুত্র হইয়া বৃদ্ধি পাইয়াছেন এবং বলবান্ হইয়াছেন, এই ঘটনা কুন্তী গুপ্তচরদ্বারা জানিয়াছিলেন ॥১৫॥

সূত অধিরথ পুত্র কর্ণকে যথাকালে বিবৃদ্ধ দেখিয়া, অস্ত্রশিক্ষার জন্য তাঁহাকে হস্তিনানগরে পাঠাইয়া দিল ॥১৬॥

বলবান্ কর্ণ হস্তিনায় যাইয়া ধনুর্ব্বেদশিক্ষায় দ্রোণের শিষ্য হইলেন এবং সেই সুযোগে দুর্য্যোধনের সখ্য লাভ করিলেন ॥১৭॥

দ্রোণাৎ কৃপাচ্চ রামাচ্চ সোঽস্ত্রগ্রামং চতুর্বিধম্।
লব্ধ্বা লোকেঽভবৎ খ্যাতঃ পরমেষ্বাসতাং গতঃ ॥১৮॥
সন্ধায় ধার্ত্তরাষ্ট্রেণ পার্থানাং বিপ্রিয়ে রতঃ।
যোদ্ধুমাশংসতে নিত্যং ফাল্গুনেন মহাত্মনা ॥১৯॥
সদা হি তস্য স্পর্দ্ধাসীদর্জ্জুনেন বিশাংপতে!।
অর্জ্জুনস্য চ কর্ণেন যতো দৃষ্টো বভূব সঃ ॥২০॥
এতদ্গুহ্যং মহারাজ! সূর্য্যস্যাসীন্ন সংশয়ঃ।
যৎ সূর্য্যসম্ভবঃ কর্ণঃ কুন্ত্যাং সূতকুলে তদা ॥২১॥
তং তু কুণ্ডলিনং দৃষ্ট্বা বর্ম্মণা চ সমন্বিতম্।
অবধ্যং সমরে মত্বা পর্য্যতপ্যদ্যুধিষ্ঠিরঃ ॥২২॥

ভারতকৌমুদী

দ্রোণাদিতি। চতুর্বিধম্ আসন্ন-দূরাদৃশ্য-শব্দবেধ্য- শক্রনাশকম্ ॥১৮॥
সন্ধায়েতি। আশংসতে ইচ্ছতি স্ম, ফাল্গুনেন অর্জ্জুনেন সহ ॥১৯॥
সদেতি। যতঃ কালাদর্জ্জুনেন স দৃষ্টঃ, ততঃ কালাদেব তস্যার্জ্জুনেন স্পর্দ্ধাসীৎ ॥২০॥
এতদিতি। কুন্ত্যাং সূর্য্যসম্ভবঃ কর্ণঃ তদা যৎ সূতকুলে অবসৎ, এতদ্গুহ্যম্ ॥২১॥

ভারতভাবদীপঃ

জাতোঽস্মি উৎপত্তিদিনাদারভ্যাত্মৈবেদমদ্ভুতং দৃষ্টম্ ॥৯—১২॥ বসুবর্ম্ম স্বর্ণকবচম্ ॥১৫—১৬॥ অঙ্গেষু জনপদবিশেষেষু, উপসদনং গুরূপসদনম্ ॥১৭॥ পরমেষ্বাসতাং মহাধনুর্দ্ধরতাম্ ॥১৮—১৯॥ যতঃ কালে দৃষ্টঃ ॥২০—২৫॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৬৩॥

তিনি—দ্রোণ, কৃপ ও পরশুরাম হইতে চতুর্বিধ অস্ত্র লাভ করিয়া মহাধনুর্দ্ধর হইয়া জগতে বিখ্যাত হইলেন ॥১৮॥

এবং তিনি দুর্য্যোধনের সহিত মিলিত হইয়া, পাণ্ডবগণের অপ্রিয়াচরণে ব্যাপৃত থাকিয়া সর্ব্বদাই মহাত্মা অর্জ্জুনের সহিত যুদ্ধ করিবার ইচ্ছা করিতেন ॥১৯॥

নরনাথ! অর্জ্জুন যে সময়ে কর্ণকে প্রথম দেখিয়াছিলেন, তদবধিই অর্জ্জুনের সহিত কর্ণের এবং কর্ণের সহিত অর্জ্জুনের স্পর্দ্ধা জন্মিয়াছিল ॥২০॥

মহারাজ! কুন্তীর গর্ভে এবং সূর্য্যের ঔরসে জন্ম গ্রহণ করিয়া কর্ণ যে তখন সারথির বাড়ীতে বাস করিতেছিলেন, সেই বিষয়টাই কর্ণের নিকটে সূর্য্যের গোপনীয় ছিল; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥২১॥

---

(২১)...যঃ সূর্য্যসম্ভবঃ কর্ণঃ...বা ব কা নি।

যদা চ কর্ণো রাজেন্দ্র! ভানুমন্তং দিবাকরম্।
স্তৌতি মধ্যন্দিনে প্রাপ্তে প্রাঞ্জলিঃ সলিলোত্থিতঃ ॥২৩॥
তত্রৈনমুপতিষ্ঠন্তি ব্রাহ্মণা ধনহেতুনা।
নাদেয়ং তস্য তৎকালে কিঞ্চিদস্তি দ্বিজাতিষু ॥২৪॥ (যুগ্মকম্)
তমিন্দ্রো ব্রাহ্মণো ভূত্বা ভিক্ষাং দেহীত্যুপস্থিতঃ।
স্বাগতঞ্চেতি রাধেয়স্তমথ প্রত্যভাষত ॥২৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি কুণ্ডলাহরণে রাধাকর্ণপ্রাপ্তৌ ত্রিষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—০ঃ(*)ঃ০—

ভারতকৌমুদী

তমিতি। শক্রসখেন কর্ণেন সহাবশ্যং যুদ্ধং ভাবীতি সম্ভাব্যেত্যাশয়ঃ ॥২২॥

যদেতি। ভানুমন্তং তীব্রকিরণম্। উপতিষ্ঠন্তি আগচ্ছন্তি স্ম ॥২৩—২৪॥

পরাধ্যায়ং সূচয়িতুমাহ তমিতি। রাধেয়ঃ কর্ণঃ, রাধয়া পুত্রত্বেন গৃহীতত্বাৎ ॥২৫॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্বণি কুণ্ডলাহরণে ত্রিষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—(ঃ*ঃ)—

যুধিষ্ঠির কর্ণকে স্বভাবতই কবচ ও কুণ্ডলধারী দেখিয়া তাঁহাকে যুদ্ধে অবধ্য মনে করিয়া পরিতপ্ত হইতেন ॥২২॥

রাজশ্রেষ্ঠ! কর্ণ যখন দ্বিতীয় প্রহরের সময়ে জল হইতে উঠিয়া কৃতাঞ্জলি হইয়া তীক্ষ্ণকিরণ সূর্য্যের স্তব করিতেন, সেই সময়ে ব্রাহ্মণেরা ধনপ্রার্থনার জন্য তাঁহার নিকট উপস্থিত হইতেন। তৎকালে ব্রাহ্মণদিগকে তাঁহার অদেয় কিছুই থাকিত না ॥২৩—২৪॥

তাহার পর একদিন ইন্দ্র ব্রাহ্মণের রূপ ধারণ করিয়া 'ভিক্ষা দিন' বলিয়া তাঁহার নিকট উপস্থিত হইলেন; তখন 'আপনার শুভাগমন হইয়াছে ত?' বলিয়া কর্ণ তাঁহার সম্ভাষণ করিলেন ॥২৫॥

—ঃ০ঃ—

(২৩) সদা তু কর্ণো রাজেন্দ্র!...পি। * '...ষণ্নবত্যধিকদ্বিশততমঃ...' পি, '...অষ্টাধিকত্রিশততমঃ...' বা ব, '...নবাধিকত্রিশততমঃ...' কা, '...দশাধিকত্রিশততমঃ-' নি।

চতুঃষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

বৈশম্পায়ন উবাচ।

দেবরাজমনুপ্রাপ্তং ব্রাহ্মণচ্ছদ্মনাবৃতম্।
দৃষ্ট্বা স্বাগতমিত্যাহ ন বুবোধাস্য মানসম্ ॥১॥
হিরণ্যকণ্ঠীঃ প্রমদা গ্রামান্ বা বহুগোকুলান্।
কিং দদানীতি তং বিপ্রমুবাচাধিরথিস্ততঃ ॥২॥

ব্রাহ্মণ উবাচ।

হিরণ্যকণ্ঠ্যঃ প্রমদা যচ্চান্যৎ প্রীতিবর্দ্ধনম্।
নাহং দত্তমিহেচ্ছামি তদর্থিভ্যঃ প্রদীয়তাম্ ॥৩॥
যদেতৎ সহজং বর্ম্ম কুণ্ডলে চ তবানঘ!।
এতদুৎকৃত্য মে দেহি যদি সত্যব্রতো ভবান্ ॥৪॥

ভারতকৌমুদী

দেবেতি। অনুপ্রাপ্তমুপস্থিতম্। মানসমভিপ্রায়ং ন বুবোধ কর্ণ ইতি শেষঃ ॥১॥
হিরণ্যেতি। বহুগোকুলান্ প্রচুরগোসমূহান্। আধিরথিঃ কর্ণঃ ॥২॥
হিরণ্যেতি। দত্তম্ এতৎ সর্ব্বং ত্বয়া দত্তং নেচ্ছামি ॥৩॥

বৈশম্পায়ন বলিলেন—দেবরাজ ব্রাহ্মণবেশে উপস্থিত হইয়াছেন দেখিয়া কর্ণ তাঁহার নিকট স্বাগতপ্রশ্ন করিলেন, কিন্তু উঁহার অভিপ্রায় বুঝিলেন না ॥১॥

তাহার পর তিনি সেই ব্রাহ্মণকে বলিলেন—'স্বর্ণমালালঙ্কৃত রমণী, গ্রাম, বা বহুতর গরু, ইহার মধ্যে আপনাকে কি দিব ?' ॥২॥

ব্রাহ্মণ বলিলেন—'স্বর্ণমালালঙ্কৃত রমণী বা অন্য যাহা প্রীতিবর্দ্ধক আছে, তাহা আপনি দান করেন ইহা আমি ইচ্ছা করি না; সেগুলি আপনি অন্য প্রার্থীদিগকে দিন ॥৩॥

কিন্তু নিষ্পাপ কর্ণ! আপনি যদি সত্যপরায়ণ হন, তাহা হইলে আপনার এই যে স্বাভাবিক কবচ ও কুণ্ডল রহিয়াছে, ইহা ছেদন করিয়া আমাকে দিন' ॥৪॥

---

(৪) শ্লোকাৎ পরম্ 'এতদিচ্ছাম্যহং ক্ষিপ্রং ত্বয়া দত্তং পরন্তপ!। এষ মে সর্ব্বলাভানাং লাভঃ পরমকো মতঃ।' ইতি প্রায়েণ পূর্ব্বসমানার্থঃ শ্লোকঃ—বা ব কা নি।

কর্ণ উবাচ।

অবনিং প্রমদা গাশ্চ নিবাসং বহুবার্ষিকম্।
তত্তে বিপ্র! প্রদাস্যামি ন তু বর্ম্ম সকুণ্ডলম্ ॥৫॥

বৈশম্পায়ন উবাচ।

এবং বহুবিধৈর্বাক্যৈর্যাচ্যমানঃ স তু দ্বিজঃ।
কর্ণেন ভরতশ্রেষ্ঠ! নান্যং বরমযাচত ॥৬॥
যদা নান্যং প্রবৃণুতে বরং বৈ দ্বিজসত্তমঃ।
তদৈনমব্রবীদ্ভূয়ো রাধেয়ঃ প্রহসন্নিব ॥৭॥
সহজং বর্ম্ম মে বিপ্র! কুণ্ডলে চামৃতোদ্ভবে।
তেনাবধ্যোঽস্মি লোকেষু ততো নৈতজ্জহাম্যহম্ ॥৮॥
বিশালং পৃথিবীরাজ্যং ক্ষেমং নিহতকণ্টকম্।
প্রতিগৃহ্নীষ্ব মত্তস্ত্বং সাধু ব্রাহ্মণপুঙ্গব! ॥৯॥

ভারতকৌমুদী

যদিতি। কুণ্ডলে কুণ্ডলদ্বয়ম্। উৎকৃত্য ছিত্ত্বা, সত্যব্রতঃ সত্যনিরতঃ ॥৪॥
অবনিমিতি। নিবাসমস্মদ্‌গৃহে স্থিতিম্। তৎ সর্ব্বম্ ॥৫॥
এবমিতি। যাচ্যমানঃ অভ্যর্থ্যমানঃ। বরং বরণীয়ং বস্তু ॥৬॥
যদেতি। বরমভীষ্টম্। প্রহসন্নিব, কৌতুকোদয়াদিতি ভাবঃ ॥৭॥
সহজমিতি। কুণ্ডলে চ সহজে। জহামি ত্যজামি ॥৮॥
বিশালমিতি। পৃথিবীরাজ্যং বিজয়েন ময়া লভ্যমিত্যাশয়ঃ। মত্তো মম সকাশাৎ ॥৯॥

কর্ণ বলিলেন—'ভূমি, রমণী, গরু, বা বহুবৎসর বাস, এই সকলই আপনাকে দিতে পারি, কিন্তু কবচ ও কুণ্ডল নহে ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—ভরতশ্রেষ্ঠ! কর্ণ এইরূপ বহুতর বাক্যদ্বারা অনুরোধ করিলেও সে ব্রাহ্মণ অন্য বস্তু প্রার্থনা করিলেন না ॥৬॥

ব্রাহ্মণ যখন অন্য বস্তু প্রার্থনা করিলেন না, তখন কর্ণ হাসিতে হাসিতেই যেন পুনরায় তাঁহাকে বলিলেন—॥৭॥

ব্রাহ্মণ! আমার বর্ম্ম ও কুণ্ডল অমৃত হইতে উৎপন্ন এবং সহজাত; তাহাতেই আমি জগতে অবধ্য হইয়াছি। সুতরাং আমি ইহা ত্যাগ করিতে পারি না ॥৮॥

---

(৫)···নিবাপং বহুবার্ষিকম্···বা ব কা নি। (৬) শ্লোকাৎ পরম্ 'সান্ত্বিতশ্চ যথাশক্তি পূজিতশ্চ যথাবিধি। ন চান্যং স দ্বিজশ্রেষ্ঠঃ কাময়ামাস বৈ বরম্ ॥' অয়মপি পূর্বসমানার্থঃ শ্লোকঃ···বা ব কা নি।

কুণ্ডলাভ্যাং বিমুক্তোঽহং বর্ম্মণা সহজেন চ।
গমনীয়ো ভবিষ্যামি শত্রূণাং দ্বিজসত্তম!॥১০॥
বৈশম্পায়ন উবাচ।
যদা নান্যং বরং বব্রে ভগবান্ পাকশাসনঃ।
ততঃ প্রহস্য কর্ণস্তং পুনরিত্যব্রবীদ্বচঃ॥১১॥
বিদিতো দেবদেবেশ! প্রাগেবাসি মম প্রভো!।
ন তু ন্যায্যং ময়া দাতুং তব শক্র! বৃথা বরম্॥১২॥
ত্বং হি দেবেশ্বরঃ সাক্ষাত্ত্বয়া দেয়ো বরো মম।
অন্যেষাঞ্চৈব ভূতানামীশ্বরো হ্যসি ভূতধৃক্॥১৩॥
যদি দাস্যামি তে দেব! কুণ্ডলে কবচং তথা।
বধ্যতামুপযাস্যামি ত্বঞ্চ শক্রাবহাস্যতাম্॥১৪॥

ভারতকৌমুদী

কুণ্ডলাভ্যামিতি। গমনীয়ো বশতাং নেয়ঃ॥১০॥
যদেতি। পাকশাসনো ব্রাহ্মণবেশধারী ইন্দ্রঃ॥১১॥
বিদিত ইতি। প্রাগেব স্বপ্নে সূর্য্যসমীপাদিতি ভাবঃ। বৃথা স্বপক্ষে নিষ্ফলম্॥১২॥
ত্বমিতি। ঈশ্বরো নিয়ন্তা, ভূতধৃক্ পরিপালনেন॥১৩॥
যদীতি। হে শক্র! ত্বঞ্চ সর্বেষামবহাস্যতামুপযাস্যসীত্যর্থঃ, অন্যায়েন গ্রহণাৎ॥১৪॥

অতএব ব্রাহ্মণশ্রেষ্ঠ! আপনি আমার নিকট হইতে সম্যক্‌রূপে বিশাল, নিষ্কণ্টক ও মঙ্গলময় পৃথিবীর রাজ্য গ্রহণ করুন'॥৯॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! আমি সহজাত কুণ্ডল ও কবচ-বিহীন হইলে শত্রুগণের বশীভূত হইব'॥১০॥

বৈশম্পায়ন বলিলেন—ভগবান্ (ব্রাহ্মণরূপী) ইন্দ্র যখন অন্য বস্তু প্রার্থনা করিলেন না, তখন কর্ণ হাস্য করিয়া পুনরায় তাঁহাকে এই কথা বলিলেন—॥১১॥

প্রভু দেবাধিদেব ইন্দ্র! আমি আপনাকে পূর্ব্বেই জানিয়াছি। সুতরাং আপনাকে নিষ্ফল বর দেওয়া আমার উচিত নহে॥১২॥

আপনি দেবগণের ও অন্য প্রাণিগণের অধীশ্বর এবং লোকপালক সাক্ষাৎ ইন্দ্র; সুতরাং আপনারও আমাকে বর দেওয়া উচিত॥১৩॥

দেব! আমি যদি আপনাকে কবচ ও কুণ্ডল দান করি, তবে আমি শত্রুর বধ্য হইব, আপনিও লোকের উপহাস্য হইবেন॥১৪॥

তস্মাদ্বিনিময়ং কৃত্বা কুণ্ডলে বর্ম্ম চোত্তমম্।
হরস্ব শক্র! কামং মে ন দদ্যামহমন্যথা ॥১৫॥

শক্র উবাচ।

বিদিতোঽহং রবেঃ পূর্বমায়ানেব তবান্তিকম্।
তেন তে সর্ব্বমাখ্যাতমেবমেতন্ন সংশয়ঃ ॥১৬॥
কামমস্তু তথা তাত! তব কর্ণ! যথেচ্ছসি।
বর্জয়িত্বা তু মে বজ্রং প্রবৃণীষ যথেচ্ছসি ॥১৭॥

বৈশম্পায়ন উবাচ।

ততঃ কর্ণঃ প্রহৃষ্টস্তমুপসঙ্গম্য বাসবম্।
অমোঘাং শক্তিমভ্যেত্য বব্রে সম্পূর্ণমানসঃ ॥১৮॥

কর্ণ উবাচ।

বর্ম্মণা কুণ্ডলাভ্যাঞ্চ শক্তিং মে দেহি বাসব!।
অমোঘাং শক্রসংঘানাং ঘাতিনীং পৃতনামুখে ॥১৯॥

ভারতকৌমুদী

তস্মাদিতি। বিনিময়ং দ্রব্যান্তরেণ পরিবর্ত্তনম্। কামং যথেচ্ছম্ ॥১৫॥
বিদিত ইতি। অহং তবান্তিকম্, আয়ান্ আগচ্ছন্নেব পূর্ব্বং রবেবিদিতঃ ॥১৬॥
কামমিতি। কামমিত্যনুমতৌ, "কামঞ্চানুমতৌ স্মৃতম্" ইত্যাদি মেদিনী ॥১৭॥
তত ইতি। উপসঙ্গম্য তদাসন্নীভূয়। অভ্যেত্য তদুক্তিমঙ্গীকৃত্য ॥১৮॥
বর্ম্মণেতি। বর্ম্মণা কুণ্ডলাভ্যাঞ্চ তদুভয়বিনিময়েন। পৃতনামুখে সেনামুখে ॥১৯॥

অতএব দেবরাজ! আপনার ইচ্ছা হইলে আপনি কোন বস্তুর বিনিময়ে আমার উত্তম কবচ ও কুণ্ডল গ্রহণ করুন; অন্যথা আমি উহা দিব না' ॥১৫॥

ইন্দ্র বলিলেন—'আমি তোমার নিকট আসিবার পূর্ব্বেই সূর্য্য তাহা জানিয়াছিলেন; সুতরাং তিনিই তোমার নিকট এইরূপ ইহা বলিয়াছেন। এবিষয়ে কোন সন্দেহ নাই ॥১৬॥

সে যাহা হউক; বৎস কর্ণ। তুমি যাহা ইচ্ছা কর, তাহাই হউক। সুতরাং আমার বজ্র ব্যতীত তোমার যাহা ইচ্ছা, তাহাই গ্রহণ কর' ॥১৭॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর কর্ণ মনোরথ পূর্ণ হওয়ায় সন্তুষ্ট হইয়া ইন্দ্রের বাক্যে অনুমোদন করিয়া তাঁহার নিকট যাইয়া তাঁহার অব্যর্থ শক্তি প্রার্থনা করিলেন ॥১৮॥

(১৬)...আগতাচ্ছ তবান্তিকে· ·পি। (১৮) ততঃ কর্ণঃ প্রহৃষ্টস্তু···বা ব কা।

ততঃ সঞ্চিন্ত্য মনসা মুহূর্ত্তমিব বাসবঃ।
শক্ত্যর্থং পৃথিবীপাল! কর্ণং বাক্যমথাব্রবীৎ ॥২০॥
কুণ্ডলে মে প্রয়চ্ছস্ব বর্ম্ম চৈব শরীরজম্।
গৃহাণ শক্তিং কর্ণ! ত্বমনেন সময়েন চ ॥২১॥
অমোঘা হন্তি শতশঃ শত্রূন্ মম করচ্যুতা।
পুনশ্চ পাণিমভ্যেতি মম দৈত্যান্ বিনিঘ্নতঃ ॥২২॥
সেয়ং তব করপ্রাপ্তা হত্বৈকং রিপুমূর্জ্জিতম্।
গর্জ্জন্তং প্রতপন্তঞ্চ মামেবৈষ্যতি সূতজ! ॥২৩॥

কর্ণ উবাচ।

একমেবাহমিচ্ছামি রিপুং হন্তুং মহাহবে।
গর্জ্জন্তং প্রতপন্তঞ্চ যতো মম ভয়ং ভবেৎ ॥২৪॥

ভারতকৌমুদী

তত ইতি। শক্ত্যর্থং সঞ্চিন্ত্যেত্যন্বয়ঃ। বাসব ইন্দ্রঃ ॥২০॥
কুণ্ডলে ইতি। শক্তিং নাম মমাস্ত্রবিশেষম্। সময়েন নিয়মেন ॥২১॥
তস্যাঃ শক্তেঃ শক্তিমাহ অমোঘেতি। সা শক্তিরিতি শেষঃ ॥২২॥
সময়মাহ সেতি। উর্জ্জিতং বলবন্তম্। প্রতপন্তং স্বপক্ষসংহারেণ ব্যথয়ন্তম্ ॥২৩॥
একমিতি। রিপুম্ অর্জ্জুনমিত্যাশয়ঃ, মহাহবে মহাযুদ্ধে ॥২৪॥

কর্ণ বলিলেন—'দেবরাজ! আমার কবচ ও কুণ্ডলের পরিবর্ত্তে সৈন্যসম্মুখে শত্রুসমূহনাশিনী আপনার অব্যর্থ শক্তি আমাকে দান করুন' ॥১৯॥

রাজা! তাহার পর ইন্দ্র মুহূর্ত্তকালই যেন মনে মনে শক্তির বিষয় চিন্তা করিয়া পরে কর্ণকে এই কথা বলিলেন—॥২০॥

'কর্ণ! তুমি তোমার সহজাত কবচ ও কুণ্ডল দান কর এবং এই নিয়মে আমার শক্তি গ্রহণ কর ॥২১॥

আমি যখন অসুর বধ করি, তখন এই অব্যর্থ শক্তি আমার হস্তচ্যুত হইয়া শত শত শত্রু সংহার করে, পুনরায় আমারই হস্তে আগমন করে ॥২২॥

কর্ণ! আমার এই সেই শক্তি তোমার হাতে যাইয়া গর্জন ও সন্তাপকারী বলবান্ একজনমাত্র শত্রুকে বধ করিয়া পুনরায় আমারই নিকটে আসিবে' ॥২৩॥

কর্ণ বলিলেন—'আমার যাহা হইতে ভয় হয়, গর্জন ও সন্তাপকারী সেই একজনমাত্র শত্রুকেই আমি মহাযুদ্ধে বধ করিতে ইচ্ছা করি' ॥২৪॥

ইন্দ্র উবাচ।

একং হনিষ্যসি রিপুং গর্জন্তং বলিনং রণে।
ত্বন্তু যং প্রার্থয়স্যেকং রক্ষ্যতে স মহাত্মনা ॥২৫॥
যমাহুর্বেদবিদ্বাংসো বরাহমজিতং হরিম্।
নারায়ণমচিন্ত্যঞ্চ তেন কৃষ্ণেন রক্ষ্যতে ॥২৬॥

কর্ণ উবাচ।

এবমপ্যস্তু ভগবন্নেকবীরবধে মম।
অমোঘাং দেহি মে শক্তিং যয়া হন্যাং প্রতাপিনম্ ॥২৭॥
উৎকৃত্য তু প্রদাস্যামি কুণ্ডলে কবচঞ্চ তে।
নিকৃত্তেষু তু গাত্রেষু ন মে বীভৎসতা ভবেৎ ॥২৮॥

ইন্দ্র উবাচ।

ন তে বীভৎসতা কর্ণ! ভবিষ্যতি কথঞ্চন।
ব্রণশ্চৈব ন গাত্রেষু যস্ত্বং নানৃতমিচ্ছসি ॥২৯॥

ভারতকৌমুদী

একমিতি। মহাংশ্চাসৌ আত্মা চেতি তেন পরমাত্মস্বরূপেণেত্যর্থঃ ॥২৫॥
অথ কোঽসৌ মহাত্মেত্যাহ যমিতি। বরাহং তদ্রূপেণ পৃথিব্যুদ্ধারকম্ ॥২৬॥
এবমিতি। একবীরবধে তদ্বিষয়ে। প্রতাপিনং ভীমং যং কঞ্চিদন্যং বা ॥২৭॥
উদিতি। উৎকৃত্য ছিত্ত্বা। নিকৃত্তেষু ছিন্নেষু। বীভৎসতা আকৃতের্বিকৃতিঃ ॥২৮॥

ইন্দ্র বলিলেন—'কর্ণ! তুমি যুদ্ধে গর্জনকারী বলবান্ একজন শত্রুকে বধ করিবে বটে, তবে তুমি যাহার বিষয় প্রার্থনা করিতেছ, তাহাকে পরমাত্মাই রক্ষা করেন ॥২৫॥

বেদবিদ্বান্ লোকেরা যাঁহাকে বরাহ, অজিত, হরি ও অচিন্তনীয় নারায়ণ বলেন, সেই কৃষ্ণই তাহাকে রক্ষা করেন' ॥২৬॥

কর্ণ বলিলেন—'হউক না এইরূপ; কিন্তু ভগবন্! আমার একজনমাত্র-বীর-শত্রু-বধের জন্য আমাকে অব্যর্থ শক্তি দান করুন, যাহাদ্বারা আমি প্রতাপশালী শত্রুকে বধ করিতে পারি ॥২৭॥

কিন্তু দেবরাজ! আমি কবচ ও কুণ্ডল ছেদন করিয়া আপনাকে দিব বটে, তবে অঙ্গচ্ছেদন করায় আমার যেন আকৃতির কোন বিকৃতি না হয়' ॥২৮॥

---

(২৬)···বরাহমপরাজিতম্···বা ব কা নি।

যাদৃশস্তে পিতুর্বর্ণস্তেজশ্চ বদতাং বর ! ।
তাদৃশেনৈব বর্ণেন ত্বং কর্ণ ! ভবিতা পুনঃ ॥৩০॥
বিদ্যমানেষু শস্ত্রেষু যদ্যমোঘামসংশয়ে ।
প্রমত্তো মোক্ষ্যসে বাপি ত্বয্যেবৈষা পতিষ্যতি ॥৩১॥

কর্ণ উবাচ ।

সংশয়ং পরমং প্রাপ্য বিমোক্ষ্যে বাসবীমিমাম্ ।
যথা মামাত্থ শক্র ! ত্বং সত্যমেতদ্‌ব্রবীমি তে ॥৩২॥

বৈশম্পায়ন উবাচ ।

ততঃ শক্তিং প্রজ্বলিতাং প্রতিগৃহ্য বিশাংপতে ! ।
শস্ত্রং গৃহীত্বা নিশিতং সর্বগাত্রাণ্যকৃন্তত ॥৩৩॥

ভারতকৌমুদী

নেতি। ব্রণঃ ক্ষতম্। অনৃতং মিথ্যা, বক্তুং ব্যবহর্ত্তুং বেতি শেষঃ ॥২৯॥
যাদৃশ ইতি। পিতুঃ সূর্য্যস্যেতি ইন্দ্রাভিপ্রায়ঃ, অধিরথস্যেতি চ কর্ণেন বুদ্ধম্ ॥৩০॥
বিদ্যেতি। অন্যেষু শস্ত্রেষু বিদ্যমানেষু, অসংশয়ে জীবনাসন্দেহে বা, স্বয়ং বাপি প্রমত্তঃ অসাবধানঃ সন্, এনামমোঘাং শক্তিং যদি মোক্ষ্যসে, তদৈষা ত্বয্যেব পতিষ্যতি ॥৩১॥
সংশয়মিতি। বাসবীমৈন্দ্রীম্। আত্থ ব্রবীষি ॥৩২॥
তত ইতি। প্রতিগৃহ্য ইন্দ্রাদিতি শেষঃ। অকৃন্তত কবচকুণ্ডলদানায় অচ্ছিনৎ ॥৩৩॥

ইন্দ্র বলিলেন—'কর্ণ! তুমি যখন মিথ্যা বলিতে বা ব্যবহার করিতে ইচ্ছা কর না, তখন তোমার অঙ্গে কোনপ্রকার বিকৃতি বা ক্ষত হইবে না ॥২৯॥

বাগ্মিশ্রেষ্ঠ কর্ণ! তোমার পিতার যেমন বর্ণ ও তেজ রহিয়াছে, তোমারও তেমনই বর্ণ ও তেজ আবার হইবে ॥৩০॥

তবে, অন্য অস্ত্র বিদ্যমান থাকিতে, কিংবা প্রাণসংশয় না হইলে, অথবা নিজে অসাবধান হইয়া যদি এই অব্যর্থ শক্তি নিক্ষেপ কর, তাহা হইলে ইহা তোমার উপরেই আসিয়া পড়িবে' ॥৩১॥

কর্ণ বলিলেন—'দেবরাজ! আপনি আমাকে যেরূপ বলিলেন, তাহাতে আমি অত্যন্ত প্রাণসংশয়স্থলেই এই ঐন্দ্রী শক্তি নিক্ষেপ করিব; ইহা আপনার নিকট আমি সত্য বলিলাম' ॥৩২॥

বৈশম্পায়ন বলিলেন—নরনাথ! তাহার পর কর্ণ ইন্দ্রের নিকট হইতে সেই উজ্জ্বল শক্তি গ্রহণ করিয়া সুধার অস্ত্র লইয়া নিজের সমস্ত অঙ্গ ছেদন করিতে লাগিলেন ॥৩৩॥

ততো দেবা মানবা দানবাশ্চ নিকৃন্তন্তং কর্ণমাত্মানমেবম্।
দৃষ্ট্বা সর্ব্বে সিংহনাদান্ প্রণেদুর্ন হ্যস্যাসীন্মুখজো বৈ বিকারঃ ॥৩৪॥
ততো দিব্যা দুন্দুভয়ঃ প্রণেদুঃ পপাতোচ্চৈঃ পুষ্পবর্ষঞ্চ দিব্যম্।
দৃষ্ট্বা কর্ণং শস্ত্রসংকৃত্তগাত্রং মুহুশ্চাপি স্ময়মানং নৃবীরম্ ॥৩৫॥
ততশ্ছিত্ত্বা কবচং দিব্যমঙ্গাত্তথৈবার্দ্রং প্রদদৌ বাসবায়।
তথোৎকৃত্য প্রদদৌ কুণ্ডলে তে কর্ণাত্তস্মাৎ কর্ম্মণা তেন কর্ণঃ ॥৩৬॥
ততঃ শক্রঃ প্রহসন্ বঞ্চয়িত্বা কর্ণং লোকে যশসা যোজয়িত্বা।
কৃতং কার্য্যং পাণ্ডবানাং হি মেনে ততঃ পশ্চাদ্দিবমেবোৎপপাত ॥৩৭॥

ভারতকৌমুদী

তত ইতি। প্রণেদুর্বিস্ময়েন চক্রুঃ। অস্য কর্ণস্য মুখজোঽপি বিকারো নাসীৎ দৃঢ়ত্বাৎ ॥৩৪॥
তত ইতি। উচ্চৈরূর্দ্ধাৎ। শস্ত্রেণ সংকৃত্তানি ছিন্নানি গাত্রাণি যেন তম্ ॥৩৫॥
তত ইতি। উৎকৃত্য ছিত্ত্বা। কর্ণাৎ শ্রবণযুগলাৎ। তেন কর্ম্মণা কর্ণযুগলতঃ কুণ্ডল-যুগলচ্ছেদনব্যাপারেণ হেতুনা, নাম্না কর্ণো বভূবেতি শেষঃ ॥৩৬॥

ভারতভাবদীপঃ

দেবরাজমিতি ॥১—৪॥ অবনিং গৃহার্থং নিবাপং হ্যপ্যতে বীজমস্মিন্নিতি ক্ষেত্রং বহুবার্ষিকং যাবজ্জীবিকবৃত্তিরূপম্ ॥৫—৮॥ গমনীয়ো বধ্যঃ ॥৯—১৫॥ আয়ানেব আগচ্ছন্নেব ॥১৬—৩৫॥ কৃণাতি হিনস্তি কৃন্ততি ছিনত্তি বা অঙ্গানীতি কর্ণ ইত্যর্থঃ ॥৩৬—৪১॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুঃষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৬৪॥

তাহার পর সকল দেবতা, মনুষ্য ও দানব কর্ণকে এইভাবে আপন অঙ্গ ছেদন করিতে দেখিয়া বিস্ময়ে সিংহনাদ করিয়া উঠিলেন; কিন্তু কর্ণের তাহাতে একটু মুখবিকারও হইল না ॥৩৪॥

তদনন্তর কর্ণ আপন অঙ্গ ছেদন করিয়াও অনবরত হাস্য করিতেছেন ইহা দেখিয়া স্বর্গীয় দুন্দুভিধ্বনি হইতে লাগিল এবং উপর হইতে স্বর্গীয় পুষ্পবৃষ্টি পড়িতে থাকিল ॥৩৫॥

সূতপুত্র আপন অঙ্গ হইতে ছেদন করিয়া দিব্য কবচটী আর্দ্র অবস্থাতেই ইন্দ্রকে দিলেন এবং কর্ণযুগল হইতে ছেদন করিয়া কুণ্ডল দুইটীও তাঁহাকে দান করিলেন। সেই কার্য্যদ্বারাই তদবধি তাঁহার নাম হইল—'কর্ণ' ॥৩৬॥

তাহার পর ইন্দ্র কর্ণকে বঞ্চনা করিয়াও তাঁহাকে জগতে যশস্বী করিয়া হাস্য করতঃ পাণ্ডবগণের কার্য্য করিয়াছেন বলিয়া মনে করিলেন, পরে আকাশেই উঠিয়া গেলেন ॥৩৭॥

শ্রুত্বা কর্ণং মুষিতং ধার্ত্তরাষ্ট্রা দীনাঃ সর্ব্বে ভগ্নদর্পা ইবাসন্‌।
তাঞ্চাবস্থাং গমিতং সূতপুত্রং শ্রুত্বা পার্থা জহৃষুঃ কাননস্থাঃ ॥৩৮॥

জনমেজয় উবাচ।

কস্থা বীরাঃ পাণ্ডবাস্তে বভূবুঃ কুতশ্চৈতে শ্রুতবন্তঃ প্রিয়ং তৎ।
কিং বাঽকার্ষুর্দ্বাদশাব্দে ব্যতীতে তন্মে সর্বং ভগবান্‌ ব্যাকরোতু ॥৩৯॥

বৈশম্পায়ন উবাচ।

লব্ধ্বা কৃষ্ণাং সৈন্ধবং দ্রাবয়িত্বা বিপ্রৈঃ সার্দ্ধং কাম্যকাদাশ্রমাত্তে।
মার্কণ্ডেয়াচ্ছ্রুতবন্তঃ পুরাণং দেবর্ষীণাং চরিতং বিস্তরেণ ॥৪০॥
প্রত্যাজগ্মুঃ সরথাঃ সানুযাত্রাঃ সর্বৈঃ সার্দ্ধং সূতপৌরোগবৈশ্চ।
ততঃ পুণ্যং দ্বৈতবনং নৃবীরা নিস্তীর্য্যোগ্রং বনবাসং সমগ্রম্‌ ॥৪১॥

(যুগ্মকম্‌)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি কুণ্ডলাহরণে কবচকুণ্ডলদানে চতুঃষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তত ইতি। পাণ্ডবানাং কার্য্যং প্রয়োজনং কৃতং মেনে, কর্ণস্য বধ্যত্বসম্ভবাৎ ॥৩৭॥

শ্রুত্বেতি। মুষিতং চোরিতম্‌ ইন্দ্রেণাপহৃতকবচকুণ্ডলমিত্যর্থঃ ॥৩৮॥

কেতি। কস্থাঃ কুত্র স্থিতাঃ। ব্যাকরোতু বিস্তরেণ ব্রবীতু ॥৩৯॥

লব্ধ্বেতি। কৃষ্ণাং দ্রৌপদীম্‌, সৈন্ধবং জয়দ্রথম্‌, দ্রাবয়িত্বা পরাভূয়। দেবাশ্চ ঋষয়শ্চ তেষাম্‌। সূতপৌরোগবৈঃ সারথিপাকাধ্যক্ষৈঃ। নৃবীরাঃ পাণ্ডবাঃ ॥৪০—৪১॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি কুণ্ডলাহরণে চতুঃষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

এদিকে কর্ণের কবচ ও কুণ্ডল অপহৃত হইয়াছে শুনিয়া ধৃতরাষ্ট্রের পুত্রেরা সকলেই বিষণ্ণ ও ভগ্নদর্পের ন্যায় হইলেন; আর কর্ণের সেই অবস্থা হইয়াছে শুনিয়া পাণ্ডবেরা বনে থাকিয়াই আনন্দিত হইলেন ॥৩৮॥

জনমেজয় বলিলেন—'বীর পাণ্ডবেরা তখন কোথায় ছিলেন এবং কোথা হইতেই বা সেই প্রিয় সংবাদ শুনিয়াছিলেন; আর দ্বাদশ বৎসর অতীত হইলে পরই বা তাঁহারা কি করিয়াছিলেন, সেই সকল বৃত্তান্ত আপনি আমার নিকট বিস্তরক্রমে বলুন' ॥৩৯॥

বৈশম্পায়ন বলিলেন—মনুষ্যবীর পাণ্ডবেরা জয়দ্রথকে পরাভূত করিয়া

---

* '…সপ্তনবত্যধিকদ্বিশততমঃ…' পি, '…নবাধিকত্রিশততমঃ…' বা ব, '…দশাধিকত্রিশততমঃ…' কা, '…একাদশাধিকত্রিশততমঃ…' নি।

পঞ্চষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

——:※:——

বৈশম্পায়ন উবাচ। *

অনুভুক্তাঃ ফলাহারাঃ সর্ব এব মিতাশনাঃ।
ন্যবসন্ পাণ্ডবাস্তত্র কৃষ্ণয়া সহ ভার্য্যয়া ॥১॥
ব্রাহ্মণার্থে পরাক্রান্তা ধর্ম্মাত্মানো যতব্রতাঃ।
ক্লেশমার্চ্ছন্তি বিপুলং সুখোদর্কং পরন্তপাঃ ॥২॥

ভারতকৌমুদী

অন্বিতি। মিতাশনাশ্চিরমিতভোজিনঃ সর্ব্ব এব পাণ্ডবাঃ, ফলাহারা ফলাহরণকারিণঃ সন্তঃ, অনুভুক্তাঃ পশ্চাত্তান্যেব ফলানি ভুক্তবন্তশ্চ সন্তঃ, "ভুক্তা ব্রাহ্মণাঃ, পীতা গাবঃ" ইত্যাদিবৎ কর্ত্তরি ক্তঃ ভার্য্যয়া কৃষ্ণয়া সহ তত্র দ্বৈতবনে অবশিষ্টং কালং ন্যবসন্ ॥১॥

ব্রাহ্মণেতি। আর্চ্ছন্তি মৃগয়াদিনা প্রাপ্নুবন্তি স্ম, সুখোদর্কং সুখোত্তরফলকম্ ॥২॥

দ্রৌপদীকে আনয়নপূর্ব্বক মার্কণ্ডেয়মুনির নিকট বিস্তরক্রমে দেবগণ ও ঋষিগণের প্রাচীন চরিত্র শ্রবণ করিয়া এবং ভয়ঙ্কর সমস্ত বনবাসকাল অতিক্রম করিয়া ব্রাহ্মণগণ, অনুচরগণ, সারথিগণ ও পাকাধ্যক্ষগণের সহিত রথারোহণে কাম্যকবনের আশ্রম হইতে পবিত্র দ্বৈতবনে প্রত্যাগমন করিলেন ॥৪০—৪১॥

——:০:——

বৈশম্পায়ন বলিলেন—চির-পরিমিতভোজী পাণ্ডবেরা সকলেই ফল আহরণপূর্ব্বক তাহা ভোজন করিয়াই ভার্য্যা দ্রৌপদীর সহিত সেই দ্বৈতবনে বনবাসের অবশিষ্ট কাল বাস করিতে লাগিলেন ॥১॥

পরাক্রমী, শত্রুসন্তাপী, ধর্ম্মাত্মা ও ব্রতপরায়ণ পাণ্ডবেরা ব্রাহ্মণদের জন্য

---

* ইতঃ পূর্বম্ 'জনমেজয় উবাচ। এবং হৃতায়াং ভার্য্যায়াং প্রাপ্য ক্লেশমনুত্তমম্। প্রতিপদ্য ততঃ কৃষ্ণাং কিমকুর্ব্বত পাণ্ডবাঃ॥ বৈশম্পায়ন উবাচ। এবং হৃতায়াং কৃষ্ণায়াং প্রাপ্য ক্লেশমনুত্তমম্। বিহায় কাম্যকং রাজা সহ ভ্রাতৃভিরচ্যুতঃ॥ পুনর্দ্বৈতবনং রম্যমাজগাম যুধিষ্ঠিরঃ। স্বাদুমূলফলং রম্যং বিচিত্রবহুপাদপম্॥' ইতি পূর্ব্বাধ্যায়শেষশ্লোকত্রয়সমানার্থকমধিকং শ্লোকত্রয়ম্—বা ব কা নি। (১) শ্লোকাৎ পরম্—'বসন্ দ্বৈতবনে রাজা কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ। ভীমসেনার্জ্জুনশ্চৈব মাদ্রীপুত্রৌ চ পাণ্ডবৌ॥" অয়মপ্যধিকঃ শ্লোকঃ—ব কা নি।

অরণীসহিতং মন্থং ব্রাহ্মণস্য তপস্বিনঃ।
মৃগস্য ধর্ষমাণস্য বিষাণে সমসজ্জত ॥৩॥
তদাদায় গতো রাজন্! ত্বরমাণো মহামৃগঃ।
আশ্রমাত্তরিতঃ শীঘ্রং প্লবমানো মহাজবঃ ॥৪॥
হ্রিয়মাণন্তু তং দৃষ্ট্বা স বিপ্রঃ কুরুসত্তম!।
ত্বরিতোঽভ্যাগমত্তত্র অগ্নিহোত্রপরীপ্সয়া ॥৫॥
অজাতশত্রুমাসীনং ভ্রাতৃভিঃ সহিতং বনে।
আগম্য ব্রাহ্মণস্তূর্ণং সন্তপ্তশ্চেদমব্রবীৎ ॥৬॥

ভারতকৌমুদী

অরণীতি। কস্যচিত্তপস্বিনো ব্রাহ্মণস্য, অরণী অগ্ন্যুৎপাদনকাষ্ঠং তৎসহিতম্, মন্থং তন্মথনদণ্ডম্, ধর্ষমাণস্য শৃঙ্গেণ চালয়তঃ, কস্যচিন্মৃগস্য, বিষাণে তত্র শৃঙ্গে, সমসজ্জত সংশ্লিষ্টং তদুভয়ং সংলগ্নমভূৎ। "অরণির্বহ্নিমন্থেঽপি" ইতি বিশ্বঃ ॥৩॥

তদিতি। তৎ অরণী মন্থশ্চেত্যুভয়ম্। আশ্রমাত্তরিত আশ্রমাদ্ব্যবহিতঃ ॥৪॥

হ্রিয়েতি। তমরণীসহিতং মন্থম্। অগ্নিহোত্রস্য পরীপ্সয়া অনুষ্ঠানেচ্ছয়া ॥৫॥

অজাতেতি। অজাতশত্রুং যুধিষ্ঠিরম্। সন্তপ্তো দুঃখিতঃ ॥৬॥

মৃগয়াপ্রভৃতি করিতে থাকায় প্রচুর কষ্টভোগ করিতেন; কিন্তু সে কষ্টের পরিণামে সুখই হইত ॥২॥

একদা একটা হরিণ শৃঙ্গদ্বারা কোন তপস্বী ব্রাহ্মণের অরণী ও মন্থ (অগ্নি উৎপাদনের কাষ্ঠের নাম—অরণী এবং তাহা ঘর্ষণ করিবার দণ্ডের নাম—মন্থ) সঞ্চালন করিতেছিল; তখন সেই অরণী ও মন্থ তাহার শৃঙ্গে সংলগ্ন হইয়া পড়িল ॥৩॥

রাজা! মহাবেগশালী সেই বিশাল হরিণ ব্রাহ্মণের সেই অরণী-মন্থ লইয়াই ব্যস্ত হইয়া লাফাইতে লাফাইতে সত্বর আশ্রম হইতে দূরে চলিয়া গেল ॥৪॥

কৌরবশ্রেষ্ঠ! সেই ব্রাহ্মণ, অরণী ও মন্থ হরণ করিতে দেখিয়া অগ্নিহোত্র করিবার ইচ্ছায় সত্বর যুধিষ্ঠির প্রভৃতির নিকটে আগমন করিলেন ॥৫॥

ব্রাহ্মণ দুঃখিত হইয়া সত্বর আসিয়া ভ্রাতাদের সহিত বনে উপবিষ্ট যুধিষ্ঠিরের নিকট এই কথা বলিলেন—॥৬॥

(৩) শ্লোকাৎ পরম্—"তস্মিন্ প্রতিবসন্তস্তে যৎপ্রাহুঃ কুরুসত্তমাঃ। বনে ক্লেশং সুখোদর্কং তৎ প্রবক্ষ্যামি তে শৃণু ॥" এষ শ্লোকোঽপ্যধিকঃ—ব কা নি।

অরণীসহিতং মন্থং সমাসক্তং বনস্পতৌ।
মৃগস্য ধর্ষমাণস্য বিষাণে সমসজ্জত ॥৭॥
তমাদায় গতো রাজন্! ত্বরমাণো মহামৃগঃ।
আশ্রমান্তরিতঃ শীঘ্রং প্লবমানো মহাজবঃ ॥৮॥
তস্য গত্বা পদং রাজন্! আসাদ্য চ মহামৃগম্।
অগ্নিহোত্রং ন লুপ্যেত তদানয়ত পাণ্ডবাঃ! ॥৯॥
ব্রাহ্মণস্য বচঃ শ্রুত্বা সন্তপ্তোঽথ যুধিষ্ঠিরঃ।
ধনুরাদায় কৌন্তেয়ঃ প্রাদ্রবদ্ভ্রাতৃভিঃ সহ ॥১০॥
সন্নদ্ধা ধন্বিনঃ সর্বে প্রাদ্রবন্ নরপুঙ্গবাঃ।
ব্রাহ্মণার্থে যতন্তস্তে শীঘ্রমন্বগমন্ মৃগম্ ॥১১॥
কর্ণি-নালীক-নারাচানুৎসৃজন্তো মহারথাঃ।
নাবিধ্যন্ পাণ্ডবাস্তত্র পশ্যন্তো মৃগমন্তিকাৎ ॥১২॥

ভারতকৌমুদী

অরণীতি। সমাসক্তং শাখায়াং সংলগ্নম্, বনস্পতৌ আশ্রমবৃক্ষে ॥৭॥
তমিতি। তমরণীসহিতং মন্থম্। প্লবমানো লম্ফেন বিহায়সা গচ্ছন্ ॥৮॥
তস্যেতি। পদং পদাঙ্কম্। তদানয়ত, তদা চাগ্নিহোত্রং মে ন লুপ্যেত ॥৯॥
ব্রাহ্মণস্যেতি। প্রাদ্রবৎ দ্রুতং প্রাতিষ্ঠত ॥১০॥
সন্নদ্ধা ইতি। সন্নদ্ধা ধৃতকবচাদয়ঃ। যতন্তো যতমানাঃ ॥১১॥
কর্ণীতি। মৃগং পশ্যন্তোঽপি নাবিধ্যন্ তং ব্যদ্ধুং নাশক্লুবন্ ॥১২॥

'আমার অরণী ও মন্থ আশ্রমের বৃক্ষে সংলগ্ন ছিল; একটা হরিণ শৃঙ্গদ্বারা তাহা সঞ্চালন করিতে থাকায় তাহা তাহার শৃঙ্গে সংলগ্ন হইয়াছিল ॥৭॥

রাজা! মহাবেগশালী সেই বিশাল হরিণটা তাহা লইয়া লাফাইতে লাফাইতে সত্বর আশ্রমের দূরে চলিয়া গিয়াছে। ॥৮॥

রাজা! অপর পাণ্ডবগণ! আপনারা তাহার পদাঙ্ক অনুসরণ করিয়া তাহার নিকট যাইয়া আমার সেই অরণী ও মন্থ আনয়ন করুন; তাহা হইলে আর আমার অগ্নিহোত্রের ব্যাঘাত হইবে না' ॥৯॥

কুন্তীনন্দন যুধিষ্ঠির ব্রাহ্মণের সেই কথা শুনিয়া দুঃখিত হইয়া ধনু লইয়া ভ্রাতাদের সহিত দ্রুত প্রস্থান করিলেন ॥১০॥

নরশ্রেষ্ঠ পাণ্ডবেরা সকলেই কবচ পরিধান করিয়া ধনু লইয়া ব্রাহ্মণের জন্য যত্নবান্ হইয়া সত্বর সেই মৃগের অনুসরণ করিলেন ॥১১॥

(৮) আবশ্যকোঽপ্যয়ং শ্লোকঃ পি নাস্তি। (৯) শ্লোকাৎ পরম্—'বৈশম্পায়ন উবাচ' পি।

তেষাং প্রয়তমানানাং নাদৃশ্যত মহামৃগঃ।
অপশ্যন্তো মৃগং শ্রান্তা দুঃখং প্রাপ্তা মনস্বিনঃ ॥১৩॥
শীতলচ্ছায়মাগম্য ন্যগ্রোধং গহনে বনে।
ক্ষুৎপিপাসাপরীতাঙ্গাঃ পাণ্ডবাঃ সমুপাবিশন্ ॥১৪॥
তেষাং সমুপবিষ্টানাং নকুলো দুঃখিতস্তদা।
অব্রবীদ্‌ভ্রাতরং জ্যেষ্ঠমমর্ষাৎ কুরুনন্দনম্ ॥১৫॥
নাস্মিন্ কুলে জাতু মমজ্জ ধর্ম্মো ন চালস্যাদর্থলোপো বভূব।
অনুত্তরাঃ সর্ব্বভূতেষু ভূয়ঃ সম্প্রাপ্তাঃ স্ম সংশয়ং কিন্নু রাজন্! ॥১৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি আরণেয়ে মৃগান্বেষণে পঞ্চষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তেষামিতি। নাদৃশ্যত তৈরেব। দুঃখং প্রাপ্তাঃ, অরণীমন্থাপ্রাপ্তেঃ ॥১৩॥
শীতলেতি। ন্যগ্রোধং বটবৃক্ষম্। ক্ষুৎপিপাসাভ্যাং পরীতাঙ্গাঃ ক্লান্তদেহাঃ ॥১৪॥
তেষামিতি। তেষাং মধ্যে। অমর্ষাৎ দুঃখক্ষোভাৎ ॥১৫॥
নেতি। অস্মিন্ অস্মদীয়ে কুলে, জাতু কদাচিদপি, ধর্ম্মো ন মমজ্জ লয়ং প্রাপ্তো বভূব;

ভারতভাবদীপঃ

অন্বিতি। অনুভুক্তাঃ ব্রতিনঃ, ফলাহারাঃ ফলান্যেবাহর্ত্তুং শীলাঃ ॥১—২॥ অরণী উত্তরাধরেঽগ্নিমথনকাষ্ঠে তাভ্যাং সহিতং মন্থং নির্ম্মথনদণ্ডম্ ॥৩॥ আশ্রমান্তরিতঃ আশ্রম-দূরগতঃ ॥৪—৮॥ পদং মার্গে চিহ্নং গত্বা প্রাপ্য তেনৈব পথা তদানয়ত ॥৯—১৫॥ ধর্ম্মো

ক্রমে মহারথ পাণ্ডবেরা নিকটে হরিণটাকে দেখিয়া কর্ণী, নালীক ও নারাচ নিক্ষেপ করিয়াও তাহাকে বিদ্ধ করিতে পারিলেন না ॥১২॥

তাঁহারা সেইরূপ চেষ্টা করিতেছিলেন, সেই অবস্থাতেই সে মহাহরিণ অদৃশ্য হইয়া গেল। তখন পরিশ্রান্ত মনস্বী পাণ্ডবেরা সে হরিণ না দেখিয়া দুঃখিত হইলেন ॥১৩॥

তখন পাণ্ডবেরা ক্ষুধা ও পিপাসায় কাতর হইয়া সেই নিবিড়-বন-মধ্যেই শীতল-চ্ছায়া-যুক্ত একটা বটবৃক্ষের নিকটে আসিয়া উপবেশন করিলেন ॥১৪॥

তখন তাঁহাদের মধ্যে নকুল দুঃখিত হইয়া ক্ষোভবশতঃ কুরুনন্দন জ্যেষ্ঠ ভ্রাতা যুধিষ্ঠিরকে বলিলেন—॥১৫॥

(১৫)···অব্রবীদ্‌ভ্রাতরং শ্রেষ্ঠম্···বা ব কা। * '···অষ্টনবত্যধিকদ্বিশততমঃ···পি, '···দশাধিকত্রিশততমঃ···' বা ব, 'একাদশাধিকত্রিশততমঃ···' কা, '···দ্বাদশাধিকত্রিশততমঃ···' নি।

ষট্‌ষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

——:*:——

যুধিষ্ঠির উবাচ।

নাপদামস্তি মর্য্যাদা ন নিমিত্তং ন কারণম্।
ধর্ম্মস্তু বিভজত্যর্থমুভয়োঃ পুণ্যপাপয়োঃ॥১॥

ভারতকৌমুদী

আলস্যাচ্চ অর্থলোপঃ কার্য্যনাশো ন বভূব। হে রাজন্! সর্বভূতেষু মমৈতৎ নিষ্পাদয়েতি প্রার্থ্যমানেষু সর্বলোকেষু, অনুত্তরা ন পারয়ামীত্যেবমুত্তরেণ রহিতা অপি বয়ম্, ইদানীং ভূয়ো বহুলম্, কিন্নু সংশয়ম্ অরণীমন্থাবানেতুং শক্নুমো ন বেতি সন্দেহং সম্প্রাপ্তাঃ। তদ্‌ব্রূহীত্যাশয়ঃ॥১৬॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্বণি আরণেয়ে পঞ্চষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ॥০॥

———(:*:)———

নেতি। ঈদৃশীনাম্ আপদাং মর্য্যাদা সীমা নাস্তি, ইতোঽধিকাপি ভবিতুমর্হতীতি ভাবঃ। নিমিত্তং পরঘটিতো হেতুরপি নাস্তি, কারণম্ আত্মঘটিতো হেতুরপি নাস্তি। কিন্তু ধর্ম্মঃ প্রাক্তনকর্ম্মরূপমদৃষ্টম্, স্ববিশেষরূপেণ খ্যাতয়োঃ পুণ্যপাপয়োঃ, অর্থং ফলরূপং সুখদুঃখাত্মকবিষয়ং বিভজতি বিভজ্য দদাতি। অদৃষ্টবশাদেবাস্মাকম্ অরণীমন্থপ্রাপ্তিবিষয়ে সংশয়রূপেয়মাপদুপস্থিতেত্যাশয়ঃ॥১॥

ভারতভাবদীপঃ

ন মমজ্জ ধর্ম্মলোপোঽর্থলোপশ্চ নাভূৎ, আলস্যাদিত্যুপচর্য্যতে ত্বয়ি অনুত্তরাঃ প্রতিবাক্যরহিতাঃ সর্ব্বভূতেষু কার্য্যার্থে উপস্থিতে ওমিত্যেব বদামো ন তু বাক্যান্তরমিত্যর্থঃ। সংশয়ঃ ব্রাহ্মণস্য কর্ম্মলোপনিমিত্তং দোষম্॥১৬॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ॥২৬৫॥

'রাজা! এই বংশে কখনও ধর্ম্মলোপ হয় নাই, আলস্যবশতঃ কার্য্যনাশও হয় নাই এবং যে কোন লোক আসিয়া কার্য্যসাধনের প্রার্থনা করিলে, আমরা 'পারিব না' বলিয়া উত্তরও করি নাই। কিন্তু এখন ব্রাহ্মণের কার্য্যসাধনবিষয়ে গুরুতর সংশয়াপন্ন হইলাম কেন?'॥১৬॥

———:০:———

যুধিষ্ঠির বলিলেন—এইরূপ আপদের সীমা নাই, কিংবা ঐহিক পরঘটিত

ভীম উবাচ।

প্রাতিকাম্যনয়ৎ কৃষ্ণাং সভায়াং প্রেষ্যবত্তদা।
ন ময়া নিহতস্তত্র তেন প্রাপ্তাঃ স্ম সংশয়ম্ ॥২॥

অর্জ্জুন উবাচ।

বাচস্তীক্ষ্ণাস্থিভেদিন্যঃ সূতপুত্রেণ ভাষিতাঃ।
অতিতীব্রা ময়া ক্ষান্তাস্তেন প্রাপ্তাঃ স্ম সংশয়ম্ ॥৩॥

সহদেব উবাচ।

শকুনিস্ত্বাং যদাঽজৈষীদক্ষদ্যুতেন ভারত!।
স ময়া ন হতস্তত্র তেন প্রাপ্তাঃ স্ম সংশয়ম্ ॥৪॥

বৈশম্পায়ন উবাচ।

ততো যুধিষ্ঠিরো রাজা নকুলং বাক্যমব্রবীৎ।
আরুহ্য বৃক্ষং মাদ্রেয়! নিরীক্ষস্ব দিশো দশ ॥৫॥

ভারতকৌমুদী

প্রাতীতি। প্রাতিকামী তন্নিবৃত্তৌ দুঃশাসন ইত্যর্থঃ। প্রেষ্যবৎ দাসীমিব। কর্ত্তব্যাকরণ-পাপেনৈব জনিতেয়মস্মাকমাপদিতি ভাবঃ। পরয়োরপ্যেবমূহ্যঃ ॥২॥

বাচ ইতি। তীক্ষ্ণা রুক্ষাঃ, অস্থিভেদিন্যঃ অস্থিপর্য্যন্তবিদারিণ্যঃ ॥৩॥

শকুনিরিতি। ত্বাং যুধিষ্ঠিরম্। অক্ষৈর্দ্যূতং ক্রীড়া তেন ॥৪॥

তত ইতি। নিরীক্ষস্ব, জলান্বেষণার্থমিতি ভাবঃ ॥৫॥

হেতু নাই, অথবা ঐহিক আত্মঘটিত হেতুও নাই। কিন্তু পুণ্য ও পাপরূপ অদৃষ্টই লোকের এইরূপ সুখ ও দুঃখ দিয়া থাকে' ॥১॥

ভীম বলিলেন—'সেই সময়ে দুঃশাসন দাসীর ন্যায় দ্রৌপদীকে সভামধ্যে নিয়া গিয়াছিল, তাহাকে যে আমি তখন বধ করি নাই, সেই পাপেই আমরা এই সংশয় প্রাপ্ত হইয়াছি' ॥২॥

অর্জ্জুন বলিলেন—'কর্ণ তখন অস্থিবিদারক অতিতীব্র কটু বাক্য সকল বলিয়াছিল, তাহা যে আমি সহ্য করিয়াছিলাম, তাহাতেই এই সংশয় প্রাপ্ত হইয়াছি' ॥৩॥

সহদেব বলিলেন—'ভরতনন্দন! শকুনি যখন পাশাখেলায় আপনাকে জয় করিয়াছিল, তখন তাহাকে যে আমি বধ করি নাই, তাহাতেই এই সংশয় প্রাপ্ত হইয়াছি' ॥৪॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর রাজা যুধিষ্ঠির নকুলকে বলিলেন—'মাদ্রীনন্দন! কোন বৃক্ষে আরোহণ করিয়া দশ দিক্ পর্য্যবেক্ষণ কর ॥৫॥

পানীয়মান্তিকে পশ্য বৃক্ষাংশ্চাপ্যুদকাশ্রিতান্।
এতে হি ভ্রাতরঃ শ্রান্তাস্তব তাত! পিপাসিতাঃ ॥৬॥
নকুলস্তু তথেত্যুক্ত্বা শীঘ্রমারুহ্য পাদপম্।
অব্রবীদ্‌ভ্রাতরং জ্যেষ্ঠমভিবীক্ষ্য সমন্ততঃ ॥৭॥
পশ্যামি বহুলান্ রাজন্! বৃক্ষানুদকসংশ্রয়ান্।
সারসানাঞ্চ নির্হ্রাদমত্রোদকমসংশয়ম্ ॥৮॥
ততোঽব্রবীৎ সত্যধৃতিঃ কুন্তীপুত্ত্রো যুধিষ্ঠিরঃ।
গচ্ছ সৌম্য! ততঃ শীঘ্রং তূণৈঃ পানীয়মানয় ॥৯॥
নকুলস্তু তথেত্যুক্ত্বা ভ্রাতুর্জ্যেষ্ঠস্য শাসনাৎ।
প্রাদ্রবদ্‌যত্র পানীয়ং শীঘ্রঞ্চৈবাম্বপদ্যত ॥১০॥
স দৃষ্ট্বা বিমলং তোয়ং সারসৈঃ পরিবারিতম্।
পাতুকামস্ততো বাচমন্তরীক্ষাৎ স শুশ্রুবে ॥১১॥

ভারতকৌমুদী

পানীয়মিতি। পানীয়মস্তি ন বেতি পশ্যেত্যর্থঃ। উদকাশ্রিতান্ জলজীবিনঃ। জলাদর্শনেঽপি জলজীবিবৃক্ষদর্শনেনৈব জলসত্তানুমানসম্ভব ইতি ভাবঃ ॥৬॥

নকুল ইতি। পাদপং সান্নিধ্যাত্তং বটবৃক্ষম্। সমন্ততঃ সর্ব্বাসু দিক্ষু ॥৭॥

পশ্যামীতি। সারসানাং জলাশ্রিতপক্ষিবিশেষাণাম্, নির্হ্রাদং রবম্ ॥৮॥

তত ইতি। সত্যধৃতির্যথার্থধৈর্য্যশালী। তূণৈঃ শূন্যতূণীরৈঃ ॥৯॥

নকুল ইতি। শাসনাদাদেশাৎ অম্বপদ্যত অলভত ॥১০॥

স ইতি। স প্রসিদ্ধঃ। পরিবারিতং পরিবেষ্টিতম্। স নকুলঃ ॥১১॥

নিকটে জল বা জলজীবী বৃক্ষ আছে কি না দেখ। কারণ, বৎস! তোমার এই ভ্রাতারা পরিশ্রান্ত ও পিপাসার্ত্ত হইয়াছেন ॥৬॥

'তাহাই হউক' এই কথা বলিয়া নকুল সত্বরই সেই বটবৃক্ষে আরোহণ করিয়া এবং সকল দিকে দৃষ্টিপাত করিয়া যুধিষ্ঠিরকে বলিলেন—॥৭॥

'রাজা! জলাশ্রিত বহুতর বৃক্ষ দেখিতেছি এবং সারসপক্ষীর রবও শুনিতেছি। সুতরাং নিশ্চয়ই এইখানে জল আছে' ॥৮॥

তাহার পর প্রকৃতধৈর্য্যশালী কুন্তীনন্দন যুধিষ্ঠির বলিলেন—'সৌম্য! সত্বর গমন কর এবং তূণে করিয়া তথা হইতে জল আনয়ন কর' ॥৯॥

'তাহাই হউক' এই কথা বলিয়া নকুল জ্যেষ্ঠ ভ্রাতার আদেশ অনুসারে যেখানে জল ছিল, সেই খানে সত্বরই গেলেন এবং জলও পাইলেন ॥১০॥

---

(১১) শ্লোকাৎ পরম্ 'যক্ষ উবাচ'—বা ব কা নি।

মা তাত ! সাহসং কার্ষীর্মম পূর্ব্বপরিগ্রহঃ ।
প্রশ্নানুক্ত্বা তু মাদ্রেয় ! ততঃ পিব হরস্ব চ ॥১২॥
অনাদৃত্য তু তদ্বাক্যং নকুলঃ সুপিপাসিতঃ ।
অপিবচ্ছীতলং তোয়ং পীত্বা চ নিপপাত হ ॥১৩॥
চিরায়মাণে নকুলে কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ ।
অব্রবীদ্‌ভ্রাতরং বীরং সহদেবমরিন্দমম্ ॥১৪॥
ভ্রাতা হি চিরযাতো নঃ সহদেব ! তবাগ্রজঃ ।
তঞ্চৈবানয় সোদর্য্যং পানীয়ঞ্চ সমানয় ॥১৫॥
সহদেবস্তথেত্যুক্ত্বা তাং দিশং প্রত্যপদ্যত ।
দদর্শ চ হতং ভূমৌ ভ্রাতরং নকুলং তদা ॥১৬॥

ভারতকৌমুদী

মেতি। সাহসং জলপানায় হঠকারিতাম্। পূর্ব্বপরিগ্রহঃ পূর্বাধিকৃতমিদং জলম্ ॥১২॥
অনেতি। সুপিপাসিতত্বাদেব অনাদৃত্যেতি ভাবঃ। নিপপাত ভূমৌ ॥১৩॥
চিরেতি। বীরত্বাদেবারিন্দমঃ, অরিন্দমত্বাদেব চ তৎপ্রেষণে উদ্বেগাভাব ইতি ভাবঃ ॥১৪॥
ভ্রাতেতি। অস্মাকং ভ্রাতৃত্বাত্তব চাগ্রজসোদর্য্যত্বাত্তদানয়নং সর্বথৈবোচিতমিত্যাশয়ঃ ॥১৫॥
সহেতি। অপদ্যত অগচ্ছৎ। হতং হতমিব ভূমৌ শয়িতমিত্যর্থঃ ॥১৬॥

তখন নকুল সারসপক্ষি-পরিবেষ্টিত নির্ম্মল জল দেখিয়া তাহা পান করিবার ইচ্ছা করিলেন, তখন আকাশ হইতে এই বাক্য শুনিলেন—॥১১॥

'বৎস ! এই জল পূর্ব্ব হইতেই আমার অধিকারে রহিয়াছে; সুতরাং সাহস করিও না। তবে, মাদ্রীনন্দন ! আমার প্রশ্নের উত্তর দিয়া পরে পান কর এবং হরণ কর' ॥১২॥

নকুল অত্যন্ত পিপাসার্ত্ত ছিলেন বলিয়া সেই কথা অগ্রাহ্য করিয়া সেই শীতল জল পান করিলেন এবং পান করিয়াই ভূতলে পতিত হইলেন ॥১৩॥

নকুল বিলম্ব করিতে থাকিলে কুন্তীনন্দন যুধিষ্ঠির, বীর ও শত্রুদমনকারী ভ্রাতা সহদেবকে বলিলেন—॥১৪॥

'সহদেব ! আমাদের ভ্রাতা এবং তোমার অগ্রজ সহোদর নকুল অনেক ক্ষণ গিয়াছেন; অতএব তাঁহাকে আনয়ন কর এবং জলও আনয়ন কর' ॥১৫॥

'তাহাই হউক' এই কথা বলিয়া সহদেব সেই দিকে গেলেন এবং যাইয়া দেখিলেন—ভ্রাতা নকুল নিহতের ন্যায় ভূতলে শয়ন করিয়া রহিয়াছেন ॥১৬॥

(১৫)···তথৈবানয় সোদর্য্যম্···বা ব কা,···পানীয়ঞ্চ ত্বমানয়···বা ব কা নি।

ভ্রাতৃশোকাভিসন্তপ্তস্তৃষয়া চ প্রপীড়িতঃ।
অভিদুদ্রাব পানীয়ং ততো বাগভ্যভাষত ॥১৭॥
মা তাত! সাহসং কার্ষীর্মম পূর্বপরিগ্রহঃ।
প্রশ্নানুক্ত্বা যথাকামং পিবস্ব চ হরস্ব চ ॥১৮॥
অনাদৃত্য তু তদ্বাক্যং সহদেবঃ পিপাসিতঃ।
অপিবচ্ছীতলং তোয়ং পীত্বা চ নিপপাত হ ॥১৯॥
অথাব্রবীৎ স বিজয়ং কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
ভ্রাতরৌ তে চিরগতৌ বীভৎসো! শত্রুকর্ষণ! ॥২০॥
তৌ চৈবানয় ভদ্রং তে পানীয়ঞ্চ ত্বমানয়।
ত্বং হি নস্তাত! সর্ব্বেষাং দুঃখিতানামুপাশ্রয়ঃ ॥২১॥
এবমুক্তো গুড়াকেশঃ প্রগৃহ্য সশরং ধনুঃ।
আমুক্তখড়্গো মেধাবী তৎ সরঃ প্রত্যপদ্যত ॥২২॥

ভারতকৌমুদী

ভ্রাত্রিতি। পানানন্তরমপ্যনুসন্ধানং স্যাদিতি বিভাব্য প্রাক্ পানীয়াভিদ্রবণম্ ॥১৭॥
মেতি। পিবস্ব চ হরস্ব চ জলমিতি শেষঃ ॥১৮॥
অনাদৃত্যেতি। পিপাসা অস্য সঞ্জাতেতি পিপাসিতঃ তারকাদিত্বাদিতচ্ ॥১৯॥
অথেতি। বিজয়মর্জ্জুনম্। সম্বোধনদ্বয়েন তস্যাজয্যত্বং সূচিতম্ ॥২০॥
তাবিতি। তে তব ভদ্রং মঙ্গলমস্তু। উপাশ্রয়ঃ অবলম্বনম্ ॥২১॥

তখন সহদেব ভ্রাতৃশোকে অত্যন্ত সন্তপ্ত এবং তৃষ্ণায় প্রপীড়িত হইয়া জলের দিকে ধাবিত হইলেন; তাহার পর একটা বাক্য ইহা বলিল—॥১৭॥

'বৎস! এই জল পূর্ব্ব হইতেই আমার অধিকারে রহিয়াছে; সুতরাং সাহস করিও না। তবে, আমার প্রশ্নের উত্তর বলিয়া ইচ্ছানুসারে জল পান কর এবং জল লইয়া যাও' ॥১৮॥

পিপাসার্ত্ত সহদেব সে বাক্য অগ্রাহ্য করিয়া শীতল জল পান করিলেন এবং পান করিয়াই ভূতলে পতিত হইলেন ॥১৯॥

তাহার পর কুন্তীনন্দন যুধিষ্ঠির অর্জ্জুনকে বলিলেন—'বীভৎসু! শত্রুদমন! তোমার ভ্রাতারা অনেকক্ষণ গিয়াছে ॥২০॥

তুমি তাহাদিগকে আনয়ন কর এবং জলও আনয়ন কর। বৎস! আমরা দুঃখী; সুতরাং তুমিই আমাদের সকলের আশ্রয়। তোমার মঙ্গল হউক' ॥২১॥

যুধিষ্ঠির এইরূপ বলিলে, বুদ্ধিমান্ অর্জ্জুন ধনু, বাণ ও তরবারি ধারণ করিয়া সেই সরোবরের দিকে গমন করিলেন ॥২২॥

ততঃ পুরুষশার্দ্দূলৌ পানীয়হরণে গতৌ।
তৌ দদর্শ হতৌ তত্র ভ্রাতরৌ শ্বেতবাহনঃ ॥২৩॥
প্রসুপ্তাবিব তৌ দৃষ্ট্বা নরসিংহঃ সুদুঃখিতঃ।
ধনুরুদ্যম্য কৌন্তেয়ো ব্যলোকয়ত তদ্বনম্ ॥২৪॥
নাপশ্যত্তত্র কিঞ্চিৎ স ভূতমস্মিন্ মহাবনে।
সব্যসাচী ততঃ শ্রান্তঃ পানীয়ং সোঽভ্যধাবত ॥২৫॥
অভিধাবংস্ততো বাচমন্তরীক্ষাৎ স শুশ্রুবে।
কিমাসীদসি পানীয়ং নৈতচ্ছক্যং বলাত্ত্বয়া ॥২৬॥
কৌন্তেয়! যদি প্রশ্নাংস্তান্ ময়োক্তান্ প্রতিপৎস্যসে।
ততঃ পাস্যসি পানীয়ং হরিষ্যসি চ ভারত! ॥২৭॥

ভারতকৌমুদী

এবমিতি। গুড়াকেশঃ অর্জ্জুনঃ। আমুক্তখড়্গাঃ ধৃতরূপাণঃ, অপশ্যতাগচ্ছৎ ॥২২॥

তত ইতি। তৌ নকুলসহদেবৌ। শ্বেতবাহনঃ অর্জ্জুনঃ ॥২৩॥

প্রেতি। নরসিংহঃ অর্জ্জুনঃ। উদ্যম্য উত্তোল্য ॥২৪॥

নেতি। ভূতং প্রাণিনম্। সব্যসাচী অর্জ্জুনঃ ॥২৫॥

অভীতি। কাং বাচমিত্যাহ কিমিতি। আসীদসি জলস্যাসন্নো ভবসি ॥২৬॥

কৌন্তেয়েতি। প্রতিপৎস্যসে উত্তরযুক্তান্ কর্তুং শক্ষ্যসে। ততস্তদা ॥২৭॥

ভারতভাবদীপঃ

নাপদামিতি। নিমিত্তং ফলং ধর্ম্মঃ প্রারব্ধরূপস্তর্থং ফলং সুখদুঃখস্বরূপং বিভজতি ॥১॥ প্রেষ্যবৎ প্রেষ্যামিব ॥২—১১॥ সাহসং জলপানরূপম্, পরিগ্রহো নিয়মঃ, যো মৎপ্রশ্নান্ বদেৎ

তাহার পর অর্জ্জুন সেখানে যাইয়া দেখিলেন—জল আহরণের জন্য আগত নরশ্রেষ্ঠ ভ্রাতা নকুল ও সহদেব নিহত হইয়া রহিয়াছেন ॥২৩॥

পুরুষশ্রেষ্ঠ অর্জ্জুন তাঁহাদিগকে নিদ্রিতের ন্যায় দেখিয়া অতিদুঃখিত হইয়া ধনু উত্তোলন করিয়া সেই বন দর্শন করিতে লাগিলেন ॥২৪॥

কিন্তু পরিশ্রান্ত অর্জ্জুন সেই মহাবনে তখন কোন প্রাণীকেই দেখিতে পাইলেন না। তাহার পর তিনি জলের দিকে ধাবিত হইলেন ॥২৫॥

তিনি জলের দিকে ধাবিত হইয়া আকাশ হইতে এই বাক্য শ্রবণ করিলেন— 'কুন্তীনন্দন! তুমি জলের নিকট যাইতেছ কেন; বলপূর্ব্বক তুমি এ জল লইতে পারিবে না ॥২৬॥

ভরতনন্দন! তুমি যদি আমার প্রশ্নের উত্তর দিতে পার, তবে জল পান করিতেও পারিবে, হরণ করিতেও পারিবে' ॥২৭॥

বারিতস্ত্বব্রবীৎ পার্থো দৃশ্যমানো নিবারয়।
যাবদ্বাণৈর্বিনির্ভিন্নঃ পুনর্নৈবং বদিষ্যসি ॥২৮॥
এবমুক্ত্বা ততঃ পার্থঃ শরৈরস্ত্রানুমন্ত্রিতৈঃ।
প্রববর্ষ দিশঃ কৃৎস্নাঃ শব্দবেধঞ্চ দর্শয়ন্।
কর্ণি-নালীক-নারাচানুৎসৃজন্ ভরতর্ষভ ! ॥২৯॥
স ত্বমোঘানিষূন্ মুক্ত্বা তৃষ্ণয়াভিপ্রপীড়িতঃ।
অনেকৈরিষুসংঘাতৈরন্তরীক্ষং ববর্ষ হ ॥৩০॥

যক্ষ উবাচ।

কিং বিঘাতেন তে পার্থ ! প্রশ্নানুক্ত্বা ততঃ পিব।
অনুক্ত্বা চ পিবন্ প্রশ্নান্ পীত্বৈব ন ভবিষ্যসি ॥৩১॥
এবমুক্তস্ততঃ পার্থঃ সব্যসাচী ধনঞ্জয়ঃ।
অবজ্ঞায়ৈব তাং বাচং পীত্বৈব নিপপাত হ ॥৩২॥

ভারতকৌমুদী

বারিত ইতি। বারিতঃ অদৃশ্যমানেন প্রাণিনা নিষিদ্ধঃ, পার্থোঽর্জ্জুনঃ ॥২৮॥
এবমিতি। শব্দবেধং বাণম্, দর্শয়ন্ আবিষ্কুর্বন্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৯॥
স ইতি। ইষুসংঘাতৈঃ তৈরেব বাণৈঃ। ববর্ষ অদৃশ্যভূতবধার্থমিতি ভাবঃ ॥৩০॥
কিমিতি। বিঘাতেন মদ্বিঘাতচেষ্টয়া। ন ভবিষ্যসি ন স্থাস্যসি মরিষ্যসীত্যর্থঃ ॥৩১॥

অর্জ্জুন সেইরূপ নিবারিত হইয়া বলিলেন—'তুমি দৃষ্টিগোচর হইয়া নিবারণ কর। তাহা হইলে আমার বাণে বিদীর্ণ হইয়া আর এরূপ বলিতে পারিবে না' ॥২৮॥

ভরতশ্রেষ্ঠ ! অর্জ্জুন এইরূপ বলিয়া তাহার পর শব্দবেধবাণ আবিষ্কার করিয়া এবং কর্ণী, নালীক ও নারাচ নিক্ষেপ করিয়া, পরে অস্ত্রমন্ত্রে অভিমন্ত্রিত বাণসমূহদ্বারা সকল দিক্ আবৃত করিলেন ॥২৯॥

পিপাসার্ত্ত অর্জ্জুন অব্যর্থ বাণসমূহ নিক্ষেপ করিয়া ক্রমে তাহা দ্বারা আকাশটাকেও আবৃত করিলেন ॥৩০॥

